ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়, তৎসহ 'গীতা-বোধ-বিবর্দ্ধিনী, সংস্কৃত ব্যাখ্যা, বাঙ্গালা প্রতিশব্দ, বাঙ্গালা ব্যাখ্যা. শঙ্করাচার্য্য, রামানুজ, হনুমান্ ও বলদেবকৃত ভাষ্য, আনন্দগিরি, শ্রীধর, মধুসূদন, নীলকণ্ঠ ও বিশ্বনাথকৃত টীকা, যামুনমুনিকৃত 'গীতার্থসংগ্রহ' ও বঙ্গানুবাদ, 'গীতার্থ-সারদীপিকা' নামে সুবিস্তৃত বাঙ্গলা তাৎপর্য্য, নানা শাস্ত্রীয় প্রমাণ ও বহুবিধ টিপ্পনী সমেত।

প্রথম ষট্‌ক

কর্ম্মযোগ।

পণ্ডিত দামোদর মুখোপাধ্যায় বিদ্যানন্দ এম্, আর্, এ, এস্,
কর্ত্তৃক সম্পাদিত

কলিকাতা, ২৫৫ নং অপার চিৎপুর রোড হইতে
শ্রীধীরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত।
শকাব্দা, ১৮৩৫।

ওঁ তৎসৎ

ওঁ নমো গণেশায়।

মঙ্গলাচরণম্।

শ্রীকৃষ্ণচন্দ্র চরণাব্জমহং বিচিন্ত্য
চিত্তে জগজ্জনন-দুঃখ-বিনাশ-বীজম্।
শ্রীকৃষ্ণচন্দ্র-মুখনিঃসৃত-গীতি-ভাষ্য
টীকাশুবোধজনিকাং বিবৃতিং করোমি॥ ১॥

অশেষ যত্নেন সুসংগৃহীতা
ভাষ্যাদিটীকা ভগবৎপ্রসাদাৎ।
দৃষ্টিঃ সতামত্র শুভা যদি স্যাৎ
সর্ব্বে শ্রমা মে সফলাস্তুদৈব॥ ২॥

দামোদরেণ বিপ্রেণ বিদ্যানন্দেন সশ্রিয়া।
ক্রিয়তে বঙ্গভাষায়াংগীতার্থসারদীপিকা॥৩॥

——(:০:)——

শ্রীকৃষ্ণায় নমঃ।

———(:০:)———

প্রার্থনা।

হে শ্রীমন্নারায়ণ! তোমার শ্রীচরণাম্বুজে অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ ত্রিকালেই কোটী কোটী প্রণাম।

জগতে যত কার্য্য সকলই তোমার, যত অকার্য্য সকলই তোমার। আমরা করি বটে, কিন্তু করাও তুমি।

যে কার্য্যে সম্প্রতি এ অধম জনকে বিনিযুক্ত করিতেছ, হে পুরুষোত্তম! তাহা প্রীতিপ্রদ হইলেও, অতীব ভয়ানক এবং শান্তিপ্রদ হইলেও, নিরতিশয় কঠিন।

যিনি শিলায় সলিল সমাবেশ ও জলদে জ্বালাময় বজ্র স্থাপন করেন, ভয়ানকের ভয়ানকত্ব ও কঠিনের কাঠিন্য তিরোহিত করা তাঁহার পক্ষে যৎপরোনাস্তি তুচ্ছ ব্যাপার।

হে দয়াময়! আমি অতি দীন ও অতিশয় ক্ষুদ্র। আমার দ্বারা এই সুমহৎ ও দুষ্কর কার্য্য সম্পন্ন করাইবে কি?

তুমি ইচ্ছাময়-তোমার ইচ্ছাই শক্তি ও সামার্থ্য। তোমার ইচ্ছা হইলে, তোমার এই সামান্য কীট, তোমার গীতা, তোমার জগতে অধিকতর প্রচার করিতে কেন না সাহসী হইবে?

তোমার কি ইচ্ছা জানি না; কিন্তু হে প্রভো! তোমার চরণ-চিন্তন ব্যতীত এ দুস্তর সাগর অতিক্রম করিতে আমার আর সম্বল নাই।

তোমার শ্রীপাদ-পদ্মে ভক্তি সহকারে, কোটী কোটী প্রণাম করিয়া, তোমারই শ্রীমদ্ভগবদ্গীতার আলোচনায়, তোমার এই ক্ষুদ্রাদপি ক্ষুদ্র সেবকানুসেবক প্রবৃত্ত হইতেছে।

সূচনা

মহাভারত

মহামনস্বী মহর্ষি পরাশরের ঔরসে ও মৎস্যরূপা-অপ্সরা-তনয়া ধীবর-পালিতা সত্যবতীর গর্ভে জগদ্বিখ্যাত মহর্ষি ব্যাসদেব জন্ম পরিগ্রহ করেন। ইনি ঘোর কৃষ্ণবর্ণ ছিলেন এবং যমুনা নদীর দ্বীপবিশেষে আবির্ভূত হইয়াছিলেন, এজন্য কৃষ্ণ দ্বৈপায়ন নামে পরিচিত। বেদের বিভাগ-কর্ত্তা-বলিয়া ইনি বেদব্যাস নামও প্রাপ্ত হইয়াছিলেন। মহাভারত নামক অমৃত-কল্প ধর্ম্মগ্রন্থ এই মহাত্মা কর্ত্তৃক বিরচিত। ভারত-বংশোদ্ভব রাজন্যগণের বৃত্তান্ত, বিশেষতঃ কুরু ও পাণ্ডবগণের বিবরণ, এই জগদ্বিখ্যাত গ্রন্থের প্রধান বর্ণনীয় হইলেও, প্রসঙ্গতঃ বহুবিধ হিতোপদেশ, নানা শাস্ত্রের তাৎপর্য্য, নানাপ্রকার ইতিহাস, বহুপ্রকার কাহিনী, নানাবিধ যুক্তি, তর্ক ও বিচার ইত্যাদির সম্মিলনে এই গ্রন্থ বসুন্ধরায় পরম পূজ্য শাস্ত্র স্বরূপে সমাদৃত হইয়া আসিতেছে। কালের কুটিলাক্রমণে, মানবের জ্ঞান ও বিশ্বাস বহুবিধ বিভিন্ন পথগামী ও বিকৃত ভাবাপন্ন হইলেও, এই মহাভারতরূপ পরম পূজ্য গ্রন্থের প্রতি, আর্য্যসন্তানগণের হৃদয়-ক্ষেত্রে অদ্যাপি অচলা-শ্রদ্ধা-স্রোত প্রবাহিত রহিয়াছে এবং মেদিনী-মণ্ডলের বিভিন্ন জনপদবাসী স্বতন্ত্র জাতি-সম্ভূত-জনগণও এই গ্রন্থকে কল্পনাতীত কাণ্ড বলিয়া জ্ঞান করিতেছেন।

মহাভারতের একস্থানে লিখিত আছে—"দেবতারা একদা সমবেত হইয়া তুলাযন্ত্রে একদিকে চারি বেদ ও অন্য দিকে এই ভারতসংহিতা রাখিলেন, কিন্তু পরিণামবশে ভারতসংহিতা সরহস্য বেদচতুষ্টয় অপেক্ষা মহত্ত্ব ও ভারবত্ত্ব-গুণে অধিক হইল। তদবধি দেবতারা ইহাকে মহাভারত বলিয়া নির্দ্দেশ করিলেন।"

অষ্টাদশ-পর্ব্বাত্মক মহাভারত নামক এই বিপুলাবয়ব গ্রন্থ অনন্ত জ্ঞান ও রহস্যের ভাণ্ডার এবং হিন্দুধর্ম্ম সংক্রান্ত অবশ্য-জ্ঞাতব্য সর্ব্বতত্ত্বের নিকেতন স্বরূপ। বিষ্ণুকল্প বেদব্যাস স্বয়ং প্রজাপতি ব্রহ্মার সমক্ষে স্বকীয় গ্রন্থ-বর্ণিত বিষয়-সমূহের যে বিবরণ নিবেদন করিয়াছেন, তাহা এস্থলে উদ্ধৃত হইতেছে। "ভগবন্! আমি এক অদ্ভুত কাব্য রচনা করিয়াছি। তাহাতে বেদ, বেদাঙ্গ, উপনিষৎ এই সকলের সার সঙ্কলন, ইতিহাস ও পুরাণের অনুসরণ এবং ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান কালত্রয়ের সম্যক্ নিরূপণ করিয়াছি, এবং জরা, মৃত্যু, ভয়, ব্যাধি, ভাব, অভাব ইহার নির্ণয়, বিবিধ ধর্ম্ম ও আশ্রম-লক্ষণের নিদর্শন, চাতুর্ব্বর্ণ্য-বিধান, তপস্যা, ব্রহ্মচর্য্য, পৃথিবী, চন্দ্র, সূর্য্য, গ্রহ, নক্ষত্র, তারা ইহাদিগের বিবরণ

করিয়াছি, ভূতভাবন ভগবান্ যে নিমিত্ত দিব্য ও মনুষ্যাকারে জন্ম স্বীকার করেন তাহার তত্ত্বানুসন্ধান, অতি পবিত্র পুণ্যক্ষেত্র ও তীর্থস্থান ইহারও কীর্ত্তন করিয়াছি; নদ নদী, সমুদ্র, পর্ব্বত, গ্রাম, নগর, বন, উপবন ইহাদের যথাস্থানে সংস্থান এবং যুদ্ধ কৌশল, জাতি-বিশেষে লোকযাত্রা বিধান এই সকলের সুস্পষ্ট নিরূপণ করিয়াছি।"

নৈমিষারণ্যে লোমহর্ষণ-নন্দন পুরাণজ্ঞ-প্রবর উগ্রশ্রবাঃ সৌতি বলিয়াছেন,—"প্রথমতঃ লোক সকল অজ্ঞান তিমিরে সমাচ্ছন্ন ছিল, কিন্তু এই মহাভারত-জ্ঞানাঞ্জন-শলাকা দ্বারা সেই মোহাবরণ উন্মোচন করিয়া তাহাদিগের নেত্রোন্মীলন করিয়া দিয়াছে, এবং ভারতরূপ দিবাকর ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ সঙ্ক্ষেপ ও সবিস্তার কীর্ত্তন করিয়া জীবলোকের মোহান্ধকার নিরাকরণ করিয়াছে। পুরাণরূপ পূর্ণচন্দ্র উদয় হইয়া শ্রুতিস্বরূপ জ্যোৎস্না প্রকাশ করিয়াছে। তদ্দ্বারা লোকের বুদ্ধিরূপ কুমুদ বিকাশ পাইয়াছে। মোহতিমির নিবাস করিয়া এই ইতিহাস স্বরূপ উজ্জ্বল প্রদীপ এই বিশাল বিশ্বরূপ বাসগৃহকে সুপ্রকাশ করিয়াছে।"

ভারত সংহিতায় উক্ত আছে যে, প্রথমে মহর্ষি বেদব্যাস চতুর্ব্বিংশতি সহস্র শ্লোকাত্মক মহাভারত বিরচিত করেন। তৎকালে এতদন্তর্গত উপাখ্যানাদি প্রাসঙ্গিক বৃত্তান্ত সমূহ লিপিবদ্ধ হয় নাই। কালক্রমে কৃষ্ণদ্বৈপায়ন, সার্দ্ধশত অভিনব শ্লোক রচনা করিয়া, স্বকীয় গ্রন্থ-কলেবর পল্লবিত এবং সুশোভিত করেন। ইহাও কথিত আছে যে, বেদব্যাস ষষ্টি লক্ষ শ্লোকময়ী স্বতন্ত্র এক ভারত সংহিতা বিরচিত করিয়াছেন, তন্মধ্যে ত্রিংশৎ লক্ষ শ্লোক দেবলোকে, পঞ্চদশ লক্ষ শ্লোক পিতৃলোকে, চতুর্দ্দশ লক্ষ শ্লোক গন্ধর্ব্বলোকে এবং এক শত সহস্র শ্লোক নরলোকে অদ্যাপি বিদ্যমান রহিয়াছে।

এই বিশাল গ্রন্থের অবয়বীভূত অষ্টাদশ পর্ব্ব সম্বন্ধে মহাভারতে নিম্নলিখিতরূপ সঙ্ক্ষিপ্ত বৃত্তান্ত পরিদৃষ্ট হইয়া থাকে "এই মহাভারত একটি বৃক্ষ স্বরূপ। সহস্রাধ্যায় ইহার বীজভূত, পৌলোম ও আস্তিক ইহার মূল, সম্ভব পর্ব্ব স্কন্ধ, সভা ইহার বিটঙ্ক, অরণ্য পর্ব্ব পর্ব্বস্বরূপ, বিরাট ও উদ্যোগ পর্ব্ব ইহার সার, ভীষ্মপর্ব্ব শাখা, দ্রোণ পর্ব্ব পত্র, কর্ণ পর্ব্ব পুষ্প স্বরূপ, শল্যপর্ব্ব সুগন্ধ, স্ত্রী ও ঐষিক পর্ব্ব ইহার সুশীলচ্ছায়া, শান্তি পর্ব্ব ইহার মহাফল, অশ্বমেধ অমৃতরস, আশ্রমবাসিক পর্ব্ব ইহার আশ্রয় স্থান, মৌসল পর্ব্ব এই বিটপির অগ্রভাগ।"

কথিত আছে, মহর্ষির প্রার্থনানুসারে, বিঘ্ন-বিনাশন গণপতি এই গ্রন্থের লেখকতা ভার গ্রহণ করেন; কিন্তু শ্লোক রচনায় বিলম্ব হেতু, তাঁহার লেখনী বন্ধ হইলে, তিনি আর লিখিবেন না বলিয়া নিয়মাবধারণ করেন। ব্যাসদেবও, সেই প্রস্তাবে সম্মত হইয়া, প্রার্থনা করেন যে, তাঁহার মুখ-নিঃসৃত শ্লোকের তাৎপর্য্যগ্রহ না করিয়া, লেখক তাহা লিপিবদ্ধ করিতে পারিবেন না। গণনায়ক সেইরূপ অঙ্গীকারবদ্ধ হইলে, ব্যাসদেব "মহাভারতরূপ অমৃতময় কাব্য রচনা করিতে আরম্ভ করেন। ক্ষিপ্রলেখক গণদেবকে সময়ে সময়ে কিঞ্চিৎকাল বিরত রাখিবার অভিপ্রায়ে, ব্যাসদেব, মহাভারতের মধ্যে স্থানে স্থানে, ব্যাসকূট নামাভিধেয় অষ্ট সহস্র অষ্ট শত দুর্ব্বোধ্য শ্লোক বিন্যস্ত করেন।

মহর্ষি বেদব্যাস সর্ব্বাগ্রে স্বকীয় সর্ব্বসদ্‌গুণান্বিত পুত্র শুকদেবকে এই মহাভারত শাস্ত্রে সুশিক্ষিত করিয়াছেন; তৎপরে যথোপযুক্ত শিষ্যগণকে এই মহাপুরাণে উপদিষ্ট করেন। ব্যাস শিষ্য বৈশম্পায়ন, রাজা জন্মেজয়ের সর্প সত্রাবকাশে, গুরুর আদেশানুসারে, কৃষ্ণদ্বৈপায়ন-প্রোক্ত ভারত কথা বিবৃত করিয়াছিলেন। এইরূপে ক্রমশঃ এই পুণ্যকথাত্মক মহাপুরাণ, জনসমাজে প্রচারিত ও সমাদৃত হইতে থাকে।

কুরুপাণ্ডবের ইতিহাস।

—(:•:)—

বীণাপাণির বরপুত্র কবীন্দ্র কালিদাসের শকুন্তলা নামখ্যাত অতুলনীয় নাটকের নায়ক চন্দ্রবংশাবতংস মহারাজ দুষ্মন্তের ঔরসে ও মহর্ষি-কণ্ব-পালিতা শকুন্তলার গর্ভে ভরতের জন্ম হয়। রাজকুল-প্রদীপ ভরতের প্রপৌত্রের নাম হস্তী। হস্তিনাপুর নামধেয় সুবিখ্যাত রাজধানী মহারাজ হস্তী কর্তৃক প্রতিষ্ঠিত হইয়াছিল। হস্তীর পৌত্র রাজা সম্বরণ সূর্য্য তনয়া তপতী দেবীর পাণিগ্রহণ করেন; প্রতিথনামা কুরুরাজ তাঁহাদের তনয়। কুরুর পাঁচ-পুরুষ পরে সুবিখ্যাত শান্তনু রাজার আবির্ভাব হয়। এই শান্তনু ভূলোক পাবনী জাহ্নবী দেবীকে পত্নীরূপে প্রাপ্ত হন এবং তদীয় গর্ভ হইতে প্রিয়ব্রত বা ভীষ্ম নামক অলোকসামান্য গুণগ্রামসম্পন্ন সন্তান লাভ করেন। শান্তনু রাজা ব্যাস-জননী সত্যবতী দেবীকে দ্বিতীয়া পত্নীরূপে পরিগ্রহ করিয়াছিলেন, এবং তদীয় গর্ভে বিচিত্রবীর্য্য ও চিত্রাঙ্গদ নামক পুত্রদ্বয় উৎপাদন করিয়াছিলেন। রাজনন্দনদ্বয় নিঃসন্তান অবস্থায় অকালে মানবলীলা সংবরণ করিলে, মহাত্মা দ্বৈপায়ন, জননীর অনুরোধ-পরতন্ত্র হইয়া বিচিত্রবীর্য্যের অম্বিকা নাম্নী মহিষীর গর্ভে ধৃতরাষ্ট্র অম্বালিকা নাম্নী মহিষীর গর্ভে পাণ্ডু এবং অন্যা দাসীর গর্ভে বিদুর নামক সন্তানত্রয় উৎপাদন করিয়াছেন।

অম্বিকা দেবী যথাসময়ে সমাগত বেদব্যাসের ভয়ানক মূর্ত্তি সন্দর্শনে সন্ত্রাসিত হইয়া নয়নদ্বয় নিমীলন করিয়াছিলেন; সেই দোষে তদীয় গর্ভজাত সন্তান ধৃতরাষ্ট্র জন্মান্ধ হইয়াছিলেন। দ্বৈপায়নের দারুণ মূর্ত্তি দর্শনে অম্বালিকা দেবীর দেহ পাণ্ডিমা প্রাপ্ত হইয়াছিল; এই জন্য তাঁহার নন্দন পাণ্ডুবর্ণ-সমন্বিত হইয়া ভূমিষ্ঠ হইলেন। অম্বিকা দেবী সর্ব্বাঙ্গসম্পন্ন সন্তান লাভাশয়ে, পুনরায় সত্যবতী-সুতের সমাগম প্রতীক্ষা করিতে আদিষ্ট হইলে, নিদারুণ ভীতি প্রযুক্ত, আত্ম প্রতিনিধিরূপে এক সুরূপসম্পন্না দাসীকে নিয়োজিত করিয়াছিলেন। সেই দাসী বিহিতবিধানে ব্যাসের পরিচর্য্যা করিলেন এবং যথাকালে বিদুর নামে পরম ধার্ম্মিক ও যশস্বী নন্দন লাভ করিলেন।

মহাত্মা ধৃতরাষ্ট্রের আজন্ম অন্ধতা হেতু, তদীয় অনুজ পাণ্ডু রাজসিংহাসন অধিকার করেন। ধৃতরাষ্ট্র রাজার গান্ধারী নাম্নী মহিষীর গর্ভে দুর্য্যোধন, দুঃশাসন, চিত্রসেন

প্রভৃতি শত পুত্র জন্ম পরিগ্রহ করেন এবং অন্যা নারীর উদরে যুযুৎসু নামক এক তনয় আবির্ভূত হন। পাণ্ডু রাজা কুন্তী ও মাদ্রী নাম্নী দুই রমণীর পাণিগ্রহণ করেন। পতি-নির্দেশবশবর্ত্তিনী কুন্তীর গর্ভে ধর্ম্ম, বায়ু ও ইন্দ্রের ঔরসে যথাক্রমে যুধিষ্ঠির, ভীম ও অর্জ্জুনের জন্ম হয় এবং অশ্বিনীকুমারের ঔরসে মাদ্রীর গর্ভে নকুল ও সহদেব জন্ম পরিগ্রহ করেন। একবংশাবির্ভূত হইলেও, ধৃতরাষ্ট্র-তনয়েরা কৌরব এবং পাণ্ডু নন্দনেরা পাণ্ডব নামে প্রধানতঃ পরিচিত।

পিতৃহীন পাণ্ডবগণের শৈশবকাল ভীষ্ম, ধৃতরাষ্ট্র ও বিদুরের তত্ত্বাবধানে অতিবাহিত হইল। কুরু ও পাণ্ডবেরা একত্রিত হইয়া শাস্ত্র এবং জামদগ্ন্য পরশুরামের কৃপাভাজন বিপ্রাচার্য্য দ্রোণের নিকট শস্ত্র বিদ্যা শিক্ষা করিতে লাগিলেন। যুধিষ্ঠির বিষয়াভিজ্ঞ হইয়াছেন দেখিয়া, যথাকালে ধৃতরাষ্ট্র তাঁহাকে রাজ্যাভিষিক্ত করিলেন। পাণ্ডবগণের যুদ্ধাদি সর্ব্ব শাস্ত্রে পারদর্শিতা ও অন্যান্য গুণগ্রাম জনপদবাসী মানবমণ্ডলীর মুখে প্রতিনিয়ত সঙ্ঘোষিত হইতে লাগিল; ইহাতে দুর্য্যোধনাদি ধার্ত্তরাষ্ট্রগণের হৃদয়ে ঈর্ষানল জ্বলিয়া উঠিল। বিশেষতঃ অন্ধতা হেতু ধৃতরাষ্ট্র রাজ্যভোগে বঞ্চিত হইয়াছেন বলিয়া, তাঁহার বংশাবলী চিরদিনের নিমিত্ত সিংহাসন ভোগে অনধিকারী থাকিবেন, এ ব্যবস্থা শাস্ত্রসঙ্গত হইলেও, কৌরবগণ নিরতিশয় অসঙ্গত বলিয়া বোধ করিলেন। অপত্যাদি আত্মীয়বর্গের পরামর্শ পরতন্ত্র ধৃতরাষ্ট্র, ভ্রাতৃতনয়গণকে হস্তিনাপুর হইতে বিদূরিত করিবার বাসনায়, তাঁহাদিগকে বারণাবত নামক নগরে প্রেরণ করিবার নিমিত্ত প্রস্তাব করিলেন। জ্যেষ্ঠতাতের আজ্ঞা শিরোধার্য্য করিয়া পঞ্চ পাণ্ডব জননী কুন্তী দেবীকে সঙ্গে লইয়া, বারণাবতে প্রস্থান করিলেন। তথায় দুর্য্যোধনের নিদেশক্রমে পুরোচন নামা জনৈক ব্যক্তি, নানা দাহ্য পদার্থের সম্মিলনে এক সুকৌশল-সম্পন্ন সৌধ বিনির্ম্মিত করেন। সেই জতুগৃহ পাণ্ডবগণের বাসভবন হইল। তাহাতে অগ্নি প্রয়োগ করিয়া পাণ্ডব-দিগকে বিনষ্ট করাই ধৃতরাষ্ট্র-তনয়ের সঙ্কল্প ছিল। এক রাত্রিতে পাণ্ডবেরা সেই গৃহে অগ্নি প্রদান করিয়া পলায়ন করিলেন। ঘটনাক্রমে তৎকালে এক সুরাপহত চেতনা নিষাদী পঞ্চ পুত্রসহ সেই ভবনেই পতিতা ছিল। সকলেই সেই বহ্নিবিকৃত বিগতজীব নিষাদী ও তাহার পঞ্চ পুত্রের কলেবর দর্শনে, তৎসমস্ত সমাতৃক পাণ্ডবগণের দেহাবশেষ বলিয়া মনে করিল। মহারাজ ধৃতরাষ্ট্র জ্ঞাতিগণকে পরলোকগত জ্ঞান করিয়া, তাঁহাদের উদকক্রিয়া সম্পন্ন করিলেন। জতুগৃহের অংশবিশেষে রাজামাত্য বাস করিতেন। বলা বাহুল্য তিনিও দগ্ধীভূত হইলেন। এদিকে পাণ্ডবেরা প্রাণভয়ে বিপন্ন হইয়া ও ঘনারণ্য প্রভৃতি স্থানে লুক্কায়িত থাকিয়া, অতি কষ্টে কালাতিপাত করিতে লাগিলেন এবং নানারূপ বিপদ পরম্পরা ভোগ ও ভিক্ষা দ্বারা জীবন পাত করিতে করিতে, ব্রাহ্মণ বেশে নানা স্থান পরিভ্রমণ করিতে লাগিলেন।

এইরূপে বহুকাল অতীত হইলে, পাণ্ডবেরা পাঞ্চাল রাজ্যে গমন করিলেন এবং দ্রুপদরাজনন্দিনী যাজ্ঞসেনীর স্বয়ম্বর সভায় উপস্থিত হইলেন। তথায় তদানীন্তন তাবৎ

প্রতাপান্বিত বীর ও রাজগণ উপস্থিত ছিলেন এবং স্বয়ং মানবরূপী নারায়ণ শ্রীকৃষ্ণ এবং তদগ্রজ বিষ্ণুবতার বলরামও সমাগত হইয়াছিলেন। পাঞ্চালীর পাণিপীড়নেচ্ছুক ভূপাল ও বীরগণ নিয়মিত লক্ষ্য ভেদে অসমর্থ হইলে বিপ্রবেশধর অর্জ্জুন সর্ব্বলোক সমক্ষে সেই লক্ষ্য বিদ্ধ করিলেন। ক্ষত্রিয় নরপতিগণ ব্রাহ্মণের এতাদৃশ শস্ত্র নিপুণতা সন্দর্শনে যৎপরোনাস্তি বিরক্ত হইয়া অর্জ্জুনের সহিত যুদ্ধার্থী হইলেন। স্বয়ম্বরে সুরসুন্দরী স্বরূপা দ্রৌপদী এবং আহবে বিজয়লক্ষ্মী অবশেষে পাণ্ডবগণকেই আশ্রয় করিলেন। পাণ্ডবগণ দ্রুপদরাজতনয়াকে সঙ্গে লইয়া আপনাদের আবাসে সমাগত হইলেন এবং জননীর অনুজ্ঞাক্রমে পঞ্চ পাণ্ডব দ্রৌপদীকে বিবাহ করিলেন। যে শ্রীকৃষ্ণ পাণ্ডবগণের পরম সুহৃদ, যে নররূপধারী নারায়ণ তাঁহাদের একমাত্র আশ্রয় ও অবলম্বন, যে ভগবান্ বাসুদেব তাঁহাদের অনন্য ভরসাস্থল ও সর্ব্বকর্ম্মে শরণ্য তাঁহার সহিত ঘনিষ্ঠতার সূত্রপাত এই সূত্রেই আরব্ধ হইল।

এই ঘটনায় পাণ্ডবদিগের পরিচয় সর্ব্বত্র প্রচারিত হইল এবং রাজ্যের একাংশ অধিকার করিবার নিমিত্ত, ধৃতরাষ্ট্র তাঁহাদিগের আমন্ত্রণ করিলেন। বিনীত যুধিষ্ঠিরাদি পাণ্ডবগণ সমাগত হইয়া, খাণ্ডবপ্রস্থ নামক রাজ্য লাভ করিলেন এবং ইন্দ্রপ্রস্থে রাজধানী স্থাপন করিয়া বিহিত বিধানে রাজকার্য্য সম্পন্ন করিতে বিনিযুক্ত হইলেন। ক্রমশঃ তাঁহাদিগের অধিকার ও প্রভুতা চতুর্দ্দিকে বিস্তীর্ণ হইতে থাকিল।

স্বকীয় পদ-প্রতিপত্তি অপর্য্যাপ্ত হইলে ধর্ম্মনন্দন যুধিষ্ঠির রাজসূয় যজ্ঞানুষ্ঠানে প্রবৃত্ত হইলেন। সেই যজ্ঞসভায় নানাদিগ্দেশীয় নরপতি ও প্রবল প্রতাপান্বিত ব্যক্তিগণ সমাগত হইলেন। মহারাজ দুর্যোধনও যজ্ঞ সভায় উপস্থিত ছিলেন। তথায় ক্রূরকর্ম্মা মাতুল শকুনির সহিত সভাদর্শন সময়ে, রাজা দুর্যোধন নানা প্রকারে লজ্জিত ও অপমানিত হইয়াছিলেন। পাণ্ডবগণের অভ্যুদয় দর্শনে দুর্যোধনের অন্তর চিরদিনই ব্যথিত হইয়া থাকে; অধুনা তাঁহাদিগের এতাদৃশ সমৃদ্ধি ও ঐশ্বর্য্য সন্দর্শনে, অধিকন্তু স্বকীয় দুর্গতি সমূহ স্মরণে, তাঁহার অন্তঃকরণ অসূয়াবিষে নিরতিশয় জর্জ্জরিত হইতে লাগিল এবং তিনি ইন্দ্রপ্রস্থ হইতে হস্তিনাপুরে প্রত্যাগত হইয়া পাণ্ডবগণকে নির্জ্জিত, অপদস্থ ও অবসন্ন করিবার নিমিত্ত এক উপায় অবধারণ করিলেন। তদীয় মাতুল শকুনি, কপট অক্ষক্রীড়ায় যুধিষ্ঠিরকে পরাজিত করিয়া, তাঁহার তাবৎ সম্পত্তি অর্জ্জন করিতে ও স্বকীয় ভাগিনেয় দুর্য্যোধনকে তৎসমস্ত প্রদান করিতে কৃতসঙ্কল্প হইলেন। যুধিষ্ঠির দ্যূত ক্রীড়ার্থ নিমন্ত্রিত হইলেন। দ্যূত ও রণে আহূত হইলে ক্ষত্রিয় ধর্ম্মানুসারে সে আহ্বান অবশ্য রক্ষণীয়। রাজা যুধিষ্ঠির, দ্রৌপদী প্রভৃতি স্ত্রীগণ এবং ভ্রাতৃগণ সহ, হস্তিনাপুরে দ্যূত ক্রীড়ার নিমিত্ত আগমন করিলেন। যুধিষ্ঠিরের সহিত দুর্যোধনের প্রতিনিধি স্বরূপে সুবলনন্দন শকুনি পাশক্রীড়া আরম্ভ করিলেন। একে একে যুধিষ্ঠির স্বর্ণ, রত্ন, হস্তী, অশ্ব, রথ দাস, দাসী, ভ্রাতৃগণ ও দ্রৌপদী পর্য্যন্ত সকলই হারাইলেন। তখন দুঃশাসন অন্তঃপুর হইতে রজঃস্বলা ও একবসনা দ্রৌপদীকে কেশাকর্ষণ করিয়া ও নানাবিধ কটূক্তি প্রয়োগ করিয়া সভাস্থলে আনয়ন করিল এবং

তাঁহাকে নিতান্ত অবমানিত করিল। যাজ্ঞসেনীর যত্নাতিশয্যে ও বিদুরাদি ধর্ম্মাত্মগণের মধ্যস্থতায়, ধৃতরাষ্ট্রের আজ্ঞাক্রমে কপট ক্রীড়ার্জ্জিত ধন রত্নাদি তাবৎ পদার্থ যুধিষ্ঠিরকে প্রত্যর্পণ করা হইল। কিন্তু পুনরায় ক্রীড়া আরব্ধ হইল এবং তাহাতেও যুধিষ্ঠিরেরই পরাজয় হইল। তখন পাণ্ডবেরা দ্বাদশ বৎসর জ্ঞাত এবং এক বৎসর অজ্ঞাত বাসে বাধ্য হইলেন। রাজ্যসম্পদ পরিত্যাগ এবং বল্কলাজিন ধারণ করিয়া পাণ্ডবগণ বনবাসী হইলেন; পতিগত-প্রাণা দ্রুপদনন্দিনী ও তাঁহাদের সঙ্গ গ্রহণ করিলেন। ত্রয়োদশ বর্ষকাল তাঁহারা অঙ্গীকারানুসারে অতিবাহিত করিলেন। (মহাভারতসংক্রান্ত অন্যান্য বৃত্তান্ত এবং তদুক্ত বিশেষ বিশেষ ব্যক্তিগণের বিবরণ এই গ্রন্থের টিপ্পনী সমূহে ও উপক্রমণিকায় দেখিতে পাইবেন।

কুরুক্ষেত্র যুদ্ধ।

নিয়মিত কালাবসানে পাণ্ডবগণ আপনাদের রাজ্যধন পুনঃ প্রাপ্তির প্রার্থনা করিলেন। কিন্তু দুর্য্যোধন বিনা যুদ্ধে সূচ্যগ্র পরিমিত ভূমিও দিব না বলিয়া প্রতিজ্ঞাবদ্ধ হইলেন স্বয়ং শ্রীকৃষ্ণ, দুর্যোধনের সভায় সমাগত হইয়া, তাঁহাদিগকে বিবিধ যুক্তি সহকারে সন্ধি সংস্থাপন পূর্ব্বক বিবাদের অবসান করিবার নিমিত্ত পরামর্শ প্রদান করিলেন এবং নানা প্রকারে তাঁহার সঙ্কল্পের অবৈধতা প্রতিপাদন করিবার প্রয়াসী হইলেন। অকারণ যুদ্ধ জনিত অবশ্যম্ভাবী শোণিত পাত ও জীবহত্যা নিবারণ অভিলাষে, নারায়ণ এরূপ নীতি বিবর্জ্জিত ব্যবহারের পরিণাম নিতান্ত বিষময় হইবে বলিয়া, আশঙ্কা প্রদর্শন করিলেন; কিন্তু কুমন্ত্রিপরিবেষ্টিত ক্রূরহৃদয় দুর্য্যোধন ভগবানের বাক্যে কর্ণপাত না করিয়া, তাঁহাকে অপমানিত করিবার আয়োজন করিলেন। তখন অগত্যা পাণ্ডবগণকে কৌরবগণের বিরুদ্ধে সমরঘোষণ করিতে হইল।

উভয়পক্ষ হইতে এই অপরিহার্য্য যুদ্ধের নিমিত্ত প্রভূত আয়োজন হইতে লাগিল ভারতবর্ষের ভূপালবর্গ কৌরব ও পাণ্ডব এই পক্ষদ্বয়ের অন্যতরের সহায়তাকল্পে আত্ম নিয়োজন করিলেন। কৌরবগণ একাদশ অক্ষৌহিণী সেনা সংগ্রহ করিলেন। এক রথ এক হস্তী, পঞ্চ পদাতি ও তিনঅশ্ব ইহাতে একটি পত্তি হয়। এইরূপ তিন পত্তিতে এক সেনামুখ হয়; তিন সেনামুখে এক গুল্ম হয়; তিন গুল্মকে এক গণ বলে, তিন গণে এক বাহিনী, তিন বাহিনীতে এক পৃতনা, তিন পৃতনায় এক চমূ, তিন চমূতে এক অনীকিনী, এবং দশ অনীকিনীতে এক অক্ষৌহিণী হয়। সুতরাং এক অক্ষৌহিণীতে ২১,৮৭০ সংখ্যক রথ, ২১,৮৭০ হস্তী, ৬৫,৬১০ অশ্ব, ১০৯,৩৫০ পদাতি থাকা আবশ্যক। কুরুক্ষেত্র সমরে কৌরবপক্ষে একাদশ অক্ষৌহিণী সেনা সমবেত হইয়াছিল। অতএব তৎপক্ষে ২৪০,৫৭০ রথ, ২৪০,৫৭০ হস্তী, ৭২১,৭১০ অশ্ব, এবং ১, ২০২,৮৫০ পদাতি যুদ্ধার্থ উপস্থিত

হইয়াছিল। পাণ্ডবপক্ষেও সপ্ত অক্ষৌহিণী সেনা সমবেত হইয়াছিল; সুতরাং তাঁহাদের পক্ষে ১৫৩,০৯০ রথ, ১৫৩০৯০, হস্তী, ৪৫৯,২৭০ অশ্ব এবং ৭৬৫, ৪৫০ পদাতি একত্রিত হইয়াছিল। উভয় পক্ষের সৈন্যসংখ্যা সঙ্কলন করিলে দেখা যায় যে, ৩৯৩,৬৬০ রথ, ৬৯২;৬৬০ হস্তী ১,১৮০,৯৮০ অশ্ব, ১,৯৬৮,৩০০ পদাতি কুরুক্ষেত্র সমর-প্রাঙ্গনে সম্মিলিত হইয়াছিল। বসুন্ধরার কোন ইতিহাসেই এই সমর-কাহিনীর অনুরূপ বৃত্তান্ত বর্ণিত নাই। এই অতুলনীয় যুদ্ধ ব্যাপার ভূমণ্ডলের ইতিহাসে অদ্বিতীয় কাণ্ড রূপে পরিকীর্ত্তিত হইয়া থাকে। অদ্যাপি ভারতের আবাল বৃদ্ধ বনিতা কোন গুরুতর ব্যাপার উপস্থিত হইলে, সেই ভীষণ কুরুক্ষেত্র কাণ্ডের উল্লেখ করে। অষ্টাদশ-দিন-ব্যাপী এই বিষম সমর-নির্ঘোষে ভারতবর্ষ বিকম্পিত হইয়াছিল। ভারতযুদ্ধে দুর্য্যোধনের সাহায্যার্থ পক্ষপাত বিবর্জ্জিত সমদর্শী ভগবান্ বাসুদেব আপনার অর্ব্বুদ নারায়ণী সেনা প্রদান করিয়াছিলেন এবং স্বয়ং যুদ্ধবিমুখ ভাবে অভিন্ন-হৃদয় বান্ধব অর্জ্জুনের সারথ্য গ্রহণ করিয়াছিলেন।

মহাভারতে কথিত হইয়াছে যে, "বক্ষমাণ মহাভারতের দুর্য্যোধন ক্রোধময় মহাবৃক্ষ, কর্ণ তাহার স্কন্ধ, শকুনি শাখাস্বরূপ, দুঃশাসন ফল ও পুষ্প, মনস্বী রাজা ধৃতরাষ্ট্র তাহার মূল। যুধিষ্ঠির ধর্ম্মময় মহাবৃক্ষ, অর্জ্জুন স্কন্ধ, ভীমসেন তাহার শাখা, মাদ্রীসুত নকুল সহদেব তাহার পুষ্প-ফল এবং কৃষ্ণ ও ব্রাহ্মণগণ তাহার মূল।"

এই বিষম সমরে দুর্য্যোধনাদি কৌরবগণ বিনষ্ট এবং পাণ্ডবগণ জয়যুক্ত হন। ধর্ম্মের জয় ও অধর্ম্মের পরাজয় এই সমর দ্বারা সমর্থিত হয় এবং অধর্ম্ম রাজ্য অবসিত ও ধর্ম্মরাজ্য সংস্থাপিত হয়। কুরুক্ষেত্র সমরাবসানে মহারাজ ধৃতরাষ্ট্র বলিয়াছিলেন—"এক্ষণে গান্ধারী পুত্র, পৌত্র, পিতা, ভ্রাতা প্রভৃতি সমুদায় আত্মীয় স্বজনের নিধন দশায় এতাদৃশ দুরবস্থায় পড়িয়াছেন, এবং পাণ্ডবেরা অনায়াসে অতিদুষ্কর কার্য্যের সংসাধন করিয়া পরিশেষে রাজসিংহাসন অধিকার করিয়াছেন। এক্ষণে আমাদের পক্ষীয় তিনটি এবং পাণ্ডবদিগের সাতটি সমুদায়ে দশজন অবশিষ্ট আছে। এই ভয়ঙ্কর যুদ্ধে অষ্টাদশ অক্ষৌহিণী সেনা বিনষ্ট হইয়াছে। হে সঞ্জয়! সেই সমুদায় স্মরণ করিয়া আমি বারংবার মোহে অভিভূত হইতেছি, চারিদিক্ শূন্যময় ও জীব-লোক শোকময় বলিয়া এক্ষণে প্রতীয়মান হইতেছে।"

গ্রন্থোৎপত্তি।

কুরুক্ষেত্র সমরাঙ্গনে যখন উভয় পক্ষীয় যোদ্ধৃগণ উপস্থিত হইয়াছেন এবং যখন যুদ্ধকাল সমুপস্থিত-প্রায় তখন স্বপক্ষীয়গণের অভ্যুদয় ও দুর্য্যোধনের বিজয়াভিলাষী রাজা ধৃতরাষ্ট্র, যুদ্ধ-বৃত্তান্ত পরিজ্ঞাত হইবার জন্য অতিশয় উৎসুক হইলেন। মহর্ষি বেদব্যাস তাঁহাকে দিব্য চক্ষু প্রদান করিতে চাহিয়াছিলেন। কিন্তু ধৃতরাষ্ট্র স্বয়ং স্বচক্ষে জ্ঞাতি ও কুটুম্বাদি প্রিয়জন

নিধন রূপ অপ্রিয় ব্যাপার দর্শনে অনিচ্ছা প্রকাশ করিয়া, তদ্বিষয়ক বর্ণনা শ্রবণ করিতে আগ্রহান্বিত হইলেন। তখন মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন ধর্ম্মপরায়ণ এবং অনুগত রাজামাত্য সঞ্জয়কে অব্যাঘাতে কুরুক্ষেত্র যুদ্ধ সন্দর্শন ও তত্রত্য ব্যক্তিবৃন্দের বাক্যাদি শ্রবণ করিয়া এবং তাঁহাদের অন্তরস্থ ভাবাদিও পরিজ্ঞাত হইয়া অবিকল বিবৃত করিবার ক্ষমতা প্রদান করিলেন। সেই সঞ্জয় বাক্যই শ্রীমদ্ভগবদ্গীতায় নিবিষ্ট আছে।

যখন উভয় পক্ষীয় যোদ্ধৃমণ্ডলী সমরার্থ দণ্ডায়মান; যখন হয় হস্তী, রথ রথী শ্রেণীবদ্ধ; যখন সৈন্য কোলাহলে ও শঙ্খ ধ্বনিতে দিঙ্মণ্ডল সমাচ্ছন্ন; যখন উৎসাহ ও উদ্যম, আশা ও তেজঃ সর্ব্বত্র, তখন বীরপুঙ্গব জগদ্বিখ্যাত অর্জ্জুনের হৃদয় সহসা নিতান্ত অবসন্ন হইল। পুরোভাগস্থ আত্মীয়, জ্ঞাতি, কুটুম্বগণকে সন্দর্শন করিয়া তিনি নিতান্ত বিকলচিত্ত ও কাতর-হৃদয় হইয়া উঠিলেন। তাদৃশ সুহৃজ্জনের অঙ্গে অস্ত্রক্ষেপ করিয়া তাঁহাদের প্রাণসংহার বিষয়ক কল্পনা করিতেও তাঁহার অন্তঃকরণ কম্পান্বিত হইতে লাগিল। অর্জ্জুনকে এতাদৃশ দুর্ম্মনায়মান, ও অবসন্ন-হৃদয় দেখিয়া, ভগবান্ তাঁহাকে যথার্থ ধর্ম্মতত্ত্ব ও কর্ত্তব্য নির্দ্দেশ ব্যপদেশে, সকল ধর্ম্মের সার, সকল যোগের শ্রেষ্ঠ, সকল জ্ঞানের নিদান, সকল তত্ত্বের শেষ এই গীতারূপ পরম শাস্ত্র পরিব্যক্ত করিয়া চিরাশ্রিত ও চরণারলম্বিত মানবগণকে চিরদিনের নিমিত্ত কৃত-কৃতার্থ এবং বসুন্ধরাকে ধন্যা করিয়াছেন।

এই পূত শাস্ত্রোৎপত্তি সংক্রান্ত দেশ কাল পাত্র সকলই অত্যদ্ভুত ও যথোপযোগী। দুষ্কৃতি-দলনকর্ত্তা ধর্ম্ম-সংস্থাপনকারী স্বয়ং নারায়ণ এই শাস্ত্রের বক্তা ও ব্যাখ্যাতা; ভগবৎকল্প এবং জ্ঞানার্ণব সদৃশ অর্জ্জুন ইহার শ্রোতা, পাপ-প্রবল কলি যুগের প্রবর্ত্তনা কালে ইহা বিবৃত, এবং ঘোর উৎসাহ পূর্ণ উদ্যতায়ুধ বীর-সম্পুরিত সমরক্ষেত্র ইহার উদ্ভব স্থান। এই সকলই অত্যদ্ভুত সংযোগ এবং ভগবানের অপার মহিমা ও দুরবগম্য লীলার পরিচায়ক।

মহাভারতরূপ কল্পপাদপের অন্তর্গত ভীষ্মপর্ব্বে শ্রীমদ্ভগবদ্গীতারূপ ভূলোক দুর্ল্লভ অনুপম ফল শোভা পাইতেছে। ইহা অষ্টাদশ অধ্যায়ে বিভক্ত। ভীষ্ম পর্ব্বের পঞ্চবিংশ অধ্যায়ে শ্রীমদ্ভগবদ্গীতা আরব্ধ হইয়া দ্বিচত্বারিংশ অধ্যায়ে পরিসমাপ্ত হইয়াছে। শ্রীমদ্ভগবদ্গীতার অধিকাংশ উক্তি গোপীজনবল্লভ পূর্ণ ব্রহ্ম শ্রীকৃষ্ণের শ্রীমুখারবিন্দ বিনির্গত। অশেষ যোগ-প্রভাব-সম্পন্ন তপঃসিদ্ধ, ভগবান্ বাদরায়ণি বেদব্যাস স্বকীয় দেবোপম শক্তি বলে, গ্রন্থ মধ্যে ভগবদুক্তি সমূহ যথাবৎ বিন্যস্ত করিয়াছেন।

অনন্ত জ্ঞানের উৎস স্বরূপ প্রভূত তত্ত্ব কথার নিকেতন স্বরূপ, সর্ব্ব শাস্ত্রের সারস্বরূপ এই শ্রীমদ্ভগবদ্গীতারূপ পরম গ্রন্থের যে ব্যক্তি অধ্যয়ন ও আলোচনা না করে, তাহার মানব জীবন কেবল বিড়ম্বনার কারণ। গীতার কিঞ্চিদংশও যে পুণ্যবান্ ব্যক্তি প্রতিদিন পাঠ করেন, যিনি গীতা পুস্তক পাঠ করান, যিনি গীতা পাঠ শ্রবণ করেন, যিনি গীতা পুস্তক দান করেন, তাঁহারা সকলেই প্রভূত ফলের অধিকারী হইয়া থাকেন। (এতৎ সংক্রান্ত অন্যান্য বৃত্তান্ত এই গ্রন্থের উপক্রমণিকায় বিস্তারিত রূপে বিন্যস্ত হইবে)।

ভাষ্য ও টীকা।

পরম পবিত্র শ্রীমদ্ভগবদ্গীতার বর্ত্তমান সংস্করণে যে সকল ভাষ্য ও টীকা বিন্যস্ত হইতেছে তাহার পর্য্যায় ও সংক্ষিপ্ত বিবরণ।

১। পরমহংস পরিব্রাজক শ্রীমৎ শঙ্করাচার্য্য বিরচিত ভাষ্য। ইহা অদ্বৈতবাদানুযায়ী অতি প্রগাঢ় পাণ্ডিত্য পূর্ণ। দিগ্বিজয়ী, অদ্বৈতবাদ সংস্থাপক, শিবাবতার বিশেষ, পূজ্যপাদ, ভগবান্ শঙ্করাচার্য্য, অনাবশ্যক বোধে, গীতার প্রথম অধ্যায়ের ভাষ্য রচনা করেন নাই।

২। সন্ন্যাসী শ্রীমৎ আনন্দগিরি প্রণীত টীকা। এই টীকা ভগবান্ শ্রীমচ্ছঙ্করাচার্য্য প্রণীত ভাষ্যের অনুগামী ও তাহারই ব্যাখ্যা স্বরূপ। শঙ্করাচার্য্যের শিষ্য, ভগবান্ শ্রীমদানন্দগিরি বিরচিত এই টীকার নাম গীতাভাষ্য বিবেচন।

৩। বৈষ্ণবাচার্য্য শ্রীমৎ রামানুজ মুনি প্রণীত ভাষ্য। এই ভাষ্য দ্বৈতবাদানুযায়ী এবং ভক্তি পরতন্ত্র। ভগবান রামানুজ মুনি বিরচিত এই ভাষ্য দাক্ষিণাত্যে সবিশেষ সমাদৃত এবং বৈষ্ণবসম্প্রদায়ের অতীব শ্রদ্ধেয়। ইহা শ্রীভাষ্য নামেও পরিচিত।

৪। অঞ্জনানন্দন ভক্তচূড়ামণি শ্রীমদ্ধনুমান্ কৃত ভাষ্য। এই ভাষ্য পৈশাচ ভাষ্য নামে সর্ব্বত্র সমাদৃত। এই ভাষ্যও দ্বিতীয় অধ্যায়ের একাদশ শ্লোক হইতে আরব্ধ।

৫। পরমহংস শ্রীমৎ শ্রীধরস্বামী কৃত টীকা। এই টীকা শ্রীমচ্ছঙ্করাচার্য্য ও শ্রীমদানন্দ গিরির মতানুসারিণী। শ্রীমৎ স্বামী বিরচিত এই টীকার নাম 'সুবোধিনী'। অত্যধিক সরলতা হেতু ইহা অতিশয় সমাদৃত।

৬। শ্রীমৎ বলদেব বিদ্যাভূষণ কৃত ভাষ্য। এই ভাষ্য ভক্তি ও যুক্তি উভয় ভাব পরিপূর্ণ। এই ভাষ্যের নাম 'গীতাভূষণ'। ইহাতে নানা প্রকার গূঢ় তাৎপর্য্য ও পাণ্ডিত্য পূর্ণ তত্ত্বকথা সন্নিবেশিত আছে।

৭। পরমহংস শ্রীমৎ মধুসূদন সরস্বতী কৃত টীকা। পদ ও বাক্যযোজনানুসারে যত-দূর অর্থগ্রহ সম্ভব ইহাতে তাহার কোনই ত্রুটি নাই। শ্রীমৎপরিব্রাজকাচার্য্য শ্রীবিশ্বেশ্বর সরস্বতী শিষ্য শ্রীমন্মধুসূদন সরস্বতী বিরচিত এই টীকার নাম 'গীতা গূঢ়ার্থ দীপিকা।'

৮। শ্রীমৎ নীলকণ্ঠ সূরি বিরচিত টীকা। সমগ্র মহাভারত সংহিতার টীকাকারের এই টীকা সবিশেষ পাণ্ডিত্য পরিপূর্ণ। চতুর্দ্ধুরী বংশাবতংস মহামহোপাধ্যায় শ্রীগোবিন্দ সূরির পুত্র শ্রীমন্নীলকণ্ঠসূরি বিরচিত টীকার নাম 'ভারতভাবদীপে গীতার্থ প্রকাশ'।

৯। শ্রীমৎ বিশ্বনাথ চক্রবর্ত্তী কৃত টীকা। এই টীকা ভক্তি রসাত্মিকা এবং বর্ত্তমান কালে প্রচলিত ভক্তিবাদ সম্মতা। মহামহোপাধ্যায় শ্রীমচ্চক্রবর্ত্তী মহাশয় প্রণীত এই টীকার নাম 'সারার্থবর্ষিণী' এবং ইহা শ্রীগৌরাঙ্গ প্রভুর প্রদত্ত শিক্ষানুযায়িনী।

১০। অধ্যায় সমাপ্তিকালে শ্রীমৎ যামুন মুনি কৃত গীতার্থসংগ্রহ। গীতার অধ্যায় সমূহের তাৎপর্য্য ইহাতে শ্লোকাকারে নিবিধবদ্ধ আছে।

(উল্লিখিত ভাষ্য ও টীকা সমূহের বিস্তারিত বিবরণ এই গ্রন্থের উপক্রমণিকায় দ্রষ্টব্য।)

শ্রীমদ্ভগবদ্গীতা।

ভাষ্য ও টীকাকারগণের * সূচনা।

শঙ্করভাষ্যম্।

ওঁ নারায়ণঃ পরোঽব্যক্তাদণ্ডমব্যক্তসম্ভবম্। অণ্ডস্যান্তস্ত্বিমে লোকাঃ সপ্তদ্বীপা চ মেদিনী॥ স ভগবান্ সৃষ্ট্বেদং জগৎ তস্য চ স্থিতিং চিকীর্ষুর্ম্মরীচ্যাদীনগ্রে সৃষ্ট্বা প্রজাপতীন্ প্রবৃত্তিলক্ষণং বেদোক্তং ধর্ম্মং গ্রাহয়ামাস ততোঽন্যাংশ্চ সনকসনন্দাদীনুৎপাদ্য নিবৃত্তিধর্ম্মং জ্ঞানবৈরাগ্যলক্ষণং গ্রাহয়ামাস।

দ্বিবিধো হি বেদোক্তো ধর্ম্মঃ প্রবৃত্তিলক্ষণো নিবৃত্তিলক্ষণশ্চ। তত্রৈকো জগতঃ স্থিতি-কারণং, প্রাণিনাং সাক্ষাদভ্যুদয়নিঃশ্রেয়সহেতুর্যঃ স ধর্ম্মো ব্রাহ্মণাদ্যৈর্ব্বর্ণিভিরাশ্রমিভিঃ শ্রেয়োঽর্থিভিরনুষ্ঠীয়মানো দীর্ঘেন কালেন অনুষ্ঠাতৃণাং কামোদ্ভবাদ্ধীয়মানবিবেকবিজ্ঞান-হেতুকেনাধর্ম্মেণাভিভূয়মানে ধর্ম্মে প্রবর্দ্ধমানে চাধর্ম্মে জগতঃ স্থিতিং পরিপালয়িষুঃ স আদি-কর্ত্তা নারায়ণাখ্যো বিষ্ণুর্ভৌমস্য ব্রহ্মণো ব্রাহ্মণত্বস্য রক্ষণার্থং দেবক্যাং বসুদেবাদংশেন কৃষ্ণঃ কিল সম্বভূব, ব্রাহ্মণত্বস্য হি রক্ষণেন রক্ষিতঃ স্যাদ্বৈদিকো ধর্ম্মস্তদধীনত্বাদ্বর্ণাশ্রমভেদানাম্।

সচ ভগবান্ জ্ঞানৈশ্বর্য্য-শক্তিবল-বীর্য্য-তেজোভিঃ সদা সম্পন্নস্ত্রিগুণাত্মিকাং বৈষ্ণবীং স্বাং মায়াং মূলপ্রকৃতিং বশীকৃত্যাজোঽব্যয়ো ভূতানামীশ্বরো নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবোঽপি ভূতানুজিঘৃক্ষয়া বৈদিকং হি ধর্ম্মদ্বয়মর্জ্জুনায় শোকমোহমহোদধৌ নিমগ্নায়োপদিদেশ, গুণাধিকৈর্হি গৃহীতোঽনুষ্ঠীয়মানশ্চ ধর্ম্মঃ প্রচয়ং গমিষ্যতীতি। তং ধর্ম্মং ভগবতা যথোপদিষ্টং বেদব্যাসঃ সর্ব্বজ্ঞো ভগবান্ গীতাখ্যৈঃ সপ্তভিঃ শ্লোকশতৈরুপনিববন্ধ।

তদিদং গীতাশাস্ত্রং সমস্তবেদার্থসারসংগ্রহভূতং দুর্ব্বিজ্ঞেয়ার্থং তদর্থাবিষ্করণায়ানেকৈর্বিবৃতপদ-পদার্থবাক্যার্থন্যায়মপ্যত্যন্তবিরুদ্ধানেকার্থত্বেন লৌকিকৈর্গৃহ্যমাণমুপলভ্যাহং বিবেকতোঽর্থ-নির্দ্ধারণার্থং সংক্ষেপতো বিবরণং করিষ্যামি।

তস্যাস্য গীতাশাস্ত্রস্য সংক্ষেপতঃ প্রয়োজনং পরং নিঃশ্রেয়সং সহেতুকস্য সংসারস্যাত্যন্তোপরমলক্ষণং, তচ্চ সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকাদাত্মজ্ঞাননিষ্ঠারূপাদ্ধর্ম্মাদ্ভবতি, তথেমমেব গীতার্থ-

* ভাষ্য ও টীকা।—ভাষ্য—সূত্রবিবরণ গ্রন্থঃ। সূত্রার্থো বর্ণ্যতে যত্র পদৈঃ সূত্রানুসারিভিঃ। স্বপদানি চ বর্ণ্যন্তে ভাষ্যং ভাষ্যবিদো বিদুঃ॥ ইতি। নিদাদিসংগ্রহটীকায়াং ভরতঃ। টীকা ব্যাখ্যান গ্রন্থঃ। পদচ্ছেদঃ পদার্থোক্তির্বিগ্রহো বাক্যযোজনা। আক্ষেপস্য সমাধানং ব্যাখ্যানং পঞ্চলক্ষণম্। ইদমানন্দগিরিধৃতম্।

ধর্ম্মমুদ্দিশ্য ভগবতৈবোক্তম্, "স হি ধর্ম্মঃ সুপর্য্যাপ্তো ব্রহ্মণঃ পদবেদনম্" ইত্যনুগীতায়াম্। কিঞ্চান্যদপি তত্রৈবোক্তঃ "নৈব ধর্ম্মী ন চাধর্ম্মী ন চৈব হি শুভাশুভী। যঃ স্যাদেকাসনে লীন-স্তূষ্ণীং কিঞ্চিদচিন্তয়ন্। জ্ঞানং সন্ন্যাসলক্ষণম্" ইতি চ। ইহাপি চান্তে উক্তমর্জ্জুনায় "সর্ব্ব-ধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ" ইতি। অভ্যুদয়ার্থোঽপি যঃ প্রবৃত্তিলক্ষণো ধর্ম্মো বর্ণাশ্রমাংশ্চোদ্দিশ্য বিহিতঃ, স চ দেবাদিস্থানপ্রাপ্তিহেতুরপি সন্ ঈশ্বরার্পণবুদ্ধ্যানুষ্ঠীয়মানঃ সত্ত্বশুদ্ধয়ে ভবতি ফলাভিসন্ধিবর্জ্জিতঃ, শুদ্ধসত্ত্বস্য চ জ্ঞাননিষ্ঠাযোগ্যতাপ্রাপ্তিদ্বারেণ জ্ঞানোৎ-পত্তিহেতুত্বেন চ নিঃশ্রেয়সহেতুত্বমপি প্রতিপাদ্যতে তথা চেমমর্থমভিসন্ধায় বক্ষ্যতি, "ব্রহ্ম-ণ্যাধ্যায় কর্ম্মাণি যতচিত্তা জিতেন্দ্রিয়া। যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে॥" ইতি। ইমং দ্বিপ্রকারং ধর্ম্মং নিঃশ্রেয়স প্রয়োজনং পরমার্থতত্ত্বঞ্চ বাসুদেবাখ্যং পরব্রহ্মাভিধেয়ভূতং বিশেষতোঽভিব্যঞ্জয়ন বিশিষ্টপ্রয়োজনসম্বন্ধাভিধেয়াদ্গীতাশাস্ত্রং যতস্তদর্থ বিজ্ঞানেন সমস্ত-পুরুষার্থসিদ্ধিরতস্তদ্বিবরণে যত্নঃ ক্রিয়তে ময়া। অত্র চ ধৃতরাষ্ট্র উবাচ, ধর্ম্মক্ষেত্র ইত্যাদি।

শঙ্করভাষ্যের তাৎপর্য্য।

নর শব্দে চরাচরাত্মক শরীর সমূহ, এবং নারা শব্দে তাহাতে সন্নিহিত চিৎপ্রতিবিম্ব স্বরূপ জীব সকলই প্রতিপন্ন হয়। তাহাদের অয়ন অর্থাৎ আশ্রম, নিয়ামক, বা অন্তর্য্যামী যিনি তিনিই নারায়ণ। তবে তিনি কি মায়ার সহিত মিলিত? এই আশঙ্কা করিয়া ভগবান্ ভাষ্যকার বলিতেছেন, "পরোঽব্যক্তাদিতি।" অব্যক্ত শব্দের অর্থ প্রকৃতি (১) অর্থাৎ মায়া, তাহা হইতে তিনি পর অর্থাৎ পৃথক। পূর্ব্বোক্ত অব্যক্ত অর্থাৎ মায়া হইতে অপঞ্চীকৃত (২) পঞ্চ মহাভূতের সমষ্টি স্বরূপ হিরণ্যগর্ভ নামধেয় এই ব্রহ্মাণ্ড উৎপন্ন হয়। উক্ত হিরণ্যগর্ভ

---

(১) অব্যক্তং প্রকৃতির্মহান্। ইতি পর্য্যায়ঃ। সত্ত্বরজস্তমসাং সাম্যাবস্থা বা ইতি সাঙ্খ্যপ্রবচনভাষ্য। ১। ৬১। যথা,—সত্ত্বং রজস্তমশ্চৈব গুণত্রয়মুদাহৃতম্। সাম্যাবস্থিতিরেতেষাং প্রকৃতিঃ পরিকীর্ত্তিতা। কেচিৎ প্রধানমিত্যাহুরব্যক্তমপরে জগুঃ। এতদেব প্রজাসৃষ্টিং করোতি বিকরোতি চ॥ ইতি মাৎস্যে। ৩ অধ্যায়॥ তস্যা নামান্তরাণি যথা—তমোঽব্যক্তং শিবো ধাম রজো যোনিঃ সনাতনঃ। প্রকৃতির্বিকারঃ প্রলয়ঃ প্রধান প্রভবাপ্যয়ৌ। অনুদ্রিক্তমনূনং বাপ্যকম্পমচলং ধ্রুবম্। সদসচ্চৈব তৎ সর্ব্বমব্যক্তং ত্রিগুণং স্মৃতম্। ইতি মহাভারতে আশ্বমেধিক পর্ব্ব। ৩৯ অধ্যায়। তম, অব্যক্ত, শিব, ধাম, রজঃ, যোনি, সনাতন, প্রকৃতি, বিকার প্রলয়, প্রধান, প্রভব অর্থাৎ উৎপত্তি, বিনাশ, অনুদ্রিক্ত, অনূন, অকম্প, অচল, ধ্রুব, সৎ, অসৎ, অব্যক্ত ও ত্রিগুণ, এই সকল অব্যক্তের নাম বলিয়া জানিবে।

(২) পঞ্চীকরণ যথা—দ্বিধা বিধায় চৈকৈকং চতুর্দ্ধা প্রথমং পুনঃ। স্বস্বেতরদ্বিতীয়াংশৈর্যোজনাৎ পঞ্চ পঞ্চতে॥ ২৭॥ (পঞ্চদশী, তত্ত্ববিবেক।) আকাশাদি পঞ্চ মহাভূতকে প্রথমতঃ সমান দুইভাগে বিভক্ত করিয়া, পশ্চাৎ উক্ত বিভক্তাংশের প্রথম অংশকে সমান চারি ভাগে বিভক্ত করিয়া, উক্ত সমান দুই ভাগে বিভক্তাংশের দ্বিতীয়াংশের সহিত পশ্চাৎ অপর মহাভূতের চতুর্দ্ধা বিভক্ত প্রথমাংশের এক এক চতুর্থাংশ প্রত্যেকে যোগ করণের নাম পঞ্চীকরণ। নিম্নলিখিত আদর্শ দেখিয়া বুঝিয়া লউন। আকাশ ॥০ বায়ু ৵০ তেজঃ ৵০ অপ ৵০ পৃথিবী ৵০ ।: ১ অন্যান্য মহাভূতের বিষয়ও এইরূপ নিয়মে বুঝিতে হইবে। তদন্য সূক্ষ্ম পঞ্চ মহাভূত অপঞ্চীকৃত শব্দবাচ্য।

নামধেয় ব্রহ্মাণ্ড মধ্যে পঞ্চীকৃত পঞ্চ মহাভূতাত্মক ভূরাদি লোক সকল (৩) এবং সপ্তদ্বীপ (৪) পৃথিবীও বর্ত্তমান আছে।

সেই ভগবান্, এই জগৎ সৃষ্টি করতঃ, ইহার রক্ষার্থ নিমিত্ত, অগ্রে মরীচি প্রভৃতি প্রজাপতিদিগকে (৫) উৎপন্ন করিয়া বেদোক্ত প্রবৃত্তি-ধর্ম্ম, অর্থাৎ গৃহস্থাশ্রমোক্ত ধর্ম্মের উপদেশ প্রদান করিলেন, এবং সনক-সনন্দাদিকে (৬) সৃষ্টি করিয়া, জ্ঞান-বৈরাগ্য-লক্ষণ নিবৃত্তি ধর্ম্মের শিক্ষা দিলেন।

বেদোক্ত ধর্ম্ম দ্বিবিধ, প্রবৃত্তি লক্ষণ ও নিবৃত্তি-লক্ষণ (৭)। তন্মধ্যে প্রবৃত্তি-লক্ষণ ধর্ম্ম জগতের রক্ষার কারণ-স্বরূপ; যাহা প্রাণিদিগের সাক্ষাৎ মঙ্গলের হেতু তাহারই নাম ধর্ম্ম। শ্রেয়োঽভিলাষী আশ্রমস্থিত (৮) ব্রাহ্মণাদি বর্ণগণ দীর্ঘকাল ঐ ধর্ম্মের অনুষ্ঠান করিয়া আসিতেছেন। অনুষ্ঠান করিতে করিতে, অনুষ্ঠাতৃদিগের বিষয় ভোগাভিলাষের অত্যন্ত বৃদ্ধি, বিবেক ও জ্ঞানের ক্রমশঃ দুর্ব্বলতা এবং অধর্ম্ম কর্ত্তৃক ধর্ম্ম অভিভূত হইতেছে দেখিয়া, সেই জগৎপাতা আদিকর্ত্তা ভগবান্ নারায়ণ সমস্ত বেদ ও ব্রাহ্মণদিগের রক্ষার নিমিত্ত, বলরামের সহিত, বসুদেবের ঔরসে দেবকী গর্ভে অবতীর্ণ হইলেন (৯); যেহেতু বর্ণাশ্রম ভেদকারী ব্রাহ্মণগণের রক্ষা হইলেই বৈদিক ধর্ম্ম রক্ষিত হইবে।

---

(৩) ভূরাদি লোক যথা।—ভূর্ভুবঃ স্বর্মহশ্চৈব জনশ্চ তপ এব চ। সত্যলোকশ্চ সপ্তৈতে লোকাস্তু পরিকীর্ত্তিতাঃ। ইতি অগ্নিপুরাণ॥

(৪) পৃথিবীর সপ্ত দ্বীপ যথা—তে জম্বু-প্লক্ষ-শাল্মলি কুশ ক্রৌঞ্চ-শাক-পুষ্কর সংজ্ঞকাঃ। ভাগবতে ৫।৫।

(৫) মরীচ্যাদি প্রজাপতি যথা—মরীচিরত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যঃ পুলহঃ ক্রতুঃ। ভৃগুর্বশিষ্ঠো দক্ষশ্চ দশমস্তত্র নারদঃ॥ ইতি শ্রীমদ্ভাগবতে। ১২ অধ্যায়॥

(৬) সনকঞ্চ সনন্দঞ্চ সনাতনমথাত্মভূঃ। সনৎকুমারঞ্চ মুনীন নিষ্ক্রিয়ানূর্দ্ধরেতসঃ॥ তান বভাষে স্বভূঃ পুত্রান্ প্রজাঃ সৃজত পুত্রকাঃ। তন্নৈচ্ছন মোক্ষধর্ম্মাণো বাসুদেবপরায়ণাঃ॥ ইতি শ্রীমদ্ভাগবতে। ৩। ১২ অধ্যায়॥

(৭) প্রবৃত্তি লক্ষণ—বিষয় ভোগাভিলাষ প্রবর্ত্তক। নিবৃত্তি লক্ষণ ধর্ম্ম—বিষয়-ভোগাভিলাষ নিবর্ত্তক।

(৮) আশ্রমী চতুষ্টয় যথা—ব্রহ্মচারী গৃহী ভিক্ষুর্বানপ্রস্থশ্চতুষ্টয় ইত্যমর।

(৯) শ্রীভগবানুবাচ।—নিদ্রে গচ্ছ মমাদেশাৎ পাতালতলসংশ্রয়ান্। একৈকশ্যেন ষড়্গর্ভান্ দেবকী-জঠরং নয়॥ হতেষু তেষু কংসেন শেষাখ্যোঽংশস্ততো মম। অংশাংশেনোদরে তস্যাঃ সপ্তমঃ সংভবিষ্যতি॥ গোকুলে বসুদেবস্য ভার্য্যান্যা রোহিণী স্থিতা। তস্যাঃ স সম্ভূতিসমং দেবি নেয়স্ত্বয়োদরম্॥ সপ্তমো ভোজরাজস্য ভয়াদ্রোধোপরোধতঃ। দেবক্যাঃ পতিতো গর্ভ ইতি লোকো বদিষ্যতি॥ গর্ভসঙ্কর্ষণাৎ সোঽথ লোকে সঙ্কর্ষণেতি বৈ। সংজ্ঞামবাপ্স্যতে বীরঃ শ্বেতাদ্রিশিখরোপমঃ। ততোঽহং সম্ভবিষ্যামি দেবকীজঠরে শুভে॥ ইতি বিষ্ণুপুরাণ॥ ৫॥ ১॥ ভগবান্ কহিলেন,—যোগনিদ্রে, তুমি আমার আজ্ঞানুসারে পাতালে গমন করিয়া দৈত্যদিগের এক এক করিয়া ক্রমশঃ ছয়টি গর্ভ আনিয়া দেবকীর উদরে স্থাপন কর। কংস এই সমুদায় গর্ভজাত সন্তান নষ্ট করিলে, শেষ নামক আমার অংশ, অংশাংশ দ্বারা দেবকীর উদরে অনুপ্রবিষ্ট হইয়া সপ্তম গর্ভ হইবে। গোকুলে রোহিণী নামে বসুদেবের এক ভার্য্যা আছেন, সেই রোহিণীর প্রথম গর্ভ হইলে, তখন তুমি ভোজরাজ কংসের ভয়ে কারাগার মধ্যস্থিত দেবকীর

নিত্য জ্ঞান, ঐশ্বর্য্য, শক্তি, বল, বীর্য্য, এবং তেজোবিশিষ্ট সেই ভগবান্ অজ অব্যয় ও প্রাণিবর্গের ঈশ্বর, এবং নিত্য-শুদ্ধ বুদ্ধ মুক্ত-স্বভাব (১০) হইয়াও, স্বীয় ত্রিগুণাত্মিকা বৈষ্ণবী মায়ারূপা মূল প্রকৃতিকে বশীভূত করিয়া, লোকানুগ্রহার্থ শরীরির ন্যায়, কিংবা উৎপন্ন ব্যক্তির ন্যায়, লোক সমক্ষে দৃষ্ট হইয়াছিলেন।

তাঁহার নিজের প্রয়োজন না থাকিলেও তিনি জীবের উপকারার্থ শোক সাগরে নিমগ্ন অর্জ্জুনকে বৈদিক ধর্ম্মদ্বয় (প্রবৃত্তি লক্ষণ ও নিবৃত্তি লক্ষণ) উপদেশ প্রদান করিয়াছিলেন; যেহেতু লোক সমাজে শ্রেষ্ঠলোক কর্ত্তৃক আদৃত ও অনুষ্ঠিত ধর্ম্মের বিশেষ প্রচার হইয়া থাকে। ভগবৎ কর্ত্তৃক যথোপদিষ্ট সেই ধর্ম্মকে সর্ব্বজ্ঞ ভগবান্ বেদব্যাস গীতাখ্য সপ্ত শত শ্লোকে নিবদ্ধ করিয়াছেন।

সমস্ত বেদার্থ-সার-সংগ্রহ দুর্বিজ্ঞেয় এই গীতা শাস্ত্রের অর্থ প্রকাশের নিমিত্ত, অনেকেই পদ, পদার্থ, বাক্যার্থ এবং যুক্তি বিবৃত করিয়াছেন; কিন্তু তৎসমস্ত বিবরণ লোক কর্ত্তৃক বহুবিধ বিরুদ্ধার্থে পরিগৃহীত হইতেছে দেখিয়া যাহাতে লোকে বিচার পূর্ব্বক সদর্থ নির্দ্ধারণ করিতে পারে, তদভিপ্রায়ে আমি (শঙ্করাচার্য্য) এই শাস্ত্রের নিশ্চয় ও সংক্ষিপ্ত বিবরণ করিতেছি। কারণের (অর্থাৎ বাসনার) সহিত সংসার হইতে উপরম লক্ষণ অর্থাৎ মুক্তিই গীতা শাস্ত্রের প্রধান প্রয়োজন। শাস্ত্রানুসারে অনুষ্ঠিত কর্ম্ম সকল ঈশ্বরে অর্পণ পূর্ব্বক আত্মজ্ঞাননিষ্ঠারূপ ধর্ম্ম হইতে সেই মুক্তি উৎপন্ন হয়, ইহাই

উদর হইতে সেই সপ্তম গর্ভ ঐ রোহিণীর উদরে স্থাপন করিবে। লোকে এরূপ বলিবে যে, দেবকীর গর্ভ নষ্ট হইল। এই গর্ভ হইতে সঙ্কর্ষণ অর্থাৎ পরিচালন হেতু সেই গর্ভসম্ভূত শ্বেত পর্ব্বতশিখর সদৃশ বীর সঙ্কর্ষণ নামে ইহ লোকে বিখ্যাত হইবেন। অনন্তর আমি দেবকীর অষ্টম গর্ভে জন্ম পরিগ্রহ করিব। ভূমির্দৃপ্তনৃপব্যাজদৈত্যানীকশতাযুতৈঃ। আক্রান্তা ভূরিভারেণ ব্রহ্মাণম্ শরণম্ যযৌ॥ গৌর্ভূত্বাশ্রুমুখী খিন্না ক্রন্দন্তী করুণম্ বিভোঃ। উপস্থিতান্তিকে তস্মৈ ব্যসনং সমবোচত॥ ব্রহ্মা তদুপধার্য্যাথ সহ দেবৈস্তয়া সহ। জগাম সত্রিনয়নস্তীরং ক্ষীরপয়োনিধেঃ॥ তত্র গত্বা জগন্নাথম্ দেবদেবম্ বৃষাকপিম্। পুরুষম্ পুরুষসূক্তেন উপতস্থে সমাহিতঃ॥ গিরং সমাধৌ গগনে সমীরিতাং নিশম্য বেধাস্ত্রিদশানুবাচ হ। গাং পৌরুষীম্ শৃণুতামরাঃ পুনর্বিধীয়তামাশু তথৈবমাচিরম্॥ বসুদেবগৃহে সাক্ষাদ্ ভগবান্ পুরুষোত্তমঃ। জনিষ্যতে তৎপ্রিয়ার্থম্ সম্ভবন্তু সুরস্ত্রিয়ঃ। বাসুদেবকলানন্তসহস্রবদনঃ স্বরাট্। অগ্রতো ভবিতা দেবো হরেঃ প্রিয়চিকীর্ষয়া। বিষ্ণোর্মায়া ভগবতী যয়া সংমোহিতং জগৎ॥ আদিষ্টা প্রভুণাংশেন কার্য্যার্থে সম্ভবিষ্যতি॥ শ্রীমদ্ভাগবত॥ ১০॥ ১॥ গচ্ছ দেবি ব্রজং ভদ্রে গোপগোভিরলঙ্কৃতম্। রোহিণী বসুদেবস্য ভার্য্যাস্তে নন্দগোকুলে॥ অন্যাশ্চ কংসসংবিগ্না বিবরেষু বসন্তি হি। দেবক্যা জঠরে গর্ভম্ শেষাখ্যম্ ধাম মামকম্। তৎসন্নিকৃষ্য রোহিণ্যা উদরে সন্নিবেশয়॥ অথাহমংশভাগেন দেবক্যাঃ পুত্রতাম্ শুভে। প্রাপ্স্যামি ত্বং যশোদায়াং নন্দপত্ন্যাম্ ভবিষ্যসি॥ গর্ভসঙ্কর্ষণাৎ তং বৈ প্রাহুঃ সঙ্কর্ষণম্ ভুবি। রামেতি লোকরমণাদ্বলম্ বলবদুচ্ছ্রয়াৎ॥ শ্রীমদ্ভাগবত॥ ১০। ২॥

(১০) নিত্য—কার্য্যাকার শূন্য, অর্থাৎ সর্ব্বত্র কারণ কার্য্যাকারে পরিণত হয়, তিনি তদ্বিরহিত। শুদ্ধ—কারণ রহিত। বুদ্ধ—জড়তাশূন্য। মুক্ত—বিদ্যাজনিত কাম্য কর্ম্মাদিতে আসক্তিশূন্য।

গীতা শাস্ত্রের তাৎপর্য্য। এই গীতার্থ ধর্ম্মকে উদ্দেশ করিয়া ভগবানই অনুগীতাতে (১১) বলিয়াছেন, "এই ধর্ম্মই সর্ব্ব প্রধান, যাহা হইতে ব্রহ্ম-পদ, অর্থাৎ মুক্তিলাভ হয়" ইত্যাদি। এবং এই গীতাতেও এই বিষয়ে অর্জ্জুনকে বলিয়াছেন, "সকল ধর্ম্ম পরিত্যাগ করিয়া একমাত্র আমাকে আশ্রয় কর" (১২)। আর জগতের অভ্যুদয়ের জন্য বর্ণাশ্রমকে উদ্দেশ করিয়া যে প্রবৃত্তি-লক্ষণ ধর্ম্ম বিহিত হইয়াছে, তাহা দেবাদি স্থান প্রাপ্তির হেতু হইলেও, ফলাভিসন্ধি পরিত্যাগ পূর্ব্বক, ঈশ্বরার্পণবুদ্ধি দ্বারা অনুষ্ঠিত হইলে, চিত্তশুদ্ধির কারণ হয় এবং শুদ্ধচিত্ত ব্যক্তির জ্ঞান নিষ্ঠা-যোগ্যতা প্রাপ্তি দ্বারা, জ্ঞানোৎপত্তির হেতু ও নির্ব্বাণ মুক্তির কারণও হইয়া থাকে। ভগবান্ এই সম্বন্ধে পরে বলিয়াছেন—"ঈশ্বরে কর্ম্ম সকল অর্পণ করিয়া আসক্তি শূন্য হইয়া, সংযত-চিত্ত জিতেন্দ্রিয় যোগিগণ চিত্তশুদ্ধির জন্য কর্ম্ম করিয়া থাকেন (১৩)। এই গীতা শাস্ত্রে উভয়বিধ ধর্ম্মই উক্ত হইয়াছে, অতএব এই গীতা শাস্ত্রার্থ জ্ঞান হইলেই লোকের পুরুষার্থ (১৪) সিদ্ধি হইবে, এজন্য আমি ইহার ব্যাখ্যা করিতে প্রবৃত্ত হইলাম।

আনন্দগিরি কৃত টীকা।

—(০)—

দৃষ্টিং ময়ি বিশিষ্টার্থাং কৃপাপীযূষবর্ষিণীম্। হেরম্ব দেহি প্রত্যূহক্ষেড়ব্যূহনিবারিণীম্ ॥ ১ ॥

যদ্বক্ত্রপঙ্কেরুহসম্প্রসূতং নিষ্ঠামৃতং বিশ্ববিভাগনিষ্ঠম্।

সাধ্যেতরাভ্যাং পরিনিষ্ঠিতাস্তং তং বাসুদেবং সততং নতোঽস্মি ॥ ২ ॥

প্রত্যক্ষমচ্যুতং নত্বা গুরূনপি গরীয়সঃ। ক্রিয়তে শিষ্যশিক্ষায়ৈ গীতাভাষ্যবিবেচনম্ ॥ ৩ ॥

কর্ম্মনিষ্ঠাজ্ঞাননিষ্ঠেত্যুপায়োপেয়ভূতনিষ্ঠাদ্বয়মধিকৃত্য প্রবৃত্তং গীতাশাস্ত্রং ব্যাচিখ্যাসুর্ভগবান্ ভাষ্যকারো বিঘ্নোপপপ্লবোপশমনাদিপ্রয়োজনপ্রসিদ্ধয়ে প্রামাণিকব্যবহারপ্রমাণকমিষ্ট-দেবতাতত্ত্বানুস্মরণং মঙ্গলাচরণং সম্পাদয়ন্ অশেষেতিহাসপুরাণয়োর্ব্যাচিখ্যাসিতগীতা-শাস্ত্রেণৈকবাক্যতামভিপ্রেত্য পৌরাণিকশ্লোকমেকমেবাস্বর্থ্যামিবিষয়মুদাহরতি নারায়ণ ইতি। "আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ। অয়নং তস্য তাঃ পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ॥" ইতি স্মৃতিসিদ্ধঃ স্থূলদৃশাং নারায়ণশব্দার্থঃ। সূক্ষ্মদর্শিনঃ পুনরাচক্ষতে নরশব্দেন চরা-চরাত্মকং শরীরজাতমুচ্যতে, তত্র নিত্যসন্নিহিতাশ্চিদাভাসা জীবা নারা ইতি নিরুচ্যন্তে

---

(১১) মহাভারতের অন্তর্গত অশ্বমেধ পর্ব্বে অনুগীতা সন্নিবিষ্ট আছে। এই অনুগীতা শ্রীভগবান্ মধুসূদন কর্ত্তৃক অর্জ্জুনকে লক্ষ্য করিয়া কথিত হইয়াছে।

(১২) গীতা ১৮ অধ্যায় ৬৬ শ্লোক।

(১৩) গীতা ১০ অধ্যায় ১১ শ্লোক।

(১৪) ধর্ম্মার্থ কামমোক্ষাংস্ত পুরুষার্থ উদাহৃতাঃ। ইত্যাদি পুরাণ। গোস্বামী মতে ভক্তিঃ পঞ্চম পুরুষার্থঃ।

তেষাময়নমাশ্রয়ো নিয়ামকোঽন্তর্য্যামী নারায়ণ ইতি. যমধিকৃত্যান্তর্য্যামিব্রাহ্মণং শ্রীনারায়ণা-খ্যমত্রাম্নায়ুকৈর্গীয়তে তদুনেন শাস্ত্রপ্রতিপাদ্যং বিশিষ্টং তত্ত্বমাদিষ্টম্ ভবতি। নন্বু পরস্যা-ত্মনো মায়াসম্বন্ধাদন্তর্য্যামিত্বম্ শাস্ত্রপ্রতিপাদ্যত্বঞ্চ বক্তব্যমন্যথা কূটস্থাসঙ্গাবিষয়াদ্বিতীয়স্য তদ্যোগাৎ, তথা চ শুদ্ধতাসিদ্ধৌ কথম্ যথোক্তাপরদেবতা শাস্ত্রাদাবনুস্মর্য্যতে, শুদ্ধস্য হি তত্ত্ব-স্যানুস্মরণমভীষ্টফলবদভীষ্টং তত্রাহ পরোঽব্যক্তাদিতি। অব্যক্তমব্যাকৃতং মায়েত্যর্থাস্তরম্, তস্মাৎ পরো ব্যতিরিক্তঃ তেনাসংস্পৃষ্টোঽয়মপরঃ "অক্ষরাৎ পরতঃ পরঃ" ইতি শ্রুতেঃ গৃহীতঃ, অতস্তত্তো মায়াসম্বন্ধাভাবেঽপি কল্পনয়া তদীয়সঙ্গতিমঙ্গীকৃত্যান্তর্য্যামিত্বাদিকমুন্নেয়ম্। যস্মাদীশ্বরস্য ব্যতিরেকো বিবক্ষিতস্তস্মিন্নব্যক্তে সাক্ষিসিদ্ধেঽপি কার্য্যলিঙ্গকমনুমানমুপন্যস্যতি অণ্ডমিতি। অপঞ্চীকৃতপঞ্চমহাভূতাত্মকম্ হৈরণ্যগর্ভতত্ত্বমণ্ডমিত্যভিলপ্যতে তদব্যক্তাৎ পূর্ব্বোক্তাদুৎপদ্যতে, প্রসিদ্ধা হি শ্রুতিস্মৃতিবাদেষু হিরণ্যগর্ভস্য মূলকারণাদুৎপত্তিস্তথা চ কার্য্যলিঙ্গাদব্যক্তাভিব্যক্তিরিত্যর্থঃ। হিরণ্যগর্ভে শ্রুতিস্মৃতিসমধিগতেঽপি কার্য্যলিঙ্গকমনু-মানমস্তীতি মন্বানো বিরাড়ুৎপত্তিমুপদর্শয়তি অণ্ডস্যেতি। উক্তস্যাণ্ডস্য হিরণ্যগর্ভাভিধানীয়-স্যান্তরিমে ভূরাদয়ো লোকা বিরাড়াত্মকা বর্ত্তন্তে, কার্য্যং হি কারণস্যান্তর্ভবতি তেন হিরণ্য-গর্ভান্তর্ভূতা ভূরাদয়ো লোকা বিরাড়াত্মকত্বেন সৃষ্টা ইতি তল্লিঙ্গাদ্ধিরণ্যগর্ভসিদ্ধিরিত্যর্থঃ। লোকানেব পঞ্চীকৃতপঞ্চমহাভূতাত্মকবিরাড়াত্মত্বেন ব্যুৎপাদয়তি সপ্তদ্বীপেতি। "সা পৃথিবী অভবৎ" ইতি শ্রুতৌ বিরাজো জন্ম সঙ্কীর্ত্তিতমিত্যঙ্গীকারাদশেষদ্বীপোপেতা পৃথিবীত্যনেন সর্ব্বলোকাত্মকো বিরাড়েবোচ্যতে, চশব্দেন বিরাজো হি হিরণ্যগর্ভে পূর্ব্বোক্তাণ্ডাত্মন্যন্ত-র্ভাবস্ততঃ সন্তবোঽনুকৃষ্যতে, পরমাত্মা হি স্বজ্ঞানদ্বারা জগদশেষমুৎপাদ্য স্বাত্মন্যেবান্ত-র্ভাবাথণ্ডৈকরসসচ্চিদানন্দাত্মনা স্বে মহিম্নি তিষ্ঠতীত্যর্থঃ। অত্র চ নারায়ণশব্দেনাভিধেয়-মুক্তম্, নর এব নারা জীবাত্মপদবাচ্যাস্তেষাময়নমধিষ্ঠানম্ তৎপদবাচ্যম্ পরম্ ব্রহ্ম, তথা চ কল্পিতস্যানধিষ্ঠানাতিরিক্তস্বরূপাভাবাদ্বাচ্যস্য কল্পিতত্বেঽপি লক্ষ্যস্য ব্রহ্মমাত্রত্বাদ্ব্রহ্মাত্মৈক্যম্ বিষয়োঽত্র সূচ্যতে, তেনার্থাদ্বিষয়বিষয়ীভাবঃ সম্বন্ধোঽপি ধ্বনিতঃ। পরোঽব্যক্তাদিত্যনেন মায়াসংস্পর্শাভাবোক্ত্যা সর্ব্বানর্থনিবৃত্ত্যা পরমানন্দাবির্ভাবলক্ষণো মোক্ষোঽপি বিবক্ষিত-স্তেন চ তৎকামস্যাধিকারো দ্যোতিতঃ, পরিশিষ্টেন তু শব্দেন বস্তুনো বাস্তবমদ্বিতীয়ত্বমা-বেদিতম্, তেন চ বস্তুদ্বারা পরমবিষয়ত্বং তজ্জ্ঞাননিষ্ঠায়াস্তদুপায়ভূতকর্ম্মনিষ্ঠায়াশ্চাবান্তর-বিষয়ত্বমিত্যর্থাদুক্তমিত্যবধেয়ং।

নন্বু নৈবং সাধ্যসাধনভূতং নিষ্ঠাদ্বয়মত্র ভগবতা প্রতিপাদ্যতে ব্রহ্মণাভ্যর্থিতস্য ভগ-বতো ভূমিভারাপহারার্থং বসুদেবেন দেবক্যামাবির্ভূতস্য তাদর্থ্যেন মধ্যমং পৃথাসুতং প্রথিত-মহিমানং প্রেরয়িতুং ধর্ম্ময়োদ্ধিহাস্যমানত্বাদতো নাস্য শাস্ত্রস্য নিষ্ঠাদ্বয়ং পরাপরবিষয়-ভাবমনুভবিতুমলমিতি তত্র ভগবতো ধর্ম্মসংস্থাপনস্বাভাব্যাদ্বৈব্যাকর্ম্মদ্বয়স্থাপনার্থমেব প্রাদু-র্ভাবাভ্যুপগমাত্তদ্ভারপরিহারস্য চার্থিকত্বাদর্জ্জুনং নিমিত্তীকৃত্যাধিকারিণং স্বধর্ম্মপ্রবর্ত্তনদ্বারা জ্ঞাননিষ্ঠায়ামবতারয়িতুং গীতাশাস্ত্রস্য প্রণীতত্বাদুচিতমস্য নিষ্ঠাদ্বয়বিষয়ত্বমিতি পরিহরতি

স ভগবানিত্যাদিনা ধর্ম্মদ্বয়মর্জ্জুনায়োপদিদেশেত্যন্তেন ভাষ্যেণ। তত্র নেদং গীতাশাস্ত্রং ব্যাখ্যাতুমুচিতমাপ্তপ্রণীতত্বানির্দ্ধারণাৎ তথাবিধশাস্ত্রান্তরবদিত্যাশঙ্ক্য মঙ্গলাচরণস্যোদ্দেশ্যং দর্শয়ন্নাদৌ শাস্ত্রপ্রণেতুরাপ্তত্বনির্দ্ধারণার্থং সর্ব্বজ্ঞত্বাদিপ্রতিজ্ঞাপূর্ব্বকং সর্ব্বজগজ্জনয়িতৃত্বমাহ স ভগবানিতি। প্রকৃতো নারায়ণাখ্যো দেবঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্বেশ্বরঃ সমস্তমপি প্রপঞ্চমুৎপাদ্য ব্যবস্থিতঃ, ন চ তস্যানাপ্তত্বমীশ্বরানুগৃহীতানামাপ্তত্বসিদ্ধ্যা তস্য পরমাপ্তত্বসিদ্ধেরিত্যর্থঃ। ননু ভগবতা সৃষ্টমপি চাতুর্ব্বর্ণ্যাদিবিশিষ্টং হিরণ্যগর্ভাদিলক্ষণং জগৎ ন ব্যবস্থিতিমাস্থাতুং শক্যতে ব্যবস্থাপকাভাবাৎ, ন চ পরস্যৈবেশ্বরস্য ব্যবস্থাপকত্বং বৈষম্যাদিপ্রসঙ্গাৎ, তত্রাহ তস্য চেতি। সৃষ্টস্য জগতো মর্য্যাদাবিরহিতত্বে শঙ্কিতে তদীয়াং ব্যবস্থাং কর্ত্তুমিচ্ছন্ ব্যবস্থাপকমালোচ্য ক্ষত্রস্যাপি ক্ষত্রত্বেন প্রসিদ্ধং ধর্ম্মং তথাবিধধর্ম্মমধিগম্য সৃষ্টবানিত্যর্থঃ। সৃষ্টস্য ধর্ম্মস্য সাধ্যত্বভাবতয়া সাধয়িতারমন্তরেণাসম্ভবাৎ তস্যৈব তদনুষ্ঠাতৃত্বানভ্যুপগমাৎ প্রাণিপ্রভেদানামধর্ম্ম-প্রায়াণাং তদযোগাৎ কৃতস্তদীয়া সৃষ্টিরিত্যাশঙ্ক্যাহ মরীচ্যাদীনিতি। তেষাং ভগবতা সৃষ্টানাং প্রজাসৃষ্টিহেতূনাং যাগদানাদিপ্রবৃত্তিসাধ্যং ধর্ম্মমনুষ্ঠাতুমধিকৃতানাং স্বকীয়ত্বেন তদুপাদানমুপ-পন্নমিত্যর্থঃ। চৈত্যবন্দনাদিভ্যো বিশেষার্থং ধর্ম্মং বিশিনষ্টি বেদোক্তমিতি। ননু নৈতাবতা জগদশেষমপিব্যবস্থাপয়িতুং শক্যতে প্রবৃত্তিমার্গস্য পূর্ব্বোক্তধর্ম্মং প্রতিনিয়তত্বেঽপি নিবৃত্তিমার্গস্য তেন ব্যবস্থাপনাযোগ্যত্বাৎ তত্রাহ ততোঽন্যাংশ্চেতি নিবৃত্তিরূপস্য ধর্ম্মস্য শমদমাভ্যাস্মনো গমকমাহ জ্ঞানেতি। বিবেকবৈরাগ্যাতিশয়ে শমাত্যতিশয়ো গম্যতে, ততো বিবেকাদি তস্য গমকমিত্যর্থঃ।

ধর্ম্মে বহুবিদাং বিবাদদর্শনাজ্জগতঃ স্থেয়ে কারণীভূতধর্ম্মান্তরমপি স্রষ্টব্যমস্তীত্যাশঙ্ক্যাহ দ্বিবিধো হীতি। অতিপ্রসঙ্গাপ্রসঙ্গব্যাবৃত্তয়ে, প্রকৃতং ধর্ম্মং লক্ষয়তি প্রাণিনামিতি। প্রবৃত্তিলক্ষণো ধর্ম্মোঽভ্যুদয়ার্থিনাং সাক্ষাদভ্যুদয়হেতুঃ নিঃশ্রেয়সার্থিনাং পরম্পরা নিঃশ্রেয়সহেতুঃ, নিবৃত্তিলক্ষণস্তু ধর্ম্মঃ সাক্ষাদেব নিঃশ্রেয়সহেতুরিতিঃ বিভাগঃ। জ্ঞানস্যৈব নিঃশ্রেয়সহেতুত্বেঽপি শমাদীনাং জ্ঞানদ্বারা মোক্ষহেতুত্বং জ্ঞানাতিরিক্তব্যবধানাভাবাচ্চ সাক্ষাদিত্যুক্তং। যদ্যেবং ধর্ম্মে লক্ষ্যতে তর্হি বর্ণিত্বমাশ্রমিত্বঞ্চানপেক্ষ্য সর্ব্বৈরেব পুরুষার্থার্থিভির্দ্বাবপি ধর্ম্মৌ যথাযোগ্যমনুষ্ঠেয়া বিত্যনুষ্ঠাতৃনিয়মাসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ ব্রাহ্মণাদ্যৈরেতি। অর্থিত্বাবিশেষেঽপি শ্রুতিস্মৃতিপর্য্যালোচন-য়ানুষ্ঠানাৎ নিয়মসিদ্ধিরিত্যর্থঃ। নিত্যনৈমিত্তিকেষু যাবজ্জীবমনুষ্ঠানং কাম্যেষু করণাংশে রাগাধীনা প্রবৃত্তিরিতিকর্ত্তব্যতাংশে বৈধীতিবিভাগেঽপি কদাচিদনুষ্ঠানমিতি বিভাগমভিপ্রেত্যাহ দীর্ঘে-ণেতি। অর্থ যথোক্তধর্ম্মবশাদেব জগতো বিবক্ষিতস্থিতিসিদ্ধের্ভগবতো নারায়ণস্যাদিকর্ত্তুরনেকা নর্থকলুষিতশরীরপরিগ্রহাসম্ভবাদন্যস্যৈব কস্যচিদনাপ্তস্য বৈষম্যনৈর্ঘৃণ্যবতো বিগ্রহপরিগ্রহদ্বারেণ গীতাশাস্ত্রপ্রণয়নমিতি কুতোঽস্যাপ্তপ্রণীতত্বং তত্রাহ অনুষ্ঠাতৄণামিতি। অথবা যথোক্তশঙ্কায়া দীর্ঘেণেত্যাদ্যুত্তরং মহতা কালেন কৃতত্রেতাত্রয়ে দ্বাপরাবসানে সাধকানাং কামক্রোধাদিপূর্ব্বকাদবিবেকাদধর্ম্মাহুল্যাদ্ধর্ম্মাভিভবাদধর্ম্মাভিবৃদ্ধেশ্চ জগতো মর্য্যাদাভেদে তদীয়ং মর্য্যাদামাত্মনির্ম্মিতাং পালয়িতুমিচ্ছন্ প্রকৃতো ভগবানেতদর্থেন চাতুর্ব্বর্ণ্যাদি সংরক্ষণার্থং লীলাময়ং মায়াশক্তি

প্রযুক্তং স্বেচ্ছাবিগ্রহং জগ্রাহেত্যর্থঃ। "ভৌমস্য ব্রহ্মণো গুপ্ত্যৈ বসুদেবাদজীজনৎ" ইতি স্মৃতিমনুসৃত্য পাদদ্বয়মিদং ব্যাচষ্টে ভৌমস্যেতি। অংশেনেতি স্বেচ্ছানির্ম্মিতেন মায়াময়েন স্বরূপেণত্যর্থ। কিন্ত্বংশেনেত্যর্থে পৌরাণিকা প্রসিদ্ধিরনুক্তেতে, ন হি ভগবতো জন্মেতি পদ্যে তু বক্ষ্যমাণবিরোধাদিতি ভাবঃ। নন্বু বৈদিকধর্ম্মরক্ষণার্থং ভগবতো জন্ম "যদা যদা হি ধর্ম্মস্য" ইত্যাদিদর্শনাৎ কিমিদং ব্রাহ্মণত্বস্য রক্ষণার্থ মতি তদাহ ব্রাহ্মণত্বস্য হীতি তথাপি বর্ণাশ্রমভেদব্যবস্থানং বিনা ধর্ম্মং যথোক্তধর্ম্মরক্ষণং ? ইত্যাশঙ্ক্যাহ তদধীনত্বাদিতি। ব্রাহ্মণং হি পুরোনায় ক্ষত্রাদিপ্রতিষ্ঠাং প্রতিপদ্যতে যাজনাধ্যাপনযোস্তৎকর্ম্মত্বাৎ তদ্দ্বারা চ বর্ণাশ্রমভেদব্যবস্থাপনাদতো ব্রাহ্মণ্যে রক্ষিতে সর্ব্বমপি সুরক্ষিতং ভবতীত্যর্থঃ।

নন্বেবমপি ভগবতো নারায়ণস্য শরীরাদিমত্ত্বে সত্যস্মদাদিভিরবিশেষাদিনীশ্বরত্বপ্রসক্তিরিত্যাশঙ্ক্যাহ জ্ঞানাদিকৃতং বিশেষমাহ স চেতি। জ্ঞানং সর্ব্বজ্ঞত্বং, ঐশ্বর্য্যং স্বাতন্ত্র্যম্, শক্তিস্তদর্থনির্ব্বর্ত্তনসামর্থ্যম্, বলং সহায়সম্পত্তিঃ, বীর্য্যং পরাক্রমবত্ত্বম্ তেজস্তু প্রাগল্ভ্যমধৃষ্যত্বম, এতে চ ষড়্গুণাঃ সর্ব্ববিষয়াঃ সর্ব্বদা ভগবতি বর্ত্তন্তে, তথা চ তস্য শরীরাদিমত্ত্বেঽপি নাস্মদাদিসাম্যমিত্যর্থঃ। অথৈবমপি কথমীশ্বরস্যানাদিনিধনস্য নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবস্য স্বভাববিপর্য্যয়ং জন্মাদি সম্ভবতি ? নহি ভূতানামীশিতা স্বতন্ত্রঃ স্বাত্মনোঽনর্থং স্বয়মেব সম্পাদয়িতুমর্হতি, ন চাস্য দেহাদিগ্রহে কিমপি ফলমুপলভ্যতে, তত্রাহ ত্রিগুণাত্মিকামিতি। সিসৃক্ষিতদেহাদিগতবৈরূপ্যসিদ্ধ্যর্থমিদং বিশেষণম্। তস্যা ব্যাপকত্বং বক্তুং বৈষ্ণবীমিত্যুক্তম্। ঈশ্বরপারবশ্যং তস্যা দর্শয়তি স্বামিতি। তস্যাশ্চ প্রতিভাসমাত্রশরীরত্বমেব, ন তু বস্তুত্বমিত্যাহ মায়ামিতি। তস্যা নানাবিধকার্য্যাকারেণ পরিণামিত্বং সূচয়তি মূলপ্রকৃতিমিতি। ঈশ্বরস্য প্রকৃত্যধীনত্বং বারয়তি বশীকৃত্যেতি। নিত্যত্বং কার্য্যাকারবিবর্জ্জিতত্বম্, শুদ্ধত্বমকারণত্বম্, বুদ্ধত্বমজড়ত্বম্, মুক্তত্বং অবিদ্যাকামকর্ম্মপারতন্ত্র্যরাহিত্যম। ন চ নিত্যত্বাদয়ঃ সংসারাবস্থায়ামসন্তো মোক্ষাবস্থায়াং সম্ভবন্তীতি যুক্তমিত্যাহ স্বভাব ইতি। দেহগ্রহে প্রাকৃতমায়য়া দর্শয়িতুং পুনঃ স্বমায়য়েত্যুক্তম্। "স বা অয়ং পুরুষো জায়মানঃ শরীরমভিসম্পদ্যমানং" ইতি শ্রুতিমাশ্রিত্যাহ দেহবানিতি। ইবকারাভ্যাং দেহাদেরবস্তুত্বেন কল্পিতত্বং দ্যোত্যতে ধর্ম্মদ্বয়োপদেশদ্বারা প্রাণিবর্গস্যাভ্যুদয়নিঃশ্রেয়সতৎপরত্বাপাদনং লোকানুগ্রহঃ, যদ্যপি কূটস্থঃ স্বতন্ত্রো নিত্যত্বাদিলক্ষণশ্চায়মীশ্বরঃ স্বতো দৃশ্যতে, তথাপি যথোক্তমায়াশক্ত্যা দেহাদি গৃহীত্বা প্রাণিনামনুগ্রহমাদধানো ন স্বভাববিপর্য্যয়ং পদ্যেতীত্যর্থঃ। নন্বু "প্রয়োজনমনুদ্দিশ্য ন মন্দোঽপি প্রবর্ত্ততে" ইতি ন্যায়াদীশ্বরস্যাপ্তকামতয়া কৃতকৃত্যস্য প্রয়োজনাভাবাদনুগ্রাহ্যানামদ্বৈতবাদে ব্যতিরিক্তানামসত্ত্বান্ন ধর্ম্মদ্বয়মুপদেষ্টুমুচিতমিতি তত্রাহ স্বপ্রয়োজনেতি। কল্পিতভেদভাঞ্জি ভূতান্যুপাদায় তদনুগ্রহেচ্ছয়া চৈত্যবন্দনাদিবিলক্ষণং ধর্ম্মদ্বয়মর্জ্জুনং নিমিত্তীকৃত্যাপ্তকামোঽপি ভগবানুপদিষ্টবানিত্যর্থঃ। অর্জ্জুনস্যোপদেশাপেক্ষাং স্ফোরয়িতুং দর্শয়িতুং বিশিনষ্টি শোকেতি। নন্বু ভূতানুগ্রহে কর্ত্তব্যে কিমিত্যর্জ্জুনায় ধর্ম্মদ্বয়ং ভগবতোপদিশ্যতে ? তত্রাহ গুণাধিকৈরিতি। প্রচয়ং গমিষ্যতীতি মত্বা ধর্ম্মদ্বয়

মর্জ্জুনায় উপদিদেশেতি সম্বন্ধঃ। অথ তথাপি সুগতোপদিষ্টধর্ম্মবদয়মপি ভগবদুপদিষ্টো ধর্ম্মো ন প্রামাণিকোপাদেয়তামুপগচ্ছেদিত্যাশঙ্ক্য বেদোক্তত্বান্মাস্ত তত্তুল্যত্বমিত্যভিপ্রেত্য শিষ্টপরিগৃহীতত্বাচ্চ মৈবমিত্যাহ তং ধর্ম্মমিতি। অধর্ম্মে ধর্ম্মবুদ্ধিবেদব্যাসস্য জাতেত্যাশঙ্ক্যাহ সর্ব্বজ্ঞ ইতি। "কৃষ্ণদ্বৈপায়নং বিদ্ধি ব্যাসং নারায়ণং প্রভুম্" ইতি স্মৃতেঃ সজ্জনোপকারকভগবদবতারত্বাচ্চ ব্যাসস্য নান্যথা বুদ্ধিরিত্যাহ ভগবানিতি।

গীতাশাস্ত্রস্যাপ্তপ্রণীতত্বমপাকৃত্য ব্যাখ্যেয়ত্বমুপপাদিতমুপসংহরতি তদিদমিতি। পৌরুষেয়স্য বচসো মূলপ্রমাণাভাবেনাপ্রামাণ্যমিতি মত্বা বিশিনষ্টি সমস্তেতি। শাস্ত্রাক্ষরৈরেব তদর্থপ্রতিপত্তিসম্ভবে কিমিতি ব্যাখ্যানমিত্যাশঙ্ক্যাহ দুর্ব্বিজ্ঞেয়ার্থমিতি। "পদচ্ছেদঃ পদার্থোক্তির্বিগ্রহো বাক্যযোজনা। আক্ষেপস্য সমাধানং ব্যাখ্যানং পঞ্চলক্ষণম্॥" ইত্যাদি ক্রমেণাস্য শাস্ত্রস্য পূর্ব্বাচার্য্যৈর্ব্যাখ্যাতত্বাৎ কিমর্থমিদমারভ্যতে গতার্থত্বাৎ তত্রাহ তদর্থে। গীতাশাস্ত্রার্থস্য প্রকটীকরণার্থং পদবিভাগস্তদর্থোক্তিঃ সমাসদ্বারা বাক্যার্থনির্দ্দেশস্তত্রাপেক্ষিতো ন্যায়স্তদপেক্ষসমাধানলক্ষণো বৃত্তিকারৈর্দর্শিতস্তথাপি তথাবিধমেব শাস্ত্রং শাস্ত্রপরিচয়শূন্যৈঃ সমুচ্চয়াসমুচ্চয়বাদিভির্বিরুদ্ধার্থত্বেন অনেকার্থত্বেন চ গৃহীতমালক্ষ্য তদ্বুদ্ধিমনুরোদ্ধুমিদমারব্ধব্যমিত্যর্থঃ। যেষাং প্রাচীনে ব্যাখ্যানে বুদ্ধিরপ্রবিষ্টা, তেষাং সম্প্রতিতনে এতস্মিন্নসৌ প্রবেক্ষ্যতীতি কুতো নিয়মস্তত্রাহ বিবেকত ইতি। পূর্ব্বব্যাখ্যানে তত্তদর্থনির্দ্ধারণার্থোপন্যাসঃ সংকীর্ণবস্তুতীতি ন তত্র কেষাঞ্চিন্মনীষা সমুন্মিষতি, প্রকৃতে তু সম্প্রকীর্ণতয়া তত্তৎপদার্থনির্ণয়োপযোগিন্যায়ো বিক্রিয়তে, তেনাত্র মন্দমত্যমেয়োরপি বুদ্ধিরবতরতীত্যর্থঃ। কিঞ্চানপেক্ষতাধিকগ্রন্থসদ্ভাবান্ন প্রাচীনে ব্যাখ্যানে শ্রোতৄণাং প্রবৃত্তিরত্র ত্বপেক্ষিতাল্পগ্রন্থে বিবরণে প্রায়শঃ সর্ব্বেষাং প্রবৃত্তিঃ স্যাদিতি মত্বাহ সংক্ষেপত ইতি।

নন্বনাপ্তপ্রণীতত্বাদ্যভাবেঽপি নেদং শাস্ত্রং ব্যাখ্যেয়ং বিষয়াদ্যনুবন্ধস্যানভিহিতত্বেন শাস্ত্রত্বাভাবাদিত্যাশঙ্ক্য সর্ব্বব্যাপারাণাং প্রয়োজনার্থত্বাদাদৌ প্রয়োজনমাহ তস্যেতি। প্রসাধিতপ্রামাণ্যস্য ব্যাখ্যেয়ত্বেন মনসি সন্নিহিতস্য গীতাশাস্ত্রস্য সংক্ষেপতঃ সংগ্রহঃ সম্পিণ্ডিতত্বমেকবাক্যত্বং তেনেদং পরমং ফলং যন্নিশ্চিতং শ্রেয়ো নিঃশ্রেয়সং কৈবল্যম্। অবান্তরফলন্তু তত্রাবান্তরবাক্যভেদেন মনোনিগ্রহাদি বিবক্ষ্যতে। নিঃশ্রেয়সঞ্চ দ্বিবিধং নিরতিশয়সুখাবির্ভাবো নিঃশেষানর্থোচ্ছিত্তিশ্চ, তত্রাদ্যমুদাহরতি পরমিতি। দ্বিতীয়ং দর্শয়তি সহেতুকস্যেতি। সংসারোপরমস্যাত্যন্তিকত্বং প্রতিযোগিনঃ সংসারস্য পুনরুৎপত্ত্যযোগ্যত্বং তচ্চ শাপমূর্চ্ছাদিব্যবচ্ছেদার্থং বিশেষণং তদেব সাধয়িতুং সহেতুকস্যেত্যুক্তম্। উক্তফলং সমুচ্চিতাদেকাকিনো বা কর্ম্মণঃ স্যাদিতি তস্যৈব শাস্ত্রপ্রতিপাদ্যতেত্যাশঙ্ক্যাভিধেয়মভিধিৎসন্নঃ সমাধত্তে তচ্চেতি। আত্মজ্ঞাননিষ্ঠাশেষত্বেন কর্ম্মনিষ্ঠাত্রোচ্যতে প্রাধান্যেন ত্বাত্মজ্ঞাননিষ্ঠৈবাত্র প্রতিপাদ্যতে ইত্যর্থঃ। ননু শেষিণী নিষ্ঠা কুতো ন ভবতি সন্ন্যাসাৎ কর্ম্মনিষ্ঠায়াঃ শেষত্বাৎ তত্রাহ সর্ব্বেতি। সন্ন্যাসদ্বারেণানুষ্ঠিতশ্রবণাদেঃ বৈদিকী নিষ্ঠা সিধ্যতি, শেষস্তু কর্ম্মাত্র পরম্পরায়েত্যর্থঃ। ননু "যজ্ঞো দানং তপঃ কর্ম

ন ত্যাজ্যং কার্য্যমেব তৎ" ইতি বাক্যশেষাৎ সমুচ্চিতমাত্মজ্ঞানমত্র প্রতিপাদ্যতে? নেত্যাহ তথেতি। সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকমাত্মজ্ঞাননিষ্ঠারূপং ধর্ম্মং নিঃশ্রেয়সাধনং প্রয়োজনং প্রাগুক্তং পরামৃশতি ইদমেবেতি। বক্তৃভেদাদভিপ্রায়ভেদাশঙ্কাং বারয়তি ভগবতৈবেতি। উক্তমনু গীতাস্বিতি সম্বন্ধঃ, ব্রহ্মণঃ পদং পূর্ব্বোক্তং নিশ্রেয়সং তস্য বেদনং লাভস্তত্র বিশিষ্টো জ্ঞাননিষ্ঠারূপো ধর্ম্মঃ সমর্থো ভবতীত্যর্থঃ। যজ্ঞদানাদিবাক্যস্য তু তদ্ব্যাখ্যানাবসরে তাৎপর্য্যং বক্ষ্যতে। কর্ম্মত্যাগস্য ভগবতোঽভিপ্রেতত্বে বাক্যান্তরমনুগীতাগতমেবোদাহরতি তত্রৈবেতি। ধর্ম্মাধর্ম্মাপূর্ব্বাসংসর্গিত্বে হেতুমাহ নৈবেতি। ক্রিয়াদ্বয়সম্বন্ধাভাবাৎ তন্নির্ব্বৃত্ত্যা পূর্ব্বাভ্যাসসম্বন্ধে প্রাপ্তমর্থমাহ যঃ স্যাদিতি। বাগাদিবাহ্যকরণব্যাপারবিরহিতত্বং তূষ্ণীমিত্যুচ্যতে কিঞ্চিদচিন্তয়ন্নিত্যন্তঃকরণব্যাপারাভাবোঽভিপ্রেতঃ দ্বিবিধকরণব্যাপাররহিতঃ সন্ প্রাগুক্তো যোঽধিকারী কেবলমেকস্মিন্নদ্বিতীয়ে ব্রহ্মণ্যাসনমবস্থানং তত্র লীনস্তস্মিন্নেব সমাপ্তিভাগী স্যাৎ, তস্যাসম্প্রজ্ঞাতসমাধিনিষ্ঠস্য সর্ব্বকর্ম্মত্যাগহেতুকং জ্ঞানং মুক্তিহেতুর্ভবতীত্যর্থঃ। ন কেবলমনুগীতাস্বেব যথোক্তং জ্ঞানমুক্তম্, কিন্তু প্রকৃতেঽপি শাস্ত্রে সমাপ্ত্যবসরে দর্শিতমিত্যাহ ইহাপীতি। নন্বত্র নিবৃত্তিলক্ষণধর্ম্মাত্মকং সসংন্যাসমাত্মজ্ঞানমেব ন প্রতিপাদ্যতে "কুরু কর্ম্মৈব তস্মাৎ ত্বম্" ইত্যাদৌ প্রবৃত্তিলক্ষণস্যাপি ধর্ম্মস্য বক্ষ্যমাণত্বাদ্ধর্ম্ময়োশ্চ প্রকৃতত্বাবিশেষাৎ তত্রাহ অভ্যুদয়ার্থোঽপীতি। ননু বর্ণিভিরাশ্রমিভিশ্চানুষ্ঠেয়ত্বেনান্যত্র বিহিতস্যাপি তস্য ন যুক্তং মোক্ষসাধনত্বাধিকারে বিধানম্, দেবাদিস্থানপ্রাপ্তিহেতুত্বেন মোক্ষং প্রতি প্রতিপক্ষত্বাৎ? সত্যম্, তথাপি ফলাভিলাষমন্তরেণেশ্বরার্পণধিয়া কৃতস্য বুদ্ধিশুদ্ধিহেতুত্বাৎ তস্যেহ বচনমিত্যাহ স চ দেবাদীতি। ফলাভিসন্ধিধাবা কৃতঃ সন্নিতি শেষঃ। প্রবৃত্তিলক্ষণধর্ম্মস্যোক্তরীত্যা চিত্তশুদ্ধিহেতুত্বেঽপি মোক্ষহেতুত্বেন কুতো মোক্ষাধিকারে নির্দ্দেশঃ স্যাৎ? ইত্যাশঙ্ক্যাহ শুদ্ধেতি। প্রতিপদ্যতে প্রাগুক্তো ধর্ম্ম ইতি শেষঃ। যদুক্তং "ফলাভিসন্ধিবর্জ্জিতমীশ্বরার্পণ বুদ্ধ্যানুষ্ঠিতং কর্ম্ম বুদ্ধিশুদ্ধয়ে ভবতি" ইতি। তত্র বাক্যশেষমনুকূলয়তি তথাচেতি।

শাস্ত্রস্য প্রয়োজনং সসাধনমুক্তমনূদ্য বিষয়ং দর্শয়তি ইমমিতি। দর্শিতেন ফলেন শাস্ত্রস্য নিষ্ঠাদ্বয়দ্বারা সাধ্যসাধনভাবঃ সম্বন্ধো বিষয়েণ বিষয়বিষয়িত্বমিতি বিবক্ষিত্বাহ বিশেষত ইতি। এবমনুবন্ধত্রয়বিশিষ্টং শাস্ত্রং ব্যাখ্যানার্হমিত্যুপসংহরতি বিশিষ্টেতি। সিদ্ধে ব্যাখ্যানযোগ্যত্বে ব্যাখ্যেয়ত্বে ফলিতমাহ যত ইতি। এবং গীতাশাস্ত্রস্য সাধ্যসাধনভূতনিষ্ঠাদ্বয়বিষয়স্য পরাপরাবিধেয়প্রয়োজনবতো ব্যাখ্যেয়ত্বং প্রতিপাদ্য ব্যাখ্যাতুকামঃ শাস্ত্রং তদেকদেশস্য প্রথমাধ্যায়স্য দ্বিতীয়াধ্যায়ৈকদেশসহিতস্য তাৎপর্য্যমাহ অত্র চেতি। গীতাশাস্ত্রে প্রথমাধ্যায়ে প্রথমশ্লোকে কথাসম্বন্ধপ্রদর্শনপরে স্থিতে সতীতি যাবৎ।

আনন্দগিরিকৃত টীকার তাৎপর্য্য।

হে বিঘ্নবিনাশন! আমার প্রতি কৃপা-পীযুষ-বর্ষিণী দৃষ্টি বিতরণ কর। কর্ম্ম ও জ্ঞাননিষ্ঠা (অর্থাৎ শ্রদ্ধা) রূপ অমৃত যাঁহার মুখ-পঙ্কজ হইতে উৎপন্ন হইয়াছে, সেই বাসুদেব হরিকে সর্ব্বদা প্রণাম করি। সর্ব্বব্যাপী হরি ও সর্ব্বশ্রেষ্ঠ গুরুদেবকে প্রণাম করিয়া শিষ্যগণের শিক্ষার নিমিত্ত, শ্রীমচ্ছঙ্করাচার্য্যের বিরচিত গীতা-ভাষ্যের "গীতাভাষ্য-বিবেচন" নামক ব্যাখ্যা করিতেছি।

ইহ সংসারে দুঃখ-নিবৃত্তি পূর্ব্বক সুখ প্রাপ্তির নিমিত্ত সকলেরই অভিলাষ, কিন্তু তদুপায়ের অপরিজ্ঞান বশতঃ, অনেকেই সফলকাম হইতেছে না দেখিয়া, পরম কারুণিক শ্রীকৃষ্ণ অর্জ্জুনের প্রতি এই গীতাশাস্ত্রে তাহার উপায়ভূত জ্ঞান ও কর্ম্মরূপ নিষ্ঠাদ্বয় উপদেশ করিয়াছেন। উপায় ও উপেয়ভূত কর্ম্ম ও জ্ঞাননিষ্ঠা প্রতিপাদন-বিষয়ক সেই গীতাশাস্ত্রের ভাষ্যকার ভগবান্ শঙ্করাচার্য্য বিঘ্নরূপ দুষ্টগ্রহের উপশমাদি প্রয়োজন সিদ্ধির নিমিত্ত প্রামাণিক ব্যবহারানুসারে, ইষ্টদেবতা-স্মরণরূপ মঙ্গলাচরণ পুরঃসর, সমগ্র গীতাশাস্ত্রের সহিত ইতিহাস পুরাণাদির এক-বাক্যতা প্রদর্শনার্থ, প্রথমতঃ পৌরাণিক একটি শ্লোক উদ্ধৃত করিতেছেন (১)।

পূর্ব্বে বলা হইয়াছে, এই গীতাশাস্ত্রে সাধ্য-(জ্ঞান) সাধন-(কর্ম্ম) রূপ নিষ্ঠা (শ্রদ্ধা) দ্বয় ভগবৎ-কর্ত্তৃক প্রতিপাদিত হইয়াছে; কিন্তু ইহা কিরূপে সম্ভবপর হইতে পারে? জগৎস্রজন-কারী ব্রহ্মার অভ্যর্থনায় (২), ভূভার-হরণের নিমিত্ত বসুদেবের ঔরসে দেবকীর গর্ভে আবির্ভূত ভগবান হরি কর্ত্তৃক কুন্তীদেবীর মধ্যমপুত্র প্রথিতমহিম অর্জ্জুনকে যুদ্ধে প্রেরণই এই শাস্ত্রের প্রতিপাদ্য বলিয়া বোধ হইতেছে; অতএব পরম প্রয়োজনের সহায়ভূত নিষ্ঠাদ্বয় প্রতি-পাদন করাইতে গীতাশাস্ত্র কিরূপে সমর্থ হইবে?

এই আশঙ্কা নিবারণার্থ বলিতেছেন, ব্রহ্মার নিকটে স্বীকৃত হইয়া ধর্ম্ম-সংস্থাপনের নিমিত্ত, ভগবান্ ভূমণ্ডলে অবতীর্ণ হইলেন। তিনি পরমাধিকারী শিষ্য অর্জ্জুনকে লক্ষ্য করিয়া এই গীতাশাস্ত্র পরিব্যক্ত করিলেন; এবং অর্জ্জুনের অন্তরে স্বধর্ম্মানুরাগ প্রবৃত্তির উত্তেজনা দ্বারা ভূভার-হরণ রূপ কার্য্যও সঙ্গে সঙ্গে সম্পন্ন করিলেন; অতএব উক্ত সাধ্যসাধন রূপ নিষ্ঠাদ্বয় এই শাস্ত্রের বিষয়, ইহাতে আর সন্দেহ নাই।

---

(১) 'ও নারায়ণঃ পরঃ' ইত্যাদি শ্লোকের অনুবাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্যের সূচনানুবাদে লিখিত আছে।

(২) পরাশর উবাচ। ইত্যেতৎ সংস্তুতিং শ্রুত্বা মনসা ভগবানজঃ। ব্রহ্মাণমাহ প্রীতাত্মা বিশ্বরূপধরো হরিঃ॥ বিষ্ণুপুরাণ ৫ অংশ ১ অধ্যায়। শ্রীভগবানুবাচ। ভো ভো ব্রহ্মন্! ত্বয়া মত্তঃ সহ দেবৈর্যদিষ্যতে। তদুচ্যতামশেষং বঃ সিদ্ধমেবাবধার্য্যতাম্॥ পরাশর কহিলেন, বিশ্বরূপধর অজ ভগবান হরি এরূপ স্তব শ্রবণে মনে মনে প্রীত হইয়া ব্রহ্মাকে কহিলেন। শ্রীভগবান্ কহিলেন ব্রহ্মন্! দেবগণ এবং তুমি আমার নিকটে যাহা প্রার্থনা করিতেছ তাহা সমুদয় বল, এবং তাহা যেন সিদ্ধ হইয়াছে, এইরূপ বিবেচনা কর (শঙ্কর ভাষ্য সূচনানুবাদের ১ম টিপ্পনী দেখ।)

যদি বলা যায়, ভগবান ভাষ্যকারের এই গীতাশাস্ত্রের ব্যাখ্যা করণে প্রবৃত্ত হওয়া উচিত হয় নাই; কারণ গীতাশাস্ত্র যে আপ্ত (৩) প্রণীত তদ্বিষয়ক কোন প্রমাণ দেখা যায় না। এই আশঙ্কাপরিহারার্থ ভাষ্যকার (শঙ্করাচার্য্য) গীতাশাস্ত্র-প্রণেতার আপ্তত্ব ও সর্ব্বজ্ঞত্ব 'স ভগবান্'ইত্যাদি বাক্য দ্বারা প্রতিপন্ন করিয়াছেন। যে সর্ব্বেশ্বর সর্ব্বজ্ঞ নারায়ণাখ্য দেবদেব সমস্ত প্রপঞ্চ সৃষ্টি করিয়া তাহাতে স্বয়ং অবস্থিতি করিতেছেন, সেই পরমপুরুষই এই গীতা-শাস্ত্রের প্রণেতা; তদনুগৃহীতেরাই যখন আপ্তরূপে পরিচিত, তখন তিনি যে পরমাপ্তত্ব-সিদ্ধ তাহাতে আর সন্দেহ কি? চতুর্ব্বর্ণময় হিরণ্যগর্ভাদি রূপ এই জগৎ ভগবৎকর্ত্তৃক সৃষ্ট হইয়াছে, কিন্তু তিনি স্বয়ং ইহার রক্ষা-ভার গ্রহণ করিলে বৈষম্যজনিত পক্ষপাতিত্বরূপ দোষে দূষিত হইয়া পড়েন, অথচ ব্যবস্থাপক অর্থাৎ রক্ষকাভাবে জগৎ থাকিতে পারে না দেখিয়া, এই বিচিত্র জগতের রক্ষার্থ অগ্রে মরীচি প্রভৃতিকে সৃষ্টি করিলেন এবং যজ্ঞদানাদিরূপ বেদোক্ত প্রবৃত্তি-লক্ষণধর্ম্মের অনুষ্ঠানে তাহাদিগকে নিয়োজিত করিলেন। যদি বল প্রবৃত্তিধর্ম্মপরায়ণ মরীচি প্রভৃতির দ্বারা যজ্ঞদানাদিরূপ প্রবৃত্তিধর্ম্মই রক্ষিত হইতে পারে, কিন্তু শম-দমাদি রূপ নিবৃত্তিধর্ম্ম কিরূপে রক্ষিত হইবে? এজন্য বলিতেছেন "ততোঽন্যাংশ্চেতি" অর্থাৎ বিষয়-ভোগাভিলাষ বিমুখ, বিবেক-প্রধান সনকসনন্দাদিকে সৃষ্টি করিয়া নিবৃত্তিধর্ম্মেরও সংস্থাপন করিলেন। এই উভয়বিধ ধর্ম্ম মুক্তির প্রয়োজক হইলেও, যজ্ঞদানাদি রূপ প্রবৃত্তি-লক্ষণ ধর্ম্ম ভোগাভিলাষী পুরুষের সাক্ষাৎ অভ্যুদয়ের কারণ, আর মুমুক্ষুদিগের পরম্পরা (৪) মুক্তিরও হেতু। জ্ঞান-বৈরাগ্য-সাধন নিবৃত্তি-লক্ষণ ধর্ম্ম সাক্ষাতেই মুক্তিপথের প্রয়োজক জানিবে। পুরুষার্থাভিলাষী প্রাণিবর্গই যথাযোগ্য উক্ত ধর্ম্মদ্বয় রক্ষা করিবে। তবে বর্ণ ও আশ্রম ভেদে অনুষ্ঠাতৃবিশেষের তাৎপর্য্য কি? অভিলাষ সমান হইলেও, শ্রুতি স্মৃতি পর্য্যালোচনা করিয়া, আশ্রমী ব্রাহ্মণাদিই অনুষ্ঠাতা নিরূপিত হন। যদি যথোক্ত ধর্ম্ম দ্বারা জগতের রক্ষা সাধিত হয়, তাহা হইলে আদিকর্ত্তা ভগবান নারায়ণ কি জন্য বহু অনর্থ-কলুষিত শরীর পরিগ্রহ করিলেন? সুদীর্ঘ কাল প্রবৃত্তি-লক্ষণ ধর্ম্মানুষ্ঠান জন্য বিষয়ভোগাভিলাষে আসক্ত মানবগণ উন্মার্গগামী হইয়াছে দেখিয়া, তাঁহাদের দমন এবং ব্রাহ্মণ ও ব্রাহ্মণত্ব রক্ষার নিমিত্ত ভগবান শরীর ধারণ করিলেন। (গীতা, ৪ অঃ। ৭ শ্লোক) কিন্তু সে ভগবদ্দেহ সাধারণ মানব-দেহের ন্যায় কদাপি কলুষিত নহে।

(৩) আপ্ত—ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা, করণাপাটব এই দোষ-চতুষ্টয় রহিত। ভ্রম, অর্থাৎ অবস্তুতে বস্তু জ্ঞান। প্রমাদ, অর্থাৎ অনবধানতা। বিপ্রলিপ্সা, অর্থাৎ বঞ্চনেচ্ছা। করণাপাটব (করণগণের অপটুতা), অর্থাৎ ইন্দ্রিয়গণের স্ব স্ব কার্য্যে অক্ষমতা। যিনি এই চতুর্ব্বিধ দোষশূন্য তিনিই আপ্তপদবাচ্য। ঋষিগণ উল্লিখিত দোষ চতুষ্টয়শূন্য বলিয়া তাঁহাদের বাক্য আপ্তবাক্যরূপে পরিগৃহীত হয়। যথা—

ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা করণাপাটব। আর্ষ বিজ্ঞ বাক্যে নাহি দোষ এই সব॥ শ্রীচৈতন্যচরিতামৃত।

(৪) পরম্পরা অর্থাৎ সাক্ষাৎ সম্বন্ধ নহে। যজ্ঞাদি দ্বারা চিত্তশুদ্ধি, চিত্তশুদ্ধি দ্বারা বৈরাগ্য, বৈরাগ্য দ্বারা জ্ঞানোৎপত্তি এবং তদ্বারা মুক্তি।

ভগবান্ নারায়ণ ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণকে রাজন্যাদিগণের পৌরহিত্য কার্য্যে নিযুক্ত করিলেন এবং ব্রাহ্মণগণও যজনাধ্যাপনাদি দ্বারা, তাঁহাদিগকে বর্ণাশ্রম ভেদে স্বধর্ম্মপরায়ণ করিলেন, সুতরাং ব্রাহ্মণ রক্ষিত হইলে সকল সুরক্ষিত হয়। শরীর ধারণ বিষয়ে অস্মদাদির সহিত তাঁহার বিশেষ কি? এই সন্দেহ নিরাসের নিমিত্ত বলিতেছেন, তিনি জ্ঞানৈশ্বর্য্যাদি ষড় গুণ বিশিষ্ট (৫) হইয়া, অনাসক্ত ভাবে ত্রিগুণাত্মিকা মায়া দ্বারা জগতের যাবতীয় কার্য্য সম্পাদন করিতেছেন; বিষয়াসক্ত ও মায়াপরতন্ত্র আমাদের সহিত তাঁহার কোন প্রকার সাম্য হইতে পারে না। সর্ব্ব সম্পন্ন কৃতকৃত্য ভগবান্ অকারণ এই দ্বিবিধ ধর্ম্মের আবিষ্কার করিলেন কেন? প্রয়োজনাভাবে মূর্খলোকও কদাপি কোন কার্য্যে হস্তক্ষেপ করে না। ইহার উত্তরস্বরূপে বলিতেছেন, কল্পিত জীবগণের প্রতি দয়াই একমাত্র উদ্দেশ্য করিয়া স্বপ্রয়োজনাভাবেও অর্জ্জুনকে লক্ষ্য করতঃ এই ধর্ম্মদ্বয় প্রকাশ করিলেন। যদি বল, অর্জ্জুনকে উপদেশ প্রদান করিলে জগতের কি উপকার হইবে? এই আশঙ্কা নিরাসের নিমিত্ত বলিতেছেন, বহুদর্শী মহদ্গণ যাহা আচরণ করেন, অজ্ঞ ও সন্দিহান ব্যক্তিগণ তাহারই অনুকরণ করিয়া থাকে। অতএব অর্জ্জুনের ন্যায় সর্ব্বগুণসম্পন্ন কীর্ত্তিমান ব্যক্তি কর্ত্তৃক আদৃত হইলে ধর্ম্মদ্বয় জন-সমাজে বিশেষরূপ প্রচারিত হইবে।

প্রাচীন আচার্য্যগণ গীতাশাস্ত্রের পরিচ্ছেদ, পদার্থোক্তি, বিগ্রহ, বাক্য যোজনা, পূর্ব্বপক্ষের সমাধান এই পঞ্চবিধ ব্যাখ্যা করিয়া গিয়াছেন। তবে ভগবান্ ভাষ্যকার পুনর্ব্বার কেন তাহাতে প্রবৃত্ত হইলেন? প্রাচীন আচার্য্যগণের সঙ্কীর্ণ ব্যাখ্যায় অল্প বুদ্ধি মানবদিগের বুদ্ধি প্রবিষ্ট হয় না দেখিয়া, অনায়াসে পদার্থাবগতির নিমিত্ত, তিনি এই ভাষ্যরচনা করিলেন। এই ভাষ্যালোচনা দ্বারা উত্তম মধ্যম অধম ত্রিবিধ লোকেরই গীতাশাস্ত্রে বুদ্ধি পরিস্ফুরিত হইবে। এই গীতা-শাস্ত্রের বিষয়ীভূত সাধ্যসাধনরূপ নিষ্ঠাদ্বয়ের পরাপর অর্থাৎ মুক্তি ও বিষয়ভোগরূপ পরম প্রয়োজন প্রতিপাদনাভিপ্রায়ে, দ্বিতীয় অধ্যায়ের একদেশের সহিত প্রথম অধ্যায়ের তাৎপর্য্য কহিতেছেন।

রামানুজ ভাষ্য।

শ্রীমতে রামানুজায় নমঃ। যৎপাদাম্ভোরুহধ্যান-বিধ্বস্তাশেষকল্মষঃ। বস্তুতামুপযাতোঽহং যামুনেয়ং নমামি তম্॥ ১॥ শ্রিয়ঃ পতির্নিখিলহেয়প্রত্যনীককল্যাণৈকতানঃ স্বেতরসমস্ত বস্তুবিলক্ষণানন্তজ্ঞানানন্দৈকস্বরূপঃ। স্বাভাবিকানবধিকাতিশয়জ্ঞান-বলৈশ্বর্য্য-বীর্য্য-শক্তি-তেজঃ সৌশীল্যপ্রভৃত্যসংখ্যেয়কল্যাণগুণগণমহোদধিঃ। স্বাভিমতানুরূপৈকরূপাচিন্ত্য-দিব্যা

(৫) ষড় গুণ যথা;—জ্ঞান, ঐশ্বর্য্য, শক্তি, বল, বীর্য্য, তেজঃ। জ্ঞান, জ্ঞপ্তি অর্থাৎ বিষয় পরিচ্ছেদ, ঐশ্বর্য্য ঈশ্বরত্ব, অর্থাৎ প্রধানত্ব; শক্তি, বিষয় নিবর্ত্তন-সামর্থ; বল, সহায় সম্পত্তি, বীর্য্য, পরাক্রমবত্ব, তেজ অপরলভ্য ও ধৃষ্টবৃত্তি।

ভুত-নিত্য-নিরবদ্য-নিরতিশয়ৌজ্জ্বল্য-সৌন্দর্য্য-সৌগন্ধ্য-সৌকুমার্য্য-লাবণ্য-যৌবনাদ্যনন্ত গুণনিধি-দিব্যরূপঃ। স্বোচিত-বিবিধ-বিচিত্রানন্তাশ্চর্য্য-নিত্য-নিরবদ্যাপরিমিত-দিব্যভূষণঃ স্বানুরূপাসংখ্যেয়াচিন্ত্যশক্তি-নিত্য-নিরবদ্য-নিরতিশয়-কল্যাণ-দিব্যায়ুধঃ। স্বাভিমত-নিত্য-নিরবদ্যানুরূপ-স্বরূপ-রূপ গুণ-বিভবৈশ্বর্য্য-শীলাদ্যনবধিকাতিশয়াসংখ্যেয়-কল্যাণগুণগণ-শ্রীবল্লভঃ। স্বসঙ্কল্পানুবিধস্বরূপ-স্থিতি-প্রবৃত্তিভেদাশেষ-শেষতৈকরতিরূপ-নিত্য-নিরবদ্য-নিরতিশয়জ্ঞান-ক্রিয়ৈশ্বর্য্যাদ্যনন্তগুণ গণাপরিমিত-শেষশেষাশন-গরুড়প্রমুখনানাবিধানন্তপরিজন-পরিচারিকাপরিচরিতচরণযুগলঃ। পরম-যোগিবাঙ্মনসাপরিচ্ছেদ্যস্বরূপস্বভাবঃ। স্বোচিতবিবিধবিচিত্রানন্তভোগ্য-ভোগোপকরণ-ভোগস্থান-সমৃদ্ধানন্তাশ্চর্য্য-মহাবিভবানন্তপরিমাণ-নিত্যনিরবদ্যাক্ষয়-পরমব্যোমনিলয়ঃ। বিবিধ-বিচিত্রানন্ত-ভোগ্য-ভোক্তৃবর্গপূর্ণ-নিখিলজগদুদয়-বিভব-লয়লীলঃ। পরব্রহ্মপুরুষোত্তমো নারায়ণো ব্রহ্মাদিঃ স্থাবরান্তমখিলং জগৎ সৃষ্ট্বা স্বেনরূপেণাবস্থিতো ব্রহ্মাদিদেবমনুষ্যাণাং ধ্যানারাধনাদ্যগোচরোঽপারকারুণ্য-সৌশীল্য-বাৎসল্যৌদার্য্য-মহোদধিঃ। স্বমেব রূপং তত্তজ্জাতীয়সংস্থানং স্বস্বভাবমজহদেব কুর্ব্বংস্তেষু তেষু লোকেষবতীর্য্য তৈস্তৈরারাধিতস্তত্তদভীষ্টানুরূপধর্ম্মার্থকামমোক্ষাখ্যং ফলং প্রযচ্ছন্ ভূভারাপহরণাপদেশেনাস্মদাদীনামপি সমাশ্রয়ণীয়ত্বয়াবতীর্য্যোর্ব্বাং বংশিকল-মনুজনয়ন-চারি-দিব্যচেষ্টিতানি কুর্ব্বন্ পূতনা-শকট-যমলার্জ্জুনারিষ্ট-প্রলম্ব-ধেনুকাসুর-কালীয়-কেশি-কুবলয়াপীড়-চাণূর-মুষ্টিক-কংসাদীন্ নিহত্যানবধিকদয়াদিসৌহার্দ্দানুরাগগর্ভাবলোকনালাপামৃতৈর্ব্বিশ্বমাপ্যায়য়ন নিরতিশয়সৌন্দর্য্যসৌশীল্যাদিগুণগণাবিষ্কারেণাক্রূর-মালাকারাদীন্ পরমভাগবতান্ কৃত্বা পাণ্ডুতনয়যুদ্ধপ্রোৎসাহনব্যাজেন পরমপুরুষার্থলক্ষণং মোক্ষসাধনতয়া বেদান্তোদিতং স্ববিষয়-জ্ঞানকর্ম্মানুগৃহীতং ভক্তিযোগমবতারয়ামাস। তত্র পাণ্ডবানাং কুরূণাঞ্চ যুদ্ধে প্রারব্ধে স ভগবান্ পুরুষোত্তমঃ সর্ব্বেশ্বরো জগদুপকৃতিমর্ত্ত্যাশ্রিতবাৎসল্যবিবশঃ পার্থং রথিনমাত্মানঞ্চ সারথিং সর্ব্বলোকসাক্ষিকং চকার। এবমর্জ্জুনস্যোৎকর্ষং জ্ঞাত্বাপি সর্ব্বাত্মনান্ধো ধৃতরাষ্ট্রঃ সুযোধনবিজয়-বুভুৎসয়া সঞ্জয়ং পপ্রচ্ছ।

রামানুজ-ভাষ্যের তাৎপর্য্য।

যাঁহার পাদপদ্ম ধ্যানে অশেষ পাপশূন্য হইয়া, বস্তু (১) স্বরূপকে প্রাপ্ত হইয়াছি, সেই পার্ব্বতী পুত্র গণপতিকে (যমুনাচার্য্যের পুত্রকে) প্রণাম করি॥

যিনি অশেষ কল্যাণের আশ্রয় ও প্রাকৃত বস্তু সকলের ভেদকারী, অসাম জ্ঞান ও আনন্দৈক-স্বরূপ; স্বভাবতঃ অতিশয় জ্ঞান, বল, ঐশ্বর্য্য, বীর্য্য, শক্তি, তেজঃ, সুশীলতা প্রভৃতি অশেষ গুণগণ মহোদধি, স্বাভিমত, অচিন্ত্য, দিব্য, অদ্ভুত, নিত্য, নিরবদ্য। নিরতিশয় সৌজন্য সৌন্দর্য্য, সৌগন্ধ্য, সৌকুমার্য্য, লাবণ্য, যৌবনাদি অনন্ত গুণনিধি স্বরূপ, স্বানুরূপ বিবিধ, বিচিত্র

(১) বস্তু সচ্চিদানন্দাদ্বয়ং ব্রহ্ম। ইতি বেদান্তসারঃ। অর্থাৎ সৎ চিৎ আনন্দ অদ্বয় ব্রহ্ম।

আশ্চর্য্য; অপরিমিত, দিব্য ভূষণে ভূষিত; স্বযোগ্য, অসংখ্য, অচিন্ত্যশক্তি, নিত্য, নিরবদ্য; নিরতিশয় মঙ্গলময় দিব্যায়ুধধারী; স্বাভিমত রূপ-গুণ বিভব ঐশ্বর্য্য সুশীলতাদি অসংখ্য গুণরাশি দ্বারা কমলার প্রিয়; অনন্ত-গুণ-বিভূষিত, অনন্তাশন গরুড় প্রভৃতি অনন্ত পরিজন ও পরিচারিকাগণ পরিসেবিত চরণ-যুগল; পরম যোগিগণেরও বাক্য মনের অবিষয়। স্বানুরূপ বিবিধ বিচিত্র অনন্ত ভোগ্য, ভোগোপকরণ, ভোগস্থান মহাবিভব, অনন্ত পরিমাণ নিত্য পরমাকাশ নিলয়; বিচিত্র অনন্ত ভোগ্য, ভোক্তৃবর্গ পরিপূর্ণ, নিখিল জগদুৎপত্তি-স্থিতিলয়কারী, এরূপ পরব্রহ্ম পুরুষোত্তম কমলাপতি নারায়ণ ব্রহ্মাদি স্থাবরান্ত অখিল জগৎ সৃষ্টি করিয়া তন্মধ্যে স্বীয়রূপে অবস্থিতি করিতেছেন। ব্রহ্মাদি দেবগণ ও মনুষ্যগণের আরাধনায়, অপার কারুণ্য, সুশীলতা, বাৎসল্য ও ঔদার্য্যাদি গুণ সাগর ভগবান্ যে যে লোকে তত্তজ্জাতীয় শরীর ও স্বভাবের সহিত জন্ম গ্রহণ করেন, সেই সেই লোকের অভীষ্টানুরূপ ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষরূপ চতুর্বর্গ ফল প্রদান করিয়া তাহাদের পরিত্রাণের নিমিত্ত, ভূভার হরণের ছলে অবতীর্ণ হইয়া, মানবগণের নয়নের প্রীতিকারক লোকাতীত ক্রিয়া দ্বারা পূতনা (২), শকট, যমলার্জ্জুন, অরিষ্ট,

(২) পূতনাবধ।—তস্মিন্ স্তনং দুর্জ্জরবীর্য্যমুল্বণং ঘোরাঙ্কমাদায় শিশোর্দদাবথ। গাঢ়ং করাভ্যাং ভগবান্ প্রপীড্য তৎপ্রাণৈঃ সমং রোষসমন্বিতোঽপিবৎ॥ নিশাচরীত্থং ব্যথিতস্তনা ব্যসুর্ব্যাদায় কেশাংশ্চরণৌ ভুজাবপি। প্রসার্য্য গোষ্ঠে নিজরূপমাস্থিতা বজ্রাহতো বৃত্র ইবাপতন্নৃপ॥ শ্রীমদ্ভাগবত॥ ১০।৬॥ বালঘাতিনী পূতনা ছদ্মবেশে নন্দপুরে প্রবেশ করিয়া নবকুমার যশোদানন্দনকে ক্রোড়ে আনয়ন পূর্ব্বক অতি তীব্রবীর্য্য বিষ-পূর্ণ নিজের স্তনদ্বয় প্রদান করিল। অনন্তর অতি রোষান্বিত ভগবান দুই করদ্বারা স্তনকে অতিশয় পীড়ন করিয়া, সেই ছদ্মবেশা রাক্ষসীর প্রাণের সহিত তাহা পান করিলেন। শুকদেব বলিলেন 'হে নৃপ! ভগবান কর্ত্তৃক এইরূপে ব্যথিতস্তনা নিশাচরী প্রাণশূন্যা হইয়া মুখব্যাদান পূর্ব্বক কেশ, চরণ ও ভুজদ্বয় প্রসারণ করিয়া, নিজরূপ গ্রহণ পুরঃসর, বজ্রাহত বৃত্রাসুরের ন্যায়, গোষ্ঠমধ্যে পতিত হইল।'

শকটভঞ্জন। অধঃশয়ানস্য শিশোরনোঽল্পক-প্রবালমৃদ্বঙ্ঘ্রিহতং ব্যবর্ত্তত। বিধ্বস্তনানারসকুপ্যভাজনং ব্যত্যস্তচক্রাক্ষবিভিন্নকূবরম্॥ শ্রীমদ্ভাগবত॥ ১০।৭॥ শকটাধোভাগে সুপ্ত শিশুর প্রবাল তুল্য মৃদুক্ষুদ্র চরণ দ্বারা আহত হইয়া শকট বিপরীত ভাবে ভূমিতে পতিত হইল। তাহাতে তত্রত্য কাংস্যাদি নির্ম্মিত পাত্রসকল চূর্ণ হইয়া গেল এবং শকটের চক্র ও অক্ষ অর্থাৎ চক্র মধ্যগত আল, কূবর অর্থাৎ যুগন্ধর (বম) ব্যত্যস্ত অর্থাৎ বিপরীত রূপে নিপতিত হইল।

যমলার্জ্জুন ভঞ্জন। ইত্যন্তরেণার্জ্জুনয়োঃ কৃষ্ণস্তু যময়োর্যযৌ। আত্মনির্ব্বেশমাত্রেণ তির্য্যগ্‌গতমুলূখলম্॥ বালেন নিষ্কর্ষয়তান্বগুলূখলং তৎ দামোদরেণ তরসোৎকলিতাঙ্ঘ্রিবন্ধৌ। নিষ্পেততুঃ পরমবিক্রমিতাতিবেপ-স্কন্ধপ্রবালবিটপৌ কৃতচণ্ডশব্দৌ॥ শ্রীমদ্ভাগবত॥ ১০।১০॥ শুকদেব বলিতেছেন, মহারাজ! লোকপাল কুবেরের পুত্র নলকূবর ও মণিগ্রীব, বারুণী নামিকা মদিরা পান করিয়া, বসন পরিত্যাগ পূর্ব্বক কামিনীগণের সহিত মন্দাকিনী স্রোতে বিহার করিতে প্রবৃত্ত হইয়াছিল। এমন সময় দেবর্ষি নারদ ভ্রমণ করিতে করিতে, তথায় উপস্থিত হইলেন। তাঁহাকে দেখিয়া, লজ্জিতা রমণী সকল, শাপভয়ে সত্বর বস্ত্র গ্রহণ করিলেন; কিন্তু মদিরামত্ত লোকপালাত্মজ গুহ্যকদ্বয় বস্ত্রগ্রহণ করিলেন না। তখন দেবর্ষি নারদ তাহা

দিগকে বলিলেন, হে মদমত্ত লোকপাল-পুত্রদ্বয়। তোমরা মদে মত্ত হইয়া বসন বিহীন আপনাকেও জানিতে পারিতেছ না; অতএব পৃথিবীতে স্থাবরতা প্রাপ্ত হও। আমার প্রসাদে এই বৃত্তান্ত তোমাদের স্মরণ থাকিবে, এবং দেবপরিমিত শত বৎসরান্তে, ভগবান্ বাসুদেবের সান্নিধ্য লাভ করিয়া, তৎকৃপায় পুনর্ব্বার স্বর্গধাম প্রাপ্ত হইয়া ভগবদ্ভক্ত হইবে। তৎপরে উক্ত গুহ্যকদ্বয়, বৃন্দাবনে যমলার্জ্জুননামে বৃক্ষ হইয়া জন্ম গ্রহণ করিল। একদিন যশোদা অতি দুর্ব্বিনীত নিজ বালকের দৌরাত্ম্য সহ্য করিতে না পারিয়া, কটিদেশে রজ্জু প্রদান পূর্ব্বক, তাঁহাকে উদূখলে বন্ধন করিয়া কার্য্যান্তরে গমন করিলেন। তখন পরম দয়ালু ভগবান্ হরি, প্রিয়ভক্ত দেবর্ষি নারদের বাক্য সত্য করিবার নিমিত্ত, সম্মুখবর্ত্তী যমলার্জ্জুন বৃক্ষদ্বয়ের মধ্যদেশে প্রবেশ করিলেন। ভগবান্ বৃক্ষদ্বয়ের মধ্যভাগে প্রবেশ করিবামাত্রই উদূখল তির্য্যগ্ভাবে ভূমিতে পতিত হইল। বালক দামোদর কর্ত্তৃক বলপূর্ব্বক উদূখল আকর্ষিত হইবামাত্র, প্রচণ্ড শব্দ করিয়া শাখা পল্লবাদি প্রকম্পন ও মূল উৎপাটন পূর্ব্বক, যমলার্জ্জুনদ্বয় ভূমিতে পতিত হইল।

অরিষ্টবধ।—অথ তর্হ্যাগতো গোষ্ঠমরিষ্টো বৃষভাসুরঃ। মহীং মহাককুৎকায়ঃ কম্পয়ন্ খুরবিক্ষতাম্॥ গোপালৈঃ পশুভির্মন্দ! ত্রাসিতৈঃ কিমসত্তম। বলদর্পহাহং দুষ্টানাং ত্বদ্বিধানাং দুরাত্মনাম্॥ সোঽপ্যেবং কোপিতোঽরিষ্টঃ খুরেণাবনিমুল্লিখন্। উদ্যৎপুচ্ছভ্রমন্মেঘঃ ক্রুদ্ধঃ কৃষ্ণমুপাদ্রবৎ॥ তমাপতন্তং স নিগৃহ্য শৃঙ্গয়োঃ পদা সমাক্রম্য নিপাত্য ভূতলে। নিষ্পীড়য়ামাস যথার্দ্রমম্বরং কৃত্বা বিষাণেন জঘান সোঽপতৎ॥ শ্রীমদ্ভাগবত॥ ১০। ৩৬॥ অনন্তর বৃষভাকৃতি মহাককুৎকায় অরিষ্টাসুর, খুরবিদীর্ণ পৃথিবীকে কম্পন করিতে করিতে, গোষ্ঠে সমাগত হইল। তখন গোপগণ ও পশুসকল ভয়ে ভীত হইয়া, ভগবান্ শ্রীকৃষ্ণের শরণাগত হইল। পরে ভগবান্ তাহাদিগকে আশ্বাস প্রদান করিয়া অসুরকে কহিলেন, অরে দুষ্ট মন্দমতি অরিষ্টাসুর! তোমার ন্যায় দুষ্ট দুরাত্মগণের বলদর্পহারী আমি বর্ত্তমান থাকিতে, কেন গোপবালক ও পশুদিগকে ত্রাসিত করিতেছ? শ্রীকৃষ্ণ বাক্যে কোপিত সেই অরিষ্টাসুর, খুরক্ষেপে পৃথিবীকে বিদীর্ণ করতঃ উর্দ্ধক্ষিপ্ত পুচ্ছ দ্বারা মেঘরাশি সঞ্চালিত করিয়া, ক্রোধ সহকারে ভগবান্ শ্রীকৃষ্ণাভিমুখে ধাবিত হইল। ভগবান্ শ্রীকৃষ্ণ সম্মুখাগত অসুরের শৃঙ্গদ্বয় গ্রহণ করিয়া, পদদ্বারা আক্রমণ পূর্ব্বক তাহাকে ভূতলে নিপাতিত করিলেন এবং আর্দ্র বস্ত্রের ন্যায় তাহাকে নিপীড়িত করিয়া শৃঙ্গ উৎপাটন পূর্ব্বক বধ করিলেন। পরে সেই অসুর স্বয়ং ভূতলে নিপতিত হইল।

প্রলম্ববধ।—পশূংশ্চারয়তো গোপৈস্তদ্বনে রামকৃষ্ণয়োঃ। গোপরূপী প্রলম্বোঽগাদসুরস্তজ্জিহীর্ষয়া॥ তং বিদ্বানপি দাশার্হো ভগবান্ সর্ব্বদর্শনঃ। অন্বমোদত তৎসখ্যং বধং তস্য বিচিন্তয়ন্॥ তত্রোপাহূয় গোপালান্ কৃষ্ণঃ প্রাহ বিহারবিৎ। হে গোপা বিহরিষ্যামো দ্বন্দ্বীভূয় যথাযথম্॥ যত্রারোহন্তি জেতারো বহন্তি চ পরাজিতাঃ॥ অথাগতস্মৃতিরভয়ো রিপুং বলো বিহায় সার্থমিব হরন্তমাত্মনঃ। রুষাহনচ্ছিরসি দৃঢ়েন মুষ্টিনা সুরাধিপো গিরিমিব বজ্ররংহসা॥ স আহতঃ সপদি বিশীর্ণমস্তকো মুখাদ্বমন্ রুধিরমপস্মৃতোঽসুরঃ। মহারবং ব্যসুরপতৎ সমীরয়ন্ গিরির্যথা মঘবত আয়ুধাহতঃ। শ্রীমদ্ভাগবত॥ ১০। ১৮॥ রাম-কৃষ্ণ গোপবালকের সহিত বন মধ্যে গোচারণ করিতেছেন, এরূপ সময়, তাঁহাদের হরণ মানসে গোপরূপী প্রলম্ব তথায় আগমন করিল। সর্ব্বদর্শী যদুনন্দন ভগবান্ শ্রীকৃষ্ণ, ছদ্মবেশে অসুর আসিয়াছে বুঝিতে পারিয়া ও তদ্বধোপায়চিন্তা করতঃ, অসুরের সহিত অজ্ঞ বালকের ন্যায় সখিত্বাচরণ করিতে লাগিলেন এবং গোপবালকদিগকে আহ্বান করিয়া বলিতে লাগিলেন, হে গোপবালকগণ! তোমরা একত্রিত হও, অদ্য আমরা সকলে দুই দুই জন করিয়া মল্লক্রীড়া করিব; যিনি যাঁহার নিকট পরাজিত হইবেন, তিনি তাঁহাকে স্কন্ধে করিয়া বহন করিবেন। এরূপ পণ

অসীম দয়া সৌহার্দ্দ অনুরাগ পূর্ণ অবলোকন ও আলাপরূপ অমৃত দ্বারা নিখিল

করিয়া সকলে খেলা করিতে প্রবৃত্ত হইলেন। তখন দুষ্টমতি প্রলম্ব বলরামকে স্কন্ধে করিয়া এবং পর্ব্বতপ্রায় শরীর ধারণ পূর্ব্বক তথা হইতে অন্তর্হিত হইল। অনন্তর বলরাম, গোপসমূহের নিকট হইতে আপনাকে অপহরণ করিয়াছে জানিতে পারিয়া, তাহাকে অসুর বলিয়া মনে করিলেন, এবং যেরূপ সুরপতি উচ্চ গিরি-শিখরে বজ্র প্রহার করিয়াছিলেন, তদ্রূপ বলরামও দুষ্ট অসুরের মস্তকোপরি মুষ্টি প্রহার করিতে লাগিলেন। মুষ্ট্যাঘাতে বিদীর্ণমস্তক সেই অসুর, মুখ দ্বারা রুধির বমন করিতে করিতে, ইন্দ্রের বজ্রাহত গিরির ন্যায়, ভয়ঙ্কর শব্দ করিয়া প্রাণ পরিত্যাগ পূর্ব্বক অচৈতন্যভাবে ভূমিতে পতিত হইল।

ধেনুক বধ।—বলঃ প্রবিশ্য বাহুভ্যাং তালান্ সম্পরিকম্পয়ন। ফলানি পাতয়ামাস মতঙ্গজ ইবৌজসা॥ ফলানাং পততাং শব্দং নিশম্যাসুররাসভঃ। অভ্যধাবৎ ক্ষিতিতলং সনগং পরিকম্পয়ন॥ চরণাবপরৌ রাজন্ বলায় প্রাক্ষিপদ্রুষা। স তং গৃহীত্বা পদয়োর্ভ্রাময়িত্বৈকপাণিনা। চিক্ষেপ তৃণরাজাগ্রে ভ্রামণত্যক্তজীবিতম্॥ শ্রীমদ্ভাগবত॥ ১০। ১৫॥ শ্রীদাম প্রভৃতি সখাগণের অনুরোধে, বলরাম তালবনে প্রবেশ করিয়া, মদমত্ত হস্তির ন্যায় বলপূর্ব্বক, তালবৃক্ষদিগকে কম্পিত করিলেন। পতিত ফলের শব্দ শ্রবণ করিয়া গর্দ্দভাকৃতি ধেনুকাসুর, পর্ব্বতের সহিত ক্ষিতিতল কম্পিত করিতে করিতে, শব্দাভিমুখে ধাবিত হইল। শুকদেব বলিতেছেন, মহারাজ! দুর্দ্দান্ত গর্দ্দভাসুর নিমেষ মধ্যে তথায় উপস্থিত হইয়া রোষপূর্ব্বক পশ্চাৎ চরণদ্বয় বলরামের উদ্দেশে নিক্ষেপ করিল। বলরাম এক হস্ত দ্বারা তাহার পদদ্বয় গ্রহণ করিয়া তাহাকে বৃক্ষরাজের উপরি নিক্ষেপ করিলেন। তখন ভ্রামণ দ্বারা দুষ্ট ধেনুক জীবন পরিত্যাগ করিল।

কালিয়দমন।—এবং পরিভ্রমহতৌজসমুন্নতাংসমানম্য তৎপৃথুশিরঃস্বধিরূঢ় আদ্যঃ। তন্মূর্দ্ধরত্ননিকরস্পর্শাতিতাম্রপাদাম্বুজোঽখিলকলাদিগুরুর্ননর্ত্ত॥ যদ্যচ্ছিরো ন নমতেঽঙ্গ শতৈকশীর্ষ্ণস্তত্তন্মমর্দ্দ খরদণ্ডধরোঽঙ্ঘ্রিপাতৈঃ। ক্ষীণায়ুষো ভ্রমত উল্বণমাস্যতোঽসৃঙ্ নস্তো বমন পরমকশ্মলমাপ নাগঃ॥ ইত্যাকর্ণ্য বচঃ প্রাহ ভগবান্ কার্য্যমানুষঃ। নাত্র স্থেয়ং ত্বয়া সর্প সমুদ্রং যাহি মাচিরম্॥ দ্বীপম্ রমণকং হিত্বা হ্রদমেতমুপাশ্রিতঃ। যত্তুরাং স সুপর্ণস্ত্বাং খাদ্যান্মৎপাদলাঞ্ছিতম্॥ শ্রীমদ্ভাগবত॥ ১০। ১৬॥ যমুনা মধ্যবর্ত্তী বিষযুক্ত জলপূর্ণ কোন হ্রদে গরুড়-ভয়ে কালিয় নামা সর্প, সপরিবারে বহুদিনাবধি বাস করিয়া আসিতেছিল। ঐ হ্রদের তীরস্থ স্থাবরজঙ্গম প্রাণিগণ, সমীরণ সমানীত বিষাক্ত জলকণা স্পর্শে, ক্রমশঃ যমসদনে গমন করিতে লাগিল। এক দিবস খলনিগ্রহকারী ভগবান শ্রীকৃষ্ণ গোপবালকদিগের সঙ্গে গোচারণচ্ছলে তথায় উপস্থিত হইয়া প্রাণি-শূন্য সেই স্থান দর্শন করিলেন এবং দূর হইতে লম্ফ দিয়া সেই বিষ হ্রদে নিপতিত হইলেন। তৎপরে সেই দুরন্ত কালিয়নাগ, শতফণা উত্তোলনপূর্ব্বক ক্রদ্ধ বেগে তথায় উপস্থিত হইয়া, শ্রীকৃষ্ণের মর্ম্ম দেশ দংশন করিতে লাগিল। ভগবান তাহা গ্রাহ্য না করিয়া অতিতীব্র বিষধরের চতুষ্পার্শ্বে ভ্রমণ করিতে লাগিলেন এবং সেই কালিয় নাগও তাঁহার সঙ্গে সঙ্গে ভ্রমণ করিতে লাগিল। এরূপ ভ্রমণ করিতে করিতে বলবীর্য্য হত হইয়া ক্রমে তাহার মস্তক সকল অবনত হইতে লাগিল। তখন সকল নৃত্য শাস্ত্রের আদিগুরু ভগবান শ্রীকৃষ্ণ, তাহার বিস্তৃত ফণার উপর আরোহণ করিয়া, নৃত্য করিতে লাগিলেন। তৎকালে ভগবানের পদারবিন্দ তত্রত্য রত্ননিকর স্পর্শে অতিশয় তাম্রবর্ণ হইয়াছিল। শতমস্তকধারী কালিয়নাগের যে যে মস্তক অবনতি প্রাপ্ত হইল না, খলদণ্ডধর ভগবান, নৃত্যচ্ছলে, পদাঘাত দ্বারা, সেই সমুদায় মস্তককে মর্দ্দন করিলেন। পরে দুর্দ্দান্ত ভীষণ সর্পরাজ, ভ্রমণ করিতে করিতে ক্ষীণায়ু হইয়া, মুখ ও নাসিকাদ্বারা রক্ত বমন পূর্ব্বক, পরম মূর্চ্ছা প্রাপ্ত হইল। উক্ত নাগপত্নীগণের স্তবে সন্তুষ্ট হইয়া, ভগবান তাহাকে পরিত্যাগ করিলেন। ক্ষণকাল পরে সর্পরাজ চৈতন্য প্রাপ্ত হইয়া ভগবানকে স্তব করিলেন। অনন্তর ভগবান দয়া করিয়া বলিলেন, হে সর্প! তোমার এখানে

জগৎকে আপ্যায়িত করিয়া অতিশয় সৌন্দর্য্য ও সুশীলতাদি গুণাবিষ্কার দ্বারা অক্রূর

থাকা উচিত নহে, তুমি সত্বর সমুদ্রে গমন কর। তুমি যাহার ভয়ে মনোহর দ্বীপ পরিত্যাগ করিয়া এই হ্রদ আশ্রয় করিয়াছ, সেই গরুড় আমার পদচিহ্ন দেখিয়া তোমাকে ভক্ষণ করিবে না।

কেশি-বধ।—কেশী তু কংস প্রহিতঃ খুরৈর্ম্মহীং মহাহয়ো নির্জ্জরয়ন্ মনোজবঃ। সটাবধূতাভ্রবিমানসঙ্কুলং কুর্ব্বন্ নভো হেষিতভীষিতাখিলঃ॥ তমাহ্বয়িত্বা তমধোঽক্ষজো রুষা, প্রগৃহ্য দোর্ভ্যাং পরিবিধ্য পাদয়োঃ। সাবজ্ঞমুৎসৃজ্য ধনুঃশতান্তরে যথোরগং তার্ক্ষ্যসুতো ব্যবস্থিতঃ॥ স লব্ধসংজ্ঞঃ পুনরুত্থিতো রুষা ব্যাদায় কেশী তরসাপতদ্ধরিম্। সোঽপ্যস্য বক্ত্রে ভুজমুত্তরং স্ময়ন্ প্রবেশয়ামাস যথোরগং বিলে॥ সমেধমানেন স কৃষ্ণবাহুনা নিরুদ্ধবায়ুশ্চরণাংশ্চ বিক্ষিপন্। প্রস্বিন্নগাত্রঃ পরিবৃত্তলোচনঃ পপাত লেণ্ডং বিসৃজন্ ক্ষিতৌ ব্যসুঃ॥ শ্রীমদ্ভাগবত॥ ১০।৩৭॥ কংসপ্রেরিত কেশীনামা মহাসুর মনোবৎ বেগগামী মহাঘোটকরূপে পৃথিবীকে খুরদ্বারা বিদীর্ণ করতঃ এবং জটা দ্বারা আকাশস্থ মেঘ-মণ্ডলকে ইতস্ততঃ নিক্ষেপণ পূর্ব্বক ভীষণ হ্রেষা রবে জগৎ ভীত করিতেছে দেখিয়া, ভগবান্ শ্রীকৃষ্ণ তাহাকে আহ্বান করিলেন। তখন দুর্ম্মতি অসুর পশ্চাৎপদদ্বারা তাঁহাকে প্রহার করিতে উদ্যত হইলে, গরুড় যেরূপ চঞ্চুদ্বারা সর্প গ্রহণ করিয়া দূরে নিক্ষেপ করে, ভগবান্ও তদ্রূপ হস্তদ্বয় দ্বারা তাহার পদদ্বয় ধারণ করিয়া, শত ধনু ব্যবধানে অনায়াসে নিক্ষেপ করিলেন। দুর্দ্দান্ত অসুর ক্ষণকাল মধ্যে চেতনা প্রাপ্ত হইয়া মুখ ব্যাদান পূর্ব্বক পুনর্ব্বার শ্রীকৃষ্ণাভিমুখে ধাবিত হইল। সর্প যেমন গর্ত্তমধ্যে প্রবেশ করে ভগবানও ঈষৎ হাস্য করিয়া, সেইরূপে তাহার মুখমধ্যে নিজের বামহস্ত প্রবেশ করাইয়া দিলেন। ভগবানের হস্ত তাহার দেহ-মধ্যে প্রবেশ করিয়া ক্রমে বৃদ্ধি হইতে লাগিল। পরিবর্দ্ধিত ভগবানের হস্ত দ্বারা, তাহার শরীরস্থ বায়ুর গতি ক্রমে রোধ হইয়া উঠিল। তখন কেশী পাদচতুষ্টয় মুহুর্মুহু নিক্ষেপ করত, স্বিন্নগাত্র ও বিবৃত্ত লোচন হইয়া, প্রাণ বিসর্জ্জন পূর্ব্বক ভূতলে শয়ন করিল।

কুবলয়াপীড় বধ।—বদ্ধা পরিকরং শৌরিঃ সমুহ্য কুটিলালকান্। উবাচ হস্তিপং বাচা মেঘনাদগভীরয়া॥ অম্বষ্ঠাম্বষ্ঠ! মার্গং নৌ দেহ্যপক্রম মাচিরম্। নো চেৎ সকুঞ্জরং ত্বাদ্য নয়ামি যমসাদনম্॥ এবং নির্ভৎসিতোঽম্বষ্ঠঃ কুপিতঃ কোপিতং গজম্। চোদয়ামাস কৃষ্ণায় কালান্তকযমোপমম্॥ করীন্দ্রস্তমভিদ্রুত্য করেণ তরসাগ্রহীৎ। করাদ্বিগলিতঃ সোঽমুং নিহত্যাঙ্ঘ্রিষ্বলীয়ত॥ তং মত্বা পতিতং ক্রুদ্ধো দন্তাভ্যাং সোঽহনৎ ক্ষিতিম্। স্ববিক্রমে প্রতিহতে কুঞ্জরেন্দ্রোঽত্যমর্ষিতঃ। চোদ্যমানো মহামাত্রৈঃ কৃষ্ণমভ্যদ্রবদ্রুষা। তমাপতন্তমাসাদ্য ভগবান্ মধুসূদনঃ। নিগৃহ্য পাণিনা হস্তং পাতয়ামাস ভূতলে॥ পতিতস্য পদাক্রম্য মৃগেন্দ্র ইব লীলয়া। দন্তমুৎপাট্য তেনেভং হস্তিপাংশ্চাহনদ্ধরিঃ॥ শ্রীমদ্ভাগবত॥ ১০।৪৩॥ অনন্তর রামকৃষ্ণ রঙ্গদ্বারে আগমন করিয়া, তথায় অম্বষ্ঠ (মাহুত) প্রেরিত কুবলয়াপীড়নামক হস্তী দর্শন করিলেন। পরে শ্রীকৃষ্ণ পরিকর-বদ্ধ করিয়া, (কুটিল কুন্তলরাশি বন্ধন করিয়া) মেঘের ন্যায় গম্ভীর শব্দে হস্তিপককে বলিলেন,—হে হস্তিপক! আমাদিগকে পথ প্রদান কর, তুমি এস্থান হইতে সত্বর অপসৃত হও; নতুবা অদ্য হস্তির সহিত তোমাকে যমসদনে প্রেরণ করিব। শ্রীকৃষ্ণ কর্ত্তৃক এরূপ তিরস্কৃত হস্তিপক, কুপিত হইয়া, কালান্তক যম সদৃশ হস্তিকে শ্রীকৃষ্ণাভিমুখে প্রেরণ করিল। গজরাজ সম্মুখে দ্রুত আগমন করিয়া, তাঁহাকে কর দ্বারা গ্রহণ করিল। ভগবান্ সুকৌশলে তাহার কর হইতে বিগলিত হইয়া তাহার পদ চতুষ্টয়ে প্রহার পূর্ব্বক অন্তর্হিত হইলেন। শ্রীকৃষ্ণ ভূমিতে পতিত হইয়াছেন, গজরাজ এরূপ বিবেচনা করিয়া, ক্রোধ সহকারে পৃথিবীতে দন্তদ্বারা আঘাত করিতে লাগিল। এরূপে নিজ বিক্রম নিহত হইলে, হস্তিপক কর্ত্তৃক চালিত মহাক্রুদ্ধ গজরাজ, রোষপূর্ব্বক শ্রীকৃষ্ণাভিমুখে ধাবিত হইল। তখন ভগবান্ মধুসূদন সম্মুখাগত কুবলয়াপীড়কে প্রাপ্ত হইয়া, একহস্তদ্বারা তাহার শুঁড় গ্রহণপূর্ব্বক তাহাকে ভূতলে নিপাতিত করিলেন, এবং তিনি সিংহের

মালাকার প্রভৃতিকে (৩) পরম ভাগবৎ করিয়া পাণ্ডু-পুত্র অর্জ্জুনের যুদ্ধোৎসাহচ্ছলে এই

হস্তীর অবলীলাক্রমে পদদ্বারা আক্রমণ করিয়া, তাহার দন্ত উৎপাটন পূর্ব্বক ঐ দন্ত দ্বারা হস্তি ও হস্তিপক উভয়কে নিহত করিলেন।

চাণূর মুষ্টিক বধ।—স শ্যেনবেগ উৎপত্য মুষ্টিকৃত্য করাবুভৌ। ভগবন্তং বাসুদেবং ক্রুদ্ধো বক্ষস্যবাধত॥ নাচলৎ তৎপ্রহারেণ মালাহত ইব দ্বিপঃ। বাহ্বোর্নিগৃহ্য চাণূরং বহুশো ভ্রাময়ন্ হরিঃ॥ ভূপৃষ্ঠে পোথয়ামাস তরসা ক্ষীণজীবিতম্॥ তথৈব মুষ্টিকঃ পূর্ব্বং স্বমুষ্ট্যাভিহতেন বৈ। বলভদ্রেণ বলিনা তলেনাভিহতো ভৃশম্॥ প্রবেপিতঃ স রুধিরমুদ্বমন্ মুখতোঽর্দ্দিতঃ। ব্যসুঃ পপাতোর্ব্ব্যুপস্থে বাতাহত ইবাঙ্ঘ্রিপঃ॥ শ্রীমদ্ভাগবত॥ ১০। ৪৪॥ শ্রীকৃষ্ণ ও চাণূরের এবং বলরাম ও মুষ্টিকের মল্লযুদ্ধ হইবে, ইহা নিশ্চয়রূপে স্থিরীকৃত হইলে পর, ভগবান্ মধুসূদন চাণূরকে গ্রহণ করিলেন এবং রোহিণীপুত্র বলরাম মুষ্টিককে প্রাপ্ত হইলেন। তখন হস্তদ্বয় দ্বারা হস্তদ্বয়ে ও পদদ্বয় দ্বারা পদদ্বয়ে বিজিগীষা বশতঃ, পরস্পর বল পূর্ব্বক আকর্ষণ করিতে লাগিল। তৎপরে শ্যেন সদৃশ বেগশালী সেই চাণূর ঊর্দ্ধে উঠিয়া দুই হস্ত দ্বারা মুষ্টি গ্রহণ পূর্ব্বক ক্রোধ সহকারে ভগবান বাসুদেবের বক্ষে প্রহার করিল। তখন ভগবান্ হরি চাণূরের বাহুদ্বয় গ্রহণ পূর্ব্বক বহুবার ভ্রামণ করতঃ তাহাকে জীবনশূন্য করিয়া ভূতলে নিষ্পোথিত করিলেন। মুষ্টিকাসুরের মুষ্টি দ্বারা অভিহত বলরাম তাহাকে করতল দ্বারা অতিশয় পীড়িত ও প্রকম্পিত করিলেন। মুষ্টিকও মুখ দ্বারা রুধির বমন করতঃ, প্রাণশূন্য হইয়া, বাতাহত বৃক্ষের ন্যায় ভূতলে নিপতিত হইল।

কংস বধ।—এবং বিকত্থমানে বৈ কংসে প্রকুপিতোঽব্যয়ঃ। লঘিম্নোৎপত্য তরসা মঞ্চমুত্তুঙ্গমারুহৎ॥ তমাবিশন্তমালোক্য মৃত্যুমাত্মন আসনাৎ। মনস্বী সহসোত্থায় জগৃহে সোঽসিচর্ম্মণী॥ তং খড়্গপাণিং বিচরন্তমাশু শ্যেনং যথা দক্ষিণসব্যমম্বরে। সমগ্রহীদ্দুর্বিষহোগ্রতেজা যথোরগম্ তার্ক্ষ্যসুতঃ প্রসহ্য॥ প্রগৃহ্য কেশেষুচলৎ কিরীটং নিপাত্য রঙ্গোপরি তুঙ্গমঞ্চাৎ। তস্যোপরিষ্টাৎ স্বয়মব্জনাভঃ পপাত বিশ্বাশ্রয় আত্মতন্ত্রঃ॥ শ্রীমদ্ভাগবত॥ ১০। ৪৪॥ এরূপে মল্লগণ হত হইলে, ভোজপতি কংস বাদ্যোদ্যম নিবারিত করিয়া, অনুচরদিগকে কহিল,—হে অনুচরগণ! দুর্ব্বৃত্ত বসুদেবের পুত্রদ্বয়কে পুর হইতে নিঃসারিত কর, আর গোপগণের ধনরাশি অপহরণ করিয়া দুর্ম্মতি নন্দকে কারারুদ্ধ কর, এবং দুষ্টবুদ্ধি বসুদেবও পরপক্ষপাতী পিতা উগ্রসেনকে অতি সত্বর বধ কর। ভগবান্ শ্রীকৃষ্ণ, কংসের এরূপ অহঙ্কৃত বাক্য শ্রবণ পূর্ব্বক, উল্লম্ফন করিয়া, অতি বেগে উচ্চমঞ্চে আরোহণ করিলেন। দুর্ম্মতি কংস নিজের মৃত্যুর ন্যায় শ্রীকৃষ্ণকে সমীপে সমাগত দেখিয়া, আসন হইতে গাত্রোত্থান করিয়া অতি বেগে অসি চর্ম্ম গ্রহণ করিল। খড়্গপাণি দুষ্ট কংস গগণ তলস্থিত শ্যেন পক্ষির ন্যায় মঞ্চোপরি পরিভ্রমণ করিতে লাগিল তখন বিনতানন্দন যেরূপ সর্পকে গ্রহণ করে, তদ্রূপ অপরিসীম উগ্রপ্রতাপী ভগবান বল সহকারে তাহাকে গ্রহণ করিলেন। অখিল ব্রহ্মাণ্ডের আশ্রয় স্বপ্রধান পদ্মনাভ হরি গ্রহণ করিয়া, উচ্চ মঞ্চ হইতে রঙ্গভূমিতে কিরীটধারী কংসকে নিপাতিত করতঃ স্বয়ং তদুপরি নিপতিত হইলেন এবং দুষ্ট কংসও তৎক্ষণাৎ জীবনবিহীন হইল।

(৩) মালাকার।—ততঃ সুদাম্নো ভবনং মালাকারস্য জগ্মতুঃ। প্রাহ নঃ সার্থকং জন্ম পাবিতঞ্চ কুলং প্রভো! পিতৃদেবর্ষয়ো মহ্যং তুষ্টা হ্যাগমনেন বাম্॥ তাবাজ্ঞাপয় তং ভৃত্যং কিমহং করবাণি বাম্। পুংসোঽত্যনুগ্রহো হ্যেষ ভবদ্ভির্যন্নিযুজ্যতে॥ ইত্যভিপ্রেত্য রাজেন্দ্র! সুদামা প্রীতমানসঃ। শস্তৈঃ সুগন্ধৈঃ কুসুমৈর্মালাং বিরচিতাং দদৌ। তাভিঃ স্বলঙ্কৃতৌ প্রীতৌ কৃষ্ণ-রামৌ সহানুগৌ। প্রণতায় প্রপন্নায় দদতুর্বরদৌ বরান্॥ সোঽপি বব্রেঽচলাং ভক্তিং তস্মিন্নেবাখিলাত্মনি। তদ্ভক্তেষু চ সৌহার্দ্দং ভূতেষু চ দয়াং পরাম্॥ ইতি তস্মৈ বরং দত্ত্বা শ্রিয়ঞ্চান্বয়বর্দ্ধিনীম্। বলমায়ুর্যশঃ কান্তিং নির্জ্জগাম সহাগ্রজঃ॥ ইতি

গীতশাস্ত্রে পরমপুরুষার্থ লক্ষণ মোক্ষ ধর্ম্মের সাধন রূপ বেদান্ত শাস্ত্রোক্ত কর্ম্ম ও জ্ঞানের (৪) সহিত ভক্তিযোগের অবতারণা করিয়াছেন। কুরু ও পাণ্ডুপুত্রগণের যুদ্ধ প্রবৃত্ত হইলে সর্ব্বলোক সাক্ষী বাৎসল্যাদি গুণ পূর্ণ সেই ভগবান্ পুরুষোত্তম অর্জ্জুনকে রথী ও আপনাকে সারথি করিয়া রথে অবস্থিতি করিলেন। জ্ঞানকর্ম্মান্ধ ধৃতরাষ্ট্র অর্জ্জুনের এবংবিধ উৎকর্ষ জানিয়াও দুর্য্যোধনের বিজয়াভিলাষে সঞ্জয়কে জিজ্ঞাসা করিতে প্রবৃত্ত হইলেন।

হনুমদ্ভাষ্য।

সর্ব্বং রসং গূঢ়-র-বিদ্ধ-রাসতো নাগামরাবেগরবিং শরমস্তরা। বেলাঙ্কুরস্তীরকরাজহংসং শ্লোকামৃতং সপ্তশতেন পূরিতম্॥ প্রপন্নপারিজাতায় তোত্রবেত্রৈকপাণয়ে। জ্ঞানমুদ্রায় কৃষ্ণায় গীতামৃতদুহে নমঃ॥ করকমলনিদর্শিতাত্মমুদ্রঃ পরিকলিতোত্তরবর্হিবর্হচূড়ঃ। ইতরকর-গৃহীতবেত্রতোত্রো মম হৃদি সন্নিধিমাতনোতু শৌরিঃ॥ সারথ্যমর্জ্জুনস্যাদৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ। লোকত্রয়োপকারায় তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ॥ মলনির্ম্মোচনং পুংসাং জলস্নানং দিনে দিনে। সকৃদ্গীতাম্ভসি স্নানং সংসারমলনাশনম্॥ অকৃত্যমপি কুর্ব্বাণো ভুঞ্জানো বা যথা-

শ্রীমদ্ভাগবত॥ ১০। ৪১॥ রামকৃষ্ণ তৎপরে সুদামা মালাকারের ভবনে গমন করিলেন। মালাকার রামকৃষ্ণকে দর্শন করিয়া ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল এবং আসন প্রদান পূর্ব্বক পাদ্যাদি পূজোপকরণ দ্রব্য ও স্রক্ তাম্বুল অনুলেপন দ্বারা অনুচরবর্গের সহিত তাঁহাদের পূজা করিল। আর এই কথা বলিল, "হে প্রভো! আপনাদের আগমন দ্বারা আমাদের জন্ম সফল ও কুল পবিত্র হইয়াছে এবং পিতৃগণ ও দেবর্ষিগণও আমার প্রতি সন্তুষ্ট হইয়াছেন। ভগবন! আমি আপনাদের ভৃত্য, আজ্ঞা করুন, কি কার্য্য করিতে হইবে। শুকদেব কহিলেন, হে রাজন্! তৎপরে সুদামা মালাকার ভগবানের অভিপ্রায় অবগত হইয়া প্রীতিপূর্ব্বক উত্তম সুগন্ধ পুষ্প দ্বারা মালা প্রস্তুত করিয়া ভগবানের গলদেশে প্রদান করিল। অনুচরগণের সহিত রামকৃষ্ণ সেই মালা দ্বারা অলঙ্কৃত ও প্রীত হইয়া প্রণত ও শরণাগত মালাকারের উদ্দেশে অভিলষিত বর প্রদান করিলেন। ভগবদনুগ্রহে অনুগৃহীত সেই মালাকার অখিলাত্মা ভগবানের প্রতি অচলা ভক্তি ও ভক্তদিগের সহিত সৌহার্দ্দ এবং প্রাণিমাত্রের প্রতি পরম দয়ারূপ বর প্রার্থনা করিল। পরম দয়ালু ভগবান্ হরি বল, আয়ু, যশ, কান্তি ও বংশানুক্রমে লক্ষ্মী বৃদ্ধি হইবে, এই বর প্রদান করিয়া অগ্রজের সহিত মালাকারের গৃহ হইতে বহির্গত হইলেন।

(৪) কর্ম্ম পঞ্চবিধ—নিত্য-নৈমিত্ত্য-কাম্য-প্রায়শ্চিত্ত-নিষিদ্ধভেদাৎ। তত্র আদ্যানি চত্বারি ধর্ম্ম্যাণি। অন্ত্যং অধর্ম্মং তচ্চ জন্মভেদাৎ ত্রিবিধম্। সঞ্চিতং প্রারব্ধং ক্রিয়মাণঞ্চ। ইতি বৈদান্তিমতম্।

জ্ঞান—একত্বং বুদ্ধিমনসোরিন্দ্রিয়াণাঞ্চ সর্ব্বশঃ। আত্মনো ব্যাপিনস্তাত! জ্ঞানমেতদনুত্তমম্॥ ইতি মোক্ষধর্ম্ম॥ "মোক্ষে ধীর্জ্ঞানমন্যত্র বিজ্ঞানং শিল্পশাস্ত্রয়োঃ" ইত্যমরকোষঃ॥

তথা। কদাচিন্নরকং দুঃখং গীতাধ্যায়ী ন পশ্যতি॥ বেদোদধিপ্রমথিতং বাসুদেবসমুদ্ধৃতম্। সন্তঃ পিবন্তি সততং গীতামৃতরসায়নম্॥ একং শাস্ত্রং দেবকীপুত্রগীতমেকো দেবো দেবকীপুত্র এব। একো মন্ত্রো যানি নামানি তস্য কর্ম্মাপ্যেকং তস্য দেবস্য সেবা॥ বন্দে কৃষ্ণার্জ্জুনৌ বীরৌ নরনারায়ণাবুভৌ। ধার্ত্তরাষ্ট্রকুলোন্মত্তগজারোহণবল্লভৌ॥ অস্য শ্রীগীতাশাস্ত্রমন্ত্রস্য বেদব্যাসো ভগবান্ ঋষিঃ, প্রায়েণানুষ্টুপ্ ছন্দঃ, শ্রীবিষ্ণুঃ পরমাত্মা দেবতা, "অশোচ্যানন্বশোচস্ত্বম্" ইতি বীজম্, "সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য" ইতি শক্তিঃ, "ঊর্দ্ধমূলমধঃশাখম্" ইতি কীলকম্, মম মোক্ষার্থে বিনিয়োগঃ॥ কারণং খ্যাতিজগতাং মারণার্থমনাগসম্। বারণাননমাত্মানমন্বয়ং সমুপাস্মহে॥ প্রণম্য পরমাত্মানং বিষ্ণুং জিষ্ণুং জগদ্গুরুম্। পরমাত্মাববোধার্থং গীতাব্যাখ্যা ময়োচ্যতে॥ অস্য সম্বন্ধাভিধেয়প্রয়োজনান্যুচ্যন্তে। মোক্ষস্তাবৎ প্রয়োজনম্. স চ গীতাশাস্ত্রে প্রতিপাদিতাৎ পরমার্থসম্বন্ধাদেবেতি। পরমার্থস্বরূপমভিধেয়ং পরমাত্মস্বরূপাববোধস্যাস্য চ শাস্ত্রস্য সাধনলক্ষণং সম্বন্ধ ইতি। বিশিষ্টপ্রয়োজনসম্বন্ধাভিধেয়বদ্গীতাশাস্ত্রম্। অত্রার্জ্জুনস্য রাজ্যাদ্যর্থং শত্রুং জিগীষোর্ধার্ত্তরাষ্ট্রৈঃ সহ যুদ্ধং সম্প্রাপ্তম্, তত্র সহায়ার্থং বৃতেন ভগবতা বাসুদেবেন সহ রথমারুহ্য যোদ্ধুং যুদ্ধভূমিং প্রবিষ্টোঽর্জ্জুন উভয়োরপি সেনয়োর্মধ্যে যোদ্ধুং ব্যবস্থিতানাচার্য্যপিতৃপিতামহপুত্রমিত্রাদীন্ দৃষ্ট্বা, এতে ময়া হন্তব্যা মদর্থঞ্চৈতে মরিষ্যন্তীতি পর্য্যালোচ্য, শোকমোহাভিভূতচিত্ততয়া বহু প্রলপ্য "ন যোৎস্যে" ইত্যুক্ত্বা যুদ্ধাদুপররাম। এবমুপরতায় তস্মৈ তদবিদ্যামূলশোকমোহাপনোদায় পরমকারুণিকো ভগবান্ ভক্তবৎসলো বাসুদেবো বেদান্তবাক্যৈঃ সমধিগম্য পরমার্থতত্ত্বমুপদিদেশ।

হনুমদ্ভাষ্যের তাৎপর্য্য।

আমি, অঞ্জনা-নন্দন হনুমান্, গূঢ়-র-বিদ্ধ-রাসভ * অর্থাৎ ছন্নভাবে লঙ্কাদহন করতঃ লঙ্কাধিপতি রাবণের হৃদয়ে শেল সমর্পণ করিয়াছি এবং বেলা বিশিষ্ট যে সরোবর অর্থাৎ সমুদ্র, তাহার তীরস্থ রাজহংসের ন্যায় অনায়াসে সমুদ্রের পর পারে গমন করিয়াছি। অর্থাৎ ঐরূপ দুষ্কর কর্ম্মানুষ্ঠান পূর্ব্বক প্রভু শ্রীরামচন্দ্রের আরাধনা করিয়াছি বটে, কিন্তু শ্রীকৃষ্ণ মুখ-বিনিঃসৃত সপ্তশত শ্লোক পরিমিত অমৃত ব্যতিরেকে সেই সর্ব্ব রস, অর্থাৎ সকল জীব যে আনন্দের কিঞ্চিৎ অংশ উপভোগ করে, সেই একত্রিত ঘনীভূত আনন্দ স্বরূপ অরাবেগরবি † সুখ পাই নাই। অর্থাৎ বেদান্তৈকবেদ্য যে সুখ সে সুখ একমাত্র শ্রীকৃষ্ণমুখ-বিনিঃসৃত সপ্তশত শ্লোক পরিমিত অমৃতের আস্বাদনেই লাভ করা যায়॥ ০

* গূঢ়-র-বিদ্ধ-রাসভঃ=গূঢ়ং যথাস্যাৎ তথা, রেণ অগ্নিনা লঙ্কাদহনেন ইতি যাবৎ, বিদ্ধঃ সশল্যীকৃতঃ রাসভঃ রাবণঃ যেন স তথা।

† অরা-বেগ-রবিং=অগাম্=অরাণাং তৎসদৃশনাড়ীনাং 'বেগো যস্মাৎ তদভিন্নং রবিম্। অত্র মূলং শ্রুতিবচনং যথা,—"অরা ইব রথনাভৌ সংহতা যত্র নাড্যঃ স এষোঽন্তশ্চরতে বহুধা জায়মানঃ।" (মুণ্ডকোপ-

শ্রীকৃষ্ণকে নমস্কার করি; তিনি শরণাগত জনের বাঞ্ছাকল্পতরু, তাঁহার (অর্জ্জুন-সারথির) এক হস্ত তোত্র (পাঁচনবাড়ি, চাবুক) ও বেত্র এবং অন্য হস্তে জ্ঞান-মুদ্রা সুশোভিত, তিনি [সমস্ত উপনিষৎরূপ গাভী হইতে], এই গীতারূপ অমৃত দোহন করিয়াছেন। যাঁহার কর-কমলে আত্মমুদ্রা (জ্ঞানমুদ্রা) দেখা যাইতেছে, যাঁহার মস্তকে চারু ময়ুর-পুচ্ছের চূড়া শোভা পাইতেছে, যাঁহার অন্য করকমলে তোত্র (চাবুক) ও বেত্র রহিয়াছে; সেই শ্রীকৃষ্ণ আমার হৃদয়ে সন্নিহিত হউন॥ যিনি অর্জ্জুনের সারথ্য করিতে করিতে লোকত্রয়ের উপকারের নিমিত্ত প্রথমে তাঁহাকেই গীতামৃত দান করিয়াছেন, সেই অখিলজীবের আত্মস্বরূপ শ্রীকৃষ্ণকে নমস্কার॥ প্রতিদিন জলে স্নান করিলে লোকের [দেহ সংলগ্ন বাহিরের] মলা অপনীত হয় বটে, কিন্তু গীতা-সলিলে একবার অবগাহন করিলে [অন্য মলার কথা দূরে থাকুক] সংসাররূপ মলও নাশপ্রাপ্ত হয় (অর্থাৎ গীতার ভাব-সলিলে যিনি স্নান করেন, আর তাঁহাকে দুঃখ-বহুল সংসারে আসিতে হয় না; তিনি মুক্তিলাভ করেন)। গীতাধ্যয়নশীল ব্যক্তি দুষ্কর্ম্মানুষ্ঠান বা যথেচ্ছ ভোজন করিলেও তাঁহাকে নরক-দুঃখ ভোগ করা দূরে থাকুক, অন্যোপভুক্ত নরক-দুঃখ দেখিতেও হয় না॥ ভগবান্ বাসুদেব, বেদরূপ সাগর প্রকৃষ্টরূপে মথন করিয়া, এই গীতারূপ অমৃত সমুদ্ধৃত করিয়াছেন। সাধুগণ অনুক্ষণ এই গীতামৃতরূপ রসায়ন (শমন দমনোপযোগী বলকারক ঔষধ বিশেষ) পান করেন॥ দেবকী নন্দন-বদন-বিনিঃসৃত শাস্ত্রই একমাত্র শাস্ত্র, দেবকী-তনয়ই একমাত্র দেবতা, দেবকী-পুত্রের নামই একমাত্র মন্ত্র, এবং সেই দেবের সেবাই একমাত্র কর্ম্ম॥ শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনকে বন্দনা করি। তাঁহারা দুইজন বীরপুরুষ ও নর-নারায়ণ এবং ধৃতরাষ্ট্র-তনয় দুর্য্যোধনাদিরূপ উন্মত্ত বারণের উপর আরোহণে অত্যন্ত প্রীতিসম্পন্ন। সর্ব্ববিধ খ্যাতি ও জগতের কারণ স্বরূপ, পাপপারিহীন, আত্মা ও অদ্বিতীয় গজাননকে বিঘ্ন বিনাশার্থ বন্দনা করি॥ আমি (হনুমান্) পরমাত্মা, জয়শীল, জগতের গুরু, শ্রীবিষ্ণুকে প্রণাম করিয়া পরমাত্মতত্ত্ব অবগতির নিমিত্ত গীতা-ব্যাখ্যা করিতেছি। এক্ষণে এই গীতা শাস্ত্রের সম্বন্ধ,

নিষৎ-২-২৬)। সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষুর্ন লিপ্যতে চাক্ষুষৈর্বাহ্যদোষৈঃ। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ" (কঠ-৫-১১) এতাদৃশং বেদান্তৈকবেদ্যং সুখং ন অগাং ন প্রাপাম্, অনেন লোকসংপ্রশস্তেন প্রাপম্ ইত্যর্থঃ। অরাবেগরবি যে সুখ, অর্থাৎ গাড়ির চাকার মাঝখানে যে একটা মাঝে ছেঁদাওলা গোল কাঠ থাকে, তাহার নাম রথের "নাভি"; সেই নাভিতে যে সকল লম্বা লম্বা কাঠ লাগান থাকে, তাহার নাম "অরা"। আমাদিগের হৃদয় নাভি সদৃশ, এবং নাড়ী সমূহ হৃদয়স্থলে সংযুক্ত থাকে বলিয়া, তাহারা অরা সদৃশ। স্বপ্রকাশ আত্মা সেই রথনাভি-সদৃশ হৃদয়ে দর্শক, শোতা, মননকারী, ইত্যাকার বহুরূপ হইয়া বিরাজ করিতেছেন। সেই আত্মা সূর্য্যের ন্যায় স্বপ্রকাশ ও সকলেরই চক্ষুঃস্বরূপ, তিনি সকলেরই অন্তর্য্যামী। লোকচক্ষু সূর্য্য যেরূপ চক্ষুগ্রাহ্য বাহ্য অপবিত্র বস্তুর সহিত লিপ্ত হন না, সেইরূপ তিনিও জাগতিক দুঃখের সহিত লিপ্ত হন না। বেদান্তশাস্ত্রানুশীলন দ্বারাই এই আনন্দ স্বরূপ আত্মাকে জানিতে পারা যায়। এবংবিধ সুখের নামই "অরাবেগ রবি সুখ।"

অভিধেয় এবং প্রয়োজনের বিষয় বলিতেছি ॥ গীতা-শাস্ত্রের প্রয়োজন—মোক্ষ। সেই মোক্ষ গীতা-শাস্ত্র-প্রতিপাদিত পরমার্থ সম্বন্ধ হইতেই হইয়া থাকে। অভিধেয়—পরমাত্মস্বরূপ। সম্বন্ধ—পরমাত্ম-স্বরূপের অববোধক এই শাস্ত্রের সাধন-লক্ষণ। গীতাশাস্ত্র এইরূপ বিশিষ্ট প্রয়োজনসম্বন্ধ ও অভিধেয় বিশিষ্ট। এই গীতাশাস্ত্রের বর্ণনীয় বিষয়—রাজ্যাদিলাভের উদ্দেশে শত্রুসংহারেচ্ছু অর্জ্জুনের সহিত ধৃতরাষ্ট্র-তনয় দুর্য্যোধনাদির যুদ্ধ বর্ণন। অর্জ্জুন ভগবান্ বাসুদেবের নিকট সাহায্য প্রার্থনা করতঃ তৎসমভিব্যাহারে রথারূঢ় হইয়া সমর-প্রাঙ্গণে সমুপস্থিত হইয়া দেখিলেন যে, উভয় সেনা দলেই আচার্য্য, খুল্লতাত, পিতামহ, ভ্রাতুষ্পুত্র, মিত্রাদি সমর-সজ্জায় সজ্জিত হইয়া দণ্ডায়মান রহিয়াছেন; ইহা দেখিয়া তিনি মনে মনে বিচার করিলেন যে, 'আমি ইহাদিগকে বধ করিব এবং আমার জন্য ইহারা মরিবেন।" এইরূপ পর্য্যালোচনা করিয়া তিনি শোক ও মোহে অভিভূত-চিত্ত হইলেন এবং বহুবিধ প্রলাপ করিতে করিতে "আর যুদ্ধ করিব না" এই কথা বলিয়া যুদ্ধ হইতে উপরত হইলেন। পরম কারুণিক ভগবান্ বাসুদেব অর্জ্জুনের অবিদ্যামূলক এবম্বিধ শোক ও মোহ দেখিয়া, তদপনয়নার্থ তাঁহাকে বেদান্ত বাক্যপ্রতিপাদিত পরমাত্ম-তত্ত্ব-বিষয়ক উপদেশ প্রদান করিতে লাগিলেন। এই গীতা-শাস্ত্রে "দৃষ্ট্বা তু পাণ্ডবানীকম্" (১ম অধ্যায় ২য় শ্লোক) হইতে "ন যোৎস্য ইতি গোবিন্দমুক্ত্বা তূষ্ণীং বভূব হ" (২য় অধ্যায়, ৯ম শ্লোক) পর্য্যন্ত গ্রন্থভাগ এইরূপে ব্যাখ্যা করিতে হইবে যে, প্রাণি-বর্গের শোক-মোহ-প্রচুর যে সংসার, অবিদ্যাই তাহার মূল।

শ্রীধরস্বামিকৃতটীকা।

শেষাশেষমুখব্যাখ্যাচাতুর্য্যন্ত্বেকবক্ত্রতঃ। দধানমদ্ভুতং বন্দে পরমানন্দমাধবম্ ॥ ১ ॥
শ্রীমাধবং প্রণম্যোমাধবং বিশ্বেশমাদরাৎ। তদ্ভক্তিযন্ত্রিতঃ কুর্ব্বে গীতাব্যাখ্যাং সুবোধিনীম্ ॥ ২ ॥
ভাষ্যকারমতং সম্যক্ তদ্ব্যাখ্যাতৃগিরস্তথা। যথামতি সমালোক্য গীতাব্যাখ্যাং সমারভে ॥ ৩ ॥
গীতা ব্যাখ্যায়তে যস্যাঃ পাঠমাত্রপ্রযত্নতঃ। সেয়ং সুবোধিনী টীকা সদা ধ্যেয়া মনীষিভিঃ ॥ ৪ ॥

ইহ খলু সকললোকহিতাবতারঃ পরমকারুণিকো ভগবান্ দেবকীনন্দনস্তত্ত্বাজ্ঞানবিজৃম্ভিতশোক-মোহভ্রংশিতবিবেকতয়া নিজধর্ম্মপরিত্যাগপূর্ব্বকপরধর্ম্মাভিসন্ধিনমর্জ্জুনং ধর্ম্মজ্ঞানরহস্যোপদেশপ্লবেন তস্মাচ্ছোকমোহসাগরদুদ্দধার। তমেব ভগবদুপদিষ্টমর্থং কৃষ্ণদ্বৈপায়নঃ সপ্তভিঃ শ্লোকশতৈরু-পনিববন্ধ। তত্র চ প্রায়শঃ শ্রীকৃষ্ণমুখাদ্বিনিঃসৃতানেব শ্লোকানলিখৎ, কাংশ্চিৎ তৎসঙ্গতয়ে স্বয়ঞ্চ ব্যরচয়ৎ। যথোক্তং গীতামাহাত্ম্যে— গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ। যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনিঃসৃতা ॥" ইত্যাদি। অত্র তাবদ্ধর্ম্মক্ষেত্রে ইত্যাদিনা বিষীদন্নিদ-মব্রবীদিত্যন্তেন গ্রন্থেন শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদপ্রস্তাবায় কথা নিরূপ্যতে।

শ্রীধর স্বামিকৃত টীকার তাৎপর্য্য।

যিনি অনন্তদেবের অশেষ মুখ সম্ভূত ব্যাখ্যা-চাতুর্য্যকে এক বক্ত্রে ধারণ করিয়াছেন, সেই অদ্ভুত পরমানন্দ মাধবকে প্রণাম করি॥ অখিল ব্রহ্মাণ্ডের অধীশ্বর লক্ষ্মীপতি ও উমাকান্তকে সমাদরে প্রণাম করিয়া, ভক্তি সহকারে 'সুবোধিনী' নাম্নী গীতাব্যাখ্যা করণে প্রবৃত্ত হইলাম॥ আমি ভাষ্যকারের (শঙ্করাচার্য্যের) মত ও তাঁহার ব্যাখ্যাকারী আনন্দগিরির বাক্য উত্তম রূপে অবগত হইয়া, এই গীতা শাস্ত্রের ব্যাখ্যা আরম্ভ করিলাম॥ যাহা পাঠ মাত্র অনায়াসে গীতা শাস্ত্রের ব্যাখ্যা করিতে পারা যায়, সুবোধিনী টীকা পণ্ডিতদিগের চিন্তা-পথাবলম্বী হউক॥ সকল লোকহিতার্থ এই ভূমণ্ডলে অবতীর্ণ পরম কারুণিক ভগবান্ দেবকী-নন্দন, তত্ত্বজ্ঞান-বিলোপি-শোক মোহদ্বারা বিবেক শূন্য, ক্ষত্রিয়ধর্ম্ম-যুদ্ধ-বিগ্রহাদি বিষয়ে পরাঙ্মুখ, ও পর ধর্ম্ম সন্ধানোন্মত্ত অর্জ্জুনকে তত্ত্বজ্ঞানোপদেশরূপ প্লব দ্বারা সেই শোক-সাগর হইতে উদ্ধার করিয়াছিলেন। ভগবদুপদিষ্ট এই তত্ত্বকথাকে ভগবান্ বেদব্যাস, সপ্তশত শ্লোক দ্বারা গীতা রূপে নিবদ্ধ করিয়াছেন। কৃষ্ণদ্বৈপায়ন ইহাতে প্রায়শঃ শ্রীকৃষ্ণ মুখ-নিঃসৃত শ্লোকই লিপিবদ্ধ করিয়াছেন। ভগবদ্বাক্য সঙ্গতির নিমিত্ত, কোন শ্লোক স্বয়ংও রচনা করিয়াছেন। গীতাশাস্ত্র ভগবন্মুখ-নিঃসৃত। এতৎসম্বন্ধে গীতা-মাহাত্ম্যে কথিত হইয়াছে, যথা;—"যাহা পদ্মনাভের মুখ পদ্ম হইতে বিনিঃসৃত হইয়াছে, সেই গীতাশাস্ত্র উত্তমরূপে অভ্যাস করা কর্ত্তব্য; অন্য বিস্তৃত শাস্ত্রের প্রয়োজন কি?" "ধর্ম্মক্ষেত্রে" ইত্যাদি শ্লোক হইতে আরম্ভ করিয়া "বিষীদন্নিদমব্রবীৎ" ইত্যন্ত শ্লোকে শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন সংবাদ সূচনার্থ কথা আরম্ভ করিতেছেন।

বলদেবকৃত ভাষ্য।

সত্যানন্তাচিন্ত্যশক্ত্যেকপক্ষে সর্ব্বাধ্যক্ষে ভক্তরক্ষাতিদক্ষে।
শ্রীগোবিন্দে বিশ্বসর্গাদিকন্দে পূর্ণানন্দে নিত্যমাস্তাং মতির্মে॥ ১॥
অজ্ঞাননীরধিরুপৈতি যয়া বিশোষং ভক্তিঃ পরাপি ভজতে পরিপোষমুচ্চৈঃ।
তত্ত্বং পরং স্ফুরতি দুর্গমমপ্যজস্রং সাদ্গুণ্যভূস্বরচিতাং প্রণমামি গীতাম্॥২॥

অথ সুখচিদ্ঘনঃ স্বয়ং ভগবানচিন্ত্যশক্তিঃ পুরুষোত্তমঃ স্বসঙ্কল্পায়ত্তবিচিত্রজগদুদয়াদি-র্বিরিঞ্চ্যা-দিসঙ্কিস্ত্যাচরণঃ স্বজন্মাদিলীলয়া স্বতুল্যান্ সহাবিভূ্তান্ পার্ষদান্ প্রহর্ষয়ংস্তত্রৈব জীবান্ বহূন-বিদ্যাৰ্দ্দিলীবদনাদ্বিমোচ্য স্বান্তর্দ্ধানোত্তরভাবিনোহন্যাহুদ্দিধীর্ষুরাহবমূর্দ্ধ্নি স্বাত্মভূতমপ্যর্জ্জুন-মবিতর্ক্যস্বশক্ত্যা সম্মোহমিব কুর্ব্বন্, তন্মোহমার্জ্জনাপদেশেন সপরিকরস্বাত্মযাথাত্ম্যৈকনিরূপিকাং স্বগীতোপনিষদমুপাদিশৎ। তত্রাং খল্বীশ্বর-জীব-প্রকৃতি-কাল-কর্ম্মাণি পঞ্চার্থা বর্ণ্যন্তে। তেষু বিভুসংবিদীশ্বরঃ, অণুসংবিজ্জীবঃ, সত্ত্বাদিগুণত্রয়াশ্রয়ো দ্রব্যং প্রকৃতিঃ ত্রৈগুণ্যশূন্যং জড়দ্রব্যং কালঃ, পুংপ্রযত্ননিষ্পাদ্যমদৃষ্টাদিশব্দবাচ্যং কর্ম্মেতি। তেষাং লক্ষণানি এষীশ্বরাদীনি চত্বারি নিত্যানি

জীবাদীনীশ্বরাংশত্বানি। কর্ম্ম তু প্রাগভাববদনাদি বিনাশি চ। তত্র সংবিৎস্বরূপোঽপীশ্বরো জীবশ্চ সংবেত্তৃস্বধর্ম্মশ্চ। "বিজ্ঞানমানন্দং ব্রহ্ম। যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ। মন্তা বোদ্ধা কর্ত্তা বিজ্ঞানাত্মা পুরুষঃ" ইত্যাদি-শ্রুতেঃ। "সোঽকাময়ত বহু স্যাং সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষম্" ইত্যাদিশ্রুতেশ্চ। ন চোভয়ত্র মহত্তত্ত্বজাতোঽয়মহঙ্কারস্তদা তস্যানুৎপত্তের্বিলীনত্বাচ্চ। স চ স চ কর্ত্তা ভোক্তা চ সিদ্ধঃ। সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ কর্ত্তা বোদ্ধেতি পদেভ্যঃ। অনুভবিতৃত্বং খলু ভোক্তৃত্বং সর্ব্বাভ্যুপগতম্। "সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতঃ" ইতি শ্রুতেস্তু ভোক্তৃত্বং প্রব্যক্তম্ যদ্যপি সংবিৎস্বরূপাৎ সংবেত্তৃত্বাদি নান্যৎ, প্রকাশস্বরূপাদ্রবেরিব প্রকাশকত্বাদি, তথাপি বিশেষসামর্থ্যাৎ তদন্যত্বব্যবহারঃ। বিশেষশ্চ ভেদপ্রতিনিধির্ন ভেদঃ। স চ ভেদাভাবেঽপি ভেদকার্য্যস্য ধর্ম্মধর্ম্মিভাবাদিব্যবহারস্য হেতুঃ। সত্তা সতী ভেদো ভিন্নঃ কালঃ সর্ব্বদাস্তীত্যাদিষু বিদ্বদ্ভিঃ প্রতীতঃ। তৎপ্রতীত্যন্যথানুপপত্ত্যা "এবং ধর্ম্মান্ পৃথক্ পশ্যংস্তানেবানুধাবতি" ইতি শ্রুত্যা চ সিদ্ধঃ। ইহ হি ব্রহ্মধর্ম্মানভিধায় তদ্ভেদঃ প্রতিষিধ্যতে। ন খলু ভেদপ্রতিনিধেস্তস্যাপ্যভাবে ধর্ম্মধর্ম্মিভাবধর্ম্মবহুত্বে শক্যে বক্তুমিত্যনিচ্ছুরপি স্বীকার্য্যাঃ স্যুঃ। ত ইমেঽর্থাঃ শাস্ত্রেঽস্মিন্ যথাস্থানমনুসন্ধেয়াঃ। ইহ হি জীবাত্মপরমাত্মতত্ত্বাগতৎ-প্রাপ্ত্যুপায়ানাং স্বরূপাণি যথাবন্নিরূপ্যন্তে। তত্র জীবাত্মযাথাত্ম্যং পরমাত্মযাথাত্ম্যোপযোগিতয়া পরমাত্মযাথাত্ম্যন্তু তদুপাসনোপযোগিতয়া, প্রকৃত্যাদিকন্তু পরমাত্মনঃ সৃষ্টুরূপকরণতয়োপদিশ্যতে। তদুপায়াশ্চ কর্ম্ম-জ্ঞান-ভক্তিভেদাৎ ত্রেধা। তত্র শ্রুততত্তৎফলনৈরপেক্ষেণ কর্ত্তৃত্বাভিনিবেশ-পরিত্যাগেন চানুষ্ঠিতস্য কর্ম্মণো হৃদ্বিশুদ্ধিদ্বারা জ্ঞানভক্ত্যোরুপকারিত্বাৎ পরম্পরয়া তৎপ্রাপ্ত্যুপায়ত্বম্। তচ্চ শ্রুতিবিহিতকর্ম্ম হিংসাশূন্যমত্র মুখ্যম। মোক্ষধর্ম্মে পিতাপুত্রাদিসংবাদাৎ হিংসাবত্তু গৌণং বিপ্রকৃষ্টত্বাৎ তয়োস্তু সাক্ষাদেবাতথাত্বম্। ননু তথানুষ্ঠিতেন কর্ম্মণা হৃদ্বিশুদ্ধ্যা জ্ঞানোদয়েন মুক্তৌ সত্যাং ভক্ত্যা কো বিশেষঃ? উচ্যতে। জ্ঞানমেব কিঞ্চিদ্বিশেষাদ্ভক্তিরিতি। নির্ণিমেষবীক্ষণকটাক্ষবীক্ষণবদনয়োরন্তরম্। চিদ্বিগ্রহতয়ানুসন্ধিজ্ঞানং তেন তৎ-সালোক্যাদিঃ। বিচিত্রলীলারসাশ্রয়তয়ানুসন্ধিস্তু ভক্তিস্তয়া ক্রোড়ীকৃতসালোক্যাদিতত্তদ্বিবর্ত্তা-নন্দলাভিঃ পুমর্থঃ। ভক্তৈকজ্ঞানত্বন্তু সচ্চিদানন্দৈকরসে ভক্তিযোগে তিষ্ঠতীতি শ্রুতেঃ সিদ্ধম্। তদিদং শ্রবণাদিভ্যোরাদিশব্দব্যপদিষ্টং দৃষ্টম্। জ্ঞানস্য শ্রবণাদ্যাকারত্বং চিৎসুখস্য বিষ্ণোঃ কুম্ভ-সাদি প্রতীকত্ববৎ প্রত্যেতব্যমিতি বক্ষ্যামঃ। ষট্‌ত্রিকেঽস্মিন্ শাস্ত্রে প্রথমেন ষট্‌কেনেশ্বরাংশস্য জীবস্যাংশীশ্বরভক্ত্যুপযোগিস্বরূপদর্শনম্। তচ্চান্তর্গতজ্ঞানং নিষ্কামকর্ম্মসাধ্যং নিরূপ্যতে। মধ্যেন পরমপ্রাপ্যস্যাংশীশ্বরস্য প্রাপণী ভক্তিস্তন্মহিমধীপূর্ব্বিকাভিধীয়তে। অন্ত্যেন তু পূর্ব্বোদিতানামেবেশ্বরাদীনাং স্বরূপাণি পরিশোধ্যন্তে। ত্রয়াণাং ষট্‌কানাং কর্ম্মভক্তিজ্ঞানপূর্ব্বত্তাব্যপদেশস্তু তত্তৎপ্রাধান্যেনৈব, চরমে ভক্তেঃ প্রতিপত্তেশ্চোক্তিস্তু রত্নসম্পুটোর্দ্ধলিখিততত্তৎসূচকলিপিন্যায়েন। অত্র শাস্ত্রেহ শ্রদ্ধালুঃ সদ্ধর্ম্মনিষ্ঠো বিজিতেন্দ্রিয়োঽধিকারী। স চ সনিষ্ঠ পরিনিষ্ঠিত নিরপেক্ষভেদাৎ ত্রিবিধঃ। তেষু স্বর্গাদিলোকানপি দিদৃক্ষুর্নিষ্ঠয়া স্বধর্ম্মান্ হর্য্যর্চ্চনরূপানাচরন্ প্রথমঃ। লোকসঙ্গ্রহায় স্বানাচরন্ হরিভক্তিনিরতো দ্বিতীয়ঃ। স চ স চ সাশ্রমঃ। সত্যতপোজপাদিভি

বিশুদ্ধচিত্তো হর্য্যেকনিরতস্তত্তীয়ো নিরাশ্রমঃ। বাচ্যবাচকভাবঃ সম্বন্ধঃ। বাচ্য উক্তলক্ষণঃ শ্রীকৃষ্ণঃ। বাচকস্তদ্গীতাশাস্ত্রম্। তাদৃশঃ সোঽত্র বিষয়ঃ। অশেষক্লেশনিবৃত্তিপূর্ব্বকস্তৎ সাক্ষাৎকারস্তু প্রয়োজনমিত্যনুবন্ধচতুষ্টয়ম্। অত্রেশ্বরাদিষু ত্রিষু ব্রহ্মশব্দোঽক্ষরশব্দশ্চ, বদ্ধজীবেষু তদ্দেহেষু চ ক্ষরশব্দঃ। ঈশ্বর-জীব-দেহে মনসি বুদ্ধৌ ধৃতৌ যত্নে চাত্মশব্দঃ। ত্রিগুণায়াং বাসনায়াং শীলে স্বরূপে চ প্রকৃতিশব্দঃ। সত্তাভিপ্রায়-স্বভাব-পদার্থজন্মসু ক্রিয়াত্মাত্মসু চ ভাবশব্দঃ। কর্ম্মাদিষু ত্রিষু চিত্তবৃত্তিনিরোধে চ যোগশব্দঃ পঠ্যতে। এতচ্ছাস্ত্রং খলু স্বয়ং ভগবতঃ সাক্ষাদ্বচনং সর্ব্বতঃ শ্রেষ্ঠম্। "গীতা সুগীতা কর্ত্তব্যা কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ। যা স্বয়ং পদ্মনাভস্য মুখপদ্মাদ্বিনির্গতা॥" ইতি পাদ্মাৎ। ধৃতরাষ্ট্রাদিবাক্যস্তু তৎসঙ্গতিলাভায় দ্বৈপায়নেন বিরচিতম্। তচ্চ "লবণাকরনিপাতন্যায়েন" তন্ময়মিত্যুপোদ্ঘাতঃ। "সংগ্রামমূর্দ্ধি সংবাদো যোঽভূদ্গোবিন্দ-পার্থয়োঃ। তৎসঙ্গত্যৈ কথাং প্রাখ্যাদ্গীতাসু প্রথমে মুনিঃ॥" ইহ তাবদ্ভগবদর্জ্জুনসংবাদং প্রস্তোতুং কথা নিরূপ্যতে ধর্ম্মক্ষেত্র ইত্যাদিভিঃ সপ্তবিংশত্যা। তদ্ভগবতঃ পার্থসারথ্যং বিদ্বান্ ধৃতরাষ্ট্রঃ স্বপুত্রবিজয়ে সন্দিহানঃ সঞ্জয়ং পৃচ্ছতীত্যাহ জনমেজয়ং প্রতি বৈশম্পায়নঃ।

বলদেবকৃত ভাষ্যের তাৎপর্য্য।

যিনি সত্যস্বরূপ, অনন্ত, অচিন্ত্যশক্তি, অদ্বিতীয়, সর্ব্বকর্ত্তা, ভক্তরক্ষণে অতিদক্ষ, বিশ্ব সৃষ্ট্যাদির কর্ত্তা, সেই পূর্ণানন্দ শ্রীগোবিন্দ-চরণে যেন সর্ব্বদা আমার মতি থাকে ॥ ১ ॥ যদ্দারা অজ্ঞান-সাগর শুষ্ক হইয়া যায় ও পরম ভক্তি ক্রমশঃ অতিশয় বৃদ্ধি হইতে থাকে এবং যাহা হইতে দুর্জ্ঞেয় পরমতত্ত্ব অজস্র ধারে পরিস্ফুরিত হয়, সদ্গুণাশ্রয় ভগবান্ কর্ত্তৃক প্রণীত সেই গীতা-শাস্ত্রকে আমি প্রণাম করি ॥২॥ অচিন্ত্যশক্তি, বিরিঞ্চি প্রভৃতির ধ্যেয় চরণ, সুখ ও জ্ঞানময় পুরুষোত্তম ভগবান্ স্বয়ং স্বীয় সঙ্কল্প দ্বারা এই বিচিত্র জগতের সৃষ্টি স্থিতি প্রলয় করিতেছেন। তিনি নিজ জন্মাদি লীলা দ্বারা স্বতুল্য ও সহজাত পার্ষদগণের হর্ষবিধান এবং অসংখ্য প্রাণিকে অবিদ্যা শার্দ্দূলীর মুখ হইতে মোচন করিয়াছিলেন। অধিকন্তু নিজে অন্তর্দ্ধানের পর জায়মান অন্য জীবগণের পরিত্রাণেচ্ছায়, যুদ্ধক্ষেত্রে আত্মতুল্য অর্জ্জুনকে স্বীয় অবিতর্ক্য শক্তি দ্বারা সম্মোহিতের ন্যায় করিয়া, পুনরায় তাঁহারই মোহ বিমার্জ্জন ছলে ভগবত্তত্ত্ব নিরূপণকারী গীতোপনিষদ্ উপদেশ প্রদান করিয়াছিলেন। এই গীতা শাস্ত্রে ঈশ্বর, জীব, প্রকৃতি, কাল, কর্ম্ম এই পঞ্চ বিষয় বর্ণিত হইয়াছে। তন্মধ্যে বিভুসংবিদ্ ঈশ্বর (১) ও অণুসংবিদ্

(১) বিভুসংবিৎ—বিভুঃ সর্ব্বগতঃ (ইতি মেদিনী) সং-বিৎ জ্ঞানম্ (ইত্যমরঃ); সর্ব্বগতজ্ঞান অর্থাৎ অখণ্ড জ্ঞান (ঈশ্বর)

জীব (২), সত্বাদি গুণত্রয়ের আশ্রয়রূপ দ্রব্যই প্রকৃতি (৩), ত্রিগুণ শূন্য জড়দ্রব্য কাল; (৪) পুরুষত্ব নিষ্পন্ন অদৃষ্টাদি শব্দ বাচ্য কর্ম্ম (৫), ইত্যাদিরূপে ঈশ্বরাদির লক্ষণ নিরূপিত হইয়াছে। তন্মধ্যে ঈশ্বরাদি চতুষ্টয় নিত্য বস্তু, জীবাদি চতুষ্টয় ঈশ্বর বশীভূত। কর্ম্ম প্রাগভাবের (৬) ন্যায় অনাদি ও বিনাশী। সংবিৎস্বরূপ অর্থাৎ জ্ঞানস্বরূপ ঈশ্বর এবং জীব উভয়েই সংবেত্তা অর্থাৎ জ্ঞানাশ্রয়, ও অস্মদাদি শব্দ প্রতিপাদ্য। ইহা "বিজ্ঞানমানন্দব্রহ্ম" ইত্যাদি শ্রুতি সঙ্গত।

ঈশ্বর ও জীব এই উভয় মহত্তত্ব (৭) জাত, অহঙ্কারের (৮) আশ্রয় নহেন; কারণ আদি কালে ঈশ্বর ও জীব প্রকৃতি হইতে মুক্ত থাকাতে, তখন অহঙ্কারের জন্ম হয় নাই। তৎকালে অহঙ্কার অব্যক্ত ভাবে প্রকৃতিতে লীন ছিল, প্রকৃতিও গুণত্রয়ের সাম্য ভাব থাকায় নিশ্চেষ্ট ছিলেন। ঈশ্বর ও জীব প্রকৃতির সহিত সহিত মিলিত হইয়া, কর্তৃত্ব ও ভোক্তৃত্ব ধর্ম্ম প্রাপ্ত হইয়াছেন। যদিও বেদান্তাদি শাস্ত্রমতে সূর্য্যের জ্যোতির ন্যায় জ্ঞান ও জ্ঞাতা একই বস্তু, তথাপি জ্ঞান ও জ্ঞাতৃগত বিশেষ থাকায়, উভয়ের ভেদব্যবহার হইতেছে। বিশেষ শব্দ দ্বারা ভেদের প্রতিনিধি স্বরূপ অর্থাৎ তত্তুল্য এই ভাব ব্যক্ত হইতেছে। বস্তুতঃ এই উভয়ে কোন

(২) অণুসংবিদ্—অণু ক্ষুদ্রম্ (ইতি মেদিনী); ক্ষুদ্রজ্ঞান অর্থাৎ জীব।

(৩) প্রকৃতি—প্রকৃষ্টবাচকঃ প্রশ্চ কৃতিশ্চ সৃষ্টিবাচকঃ। সৃষ্টৌ প্রকৃষ্টা যা দেবী প্রকৃতিঃ সা প্রকীর্ত্তিতা॥ গুণে প্রকৃষ্টে সত্ত্বে চ প্রশব্দো বর্ত্ততে শ্রুতৌ। মধ্যমে রজসি কৃশ্চ তিশব্দস্তামসঃ স্মৃতঃ॥ ত্রিগুণাত্মস্বরূপা যা সর্ব্বশক্তিসমন্বিতা। প্রধানা সৃষ্টিকরণে প্র কৃতিস্তেন কথ্যতে। প্রথমে বর্ত্ততে প্রশ্চ কৃতিশ্চ সৃষ্টিবাচকঃ। সৃষ্টেরাদ্যা চ যা দেবী প্রকৃতিঃ সা প্রকীর্ত্তিতা॥ ইতি ব্রহ্মবৈবর্ত্তে।

(৪) কালঃ—জন্যানাং জনকং কালো জগতামাশ্রয়ো মতঃ। পরাপরত্বধীহেতুঃ ক্ষণাদিঃ স্যাদুপাধিতঃ॥ ইতি ভাষাপরিচ্ছেদঃ॥ অনাদিনিধনঃ কালো রুদ্রঃ সঙ্কর্ষণঃ স্মৃতঃ। কলনাৎ সর্ব্বভূতানাং স কালঃ পরিকীর্ত্তিতঃ॥ ইতি তিথ্যাদিতত্ত্বম্।

(৫) কর্ম্ম ত্রিবিধম্।—সাত্বিকং যথা—নিয়তং সঙ্গরহিতমরাগদ্বেষতঃ কৃতম্। অফলপ্রেপ্সুনা কর্ম্ম যৎ তৎ সাত্বিকমুচ্যতে। রাজসং যথা—যত্তু কামেপ্সুনা কর্ম্ম সাহঙ্কারেণ বা পুনঃ। ক্রিয়তে বহুলায়াসং তদ্রাজসমুদাহৃতম্॥ তামসং যথা—অনুবন্ধং ক্ষয়ং হিংসামনপেক্ষ্য চ পৌরুষম্। মোহাদারভ্যতে যত্তু তত্তামসমুদাহৃতম্॥

(৬) প্রাগভাব যথা—বিনাশ্যভাবঃ প্রাগভাবঃ। ইতি সিদ্ধান্তমুক্তাবলিঃ। প্রতিযোগিকে জন্মাইয়া যে অভাব তিরোহিত হয়, তাহাই প্রাগভাব।

(৭) মহত্তত্ত্বম্—সাংখ্যদর্শনে প্রকৃতি পুরুষ প্রকৃতি পঞ্চবিংশতি তত্ত্ব নির্ণীত হইয়াছে, মহত্তত্ব তদন্তর্গত তত্ত্ব বিশেষ, ইহা প্রকৃতির প্রথম বিকার ও বুদ্ধি স্বরূপ। প্রকৃতি হইতে মহত্তত্ব হইতে অহঙ্কার উৎপন্ন হয়। পর্য্যায় যথা,—মহানাত্মা মতির্বিষ্ণুর্জিষ্ণুঃ শম্ভুশ্চ বীর্য্যবান্। বুদ্ধিঃ প্রজ্ঞোপলব্ধিশ্চ তথা খ্যাতির্ধৃতিঃ স্মৃতিঃ॥ মহাভারতে আশ্বমেধিক পর্ব্ব। একা মূর্ত্তিস্ত্রয়ো ভাগা ব্রহ্ম-বিষ্ণু-মহেশ্বরাঃ। সবিকারাৎ প্রধানাত্তু মহত্তত্ত্বং প্রজায়তে॥ মহানিতি যতঃ খ্যাতির্লোকানাং জায়তে সদা। অহঙ্কারশ্চ মহতো জায়তে মানবর্দ্ধনঃ॥ ইতি মাৎস্যে ২ অধ্যায়।

(৮) অহঙ্কারঃ—বেদান্তমতে অভিমানাত্মিকান্তঃকরণবৃত্তিঃ। অহমিত্যভিমানঃ। স চ শরীরাদিবিষয়কো মিথ্যাজ্ঞানমুচ্যতে ইতি গোভমসূত্রম্।

ভেদ নাই। কিন্তু ভেদ না থাকিলেও তাহাই ভেদ কার্য্য স্বরূপ ধর্ম্মাধর্ম্মি ভাবাদি ব্যবহারের কারণ। এই গীতাশাস্ত্রে পূর্ব্বোক্ত বিষয় সকল যথাস্থানে বিচার পূর্ব্বক উক্ত হইয়াছে, এবং জীবাত্মা পরমাত্মা ও তদ্ধাম এবং তৎপ্রাপ্তির উপায় সকলও বিশেষ যুক্তির সহিত নিরূপিত হইয়াছে। জীবাত্মা, পরমাত্মা এতদুভয়ই পরস্পরের জ্ঞানের উপযোগী। পরমাত্ম-লাভের সম্বন্ধে কর্ম্ম, জ্ঞান ও ভক্তি, এই ত্রিবিধ উপায় নিরূপিত হইয়াছে। শ্রুত্যুক্ত কর্ম্মফল ও কর্তৃত্বাভিনিবেশ পরিত্যাগপূর্ব্বক অনুষ্ঠিত কর্ম্ম সকল চিত্তশুদ্ধিদ্বারা ক্রমশঃ জ্ঞান ও ভক্তির উপকারী হইয়া থাকে; অতএব কর্ম্মও পরম্পরা ঈশ্বরপ্রাপ্তির উপায় স্বরূপ। বেদোক্ত হিংসাদি শূন্য কর্ম্ম মুখ্য আর হিংসাদি বিশিষ্ট কর্ম্ম গৌণ। জ্ঞান ও ভক্তি ঈশ্বরপ্রাপ্তির সাক্ষাৎ উপায়। বেদোক্ত কর্ম্ম দ্বারা চিত্তশুদ্ধি-জনিত জ্ঞানোৎপন্ন হইলেই, জীব মুক্ত হইবে। তবে ঈশ্বর প্রাপ্তির কারণ রূপে ভক্তি উল্লেখ করা হইল কেন? ইহার উত্তর এই যে পূর্ব্বোক্ত জ্ঞানই বিশেষ পরিপাক হইলে ভক্তিরূপে পরিণত হইবে। নির্নিমেষ কটাক্ষবীক্ষণাদি দ্বারা একমাত্র চিন্ময় অর্থাৎ জ্ঞানময় তত্ত্বের অনুসন্ধানের নামই জ্ঞান। জীবগণ তদ্দ্বারা সালোক্য, সামীপ্য, সার্ষ্টি, সাযুজ্যাদিরূপ মুক্তি প্রাপ্ত হয়। আর বিচিত্র লীলারসাশ্রয়স্বরূপ ঈশ্বর তত্ত্বানুসন্ধানের নাম ভক্তি তদ্দ্বারা সালোক্যাদি মুক্তিকে ক্রোড়ীকৃত করিয়া পরমানন্দ-লাভরূপ পরম-পুরুষার্থ-তত্ত্বের উদয় হয়। ভক্তিকে যে জ্ঞানরূপে কল্পনা করা হইয়াছে, তাহা চিদানন্দৈক-রসস্বরূপ ভক্তি সম্বন্ধে প্রযোজ্য। অষ্টাদশাধ্যায় এই গীতাশাস্ত্রের প্রথম ছয় অধ্যায়ে ঈশ্বরাংশ স্বরূপ জীবের অংশিরূপ ঈশ্বর বিষয়ে ভক্ত্যুপযোগিতা প্রদর্শিত হইয়াছে, এবং তদুপায়ভূত নিষ্কাম কর্ম্মসাধ্য জ্ঞানও নিরূপিত হইয়াছে। মধ্য ছয় অধ্যায়ে ভক্তি-সাধন জ্ঞান নিরূপণ পূর্ব্বক, পরমলক্ষিত পূর্ণঈশ্বর প্রাপণী ভক্তি ও ঈশ্বর মহিমা অভিহিত হইয়াছে। অবশিষ্ট ছয় অধ্যায়ে পূর্ব্বোক্ত ঈশ্বরাদি পাঁচের পরিশোধিত স্বরূপ নিরূপিত হইয়াছে। এই গীতা শাস্ত্রে অধিকারি-ভেদে কর্ম্ম, ভক্তি এবং জ্ঞানের প্রাধান্য বিবৃত হইয়াছে। সম্পুটিত অর্থাৎ কৌটা মধ্যগত রত্নের ন্যায়, এই গীতা শাস্ত্রের আদিতে এবং পুনর্ব্বার চরমে ভক্তির উল্লেখ করায়, তাহার মাহাত্ম্য পরিকীর্ত্তিত হইয়াছে। শ্রদ্ধালু সদ্ধর্ম্মনিষ্ঠ, জিতেন্দ্রিয় পুরুষই এই গীতা শাস্ত্রের অধিকারী। সনিষ্ঠ পরিনিষ্ঠিত নিরপেক্ষ ভেদে উক্ত অধিকারী ত্রিবিধ। স্বর্গাদি লোক দর্শন কামনায় নিষ্ঠা সহকারে ভগবদর্চ্চন স্বধর্ম্মানুষ্ঠানকারী ব্যক্তিই প্রথম অধিকারী অর্থাৎ সনিষ্ঠ। লোকানুগ্রহকরণেচ্ছায় স্বধর্ম্মানুষ্ঠান পূর্ব্বক হরি-ভক্তি পরায়ণ পুরুষকে দ্বিতীয় অর্থাৎ পরিনিষ্ঠিত অধিকারী বলা যায়। এই উভয়ই আশ্রমান্বিত। সত্য তপ ও জপাদি দ্বারা বিশুদ্ধচিত্ত হরিনিরত পুরুষই তৃতীয় অধিকারী অর্থাৎ নিরপেক্ষ, ইনি আশ্রমবিহীন। ভগবান্ শ্রীকৃষ্ণই গীতা শাস্ত্রের বাচ্য, ভগবদুক্ত গীতা শাস্ত্রই তাঁহার বাচক. জগদীশ্বরতত্ত্ব নিরূপণই এই শাস্ত্রের বিষয় অশেষ দুঃখ নিবৃত্তিপূর্ব্বক ঈশ্বর সাক্ষাৎকাররূপ পরমানন্দ লাভ অর্থাৎ মুক্তি এই শাস্ত্রের প্রয়োজন। পাঠকদিগের গীতা পাঠে অতিশয় প্রবৃত্তি উৎপাদনের নিমিত্ত এরূপ বাচ্য বাচক বিষয়, প্রয়োজন রূপ অনুবন্ধ চতুষ্টয় নিরূপিত হইল। ঈশ্বরাদি অর্থাৎ ঈশ্বর জীব, প্রকৃতি এই

ত্রিতয় ব্রহ্ম ও অক্ষর শব্দের বাচ্য। বদ্ধ জীব ও দেহ, ক্ষরশব্দ বাচ্য। ঈশ্বর, জীব দেহ মন, বুদ্ধি ধৃতি ও যত্ন এই সকল অর্থে আত্মশব্দ প্রযুক্ত হয়। ত্রিগুণ বাসনা স্বভাব ও স্বরূপার্থে প্রকৃতি শব্দের প্রয়োগ হয়। সত্তা, অভিপ্রায়, স্বভাব, পদার্থ, জন্ম, ক্রিয়া ও আত্মা এই সকল বিষয় ভাবশব্দে পরিব্যক্ত হয়। কর্ম্ম, ভক্তি, জ্ঞান এই তিন বিষয় যোগ শব্দে ব্যক্ত হয়। এই গীতা শাস্ত্র সাক্ষাৎ ভগবদ্বাক্য অতএব সর্ব্বশ্রেষ্ঠ। যথা—"এই গীতা শাস্ত্রই সর্ব্বসাধারণের সুন্দররূপে গান করা কর্ত্তব্য; যাহা স্বয়ং পদ্মনাভ হরির মুখ-পদ্ম হইতে বিনির্গত হইয়াছে।" ইত্যাদি পদ্মপুরাণে এই বিষয়ের অনেক প্রমাণ দৃষ্ট হইতেছে। ধৃতরাষ্ট্রাদির বাক্য, প্রস্তাব-সঙ্গতির নিমিত্ত দ্বৈপায়ন বেদব্যাস স্বয়ং রচনা করিয়াছেন। যথা; সংগ্রাম-মধ্যে গোবিন্দ ও অর্জ্জুনের পরস্পর যে সংবাদ হইয়াছিল, তৎসঙ্গতির নিমিত্ত, মহামুনি বেদব্যাস গীতাশাস্ত্রের প্রথমে ধৃতরাষ্ট্রের কথা উল্লেখ করিতেছেন। এই গীতাশাস্ত্রের প্রথমে ধর্ম্মক্ষেত্র ইত্যাদি সপ্তবিংশতি শ্লোক দ্বারা শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদের প্রস্তাবার্থ কথা নিরূপণ করিতেছেন।

ভগবান্ শ্রীকৃষ্ণ অর্জ্জুনের সারথী হইয়া যুদ্ধক্ষেত্রে স্বয়ং উপস্থিত হইয়াছেন জানিয়া ধৃতরাষ্ট্র স্বপুত্রগণের বিজয় বিষয়ে সন্দিহান হইয়া, সঞ্জয়কে যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, বৈশম্পায়ণ জনমেজয়কে তাহাই বলিতে প্রবৃত্ত হইলেন।

মধুসূদনসরস্বতীকৃত টীকা।

ভগবৎপাদভাষ্যার্থমালোচ্যাতিপ্রযত্নতঃ। প্রায়ঃ প্রতিপদং কুর্ব্বে গীতাগূঢ়ার্থ-দীপিকাম্॥ পরং নিঃশ্রেয়সং গীতাশাস্ত্রস্যোক্তং প্রয়োজনম্॥ সচ্চিদানন্দরূপং তৎ পূর্ণং বিষ্ণোঃ পরং পদম্। যৎপ্রাপ্তয়ে সমারব্ধা বেদাঃ কাণ্ডত্রয়াত্মিকাঃ॥ কর্ম্মোপাস্তিস্তথাজ্ঞানমিতিকাণ্ডত্রয়ং ক্রমাৎ। তদ্রূপাষ্টাদশাধ্যায়ী গীতা কাণ্ডত্রয়াত্মিকা॥ একমেকেন ষট্কেন কাণ্ডমত্রোপলক্ষয়েৎ। কর্ম্মনিষ্ঠা জ্ঞাননিষ্ঠে কথিতে প্রথমান্ত্যয়োঃ॥ যতঃ সমুচ্চয়ো নাস্তি তয়োরতিবিরোধতঃ। ভগবদ্ভক্তিনিষ্ঠা তু মধ্যমে পরিকীর্ত্তিতা॥ উভয়ানুগতা সা হি সর্ব্ববিঘ্নাপনোদিনী। কর্ম্মমিশ্রা চ শুদ্ধা চ জ্ঞানমিশ্রা চ সা ত্রিধা॥ তত্র তু প্রথমে কাণ্ডে কর্ম্ম তত্ত্যাগবর্ত্মনা। ত্বম্পদার্থো বিশুদ্ধাত্মা সোপপত্তির্নিরূপ্যতে॥ দ্বিতীয়ে ভগবদ্ভক্তিনিষ্ঠাবর্ণনবর্ত্মনা। ভগবান্ পরমানন্দস্তৎপদার্থোঽবধার্য্যতে॥ তৃতীয়ে তু তয়োরৈক্যং বাক্যার্থো বর্ণ্যতে স্ফুটম্। এবমপ্যত্র কাণ্ডানাং সম্বন্ধোঽস্তি পরস্পরম্॥ প্রত্যধ্যায়ং বিশেষস্তু তত্র তত্রৈব বক্ষ্যতে। মুক্তিসাধনপর্ব্বেদং শাস্ত্রার্থত্বেন কথ্যতে॥ নিষ্কামকর্ম্মানুষ্ঠানং ত্যাগাৎ কাম্যনিষিদ্ধয়োঃ। তত্রাপি পরমো ধর্ম্মো জপস্তুত্যাদিকং হরেঃ॥ ক্ষীণপাপস্য চিত্তস্য বিবেকে যোগ্যতা যদা। নিত্যানিত্য বিবেকস্তু জায়তে

সুদৃঢ়স্তদা॥ ইহামুত্রার্থবৈরাগ্যং বশীকারাভিধং ক্রমাৎ। ততঃ শমাদিসম্পত্ত্যা সন্ন্যাসো নিষ্ঠিতো ভবেৎ॥ এবং সর্ব্বপরিত্যাগান্মুমুক্ষা জায়তে দৃঢ়া। ততো গুরূপসদনমুপদেশগ্রহস্ততঃ॥ ততঃ সন্দেহহানায় বেদান্তশ্রবণাদিকম্। সর্ব্বমুত্তরমীমাংসাশাস্ত্রমত্রোপযুজ্যতে॥ ততস্তৎপরিপাকেণ নিদিধ্যাসননিষ্ঠতা। যোগশাস্ত্রন্তু সম্পূর্ণমুপক্ষীণং ভবেদিহ॥ ক্ষীণদোষে ততশ্চিত্তে বাক্যার্থপ্রমিতির্ভবেৎ (বাক্যাত্তত্ত্বমতির্ভবেৎ)। সাক্ষাৎকারো নির্ব্বিকল্পঃ শব্দাদেবোপজায়তে॥ অবিদ্যাবিনিবৃত্তিস্তু তত্ত্বজ্ঞানোদয়ে ভবেৎ। তত আবরণে ক্ষীণে ক্ষীয়েতে ভ্রমসংশয়ৌ॥ অনারব্ধানি কর্ম্মাণি নশ্যন্ত্যেব সমস্ততঃ। ন চাগামীনি জায়ন্তে তত্ত্বজ্ঞানপ্রভাবতঃ॥ আরব্ধকর্ম্মবিক্ষেপাদ্বাসনা তু ন নশ্যতি। সা সর্ব্বতো বলবতী সংযমেনোপশাম্যতি॥ সংযমো ধারণা ধ্যানং সমাধিরিতি যত্ত্রিকম্। যমাদিপঞ্চকং পূর্ব্বং তদর্থমুপযুজ্যতে॥ ঈশ্বরপ্রণিধানাত্তু সমাধিঃ সিধ্যতি ধ্রুবম্ (দ্রুতম্)। ততো ভবেন্মনোনাশো বাসনাক্ষয় এব চ॥ তত্ত্বজ্ঞানং মনোনাশো বাসনাক্ষয় ইত্যপি। যুগপত্ত্রিতয়াভ্যাসাজ্জীবন্মুক্তির্দৃঢ়া ভবেৎ॥ বিদ্বৎসন্ন্যাসকথনমেতদর্থং শ্রুতৌ শ্রুতম্ (কৃতম্)। প্রাগসিদ্ধো য এবাংশো যত্নঃ স্যাৎ তস্য সাধনে॥ নিরুদ্ধে চেতসি পুরা সবিকল্পসমাধিনা। নির্ব্বিকল্পসমাধিস্তু ভবেদত্র ত্রিভূমিকঃ॥ * এবম্ভূতো ব্রাহ্মণঃ স্যাদ্বরিষ্ঠো ব্রহ্মবাদিনাম্। গুণাতীতঃ স্থিতপ্রজ্ঞো বিষ্ণুভক্তশ্চ কথ্যতে॥ অতিবর্ণাশ্রমী জীবন্মুক্ত আত্মরতিস্তথা। এতস্য কৃতকৃত্যত্বাৎ শাস্ত্রমস্মান্নিবর্ত্ততে॥ যস্য দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরৌ। তস্যৈতে কথিতা হ্যর্থাঃ প্রকাশন্তে মহাত্মনঃ॥ ইত্যাদিশ্রুতিমানেন কায়েন মনসা গিরা। সর্ব্বাবস্থাসু ভগবদ্ভক্তিরত্রোপযুজ্যতে॥ পূর্ব্বভূমৌ কৃতা ভক্তিরুত্তরাং ভূমিমানয়েৎ। অন্যথা বিঘ্নবাহুল্যাৎ ফলসিদ্ধিঃ সুদুর্লভা। পূর্ব্বাভ্যাসেন তেনৈব হ্রিয়তে হ্যবশোঽপি সঃ। অনেকজন্মসংসিদ্ধ ইত্যাদিবচসো (চ বচো) হরেঃ॥ যদি প্রাগ্ভবসংস্কারস্যাচিন্ত্যত্বাত্তু কশ্চন। প্রাগেব কৃতকৃত্যঃ স্যাদাকাশফলপাতবৎ॥ ন তং প্রতি কৃতার্থত্বাচ্ছাস্ত্রমারব্ধমিষ্যতে। প্রাক্সিদ্ধসাধনাভ্যাসাদ্দুর্জ্ঞেয়া (ভ্যাসা দুর্জ্ঞেয়া) ভগবৎকৃপা॥ এবং প্রাগ্ভূমিসিদ্ধাবপ্যুত্তরোত্তরভূময়ে। বিধেয়া ভগবদ্ভক্তিস্তাং বিনা সা ন সিধ্যতি॥ জীবন্মুক্তিদশায়াস্তু ন ভক্তেঃ ফলকল্পনা। অদ্বেষ্টৃত্বাদিবৎ (অদ্বেষ্টৃত্বাদিবৎ) তেষাং স্বভাবো ভজনং হরেঃ॥ আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে। কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ॥ তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্বিশিষ্যতে। ইত্যাদিবচনাৎ প্রেমভক্তোঽয়ং মুখ্য উচ্যতে। এতৎ সর্ব্বং ভগবতা গীতাশাস্ত্রে প্রকাশিতম্। অতো ব্যাখ্যাতুমেতন্মে মন উৎসহতে ভৃশম্॥ নিষ্কামকর্ম্মানুষ্ঠানং মূলং মোক্ষস্য কীর্ত্তিতম্। শোকাদিরাসুরঃ পাপ্মা তস্য চ প্রতিবন্ধকঃ॥ যতঃ স্বধর্ম্মবিভ্রংশঃ প্রতিষিদ্ধস্য সেবনম্। ফলাভিসন্ধিপূর্ব্বা বা সাহঙ্কারা ক্রিয়া ভবেৎ॥ আবিষ্টঃ পুরুষো নিত্যমেবমাসুরপাপ্মভিঃ। পুরুষার্থলাভাযোগ্যঃ সন্ লভতে দুঃখসন্ততিম্॥ দুঃখং স্বভাবতো

* ব্যুত্তিষ্ঠতে স্বতস্ত্বাদ্যো দ্বিতীয়ে পরবোধিতঃ। অন্তে ব্যুত্তিষ্ঠতে নৈব সদা ভবতি তন্ময়ঃ॥ ইত্যধিকং

দ্বেষ্যং সর্ব্বেষাং প্রাণিনামিহ। অতস্তৎসাধনং ত্যাজ্যং শোকমোহাদিকং সদা॥ অনাদিভব-সন্তাননিরূঢ়ং দুঃখকারণম্। দুস্ত্যজং শোকমোহাদি কেনোপায়েন হীয়তাম্॥ একদা-কাঙ্ক্ষয়াবিষ্টং পুরুষার্থোন্মুখং নরম। বুবোধয়িষুরাহেদং ভগবান্ শাস্ত্রমুত্তমম্॥ তত্র "অশোচ্যা-নন্বশোচস্ত্বম্" ইত্যাদিনা শোকমোহাদিসর্ব্বাসুরপাপ্মনিবৃত্ত্যুপায়োপদেশেন স্বধর্ম্মানুষ্ঠানাৎ পুরুষার্থঃ কথং প্রাপ্যতামিতি ভগবদুপদেশঃ সর্ব্বসাধারণঃ ভগবদর্জ্জুনসংবাদরূপা চাখ্যায়িকা বিদ্যা স্তুত্যর্থা, জনকযাজ্ঞবল্ক্যসংবাদাদিবদুপনিষৎসু কথং প্রসিদ্ধমহানুভাবোঽপ্যর্জ্জুনো রাজ্যগুরুপুত্রমিত্রাদিষ্বহমেষাং মমৈত ইত্যেবং প্রত্যয়নিমিত্ত-স্নেহনিমিত্তাভ্যাং শোকমোহাভিভূত-বিবেকবিজ্ঞানঃ স্বতএব ক্ষত্রধর্ম্মে যুদ্ধে প্রবৃত্তোঽপি তস্মাদ যুদ্ধাদুপররাম। পরধর্ম্মঞ্চ ভিক্ষা-জীবনানি ক্ষত্রিয়ং প্রতি প্রতিষিদ্ধং কর্ত্তুং প্রবর্ত্ততে, তথাচ মহত্যনর্থে মগ্নোঽভূৎ ভগবদুপদেশাচ্চ এনাং বিদ্যাং লব্ধ্বা শোকমোহাবপনীয় পুনঃ স্বধর্ম্মে প্রবৃত্তঃ কৃতকৃত্যো বভূবেতি প্রশস্ততরেয়ং মহাপ্রয়োজনা বিদ্যেতি স্তূয়তে। অর্জ্জুনাপদেশেন চোপদেশাধিকারী দর্শিতঃ॥ তথাচ ব্যাখ্যাস্যতে। স্বধর্ম্মপ্রবৃত্তৌ জাতায়ামপি তৎপ্রচ্যুতিহেতুভূতৌ শোকমোহৌ "কথং ভীষ্মমহং সংখ্যে" ইত্যাদিনার্জ্জুনেন দর্শিতৌ। অর্জ্জুনস্য যুদ্ধাখ্যে স্বধর্ম্মে বিনাপি বিবেকং কিন্নিমিত্তা প্রবৃত্তিরিতি; "দৃষ্ট্বা তু পাণ্ডবানীকম্" ইত্যাদিনা পরসৈন্যচেষ্টিতং তন্নিমিত্তমুক্তম্। তদুপো-দ্ঘাতত্বেন ধৃতরাষ্ট্রপ্রশ্নঃ সঞ্জয়ং প্রতি "ধর্ম্মক্ষেত্রে" ইত্যাদিনা শ্লোকেন। তত্র ধৃতরাষ্ট্র উবাচেতি বৈশম্পায়নবাক্যং জনমেজয়ং প্রতি পাণ্ডবানাং জয়কারণং বহুবিধং পূর্ব্বমাকর্ণ্য স্বপুত্ররাজ্যভ্রংশা-দ্ভীতো ধৃতরাষ্ট্রঃ পপ্রচ্ছ স্ব-পুত্রজয়কারণমাশংসন্॥

মধুসূদনসরস্বতীকৃত টীকার তাৎপর্য্য।

আমি অতি যত্ন সহকারে শ্রীমচ্ছঙ্করাচার্য্য-বিরচিত ভাষ্যার্থ আলোচনা করিয়া, প্রায় প্রতি পদের "গীতাগূঢ়ার্থদীপিকা" নাম্নী এই টীকা রচনা করিতেছি॥ ১॥

কারণের অর্থাৎ দুঃখের মূলীভূত বাসনার সহিত ত্রিবিধ দুঃখপূর্ণ (১) সংসার হইতে অত্যন্ত নিবৃত্তি এবং যাঁহা প্রাপ্তির নিমিত্ত কাণ্ডত্রয়রূপ বেদশাস্ত্র প্রবৃত্ত হইয়াছে, সেই সচ্চিদানন্দ রূপ পূর্ণব্রহ্মের পদ-প্রাপ্তিই গীতাশাস্ত্রের পরম প্রয়োজন। বেদে যেমন কর্ম্ম, উপাসনা ও জ্ঞান রূপ কাণ্ডত্রয় বর্ণিত আছে, তদ্রূপ অষ্টাদশাধ্যায়াত্মিকা গীতাশাস্ত্রেও

(১) দুঃখানাং ত্রয়ং দুঃখত্রয়ম্, তৎ খল্বাধ্যাত্মিকঞ্চাধিভৌতিকঞ্চাধিদৈবিকঞ্চ। তত্রাধ্যাত্মিকং দ্বিবিধম্—শারীরম্ মানসঞ্চ। শারীরং বাতপিত্তশ্লেষ্মণাম্ বৈষম্যনিমিত্তম্। মানসং—কামক্রোধলোভমোহের্ষ্যা-বিষাদ বিষয়বিশেষাদর্শননিবন্ধনম্। সর্ব্বঞ্চৈতদান্তরোপায়সাধ্যত্বাদাধ্যাত্মিকং দুঃখম্। বাহ্যোপায়সাধ্যং

কাণ্ডত্রয় বর্ণিত হইয়াছে। প্রথম ছয় অধ্যায়ে কর্ম্মকাণ্ড, দ্বিতীয় ছয় অধ্যায়ে ভগবদ্ভক্তি দ্বারা উপাসনা কাণ্ড, তৃতীয় ছয় অধ্যায়ে জ্ঞানকাণ্ড কথিত হইয়াছে। প্রথম কাণ্ডে (১ম ষট্‌কে) কর্ম্ম ও তত্ত্যাগের পথ প্রদর্শন পূর্ব্বক যুক্তি সহকারে 'তত্ত্বমসি' (২) এই মহাবাক্যের অন্তর্গত, 'ত্বং' পদার্থ (অর্থাৎ জীবাত্মা) নিরূপিত হইয়াছে। দ্বিতীয় কাণ্ডে (২য় ষট্‌কে) উপাসনারূপ ভগবদ্ভক্তিমার্গ প্রদর্শন দ্বারা উক্ত মহাবাক্যান্তর্গত 'তৎ' পদার্থ (পরমানন্দরূপ পরমাত্মা) নিরূপিত হইয়াছে; তৃতীয় কাণ্ডে (৩য় ষট্‌কে) 'অসি' (অর্থাৎ হও) পদপ্রতিপাদ্য 'তৎ' ও 'ত্বং' পদার্থের অভেদরূপ বিশদ রূপে বর্ণিত হইয়াছে। এই অষ্টাদশাধ্যায়াত্মক গীতাশাস্ত্রে কাণ্ডত্রয়ের এইরূপ পরস্পর সম্বন্ধ রহিয়াছে, এবং ইহাতে প্রত্যেক অধ্যায়ের বিশেষরূপ সম্বন্ধ লক্ষিত হইতেছে। বিশেষতঃ, কাম্য ও নিষিদ্ধ (৩) কর্ম্ম পরিহার পূর্ব্বক, মুক্তি-সাধনোপায়-স্বরূপ নিষ্কাম-কর্ম্মনিষ্ঠাই এই শাস্ত্রের প্রধান

দুঃখং দ্বেধা—আধিভৌতিকং আধিদৈবিকঞ্চ। তত্রাধিভৌতিকং মানুষ-পশু-মৃগ-পক্ষি-সরীসৃপ-স্থাবর-নিমিত্তম্। আধিদৈবিকং যক্ষ-রাক্ষস-বিনায়ক-গ্রহাদ্যাবেশনিবন্ধনম্॥ ইতি সাংখ্যতত্ত্বকৌমুদী॥

(২) তৎ ত্বমসি—একমেবাদ্বিতীয়ং সৎ নামরূপবিবর্জ্জিতম্॥ সৃষ্টেঃ পুরাধুনাপ্যস্য তাদৃক্‌ত্বং তদিতীর্য্যতে॥ শ্রোতুর্দ্দেহেন্দ্রিয়াতীতং বস্ত্বত্র ত্বম্পদেরিতম্। একতা গ্রাহ্যতেঽসীতি তদৈক্যমনুভূয়তামিতি। পঞ্চদশী মহাবাক্যবিবেক॥

"তৎ ত্বমসি" সামবেদীয় ছান্দোগ্যশ্রুতিস্থ মহাবাক্য। এই মহাবাক্যের মধ্যে "তৎ" "ত্বম্" ও "অসি" এই তিনটী পদ সন্নিবিষ্ট আছে। প্রত্যেক পদের অর্থও পৃথক্ পৃথক্। যথা—

(ক) "তৎ"—"সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্"। "হে সৌম্য! সৃষ্টির পূর্ব্বে এই পরিদৃশ্যমান জগৎ একই অদ্বিতীয় সৎ (ব্রহ্মই) ছিলেন"। এই শ্রুতিবাক্য দ্বারা সৃষ্টির পূর্ব্বে নাম-রূপ বিবর্জ্জিত স্বগতাদি-ভেদ শূন্য যে সৎ বস্তুই প্রতিপাদিত হইয়াছে, বিচার দৃষ্টি দ্বারা এক্ষণেও অর্থাৎ সৃষ্টির উত্তর কালেও সেই সদ্বস্তুর স্বগতাদি-ভেদশূন্যত্ব প্রতিপাদনই তৎপদের অর্থ। অর্থাৎ বিশেষ বিচার করিয়া দেখিলে জানা যায় যে, এই পরিদৃশ্যমান নানাবিধ নাম রূপে বিভক্ত জগৎ যে অদ্বিতীয় সদ্বস্তু হইতে সৃষ্ট হইয়াছে, সেই সদ্বস্তুর সত্তাতেই এই জড় জগতের সত্তার উপলব্ধি হইতেছে, বস্তুতঃ এই জগৎ মিথ্যা। অতএব যে ভেদ রহিত সদ্বস্তু সৃষ্টির পূর্ব্বে ছিলেন, এইক্ষণেও সেই সদ্বস্তু রহিয়াছেন। সেই সদ্বস্তুই তৎ পদের অর্থ।

(খ) ত্বম্—যে সাধক শ্রবণ মননাদি অনুষ্ঠান দ্বারা মহাবাক্যের অর্থ জ্ঞাত হইয়াছেন, তাঁহার দেহও ইন্দ্রিয়াতীত, অর্থাৎ স্থূল সূক্ষ্ম ও কারণ এই ত্রিবিধ শরীরের সাক্ষী (অন্তর্য্যামী) বলিয়া, উক্ত শরীরত্রয় হইতে সম্পূর্ণ পৃথক্ যে সদ্বস্তু, তাহাই ত্বম্পদের অর্থ, শ্রবণ মননাদি অনুষ্ঠান না করিলে, শরীরত্রয় হইতে সদ্বস্তুকে পৃথক্ করিতে পারা যায় না। কঠশ্রুতিতেও উক্ত বিষয় সদৃষ্টান্ত বর্ণিত আছে। যেমন মুঞ্জা নামক তৃণ বিশেষের উপরিস্থ স্থূল পত্ররূপ আবরণ হস্ত দ্বারা উন্মোচন করিলে, তন্মধ্যস্থ কোমল তৃণ পৃথক্ করা যায়, সেইরূপ ব্রহ্মচর্য্যাদি সাধন সম্পন্ন অধিকারী, শ্রবণ মননাদির অনুষ্ঠান দ্বারা শরীরত্রিতয়রূপ আবরণ উন্মোচন পূর্ব্বক, তদ্রূপ পরম ব্রহ্মকে পৃথগ্‌ভূত করেন।

(গ) "অসি" এই পদদ্বারা "তৎ" সেই অর্থাৎ তুরীয় চৈতন্য ও "ত্বং" তুমি অর্থাৎ জীব চৈতন্য এই দুই পদের অভেদত্ব প্রতিপাদিত হইয়াছে।

(৩) কাম্য কর্ম্ম—স্বর্গাদীষ্টসাধনানি জ্যোতিষ্টোমাদীনি॥ স্বর্গাদি অভিলষিত বিষয় সাধন জ্যোতিষ্টো-

প্রতিপাদ্য। ভগবানের নাম-জপ ও তপঃস্তবনাদি উপাসনা রূপ পরম ধর্ম্মের অনুষ্ঠান করিতে করিতে, বিশুদ্ধচেতা মানবের হৃদয়ে ক্রমে সুদৃঢ়রূপে নিত্যানিত্য-বস্তুবিবেক (৪), বশীকার-ভেদ, ইহামুত্র ফলভোগ-বিষয়ে বৈরাগ্য (৫) শমাদি ষট্ সম্পত্তি (৬) সন্ন্যাস ধর্ম্ম, এবং সর্ব্ববিষয় পরিহার পূর্ব্বক গুরু ও বেদান্ত-(৭) বাক্যে শ্রদ্ধা উৎপন্ন হইবে। তৎপরে উপদেশের নিমিত্ত গুরু-সমীপে গমন ও সন্দেহ-ভঞ্জনার্থ উত্তর মীমাংসা (৮) নামে প্রসিদ্ধ বেদান্ত শাস্ত্র-শ্রবণে অভিলাষ হইবে। তৎপরে, গুরুমুখে বেদান্ত-বাক্য শ্রবণ করিতে করিতে, সন্দেহ বিলীন হইলে একান্তে তাহা মনন করিয়া, যোগশাস্ত্রানুসারে নিদিধ্যাসনে (৯) প্রবৃত্তি হইবে। তদনন্তর বিশুদ্ধচিত্তে সেই মহাবাক্য-(অর্থাৎ 'তত্ত্বমসি') প্রতিপাদিত জীব ও ব্রহ্মের অভেদ-বিষয়ে যথার্থ জ্ঞান উৎপন্ন হইয়া থাকে; অতঃপর সেই শব্দ ('তত্ত্বমসি' এই মহাবাক্য) হইতে নির্ব্বিকল্প সমাধি জন্মিবে, তত্ত্বজ্ঞানাভ্যাস-বশতঃ অবিদ্যারও নিবৃত্তি হইবে। চিত্তাবরণ রূপ অবিদ্যা-নিবৃত্তির সঙ্গে সঙ্গেই ভ্রম এবং সংশয়ও বিনষ্ট হইবে, তত্ত্বজ্ঞান-প্রভাবে সঞ্চিত কর্ম্ম সকলও নিবৃত্তি হইবে, এবং ভবিষ্যৎ কর্ম্মও আর উৎপন্ন হইবে না। কিন্তু আরব্ধ কর্ম্ম ক্ষয় হইলেও, সঞ্চিত বাসনা ক্ষয় হইবে না, তাহা অত্যন্ত বলবতী ও লয় পর্য্যন্ত কিছুতেই শান্তি লাভ করিবে না।

মাদি যজ্ঞের নাম কাম্য কর্ম্ম॥ নিষিদ্ধকর্ম্ম—নরকাদ্যনিষ্টসাধনানি ব্রহ্মহননাদীনি॥ নরকাদি অনিষ্টজনক ব্রহ্মহত্যাদি ক্রিয়ার নাম নিষিদ্ধকর্ম্ম॥ ইতি বেদান্তসার।

(৪) নিত্যানিত্যবস্তুবিবেকস্তাবৎ ব্রহ্মৈব নিত্যং বস্তু ততোঽন্যদখিলমনিত্যমিতি বিবেচনম্॥ ইতি বেদান্তসার।

(৫) ইহামুত্রফলভোগবৈরাগ্য—ঐহিকানাং স্রক্‌চন্দনাদিবিষয়ভোগানাং কর্ম্মজন্যতয়া অনিত্যত্ববৎ আমুষ্মিকাণামপ্যমৃতাদিবিষয়ভোগানামনিত্যতয়া তেভ্যো নিতরাং বিরতিঃ॥ ইতি বেদান্তসার।

(৬) শমাদি ষট্‌সম্পত্তি—শম-দমোপরতি তিতিক্ষা-সমাধান-শ্রদ্ধাঃ। শমস্তাবৎ, শ্রবণাদিব্যতিরিক্তবিষয়েভ্যো মনসো নিগ্রহঃ॥ দমঃ—বাহ্যেন্দ্রিয়াণাং তদ্ব্যতিরিক্তবিষয়েভ্যো নিবর্ত্তনম্। উপরতিঃ নিবর্ত্তিতানামেতেষাং তদ্ব্যতিরিক্তবিষয়েভ্য উপরমণম্; অথবা বিহিতানাং কর্ম্মণাং বিধিনা পরিত্যাগঃ। তিতিক্ষা—শীতোষ্ণাদিদ্বন্দ্বসহিষ্ণুতা। সমাধানং—নিগৃহীতস্য মনসঃ শ্রবণাদৌ তদনুগুণবিষয়ে সমাধিঃ। শ্রদ্ধা—গুরুবেদান্তবাক্যেষু বিশ্বাসঃ॥ ইতি বেদান্তসার।

(৭) বেদান্ত বেদব্যাস প্রণীত দর্শনশাস্ত্রবিশেষ। বেদান্তো নাম উপনিষৎপ্রমাণম্ তদুপকারীণি শারীরকসূত্রাদীনি চ॥ ইতি বেদান্তসার।

(৮) উত্তরমীমাংসা ষড়্দর্শনান্তর্গত দর্শনশাস্ত্র বিশেষ। তাহা দুইভাগে বিভক্ত। পূর্ব্ব মীমাংসা ও উত্তর মীমাংসা। তন্মধ্যে পূর্ব্বমীমাংসা জৈমিনী-কৃত দ্বাদশাধ্যায়যুক্ত। তাহাতে যজ্ঞাদি কর্ম্মকাণ্ড নিরূপিত হইয়াছে। লোক-ব্যবহারার্থ মনু-যাজ্ঞবল্ক্যাদি-কৃত ধর্ম্মশাস্ত্রও ইহার অন্তর্গত। উত্তরমীমাংসা অর্থাৎ বেদান্ত, ভগবান বেদব্যাস প্রণীত অধ্যায় চতুষ্টয়যুক্ত, ব্রহ্মনিরূপণই এই শাস্ত্রের মুখ্য উদ্দেশ্য। তদভিপ্রায়ে সৃষ্টি ও প্রলয়ের ক্রম ও এই শাস্ত্রে বিস্তাররূপে নির্দ্দিষ্ট হইয়াছে।

(৯) নিদিধ্যাসনম্—বিজাতীয়দেহাদিপ্রত্যয়রহিতাদ্বিতীয়বস্তুসজাতীয়প্রবাহঃ। ইতি বেদান্তসার।

অতএব ধারণা, ধ্যান, সমাধি (১০) এই ত্রিতয় আর যমাদি পঞ্চ (১১) এই অষ্টাঙ্গ যোগ অভ্যাস করিতে হইবে। সর্ব্বদা ঈশ্বরের ধ্যান-দ্বারা সমাধি যোগ সিদ্ধ হইলে, মনোনাশ (১২) ও বাসনা ক্ষয় হইবে। তত্ত্বজ্ঞান, মনোনাশ ও বাসনাক্ষয় এককালে এই তিনের সম্পাদন হইলে দৃঢ়রূপে জীবন্মুক্তি হয়।

এরূপ নির্ব্বিকল্প-সমাধি-(১৩) বিশিষ্ট ব্রাহ্মণ ব্রহ্মবাদিগণের মধ্যে শ্রেষ্ঠ, গুণাতীত স্থিতপ্রজ্ঞ ও বিষ্ণুভক্তরূপে কথিত হইয়া থাকেন। এরূপে কৃতকৃত্য ও আত্মতুষ্ট পুরুষের বর্ণাশ্রমোক্ত ক্রিয়া-কলাপ এবং বিধি-নিষেধবিধায়ক বেদাদি শাস্ত্রেরও কোন প্রয়োজন করে না। যাঁহার দেবতা ও গুরুর প্রতি অকৃত্রিম ভক্তি, সেই মহাত্মার জন্য এই সকল বিষয় প্রকাশিত হইয়াছে, ইত্যাদি শ্রুতি দ্বারা প্রতীতি হইতেছে যে, সকল অবস্থাতেই পুরুষের কায়মনোবাক্য দ্বারা ভগবদ্ভক্তির বিশেষ প্রয়োজন। চিত্তশুদ্ধির নিমিত্ত অনুষ্ঠিত ভক্তিযোগই সাধকদিগকে পূর্ব্ব ভূমিতে (১৪) আনয়ন করে; বিঘ্নবাহুল্য প্রযুক্ত ভক্তিহীন-ক্রিয়ার ফলসিদ্ধি অতিশয় দুর্লভ। ভগবান্ হরি বলিয়াছেন, এরূপে পূর্ব্ব অভ্যাসের অবশীভূত পুরুষ বহুজন্মে সুসিদ্ধ হয়। ভগবান্ এই সকল বিষয় গীতাশাস্ত্রে প্রকাশ করিয়াছেন। অতএব এই গীতাশাস্ত্রের ব্যাখ্যা করিতে আমার মন অতিশয় উৎসুক হইয়াছে। নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠানই মুক্তির মূল কারণ, লৌকিক অনুরাগই তাহার প্রতিবন্ধক স্বরূপ; যে হেতু লোকানুরাগী মানবেরা স্বধর্ম্ম পরিত্যাগ, নিষিদ্ধ কর্ম্মের সেবা ও ফলাভিসন্ধিপূর্ব্বক সাহঙ্কার-ক্রিয়া সকলের অনুষ্ঠান করিতে অতিশয় আগ্রহ যুক্ত হইয়া

বিজাতীয়দেহাদিবুদ্ধ্যন্তজড়পদার্থবিষয়কপ্রত্যয়নিরাকরণেন সজাতীয়াদ্বিতীয়বস্তুবিষয়কপ্রত্যয়প্রবাহীকরণং নিদিধ্যাসনমিত্যর্থঃ॥ ইতি নৃসিংহসরস্বতীকৃত বেদান্তসার টীকা।

(১০) অদ্বিতীয়বস্তুন্যন্তরিন্দ্রিয়ধারণং ধারণা। তত্রাদ্বিতীয়বস্তুনি বিচ্ছিদ্য অন্তরিন্দ্রিয়বৃত্তিপ্রবাহো ধ্যানম্। সমাধি—ধ্যেয়মেবহি সর্ব্বত্র ধ্যাতা তন্ময়তাং গতঃ। পশ্যতি দ্বৈতরহিতং সমাধিঃ সোঽভিধীয়তে। ইতি গরুড় পুরাণ।

(১১) যমাদি পঞ্চ—তত্রাহিংসা সত্যাস্তেয় ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ॥ ১॥ শৌচসন্তোষ তপঃস্বাধ্যায়েশ্বর-প্রণিধানানি নিয়মাঃ॥ ২॥ করচরণাদিসংস্থানবিশেষলক্ষণানি পদ্মস্বস্তিকাদীনি আসনানি॥ ৩॥ রেচক-পূরক-কুম্ভক-লক্ষণাঃ প্রাণনিগ্রহোপায়াঃ প্রাণায়ামাঃ॥ ৪॥ ইন্দ্রিয়াণাং স্বস্ববিষয়েভ্যঃ প্রত্যাহরণং প্রত্যাহারঃ॥৫॥ ইতি বেদান্তসার।

পূর্ব্বোক্ত ধ্যান ধারণা সমাধি ও এই যমাদিপঞ্চকেই যোগশাস্ত্রোক্ত অষ্টাঙ্গ যোগ বলে।

(১২) মনো নাম সঙ্কল্পবিকল্পাত্মিকান্তঃকরণবৃত্তিঃ ইতি বেদান্তসার। তস্য নাশঃ বিলয়ঃ। অর্থাৎ সঙ্কল্পবিকল্পাত্মক অন্তঃকরণবৃত্তিবিশেষের বিলীন হওয়াই মনোনাশ।

(১৩) নির্ব্বিকল্প সমাধি—ধ্যাতৃ ধ্যানে পরিত্যজ্য ক্রমাদ্ধ্যেয়ৈকগোচরম্। নির্ব্বাতদীপবচ্চিত্তং সমাধিরভিধীয়তে॥ ইতি পঞ্চদশী তত্ত্ববিবেক।

(১৪) পূর্ব্বভূমি যোগিনামবস্থাবিশেষঃ।

থাকে। সংসারাবিষ্ট পুরুষ স্বীয় পাপের দ্বারা পুরুষার্থের (১৫) অযোগ্য হইয়া, কেবল দুঃখ-সন্ততিই প্রাপ্ত হইয়া থাকে। এই সংসারে প্রাণিমাত্রেরই দুঃখ স্বভাবতঃ দ্বেষ্য; অতএব তৎসাধনভূত শোক-মোহাদিকে সর্ব্বদা পরিত্যাগ করিবে। বহুজন্ম হইতে বদ্ধমূল দুঃখের কারণীভূত, দুস্ত্যাজ্য শোকমোহাদি কিরূপে দূরীভূত হইবে, এতদ্বিষয়ক জ্ঞানাভিলাষী, ও পুরুষার্থ-বিমুখোন্মুখ নরনারায়ণ অর্জ্জুনকে প্রবোধ দিবার অভিপ্রায়ে, ভগবান্ সর্ব্বোত্তম গীতাশাস্ত্র ব্যক্ত করিয়াছেন।

জগদ্বিখ্যাত মহানুভব অর্জ্জুন গুরু পুত্র ও মিত্রাদিতে 'ইহারা আমার, আমি ইহাদের' এরূপ বিশ্বাসের বশবর্ত্তী হইলেন এবং স্বধর্ম্মসাধনরূপ যুদ্ধে স্বয়ং প্রবৃত্ত হইয়াও স্নেহ হেতু শোক মোহাদি দ্বারা অভিভূত বিবেক-বিজ্ঞান-বশতঃ তাহা হইতে বিরত হইয়া, ক্ষত্রিয়ধর্ম্ম-নিষিদ্ধ-বৃত্তি অবলম্বন করিলেন। এরূপ মহামোহ-সাগরে নিমগ্ন অর্জ্জুন, ভগবদুপদেশ-দ্বারা পরমবিদ্যা লাভ করিয়া, শোক-মোহাদিকে দূর করতঃ, স্বধর্ম্মে প্রবৃত্ত ও কৃতকৃত্য হইলেন। অতএব এই বিদ্যা সর্ব্বোৎকৃষ্ট ও মহাপ্রয়োজনীয়, তাহার সন্দেহ নাই। ভগবৎ-কর্ত্তৃক অর্জ্জুনের ন্যায় পরম গুণবান্ শিষ্যকে গীতাশাস্ত্রের উপদেশ প্রদত্ত হওয়ায়, ইহার অধিকারীও নিরূপিত হইয়াছে। মহারাজ ধৃতরাষ্ট্র, সঞ্জয়-মুখে পাণ্ডুপুত্রগণের জয়-লাভের হেতুসমূহ বহুবার শ্রবণ করিয়া, স্বপুত্রগণের রাজ্য-নাশ-ভয়ে এবং তাহাদের রাজ্য-প্রাপ্তির প্রত্যাশায়, সঞ্জয়কে জিজ্ঞাসা করিয়াছেন। এই বাক্য বৈশম্পায়ন জনমেজয়কে বলিতেছেন (১৬)।

নীলকণ্ঠকৃত টীকা ॥

প্রণম্য ভগবৎপাদান্ শ্রীধরাদীংশ্চ সদ্গুরূন্। সম্প্রদায়ানুসারেণ গীতাব্যাখ্যাং সমারভে ॥
ভারতে সর্ব্ববেদার্থো ভারতার্থশ্চ কৃৎস্নশঃ। গীতায়ামস্তি তেনেয়ং সর্ব্বশাস্ত্রময়ী মতা ॥
কর্ম্মোপাস্তিজ্ঞানভেদৈঃ শাস্ত্রং কাণ্ডত্রয়াত্মকম্। অন্যে তূপাসনাকাণ্ডাৎ তৃতীয়ো নাতিরিচ্যতে ॥
"তদেব ব্রহ্ম বিদ্ধি ত্বং নেদং যদিদমুপাসতে।" ইতি শ্রুত্যৈব বেদস্য হ্যপাস্যাদন্যতেরিতা ॥
ইয়মষ্টাদশাধ্যায়ী ক্রমাৎ ষট্ কত্রিকেণ হি। কর্ম্মোপাস্তিজ্ঞানকাণ্ডত্রিতয়াত্মা নিগদ্যতে ॥

(১৫) পুরুষার্থ—পুরুষস্য প্রয়োজনম্, স চ চতুর্ব্বিধঃ ॥ ধর্ম্মার্থকামমোক্ষশ্চ পুরুষার্থাঃ উদাহৃতাঃ। ইত্যাগ্নিপুরাণ ॥ গোস্বামিমতে ভক্তিঃ পঞ্চমঃ পুরুষার্থঃ ॥

(১৬) মহর্ষি বাদরায়ণি-বেদব্যাসের শিষ্য বৈশম্পায়ন, গুরুর আদেশে, মহারাজ জনমেজয়ের সর্পযজ্ঞের দৈনন্দিন মধ্যাবকাশে ক্রমশঃ স্বকীয় গুরুদেব-প্রণীত ভারতকথা কীর্ত্তন করিয়াছিলেন। সুতরাং মহাভারতের বক্তা বৈশম্পায়ন এবং শ্রোতা সদস্যমণ্ডলী-পরিবৃত অর্জ্জুন-প্রপৌত্র পরীক্ষিত-নন্দন রাজা জনমেজয়। মহাভারত আদিপর্ব্ব ৫৯। ৬০ অধ্যায়।

নীলকণ্ঠকৃত টীকার তাৎপর্য্য।

সাম্প্রদায়িক (১) রীত্যনুসারে শ্রীধরাদি সদ্‌গুরুদিগকে (২) প্রণাম করিয়া গীতাশাস্ত্রের ব্যাখ্যা করণে প্রবৃত্ত হইলাম।

মহাভারত গ্রন্থে সমস্ত বেদার্থ ও ভারতের বিষয় সকল বর্ণিত হইয়াছে। এই গীতা-শাস্ত্রেও সেই সকল বিষয় আছে, তজ্জন্য এই গীতাকে পণ্ডিতগণ সর্ব্বশাস্ত্রময়ী বলিয়া ব্যাখ্যা করেন।

এই গীতাশাস্ত্রে কর্ম্ম উপাসনা ও জ্ঞানরূপ কাণ্ডত্রয় আছে। কেহ বলেন তৃতীয়কাণ্ড, অর্থাৎ জ্ঞানকাণ্ড, উপাসনাকাণ্ড হইতে অতিরিক্ত নহে।

"তুমি তাঁহাকেই ব্রহ্ম বলিয়া জান, যাঁহাকে উপাসনা করিতেছ তিনি ব্রহ্ম নহেন" এই শ্রুতি দ্বারা উপাস্য হইতে জ্ঞেয় বস্তুর পার্থক্য প্রতীত হইতেছে।

অষ্টাদশাধ্যায় এই গীতা ত্রিষট্‌ক দ্বারা ক্রমে কর্ম্ম উপাসনা ও জ্ঞান ভেদে ত্রিকাণ্ড রূপে কথিত হইয়া থাকে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী কৃত টীকা।

গৌরাংশুকঃ সৎকুমুদপ্রমোদী স্বাভিখ্যয়া গোস্তমসো নিহন্তা।
শ্রীকৃষ্ণচৈতন্যসুধানিধির্মে মনোঽধিতিষ্ঠন্ স্বরতিং করোতু॥ ১॥
প্রাচীনবাচঃ সুবিচার্য্য সোঽহমজ্ঞোঽপি গীতামৃতলেশলিপ্সুঃ।
যতেঃ প্রভোরেব মতে তদত্র সন্তঃ ক্ষমধ্বং শরণাগতস্য॥ ২॥

ইহ খলু সকলশাস্ত্রাভিমত-শ্রীমচ্চরণ-সরোজভজনঃ স্বয়ং ভগবান্ নরাকৃতিপরব্রহ্ম শ্রীবসুদেবসূনুঃ সাক্ষাৎ শ্রীগোপালপুর্য্যামবতীর্য্যাপার-পরমাতর্ক্য-স্বকৃপাশক্ত্যৈব প্রাপঞ্চিক-সকললোক-লোচন-গোচরীকৃতো ভবাব্ধিনিমজ্জমানান্ জগজ্জনানুদ্ধৃত্য স্বসৌন্দর্য্যমাধুর্য্যা-স্বাদনয়া স্বীয়প্রেমমহাম্বুধৌ নিমজ্জয়ামাস। শিষ্টরক্ষাদুষ্টনিগ্রহ-ব্রতনিষ্ঠ-মহিষ্ঠ-প্রতিষ্ঠোঽপি ভুবো ভারদুঃখাপহারমিষেণ দুষ্টানামপি স্বদ্বেষ্টৄণামপি মহাসংসারগ্রাহগ্রাসীভূতানামপি মুক্তিদানলক্ষণং পরমরক্ষণমেব কৃত্বা স্বান্তর্দ্ধানোত্তরকালজনিষ্যমাণানাদ্যবিদ্যাবন্ধনিবদ্ধ-

---

(১) সম্প্রদায়—শিষ্টপরম্পরাবতীর্ণোপদেশঃ। ইতি ভরতঃ। গুরুপরম্পরাগতসদুপদিষ্টব্যক্তিসমূহঃ। অথ কলৌ ভবিষ্যন্তি চত্বারঃ সম্প্রদায়িনঃ। শ্রী-ব্রহ্ম রুদ্র-সনকা বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ॥ ইতি পদ্মপুরাণম্॥

(২) সদ্‌গুরু-লক্ষণ—গুরবো বহবঃ সন্তি শিষ্যবিত্তাপহারকাঃ। দুর্লভোঽয়ং গুরুর্দেবি শিষ্যসন্তাপহারকঃ॥ ইত্যাদি। অন্যচ্চ। সর্ব্বশাস্ত্রার্থকৃতধীঃ কৃতজ্ঞঃ শিষ্যবৎসলঃ। নিগ্রহানুগ্রহে শক্তো হোমমন্ত্রপরায়ণঃ॥ উহাপোহপ্রকারজ্ঞঃ শুদ্ধাত্মা যঃ কৃপালয়ঃ। ইত্যাদিলক্ষণৈর্যুক্তো গুরুঃ স্যাদাগমাম্বুধিঃ॥ ইতি মন্ত্রমুক্তাবল্যাম্॥

শোকমোহাভ্যাকুলানপি জীবানুদ্ধর্তুং শাস্ত্রকৃন্মুনিগণগীয়মানযশশ্চ ধর্তুং স্বপ্রিয়সখং তাদৃশস্বেচ্ছা-বশাদেব রণমূর্দ্ধ্ন্যুদ্ভূতশোকমোহং শ্রীমদর্জ্জুনং লক্ষ্যীকৃত্য কাণ্ডত্রিতয়াত্মকসর্ব্ববেদতাৎপর্য্যপর্য্য-বসিতার্থরত্নালঙ্কৃতং শ্রীগীতাশাস্ত্রমষ্টাদশাধ্যায়মন্তর্ভূতাষ্টাদশবিদ্যং সাক্ষাদ্বিদ্যমানীকৃতমিব পরমপুরুষার্থমাবির্ভাবয়াম্বভূব। তত্রাধ্যায়ানাং প্রথমেণ ষট্‌কেন নিষ্কামকর্ম্মযোগঃ, দ্বিতীয়েন ভক্তিযোগঃ, তৃতীয়েন জ্ঞানযোগো দর্শিতঃ। তত্রাপি ভক্তিযোগস্যাতিরহস্যত্বাদুভয়সঞ্জীবকত্বে-নাভ্যর্হিতত্বাৎ সর্ব্বদুর্ল্লভত্বাচ্চ মধ্যবর্ত্তীকৃতঃ। কর্ম্মজ্ঞানয়োর্ভক্তিরাহিত্যেন বৈয়র্থ্যাৎ তে দ্বে ভক্তিমিশ্রে এব সম্মতীকৃতে। ভক্তিস্তু দ্বিবিধা—কেবলা,প্রধানীভূতা চ। তত্রাদ্যা স্বত এব পরমপ্রবলা। তে দ্বে বিনৈব বিশুদ্ধপ্রভাবতী অকিঞ্চনা অনন্যাদিশব্দবাচ্যা। দ্বিতীয়া তু কর্ম্মজ্ঞানমিশ্রেত্যখিলমগ্রে বিবৃতীভবিষ্যতি। অথার্জ্জুনস্য শোকমোহৌ কথম্ভূতাবিত্যপেক্ষায়াং মহাভারতবক্তা শ্রীবৈশম্পায়নো জনমেজয়ং প্রতি তত্র ভীষ্মপর্ব্বণি কথামবতারয়তি।

বিশ্বনাথকৃত টীকার তাৎপর্য্য।

যিনি সজ্জন-কুমুদ-প্রমোদকারী এবং যিনি স্বীয় নাম (শোভা) দ্বারা জগতের তমোরাশি বিনষ্ট করিয়াছেন, গৌরাংশুক (১) (গৌরবর্ণ অর্থাৎ শ্বেতরশ্মি) সেই শ্রীকৃষ্ণ চৈতন্যরূপ সুধানিধি (চন্দ্র) আমার মনোমধ্যে অধিষ্ঠিত হইয়া আত্মরতি লাভ করুন ॥ ২ ॥ আমি অত্যন্ত মন্দমতি হইয়াও, প্রাচীন বাক্য সকল বিচার পূর্ব্বক, যতিপ্রবর প্রভুর

(১) শ্রুত্বা তু কলিধর্ম্মাংস্তান্ ব্রহ্মা লোকপিতামহঃ। সর্ব্বলোকহিতার্থায় প্রোবাচ মধুসূদনম্ ॥ ভবিষ্যতি কলৌ কেনোপায়েন ধর্ম্মপালনম্। ভক্তিমার্গস্থিতিঃ কস্মাৎ তদ্বদস্ব জগদ্‌গুরো ! ॥

শ্রীভগবানুবাচ। অবতীর্ণো ভবিষ্যামি কলৌ নিজগুণৈঃ সহ। শচীগর্ভে নবদ্বীপে স্বধুনীপরিবারিতে ॥ অপ্রকাশ্যমিদং গুহ্যং ন প্রকাশ্যং বহির্ম্মুখে। ভক্তাবতারং ভক্তাখ্যং ভক্তং ভক্তিপ্রদং স্বয়ম্ ॥ মন্মায়ামোহিতাঃ কেচিন্ন জ্ঞাস্যন্তি বহির্ম্মুখাঃ। জ্ঞাস্যন্তি মদ্ভক্তিযুক্তাঃ সাধবো ন্যাসিনোঽমলাঃ ॥ কৃষ্ণাবতারকালে যাঃ স্ত্রিয়ো যে পুরুষাঃ প্রিয়াঃ। কলৌ তেঽবতরিষ্যন্তি শ্রীদামসুবলাদয়ঃ ॥ চতুঃষষ্টির্মহান্তস্তে গোপা দ্বাদশ বালকাঃ। ধর্ম্মসংস্থাপনার্থায় বিহরিষ্যামি তৈরহম্ ॥ কালে নষ্টং ভক্তিপথং স্থাপয়িষ্যাম্যহং পুনঃ। কৃষ্ণচৈতন্যগৌরাঙ্গো গৌরচন্দ্রো গৌরহরিঃ ॥ শচীসুতঃ প্রভুর্গৌরো নামানি ভক্তিদানি মে ॥ ইতি অনন্তসংহিতা।

৮ মহাপ্রভু ১৪০৭ শকে উত্তরফল্গুনী নক্ষত্রে, ফাল্গুন পৌর্ণমাসীতে, সুরধুনী-পরিবেষ্টিত শ্রীমন্নবদ্বীপ ধামে, শ্রীমজ্জগন্নাথ-মিশ্রের ঔরসে, শ্রীমতী শচীদেবীর গর্ভে, একাধারে পুরুষপ্রকৃতিরূপে, শ্রীমদ্ভগবান্ শ্রীকৃষ্ণ চৈতন্য প্রভু নামে, আবির্ভূত হইয়াছিলেন। দ্বাপরে কৃষ্ণাবতার-কালে যে যে স্ত্রী-পুরুষ বৃন্দাবনে জন্মগ্রহণ করিয়া, ভগবানের প্রিয় হইয়াছিলেন, কলিযুগে শ্রীকৃষ্ণচৈতন্যাবতার কালে তাঁহারাই রূপান্তর পরিগ্রহ করিয়া, আবির্ভূত হইয়াছিলেন। শ্রীচৈতন্য বাল্যকালে গঙ্গাধর পণ্ডিতের নিকট শাস্ত্র অধ্যয়ন করিয়া, অল্প বয়সেই সুপণ্ডিত হন। শ্রীকৃষ্ণ চৈতন্য শ্রীমতী বিষ্ণুপ্রিয়া নাম্নী কামিনীর পাণিগ্রহণ করিয়াছিলেন, এবং পঞ্চবিংশতি বৎসর বয়সে সংসার আশ্রম পরিত্যাগ করিয়া দেশে দেশে জীবের কল্যাণার্থ হরিনাম প্রচার করেন। চৈতন্য চরিতামৃত গ্রন্থে মহাপ্রভুর লীলাকাহিনী বিশেষরূপে বর্ণিত আছে।

মতানুসারে, গীতামৃত কথার অভিলাষী হইয়াছি; শরণাগত জনের এই অভিলাষকে পণ্ডিতগণ ক্ষমা করিবেন ॥ ২ ॥

এই সংসারে যাঁহার শ্রীমচ্চরণারবিন্দ ভজন সকল শাস্ত্রানুমোদিত, সেই পরব্রহ্ম, নরাকৃতি ভগবান্ বসুদেবের পুত্র রূপে, গোপালপুরীতে সাক্ষাৎ অবতীর্ণ হইয়াছেন এবং যিনি অসীম ও অতর্ক্য কৃপাশক্তি দ্বারা প্রপঞ্চ লোক সকলের নয়নগোচর হইয়াছেন, তিনি ভব-সাগরে নিমগ্ন সকল প্রাণিকে উদ্ধার করিয়া স্বসৌন্দর্য্য-মাধুর্য্যাস্বাদনের নিমিত্ত, স্বকীয় প্রেমসাগরে নিমগ্ন করিয়াছেন; শিষ্ট রক্ষা ও দুষ্ট নিগ্রহরূপ ব্রতে অতিশয় প্রতিষ্ঠিত হইয়া ভূ-ভার হরণের ছলে, দুষ্ট ও সংসাররূপ মহা কুম্ভীর কর্ত্তৃক গ্রস্ত স্বশত্রুদিগেরও মুক্তি দান-লক্ষণ (২) পরম রক্ষা করিয়া অন্তর্হিত হইলে পর, অনাদি অবিদ্যা বন্ধন নিবন্ধন শোক-মোহাদি দ্বারা আকুল হইয়া যে সকল জীব জন্মগ্রহণ করিবে, তাহাদের উদ্ধারের নিমিত্ত ও শাস্ত্র রচয়িতা মুনিগণ কর্ত্তৃক গীয়মান ভগবদ্যশকে ধারণা করিবার নিমিত্ত যুদ্ধক্ষেত্রে শোক-মোহাভিভূত প্রিয় সখা অর্জ্জুনকে লক্ষ্য করিয়া, কাণ্ডত্রয়াত্মক সর্ব্ববেদ-তাৎপর্য্য-পর্য্যবসিতার্থরূপ রত্ন দ্বারা অলঙ্কৃত, অষ্টাদশ বিদ্যা (৩) পরিপূরিত, যেন পরম পুরুষার্থরূপে সাক্ষাৎ বিগ্রহমান, এই গীতাশাস্ত্র প্রকাশিত করিয়াছেন। এই গীতাশাস্ত্রে অষ্টাদশ অধ্যায়; প্রথম ছয় অধ্যায়ে নিষ্কাম কর্ম্মযোগ, দ্বিতীয় ছয় অধ্যায়ে ভক্তিযোগ, তৃতীয় ছয় অধ্যায়ে জ্ঞানযোগ প্রদর্শিত হইয়াছে। ভক্তিযোগ অতিশয় গূঢ় এবং কর্ম্ম ও জ্ঞানের মূল কারণ স্বরূপ; অতএব অতিশয় শ্রেষ্ঠ এবং সর্ব্বদুর্লভ বলিয়া মধ্যবর্ত্তী ছয় অধ্যায়ে সন্নিবিষ্ট করিয়াছেন।

(২) শত্রুকেও বিনাশ করিয়া ভগবান্ মুক্তি প্রদান করেন, তাহার উদাহরণ;—চৈদ্যদেহোত্থিতম্ জ্যোতির্বাসুদেবমুপাবিশৎ। পশ্যতাং সর্ব্বভূতানামুল্কেব ভুবি খাচ্চ্যুতা॥ জন্মত্রয়ানুগুণিতম্ বৈরসংরব্ধয়া ধিয়া। ধ্যায়ংস্তন্ময়তাং যাতো ভাবো হি ভবকারণম্॥ ভাগবত ॥ ১০। ৭৪ ॥ বৈকুণ্ঠধামে ভগবানের জয় নামক পার্ষদ বালখিল্যাদি মুনিগণের শাপে প্রথমতঃ হিরণ্যকশিপু রূপে জন্মগ্রহণ করেন; ভগবান্ নৃসিংহ রূপে তাঁহাকে বধ করেন। পরে রাবণরূপে জন্মগ্রহণ করিলে ভগবান্ রামরূপে তাঁহাকে সংহার করেন। পুনর্ব্বার শাপভ্রষ্ট জয় শিশুপালরূপে জন্মগ্রহণ করিয়া ঘোরতর ভগবদ্বিদ্বেষী হইলে শ্রীকৃষ্ণ একোনশতবার তাঁহাকে ক্ষমা করেন। তদনন্তর যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞে তাঁহার অত্যাচার সহ্য করিতে না পারিয়া, সুতীক্ষ্ণ চক্রদ্বারা শিরশ্ছেদন করেন। সর্ব্বজন সমক্ষে মরণান্তে শিশুপাল উল্কারূপে বাসুদেবের শরীরে প্রবিষ্ট হইয়াছিলেন। কঠোর ব্রত-পরায়ণ সাধুগণের যে সৌভাগ্য ঘটে না, আজন্ম ভগবদ্বিদ্বেষী শিশুপালের সে সৌভাগ্য কিরূপে ঘটিল, এই আশঙ্কা পরিহারার্থ শুকদেব বলিতেছেন, পূর্ব্বোক্ত জন্মত্রয়াবধি বৈরভাব বশতঃ শিশুপালের বুদ্ধি একান্ত ভগবদাবিষ্ট হইয়া তৎস্বরূপ প্রাপ্ত হইয়াছিল এবং তদ্ধেতু দেহাত্যয় হইলে তিনি পুনর্ব্বার ভগবানের পার্ষদ হইয়াছিলেন। সুতরাং চিন্তার একাগ্রতা তদ্রূপ প্রাপ্তির কারণ। কাঁচপোকা কর্ত্তৃক আক্রান্ত আরশোলার ঘটনা ইহার উদাহরণ স্থল।

(৩) অষ্টাদশবিদ্যা—অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। ধর্ম্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ। আয়ুর্ব্বেদো ধনুর্ব্বেদো গান্ধর্ব্বশ্চেতি তে ত্রয়ঃ। অর্থশাস্ত্রং চতুর্থঞ্চ বিদ্যা হ্যষ্টাদশৈব তাঃ॥ ইতি বিষ্ণুপুরাণম্

ভক্তি রহিত কর্ম্ম ও জ্ঞান উভয়ই বৃথা (৪) এজন্য সাধকগণ কর্ম্ম ও জ্ঞান উভয়ই ভক্তি মিশ্রিত করিয়া, সাধন করিতে বিধি প্রদান করিয়াছেন।

ভক্তি (৫) দ্বিবিধা ; কেবলা ও প্রধানীভূতা, কেবলা ভক্তি স্বতঃই পরম প্রবলা (স্বতন্ত্রা) এবং কর্ম্ম ও জ্ঞানের সাহায্য ব্যতীতও স্বয়ং বিশুদ্ধ প্রভাবতী : ইহা অকিঞ্চনা ভক্তি ও অনন্যা ভক্তি ইত্যাদি নামে উক্ত হইয়াছে।

প্রধানভূতা ভক্তি কর্ম্মপ্রধানীভূতা, জ্ঞানপ্রধানীভূতা ; অগ্রে এই সকল বিষয় বিশেষ বিস্তারিতরূপে আলোচনা করা যাইবে।

অনন্তর, অর্জ্জুনের শোক-মোহ কেন হইয়াছিল, জনমেজয় এরূপ প্রশ্ন করিলে, মহাভারত বক্তা বৈশম্পায়ন ভীষ্ম পর্ব্বের কথা অবতরণ করিতেছেন—ধৃতরাষ্ট্র উবাচেত্যাদি।

যামুন মুনি।—বিগাহে যামুনং তীর্থং সাধুবৃন্দাবনে স্থিতম্। নিরস্তজিহ্মগস্পর্শে যত্র কৃষ্ণঃ কৃতাদরঃ॥ স্বধর্ম্মজ্ঞানবৈরাগ্যসাধ্যভক্ত্যেকগোচরঃ। নারায়ণঃ পরংব্রহ্ম গীতাশাস্ত্রে সমীরিতঃ। জ্ঞানকর্ম্মাত্মিকে নিষ্ঠে যোগলক্ষে সুসংস্কৃতে। আত্মানুভূতিসিদ্ধ্যর্থে পূর্ব্বষট্‌কেন চোদিতে। মধ্যমে ভগবত্তত্ত্বযাথাত্ম্যাবাপ্তিসিদ্ধয়ে। জ্ঞানকর্ম্মাভিনির্ব্বর্ত্ত্যো ভক্তিযোগপ্রকীর্ত্তিতঃ॥ প্রধানপুরুষব্যক্তসর্ব্বেশ্বরবিবেচনম্। কর্ম্মধীর্ভক্তিরিত্যাদি পূর্ব্বশেষোঽন্তিমোদিতঃ॥

যামুন মুনির তাৎপর্য্য।—সর্পবিষ-স্পর্শনিবৃত্তি করিয়া শ্রীকৃষ্ণ যাহাকে অতি সমাদর করিয়াছিলেন, বৃন্দাবনস্থিত মনোহর সেই যামুন তীর্থে আমি অবগাহন করি। স্বকীয় ধর্ম্ম, জ্ঞান ও বৈরাগ্যজনিত ভক্তির একমাত্র বিষয় পরব্রহ্ম নারায়ণ এই গীতাশাস্ত্রের প্রতিপাদ্য। ইহার প্রথম ষট্‌কে ব্রহ্মজ্ঞান সিদ্ধির নিমিত্ত, জ্ঞান ও কর্ম্ম নিষ্ঠারূপ যোগদ্বয় মধ্যম ষট্‌কে ভগবত্তত্ত্বের যাথাত্ম্য জ্ঞানের নিমিত্ত জ্ঞান কর্ম্ম সংসাধিত ভক্তিযোগ, অন্তিম ষট্‌কে প্রকৃতি, পুরুষ ও জগৎ এই তিনের বিচারসহ কর্ম্ম, জ্ঞান এবং ভক্তিযোগ সমালোচিত হইয়াছে।

(৪) ভক্তিরহিত কর্ম্ম ও জ্ঞান যথা ; নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতং ন শোভতে জ্ঞানমলং নিরঞ্জনম্। কুতঃ পুনঃ শশ্বদভদ্রমীশ্বরে ন চার্পিতং কর্ম্ম যদপ্যকারণম্॥ যেঽন্যেঽরবিন্দাক্ষ বিমুক্তমানিনস্ত্বয্যস্তভাবাদবিশুদ্ধবুদ্ধয়ঃ। আরুহ্য কৃচ্ছ্রেণ পরম্ পদম্ ততঃ পতন্ত্যধো নাদৃতযুষ্মদঙ্ঘ্রয়ঃ॥ ইতি ভাগবত।

(৫) ভক্তি—বা সা পরানুরক্তিরীশ্বরে॥ ইতি শাণ্ডিল্যসূত্রম্॥ শ্রীমদ্ভাগবতে ভক্তির নবলক্ষণ নিরূপিত হইয়াছে। প্রহ্লাদোক্তি যথা—শ্রবণম্ কীর্ত্তনম্ বিষ্ণোঃ স্মরণম্ পাদসেবনম্। অর্চ্চনম্ বন্দনম্ দাস্যম্ সখ্যমাত্মনিবেদনম্॥ ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা। ক্রিয়তে ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্॥

সূচনা সমাপ্তা।

ওঁ নমো ভগবতে বাসুদেবায় ॥

শ্রীমদ্ভগবদ্গীতা

ধৃতরাষ্ট্র উবাচ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্ব্বত সঞ্জয়!॥ ১ ॥

অন্বয়।—ধৃতরাষ্ট্র উবাচ (কথয়ামাস)। সঞ্জয়! ধর্ম্মক্ষেত্রে (ধর্ম্মভূমৌ) কুরুক্ষেত্রে (কুরুনাম্নো রাজ্ঞো ধর্ম্মস্থানে) যুযুৎসবঃ (যোদ্ধুকামাঃ) মামকাঃ (দুর্য্যোধনাদয়ঃ) পাণ্ডবাঃ (যুধিষ্ঠিরাদয়ঃ) চ এব সমবেতাঃ (মিলিতাঃ) [সন্তঃ] কিম্ অকুর্ব্বত (কৃতবন্তঃ) ॥ ১ ॥

প্রতিশব্দ।—ধৃতরাষ্ট্র বলিলেন। সঞ্জয়! ধর্ম্মভূমি কুরুক্ষেত্রে যুদ্ধার্থী মদীয়গণ এবং পাণ্ডবগণ সমবেত [হইয়া] কি করিতেছেন ॥১॥

ব্যাখ্যা।—ধৃতরাষ্ট্র জিজ্ঞাসা করিলেন, হে সঞ্জয়! * ধর্ম্মক্ষেত্র স্বরূপ কুরুক্ষেত্রে † দুর্য্যোধনাদি আমার পুত্রগণ এবং যুধিষ্ঠিরাদি পাণ্ডুপুত্রগণ, যুদ্ধাভিলাষে সমবেত হইয়া কি করিতেছেন? ॥ ১ ॥

* গবলগণ নন্দন সূত সঞ্জয় অতি বিশ্বস্ত, শাস্ত্রজ্ঞ, ধার্ম্মিক ও উদারচরিত রাজামাত্য ছিলেন। রাজা যুধিষ্ঠির সঞ্জয়ের সুখ্যে বলিয়াছেন যে, তুমি চিন্তভাবী, শান্তস্বভাব, সন্তোষময়, প্রণয়াস্পদ। তোমার বুদ্ধি কখনও বিচলিত হয় না এবং কোন প্রকার দুর্ব্ব্যবহারে তোমাকে উত্তেজিত বা অপ্রকৃতিস্থ করিতে পারে না। তুমি কখনও কাহাকে অপ্রিয়, অসঙ্গত বা কটুবাক্য প্রয়োগ কর না। তোমার বাক্য সতত ধর্ম্ম-সঙ্গত ও সদ্ভাবসম্পন্ন-যুক্ত। তুমি দ্বিতীয় বিদুরস্বরূপ এবং অর্জ্জুনের প্রিয়তম সখা।

এরূপ সর্ব্বসদ্গুণান্বিত মহাপুরুষ না হইলে মহর্ষি বেদব্যাসের কৃপাভাজন হইয়া অব্যাহতে ও নিরাপদ ভাবে কুরুক্ষেত্র সমর সন্দর্শন করিয়া সঞ্জয় তাহার যথাবৎ বর্ণনা করিতে পারিতেন না এবং ভগবানের শ্রীমুখ-বিনির্গত যোগ ও তত্ত্বকথা পরিপূর্ণ শ্রীমদ্ভগবদ্গীতা স্বকর্ণে শ্রবণ করিয়া এবং সেই চিন্তামণির চিন্তাতীত বিশ্বরূপ সন্দর্শন করিয়া, ধন্য, পুলকিত ও মুক্ত হইতে পারিতেন না।

† সমন্তপঞ্চক বা কুরুক্ষেত্র ভারতের অন্যতম প্রধান তীর্থ এবং পরম পুণ্য ভূমি। এতৎ সম্বন্ধে জাবাল উপনিষদে লিখিত আছে যে, "যদনু কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্॥" শতপথ

আনন্দগিরি :—তত্রৈবমক্ষরযোজনা ধৃতরাষ্ট্র উবাচেতি। ধৃতরাষ্ট্রো প্রজ্ঞাচক্ষুর্বাহ্যচক্ষুরভাবাদ্বাহ্যমর্থং প্রত্যক্ষয়িতুমনীশঃ সন্নভ্যাসবর্তিনং সঞ্জয়মাত্মনো হিতোপদেষ্টারং পৃচ্ছতি ধর্ম্মক্ষেত্র ইতি। ধর্ম্মস্য তদ্দ্বেশ্চ ক্ষেত্রমভিবৃদ্ধিকারণং যদুচ্যতে কুরুক্ষেত্রমিতি, তত্র সমবেতাঃ সঙ্গতা যুযুৎসবো যোদ্ধুকামাস্তে চ কেচিন্মদীয়া দুর্য্যোধনপ্রভৃতয়ঃ, পাণ্ডবাশ্চাপরে যুধিষ্ঠিরাদয়স্তে চ সর্ব্বে যুদ্ধভুমৌ সঙ্গতা ভূত্বা কিং অকুর্ব্বত কৃতবন্তঃ ॥ ১ ॥

ব্রাহ্মণেও কুরুক্ষেত্রের পবিত্রতা সম্বন্ধে নিম্নলিখিত নিদর্শন আছে ; "দেবা হ বৈ সত্রং নিষেদুরগ্নিরিন্দ্রঃ সোমো মখো বিষ্ণুর্বিশ্বেদেবা অন্যত্রৈবাশ্বিভ্যাম্। তেষাং কুরুক্ষেত্রম্ দেবযজনমাস। তস্মাদাহুঃ কুরুক্ষেত্রম্ দেবযজনম্।"

কৌরব ও পাণ্ডবগণের পূর্ব্বপুরুষ সংবরণ-তপতী-নন্দন সুবিখ্যাত কুরুরাজার আবির্ভাবের পূর্ব্বে এই ভূমি সমন্তপঞ্চক নামে পরিচিত ছিল এবং তখনও ইহা তীর্থরূপে পরিগণিত হইত। ইহার বিশেষ বৃত্তান্ত নিম্নে উদ্ধৃত হইতেছে। "তিনি (পরশুরাম) স্ববিক্রম প্রভাবে নিঃশেষে ক্ষত্রিয় কুল উৎসন্ন করিয়া সেই সমন্তপঞ্চকে শোণিতময় পঞ্চ হ্রদ প্রস্তুত করেন। তিনি রোষ পরবশ হইয়া সেই হ্রদের রুধির দ্বারা পিতৃলোকের তর্পণ করিয়াছিলেন। অনন্তর ঋচীক প্রভৃতি পিতৃগণ তথায় আগমন করিয়া পরশুরামকে কহিলেন, হে মহাভাগ রাম! তোমার এইরূপ অবিচলিত পিতৃভক্তি ও অসাধারণ বিক্রম দর্শনে আমরা অত্যন্ত প্রীত হইয়াছি, এক্ষণে তুমি আপনার অভিলষিত বর প্রার্থনা কর। রাম কহিলেন হে পিতৃগণ! যদি প্রসন্ন হইয়া ইচ্ছানুরূপ বর প্রদানে অনুগ্রহ করেন, তাহা হইলে ক্রোধে অধীর হইয়া ক্ষত্রিয় বংশ ধ্বংস করত যে পাপরাশি সঞ্চয় করিয়াছি, সেই সকল পাপ হইতে যাহাতে মুক্ত হই এবং এই শোণিতময় পঞ্চহ্রদ অদ্যাবধি পৃথিবীতে তীর্থস্থান বলিয়া যাহাতে প্রখ্যাত হয় এরূপ বর প্রদান করুন। পিতৃগণ তথাস্তু বলিয়া পরশুরামের অভিমত বর প্রদান পূর্ব্বক সেইরূপ অধ্যবসায় হইতে তাঁহাকে ক্ষান্ত হইতে আদেশ করিলেন। সেই শোণিতময়পঞ্চহ্রদের সন্নিধানে যে সকল প্রদেশ আছে তাহাকেই পরম পবিত্র সমন্ত পঞ্চক বলিয়া নির্দ্দেশ করে। ঐ সমন্তপঞ্চক তীর্থে কলি ও দ্বাপরের অন্তরে কুরু ও পাণ্ডব সৈন্যের ঘোরতর সংগ্রাম হইয়াছিল। অষ্টাদশ অক্ষৌহিণী সেনা যুদ্ধার্থে ভূদোষ বর্জ্জিত সেই পুণ্যক্ষেত্রে সমবেত ও নিহত হয়। সেই তীর্থ অতি পবিত্র ও রমণীয়।" মহাভারত আদিপর্ব্ব।

কুরুক্ষেত্র তীর্থের পবিত্রতা ও শ্রেষ্ঠতা সম্বন্ধে মহর্ষি পুলস্ত্য দ্বিজোত্তম ভীষ্মকে বলিয়াছিলেন—"সর্ব্ব প্রকার প্রাণী সেই তীর্থ দর্শনমাত্রে পাপ হইতে বিমুক্ত হয়। যে ব্যক্তি সতত এইরূপ কহে যে আমি কুরুক্ষেত্র গমন করিব, কুরুক্ষেত্রে বাস করিব, সে ব্যক্তিও সমুদায় পাতক হইতে পরিত্রাণ পায়। কুরুক্ষেত্রের বায়ু বিক্ষিপ্ত ধূলিও দুষ্কৃতকর্ম্মাকে পরম পদ প্রদান করিতে পারে। উত্তরে সরস্বতী ও দক্ষিণে দৃষদ্বতী, কুরুক্ষেত্র এই দেব নদীদ্বয়ের মধ্যবর্ত্তী। যাহারা এই কুরুক্ষেত্রে বাস করে, তাহাদিগের সুরলোকে বাস করা হয়।" মহাভারত বনপর্ব্ব।

কুরুক্ষেত্র নামের ইতিহাস নিম্নোদ্ধৃত অংশ পাঠ করিলে জানিতে পারা যাইবে। "সমন্তপঞ্চক প্রজাপতির উত্তর বেদি বলিয়া অভিহিত হইয়া থাকে। অসাধারণ ধীশক্তিসম্পন্ন অমিততেজা কুরুরাজ ঐ স্থান কর্ষণ করিয়াছিলেন বলিয়া উহা কুরুক্ষেত্র নামে প্রসিদ্ধ হইয়াছে। কুরুরাজ এই ক্ষেত্র কর্ষণ করিতে আরম্ভ করিলে দেবরাজ ইন্দ্র স্বর্গ হইতে তাঁহার সমীপে সমুপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন, রাজন্! তুমি কি অভিপ্রায়ে পরম যত্ন সহকারে এই ভূমি কর্ষণ করিতেছ? কুরুরাজ কহিলেন, হে পুরন্দর। যে সকল ব্যক্তি এই ক্ষেত্রে

রামানুজ। ধৃতরাষ্ট্র উবাচ। ধর্ম্মক্ষেত্র ইতি। ধর্ম্মক্ষেত্র ইত্যারভ্য, স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণামিত্যন্তং শ্লোকানি ॥ ১॥

শ্রীধর।—অত্র তাবদ্ধর্ম্মক্ষেত্রে ইত্যাদিনা বিষীদন্নিদমব্রবীদিত্যন্তেন গ্রন্থেন শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদ প্রস্তাবায় কথা নিরূপ্যতে। ধৃতরাষ্ট্র উবাচেতি। ধর্ম্মক্ষেত্র ইতি। ভো সঞ্জয়! ধর্ম্মভূমৌ কুরুক্ষেত্রে, ধর্ম্মক্ষেত্রে ইতি কুরুক্ষেত্রবিশেষণং, এষামাদিপুরুষঃ কশ্চিৎ কুরুনামা বভূব, তস্য কুরোর্ধর্ম্মস্থানে, মামকাঃ মৎপুত্রাঃ, পাণ্ডুপুত্রাশ্চ, যুযুৎসবো যোদ্ধুমিচ্ছন্তঃ, সমবেতা মিলিতাঃ সন্তঃ কিমকুর্ব্বত কিং কৃতবন্তঃ ॥ ১ ॥

বলদেব।—ধৃতরাষ্ট্র উবাচেতি। যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবো মামকা মৎপুত্রাঃ পাণ্ডবাশ্চ কুরুক্ষেত্রে সমবেতাঃ কিমকুর্ব্বতেতি। নমু যুযুৎসবঃ সমবেতা ইতি ত্বমেবাথ ততো যুদ্ধেরন্নেব, পুনঃ কিমকুর্ব্বতেতি কস্তে ভাব ইতি চেৎ তত্রাহ ধর্ম্মক্ষেত্রে ইতি। "যদনু কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্" ইত্যাদিশ্রবণাদ্ধর্ম্মপ্ররোহভূমিভূতং কুরুক্ষেত্রং প্রসিদ্ধম্। তৎপ্রভাবিনষ্টবিদ্বেষা মৎপুত্রাঃ কিং পাণ্ডবেভ্যস্তদ্রাজ্যম দাতুং নিশ্চকুঃ, কিংবা পাণ্ডবাঃ সদৈব ধর্ম্মশীলা ধর্ম্মক্ষেত্রে তস্মিন্ কুলক্ষয়হেতুকাদধর্ম্মাদ্ভীতা

কলেবর পরিত্যাগ করিবে, তাহারা অতি সুনির্ম্মল স্বর্গলোকে গমন করিতে সমর্থ হইবে, আমার ভূমি কর্ষণের এই উদ্দেশ্য। সুররাজ কুরুরাজের বাক্য শ্রবণে তাঁহাকে উপহাস করিয়া স্বর্গে গমন করিলেন। মহীপতি কুরু ইন্দ্রের উপহাসে কিছুমাত্র দুঃখিত না হইয়া একান্তমনে ভূমি কর্ষণ করিতে লাগিলেন। দেবরাজ ইন্দ্র এইরূপে বারংবার কুরুর সমীপে আগমন পূর্ব্বক তাঁহার অধ্যবসায়ের উদ্দেশ্য শ্রবণ ও উপহাস করিয়া প্রস্থান করিতে লাগিলেন, কিন্তু কুরুরাজ কিছুতেই নিরস্ত হইলেন না। তখন ত্রিদশাধিপতি ইন্দ্র দেবগণের বাক্যানুসারে কুরুর নিকটে আগমন পূর্ব্বক কহিলেন, রাজর্ষে! আর তোমায় কষ্ট করিবার প্রয়োজন নাই, আমি কহিতেছি, যাহারা এই স্থানে আলস্যশূন্য হইয়া অনাহারে প্রাণত্যাগ করিবে, অথবা যুদ্ধে বাণপথবর্ত্তী হইয়া নিহত হইবে, তাহারা নিশ্চয়ই স্বর্গে গমন করিবে। সুররাজ ইন্দ্র ও ব্রহ্মাদি দেবগণ কহিয়াছেন যে, আর কোন স্থানই ইহা অপেক্ষা পবিত্র হইবে না। ভূপতিগণ এই স্থানে রণক্ষেত্রে নিহত হইয়া নিশ্চয়ই অক্ষয় পবিত্র লোকে আগমনে সমর্থ হইবেন।" মহাভারত। শল্যপর্ব্ব।

অন্যান্য শাস্ত্রাদি দর্শনে প্রতীত হয় যে, যে ভূভাগ সমন্তপঞ্চক কুরুক্ষেত্র নামে আখ্যাত, ব্রহ্মাবর্ত্ত তাহারই নামান্তর। মনুসংহিতায় লিখিত আছে।

"সরস্বতী-দৃষদ্বত্যোর্দেবনদ্যোর্যদন্তরম্। তং দেবনির্ম্মিতং দেশং ব্রহ্মাবর্ত্তং প্রচক্ষতে॥" মনুসংহিতা ২।১৭।

"সরস্বতী ও দৃষদ্বতী দেবনদীর অন্তর্বর্ত্তী সেই দেবনির্ম্মিত দেশকে ব্রহ্মাবর্ত্ত কহে। মহাভারতোক্ত পুলস্ত্য উক্তিতেও সরস্বতী ও দৃষদ্বতী নদীদ্বয়ের মধ্যবর্ত্তী ভূভাগের কুরুক্ষেত্র নাম উক্ত হইয়াছে।

এই কুরুক্ষেত্র বা সমন্তপঞ্চক চিরদিনই ভারতের প্রধান যুদ্ধক্ষেত্র হইয়া রহিয়াছে। পূর্ব্বকালে শান্তনুনন্দন রাজা চিত্রাঙ্গদ এই ক্ষেত্রে গন্ধর্ব্ব-বিশেষের সহিত যুদ্ধ করিয়া বিগতশ্রী হইয়াছিলেন। ভারতীয় বহুতর প্রধান প্রধান যুদ্ধ এই স্থলেই সংঘটিত হয় এবং এই স্থানের সমর পরিণাম সমূহের সঙ্গে সঙ্গে ভারতের ভাগ্যনেমি বারংবার বিবিধ পরিবর্ত্তন পরিগ্রহ করে। (কুরুক্ষেত্র সংক্রান্ত অন্যান্য বিবরণ এই গ্রন্থের উপক্রমণিকায় দেখিতে পাইবেন।)

বনপ্রবেশমেব শ্রেয়ো বিমৃশুরিতি। হে সঞ্জয়েতি ব্যাসপ্রসাদাদ্বিনষ্টরাগদ্বেষত্বং তথ্যং বদেত্যর্থঃ। পাণ্ডবানাং মামকত্বানুক্তির্ধৃতরাষ্ট্রস্য পুত্রস্নেহগ্রস্তস্য তেষু দ্রোহমভিব্যনক্তি। ধান্যক্ষেত্রাৎ তদ্বিরোধিনাং ধান্যাভাসানামিব ধর্ম্মক্ষেত্রাৎ তদ্বিরোধিনাং ধর্ম্মাভাসানাং মৎপুত্রাণামপগমো ভাবীতি ধর্ম্মক্ষেত্রশব্দেন গীর্দ্দেব্যা ব্যজ্যতে ॥ ১ ॥

মধুসূদন।—ধৃতরাষ্ট্র উবাচ। পূর্ব্বে যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবোঽপি সন্তঃ কুরুক্ষেত্রে সমবেতাঃ সঙ্গতাঃ মামকা মদীয়া দুর্য্যোধনাদয়ঃ পাণ্ডবাশ্চ যুধিষ্ঠিরাদয়ঃ কিমকুর্ব্বত কিং কৃতবন্তঃ। কিং পূর্ব্বোৎসাহভূতযুযুৎসানুসারেণ যুদ্ধমেব কৃতবন্তঃ, উত কেনচিন্নিমিত্তেন যুযুৎসানিবৃত্ত্যাঽন্যদেব কিং কৃতবন্তঃ। ভীমার্জ্জুনাদিবীরপুরুষনিমিত্তং দৃষ্টভয়ং যুযুৎসানিবৃত্তিকারণং প্রসিদ্ধমেব, অদৃষ্টভয়মপি দর্শয়িতুমাহ ধর্ম্মক্ষেত্র ইতি। ধর্ম্মস্য পূর্ব্বমবিদ্যমানস্যোৎপত্তের্বিদ্যমানস্য চ বৃদ্ধের্নিমিত্তং শস্যস্যেব ক্ষেত্রং যৎ কুরুক্ষেত্রং সর্ব্বশ্রুতিস্মৃতিপ্রসিদ্ধম্। বৃহস্পতিরুবাচ যাজ্ঞবল্ক্যম্—"যদনুকুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্" ইতি জাবালশ্রুতেঃ, "কুরুক্ষেত্রং বৈ দেবযজনং" ইতি শতপথশ্রুতেশ্চ। তস্মিন্ গতাঃ পাণ্ডবাঃ পূর্ব্বমেব ধার্ম্মিকা যদি পক্ষদ্বয়হিংসানিমিত্তাদধর্ম্মাদ্ভীতা নিবর্ত্তেরন্ ততঃ প্রাপ্তরাজ্যা এব মৎপুত্রাঃ। অথবা ধর্ম্মক্ষেত্রমাহাত্ম্যেন পাপিনামপি মৎপুত্রাণাং কদাচিচ্চিত্তপ্রসাদঃ স্যাৎ তদা চ তে লব্ধা কপটোপাত্তং রাজ্যং পাণ্ডবেভ্যো যদি দদ্যুস্তর্হি বিনাপি যুদ্ধং হতা এবেতি স্বপুত্ররাজ্যলাভে চ দৃঢ়তরমুপায়ং পশ্যন্ ইতি মমাস্মিন এব প্রশ্নবীজং। সঞ্জয়েতি চ সম্বোধনং রাগদ্বেষাদিদোষান্ সম্যগ্ জিতবানসীতি কৃত্বা নির্ব্ব্যাজমেব কথনীয়ং ত্বয়েতি সূচনায়। মামকাঃ কিমকুর্ব্বতেত্যেতাবতৈব প্রশ্ননির্ব্বাহে পাণ্ডবাশ্চেতি পৃথঙ্ নির্দ্দিশন্ পাণ্ডবেষু মামকত্বাভাব প্রদর্শনেন দ্রোহমভিব্যনক্তি ॥ ১ ॥

নীলকণ্ঠ।—তত্র যুদ্ধোদ্যমং শ্রুত্বা ঔৎসুক্যাদগ্রিমং বৃত্তান্তং বুভুৎসুর্ধৃতরাষ্ট্র উবাচ—ধর্ম্মক্ষেত্র ইতি। তত্র বেদে "তেষাং কুরুক্ষেত্রং দেবযজনমাস" ইতি কর্ম্মকাণ্ডপ্রসিদ্ধং কুরুক্ষেত্রমন্যৎ, "অবিমুক্তং বৈ কুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদনম্" ইত্যবিমুক্তাখ্যং ব্রহ্মপ্রাপ্তিস্থানভূতং কুরুক্ষেত্রমন্যৎ, ব্রহ্মসদনত্বশ্রুতেস্তত্র হি জন্তোঃ প্রাণেষূৎক্রমমাণেষু রুদ্রস্তারকং ব্রহ্ম ব্যাচষ্টে যেনাসাবমৃতীভূত্বা মোক্ষীভবতীতি বাক্যশেষেণ ব্যুৎপাদিতম্, এতদ্ব্যাবৃত্ত্যর্থং ধর্ম্মক্ষেত্রে ইতি বিশেষণং, কুরুদেশান্তর্গতং হি কুরুক্ষেত্রং ধর্ম্মক্ষেত্রমেব ন তু তদ্ ব্রহ্মসদনং প্রবর্গ্যকাণ্ডে তস্য ধর্ম্মক্ষেত্রত্বমাত্রশ্রবণাৎ, তত্র সমবেতা মিলিতাঃ যুযুৎসবো যোদ্ধুমিচ্ছবঃ পাণ্ডবানাং পৃথগ্ গ্রহণং তেষু মমমত্বাভাবসূচনার্থং ॥ ১ ॥

বিশ্বনাথ।—ধৃতরাষ্ট্র উবাচেত্যাদি। কুরুক্ষেত্রে যুযুৎসবো যুদ্ধার্থং সঙ্গতা মামকা দুর্য্যোধনাদ্যাঃ পাণ্ডবাশ্চ যুধিষ্ঠিরাদয়ঃ কিং কৃতবন্তস্তদ্ব্রূহি। নমু যুযুৎসব ইতি ত্বং ব্রবীষ্যেব অতো যুদ্ধমেব কর্ত্তুমুদ্যতাস্তে তদপি কিমকুর্ব্বতেতি কেনাভিপ্রায়েণ পৃচ্ছসীত্যত আহ ধর্ম্মক্ষেত্র ইতি। "কুরুক্ষেত্রং দেবযজনং" ইতিশ্রুতেঃ, তৎক্ষেত্রস্য ধর্ম্মপ্রবর্ত্তকত্বং প্রসিদ্ধং। অতস্তৎসংসর্গমহিমা যদ্যধার্ম্মিকাণামপি দুর্য্যোধনাদীনাং ক্রোধনিবৃত্ত্যা ধর্ম্মে মতিঃ স্যাৎ,

পাণ্ডবাস্তু স্বভাবত এব ধার্ম্মিকাস্ততো বন্ধুহিংসনমনুচিতমিত্যুভয়েষামপি বিবেক উদ্ভূতে সন্ধিরপি সম্ভাব্যতে। ততশ্চ মমানন্দ এবেতি সঞ্জয়ং প্রতিজ্ঞাপয়িতুঃ ইষ্টো ভাবো বাহ্যঃ। আভ্যন্তরস্তু সন্ধৌ সতি পূর্ব্ববৎ সকণ্টকমেব রাজ্যং মদাত্মজানামীতি মে দুর্ব্বার এব বিষাদঃ। তস্মাদস্মাকীনো ভীষ্মস্তর্জ্জুনেন দুর্জ্জয়ঃ এবেত্যতো যুদ্ধমেব শ্রেয়স্তদেব ভূয়াদিতি তু তস্মনোরথোপযোগী দুর্লক্ষ্যঃ। অত্র ধর্ম্মক্ষেত্র ইতি ক্ষেত্রপদেন ধর্ম্মস্য ধর্ম্মাবতারস্য সপরিকরযুধিষ্ঠিরস্য ধান্যস্থানীয়ত্বং, তৎপালকস্য শ্রীকৃষ্ণস্য কৃষীবলস্থানীয়ত্বং, কৃষ্ণকৃতনানাবিধসাহায্যস্য জলসেচনসেতুবন্ধনাদিস্থানীয়ত্বম, শ্রীকৃষ্ণ-সংহার্য্যদুর্য্যোধনাদের্ধান্যদ্বেষিধান্যাকারতৃণবিশেষস্থানীয়ত্বঞ্চ বোধিতং সরস্বত্যা॥ ১॥

তাৎপর্য্য।—জ্ঞানচক্ষু ধৃতরাষ্ট্র, বাহ্য-চক্ষুর অভাব বশতঃ প্রত্যক্ষ বিষয় সকল স্বয়ং সন্দর্শন করিতে অসমর্থ হইয়া, সমীপবর্ত্তী সঞ্জয়কে জিজ্ঞাসা করিলেন, "হে সঞ্জয়! ধর্ম্মবুদ্ধির বৃদ্ধিকারী কুরুক্ষেত্রে, দুর্য্যোধনাদি আমার পুত্রগণ এবং যুধিষ্ঠিরাদি পাণ্ডুপুত্রগণ, যুদ্ধাভিলাষে সমবেত হইয়া, কি করিতেছেন?"

মহামনা ধৃতরাষ্ট্র শৈশবাবধি দুর্য্যোধনের স্বভাব সম্যক্‌রূপে অবগত ছিলেন। পরম ধার্ম্মিক পাণ্ডবগণ, পিতৃবিয়োগের পর হইতে ধার্ত্তরাষ্ট্র কর্ত্তৃক জতুগৃহদাহ প্রভৃতি বহুবিধ অত্যাচারে প্রপীড়িত ও তদনন্তর দ্যূতক্রীড়ায় সর্ব্বস্বান্ত হইয়া, দ্বাদশ বৎসর বনে বনে ভ্রমণ এবং বৎসরকাল মৎস্যদেশে বিরাটভবনে দাসত্বচ্ছলে অজ্ঞাতবাস প্রভৃতি নানা দুঃখে জর্জ্জরিত হইয়াছিলেন; তথাপি হিংসা পরবশ না হইয়া, যথাসময়ে শান্তশীল পাণ্ডুসন্তানেরা অপক্ষপাতী ভগবান্ শ্রীকৃষ্ণ এবং ধর্ম্মপরায়ণ নীতি-বিশারদ পিতৃব্য বিদুরকে, পঞ্চগ্রাম মাত্র লাভাশয়ে দুর্য্যোধনের সমীপে প্রেরণ করিয়াছিলেন। তৎকালে দুর্য্যোধন আস্ফালন সহকারে উত্তর করিয়াছিলেন যে "তিলার্দ্ধং যবষড়্ভাগং সূচ্যগ্রে বিদ্যতে মহী। বিনা যুদ্ধং ন দাতব্যং সত্যং সত্যং বদাম্যহম্।" আমি সত্য সত্য বলিতেছি, তিলার্দ্ধ ও যবষড়্‌ভাগ কিম্বা সূচীর অগ্রভাগে যতটুকু ভূমি উত্তোলন করিতে পারা যায়, তাহাও পাণ্ডুপুত্রদিগকে বিনা যুদ্ধে প্রদান করিব না। তখনই অন্ধরাজের মনে ধারণা হইয়াছিল যে, কুরু ও পাণ্ডুপুত্রগণের যুদ্ধ অবশ্যম্ভাবী—কোন মতে এই সম্ভাবিত বিপদ্ হইতে নিস্তার লাভের সম্ভাবনা নাই। অন্তর্য্যামী শ্রীকৃষ্ণ, সন্ধি স্থাপন চেষ্টায় বিফল মনোরথ হইয়া, যুধিষ্ঠির সমীপে প্রত্যাগত হইলেন এবং দুর্য্যোধনের কৃত দুর্ব্ব্যবহারের বর্ণন করতঃ, পাণ্ডবগণকে

সমরায়োজন করিতে প্রোৎসাহিত করিলেন। নারায়ণ স্বয়ং রশ্মি গ্রহণপূর্ব্বক অর্জ্জুনের সারথি হইয়া রণভূমিতে অবতীর্ণ হইলেন। দৈববলে বলীয়ান্, সনাতন পরম পুরুষের প্রেমাশ্রিত, বিপুল বলবীর্য্যসম্পন্ন পাণ্ডবগণের অভ্যুদয়সূচক বিবিধ বর্ণনা সঞ্জয়মুখে পুনঃ পুনঃ শ্রবণ করিয়া মহারাজ ধৃতরাষ্ট্র স্বকীয়-তনয়গণের বিজয়-বিষয়ে বিশেষ সন্দিহান হইয়াছিলেন। সেই সন্দেহপ্রযুক্ত তিনি কুণ্ঠিতভাবে আলোচ্য প্রশ্নের অবতারণা করিলেন।

যখন উভয় পক্ষেই মহা শব্দে রণবাদ্য বাজিয়া উঠিল, যখন নানাদিগ্দেশাগত সৈন্যমণ্ডলী সমরাঙ্গনে সমবেত হইল ও যখন বীরগণের পদভরে বসুধা বিকম্পিতা এবং কলরবে গগনমণ্ডল পরিপূর্ণ হইয়া উঠিল, তখন সেখানে যুদ্ধ ভিন্ন আর কিসের সম্ভাবনা হইতে পারে? তবে মহাপ্রাজ্ঞ ধৃতরাষ্ট্র সেখানে যুদ্ধ আরম্ভ হইয়াছে কি না, কিম্বা, কিরূপ যুদ্ধ হইতেছে ইত্যাকার প্রশ্ন না করিয়া, "কিমকুর্ব্বত" অর্থাৎ "কি করিতেছেন" এরূপ প্রশ্ন করিলেন লেন? যেমন নিদাঘকালীন মাধ্যন্দিন প্রচণ্ড মার্ত্তণ্ড-তাপে প্রতপ্ত পথশ্রান্ত পথিক পিপাসাতুর হইয়া সুশীতল জলপূর্ণ পাত্র মুখ সমীপে আনয়ন করিলে, তখন কি কেহ তাহাকে জিজ্ঞাসা করে যে, "মহাশয় আপনি কি করিতেছেন?" এরূপ প্রশ্ন যেরূপ অসঙ্গত ও হাস্যজনক; সঙ্কল্পবদ্ধ, কৃপাণপাণি, বিপক্ষ পক্ষদ্বয় পরস্পর সম্মুখীন হইয়া কি করিতেছেন, এতাদৃশ প্রশ্নও তদ্রূপ অসঙ্গত ও হাস্যজনক।

ধৃতরাষ্ট্রের সমালোচ্য প্রশ্ন আমাদের স্থূল বুদ্ধিতে আপাততঃ অসঙ্গত বোধ হইতেছে। কিন্তু মহাবুদ্ধিমান্ ও প্রবীণোত্তম ধৃতরাষ্ট্র বৃথা প্রশ্ন করিয়াছিলেন, ইহা কদাপি সম্ভবপর নহে। বিশেষতঃ ত্রিকালদর্শী তত্ত্ববিৎ ভগবান্ বেদব্যাস বৃথা প্রশ্ন বিবেচনা করিলে কখনই তাহা লিপিবদ্ধ করিয়া স্বকীয় সুপবিত্র লেখনী কলুষিত করিতেন না। অতএব বিশেষ বিনিবেশ সহকারে অবতারিত প্রসঙ্গের পর্য্যালোচনা করা বিধেয়। সূক্ষ্মরূপে অনুসন্ধান করিলে সুধীর ধৃতরাষ্ট্রকৃত প্রশ্নের লৌকিক অলৌকিক দ্বিবিধ তাৎপর্য্য উপলব্ধ হয়।

ধন-গর্ব্বিত, অপরিণামদর্শী, স্বয়ং প্রভু দুর্য্যোধনাদি আমার পুত্রগণ, চিরাভ্যস্ত অহঙ্কারে উন্মত্ত এবং পূর্ব্বোৎসাহে উৎসাহিত হইয়া, যুদ্ধই আরম্ভ করিলেন, অথবা জগদ্বিজয়ী বীরকেশরী ভীম ও অর্জ্জুনাদির ভয়ে ভীত হইয়া সম্মুখসমর হইতে বিরত হইলেন, ইহাই এই প্রশ্নের একবিধ লৌকিক তাৎপর্য্য।

আমার পুত্রগণ কৃত, ভীষ্মাদি-রণ-পণ্ডিতপ্রমুখ, সমরায়োজন ও সৈন্যাধিক্য সন্দর্শনে পাণ্ডবগণের হৃদয়ে ভয় জন্মিলেও জন্মিতে পারে। সেরূপ ভীতি সঞ্চারিত হইলে তাহারা পলায়ন-পরায়ণ হইবে; সুতরাং যুদ্ধরূপ দারুণ দুর্দ্দৈব সংঘটিত হইবে না, অথচ মৎপুত্রগণ নির্ব্বিঘ্নে রাজ্যভোগ করিবে। ইহাই ধৃতরাষ্ট্রকৃত প্রশ্নের অন্যবিধ লৌকিক তাৎপর্য্য বলিয়া অনুমিত হয়।

অলৌকিক তাৎপর্য্যও দুই প্রকার এবং প্রধানতঃ মূলান্তর্গত 'ধর্ম্মক্ষেত্র' এই পদ দ্বারা সূচিত। 'ধর্ম্মক্ষেত্র' এই পদটী কুরুক্ষেত্র পদের বিশেষণ। সমরক্ষেত্রের এই বিশেষণ প্রয়োগে এই গূঢ় অভিপ্রায় ব্যক্ত হইতেছে যে, সে স্থলে সমাগত হইলে তমোগুণাক্রান্ত অধার্ম্মিকগণের হৃদয়েও স্বতঃ সত্ত্ব-গুণের সঞ্চার হইয়া, অতিশয় ধর্ম্ম-বুদ্ধি সমুৎপন্ন হয় এবং সত্ত্বগুণাক্রান্ত ধার্ম্মিকদিগের ধর্ম্ম-প্রবৃত্তি অতিশয় বলবতী হয়।

যেরূপ উর্ব্বরা ভূমিতে বীজ বপন করিলে সহজেই প্রচুর পরিমাণে শস্য সমুৎপন্ন হয় এবং তথায় রোপিত বৃক্ষ সকল শাখা-পল্লবাদি পরিশোভিত হইয়া,ফলভারে অবনত হয়, তদ্রূপ ধর্ম্মোৎপত্তির নিকেতন স্বরূপ কুরুক্ষেত্রে সমরাভিলাষে সমাগত হইলেও, যদি স্থান প্রভাবে স্বভাবতঃ ধর্ম্মশীল পাণ্ডব-গণের হৃদয়, সত্ত্বগুণের সম্যক্ বিকাশ বশতঃ, পিতামহ-গুরু-ভ্রাতৃগণাদির হিংসারূপ অধর্ম্ম হইতে বিরত হইয়া থাকে, তবে অনায়াসেই আমার পুত্রগণ কাঙ্ক্ষিত রাজ্য অর্জ্জন করিয়া পরম সুখে কালযাপন করিবে। ইহাই মনীষি অন্ধরাজকৃত প্রশ্নের একবিধ অলৌকিক তাৎপর্য্য। আর আমার পাপাত্মা পুত্রগণ যদি স্থান মাহাত্ম্যে উদার-হৃদয় ও প্রসন্ন-চিত্ত হইয়া কপটোপায়-লব্ধ রাজ্য পাণ্ডুপুত্রদিগকে প্রত্যর্পণ করেন, তবে বিনা যুদ্ধেই তাহারা রাজ্যভ্রষ্ট হইবে। ইহাই ধৃতরাষ্ট্রকৃত প্রশ্নের দ্বিতীয় অলৌকিক তাৎপর্য্য।

এবংবিধ সংশয়াকুলিতহৃদয়ে অপত্য-স্নেহ-পরায়ণ ধৃতরাষ্ট্র, স্বকীয় সন্তান-গণের রাজ্যলাভ বাসনার বশবর্ত্তী হইয়া, জিজ্ঞাসা করিয়াছিলেন, "কিমকুর্ব্বত" অর্থাৎ তাহারা কি করিতেছে? যিনি রাগদ্বেষাদি সকল দোষ জয় করিয়া-ছেন অর্থাৎ কি সর্ব্বত্র সমদর্শী, তাঁহার নাম 'সঞ্জয়'। বৃথা প্রিয়বাক্যে প্রতা-রিত না করিয়া তাদৃশ ব্যক্তি নিশ্চয়ই অপক্ষপাতে যথার্থ বৃত্তান্ত বর্ণনা দ্বারা প্রকৃত ঘটনা পরিব্যক্ত করিবেন, মনোমধ্যে এইরূপ আশা করিয়া অন্ধরাজ সম্মুখবর্ত্তী অমাত্যকে সঞ্জয় এই প্রশংসাসূচক নামে সম্বোধন পূর্ব্বক জিজ্ঞাসা

করিয়াছিলেন। 'মামকাঃ' এই বাক্য দ্বারা নিজ তনয়দিগের উল্লেখ করায়, তাঁহাদের প্রতি নিরতিশয় স্নেহ-ভাব, আর 'পাণ্ডবাশ্চ' এই পদ দ্বারা পাণ্ডুপুত্রগণের উল্লেখ করায়, তাঁহাদের প্রতি মমতার অভাব এবং সঙ্গে সঙ্গে পুত্রস্নেহাবিষ্ট, লৌকিক ব্যবহারবোধ-বিহীন ধৃতরাষ্ট্রের হৃদয়গত গূঢ়াভিপ্রায়ও পরিব্যক্ত হইতেছে।

ধর্ম্মক্ষেত্র ও কুরুক্ষেত্র উভয় স্থানস্থ ক্ষেত্রপদের কর্ষণভূমি এই প্রচলিত অর্থ অবলম্বন করিয়া, কোন কোন মহাত্মা এইরূপ রূপক অর্থ করেন যে, ধর্ম্মনন্দন যুধিষ্ঠির এই ক্ষেত্রের ধান্য স্থানীয়, তদীয় সহায় শ্রীকৃষ্ণ ঐ ক্ষেত্রের কৃষক স্থানীয়, ভগবানুক্ত নানাবিধ সাহায্য জল-সেচন ও সেতু-বন্ধনাদি স্থানীয়, এবং শ্রীকৃষ্ণ কর্ত্তৃক বিনাশার্হ দুর্য্যোধনাদি ধান্যোৎপত্তির ও বৃদ্ধির প্রতিবন্ধক স্বরূপ ধান্যাকার অসার তৃণ স্থানীয়।

প্রসঙ্গতঃ এ স্থলে ইহাও উল্লেখ-যোগ্য যে, তীর্থাদি পুণ্য স্থান সমূহের মাহাত্ম্য কদাচ নিষ্ফল হইবার নহে। সত্ত্বগুণ সমন্বিত ব্যক্তির হৃদয় স্থান মাহাত্ম্যে দ্রবীভূত ও অধিকতর সত্ত্বগুণ সম্পন্ন হইয়া, মধুরতর হয়। পরে দৃষ্ট হইবে যে, তৃতীয় পাণ্ডব অর্জ্জুনের অন্তঃকরণে ধর্ম্মক্ষেত্রের প্রভাব বিশেষ রূপে প্রবল হইয়াছিল এবং তিনি শোণিতপাতাদি হিংসা কার্য্যে এককালে বিমুখ হইয়াছিলেন। কেন তাঁহার তাদৃশ ভাবান্তর জন্মিয়াছিল তাহা আলোচনা করিবার উৎকৃষ্টতর অবসর অচিরে উপস্থিত হইবে। আমরা সম্প্রতি সেই ঘটনার উল্লেখ করিয়া এই মাত্র দেখাইতেছি যে, বিক্ষোভিত ধৃতরাষ্ট্র সঞ্জয়কে প্রশ্ন করণ কালে ধর্ম্মক্ষেত্র পদ দ্বারা তাহার যে মাহাত্ম্য ব্যক্ত করিয়াছিলেন, তাহা সর্ব্বথা নিষ্ফল হয় নাই॥ ১॥

—০:(*):০—

সঞ্জয় উবাচ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা।
আচার্য্যমুপসঙ্গম্য রাজা বচনমব্রবীৎ॥ ২॥

অন্বয়।—সঞ্জয় উবাচ। রাজা (দুর্য্যোধনঃ) তদা (তস্মাৎ সংগ্রামোদ্যোগাবস্থায়াম্) পাণ্ডব-অনীকম্, (পাণ্ডবানাং সৈন্যম্) ব্যূঢ়ম্, (ব্যূহরচনয়া স্থিতম্) দৃষ্ট্বা (অবলোক্য) তু (এব) আচার্য্যম্, (দ্রোণাচার্য্যম্) উপসঙ্গম্য (সমীপং গত্বা) বচনং (বক্ষ্যমাণরূপং বাক্যম্) অব্রবীৎ (উবাচ)॥ ২॥

প্রতিশব্দ।—সঞ্জয় বলিলেন। রাজা দুর্য্যোধন* তখন পাণ্ডবগণের সৈন্য ব্যূহবদ্ধা† দেখিয়াই আচার্য্য‡ সমীপস্থ হইয়া কথা বলিলেন ॥২॥

ব্যাখ্যা।—ধৃতরাষ্ট্রের প্রশ্নোত্তর স্বরূপে সঞ্জয় বলিতে লাগিলেন,—পাণ্ডবগণের সৈন্য সমূহকে তখন ব্যূহাকারে যুদ্ধার্থ দণ্ডায়মান দেখিয়া, রাজা দুর্য্যোধন সত্বর দ্রোণাচার্য্যের সমীপস্থ হইয়া এই কথা বলিলেন ॥ ২ ॥

আনন্দগিরি।—কিমস্মদীয়ং প্রবলং বলং প্রতিলভ্য বীরপুরুষৈর্ভীষ্মাদিভিরধিষ্ঠিতং পরেষাং ভয়মাবিরভূৎ, দত্বাপক্ষদ্বয়হিংসানিমিত্তাধর্ম্মভয়মাসীদেবম এতে যুদ্ধাদুপরমেরন্নিতি এবং পুত্রপরবশস্য পুত্রস্নেহাভিনিবিষ্টস্য ধৃতরাষ্ট্রস্য প্রশ্নে সঞ্জয়স্য প্রতিবচনং দৃষ্ট্বেত্যাদি। পাণ্ডবানাং ভয়প্রসঙ্গো নাস্তীত্যেতৎ তুশব্দেন দ্যোত্যতে, প্রত্যুত দুর্য্যোধনস্যৈব রাজ্ঞো ভয়ং প্রভূতং প্রাদুরভূৎ, পাণ্ডবানাং পাণ্ডুসুতানাং যুধিষ্ঠিরাদীনামনীকং সৈন্যং ধৃষ্টদ্যুম্নাদিভিরতি-ধৃষ্টৈর্ব্যূহেনাধিষ্ঠিতং, দৃষ্ট্বা প্রত্যক্ষেণ প্রতীত্য ত্রস্তহৃদয়ো দুর্য্যোধনো রাজা তদা তস্যাং সংগ্রামোদযোগাবস্থায়ামাচার্য্যং দ্রোণনামানমাত্মনঃ শিক্ষিতারং রক্ষিতারঞ্চ শ্লাঘয়ন্নুপসংগম্য তদীয়ং সমীপং বিনয়েন প্রাপ্য, ভয়োদ্বিগ্নহৃদয়ত্বেঽপি তেজস্বিত্বাদেব বচনমর্থসহিতং বাক্য-মুক্তবানিত্যর্থঃ ॥ ২ ॥

---

* ধৃতরাষ্ট্র-রাজমহিষী গান্ধারীর গর্ভজাত শতপুত্রের মধ্যে দুর্য্যোধন সর্ব্বজ্যেষ্ঠ। কথিত আছে ইনি জন্মগ্রহণ করিলে নানাপ্রকার অমঙ্গল সূচক দুর্লক্ষণ সমূহ প্রকাশিত হইয়াছিল এবং বিদুর প্রভৃতি তত্ত্বজ্ঞ সাধুজনেরা দুর্য্যোধন কর্ত্তৃক কুরুকুল বিনষ্ট হইবে বলিয়া আশঙ্কা করিয়াছিলেন। মহাভারতে লিখিত আছে, 'দুর্ম্মতি দুর্য্যোধন কলির অংশে জন্মগ্রহণ করেন। ইনি অতি পাপাশয়, ক্রূর ও কুরুকুলের কলঙ্ক স্বরূপ ছিলেন।" কুরুরাট্, গান্ধারেয় দুর্য্যোধন—দুর্য্যোধনের এই সকল নামান্তর। ত্রিকাণ্ড শেষ।

† ব্যূহ—যুদ্ধে দুর্জ্জয়ত্বাদি সাধনের নিমিত্ত সেনা রচনা। সমগ্রস্য তু সৈন্যস্য বিন্যাসঃ স্থানভেদতঃ। স ব্যূহ ইতি বিখ্যাতো যুদ্ধেষু পৃথিবীভুজাম্॥ ইতি শব্দরত্নাবলী।

‡ পাণ্ডব ও কৌরবদিগের অস্ত্রাচার্য্য দ্রোণ, মহর্ষি ভরদ্বাজের পুত্র। ইনি একদা দোণ অর্থাৎ কলসের মধ্যে জন্মগ্রহণ করেন বলিয়া দ্রোণ নাম প্রাপ্ত হন। দ্রোণ শস্ত্রবিদ্যায় যেরূপ পারদর্শী ছিলেন, বেদ বেদাঙ্গাদি শাস্ত্রেও সেইরূপ অভিজ্ঞ ছিলেন। ইনি শরদ্বানের কন্যা কৃপীকে পত্নীরূপে গ্রহণ করেন। দ্রোণাচার্য্যের পুত্র জন্মমাত্র অশ্বের ন্যায় ধ্বনি করেন, এই জন্য অশ্বত্থামা নামে অভিহিত হন। পরশুরামকে প্রীত করিয়া দ্রোণ তাঁহার যাবতীয় অস্ত্রশস্ত্র ও সরহস্য ধনুর্ব্বেদ লাভ করেন। পৃষত রাজকুমার দ্রুপদ বাল্যকালে দ্রোণের সহাধ্যায়ী ও সুহৃদ ছিলেন। তিনি পঞ্চাল রাজ্যের অধীশ্বর হইলে, দ্রোণকে অপমানিত ও উপেক্ষিত করেন। দ্রোণ তথা হইতে হস্তিনাপুরে আসিলে, ভীষ্ম কর্ত্তৃক কৌরব ও পাণ্ডব বালকগণের আচার্য্যপদে নিয়োজিত হন। তৃতীয় পাণ্ডব অর্জ্জুন দ্রোণাচার্য্যের প্রিয়তম শিষ্য ছিলেন। রাজা দুর্য্যোধনের নির্ব্বন্ধাতিশয্য হেতু ভারত সমরে দ্রোণাচার্য্য কৌরব পক্ষে সেনাপতিপদ গ্রহণ করেন। পঞ্চাশীতি বর্ষ বয়সে, ভয়ানক ভারতযুদ্ধে, দ্রুপদ রাজার পুত্র ধৃষ্টদ্যুম্নের সহিত সমরে, মহর্ষি দ্রোণাচার্য্য বিগতজীব হন।

শ্রীধর।—সঞ্জয় উবাচ—দৃষ্ট্বেত্যাদি। পাণ্ডবানীমনীকং সৈন্যং ব্যূঢ়ং ব্যূহরচনয়াধিষ্ঠিতং দৃষ্ট্বা দ্রোণাচার্য্যসমীপং গত্বা রাজা দুর্য্যোধনো বক্ষ্যমাণং বচনমুবাচ॥ ২ ॥

বলদেব।—এবং জন্মান্ধস্য প্রজ্ঞাচক্ষুষো ধৃতরাষ্ট্রস্য ধর্ম্মপ্রজ্ঞাবিলোপান্মোহান্ধস্য, মৎপুত্রঃ কদাচিৎ পাণ্ডবেভ্যস্তদ্রাজ্যং দদ্যাদিতি বিম্লানচিত্তস্য ভাবং বিজ্ঞায় ধর্ম্মিষ্ঠঃ সঞ্জয়স্ত্বৎপুত্রঃ কদাচিদপি তেভ্যো রাজ্যং নার্পয়িষ্যতীতি তৎসন্তোষমুৎপাদয়ন্নাহ দৃষ্ট্বেতি। পাণ্ডবানামনীকং সৈন্যম্, ব্যূঢ়ং ব্যূহরচনয়াবস্থিতম্, আচার্য্যং ধনুর্ব্বিদ্যাপ্রদং দ্রোণম্, উপসঙ্গম্য স্বয়মেব তদন্তিকং গত্বা, রাজা রাজনীতিনিপুণঃ, বচনমল্পাক্ষরত্বগম্ভীরার্থত্ব-সংক্রান্তবচনবিশেষম্। অত্র স্বয়মাচার্য্য-সন্নিধিগমনেন পাণ্ডবসৈন্য প্রভাবদর্শনহেতুকং তস্যান্তর্ভয়ং গুরুগৌরবেণ তদন্তিকং স্বয়মাগতবানস্মীতি ভয়সঙ্গোপনঞ্চ ব্যজ্যতে, তদিদং রাজনীতিনৈপুণ্যাদতি চ রাজপদেন॥ ২ ॥

মধুসূদন।—এবং কৃপালোকব্যবহারনেত্রাভ্যামপি হীনতয়া মহতোঽন্ধস্য পুত্রস্নেহমাত্রাভিনিবিষ্টস্য ধৃতরাষ্ট্রস্য প্রশ্নে বিদিতাভিপ্রায়স্য সঞ্জয়স্যাতিধার্ম্মিকস্য প্রতিবচনমবতারয়তি বৈশম্পায়নঃ। সঞ্জয় উবাচ। তত্র পাণ্ডবানাং দৃষ্টভয়সম্ভাবনাপি নাস্তি, অদৃষ্টভয়ন্তু ভ্রান্ত্যা অর্জ্জুনস্যোৎপন্নং ভগবতোপশমিতমিতি পাণ্ডবানামুৎকর্ষস্তু শব্দেন দ্যোত্যতে। স্বপুত্রকৃতরাজ্যসমর্পণশঙ্কয়া তু মাং প্রাক্ষীরিতি রাজানং তোষয়িতুং দুর্য্যোধনদৌষ্ট্যমেব প্রথমতো বর্ণয়তি দৃষ্ট্বেতি। পাণ্ডুপুত্রাণামনীকং সৈন্যং ব্যূঢ়ং ব্যূহরচনয়া ধৃষ্টদ্যুম্নাদিভিঃ স্থাপিতং দৃষ্ট্বা চাক্ষুষজ্ঞানেন বিষয়ীকৃত্য, তদা সংগ্রামোদ্যমকালে, আচার্য্যং দ্রোণনামানং ধনুর্ব্বিদ্যাসম্প্রদায়প্রবর্ত্তয়িতারম্, উপসঙ্গম্য স্বয়মেব তৎসমীপং গত্বা ন তু স্বসমীপে তমাহূয়। এতেন পাণ্ডবসৈন্যদর্শনজনিতং ভয়ং সূচ্যতে। ভয়েন স্বরক্ষার্থং তৎসমীপগমনেঽপি আচার্য্যগৌরবব্যাজেন ভয়সঙ্গোপনং রাজনীতিকুশলত্বাদিত্যাহ রাজেতি। আচার্য্যং দুর্য্যোধনোঽব্রবীদিত্যেতাবতৈব নির্ব্বাহে বচনপদং সংক্ষিপ্তার্থবদ্ধার্থত্বাদি [বহ্বর্থত্বাদি] বহুগুণবিশিষ্টবাক্যবিশেষে সঙ্কুচিতং [সংক্রমিতং] বচনমাত্রমেবাব্রবীৎ ন তু কিঞ্চিদর্থমিতি বা॥ ২ ॥

নীলকণ্ঠ।—ব্যূঢ়ং ব্যূহরচনয়া স্থিতম্, আচার্য্যং, দ্রোণম্, রাজা দুর্য্যোধনঃ। রাজা অব্রবীদিত্যেব সিদ্ধে বচনপদেন সংক্ষিপ্তবহ্বর্থকত্বাদিগুণবত্ত্বং বাক্যস্য সূচ্যতে॥ ২ ॥

বিশ্বনাথ।—বিদিততদভিপ্রায়স্তদাশংসিতং যুদ্ধমেব ভবেৎ, কিন্তু ত্বন্মনোরথপ্রতিকূলমিতি মনসি কৃত্বাহ দৃষ্ট্বেতি। ব্যূঢ়ং ব্যূহরচনয়া স্থিতম্ রাজা দুর্য্যোধনঃ। সান্তর্ভয়মুবাচ পশ্যৈতামিতি নবভি শ্লোকৈঃ॥ ২ ॥

তাৎপর্য্য।—অন্ধরাজকৃত প্রশ্নের উত্তর স্বরূপে সঞ্জয় অকপটে যাহা বলিয়াছেন, অতঃপর ব্যাস-শিষ্য বৈশম্পায়ন জন্মেজয়কে তাহাই বলিতে প্রবৃত্ত হইলেন।

ভীষ্মাদি বীরপুরুষ কর্তৃক রক্ষিত, প্রবল পরাক্রান্ত আমাদের সৈন্যদিগকে অবলোকন করিয়া, শত্রুপক্ষীয়দিগের ভয়ের সঞ্চার হইল, অথবা

তাহারা হিংসা জনিত অধর্ম্ম ভয়ে ভীত হইয়া যুদ্ধ হইতে স্বয়ংই নিবৃত্ত হইল, কিংবা মৎপুত্র সুযোধন ধর্ম্মভূমির মহিমায় নির্ম্মল অন্তঃকরণ হইয়া পাণ্ডুপুত্রগণের ন্যায়তঃ প্রাপ্য রাজ্য তাহাদিগকে প্রদান পূর্ব্বক প্রতিজ্ঞাপালনে বিমুখ হইল, স্নেহপরায়ণ পুত্রবশংবদ ধৃতরাষ্ট্রের এবংবিধ ভাবাত্মক সাগ্রহ প্রশ্নের উত্তর স্বরূপে বুদ্ধিমান্ সঞ্জয়, প্রথমতঃ পাণ্ডুপুত্রগণের কথা না বলিয়া, দুষ্টবুদ্ধি দুর্য্যোধনের ব্যবহার বর্ণনে প্রবৃত্ত হইলেন।

অমিততেজা ভীষ্মাদি দর্শনে পাণ্ডবগণের হৃদয়ে কোনই ভয়ের সঞ্চার হয় নাই, মূলান্তর্গত 'তু' শব্দের দ্বারা ইহাই পরিব্যক্ত হইতেছে। কেবল সত্ত্বগুণ প্রধান বীর-কেশরী অর্জ্জুনের হৃদয়ে স্থান মাহাত্ম্যে হিংসাদি নিমিত্ত অদৃষ্ট ভয়ের সঞ্চার হইয়াছিল মাত্র; কিন্তু ভূ-ভার হরণার্থ ভূতলে অবতীর্ণ চতুরচূড়ামণি ভগবান্, বুদ্ধি-কৌশলে আধ্যাত্মিক উপদেশ দ্বারা, ধনঞ্জয়ের সেই অবসাদ অচিরে দূরীভূত করিয়াছিলেন।

"রাজা"পদ দ্বারা দুর্য্যোধনের সর্ব্বতোমুখী প্রভুত্ব বিজ্ঞাপিত হইতেছে; কিন্তু অন্য কোন উপযুক্ত ব্যক্তি দ্বারা অধীনস্থ সেনানায়ক দ্রোণাচার্য্যকে আহ্বান না করিয়া, প্রভুপদাধিষ্ঠিত রাজা দুর্য্যোধন স্বয়ং তাঁহার নিকট গমন করিলেন কেন? সংগ্রামোদ্যত ব্যূহরচনাধিষ্ঠিত প্রবল পরাক্রান্ত পাণ্ডবগণের বিপুল বাহিনী দর্শনে ভয় ব্যাকুলতাই ইহার একমাত্র কারণ। রাজা, ভীতিব্যাকুলিত অন্তরে, ধনুর্ব্বিদ্যা সম্প্রদায় প্রবর্ত্তক দ্রোণনামক স্বকীয় আচার্য্য সমীপে স্বয়ং গমন করিলেন। কিন্তু পাছে তাঁহাকে লোকে ভীত ও কাপুরুষ বলিয়া অবজ্ঞা করে, এই আশঙ্কায়, রাজনীতি-সঙ্গত কৌশল সহকারে, তাঁহাকে 'আচার্য্য' শব্দে সম্বোধন করিয়া স্বকীয় গুরুর মহত্ত্ব প্রকাশ করিলেন, অথচ সঙ্গে সঙ্গে হৃদয়জাত ভীতভাব সঙ্গোপন করিলেন। যেহেতু তিনি যত সুমহৎ হউন না কেন, আচার্য্য সমীপে গমন করিলে তাঁহার মানের লাঘব হইল বলিয়া কেহই তাঁহাকে কলঙ্কিত করিবে না এবং তিনি যে ত্রাসহেতু সত্বর স্বয়ং প্রধাবিত হইয়াছেন, একথাও কেহ মনে করিবে না।

অব্রবীৎ' অর্থাৎ বলিলেন, 'এই মাত্র বলিলেই বাক্যার্থসিদ্ধ হইতে পারিত, তথাপি 'বচন' পদ থাকায়, দুর্য্যোধনের মুখ হইতে সংক্ষিপ্ত অথচ ভাববহুল বাক্য বিনির্গত হইল, এইরূপ বুঝিতে হইবে ॥ ২ ॥

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণামাচার্য্য মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণ ধীমতা ॥ ৩ ॥

অন্বয়।—আচার্য্য! তব শিষ্যেণ ধীমতা (বুদ্ধিমতা) দ্রুপদপুত্রেণ (ধৃষ্টদ্যুম্নেন) ব্যূঢ়াম্ (ব্যূহরচনয়া স্থাপিতাম্) পাণ্ডুপুত্রাণাম্ (যুধিষ্ঠিরাদীনাম্) এতাম্ (ভবৎপ্রমুখানপি অবিগণয্য স্থিতাম্) মহতীম্ (বিততাম্) চমূম্* (সেনাম্) পশ্য (অপরোক্ষীকুরু) ॥ ৩ ॥

প্রতিশব্দ।—গুরো! তোমার শিষ্য বুদ্ধিমান্ দ্রুপদ-তনয়-কর্ত্তৃক ব্যূহ বদ্ধ পাণ্ডবদিগের এই বহুসংখ্যক সেনা দেখ ॥ ৩ ॥

ব্যাখ্যা।—হে গুরুদেব! ভবদীয় সুচতুর অস্ত্রশিষ্য দ্রুপদনন্দন ধৃষ্টদ্যুম্ন † কর্ত্তৃক ব্যূহ রচনাধিষ্ঠিত পাণ্ডুপুত্রদিগের এই বিশাল সৈন্য-সমাবেশ অবলোকন করুন ॥ ৩ ॥

আনন্দগিরি।—তদেব বচনমুদাহরতি পশ্যেতি। এতামস্মদভ্যাসে মহাপুরুষানপি ভবৎপ্রমুখানপরিগণয্য ভয়লেশশূন্যামবস্থিতাং চমূমিমাং সেনাং পাণ্ডুপুত্রৈর্যুধিষ্ঠিরাদিভিরানীতাং মহতীমনেকাক্ষৌহিণীসহিতামক্ষোভ্যাং পশ্যেত্যাচার্য্যং দুর্য্যোধনো নিযুংক্তে, নিয়োগদ্বারা চ তস্মিন্ পরেষামবজ্ঞাং বিজ্ঞাপয়ন্ ক্রোধাতিরেকমুৎপাদয়িতুমুৎসহতে। পরকীয়সেনায়া বৈশিষ্ট্যাভিধানদ্বারা পরাপরপক্ষেঽপি ত্বদীয়মেব বলমিতি সূচয়ন্নাচার্য্যস্য তন্নিরসনং সুকরমিতি মন্বানঃ সন্নাহ ব্যূঢ়ামিতি। রাজ্ঞো দ্রুপদস্য পুত্রস্তব শিষ্যো ধৃষ্টদ্যুম্নো লোকে খ্যাতিমুপগতঃ, স্বয়ঞ্চ শাস্ত্রাস্ত্রবিদ্যাসম্পন্নো মহামহিমা তেন ব্যূহমাপাদ্যাধিষ্ঠিতামিমাং চমূং কিমিতি ন প্রতিপদ্যসে কিমিতি বা ন মৃশ্যসীত্যর্থঃ ॥ ৩ ॥

---

* গজ ৭২৯, রথ ৭২৯, অশ্ব ২১৮৭, পদাতি ৩৬৪৫ একত্রিত হইলে চমূ হয়। চমূশব্দে সাধারণতঃ সৈন্য দল বুঝায়। ('কুরুক্ষেত্র যুদ্ধ' শীর্ষক প্রবন্ধ দেখুন।)

† পাঞ্চালরাজ দ্রুপদ, ভরদ্বাজনন্দন দ্রোণাচার্য্যের বিনাশ সাধন বাসনায়, পুত্রকামী হইয়া মহাতপা মহর্ষি উপযাজের দ্বারা এক যজ্ঞ সম্পন্ন করেন; সেই যজ্ঞীয় হুতাশন মধ্য হইতে বর্ম্ম ও অস্ত্রধারী দেবকুমার তুল্য এক কুমার আবির্ভূত হইলেন। সঙ্গে সঙ্গে এই আকাশবাণী হইল যে, এই দ্রুপদনন্দন দ্রোণকে বধ করিবেন। অনতিকাল মধ্যে সেই যজ্ঞানল হইতে আর এক শ্যামকায়া অলৌকিক শ্রীসম্পন্না কামিনী সমুত্থিতা হইলেন। ব্রাহ্মণেরা সেই যজ্ঞোদ্ভূত বীরের ধৃষ্টদ্যুম্ন এবং সেই যজ্ঞ-সম্ভূতা কুমারীর কৃষ্ণা (দ্রৌপদী) নাম রক্ষা করিলেন। ধৃষ্টদ্যুম্ন মহর্ষি দ্রোণাচার্য্যের নিকট অস্ত্র শিক্ষা করেন। দৈব অপ্রতিবিধেয় বিবেচনায়, স্থিরবুদ্ধি দ্রোণ, ধৃষ্টদ্যুম্ন, প্রাণান্তক জানিয়াও তাঁহাকে যথাবিহিত যত্নসহকারে অস্ত্রশিক্ষা প্রদান করিয়া ভূমণ্ডলে স্বকীয় অসাধারণ হৃদয়-বল ও ধর্ম্মবুদ্ধির পরিচয় প্রদান করিয়াছেন। আচার্য্য দ্রোণ এই শিষ্য হস্তেই নিহত হইয়াছিলেন।

শ্রীধর।—তদেব বচনমাহ পশ্যৈতামিত্যাদিনবভিঃ শ্লোকৈঃ পশ্যৈত্যাদি। হে আচার্য্য! পাণ্ডবানাং মহতীং বিততাং চমূং সেনাং পশ্য, তব শিষ্যেণ দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন ব্যূঢ়াং ব্যূহরচনয়াধিষ্ঠিতাম্॥ ৩॥

বলদেব—তত্তাদৃশং বচনমাহ পশ্যৈতামিত্যাদিনা। প্রিয়শিষ্যেষু যুধিষ্ঠিরাদিষু স্নেহাতিশয়াদাচার্য্যো ন যুধ্যেদিতি বিভাব্য তৎকোপোৎপাদনায় তস্মিংস্তদবজ্ঞাং ব্যঞ্জয়ন্নাহ এতামিতি। এতামতিসন্নিহিতাং প্রাগলভ্যেনাচার্য্যমতিশূরঞ্চ ত্বামবিগণয্য স্থিতাম্‌ দৃষ্ট্বা তদবজ্ঞাং প্রতীহীতি। ব্যূঢ়াং ব্যূহরচনয়া স্থাপিতাম্। দ্রুপদপুত্রেণেতি। ত্বদ্বৈরিণা দ্রুপদেন ত্বদ্বধায় ধৃষ্টদ্যুম্নং পুত্রো যজ্ঞাগ্নিকুণ্ডাদুৎপাদিতোঽস্তীতি। তব শিষ্যেণেতি। ত্বং স্বশত্রুং জানন্নপি ধনুর্ব্বিদ্যামধ্যাপিতবানসীতি তব মন্দধীত্বম্। ধীমতেতি। শত্রোস্ত্বত্তস্ত্বদ্বধোপায়ো গৃহীত ইতি সুধীত্বম্. ত্বদুপেক্ষ্যকারিতৈবাস্মাকমনর্থহেতুরিতি ভাবঃ॥ ৩॥

মধুসূদন।—তদেব বাক্যবিশেষরূপং বচনমুদাহরতি "পশ্যৈতামিত্যাদিনা তস্য সঞ্জয়ন্ হর্ষম্" ইত্যন্তেন গ্রন্থেন। পাণ্ডবেষু প্রিয়শিষ্যেষু অতিস্নিগ্ধহৃদয়মাচার্য্যোঽর্জ্জুনম্ করিষ্যতীতি সন্তপ্তে তস্মিন্ পরমাবজ্ঞাং অতিস্নিগ্ধহৃদয়ত্বাদাচার্য্যো যুদ্ধং ন করিষ্যতীতি সম্ভাব্য তস্মিন্ পরেষাং অবজ্ঞাং বিজ্ঞাপয়ন্ তস্যানন্দাতিরেকম্ [ক্রোধাতিশয়ম্] উৎপাদয়িতুমাহ এতামিতি। এতামত্যাসন্নত্বেন ভবদ্বিধানপি মহানুভাবানবগণয্য ভয়শূন্যত্বেন স্থিতাং পাণ্ডুপুত্রাণাং চমূম্ অনেকাক্ষৌহিণীসহিতত্বেন দুর্নিবারাং পশ্য অপরোক্ষীকুরু (প্রার্থনায়াং লোট্)। অহং শিষ্যত্বাৎ ত্বামাচার্য্যং প্রার্থয়ামীত্যাহ আচার্য্যেতি। দৃষ্ট্বা চ তৎকৃতামবজ্ঞাং স্বয়মেব জ্ঞাস্যসীতি ভাবঃ। ননু তদীয়াবজ্ঞা সোঢ়ব্যৈবাস্মাভিঃ প্রতিকর্ত্তুমশক্যত্বাদিত্যাশঙ্ক্য তন্নিরসনং তব সুকরমেবেত্যাহ ব্যূঢ়াং তব শিষ্যেণেতি। শিষ্যাপেক্ষয়া গুরোরাধিক্যং সর্ব্বসিদ্ধমেব। ব্যূঢ়াং ধৃষ্টদ্যুম্নেনেত্যনুক্ত্বা দ্রুপদপুত্রেণেতি কথনং দ্রুপদপূর্ব্ববৈরসূচনেন ক্রোধোদ্দীপনার্থম্। ধীমতেতিপদমনুপেক্ষণীয়ত্বসূচনার্থম্। ব্যাসঙ্গান্তরনিরাকরণেন ত্বরাতিশয়ার্থং। পশ্যেতি প্রার্থনম্। অন্যচ্চ হে পাণ্ডুপুত্রাণামাচার্য্য! ন তু মম কেবলং স্নেহাতিশয়াৎ। দ্রুপদপুত্রেণ তব শিষ্যেণেতি ত্বদ্বধার্থমুৎপন্নোঽপি ত্বয়াধ্যাপিত ইতি তব মৌঢ্যমেব মমানর্থকারণমিতি সূচয়তি। শত্রোরপি সকাশাৎ তদ্বধোপায়ভূতা বিদ্যা গৃহীতেতি তস্য ধীমত্ত্বম্। অতএব তত্র সুদর্শনেনানন্দস্তবৈব ভবিষ্যতি ভ্রান্তত্বাৎ নান্যস্য কস্যচিদপি প্রদর্শনীয়েতি ত্বমেবৈতাং পশ্যেত্যাচার্য্যং প্রতি তৎসৈন্যং প্রদর্শয়ন্ নিগূঢ়ং দ্বেষং দ্যোতয়তি। এবঞ্চ যস্য ধর্ম্মক্ষেত্রং প্রাপ্যাচার্য্যোঽপীদৃশী দুষ্টবুদ্ধিস্তস্য কানুতাপশঙ্কা সর্ব্বাভিশঙ্কিত্বেনাতিদুষ্টাশয়ত্বাদিতিভাবঃ॥ ৩॥

নীলকণ্ঠ।—দ্রুপদপুত্রেণেতি পূর্ব্ববৈরস্মরণেন ক্রোধোদ্দীপনার্থং বিশেষণম্॥ ৩॥

বিশ্বনাথ।—দ্রুপদপুত্রেণ ধৃষ্টদ্যুম্নেন তব শিষ্যেণেতি ত্বদ্বধার্থং উৎপন্ন ইতি জানতাপি ত্বয়া অয়মধ্যাপিত ইতি তব মন্দবুদ্ধিত্বং। ধীমতেতি শত্রোরপি ত্বত্তঃ সকাশাৎ ত্বদ্বধোপায়বিদ্যা গৃহীতা ইত্যস্য মহাবুদ্ধিত্বং ফলকালেঽপি পশ্যেতি ভাবঃ॥ ৩॥

তাৎপর্য্য।—অতঃপর নিম্নলিখিত নয় শ্লোকদ্বারা রাজা দুর্য্যোধন নিজ অভিপ্রায় প্রকাশ করিতেছেন। হে আচার্য্য! হে ধনুর্ব্বিদ্যা-পারদর্শিন্! ঐ দেখুন পাণ্ডবগণের পুঞ্জীকৃত সৈন্য, আপনার সুবুদ্ধিমান্ শিষ্য দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক রচিত ব্যূহ মধ্যে সুরক্ষিত হইয়া, যুদ্ধার্থ দণ্ডায়মান রহিয়াছে।

দ্রোণাচার্য্য পাছে পাণ্ডুপুত্রগণকে দর্শনে স্নেহে অধীর হইয়া সমর পরিত্যাগ পূর্ব্বক, অবলম্বিত অধ্যবসায়ে উদ্যম বিহীন হন, এই ভয়ে রাজা দুর্য্যোধন, তাহাদের গুরুর প্রতি অবজ্ঞাভাব প্রদর্শনপূর্ব্বক আচার্য্যের ক্রোধোদ্দীপনের নিমিত্ত বলিতেছেন; গুরুদেব! আমি আপনার শিষ্য—বিনয় পূর্ব্বক প্রার্থনা করিতেছি, কৃপা করিয়া সম্মুখভাগে অবলোকন করুন। আপনি চিরদিন যে পাণ্ডুপুত্রদিগকে অকৃত্রিম স্নেহ করিয়া আসিতেছেন, অদ্য তাহারা অনেক অক্ষৌহিণী সৈন্য সংগ্রহ পূর্ব্বক আপনার মত বহুদর্শী সদুপদেষ্টা গুরুর প্রতি ভ্রূক্ষেপও না করিয়া, নিতান্ত অহঙ্কৃতভাবে আপনার সম্মুখে সমর-বেশে দণ্ডায়মান হইয়াছে। তাহাদের এই ব্যবহার কি আপনার অকৃত্রিম স্নেহ-লতার যথোপযুক্ত ফল, না গুরুদেবের সমুচিত দক্ষিণা? তাহাদের সাহঙ্কৃত ও অবজ্ঞাসূচক ব্যবহার দর্শন করিয়া নিশ্চিন্ত ও উদাসীন থাকা, আপনার পক্ষে কখনই বিধেয় নহে। অতএব আর বিলম্বে প্রয়োজন নাই, সম্প্রতি সময়োচিত কার্য্যে প্রবৃত্ত হউন।

আপনার চিরবৈরি দ্রুপদরাজার পুত্র ধৃষ্টদ্যুম্ন আপনার প্রদত্ত শিক্ষা-প্রভাবে এই ব্যূহ রচনা করিয়াছেন; সুতরাং ইহার চতুরতা ও আভ্যন্তরীণ কৌশল কিছুই আপনার অগোচর থাকিতে পারে না। এক্ষণে আমার বোধ হয় আপনি ঈষৎকটাক্ষ করিলেই ইহাদের গর্ব্ব খর্ব্ব করিতে পারিবেন। ধৃষ্টদ্যুম্নের নাম না করিয়া, দ্রোণাচার্য্যের ক্রোধ উদ্দীপনার্থ তাঁহার চিরশত্রুর নাম স্মরণ করাইবার অভিপ্রায়ে দুর্য্যোধন এস্থলে 'দ্রুপদপুত্র' শব্দের ব্যবহার করিয়াছেন।

পক্ষান্তরে আপনার বধার্থ উৎপন্ন এই ধৃষ্টদ্যুম্ন আপনার নিকটে শিক্ষা করিয়া অধুনা আপনার প্রতিকূলে সমরক্ষেত্রে অবতীর্ণ হইয়াছে। ইহাতে আপনার নিরতিশয় মূঢ়তা, সঙ্গেসঙ্গে আমার ঘোরানর্থোৎপত্তিএবং আপনার নিকট শিক্ষিত, আপনার বধার্থজাত, চিরন্তন শত্রু দ্রুপদরাজতনয় ধৃষ্টদ্যুম্নের অতিশয় বুদ্ধিচাতুর্য্য ও কৌশলাভিজ্ঞতা সূচিত হইতেছে। মূলের 'ধীমতা'

শব্দ এই ভাবেই প্রযুক্ত; কিন্তু এখনও এই সকল প্রচ্ছন্ন শক্তিকে দর্শন করিয়া আপনার নয়নযুগল স্নেহে মুকুলিত হইতেছে, এতদপেক্ষা অধিকতর আশ্চর্য্য কাণ্ড আর কি হইতে পারে? এই সকল কঠোর বাক্যে তীব্র অথচ প্রচ্ছন্ন বিদ্রূপ ও তিরস্কার দ্বারা দ্রোণাচার্য্যের হৃদয়ে প্রবল ক্রোধাগ্নি প্রজ্বলিত করাই দুর্য্যোধনের একমাত্র উদ্দেশ্য।

"পাণ্ডুপুত্রাণামাচার্য্য" এই পদ দ্বারা, হে পণ্ডুপুত্রগণের আচার্য্য! অর্থাৎ হে যুধিষ্ঠিরাদি-গুরো! তুমি আমার পক্ষাশ্রিত হইলেও, আমার গুরু নহ, এতাদৃশ অর্থও কল্পিত হইতে পারে। তুমি চিরদিনই পাণ্ডবগণের প্রতি স্নেহশীল, তাহাদের পক্ষীয় লোকের দুর্ব্ব্যবহার উপেক্ষা করিয়া থাক, এবং এখনও তাহাদের বিনাশার্থ যুদ্ধক্ষেত্রে সমাগত হইয়াও, তোমার হৃদয় তাহাদিগের নিমিত্ত স্নেহার্দ্র হইয়া রহিয়াছে; অতএব উভয় পক্ষের গুরু হইলেও, তোমাকে "পাণ্ডুপুত্রাণামাচার্য্য' অর্থাৎ পাণ্ডবদিগের গুরু বলিয়া সম্বোধন করাই সঙ্গত।

ধর্ম্মক্ষেত্রে আসিয়াও দুর্ম্মতি দুর্য্যোধন, ছল ও কৌশলে গুরুদেবকে ইত্যাকার কটূক্তি সমূহে ব্যথিত-হৃদয় করিলেন, এবং স্বকীয় অন্তর-নিহিত পাপপূর্ণ দুরভিসন্ধি সমূহ প্রকাশ করিলেন। সঞ্জয়, সর্ব্বাগ্রে এই বৃত্তান্ত যথাবৎ বর্ণন পূর্ব্বক, দুর্য্যোধন স্থান-মহিমায় অনুতপ্ত হইয়া, যুধিষ্ঠিরাদির প্রাপ্য রাজ্য পুনর্ব্বার প্রদান করেন কি না, ধৃতরাষ্ট্রের এই অন্তরস্থ আশঙ্কার নিরাকরণ করিলেন। এরূপ নিন্দনীয় যাহার ব্যবহার, তাহার প্রকৃতিগত কোন পরিবর্ত্তনই ঘটে নাই; স্থান-মাহাত্ম্য তাদৃশ পাপ-বুদ্ধির নিকটে পরাভূত; সে চিরদিনই যেরূপ পাপাশয় এখনও তাহাই রহিয়াছে ॥ ৩॥

অত্র শূরা মহেষ্বাসা ভীমার্জ্জুনসমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪ ॥
ধৃষ্টকেতুশ্চেকিতানঃ কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫ ॥
যুধামন্যুশ্চ বিক্রান্ত উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ সর্ব্ব এব মহারথাঃ ॥ ৬ ॥

অন্বয় ।—অত্র (অস্যাং বিপক্ষসেনায়াম্) যুধি (যুদ্ধে) ভীম-অর্জ্জুন-সমাঃ (ভীমার্জ্জুনাভ্যাং সর্ব্বসম্পন্নবিক্রমাভ্যাং তুল্যাঃ) মহেষ্বাসাঃ (মহান্তঃ অন্যৈঃ অপ্রধৃষ্যাঃ ইষ্বাসাঃ ধনূংষি যেষাং তে) শূরাঃ (যুদ্ধে অভীরবঃ) যুযুধানঃ (সাত্যকিঃ) বিরাটঃ চ মহারথঃ দ্রুপদঃ চ।

ধৃষ্টকেতুঃ চেকিতানঃ বীর্য্যবান্ কাশীরাজঃ চ পুরুজিৎ কুন্তিভোজঃ চ নর-পুঙ্গবঃ শৈব্যঃ চ (ধৃষ্টকেতুঃ ইত্যাদি-নামভিঃ প্রসিদ্ধাঃ)।

বিক্রান্তঃ যুধামন্যুঃ চ বীর্য্যবান্ উত্তমৌজাঃ চ সৌভদ্রঃ (অভিমন্যুঃ) দ্রৌপদেয়াঃ (দ্রৌপদীপুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ) চ সর্ব্বে এব মহারথাঃ [সন্তি] ॥ ৪। ৫। ৬॥

প্রতিশব্দ ।—ইহাতে যুদ্ধে ভীম অর্জ্জুনের ন্যায় মহাধানুকী বীরগণ যুযুধান * এবং বিরাট † এবং মহারথ দ্রুপদ ‡।

ধৃষ্টকেতু চেকিতান্ এবং তেজস্বী কাশীরাজ পুরুজিৎ এবং কুন্তি-ভোজ এবং মানব শ্রেষ্ঠ শৈব্য §।

* যুযুধান বীর সত্যকি নামে সুবিখ্যাত। ইনি শ্রীকৃষ্ণের সারথি ছিলেন এবং কুরুক্ষেত্রসময়ে পাণ্ডবপক্ষ অবলম্বন করিয়াছিলেন। পারিজাতহরণ কালে সাত্যকি স্বর্গপুরে যুদ্ধার্থ গমন করিয়াছিলেন এবং দেবপ্রতিদ্বন্দ্বীর সহিত সমরে বিজয়ী হইয়াছিলেন।

† পাণ্ডবেরা দ্বাদশ বর্ষকাল বনবাসান্তে মৎস্যরাজ বিরাটের ভবনে একবর্ষকাল অজ্ঞাতবাস করেন। যুধিষ্ঠির কঙ্ক নামে ব্রাহ্মণ, ভীমসেন বল্লভ নামে সূপকার, অর্জ্জুন বৃহন্নলা নামে ক্লীব ও সঙ্গীতাধ্যাপক, নকুল গ্রন্থিক নামে অশ্ব-রক্ষক, সহদেব তন্ত্রিপাল নামে গোপালক, এবং দ্রৌপদী সৈরন্ধ্রী নামে পরিচারিকার ছদ্মবেশ ধারণপূর্ব্বক বিরাট-রাজপুরে একবর্ষ অতিবাহিত করেন। তথায় তাঁহারা যুদ্ধাদি দ্বারা বিরাটের প্রভূত ইষ্ট সাধন করিয়াছিলেন। নিয়মিত কালাবসানে বিরাটরাজ ও তাঁহার পুত্র উত্তর, পাণ্ডবগণের পরিচয় পরিজ্ঞাত হইয়া তাঁহাদের যথাবিহিত সংবর্দ্ধনা করেন। শ্রীকৃষ্ণের ভগিনী অর্জ্জুনপত্নী সুভদ্রার গর্ভে অভিমন্যুর জন্ম হয়। বিরাট-রাজের আগ্রহ হেতু, তদীয় কন্যা উত্তরার সহিত অভিমন্যুর বিবাহ হইল। সুতরাং বিরাট-রাজ পাণ্ডবগণের বৈবাহিক। বলা বাহুল্য, বিরাট রাজ স্বকীয় সৈন্যাদি সহ ভারত-যুদ্ধে পাণ্ডবগণের পক্ষাশ্রয় করেন।

‡ পাঞ্চালপতি দ্রুপদরাজা ধৃষ্টদ্যুম্ন ও দ্রৌপদীর পিতা এবং পাণ্ডবগণের শ্বশুর।

§ এই সকল বীরপুরুষের অনেকের সহিত রাজসূয় যজ্ঞোপলক্ষে দিগ্বিজয় কালে যুধিষ্ঠিরের সৌহার্দ্দ সংস্থাপিত হয়। অধুনা পাণ্ডবগণ পদচ্যুত হইলেও, এই মহাত্মারা তাঁহাদিগকে অবজ্ঞা না করিয়া, স্ব স্ব দলবল সহ পাণ্ডবপক্ষ গ্রহণ করিয়াছেন।

কুন্তিভোজরাজ, পাণ্ডব জননী কুন্তি দেবীর পিতা। শিবি-বংশসম্ভূত রাজার নাম শৈব্য। বীর চিকিতানের পুত্রের নাম চেকিতান। ধৃষ্টকেতু ও পুরুজিৎ বীরদ্বয়ের নাম শৌর্য্যের

এবং বিক্রমশালী যুধামন্যু এবং বলবান্ উত্তমৌজা সুভদ্রাতনয় এবং দ্রৌপদীনন্দনগণ সকলেই মহারথ [আছেন] ॥ ৪ । ৫ । ৬ ॥.

ব্যাখ্যা ।—সম্মুখবর্ত্তী সৈন্য সমূহের মধ্যে সমরে ভীমার্জ্জুনের সমতুল্য মহাধানুষ্ক যুযুধান, বিরাট, মহারথ দ্রুপদ,

ধৃষ্টকেতু, চেকিতান, বীর্য্যবন্ত কাশীরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ, নরশ্রেষ্ঠ শৈব,

পরাক্রমশালী যুধামন্যু, বীর্য্যসম্পন্ন উত্তমৌজা *, সুভদ্রাতনয়, অভিমন্যু † এবং পাঞ্চালী-পুত্রগণ ‡ এই সকল বীরবর্গ বিদ্যমান আছেন্ ॥ ৪ । ৫ । ৬ ॥

আনন্দগিরি ।—অন্যেঽপি প্রতিপক্ষে পরাক্রমভাজো বহবঃ সন্তীত্যনুপেক্ষণীয়ত্বং পরপক্ষস্য বিবক্ষন্নাহ অত্রেতি। তস্যাং হি প্রতিপক্ষভূতায়াং সেনায়াং শূরাঃ স্বয়মভীরবঃ শস্ত্রাস্ত্রকুশলা ভীমার্জ্জুনাভ্যাং সর্ব্বসম্প্রতিপন্নবীর্য্যাভ্যাং তুল্যা যুদ্ধভূমাবুপলভন্তে। তেষাং যুদ্ধ-শৌণ্ডীর্যং বিশদীকর্ত্তুং বিশিনষ্টি মহেষ্বাসা ইতি। ইষুবস্যতেঽস্মিন্নিতি ব্যুৎপত্ত্যা ধনুরুচ্যতে তচ্চ মহদন্যৈরপ্রধৃষ্যং তদ্যেষাং তে, রাজানস্তথা বিবক্ষ্যন্তে। তানেব পরসেনামধ্যমধ্যাসীনান্ পরপক্ষানুরাগিণো বাক্তো বিজ্ঞাপয়তি "যুযুধানঃ" ইত্যাদিনা "সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ" ইত্যন্তেন। কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। স্পষ্টম্। তেষাং সর্ব্বেষামপি মহাবলপরাক্রমভাক্ত্বাদন্য-পক্ষত্বং পুনর্ব্বিবক্ষতি সর্ব্ব এবেতি ॥ ৪ । ৫ । ৬ ॥

যাহার সমুড্ডীন কেতন দর্শনে অরাতিকুল ভয়বিকলিত হয়, তিনিই ধৃষ্টকেতু এবং যিনি বহুবিজয়ী অর্থাৎ পুনঃপুনঃ শত্রু দমনশীল তিনিই পুরুজিৎ।

* যুধামন্যু ও উত্তমৌজা পাঞ্চালদেশীয় রাজা। ইঁহাদের নাম বীরত্বের পরিচায়ক। সমরসংবাদে যিনি ক্রোধোন্মত্ত হইয়া থাকেন তিনিই যুধামন্যু এবং যাঁহার সাহস ও বিক্রম অপরিমেয় তিনিই উত্তমৌজা।

† শ্রীকৃষ্ণ ও বলরামের ভগিনী সুভদ্রা দেবীকে রৈবতকপর্ব্বত হইতে, শ্রীকৃষ্ণের পরামর্শানুসারে অর্জ্জুন হরণ করেন এবং তাঁহার পাণিগ্রহণ করেন। সেই সুভদ্রার গর্ভে, অর্জ্জুনের ঔরসে অভিমন্যু নামে মহাবল পরাক্রান্ত পুত্র জন্মে। সে পুত্র বয়সে বালক হইলেও, যুদ্ধবিদ্যায় বিশেষ নিপুণ এবং সুপ্রবীণ বীরগণের, সমকক্ষ। ভারতযুদ্ধে কৌরবপক্ষীয় সাতজন সুবিখ্যাত বীর সমবেত হইয়া অন্যায়রূপে অভিমন্যুর বধ-সাধন করেন। অভিমন্যু যৎকালে মাতৃগর্ভে ছিলেন, তখনই জনকজননীর বাক্য শ্রবণ করিয়া যুদ্ধবিদ্যার অনেক তত্ত্ব পরিজ্ঞাত হইয়াছিলেন।

‡ দ্রৌপদীর গর্ভে পাণ্ডবদিগের পাঁচ পুত্র জন্মগ্রহণ করেন। যুধিষ্ঠিরের ঔরসে প্রতিবিন্ধ্য, ভীমের ঔরসে সুতসোম, অর্জ্জুনের ঔরসে শ্রুতকর্ম্মা নকুলের ঔরসে শতানীক এবং সহদেবের ঔরসে শ্রুতসেনের জন্ম হয়। এই পঞ্চভ্রাতা এবং অভিমন্যু অর্জ্জুনের অস্ত্রশিষ্য ছিলেন এবং যুদ্ধবিদ্যায় পারদর্শিতা লাভ করিয়াছিলেন। কুরুক্ষেত্র যুদ্ধের অবসান সময়ে, পিতৃবধামর্ষ প্রদীপ্ত দ্রোণনন্দন অশ্বত্থামা, কৃতবর্ম্মা ও কৃপাচার্য্যের সহিত এক-যোগে, সুষুপ্ত ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি পাঞ্চালগণকে ও সপরিবার দ্রৌপদীর পঞ্চপুত্রকে বিনষ্ট করিয়াছিলেন।

শ্রীধর।—অত্রেত্যাদি। অত্রাস্যাং চম্বাং ইষবো বাণা অস্যন্তে ক্ষিপ্যন্তে এভিরিতি ইষ্বাসা ধনূংষি মহান্ত ইষ্বাসা যেষাং তে মহেষ্বাসাঃ, ভীমার্জ্জুনৌ তাবদত্রাতিপ্রসিদ্ধৌ যোদ্ধারৌ তাভ্যাং সমাঃ শূরাঃ সন্তি। তানেব নামভির্নির্দিশতি যুযুধান ইতি। যুযুধানঃ সাত্যকিঃ। কিঞ্চ ধৃষ্টকেতুরিতি। চেকিতানো নাম একো রাজা, নরপুঙ্গবঃ নরশ্রেষ্ঠঃ শৈব্যঃ। যুধামন্যুরিতি। বিক্রান্তো যুধামন্যুর্নামৈকঃ, সৌভদ্রোঽভিমন্যুঃ দ্রৌপদেয়া দ্রৌপদ্যাং পঞ্চভ্যো যুধিষ্ঠিরাদিভ্যো জাতাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ। মহারথাদীনাং লক্ষণম্—"একো দশসহস্রাণি যোধয়েদ্‌যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ॥ অমিতান্ যোধয়েদ্‌যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথী চৈকেন যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথস্তু সঃ" ॥ ৪। ৫। ৬॥

বলদেব।—নম্বেকেন ধৃষ্টদ্যুম্নেনাধিষ্ঠিতাল্পিকা সেনাস্মদীয়ৈরনেকৈরেব সুজেয়া স্যাদ-তস্ত্বং মা ত্রাসীরিতি চেৎ তত্রাহ অত্রেতি। অত্র চম্বাং মহান্তঃ শত্রুভিঃ ক্ষেপ্তুমশক্যা ইষ্বাসাশ্চাপা যেষাং তে। যুদ্ধকৌশলমাশঙ্ক্যাহ ভীমেতি। যুযুধানঃ সাত্যকিঃ। মহারথ ইতি যুযুধানাদীনাং ত্রয়াণাং বিশেষণম্। ধৃষ্টেতি। বীর্য্যবানিতি ধৃষ্টকেত্বাদীনাং ত্রয়াণাং। নরপুঙ্গব ইতি পুরু-জিদাদীনাং ত্রয়াণাং। যুধেতি। বিক্রান্ত ইতি যুধামন্যোঃ, বীর্য্যবানিত্যুত্তমৌজসশ্চেতি বিশেষণং। সৌভদ্রোঽভিমন্যুঃ। দ্রৌপদেয়া যুধিষ্ঠিরাদিভ্যঃ পঞ্চভ্যঃ ক্রমাৎ দ্রৌপদ্যাং জাতাঃ প্রতিবিন্ধ্য-শ্রুতসেন-শ্রুতকীর্ত্তি-শতানীক-শ্রুতকর্ম্মাখ্যাঃ পঞ্চ পুত্রাঃ। চশব্দাদন্যে চ ঘটোৎ-কচাদয়ঃ। পাণ্ডবাস্বতিখ্যাতত্বাৎ ন গণিতাঃ। যে এতে সপ্তদশ গণিতা যে চান্যে তৎপক্ষীয়াস্তে সর্ব্বে মহারথা এব। অতিরথস্যাপ্যুপলক্ষণমেতৎ। তল্লক্ষণঞ্চোক্তং। "একো দশসহস্রাণি যোধয়েদ্‌যস্তু ধন্বিনাং। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ॥ অমিতান্ যোধয়েদ্‌যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথী চৈকেন যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথং স্মৃতঃ" ইতি ॥ ৪। ৫। ৬॥

মধুসূদন।—নম্বেকেন দ্রুপদপুত্রেণ প্রসিদ্ধেনাধিষ্ঠিতাং চমূমেতামস্মদীয়ো যঃ কশ্চি-দপি জেষ্যতি কিমিতি ত্বমুত্তত জেন্তসীত্যত আহ অত্র শূরা ইত্যাদিভিস্ত্রিভিঃ ন কেবলমাত্র ধৃষ্ট-দ্যুম্ন এব শূরঃ যেনোপেক্ষণীয়তা স্যাৎ, কিন্তু অস্যাং চম্বাং অন্যেঽপি বহবঃ শূরাঃ সন্তীত্যবশ্য-মেব তজ্জয়ে যতনীয়মিত্যভিপ্রায়ঃ। শূরানেব বিশিনষ্টি মহেষ্বাসা ইতি। মহান্তোঽন্যৈরপ্রধৃষ্যা ইষ্বাসা ধনূংষি যেষাং তে তথা, দূরত এব পরসৈন্যবিদ্রাবণকুশলা ইতি ভাবঃ। মহাধনুরাদিমত্ত্বে-ঽপি যুদ্ধকৌশলাভাবমাশঙ্ক্যাহ, যুধি যুদ্ধে, ভীমার্জ্জুনাভ্যাং সর্ব্বসম্প্রতিপন্নপরাক্রমাভ্যাং সমা-স্তুল্যাঃ। তানেবাহ "যুযুধানঃ" ইত্যাদিনা "মহারথাঃ" ইত্যন্তেন। যুযুধানঃ সাত্যকিঃ, দ্রুপদশ্চ মহারথ ইত্যেকঃ, অথবা যুযুধান-বিরাট-দ্রুপদানাং বিশেষণং মহারথ ইতি। ধৃষ্টকেতু চেকিতান-কাশীরাজানাং বিশেষণং বীর্য্যবানিতি। পুরুজিৎ-কুন্তিভোজ শৈব্যানাং বিশেষণং নরপুঙ্গব ইতি। বিক্রান্তো যুধামন্যুঃ বীর্য্যবাংশ্চোত্তমৌজা ইতি দ্বৌ। অথবা সর্ব্বাণি বিশেষণানি সমুচ্চিত্য সর্ব্বত্র যোজনীয়ানি। সৌভদ্রোঽভিমন্যুঃ, দ্রৌপদেয়াশ্চ দ্রৌপদীপুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ, চকারাদন্যেঽপি পাণ্ড্যরাজ-ঘটোৎকচপ্রভৃতয়ঃ, পঞ্চপাণ্ডবাস্বতিপ্রসিদ্ধা এবেতি ন গণিতাঃ, যে গণিতাঃ সপ্তদশ অন্যেঽপি তদীয়াঃ সর্ব্ব এব মহারথাঃ সর্ব্বেঽপি মহারথা এব

নৈকোঽপি রথার্দ্ধরথো [রথোঽর্দ্ধরথো] বা যদ্বা মহারথা ইত্যতিরথস্যাপ্যুপলক্ষণং তল্লক্ষণঞ্চ “একো দশসহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাং। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ॥ অমিতান্ যোধয়েদ্যস্তু সংপ্রোক্তোঽতিরস্তু সঃ। রথী ত্বেকেন (রথস্ত্বেকেন) যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ” ইতি॥ ৪। ৫। ৬॥

নীলকণ্ঠ।—মহেষ্বাসাঃ মহান্ত ইষ্বাসা ধনূংষি যেষাং তে, যুযুধানঃ সাত্যকিঃ. দ্রুপদশ্চ মহারথ ইত্যেকঃ। ধৃষ্টকেত্বাদয়ঃ ষট্। যুধামন্যূত্তমৌজসৌ, সৌভদ্রোঽভিমন্যুঃ, পঞ্চ দ্রৌপদেয়াঃ প্রতিবিন্ধ্যাদয়শ্চেতি অষ্টৌ চকারাৎ পাণ্ডবা ঘটোৎকচাদয়শ্চাতিপ্রসিদ্ধা গ্রাহ্যাঃ, সর্ব্বেঽপি মহারথা এব। তল্লক্ষণন্তু “একো দশসহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাং। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ স বৈ প্রোক্তো মহারথঃ॥ অমিতান্ যোধয়েদ্যস্তু সংপ্রোক্তোঽতিরথস্তু সঃ। রথী ত্বেকেন যোদ্ধা স্যাত্তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ॥” ইতি॥ ৪। ৫। ৬॥

বিশ্বনাথ।—অত্র চম্বাং মহান্তঃ শত্রুভিশ্ছেত্তুমশক্যা ইষ্বাসা ধনূংষি যেষাং তে। যুযুধানঃ সাত্যকিঃ, সৌভদ্রঃ অভিমন্যুঃ, দ্রৌপদেয়াঃ যুধিষ্ঠিরাদিভ্যঃ পঞ্চভ্যো জাতাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ। মহারথাদীনাং লক্ষণম্—“একো দশসহস্রাণি যোধয়েদ্যস্তু ধন্বিনাম্। শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ মহারথ ইতি স্মৃতঃ॥ অমিতান্ যোধয়েদ্যস্তু স এবাতিরথঃ স্মৃতঃ। রথী চৈকেন যো যোদ্ধা তন্ন্যূনোঽর্দ্ধরথঃ স্মৃতঃ” ইতি॥ ৪। ৫। ৬॥

তাৎপর্য্য।—একমাত্র দ্রুপদপুত্র ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক পাণ্ডবগণের ব্যূহ রচিত হইয়াছে; সুতরাং তাহাতে ভয়ের কারণ কিছুই নাই; দ্রোণাচার্য্য স্বয়ং কিম্বা আমাদের পক্ষীয় অন্য কোন বীর ইহাদিগকে অবহেলায় জয় করিবেন; অতএব আমাদিগের চিন্তা ও আশঙ্কা নিতান্ত অমূলক। পাছে দ্রোণাচার্য্য এইরূপ মনে করিয়া বিপক্ষপক্ষের বল উপেক্ষণীয় বলিয়া বোধ করেন, এরূপ আশঙ্কা করিয়া দুর্য্যোধন উপস্থিত সংগ্রামে দ্রোণাচার্য্যের বিশেষ মনোনিবেশার্থ বলিতেছেন “গুরুদেব! ইঁহাদের মধ্যে কেবল ধৃষ্টদ্যুম্নই যে এক মাত্র প্রসিদ্ধ বীর এরূপ নহে, বিপক্ষ পক্ষে ভীমার্জ্জুন তুল্য পরসৈন্যবিদারণক্ষম অনেক বীর বর্ত্তমান আছে, অতএব ইহারা কদাপি উপেক্ষার যোগ্য নহে।” দুর্য্যোধন অতঃপর এক একটী বিশেষণ দ্বারা ও নাম নির্দ্দেশ করিয়া পাণ্ডবপক্ষীয় বীরদিগের সমরদক্ষতা ও বলবীর্য্যাদি দেখাইতেছেন এবং সকলেই মহারথী বলিয়া নির্দ্দেশ করিতেছেন। এইরূপে দ্রুপদরাজ, বিরাটরাজ, অভিমন্যু, দ্রৌপদীর পঞ্চপুত্রাদি সপ্তদশ বীরের নামোল্লেখ করিয়া ‘চ’ শব্দ দ্বারা, দুর্য্যোধন তদ্ব্যতিরিক্ত আরও অনেক বীরের বিদ্যমানতা ইঙ্গিতে ব্যক্ত

করিলেন। যথা ;—ভীমের ঔরসে হিড়িম্বা নাম্নী নিশাচরীর গর্ভজাত ঘটোৎকচ নামক মহাবীর। পাণ্ডবগণ অতি প্রসিদ্ধ, এজন্য স্বতন্ত্ররূপে তাঁহাদের নামোল্লেখ আবশ্যক বলিয়া মনে করিলেন না। (মহারথ প্রভৃতির লক্ষণ যথা,—যে বীর একাকী দশ সহস্র ধনুর্দ্ধারীর সহিত যুদ্ধ করেন এবং শস্ত্রশাস্ত্রে প্রবীণ তিনিই মহারথ ; যে বীর একাকী অপরিমিত সৈন্যের সহিত যুদ্ধ করেন তাঁহাকে অতিরথ বলে ; যে বীর একজন মাত্র প্রতিপক্ষের সহিত যুদ্ধ করেন, তিনি রথী ; তদপেক্ষা ন্যূন বীরকে অর্দ্ধ-রথী বলে) ॥ ৪ । ৫ । ৬ ॥

—(:*:)—

অস্মাকন্তু বিশিষ্টা যে তান্ নিবোধ দ্বিজোত্তম !।
নায়কা মম সৈন্যস্য সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭ ॥

অন্বয়।—দ্বিজোত্তম অস্মাকম্ (সর্ব্বেষাং মধ্যে) তু যে বিশিষ্টাঃ (পরমোৎকৃষ্টাঃ) মম সৈন্যস্য নায়কাঃ * (নেতারঃ) তান্ নিবোধ (বুধ্যস্ব) সংজ্ঞার্থম্ (সম্যক্ জ্ঞানার্থম্) তান্ তে (তুভ্যম্) ব্রবীমি (বিজ্ঞাপয়ামি) ॥ ৭ ॥

প্রতিশব্দ।—বিপ্রশ্রেষ্ঠ ! আমাদিগেরও যে প্রতিষ্ঠাভাজনগণ আমার সৈন্যের সেনাপতি তাঁহাদিগকে বুঝুন সুগোচরার্থ তাঁহাদিগকে আপনার নিকট বলিতেছি ॥ ৭ ॥

ব্যাখ্যা।—হে ব্রাহ্মণসত্তম দ্রোণাচার্য্য ! আমাদিগের পক্ষেও যে সুপ্রতিষ্ঠিত বীরগণ আমার সৈন্য সমূহের অধিনায়ক হইয়াছেন, আপনার সম্যক্ জ্ঞানার্থে তাঁহাদিগের নাম উল্লেখ করিতেছি ॥ ৭ ॥

আনন্দগিরি।—যদ্যেবং পরকীয়ং বলমতি প্রভূতং প্রতীত্যাতিভীতবদভিদধাসি হন্ত সন্ধিরেব পরৈরিষ্যতামলং বিগ্রহাগ্রহেণেত্যাচার্য্যাভিপ্রায়মাশঙ্ক্য ব্রবীতি অস্মাকমিতি। তু শব্দেনাস্তরুৎপন্নমপি স্বকীয়ং ভয়ং তিরোদধানো ধৃষ্টতামাত্মনো দ্যোতয়তি, যে খল্বস্মৎপক্ষে ব্যবস্থিতাঃ সর্ব্বেভ্যঃ সমুৎকর্ষজুষস্তান্ ময়োচ্যমানান্ নিবোধ, নিশ্চয়েন মদ্বচনাদবধারয়েত্যর্থঃ। যদ্যপি ত্বমেব ত্রৈবর্ণিকেষু ত্রৈবিদ্যবৃদ্ধেষু প্রধানত্বাং প্রতিপত্তুং প্রভবসি তথাপি মদীয়সৈন্যস্য যে মুখ্যাস্তানহং তে তুভ্যং সংজ্ঞার্থমসংখ্যেষু তেষু মধ্যে কতিচিন্নামভির্গৃহীত্বা পরিশিষ্টানুপলক্ষয়িতুং বিজ্ঞাপনং করোমি ন ত্বজ্ঞাতং কিঞ্চিৎ তব জ্ঞাপয়ামীতি মত্বাহ দ্বিজোত্তমেতি ॥ ৭ ॥

---

* নায়কঃ সেনাপতিঃ। ইতি ত্রিকাণ্ডশেষঃ।

শ্রীধর ।—অস্মাকমিতি । নিবোধ বুধ্যস্ব, নায়কা নেতারঃ, সংজ্ঞার্থং সম্যগ্ জ্ঞানার্থমিত্যর্থঃ ॥ ৭ ॥

বলদেব ।—তর্হি কিং পাণ্ডবসৈন্যাদ্ভীতোঽসীত্যাচার্য্যভাবং সম্ভাব্যাত্মভর্ত্তামপি ভীতিমাচ্ছাদয়ন্ ধার্ষ্ট্যেনাহ অস্মাকমিতি । অস্মাকং সর্ব্বেষাং মধ্যে যে বিশিষ্টাঃ পরমোৎকৃষ্টা বুদ্ধ্যাদিবলশালিনঃ, নায়কা নেতারঃ, তান্ সংজ্ঞার্থং সম্যগ্জ্ঞানার্থং ব্রবীমীতি । পাণ্ডবপ্রেম্না ত্বং চেন্ন যোৎস্যসে তদাপি ভীষ্মাদিভির্ম্মবিজয়ো ভবিষ্যত্যেবেতি । তৎকোপোৎপাদনং দ্যোত্যম্ ॥ ৭ ॥

মধুসূদন ।—যদ্যেবং পরবলমতিপ্রভূতং দৃষ্ট্বা ভীতোঽসি হন্ত তর্হি সন্ধিরেব পরৈরিষ্যতাং কিং বিগ্রহেণেত্যাচার্য্যাভিপ্রায়মাশঙ্ক্যাহ অস্মাকন্ত্বিতি । তুশব্দেনান্তরুৎপন্নমপি ভয়ং তিরোদধানো ধৃষ্টতামাত্মনো দ্যোতয়তি অস্মাকমিতি । অস্মাকং সর্ব্বেষাং মধ্যে যে বিশিষ্টাঃ সর্ব্বেভ্যঃ সমুৎকর্ষজুষস্তান্ ময়োচ্যমানান্ নিবোধ নিশ্চয়েন মম বচনাদবধারয়েতি (ভৌবাদিকস্য পরস্মৈপদিনো বুধে রূপম্) যে চ মম সৈন্যস্য নায়কা মুখ্যা নেতারস্তান সংজ্ঞার্থং অসংখ্যেষু তেষু মধ্যে কতিচিন্নামভির্গৃহীত্বা পরিশিষ্টানুপলক্ষয়িতুং তেন তুভ্যং ব্রবীমি, নত্বজ্ঞাতং কিঞ্চিদপি তব জ্ঞাপয়ামীতি । দ্বিজোত্তমেতি বিশেষণেনাচার্য্যং স্তুবন্ স্বকার্য্যে তদাভিমুখ্যং সম্পাদয়তি । দোষপক্ষে । দ্বিজোত্তমেতি ব্রাহ্মণত্বাৎ তব যুদ্ধাকুশলত্বং তেন ত্বয়ি বিমুখেঽপি ভীষ্মপ্রভৃতীনাং ক্ষত্রিয়প্রবরাণাং সত্ত্বান্নাস্মাকং মহতী ক্ষতিরিত্যর্থঃ । সংজ্ঞার্থমিতি । প্রিয়শিষ্যাণাং পাণ্ডবানাং চমূং দৃষ্ট্বা হর্ষেণ ব্যাকুলমনসস্তব স্বীয়-বীরবিস্মৃতির্মাভূদিতি মমেয়মুক্তিরিতি ভাবঃ ।

নীলকণ্ঠ ।—অস্মাকমিতি । বিশিষ্টাঃ শ্রেষ্ঠাঃ নিবোধ বুধ্যস্ব, (ভৌবাদিকস্য পরস্মৈপদিনো বুধেরিদং রূপম) সংজ্ঞার্থং অস্মৎপক্ষেঽপি শূরাঃ সন্তীতি জ্ঞাপনার্থং, পরেষু প্রাবল্যং দৃষ্ট্বা তবোৎসাহভঙ্গো মাভূদিত্যর্থঃ ॥ ৭ ॥

বিশ্বনাথ ।—অস্মাকমিতি । নিবোধ বুধ্যস্ব । সংজ্ঞার্থং সম্যগ্জ্ঞানার্থম্ ॥৭ ॥

তাৎপর্য্য ।—পাণ্ডবদিগের বীরবাহুল্যের বিবরণ সমাপ্ত করিয়া, দুর্য্যোধন মনে করিলেন যে, হয়ত গুরুদেব এই বর্ণনা শ্রবণে আমাকে ভীত মনে করিয়া বলিতে পারেন, "প্রভূত বলশালী অসীম পাণ্ডবসৈন্যদর্শনে যদি তোমার ভয় হইয়া থাকে, তবে পাণ্ডবগণের প্রাপ্য রাজ্য প্রদান করিয়া সন্ধি স্থাপন কর, কেন বৃথা যুদ্ধের জন্য এত আগ্রহ করিতেছ ?" দ্রোণাচার্য্যের এবংবিধ অন্তরভাব কল্পনা করিয়া দুর্য্যোধন আপন সৈন্য মধ্যস্থ সমর-দক্ষ প্রধান প্রধান বীরপুরুষগণের নামোল্লেখ করিতেছেন ।

দুর্য্যোধনের উক্তিতে "অস্মাকন্তু" এই 'তু' পদ দ্বারা ইহাও সূচিত হইতেছে যে, 'গুরুদেব ! পাণ্ডবপক্ষীয় বীরগণের নামকীর্ত্তন শ্রবণ করিয়া মনে করিবেন না যে, কেবল তাহাদের পক্ষেই সমরকুশল মহাবীরগণ রহিয়াছেন ;

আমাদের পক্ষেও বিদ্যা, বল, বুদ্ধি, জাতি, কুল, শীলাদিতে সর্ব্বশ্রেষ্ঠ অসংখ্য সৈন্য বর্ত্তমান আছেন। দুর্য্যোধন এইরূপে স্বকীয় সমরোৎসাহিত ও স্বসৈন্য-বাহুল্য প্রদর্শন পূর্ব্বক আচার্য্য-সমীপে পরসৈন্য-দর্শনে অন্তরোৎপন্ন ভয় সঙ্গোপিত করিলেন, এবং উল্লিখিত "তু" শব্দ দ্বারা গুরুসমক্ষে স্বকীয় ধৃষ্টতাও পরিহার করিলেন।

"দ্বিজোত্তম" এই সম্বোধন দ্বারা, আপনি ব্রাহ্মণের শ্রেষ্ঠ, আপনার বাক্য কখনও অন্যথা হইতে পারে না, সম্মুখ সংগ্রামে আপনি যাহা প্রতিশ্রুত হইয়াছেন, প্রিয়শিষ্য পাণ্ডবদিগের বিপুল বাহিনী সন্দর্শনে স্নেহাতিশয্যে ও হর্ষ-ব্যাকুল-হৃদয়ে তাহা বিস্মৃত হইবেন না, দুর্য্যোধন ইত্যাদি ভাবে আচার্য্যের স্তব করিয়া, পরিগৃহীত কার্য্যে তাঁহাকে বিশেষ প্রোৎসাহিত করিয়া দিতেছেন। আবার পক্ষান্তরে "দ্বিজোত্তম" এই সম্বোধনে আচার্য্যকে নিন্দাও করিতেছেন। তুমি ব্রাহ্মণশ্রেষ্ঠ; যাজন, অধ্যাপনাদি কার্য্যেই তুমি পারদর্শী; তোমার সমর-দক্ষতা কোথায়? তুমি ব্রাহ্মণোচিত স্বধর্ম্ম উল্লঙ্ঘন করিয়া, যুদ্ধাদিরূপ ক্ষাত্রধর্ম্মে প্রবৃত্ত হইয়াছ। তুমি যখন কুলাগত ব্যবসায় পরিত্যাগ করিয়া পরকীয় পন্থা পরিগ্রহ করিয়াছ, তখন তোমার চিত্তের স্থৈর্য্য ও দৃঢ়তা কোথায়? তোমার ন্যায় স্বধর্ম্মত্যাগী ব্যক্তি যে আত্ম-প্রতিশ্রুতি বিস্মৃত হইয়া যুদ্ধে পাণ্ডব-পক্ষের সমর্থন করিবে না, তাহাতেই বা বিশ্বাস কি? কিন্তু পাণ্ডবগণের প্রতি স্নেহবশতঃ, যদি তুমি কার্য্যকালে ঐ পক্ষ অবলম্বন কর; তাহাতেও আমার বিশেষ ক্ষতির সম্ভাবনা নাই; কারণ তুমি ভিন্ন আমার পক্ষে যে আর গণ্য বীর নাই এমন নহে; প্রত্যুত ভীষ্মাদি অনেক ক্ষত্রিয়প্রবর মহাশূর আমার পক্ষে সেনাপতি হইয়া প্রাণপণে যুদ্ধ করিতে প্রবৃত্ত হইয়াছেন। সুতরাং তোমার ন্যায় একজন বিমুখ হইলে আমার বিশেষ ক্ষতি হইবে না। এরূপ স্তুতি ও নিন্দাসূচক সম্বোধন করিয়া, প্রিয়শিষ্যপাণ্ডবগণের দর্শন-জনিত-হর্ষ ব্যাকুল-চিত্ত আচার্য্যের পাছে বিস্মৃতি হয়, এই ভয়ে তাঁহার সংজ্ঞাসংবিধানার্থ, স্বকীয় অসংখ্য সৈন্যের মধ্যে সমর-প্রবীণ কতিপয় সেনাপতির নাম উচ্চারণ করিলেন। "সংজ্ঞার্থম্" (অর্থাৎ চেতনার নিমিত্ত) এই পদ দ্বারা ইহাও সূচিত হইতেছে যে, আচার্য্যের ইহাও যেন সর্ব্বদা মনে থাকে, আপনি ভিন্নও কুরুপক্ষে অনেক সেনাধিনায়ক বর্ত্তমান রহিয়াছেন ॥ ৭ ॥

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ সৌমদত্তির্জয়দ্রথঃ ॥ ৮ ॥

অন্বয়।—ভবান্ (দ্রোণঃ) ভীষ্মঃ (পিতামহঃ) চ কর্ণঃ চ সমিতিঞ্জয়ঃ (সমরবিজয়ী) কৃপঃ চ অশ্বত্থামা (দ্রোণপুত্রঃ) বিকর্ণঃ (মৎকনিষ্ঠ-ভ্রাতা) চ সোমদত্তিঃ (ভূরিশ্রবাঃ) জয়দ্রথঃ (সিন্ধুরাজঃ) ॥ ৮ ॥

প্রতিশব্দ।—আপনি এবং ভীষ্ম এবং কর্ণ এবং সমরবিজয়ী কৃপাচার্য্য অশ্বত্থামা এবং বিকর্ণ সোমদত্ত-তনয় জয়দ্রথ ॥ ৮ ॥

ব্যাখ্যা।—আপনি স্বয়ং অর্থাৎ দ্রোণাচার্য্য, পিতামহ ভীষ্ম (১),

---

(১) শান্তনুরাজার ঔরসে ও গঙ্গার গর্ভে ভীষ্মের জন্ম হয়। অষ্টবসু একদা বশিষ্ঠ মহর্ষির বিরাগভাজন হইয়া ভূলোকে নররূপে জন্মিবার নিমিত্ত অভিশপ্ত হন। সামান্যা-মানবীর গর্ভে জন্মগ্রহণ নিতান্ত ক্লেশকর মনে করিয়া, বসুগণ পূতসলিলা জাহ্নবী দেবীকে গর্ভে স্থান দিতে এবং জন্মমাত্র তাঁহাদিগকে একে একে বিনষ্ট করিতে অনুরোধ করেন। কেবল মহর্ষি বশিষ্ঠের প্রধান ক্রোধ-ভাজন দ্যুনামক বসু, যাবজ্জীবন মানবরূপে বিদ্যমান থাকিবেন স্থির হয়। বসুগণের প্রস্তাবে সম্মত হইয়া সুরধুনী সুরকন্যাতীত সুন্দরী বেশে সমাগতা হইলেন এবং রাজা শান্তনুর চিত্তাপহরণ করিয়া তাঁহার সহিত বিবাহ বন্ধনে বদ্ধ হইলেন। একে একে গঙ্গার গর্ভে সাত পুত্র জন্মিল এবং সকলেই মাতৃকর্ত্তৃক জলে নিক্ষিপ্ত হইয়া প্রাণত্যাগ করিল। সুন্দরী-শিরোমণি সুরধুনীর প্রেমান্ধ প্রতীপনন্দন শান্তনু পুত্রঘাতিনী পত্নীর হৃদয়হীনতা ও নিরতিশয় নিষ্ঠুরতার আলোচনা করিয়া আকুলহৃদয়ে কালপাত করিতে লাগিলেন। অবশেষে অষ্টম কুমার ভূমিষ্ঠ হইলে রাজা শান্তনু সেই সন্তানের জীবন রক্ষার্থ কাতরভাবে প্রার্থনা করিলেন। পুণ্যতোয়া পতিতপাবনী তখন সকল কথাই জানাইয়া, রাজার হস্তে শেষ সন্তান সমর্পণ করিলেন এবং আপনি চিরদিনের নিমিত্ত পত্নী সম্বন্ধ পরিত্যাগ করিয়া রাজার নিকট বিদায় গ্রহণ করিলেন। সেই অষ্টম নন্দন দেবব্রত ও শান্তনব নামে পরিচিত হইলেন। একদা রাজা শান্তনু যমুনানদী সন্নিহিত অরণ্যে প্রবেশ করিয়া সত্যবতী নাম্নী এক সুন্দরী ধীবর-তনয়ার অলোকসামান্য রূপ দর্শনেও তদীয় অঙ্গসৌরভে আকুল হইয়া তাঁহাকে পত্নীরূপে প্রাপ্তি কামনা করিলেন। কন্যার পিতা রাজ-প্রস্তাবে সম্মত হইয়া কহিলেন যে, এই কন্যার গর্ভে যে পুত্র জন্মগ্রহণ করিবেন তিনি ভিন্ন অন্য কেহই কুরুরাজার সিংহাসন অধিকার করিতে পারিবেন না। সর্ব্বগুণান্বিত পরম রূপবান্ পুত্র দেবব্রতকে বঞ্চিত করিয়া ধীবর কন্যার গর্ভজাত সন্তানকে সিংহাসন প্রদানের অঙ্গীকার করা শান্তনু নিতান্ত অসঙ্গত বলিয়া জ্ঞান করিলেন। কিন্তু সেই সুন্দরীর রূপ-লাবণ্য অনুচিন্তনে নিরন্তর ব্যাপৃত থাকিয়া দিন দিন বিমলিন, বিশুষ্ক ও বিষয়-ব্যাপারে উদাসীন হইতে থাকিলেন। উপযুক্ত পুত্র দেবব্রত পিতার চিত্তচাঞ্চল্যের কারণ অবগত হইয়া স্বয়ং ধীবরসমীপে উপস্থিত হইলেন এবং প্রতিজ্ঞা করিলেন যে, সত্যবতীর গর্ভে রাজা শান্তনুর যে সন্তান জন্ম গ্রহণ করিবেন, তিনিই রাজসিংহাসন অধিকার করিবেন। যদি এ সম্বন্ধে ভবিষ্যতে মতান্তর জন্মিবার আশঙ্কা হয়, এজন্য তিনি আরও প্রতিজ্ঞা করিলেন যে, যাবজ্জীবন দারপরিগ্রহ করিবেন না। এইরূপে পিতার সন্তোষ-সাধনার্থ মহাত্মা গ্রিয়ব্রত সাম্রাজ্য পরিত্যাগ ও ব্রহ্মচর্য্য করিয়া ভূতলে অতুল কীর্ত্তি বিস্তার করিলেন। এই ভীষণ ব্যাপার সম্পন্ন করার পর হইতে তাঁহার নাম ভীষ্ম হইল। মহানুভব ভীষ্ম বিমাতৃনন্দনদিগকে

কর্ণ (১), যুদ্ধজেতা কৃপাচার্য্য (২), অশ্বত্থামা (৩), বিকর্ণ (৪) সোমদত্তসুত ভূরিশ্রবা (৫), এবং জয়দ্রথ (৬), মৎপক্ষে এই সকল শূর প্রধান ॥৮॥

সিংহাসনাসীন করিয়া, বিহিত প্রযত্নে তাঁহাদের রক্ষণাবেক্ষণ, পরিপালন, কল্যাণকামনা এবং শ্রীবৃদ্ধিসাধনে ব্যাপৃত রহিলেন। সম্বন্ধে ভীষ্ম, যুধিষ্ঠির দুর্য্যোধনাদির জ্যেষ্ঠ পিতামহ ছিলেন, ("কুরু ও পাণ্ডবগণের ইতিহাস" শীর্ষক প্রবন্ধ দেখুন।)

(১) পাণ্ডব জননী কুন্তীদেবীর এক কানীন পুত্র ছিলেন। কুন্তীর কৌমার্য্যাবস্থায়, সূর্য্যের ঔরসে সেই সন্তানের জন্ম হয়। সেই মহাবল পরাক্রান্ত পুত্র কর্ণ নামে বিখ্যাত। লোকলজ্জাভয়ে কুন্তী সেই সদ্যঃ প্রসূত শিশুকে সলিলে নিক্ষেপ করিলে, অধিরথ নামে এক সূত সেই ভাসমান নন্দনকে গৃহে আনয়ন করে এবং রাধানাম্নী পত্নীর হস্তে সেই কুমারের লালন পালন ভার সমর্পণ করে। রাধা ঐ সুকুমার শিশুর বসুষেণ নাম রক্ষা করেন। রাধেয় ও সূতপুত্র নামেও কর্ণ অনেক স্থানে উল্লিখিত হইয়াছেন দেখা যায়। ইনি সর্ব্বশাস্ত্র বিশারদ ও অতিশয় দাতা ছিলেন। পরশুরামের নিকট অস্ত্রবিদ্যা শিক্ষা করিয়া কর্ণ অসাধারণ বীর হইয়া উঠেন। একদা ইন্দ্র ইহার দাতৃত্বে বিমোহিত হইয়া ইহাঁকে একপুরুষঘাতিনী শক্তি প্রদান করিয়াছিলেন। বৈকর্ত্তন ইহাঁর নামান্তর। এই মহাবীর্য্যশালী যোদ্ধাকে দুর্য্যোধন অঙ্গরাজ্যে অভিষিক্ত করিয়াছিলেন। ইনি দুর্য্যোধনের প্রধান সুহৃদ ও সখা এবং পাণ্ডবগণের প্রবল প্রতিপক্ষ ছিলেন। দুর্য্যোধন ইঁহার বাহুবলের উপর যথেষ্ট নির্ভর করিতেন; কিন্তু বীরকুলরবি ভীষ্ম কর্ণের অলোকসামান্য বীরত্বে কদাপি আস্থা প্রদর্শন করিতেন না। তিনি কর্ণকে অর্দ্ধরথী বলিয়া জ্ঞান করিতেন এবং পাণ্ডবগণের ষোড়শাংশেরও তুল্য নহে বলিয়া মনে করিতেন।

(২) শরদ্বান্ নামক এক ধনুর্ব্বেদ বিদ্যাপারদর্শী তপস্বীর এক সঙ্গে এক পুত্র ও এক কন্যা জন্মে। তপস্বী শরদ্বান্ পুত্র ও কন্যাকে নিঃসহায় অবস্থায় বনমধ্যে ফেলিয়া যান। মৃগয়ার্থী রাজা শান্তনু সেই সন্তান দ্বয়কে আনয়ন করিয়া পালন করেন। রাজার কৃপায় তাঁহারা পালিত হন বলিয়া বালকের কৃপ এবং বালিকার কৃপী এই নামকরণ হয়। কিছুকাল পরে একদা শরদ্বান্ শান্তনু রাজার ভবনে সমাগত হইয়া আপন পুত্রকে আত্ম পরিচয় প্রদান এবং স্বকীয় শাস্ত্র ও শস্ত্র বিদ্যা সমস্ত সমর্পণ করেন। পিতৃশিক্ষিত কৃপাচার্য্য ক্রমশঃ যুদ্ধ বিদ্যায় যথেষ্ট যশস্বী হইলেন। মহাত্মা দ্রোণাচার্য্য শরদ্বান্ তনয়া কৃপীর পাণিগ্রহণ করেন, সুতরাং কৃপাচার্য্য দ্রোণের শ্যালক।

(৩) কৃপীর গর্ভে দ্রোণাচার্য্যের ঔরসে অশ্বত্থামার জন্ম হয়। ইনি জন্মকালে অশ্বের ন্যায় চীৎকার করিয়াছিলেন এজন্য ইঁহার অশ্বত্থামা নাম হইয়াছিল।

(৪) ধৃতরাষ্ট্রের শত পুত্রের অন্যতম।

(৫) চন্দ্রবংশীয় সোমদত্ত নামক রাজার পুত্র মহাবীর ও মহাযশা ভূরিশ্রবা। ইনি ভারত যুদ্ধে সাত্যকি কর্ত্তৃক নিহত হন। আর এক সৌমদত্তি দ্রৌপদীর পঞ্চ পুত্রের সহিত যুদ্ধ করিয়া, শেষে সহদেবের হস্তে নিহত হইয়াছিলেন। এরূপ প্রসঙ্গ মহাভারতে দেখিতে পাওয়া যায়।

(৬) সিন্ধুরাজ বীরবর জয়দ্রথের সহিত দুর্য্যোধনের ভগিনী দুঃশীলার বিবাহ হয়, সুতরাং ইনি রাজা ধৃতরাষ্ট্রের জামাতা ছিলেন। জয়দ্রথ, অন্য ছয় রথীর সহিত মিলিত হইয়া অর্জ্জুনের অপ্রাপ্ত যৌবন নন্দন অভিমন্যুকে নিহত করেন। শেষোক্ত অর্জ্জুনের হস্তে বহু সৈন্য সহ জয়দ্রথ লীলা সংবরণ করেন।

পাঠান্তর — সৌমদত্তিস্তথৈব চ।

আনন্দগিরি ।—তানেব স্বসেনানিবিষ্টান্ পুরুষধৌরেয়ানাত্মীয়ভয়পরিহারার্থং পরিগণয়তি ভবানিত্যাদিনা ॥ ৮ ॥

শ্রীধর ।—তানেবাহ ভবানিতি দ্বাভ্যাম্। ভবান্ দ্রোণঃ, সমিতিং সংগ্রামং জয়তীতি তথা, সৌমদত্তিঃ সোমদত্তস্য পুত্রো ভূরিশ্রবাঃ ॥ ৮ ॥

বলদেব ।—তানাহ ভবানিতি। ভবান্ দ্রোণঃ বিকর্ণো মদভ্রাতা কনিষ্ঠঃ সৌমদত্তির্ভূরিশ্রবাঃ। সমিতিঞ্জয়ঃ সংগ্রামবিজয়ীতি দ্রোণাদীনাং সপ্তানাং বিশেষণম্ ॥ ৮ ॥

মধুসূদন ।—তত্র বিশিষ্টান্ গণয়তি ভবানিতি। ভবান্ দ্রোণঃ, ভীষ্মঃ, কর্ণঃ, কৃপশ্চ, সমিতিং সংগ্রামং জয়তীতি সমিতিঞ্জয় ইতি কৃপবিশেষণম্। কর্ণাদনন্তরং গণ্যমানত্বেন তস্য কোপমাশঙ্ক্য তন্নিরাসার্থং, এতে চত্বারঃ সর্ব্বতো বিশিষ্টাঃ। নায়কান্ গণয়তি, অশ্বত্থামা, দ্রোণপুত্রঃ। ভীষ্মাপেক্ষয়া যদাচার্য্যস্য প্রথমগণনং বিকর্ণাদ্যপেক্ষয়া তৎপুত্রস্য চ প্রথমগণনং আচার্য্যপরিতোষার্থম্, বিকর্ণঃ স্বভ্রাতা কনীয়ান্, সোমদত্তিঃ সৌমদত্তস্য পুত্রঃ শ্রেষ্ঠত্বাৎ ভূরিশ্রবাঃ, জয়দ্রথঃ সিন্ধুরাজঃ। তথৈব চেতি কেচিৎ প্রাহুঃ ॥ ৮ ॥

নীলকণ্ঠ ।—বিকর্ণঃ স্বভ্রাতা সৌমদত্তির্ভূরিশ্রবাঃ, জয়দ্রথপদস্থানে তথৈব চেতি ক্বচিৎ পাঠঃ ॥ ৮ ॥

তাৎপর্য্য ।—শঠ-শিরোমণি দুর্য্যোধন নিজ সৈন্যগণের নামোল্লেখ করিতে প্রবৃত্ত হইয়া, ভীষ্ম কর্ণ প্রভৃতি সমর-দক্ষ বীরচূড়ামণিগণের নামের অগ্রে, দ্রোণাচার্য্যের নাম এবং একান্ত স্নেহপাত্র কনিষ্ঠ সহোদর বিকর্ণ ও সোমদত্তের পুত্র ভূরিশ্রবার নামের পূর্ব্বে গুরুপুত্র অশ্বত্থামার নাম কীর্ত্তন করিয়া আচার্য্যের প্রীতি সম্পাদন করিলেন। কারণ অসীম যশোরাশি দ্বারা বিভূষিত জনগণের মধ্যে স্বনাম কিংবা স্বপুত্রের নাম অগ্রগণ্য শ্রবণ করিলে মানবমাত্রেরই হৃদয় আপ্যায়িত ও হর্ষোৎফুল্ল হইয়া থাকে। 'সমিতিঞ্জয়ঃ' অর্থাৎ সংগ্রামবিজয়ী এই শব্দ দ্রোণাচার্য্যের শ্যালক কৃপাচার্য্যের বিশেষণ স্বরূপে ব্যবহৃত হইয়াছে। দ্রোণাচার্য্যের এই কুটুম্বের নাম প্রথম পর্য্যায়স্থ বীরবৃন্দের নামের শেষ ভাগে সন্নিবিষ্ট হওয়ায়, পাছে গুরুদেব বিরক্ত হন, এই আশঙ্কায়, ভীষ্ম কর্ণ কাহারও কোন বিশেষণ না দিয়া, কৃপাচার্য্যের নামের সহিত 'সমিতিঞ্জয়' এই গৌরবাত্মক বিশেষণ সংযুক্ত হইয়াছে। কেহ কেহ এই শব্দ দ্রোণাদি সকলের বিশেষণ স্বরূপে গ্রহণ করিয়াছেন ॥ ৮ ॥

—•:(•:•:•):•—

অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯ ॥

অন্বয়।—মদর্থে (মৎপ্রয়োজনার্থম্) ত্যক্ত-জীবিতাঃ (জীবিতানি ত্যক্তুং কৃতনিশ্চয়াঃ) নানা-শস্ত্র-প্রহরণাঃ (নানা বহূনি শস্ত্রাণি প্রহরণ-সাধনানি যেষাং তে) সর্ব্বে যুদ্ধবিশারদাঃ (যুদ্ধনিপুণাঃ) অন্যে পূর্ব্বকথিতাদ্ভিন্নাঃ) চ বহবঃ (অসংখ্যাঃ) শূরাঃ * [সন্তি] ॥ ৯ ॥

প্রতিশব্দ।—আমার-নিমিত্ত প্রাণ-ত্যাগে-সঙ্কল্প-বদ্ধ বিবিধায়ুধ সম্পন্ন সকলে সমরাভিজ্ঞ অন্য-ও অনেক বীর [আছেন] ॥ ৯ ॥

ব্যাখ্যা।—পূর্ব্বোক্ত বীরগণ ব্যতীত, আমার নিমিত্ত প্রাণ পর্য্যন্ত পরিত্যাগ করিতে কৃতনিশ্চয়, বহুবিধ যুদ্ধাস্ত্র † সমন্বিত, আমার পক্ষে অন্যান্য অনেক রণপণ্ডিত বীর আছেন ॥ ৯ ॥

আনন্দগিরি।—দ্রোণাদিপরিগণনস্য পরিশিষ্টপরিসংখ্যার্থত্বং ব্যাবর্ত্তয়তি অন্যে চেতি। সর্ব্বেঽপি ভবন্তমারভ্য মদীয়পৃতনায়াং প্রবিষ্টাঃ স্বজীবিতাদপি মহ্যং স্পৃহয়ন্তীত্যাহ মদর্থ ইতি। যত্তু তেষাং শূরত্বমুক্তং তদিদানীং বিশদয়তি নানেতি। নানাবিধান্যনেক-প্রকারাণি শস্ত্রাণ্যায়ুধানি প্রহরণানি প্রহরণসাধনানি যেষাং তে তথা। বহুবিধায়ুধসম্পত্তা-বপি তৎপ্রয়োগে নৈপুণ্যাভাবে তদ্বৈফল্যমিতি চেন্নেত্যাহ সর্ব্ব ইতি ॥ ৯ ॥

শ্রীধর।—মদর্থে মৎপ্রয়োজনার্থং জীবিতং ত্যক্তুমধ্যবসিতা ইত্যর্থঃ। নানা অনেকানি শস্ত্রাণি প্রহরণসাধনানি যেষাং তে যুদ্ধে বিশারদাঃ নিপুণাঃ ॥ ৯ ॥

বলদেব।—নন্বেতাবন্ত এব মৎসৈন্যে বিশিষ্টাঃ কিন্ত্বসংখ্যেয়াঃ সন্তীত্যাহ অন্যে চেতি। বহবো জয়দ্রথ-কৃতবর্ম্ম-শল্যপ্রভৃতয়ঃ (ত্যক্তেত্যাদি কর্ম্মণি নিষ্ঠা) জীবিতানি ত্যক্তুং কৃতনিশ্চয়া ইত্যর্থঃ। ইত্থঞ্চ তেষাং সর্ব্বেষাং ময়ি স্নেহাতিরেকাৎ শৌর্য্যাতিরেকাদ্যুদ্ধপণ্ডিতত্বাচ্চ মদ্বিজয়ঃ সিধ্যেদেবেতি দ্যোত্যতে ॥ ৯ ॥

---

* কেহ কেহ "অন্যে চ বহবঃ শূরা মদর্থে ত্যক্তজীবিতাঃ। নানা শস্ত্রপ্রহরণাঃ সর্ব্বে যুদ্ধবিশারদাঃ" এরূপ অন্বয়ও করেন।

† খড়্গচর্ম্ম-ধনুর্ব্বাণৌ শল্য-ভল্লৌ তথাপরৌ।" অর্দ্ধচন্দ্রশ্চ নারাচঃ শক্তিযষ্টী তথাপরে॥ পরশুশ্চক্রশূলে চ পরিঘশ্চৈবমাদয়ঃ। এই সকল শস্ত্র ও অস্ত্র পুরাকালে সমরে ব্যবহৃত হইত।

শস্ত্র ও অস্ত্র এই দুই শব্দের অর্থগত বিভিন্নতা যথা; "যেন করধৃতেন হন্যতে তৎ শস্ত্রং খড়্গাদি। যেন ক্ষিপ্তেন হন্যতে তদস্ত্রং কাণ্ডাদি ইতি অমরকোষটীকায়াং ভরতঃ।

মধুসূদন।—কিমেতাবন্ত এব নায়কা নেত্যাহ অন্যে চেতি। অন্যে চ শল্য-কৃতবর্ম্ম-প্রভৃতয়ঃ, মদর্থে মৎপ্রয়োজনায় জীবনমপি (জীবিতমপি) ত্যক্তুমধ্যবসিতা ইত্যর্থঃ। ত্যক্ত-জীবিতা ইত্যনেন স্বস্মিন্নমুরাগাতিশয়স্তেষাং কথ্যতে। এবং স্বসৈন্যবাহুল্যম্ তস্য স্বস্মিন্ ভক্তিঃ, শৌর্য্যম্, যুদ্ধোদ্যোগম্ যুদ্ধকৌশলঞ্চ দর্শিতং শূরা ইত্যাদি বিশেষণৈঃ ॥ ৯ ॥

নীলকণ্ঠ।—অন্যে শল্য-কৃতবর্ম্মপ্রভৃতয়ঃ, শস্ত্রাণি বিদারকাণি খড়্গাদীনি প্রহরণানি কেবলং প্রহারার্থানি গদাদীনি নানাবিধানি যেষাং তে নানাশস্ত্রপ্রহরণাঃ ॥ ৯ ॥

বিশ্বনাথ।—ত্যক্তজীবিতা ইতি জীবিতত্যাগেনাপি যদি মদুপকারঃ স্যাত্তদা তমপি কর্ত্তুং প্রবৃত্তা ইত্যর্থঃ। বস্তুতস্তু "ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্" ইতি ভগবদুক্তের্দুর্য্যোধনসরস্বতীসত্যম্ ॥ ৯ ॥

তাৎপর্য্য।—গুরুদেব! উল্লিখিত কয়েকটী মাত্র সৈন্যের নাম শ্রবণ করিয়া আপনি মনে করিবেন না যে, আমাদের পক্ষে গণনীয় যোদ্ধৃসংখ্যা ঐ কয় নামেই পর্য্যবসিত। উল্লিখিত যোদ্ধৃবর্গ ব্যতিরিক্ত, শল্য কৃতবর্ম্মা প্রভৃতি বিবিধ অস্ত্রশস্ত্রধারী যুদ্ধবিশারদ অসংখ্য বীর এই সমরক্ষেত্রে মদীয় সাহায্যার্থ উপস্থিত আছেন এবং প্রাণ পরিত্যাগেও যদি আমার উপকার হয়, তাঁহারা তাহাও করিতে প্রস্তুত আছেন। "মদর্থে ত্যক্তজীবিতাঃ" এই বিশেষণ দ্বারা দুর্য্যোধনের প্রতি তৎপক্ষীয় সৈন্যগণের অনুরাগাধিক্য সূচিত হইল। বস্তুতঃ "ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্" (গীতা ১১ অধ্যায় ৩৩ শ্লোক) অর্থাৎ "আমার দ্বারা ইহারা পূর্ব্ব হইতেই নিহত হইয়া আছে, হে অর্জ্জুন! তুমি কেবল নিমিত্ত কারণ মাত্র হও" ইত্যাদি ভগবদুক্তি দ্বারা "মদর্থে ত্যক্তজীবিতাঃ" (আমার জন্য জীবনত্যাগে সঙ্কল্পবদ্ধ) দুর্য্যোধনের এই বাক্যটী যথার্থ বলিয়া প্রতীত হইতেছে এবং সার্থকরূপে প্রযুক্ত হইয়াছে। "শূরাঃ" এই পদদ্বারা উভয়পক্ষীয় সৈন্যমধ্যে নিজ সৈন্যগণের প্রাধান্য প্রদর্শিত হইল। "সর্ব্বে" এই বিশেষণ দ্বারা যোদ্ধৃগণের বাহুল্য, শৌর্য্য, যুদ্ধোদ্যোগ, যুদ্ধনৈপুণ্যাদি পরিব্যক্ত হইল। স্বপক্ষীয় সৈন্যগণ 'নানাশস্ত্রপ্রহরণাঃ' অর্থাৎ বহুশস্ত্র সম্পন্ন বলিয়া দুর্য্যোধন নির্দ্দেশ করিলেন। কিন্তু বহু অস্ত্রযুক্ত হইলেই যে যুদ্ধ-জয়ী হওয়া যায় এমন নহে; অস্ত্রচালনায় দক্ষতা আবশ্যক। এই জন্য দুর্য্যোধন সঙ্গে সঙ্গে বলিতেছেন, "সর্ব্বে যুদ্ধ বিশারদাঃ" সকলে যুদ্ধ বিষয়ে সুপণ্ডিত অর্থাৎ অস্ত্র প্রয়োগাদি যুদ্ধ ব্যাপারে পারদর্শী ॥ ৯ ॥

অপর্য্যাপ্তং তদস্মাকং বলং ভীষ্মাভিরক্ষিতং।
পর্য্যাপ্তন্ত্বিদমেতেষাং বলং ভীমাভিরক্ষিতম ॥১০॥

অন্বয়।—ভীষ্ম অভিরক্ষিতম্ (ভীষ্মেণ মহাবুদ্ধিমতা অভি সর্ব্বতো-রক্ষিতম্) অস্মাকং তৎ বলম্ (সৈন্যম্) অপর্য্যাপ্তম্ (একাদশাক্ষৌ-হিণীপরিমিতমনন্তমিত্যর্থঃ) ভীম-অভিরক্ষিতং এতেষাং (পাণ্ডবানাম্) ইদং বলং তু পর্য্যাপ্তম্ (সপ্তাক্ষৌহিণী পরিমিতম্) * ॥ ১০ ॥

প্রতিশব্দ। ভীষ্ম-কর্ত্তৃক-বিশেষরূপে-রক্ষিত আমাদিগের সেই সৈন্য আবশ্যকের-অধিক ভীম-কর্ত্তৃক-বিশেষ-রূপে-রক্ষিত ইহাদের এই সৈন্য কি আবশ্যকানুরূপ ॥ ১০ ॥

ব্যাখ্যা।—হে গুরো! ভীষ্ম কর্ত্তৃক পরিচালিত ও সুরক্ষিত আমাদের পক্ষীয় সেনা সংখ্যায় প্রয়োজনাধিক এবং ভীম কর্ত্তৃক পরি-চালিত ও সুরক্ষিত পাণ্ডব-সৈন্য প্রয়োজনোপযোগী ॥ ১০ ॥

আনন্দগিরি।—রাজা পুনরপি স্বকীয়ভয়াভাবে হেত্বন্তরমাচার্য্যং প্রত্যাবেদয়তি অপর্য্যাপ্তমিতি। অস্মাকং খল্বিদমেকাদশসঙ্খ্যাকাক্ষৌহিণীপরিগণিতমপরিমিতং বলং ভীষ্মেণ চ প্রথিতমহামহিম্না সূক্ষ্মবুদ্ধিনা সর্ব্বতো রক্ষিতং পর্য্যাপ্তং পরেষাং পরিভবে সমর্থম্ এতেষাং পুনরন্তরং সপ্তসঙ্খ্যাকাক্ষৌহিণীপরিমিতং বলং ভীমেন চ চপলবুদ্ধিনা কুশলতাবিকলেন পরিপালিতমপর্য্যাপ্তমস্মানভিভবিতুমসমর্থমিত্যর্থঃ, অথবা তদিদমস্মাকং বলং ভীষ্মাধিষ্ঠিতম-পর্য্যাপ্তমপরিমিতমধৃষ্যমক্ষোভ্যম্. এতেষাং পাণ্ডবানাং বলং ভীমেনাভিরক্ষিতং পর্য্যাপ্তং পরি-মিতং সোঢ়ুং শক্যমিত্যর্থঃ। অথবা তৎ পাণ্ডবানাং বলমপর্য্যাপ্তং নালমস্মাকমস্মভ্যং, ভীষ্মাভি রক্ষিতং ভীষ্মোঽভিরক্ষিতোঽস্মৈ পরবলনিবৃত্ত্যর্থমিতি তদেব তথোচ্যতে, ইদং পুনরস্মদীয়ং

* অপর্য্যাপ্ত, ও 'পর্য্যাপ্ত' এই দুই শব্দের অর্থ সম্বন্ধে মতদ্বৈধ আছে। টীকাকারগণের মধ্যে শ্রীমদা-নন্দগিরি "অপর্য্যাপ্ত" শব্দের অর্থ অপরিমিত, অজেয় এবং "পর্য্যাপ্ত" শব্দের অর্থ পরিমিত, সমর্থ মনে করিয়াছেন। শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ ও "অপর্য্যাপ্ত" অপরিমিত এবং পর্য্যাপ্ত শব্দে পরিমিত অর্থ স্থির করিয়াছেন। শ্রীমৎ শ্রীধরস্বামী "অপর্য্যাপ্ত" অর্থে যুদ্ধে অসমর্থ এবং "পর্য্যাপ্ত" অর্থে যুদ্ধে সমর্থ স্থির করিয়াছেন। শ্রীমন্নীলকণ্ঠ "পর্য্যাপ্ত শব্দের "পরিবেষ্টিত" অর্থ স্থির করিয়াছেন। শ্রীমচ্চক্রবর্ত্তী 'অপর্য্যাপ্ত' অপরিপূর্ণ অর্থাৎ যুদ্ধে অক্ষম স্থির করিয়াছেন। ঐ দুই শব্দ সম্বন্ধে টীকাকারগণের যেরূপ মতভেদ পরিদৃষ্ট হয়, বাঙ্গালী অনুবাদকদিগের মধ্যেও সেইরূপ দেখা যায়। কালীপ্রসন্ন সিংহ মহাশয় মহাভারতের অনুবাদে ঐ দুই শব্দের অপরিমিত ও পরিমিত অর্থই গ্রহণ করিয়াছেন। আমরা অনেক বিবেচনা করিয়া অপরিমিত ও পরিমিত ব্যতীত, অন্যরূপ অর্থ গ্রহণ করা সঙ্গত বলিয়া মনে করিলাম না এবং তদনুসারে মূলের ব্যাখ্যা করিলাম।

বলমেতেষাং পাণ্ডবানাং পর্য্যাপ্তং পরিভবে সমর্থম্. ভীমাভিরক্ষিতং ভীমো দুর্ব্বলহৃদয়োঽভিরক্ষিতো যস্মৈ যৎ পরবলনিবৃত্ত্যর্থমিত্যর্থঃ। তস্মাদস্মাকং ন কিঞ্চিদপি ভয়কারণমস্তীত্যর্থঃ ॥ ১০ ॥

শ্রীধর।—ততঃ কিমত আহ অপর্য্যাপ্তমিত্যাদি। তত্তথাভূতৈর্বীরৈর্যুক্তমপি ভীষ্মেণাভিরক্ষিতমপি অস্মাকং বলং সৈন্যং অপর্য্যাপ্তং তৈঃ সহ যোদ্ধুমসমর্থং ভাতি। ইদন্ত্বেতেষাং পাণ্ডবানাং বলং ভীমাভিরক্ষিতং সৈন্যং পর্য্যাপ্তং সমর্থং ভাতি ॥ ১০ ॥

বলদেব।—নন্বেবমুভয়োঃ সৈন্যয়োস্তৌল্যাৎ তবৈব বিজয়ঃ কথম্? ইত্যাশঙ্ক্য স্বসৈন্যস্যাধিক্যমাহ অপর্য্যাপ্তমিতি। অপর্য্যাপ্তমপরিমিতমস্মাকং বলম্, তত্রাপি ভীষ্মেণ মহাবুদ্ধিমতাতিরথেনাভিরক্ষিতম্। এতেষাং পাণ্ডবানাং বলন্তু পর্য্যাপ্তং পরিমিতম্, তত্রাপি ভীমেন তুচ্ছবুদ্ধিনার্দ্ধরথেনাভিরক্ষিতমতঃ সিদ্ধবিজয়োঽহম্ ॥ ১০ ॥

মধুসূদন।—রাজা পুনরপি সৈন্যদ্বয়সাম্যমাশঙ্ক্য স্বসৈন্যাধিক্যমাবেদয়তি অপর্য্যাপ্তমিতি। অপর্য্যাপ্তমনন্তমেকাদশাক্ষৌহিণীপরিমিতং ভীষ্মেণ চ প্রথিতমহিম্না সূক্ষ্মবুদ্ধিনা অভিতঃ সর্ব্বতো রক্ষিতং তত্তাদৃশগুণবৎপুরুষাধিষ্ঠিতমস্মাকং বলম্। এতেষাং পাণ্ডবানাং বলন্তু পর্য্যাপ্তং পরিমিতং সপ্তাক্ষৌহিণীমাত্রাত্মকত্বাৎ ন্যূনম্, ভীমেন চাতিচপলবুদ্ধিনা রক্ষিতম, তস্মাদস্মাকমেব বিজয়ো ভবিষ্যতীত্যভিপ্রায়ঃ। অথবা তৎ পাণ্ডবানাং বলমপর্য্যাপ্তং নালম্, অস্মাকমস্মভ্যম্; কীদৃশং তৎ? ভীষ্মোঽভরক্ষিতোঽস্মাভির্যস্মৈ যন্নিবৃত্ত্যর্থমিত্যর্থঃ। তৎ পাণ্ডববলম্, ভীষ্মাভিরক্ষিতং ইদং পুনরস্মদীয়ং বলং এতেষাং পাণ্ডবানাং পর্য্যাপ্তং পরিভবে সমর্থম্, ভীমোঽতিদুর্ব্বলহৃদয়ো রক্ষিতো যস্মৈ তদস্মাকং বলং ভীমাভিরক্ষিতম্। যস্মাদ্ভীমোঽত্যযোগ্য এবৈতন্নিবৃত্ত্যর্থং তৈরক্ষিতস্তস্মাদস্মাকং ন কিঞ্চিদপি ভয়কারণমস্তীত্যভিপ্রায়ঃ ॥ ১০ ॥

নীলকণ্ঠ।—পর্য্যাপ্তং পরিতঃ আপ্তং ব্যাপ্তং পরিবেষ্টিতম্, পাণ্ডবসৈন্যং হি সপ্তাক্ষৌহিণীমিতত্বাদল্পং বহুনৈকাদশাক্ষৌহিণীমিতেনাঽস্মৎসৈন্যেন বেষ্টয়িতুং শক্যং ন তু তদীয়েনাস্মদীয়মিত্যর্থঃ, এবঞ্চ পর্য্যাপ্তমিত্যস্য পারণীয়মিত্যর্থঃ ॥ ১০ ॥

বিশ্বনাথ।—অপর্য্যাপ্তং অপরিপূর্ণং পাণ্ডবৈঃ সহ যোদ্ধুং ক্ষমমিত্যর্থঃ। ভীষ্মেণাতিসূক্ষ্মবুদ্ধিনা শস্ত্রশাস্ত্রপ্রবীণেনাভিতো রক্ষিতমপি ভীষ্মস্যোভয়পক্ষপাতিত্বাৎ। এতেষাং পাণ্ডবানান্তু ভীমেন স্থূলবুদ্ধিনা শস্ত্রশাস্ত্রানভিজ্ঞেনাপি রক্ষিতম্, পর্য্যাপ্তং পরিপূর্ণং অস্মাভিঃ সহ যুদ্ধে প্রবীণমিত্যর্থঃ ॥ ১০ ॥

তাৎপর্য্য।—রাজা দুর্য্যোধন উভয় পক্ষীয় গণ্যমান্য যোদ্ধৃবর্গের নামোল্লেখ করিয়া স্বকীয় ভয়হীনতা প্রদর্শনার্থ বলিতেছেন, তথাপি আমাদের পক্ষই যে শ্রেষ্ঠ, তাহার সন্দেহ নাই। কারণ আমাদের সৈন্য সংখ্যা একাদশ অক্ষৌহিণী এবং পাণ্ডবদিগের সপ্ত অক্ষৌহিণী; সুতরাং আমাদের বল পাণ্ডবগণের অপেক্ষা অনেক অধিক। অধিকন্তু আমাদের সৈন্যমণ্ডলী সুবিখ্যাত সূক্ষ্মবুদ্ধি ও অসামান্য বীর পিতামহ ভীষ্ম কর্ত্তৃক

পরিচালিত ও সুরক্ষিত এবং পাণ্ডবদিগের সৈন্য সমূহ চপলচিত্ত, হঠকারী ও অপরিণামদর্শী ভীম কর্ত্তৃক পরিচালিত ও সুরক্ষিত। এ সকল বিষয় বিবেচনায় আমাদিগের শ্রেষ্ঠতা অবিসংবাদিতরূপে প্রতিপন্ন হইতেছে। অন্যরূপে অর্থ করিলে উপলব্ধ হয় যে, রাজা দুর্য্যোধন মুখে ভীতিবিহীনতা প্রদর্শন করিলেও, অন্তরস্থ আশঙ্কা সঙ্গোপন করিতে অসমর্থ। তিনি বলিতেছেন, আমাদের সৈন্য, সংখ্যায় বিপুল হইলেও, কার্য্যকালে অর্থাৎ শত্রুপরাভব সময়ে অসমর্থ হইয়া পড়িবে এবং পাণ্ডবগণের সৈন্য সংখ্যায় হীন হইলেও, যথোপযুক্ত সময়ে অরাতিনিপাতে সমর্থ হইবে। ভীষ্ম অদ্বিতীয় বীর হইলেও, উভয়পক্ষপাতী, সুতরাং তৎকর্ত্তৃক পরিচালিত সৈন্য সম্ভবতঃ সমরে সুদক্ষতার পরিচয় দিতে পারিবে না। কিন্তু ভীম বুদ্ধিহীন হইলেও আমাদিগের বদ্ধবৈরী, সুতরাং সমরে তদধীন সৈন্যসমূহ কৃতকার্য্য হইবে। মতান্তরে এরূপ অর্থও হয় যে, পাণ্ডবদিগের অল্প সংখ্যক সৈন্য আমাদের বহুল সেনাকে বেষ্টন ও অবরোধ করিতে কখনই সক্ষম হইবে না; কিন্তু আমাদের সৈন্য অবশ্যই তাহাদিগকে পরিবেষ্টিত করিতে সমর্থ হইবে। অতএব আমাদের জয়ের সন্দেহ নাই ॥ ১০ ॥

অয়নেষু চ সর্ব্বেষু যথাভাগমবস্থিতাঃ।
ভীষ্মমেবাভিরক্ষন্তু ভবন্তঃ সর্ব্বএব হি ॥ ১১ ॥

অন্বয়।—ভবন্তঃ (ভবদাদয়ঃ) সর্ব্ব এব হি সর্ব্বেষু চ অয়নেষু (ব্যূহপ্রবেশমার্গেষু) যথাভাগম্, (বিভক্তাং স্বাং স্বাং যুদ্ধভূমিং অবিহায়) অবস্থিতাঃ [সন্তঃ] ভীষ্মম্ এব অভিরক্ষন্তু ॥ ১১ ॥

প্রতিশব্দ।—আপনারা সকলেই সকল প্রবেশ পথে-ই বিভাগানুসারে উপস্থিত[থাকিয়া]ভীষ্মকে-ই সর্ব্বপ্রকারে-রক্ষা-করিতে থাকুন ॥ ১১ ॥

ব্যাখ্যা।—অতঃপর আপনারা সকলে প্রত্যেকে নিয়মিতরূপে বিভক্ত হইয়া এবং ব্যূহদ্বারে স্ব স্ব স্থানে অধিষ্ঠিত থাকিয়া সর্ব্বতোভাবে ভীষ্মের রক্ষা সাধনে বিনিযুক্ত হউন ॥ ১১ ॥

আনন্দগিরি।—স্বকীয় বলস্য ভীষ্মাধিষ্ঠিতত্বেন বলিষ্ঠত্বমুক্ত্বা ভীষ্মশেষত্বেন তদনুগুণত্বং দ্রোণাদীনাং প্রার্থয়তে অয়নেষ্বিতি। কর্ত্তব্যবিশেষদ্যোতী চ শব্দঃ, সমরসমারম্ভ সময়ে যোদ্ধৄনাং

যথাপ্রধানং যুদ্ধভূমৌ পূর্ব্বাপরাদিদিগ্বিভাগেনাবস্থিতিস্থানানি নিয়ম্যন্তে তান্যত্রায়নান্যুচ্যন্তে, সেনাপতিশ্চ সর্ব্বসৈন্যমধিষ্ঠায় মধ্যে তিষ্ঠতি তেষু সর্ব্বেষু প্রক্লৃপ্তং প্রবিভাগমপ্রত্যাখ্যায় ভবানশ্বত্থামা কর্ণশ্চেত্যেবমাদয়ো ভবন্তঃ সর্ব্বেঽবস্থিতাঃ সন্তো ভীষ্মমেব সেনাপতিং সর্ব্বতো রক্ষন্তু, তস্য হি রক্ষণে সর্ব্বমস্মদীয়ং বলং রক্ষিতং স্যাৎ পরবলনিবৃত্ত্যর্থত্বেন তস্যাস্মাভী-রক্ষিতত্বাদিত্যর্থঃ ॥ ১১ ॥

রামানুজ।—দুর্য্যোধনো ভীমাভিরক্ষিতং পাণ্ডবানাং বলং, আত্মীয়ঞ্চ বলং ভীষ্মাভিরক্ষিতমবলোক্যাত্মবিজয়ে অস্য বলস্য পর্য্যাপ্ততামাত্মীয়বলস্য তদ্বিজয়ে চাপর্য্যাপ্ততামাচার্য্যে নিবেদ্যান্তরে বিষণ্ণোঽভবৎ ॥ ২। ৩। ৪। ৫। ৬। ৭। ৮। ৯। ১০। ১১ ॥

শ্রীধর ;—তস্মাদ্ভবদ্ভিরেবং বর্ত্তিতব্যমিত্যাহ অয়নেষ্বিতি। অয়নেষু ব্যূহপ্রবেশমার্গেষু যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিং অপরিত্যজ্যাবস্থিতাঃ সন্তো ভীষ্মমেবাভিরক্ষন্তু তথাঽন্যৈর্যুধ্যমানঃ পৃষ্ঠতঃ কৈশ্চিন্ন হন্যেত তথা রক্ষন্তু। ভীষ্মবলেনাস্মাকং জীবনমিতি ভাবঃ ॥ ১১ ॥

বলদেব।—তত্রৈবং মদুক্তিভাবং বিজ্ঞায়াচার্য্যশ্চেত্তূষ্ণীমাসীত তদা মৎকার্য্যক্ষতিরিতি বিভাব্য তস্মিন্ স্বকার্য্যভারমর্পয়ন্নাহ অয়নেষ্বিতি। অয়নেষু সৈন্যপ্রবেশবর্ত্মসু, যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং যুদ্ধভূমিমপরিত্যজ্যাবস্থিতা ভবন্তো ভবদাদয়ো ভীষ্মমেবাভিতো রক্ষন্তু, যুদ্ধাভিনিবেশাৎ পার্শ্বতঃ পৃষ্ঠতশ্চাপশ্যন্তং তং যথান্যো ন হিংস্যাৎ তথা কুর্ব্বন্ত্বিত্যর্থঃ। সেনাপতৌ ভীষ্মে নির্ব্বাধে মদ্বিজয়সিদ্ধিরিতি ভাবঃ। অয়মাশয়ঃ ভীষ্মোঽস্মাকং পিতামহঃ ভবাংস্তু গুরুঃ। তৌ যুবামস্মদেকান্তহিতৈষিণৌ বিদিতৌ, যাবক্ষসদসি মদন্যায়ং বিদন্তাবপি দ্রৌপদ্যা ন্যায়ং পৃষ্টৌ নাবোচতাং, ময়া তু পাণ্ডবেষু প্রতীতং স্নেহাভাসং ত্যাজয়িতুং তথা নিবেদিতমিতি ॥ ১১ ॥

মধুসূদন।—এবং চেন্নির্ভয়োঽসি তর্হি কিমিতি বহু জল্পসীত্যত আহ অয়নেষ্বিতি, কর্ত্তব্যবিশেষদ্যোতী তুশব্দঃ। সমরসমারম্ভসময়ে যোধানাং যথাপ্রধানং যুদ্ধভূমৌ পূর্ব্বাপরাদিদিগ্বিভাগেনাবস্থিতিঃ স্থানানি যানি নিয়ম্যন্তে তান্যত্রায়নান্যুচ্যন্তে, সেনাপতিশ্চ সর্ব্বসৈন্যমধিষ্ঠায় মধ্যে তিষ্ঠতি তত্রৈবং সতি যথাভাগং বিভক্তাং স্বাং স্বাং রণভূমিমপরিত্যজ্যাবস্থিতাঃ সন্তো ভবন্তঃ সর্ব্বেঽপি যুদ্ধাভিনিবেশাৎ পুরতঃ পৃষ্ঠতঃ পার্শ্বতশ্চানিরীক্ষ্যমাণং ভীষ্মং সেনাপতিমেব রক্ষন্তু। ভীষ্মে হি সেনাপতৌ রক্ষিতে তৎপ্রসাদাদেব সর্ব্বং সুরক্ষিতং ভবিষ্যতীত্যভিপ্রায়ঃ ॥ ১১ ॥

নীলকণ্ঠ।—অয়নেষ্বিতি। অয়নেষু ব্যূহরচনয়া স্থিতে সৈন্যে প্রবেশমার্গেষু যে যে স্থানে স্থিতা যূয়ং মধ্যস্থং ভীষ্মমেবাভিরক্ষন্তু, অস্য সেনাপতেশ্চাঞ্চল্যে সর্ব্বাপি সেনা আকুলীভবেৎ, তৎস্থৈর্য্যে স্থিরা চ ভবেদতঃ স এব রক্ষ্য ইত্যর্থঃ ॥ ১১ ॥

বিশ্বনাথ।—তস্মাদ্যুষ্মাভিঃ সাবধানৈর্ভবিতব্যমিত্যাহ অয়নেষ্বিতি। অয়নেষু ব্যূহপ্রবেশমার্গেষু, যথাভাগং বিভক্তাঃ স্বাং স্বাং রণভূমিং অপরিত্যজ্যৈবাবস্থিতা ভবন্তো ভীষ্মমেবাভিতস্তথা রক্ষন্তু যথান্যৈর্যুধ্যমানোঽয়ং পৃষ্ঠতঃ কৈশ্চিন্ন হন্যতে, ভীষ্মবলেনৈবাস্মাকম্ জীবিতমিতি ভাবঃ ॥ ১১ ॥

তাৎপর্য্য।—দুর্য্যোধন বিবেচনা করিলেন আমার সৈন্য বাহুল্য এবং বলশ্রেষ্ঠতার বর্ণনা শ্রবণে আমার জন্য আর বিশেষ উৎকণ্ঠার কারণ নাই, সুতরাং অধিক পরিশ্রম ও দৈহিক ক্লেশ স্বীকার করিবার প্রয়োজন নাই মনে করিয়া, আচার্য্য অতঃপর যদি যুদ্ধবিষয়ে ঔদাসীন্য অবলম্বন করেন, তাহা হইলে প্রভূত অনিষ্টের সম্ভাবনা। অতএব অধুনা সঙ্গে সঙ্গেই আচার্য্য ও মৎপক্ষীয় অন্যান্য যোধগণের বিশেষ কর্ত্তব্য নির্দ্দেশ করিয়া ভারার্পণ করা আবশ্যক। এইরূপ বিবেচনা করিয়া দুর্য্যোধন বলিলেন,—"হে আচার্য্য! এক্ষণে আপনারা অর্থাৎ আপনি কর্ণ, কৃপাচার্য্য, অশ্বত্থামা, জয়দ্রথ প্রভৃতি যাবতীয় সৈন্য-প্রবেশ-দ্বারে যথাভাগে দণ্ডায়মান থাকিয়া এবং নিজ নিজ স্থান কদাপি পরিত্যাগ না করিয়া, বিহিতবিধানে পিতামহ ভীষ্মদেবের রক্ষাকার্য্যে ব্রতী হউন। এক্ষণে পিতামহ ভীষ্মই আমাদের একমাত্র ভরসাস্থল। তিনি যখন রণমদে মত্ত হইবেন, তখন শত্রুসংহারই তাঁহার অনন্য-কর্ম্ম হইবে, আত্মরক্ষায় তাঁহার লক্ষ্য থাকিবে না এবং সম্মুখ ব্যতীত কোন দিকেই তাঁহার দৃষ্টি পড়িবে না। সেই দারুণ দুর্ব্বিপাককালে আমাদের পরম সহায় স্বরূপ সেই মহাপুরুষকে রক্ষা করিতে পারিলেই তাঁহার প্রসাদে আমাদের সকল রক্ষা হইবে। অতএব আপনাকে ও মৎ-পক্ষীয় অন্যান্য বীরগণকে অতঃপর যাবতীয় ব্যূহদ্বারাদিতে, নিয়মিতরূপ সৈন্যাদি সহকারে সশস্ত্রে সমুপস্থিত থাকিয়া, চতুর্দ্দিকাগত বিপদ হইতে ভীষ্মকে রক্ষা করিতে হইবে। ভীষ্ম আমাদের পিতামহ, আপনি আমাদের গুরু; সুতরাং আপনাদের উভয়ের ন্যায় হিতৈষী আমাদের আর কে আছে? আপনি স্বয়ং যখন বদ্ধপরিকর হইয়াছেন, তখন ভবদীয় কর্ত্তব্য বিশেষের নির্দ্দেশ করা আমার পক্ষে নিতান্ত অনাবশ্যক হইলেও, অন্তর-জাত ব্যাকুলতা হেতুই, এতাদৃশ বাক্যব্যয় করিয়া ধৃষ্টতা প্রকাশ করিতেছি। দুর্য্যোধনের এইরূপ ভাবযুক্ত উক্তির দ্বারা আচার্য্যের হৃদয় ঔদাসীন্য পরি-হার করিয়া উৎসাহশীল ও যথেষ্ট উত্তেজনাপূর্ণ হইল এবং ভীষ্মের উপর ঐকান্তিকী নির্ভর করায় আচার্য্য যদি বা মনঃক্ষুণ্ণ হইয়া থাকেন, তাহাও নিরাকৃত হইল। মূলান্তর্গত "তু" ও "চ" দ্বারা কর্ত্তব্য বিশেষ দ্যোতিত হইতেছে॥ ১১॥

—•:(*):•—

তস্য সঞ্জনয়ন্ হর্ষং কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ শঙ্খং দধ্মৌ প্রতাপবান্॥১২॥

অন্বয়।—প্রতাপবান্ কুরুবৃদ্ধঃ পিতামহঃ তস্য হর্ষং সঞ্জনয়ন্ উচ্চৈঃ সিংহনাদং বিনদ্য শঙ্খং দধ্মৌ॥ ১২॥

প্রতিশব্দ।—বিক্রমশালী কুরু-কুল-বয়োজ্যেষ্ঠ পিতামহ তাঁহার আনন্দ উৎপাদন-করিয়া মহানির্ঘোষে কেশরি-তুল্য-গর্জ্জন-পূর্ব্বক শঙ্খ-নাদ করিলেন॥ ১২॥

ব্যাখ্যা।—অনন্তর বর্ষীয়ান্ অতিবিক্রান্ত পিতামহ ভীষ্ম, দুর্য্যোধনের আনন্দোৎপাদনের অভিপ্রায়ে, মহাশব্দে সিংহের ন্যায় গর্জ্জন করিয়া শঙ্খ ধ্বনি করিলেন॥ ১২॥

আনন্দগিরি।—তমেবমাচার্য্যং প্রতি সংবাদং কুর্ব্বন্তং ভয়াবিষ্টং রাজানং দৃষ্ট্বা তদভ্যাসবর্ত্তী পিতামহস্তদ্বুদ্ধ্যনুরোধার্থং ইত্থং কৃতবানিত্যাহ তস্যেতি। রাজ্ঞো দুর্য্যোধনস্য হর্ষং বুদ্ধিগতমুল্লাসবিশেষং পরপরিভবদ্বারা স্বকীয়বিজয়দ্বারকং সম্যগুৎপাদয়ন্ ভয়ং তদীয়মপনিনীষুরুচ্চৈঃসিংহনাদং কৃত্বা শঙ্খমাপূরিতবান্, কিমিতি দুর্য্যোধনস্য হর্ষমুৎপাদয়িতুং পিতামহো যততে? কুরুবৃদ্ধত্বাৎ তস্য কুরুরাজত্বাৎ পিতামহত্বাচ্চাস্য দুর্য্যোধনভয়াপনয়নার্থো প্রবৃত্তিরুচিতা, তদুপজীবিতয়া তদ্বশত্বাচ্চ তস্য সিংহনাদে শঙ্খশব্দে চ পরেষাং হৃদয়ব্যথাং সম্ভাব্যতে, দূরাদেবারিনিবহং প্রতি ভয়জননলক্ষণপ্রতাপত্বাদিত্যর্থঃ॥ ১২॥

শ্রীধর।—তদেবং বহুমানযুক্তং রাজবাক্যং শ্রুত্বা ভীষ্মঃ কিং কৃতবান্ তদাহ তস্যেত্যাদি। তস্য রাজ্ঞো হর্ষং কুর্ব্বন্ পিতামহো ভীষ্ম উচ্চৈর্মহান্তং সিংহনাদং কৃত্বা শঙ্খং দধ্মৌ বাদিতবান্॥ ১২॥

বলদেব—এবং দুর্য্যোধনকৃতাং স্বস্তুতিমবধার্য্য সহর্ষো ভীষ্মস্তদন্তর্গতাং ভীতিমুৎসাদয়িতুং শঙ্খং দধ্মাবিত্যাহ তস্যেতি। (সিংহনাদমিত্যুপমানে কর্ম্মণি চেতি পাণিনিসূত্রাণ্ণমুল্। চাৎ কর্ত্তুর্য্যুপমানে ইত্যর্থঃ)। সিংহ ইব বিনদ্যেত্যর্থঃ। মুখতঃ কিঞ্চিদনুক্ত্বা শঙ্খনাদমাত্রকরণেন জয়পরাজয়ৌ ঈশ্বরাধীনৌ ত্বদর্থে ক্ষত্রধর্ম্মেণ দেহং ত্যক্ষ্যামীতি ব্যজ্যতে॥ ১২॥

মধুসূদন।—তস্যেতি। এবং পাণ্ডবসৈন্যদর্শনাদতিভীতস্য ভয়নিবৃত্ত্যর্থমাচার্য্যং কপটেন শরণং গতস্য ইদানীমপ্যয়ং মাং প্রতারয়তীত্যসন্তোষবশাদাচার্য্যেণ বাঙ্মাত্রেণাপ্যনাদৃতস্যাচার্য্যোপেক্ষাং বুদ্ধ্বায়নেষিত্যাদিনা ভীষ্মমেব স্তবতস্তস্য রাজ্ঞো ভয়নিবর্ত্তকং হর্ষং বুদ্ধিগতমুল্লাসবিশেষং স্ববিজয়সূচকং জনয়ন্ উচ্চৈর্মহান্তং সিংহনাদং বিনদ্য কৃত্বা (সিংহনাদমিতি ণমুলান্তম্ অন্তো বৈ পোষং পুষ্যতীতিবৎ তস্যৈব ধাতোঃ পুনঃ প্রয়োগঃ) শঙ্খং দধ্মৌ বাদিতবান্। কুরুবৃদ্ধত্বাদাচার্য্যদুর্য্যোধনয়োরভিপ্রায়পরিজ্ঞানম্, পিতামহত্বাদনুপেক্ষণম্, নত্বাচার্য্যবদুপেক্ষণম্।

প্রতাপবত্বাচ্চৈঃসিংহনাদপূর্ব্বক শঙ্খবাদনম্ পরেষাম্ ভয়োৎপাদনায়। (অত্র সিংহনাদশঙ্খবাদ-য়োর্হর্ষজনকত্বেন পূর্ব্বাপরকালত্বেহপ্যভিচরন্ যজেতেতিবজ্জনয়ন্নিতি শতাহবশ্যম্ভাবিত্বরূপবর্ত্ত-মানত্বে ব্যাখ্যাতব্যম্) ॥ ১২ ॥

নীলকণ্ঠ।—তস্যেতি। তস্য এবং বদতো দুর্য্যোধনস্য সঞ্জয়বাক্যমিদম্। (সিংহনাদমিতি, ণমুলন্তম্. তেন বিনদ্যাইত্যস্যানুপ্রয়োগঃ কষাদিত্বাৎ সমূলকাষং কষতি স্ম দৈত্যানিত্যাদিবৎ) কুরুবৃদ্ধো ভীষ্মঃ প্রাগ্বিরাটনগরাদৌ দৃষ্টপ্রভাবান পাণ্ডবান্ দৃষ্ট্বা রাজ্ঞো ভয়ং মাভূদিতি শঙ্খং দধ্মৌ, হর্ষং যুদ্ধোৎসাহং জনয়ন্, (হেত্বর্থে শতৃপ্রত্যয়ঃ) হর্ষজননার্থমিত্যর্থঃ ॥ ১২ ॥

বিশ্বনাথ।—ততশ্চ স্বসম্মানশ্রবণজনিতহর্ষঃ, তস্য দুর্য্যোধনস্য ভয়বিধ্বংসেন হর্ষং সংজনয়িতুং কুরুবৃদ্ধো ভীষ্মঃ। সিংহনাদমিতি (উপমানে কর্ম্মণি চেতি ণমুল্) সিংহ ইব বিনদ্য ইত্যর্থঃ ॥ ১২ ॥

তাৎপর্য্য।—অতঃপর আচার্য্য সমীপে দুর্য্যোধনের বাক্য পরিসমাপ্ত করিয়া, সঞ্জয় অন্য বৃত্তান্ত বিবৃত করিতেছেন। দ্রোণাচার্য্য সমীপে দুর্য্যোধনের উক্তি সমূহ শ্রবণ করিয়া এবং স্বকীয় প্রশংসাসূচক স্তুতি সমূহের মর্ম্ম পরিজ্ঞাত হইয়া, কুরু-কুল-ধুরন্ধর অশেষ শৌর্য্য-বীর্য্য-সম্পন্ন বলীয়ান্ পিতামহ ভীষ্ম, দুর্য্যোধনের অন্তরস্থ আশঙ্কা অপনোদিত করিয়া আনন্দ সংবিধান বাসনায়, সিংহের ন্যায় ভীষণ গর্জ্জন পূর্ব্বক, শঙ্খধ্বনি করিলেন। মূলোক্ত ভীষ্মের বিশেষণত্রয়ের যথেষ্ট সার্থকতা পরিদৃষ্ট হইতেছে। বৃদ্ধগণ বহুদর্শিতা বিজ্ঞতা ও প্রবীণতা হেতু অপরের হৃদয়ভাব অনুমান করিতে সুনিপুণ হইয়া থাকেন। এজন্য দ্রোণাচার্য্য ও দুর্য্যোধনের বচন এবং ভাব-ভঙ্গী দর্শনে 'কুরুবৃদ্ধ' ভীষ্ম সহজেই তাঁহাদের অন্তরের অবস্থা প্রণিধান করিলেন। পিতামহগণ, স্বাভাবিক স্নেহ হেতু, শরণাগত নিতান্ত দুর্ব্বিনীত পৌত্রকেও, হতাদর ও অবজ্ঞা করিতে অক্ষম। রাজা দুর্য্যোধনের বাক্যাবলী শ্রবণ করিয়া, কুলাগত সম্পর্ক-শূন্য দ্রোণাচার্য্য উপেক্ষার ভাবে নির্ব্বাক রহিলেন; একটি মাত্র বাক্যও ব্যয় করিলেন না, কোন প্রকার উৎসাহ প্রদান করিলেন না; কিন্তু নিকট সম্পর্কিত 'পিতামহ' ভীষ্ম এ অবস্থায় দুর্য্যোধনের হর্ষোৎপাদন না করিয়া এবং তাঁহাকে উৎসাহিত না করিয়া কোন ক্রমেই থাকিতে পারিলেন না। তাদৃশ গুরু গম্ভীর আরাবে সিংহ তুল্য গর্জ্জন করিয়া বিপক্ষপক্ষের ভীতি উৎপাদনের চেষ্টা করা 'প্রতাপবান্' ভীষ্ম ভিন্ন আর কাহারও পক্ষে সম্ভাবিত নহে। দৃঢ়-ব্রত চির-কর্ত্তব্য-পরায়ণ ভীষ্ম এরূপ বিবেচনা করিয়া থাকিতে পারেন যে, যুদ্ধে জয় পরাজয় অবশ্যই বিধি-

নিয়োজিত। আমি যখন দুর্য্যোধনের অন্নভোজী ও আশ্রিত তখন তাঁহারই প্রীতিপ্রদ কার্য্য সম্পন্ন করিতে বাধ্য। পরিণামে রণে পরাজয় ঘটিলে, ক্ষত্র ধর্ম্মানুসারে সমরে দেহত্যাগ করিয়া, পারলৌকিক নিঃশ্রেয়ঃ লাভ করিব। সুতরাং অধুনা কোন বাচনিক অভিপ্রায় ব্যক্ত না করিয়া, দুর্ম্মতি দুর্য্যোধনের সন্তোষবিধায়কসিংহনাদ ও শঙ্খধ্বনি করায় কোন হানি নাই। সমর-ক্ষেত্রে সমুপস্থিত হইয়া সিংহনাদ ও শঙ্খধ্বনি প্রভৃতির দ্বারা সমরারম্ভ সংবাদ সংঘোষিত হয়। এ স্থলে, পাণ্ডবেরা অগ্রে তাদৃশ কোন অনুষ্ঠান না করায়, কৌরবগণেরই উত্তেজিত ভাব পরিদৃষ্ট হইতেছে। পাণ্ডবদিগের প্রতি অসীম অত্যাচার অনুষ্ঠিত হইলেও, তাঁহারা প্রথমাবধি নানা প্রকারে সন্ধি সংস্থাপনের প্রয়াসী ছিলেন। তাহাতে বিফল-মনোরথ হইয়া অগত্যা সমরক্ষেত্রে অবতীর্ণ হইয়াছেন। যুদ্ধার্থে উপস্থিত হইয়াও তাঁহারা কোন প্রকার আস্ফালন না করিয়া স্থির ও ধীর ভাবে পরিণামের প্রতীক্ষা করিতেছেন; ইহাতে তাঁহাদের উদারতা ও সহৃদয়তা স্পষ্টই লক্ষিত হইতেছে। দুর্য্যোধনের পক্ষ হইতেই প্রথমতঃ সিংহনাদ ও শঙ্খধ্বনি প্রচারিত হওয়ায় তাঁহার ঔদ্ধত্য ও গর্ব্বিত ভাব সুস্পষ্টরূপে পরিব্যক্ত হইতেছে। এরূপ যাহাদের হৃদয়-ভাব সে পক্ষ যে স্থান-মাহাত্ম্য হেতু কোমল-হৃদয় হইয়া সন্ধি-বন্ধন করিবে ইহা কদাচ সম্ভবপর নহে। মূর্ত্তিমান অহঙ্কার স্বরূপ দুর্য্যোধনের হৃদয়ভাব আন্দোলন করিয়া, তাঁহার প্রীতির নিমিত্ত তদাশ্রিত স্থিরধী ভীষ্মকে অহঙ্কার বিজ্ঞাপক ব্যবহার করিতে হইয়াছে। তত্ত্বজ্ঞ ভীষ্ম এই সমরের পরিণাম পূর্ব্ব হইতেই পরিজ্ঞাত ছিলেন এবং নিয়তি যে অপরিহার্য্য তাহাও তাঁহার অবিদিত ছিল না। সুতরাং যাহার তিনি আশ্রিত, যাহার সৈন্যাপত্যে তিনি ব্রতী, যাহার বশ্যতা তিনি অবলম্বন করিয়াছেন, তাহার সন্তোষসাধন কাল ও অবস্থানুসারে তৎকালে তাঁহার অবশ্য কর্ত্তব্য। কর্ত্তব্যপরায়ণ ভীষ্মের বর্ত্তমান ব্যবহারে, অধীন ব্যক্তি পদপ্রতিষ্ঠায় অতুলনীয় হইলেও, বিবেকমূঢ় ও স্বার্থপর প্রভুর বাসনানুবর্ত্তী হইয়া কার্য্য সম্পাদনে বাধ্য ইহাই পরিব্যক্ত হইতেছে। সম্বন্ধে উভয় পক্ষই সমান হইলেও, অধীনতা হেতু, ভীষ্ম কর্ত্তব্য-পূজার নিমিত্ত এস্থলে বাসনা ছাগ বলি দিতেছেন ॥ ১২॥

—(:•:)—

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ পণবানক-গোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ১৩ ॥

অন্বয়।—ততঃ শঙ্খাঃ চ ভের্য্যঃ চ পণব-আনক-গোমুখাঃ এব সহসা অভি-অহন্যন্ত স শব্দঃ তুমুলঃ-অভবৎ ॥ ১৩ ॥

প্রতিশব্দ।—তদনন্তর শঙ্খ-সকল ও ভেরী-সকল ও মার্দ্দল-পটহ-গোমুখ-সকল ও সহসা বাদিত হইল সেই শব্দ মহান্ হইল ॥ ১৩ ॥

ব্যাখ্যা।—অনন্তর কুরুসৈন্য মধ্যে সহসা শঙ্খ, ভেরী, মার্দ্দল, ঢক্কা প্রভৃতি বিবিধ বাদ্যযন্ত্র বাদিত হইল এবং সেই সম্মিলিত শব্দ অতি প্রচণ্ড হইয়া উঠিল ॥ ১৩ ॥

আনন্দগিরি।—রাজাভিপ্রায়ং প্রতীত্য ভীষ্মপ্রবৃত্ত্যনন্তরং তৎপক্ষৈস্তৈস্তৈরাজভিঃ শঙ্খাদয়ো বাদ্যবিশেষা ঝটিতি শব্দবন্তঃ সম্পাদিতাঃ। স চ শঙ্খাদিপ্রযুক্তশব্দস্তুমুলো বহুলং ভয়ং পরেষাং পরিদোতয়ন্নাসীদিত্যাহ ততইতি ॥ ১৩ ॥

রামানুজ—তস্য বিষাদমালোক্য ভীষ্মস্তস্য হর্ষং জনয়িতুং সিংহনাদং শঙ্খনাদঞ্চ কৃত্বা শঙ্খ-ভেরীনিনাদৈশ্চ বিজয়াভিশংসিনং ঘোষঞ্চাকারয়ৎ ॥ ১২। ১৩ ॥

শ্রীধর।—তদেবং সেনাপতের্ভীষ্মস্য যুদ্ধোৎসবমালোক্য সর্ব্বতো যুদ্ধোৎসবঃ প্রবৃত্ত ইত্যাহ তত ইত্যাদিনা। পণবা মর্দ্দলা আনকা গোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণাদেবাভ্যহন্যন্ত বাদিতাঃ, স শব্দঃ শঙ্খাদিশব্দস্তুমুলো মহানভূৎ ॥ ১৩ ॥

বলদেব।—তত ইতি। সেনাপতৌ ভীষ্মে প্রবৃত্তে তৎসৈন্যে সহসা তৎক্ষণমেব শঙ্খাদয়োঽভ্যহন্যন্ত বাদিতাঃ। (কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ)। পণবাদয়স্ত্রয়ো বাদিত্রভেদাঃ। স শব্দস্তুমুল ধ্বাকাকারতয়া মহানাসীৎ ॥ ১৩ ॥

মধুসূদন।—ততো ভীষ্মস্য সেনাপতেঃ প্রবৃত্ত্যনন্তরং, পণবা আনকা, গোমুখাশ্চ বাদ্যবিশেষাঃ সহসা তৎক্ষণমেবাভ্যহন্যন্ত বাদিতাঃ (কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ) স শব্দস্তুমুলো মহানাসীৎ তথাপি ন পাণ্ডবানাং ক্ষোভো জাত ইত্যভিপ্রায়ঃ ॥ ১৩ ॥

বিশ্বনাথ।—ততশ্চোভয়ত্রৈব যুদ্ধোৎসাহঃ প্রবৃত্ত ইত্যাহ তত ইতি। পণবা মার্দ্দলাঃ, আনকাঃ পটহাঃ, গোমুখাঃ বাদ্যবিশেষাঃ ॥ ১৩ ॥

তাৎপর্য্য।—ভীষ্মকে সিংহনাদ ও শঙ্খবাদন তৎপর দেখিয়া কুরুপক্ষীয় যোধগণ যথেষ্ট উৎসাহান্বিত হইয়া উঠিলেন। ভীষ্ম ইচ্ছামৃত্যু এবং অজেয়। সেই ভীষ্মের উৎসাহ সন্দর্শনে অন্যান্য বীর ও যোধগণের হৃদয়ে তাড়িতের ন্যায় উৎসাহস্রোত সহসা প্রবাহিত হইল এবং সকলে, শঙ্খ, ভেরী

ঢক্কা, মৃদঙ্গ প্রভৃতি বাদ্য যন্ত্র বাদন করিতে আরম্ভ করিলেন। নানাবিধ বাদ্যযন্ত্র এক সঙ্গে বাদিত হওয়ায় তথায় তুমুল কোলাহল ও মহা নির্ঘোষ সমুৎপন্ন হইল। এতাদৃশ ভীতিবিধায়ক কলরব সমুপস্থিত হইলেও বিপক্ষ, পাণ্ডবগণের হৃদয়ে অণুমাত্র ভয় জন্মিল না, বা তাঁহারা কিঞ্চিন্মাত্র আকুলিত হইলেন না॥ ১৩॥

——(:*:)——

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ॥১৪॥

অন্বয়।—ততঃ শ্বেতৈঃ হয়ৈঃ যুক্তে মহতি স্যন্দনে * স্থিতৌ মাধব চ পাণ্ডবঃ এব দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ॥ ১৪॥

প্রতিশব্দ।—তদনন্তর ধবলবর্ণ বহু-অশ্ব যোজিত মহা-রথে আরূঢ় শ্রীকৃষ্ণ এবং পাণ্ডব-ও স্বর্গীয় শঙ্খদ্বয় বাজাইলেন॥ ১৪॥

ব্যাখ্যা।—অনন্তর শ্বেতাশ্ব-সংযুক্ত মহারথ-সমারূঢ় শ্রীকৃষ্ণ ও অর্জ্জুনও দুই অপূর্ব্ব শঙ্খ বাদন করিলেন॥ ১৪॥

আনন্দগিরি।—এবং দুর্য্যোধনপক্ষে প্রবৃত্তিমালক্ষ্য পরিসরবর্ত্তিনৌ কেশবার্জ্জুনৌ শ্বেতৈর্হয়ৈরতিবলপরাক্রমৈর্যুক্তে মহত্যপ্রধৃষ্যে রথে ব্যবস্থিতাবপ্রাকৃতৌ শঙ্খৌ পূরিতবন্তাবিত্যাহ ততঃ শ্বেতৈর্হয়ৈরিতি॥ ১৪॥

রামানুজ।—ততস্তং ঘোষমাকর্ণ্য সর্ব্বেশ্বরেশ্বরঃ পার্থ-সারথী রথী চ পাণ্ডুতনয়- স্ত্রৈলোক্যবিজয়োপকরণভূতে মহতিস্যন্দনে স্থিতৌ ত্রৈলোক্যং কম্পয়ন্তৌ শ্রীমৎপাঞ্চজন্য-দেবদত্তৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ॥ ১৪॥

শ্রীধর।—ততঃ পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ তত ইত্যাদিপঞ্চভিঃ। স্যন্দনে রথে স্থিতৌ সন্তৌ কৃষ্ণার্জ্জুনৌ শঙ্খৌ প্রকর্ষেণ দধ্মতুর্ব্বাদয়ামাসতুঃ॥ ১৪॥

---

* খাণ্ডবদাহন কালে ভগবান্ হুতাশনের প্রার্থনায় চতুর্থ লোকপাল বরুণদেব অর্জ্জুনকে এক রমণীয় রথ প্রদান করেন। ঐ স্যন্দন সুবর্ণালঙ্কার সুশোভিত, উহার ধ্বজযষ্টি সুবর্ণময়, উহার উপরিভাগে শার্দ্দূলবৎ ভয়ানক বৃহৎ কলেবর এক কপি সংস্থাপিত। ঐ রথের ধ্বনি শ্রবণ করিলে অরাতিকুল হতচেতন হয়। ঐ রথ সর্ব্বপ্রকার যুদ্ধোপকরণ সমন্বিত, বিশ্বকর্ম্মা কর্তৃক বিনির্ম্মিত, সর্ব্বরত্ন সুশোভিত এবং দেবদানবগণের অজেয়।

বলদেব।—অথ পাণ্ডবসৈন্যে প্রবৃত্তং যুদ্ধোৎসবমাহ তত ইতি। অন্যেষামপি রথস্থিতত্ত্বে সত্যপি কৃষ্ণার্জ্জুনয়ো রথস্থিতত্বোক্তিস্তদ্রথস্যাগ্নিদত্তত্বং ত্রৈলোক্যবিজেতৃত্বং মহাপ্রভত্বঞ্চ ব্যজ্যতে॥ ১৪॥

মধুসূদন।—অন্যেষামপি রথাঃ সন্ত্যেব অসাধারণেন রথোৎকর্ষকথনার্থং "ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে" ইত্যাদি রথতত্ত্বকথনং, তেনাগ্নিদত্তে দুষ্প্রধৃষ্যে রথে স্থিতৌ সর্ব্বরথৈর্জেতুমশক্যাবিত্যর্থঃ॥ ১৪॥

তাৎপর্য্য।—দুর্য্যোধন কৃত সৈন্যবর্ণনা ও ভীষ্মাদিকৃত শঙ্খবাদনাদি-ব্যাপারের বৃত্তান্ত শেষ করিয়া সঞ্জয় অতঃপর পাণ্ডব-সৈন্যগণের সমরোৎসাহ বর্ণন করিতেছেন। কুরু-সৈন্য মধ্যে ভীষ্ম-দ্রোণাদি মহাবীরগণের সমরোৎসাহ জনিত সিংহনাদের সহিত মিলিত সেই ভীষণ শঙ্খধ্বনি ও অন্যান্য বাদ্য শব্দ শ্রবণ করিয়া সর্ব্বেশ্বর পার্থ-সারথি ভগবান্ শ্রীকৃষ্ণ ও রথী পাণ্ডুতনয় অর্জ্জুন ত্রৈলোক্য বিজয়োপকরণ-ভূত শ্বেতাশ্বযুক্ত অতি দুর্দ্ধর্ষ অসাধারণ দেবদত্ত রথে সমাসীন হইয়া ত্রিলোক কম্পিত, করতঃ সর্ব্ববিজয়ী শঙ্খধ্বনি দ্বারা গগনমণ্ডল পরিপূরিত করিলেন। শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন ব্যতীত অপরাপর সৈন্যগণও রথারোহণ পূর্ব্বক এই সমরক্ষেত্রে সমুপস্থিত হইয়াছেন, কিন্তু "শ্বেতৈর্হয়ৈর্যুক্তে" এই পদ দ্বারা কেবল মাত্র অর্জ্জুনের রথ কীর্ত্তিত এবং অন্য রথাপেক্ষা ইহার শ্রেষ্ঠত্ব ও সর্ব্বাজেয়ত্ব সূচিত হইল॥ ১৪॥

-(:*:)-

পাঞ্চজন্যং হৃষীকেশো দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং ভীমকর্ম্মা বৃকোদরঃ॥১৫॥
অনন্তবিজয়ং রাজা কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ সুঘোষমণিপুষ্পকৌ॥ ১৬॥

অন্বয় ।—হৃষীকেশঃ * পাঞ্চজন্যং † ধনঞ্জয়ঃ ‡ দেবদত্তং ভীমকর্ম্মা বৃকোদরঃ § পৌণ্ড্রং মহাশঙ্খং দধ্মৌ ।

কুন্তীপুত্রঃ রাজা যুধিষ্ঠিরঃ অনন্তবিজয়ং নকুলঃ চ সহদেবঃ সুঘোষ-মণিপুষ্পকৌ ॥ ১৫ । ১৬ ॥

প্রতিশব্দ।—ইন্দ্রিয়নিয়ন্তা পাঞ্চজন্য অর্জ্জুন দেবদত্ত ঘোরকর্ম্মকারী ভীমসেন পৌণ্ড্র মহাশঙ্খ বাজাইলেন ।

কুন্তীনন্দন ভূপতি যুধিষ্ঠির অনন্তবিজয় নকুল এবং সহদেব সুঘোষ-মণিপুষ্পকদ্বয় ॥ ১৫ । ১৬ ॥

ব্যাখ্যা ।—শ্রীকৃষ্ণ পাঞ্চজন্য নামক শঙ্খ, পার্থ দেবদত্ত নামক শঙ্খ এবং বিভীষিকাজনক উৎকট ক্রিয়াশালী ভীমসেন পৌণ্ড্র নামক মহাশঙ্খ বাদিত করিলেন ।

* হৃষীকেশ । হৃষীকাণামিন্দ্রিয়াণামীশো হৃষীকেশঃ, ক্ষেত্রজ্ঞরূপকত্বাৎ পরমাত্মত্বাদ্বা ইন্দ্রিয়াণি যদ্বশে বর্ত্তন্তে স পরমাত্মা ॥ ইতি শঙ্করঃ । এইরূপ অর্থ এই স্থলে গৃহীত হইয়াছে । কিন্তু গ্রন্থান্তরে অন্যরূপ অর্থও দৃষ্ট হইতেছে । যথা ; হৃষ্টা জগৎপ্রীতিকরাঃ কেশা রশ্ময়োঽস্য ইতি হৃষীকেশঃ পৃষোদরাদিঃ । যথা ; সূর্য্যাচন্দ্রমসোঃ শশ্বদংশুভিঃ কেশসংজ্ঞিতৈঃ । ইতি মোক্ষধর্ম্ম । হৃষীকাণি মিয়ম্যাহং যতঃ প্রত্যক্ষতাং গতঃ । ;হৃষীকেশ ইতি খ্যাতো নাম্না তত্রৈব সংস্থিতঃ । ইতি বারাহে ।

† সমুদ্রে পঞ্চজন নামে এক দৈত্য তিমিরূপ ধারণ করিয়া বাস করিত । তাহার অস্থি দ্বারা শ্রীকৃষ্ণের শঙ্খ বিনির্ম্মিত হইয়াছিল বলিয়া, উহার পাঞ্চজন্য নাম হইয়াছে ।

‡ অর্জ্জুনের দশটি নাম বিশেষ বিখ্যাত এবং সেই দশটি নামের অন্যতম দ্বারা তিনি প্রায়শঃ সম্বোধিত হইয়া থাকেন । সেই দশটি নাম যথা ; অর্জ্জুন, ফাল্গুন, জিষ্ণু, কিরীটী, শ্বেতবাহন, বীভৎসু, বিজয়, কৃষ্ণ, সব্যসাচী ও ধনঞ্জয় । সর্ব্বদা নির্ম্মল কর্ম্ম ভিন্ন তাঁহার দ্বারা নিকৃষ্ট কার্য্য সম্পাদিত হইত না বলিয়া, তাঁহার নাম অর্জ্জুন ; হিমালয় পর্ব্বতে উত্তরফল্গুনী নক্ষত্রে জন্ম হইয়াছিল বলিয়া, তাঁহার নাম ফাল্গুন ; যুদ্ধস্থলে দুর্দ্ধর্ষ শত্রুকেও তিনি জয় করিতে সক্ষম, এজন্য তাঁহার নাম জিষ্ণু ; দেবরাজ প্রীত হইয়া তাঁহার মস্তকে সমুজ্জ্বল কিরীট প্রদান করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম কিরীটি ; যুদ্ধকালে রথে শ্বেতাশ্ব সংযুক্ত থাকে বলিয়া, তাঁহার নাম শ্বেতবাহন ; যুদ্ধকালে কখন কোন বীভৎস কর্ম্ম করেন নাই বলিয়া, তাঁহার নাম বীভৎসু ; রণস্থলে বীরগণকে পরাজয় না করিয়া নিবৃত্ত হন না, এজন্য তাঁহার নাম বিজয় ; কৃষ্ণবর্ণ বালক লোকের প্রিয়, এজন্য তাঁহার পিতৃপ্রদত্ত নাম কৃষ্ণ ; দক্ষিণ ও বাম উভয় হস্তেই ধনুচালনায় সুদক্ষ, এজন্য তাঁহার নাম সব্যসাচী ; সমস্ত জনপদ জয় করিয়া ধনসংগ্রহ করেন, এই জন্য তাঁহার নাম ধনঞ্জয় ।

§ বৃকোদর শব্দের ব্যুৎপত্তি ।—যস্ত তীক্ষ্ণো বৃকো নাম জঠরে হব্যবাহনঃ । ময়া দত্তঃ স্বধর্ম্মাত্মা তেন চাসৌ বৃকোদরঃ ॥ ইতি মাৎস্যে—৬৫ অধ্যায় । ভীম ও দুর্য্যোধন এক দিবসেই জন্মগ্রহণ করেন ।

কুন্তীর গর্ভজাত ধর্ম্মনন্দন, রাজ-চক্রবর্ত্তী যুধিষ্ঠির অনন্তবিজয় নামক শঙ্খ, নকুল সুঘোষ নামক শঙ্খ, এবং সহদেব মণি-পুষ্পক নামক শঙ্খ বাদন করিলেন ॥ ১৫ । ১৬ ॥

আনন্দগিরি।—তয়োঃ শঙ্খয়োর্দিব্যত্বমেবাপাদয়তি পাঞ্চজন্যমিতি। কেশবার্জ্জুনয়োর্যুদ্ধাভিমুখ্যং দৃষ্ট্বা সংহৃষ্টঃ সারম্ভেন সমররসিকো ভীমসেনোঽপি যুদ্ধাভিমুখোঽভূদিত্যাহ পৌণ্ড্রমিতি। এতেষামীদৃশীং প্রবৃত্তিং প্রতীত্য পরিপালনাবকাশমাসাদ্য রাজ্ঞো যুধিষ্ঠিরস্যাপি প্রবৃত্তিং দর্শয়তি অনন্তেতি। জ্যায়সাং ভ্রাতৄণামনুসরণমাবশ্যকমিতি মত্বা তয়োর্যবীয়সোভ্রাত্রোরপি প্রবৃত্তিমাহ নকুল ইতি ॥ ১৫ । ১৬ ॥

শ্রীধর।—তদেব বিভাগেন দর্শয়ন্নাহ পাঞ্চজন্যমিতি। পাঞ্চজন্যাদীনি নামানি শ্রীকৃষ্ণাদিশঙ্খানাং, ভীমং ঘোরং কর্ম্ম যস্য সঃ। অনন্তেতি। নকুলঃ সুঘোষং নাম শঙ্খং দধ্মৌ, সহদেবো মণিপুষ্পকং নাম ॥ ১৫ । ১৬ ॥

বলদেব।—পাঞ্চজন্যমিত্যাদি। পাঞ্চজন্যাদয় কৃষ্ণাদিশঙ্খানামাহ্বয়াঃ। অত্র হৃষীকেশশব্দেন পরমেশ্বরসহায়িত্বম্। পাঞ্চজন্যাদিশব্দৈঃ প্রসিদ্ধাহ্বয়ানেকদিব্যশঙ্খবত্ত্বম্। রাজা, ভীমকর্ম্মা, ধনঞ্জয় ইত্যেভির্যুধিষ্ঠিরাদীনাং রাজসূয়যাজিত্ব-হিড়িম্বাদিনিহন্তৃত্ব দিগ্বিজয়াহৃতানন্তধনত্বানি চ ব্যজ্য পাণ্ডবসেনাসূৎকর্ষঃ সূচ্যতে। পরসেনাসু তদভাবাদপকর্ষশ্চ ॥ ১৫ । ১৬ ॥

মধুসূদন।—পাঞ্চজন্যঃ, দেবদত্তঃ, পৌণ্ড্রঃ, অনন্তবিজয়ঃ, সুঘোষঃ, মণিপুষ্পকশ্চেতি শঙ্খনামকথনং, পরসৈন্যে স্বনামভিঃ প্রসিদ্ধা এতাবন্তঃ শঙ্খা ভবৎসৈন্যে তু নৈকোঽপি স্বনামপ্রসিদ্ধঃ শঙ্খোঽস্তীতি পরেষামুৎকর্ষাতিশয়কথনার্থম্। সর্ব্বেন্দ্রিয়প্রেরকত্বেন সর্ব্বান্তর্য্যামী সহায়ঃ পাণ্ডবানামিতি কথয়িতুং হৃষীকেশপদম্। দিগ্বিজয়ে সর্ব্বান্ রাজ্ঞো জিত্বা ধনমাহৃতবানিতি সর্ব্বথৈবায়মজেয় ইতি কথয়িতুং ধনঞ্জয়পদম্। ভীমং হিড়িম্ববধাদিরূপং কর্ম্ম যস্য তাদৃশঃ। বৃকোদরত্বেন বহ্বন্নপাকাদতিবলিষ্ঠো ভীমসেন ইতি কথিতম্। কুন্তীপুত্র ইতি কুন্ত্যা মহতা তপসা ধর্ম্মমারাধ্য লব্ধঃ স্বয়ঞ্চ রাজসূয়যাজিত্বেন মুখ্যো রাজা যুধিষ্ঠির এব জয়ভাগিত্বেন স্থিরো নত্বেতদ্বিপক্ষাঃ স্থিরা ভবিষ্যন্তীতি যুধিষ্ঠিরপদেন সূচিতম্, নকুলঃ সুঘোষং, সহদেবো মণিপুষ্পকং দধ্মাবিত্যনুষজ্যতে ॥ ১৫ । ১৬ ॥

বিশ্বনাথ।—পাঞ্চজন্যাদয়ঃ শঙ্খাদীনাং নামানি ॥ ১৪ । ১৫ । ১৬ ॥

তাৎপর্য্য।—পাণ্ডবগণের পক্ষে পাঞ্চজন্য, দেবদত্ত, পৌণ্ড্র, অনন্তবিজয়, সুঘোষ ও মণিপুষ্পক এই সকল নামে প্রসিদ্ধ বহু সংখ্যক শঙ্খ রহিয়াছে; আপনার পক্ষে একটিও স্বনামপ্রসিদ্ধ শঙ্খ নাই। পর পক্ষের উৎকর্ষ কথনার্থ সঞ্জয় এস্থলে শঙ্খের নাম করিলেন; সর্ব্বেন্দ্রিয়-প্রেরক অন্তর্য্যামী নারায়ণ পাণ্ডবগণের সহায় ইহাই প্রতিপাদন করিবার নিমিত্ত প্রথমতঃ হৃষীকেশ পদের উল্লেখ করিয়াছেন। যিনি দিগ্বিজয়ে সকল

রাজাদিগকে জয় করিয়া ধনরাশি আহরণ করিয়াছেন, তিনি সর্ব্বথাই অজেয়। "ধনঞ্জয়" পদদ্বারা ইহা সূচিত হইল। যাঁহার হিড়ম্ব বধাদিরূপ ভয়ানক কর্ম্ম তিনিই "ভীমকর্ম্মা"। উদ্দীপ্ত জঠরানল বিশিষ্ট উদর যাঁহার তাঁহার নাম "বৃকোদর"। এই পদদ্বারা ভীমসেন বহুভোজনক্ষম সুতরাং অতিশয় বলশালী কথিত হইল। কুন্তীদেবী মহতী তপস্যা দ্বারা ধর্ম্মের আরাধনা করিয়া যাঁহাকে লাভ করিয়াছেন, যিনি স্বয়ং রাজসূয় যজ্ঞ করিয়া মুখ্য রাজোপাধি প্রাপ্ত হইয়াছেন, এবং যিনি যুদ্ধে স্থির, তিনিই উপস্থিত সমরে জয়লাভ করিবেন। আপনার পুত্রগণের কেবল দুরাশামাত্র, ইহাই "কুন্তী-পুত্র, রাজা, যুধিষ্ঠির" এই পদত্রয় দ্বারা প্রকটীকৃত হইল ॥ ১৫। ১৬ ॥

—০:(:*:):০—

কাশ্যশ্চ পরমেষ্বাসঃ শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭ ॥
দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥১৮॥

অন্বয়।—পরম-ইষ্বাসঃ কাশ্যঃ চ মহারথঃ শিখণ্ডী * চ ধৃষ্টদ্যুম্নঃ বিরাটঃ চ অপরাজিতঃ সাত্যকিঃ † চ।

পৃথিবীপতে! দ্রুপদঃ দ্রৌপদেয়াঃ চ মহাবাহুঃ সৌভদ্রঃ চ সর্ব্বশঃ পৃথক্ পৃথক্ শঙ্খান্ দধ্মুঃ ॥ ১৭। ১৮ ॥

প্রতিশব্দ।—ধানুকী কাশীরাজ এবং মহারথ শিখণ্ডী এবং ধৃষ্টদ্যুম্ন এবং বিরাট ও অজিত সাত্যকি।

রাজন্! দ্রুপদ এবং দ্রৌপদীনন্দন এবং মহাবীর সুভদ্রাতনয় সকলে স্বতন্ত্র স্বতন্ত্র শঙ্খ-সকল বাজাইলেন ॥ ১৭। ১৮ ॥

---

* দ্রুপদ রাজার শিখণ্ডী নাম্নী এক কন্যা জন্মিয়াছিল। এই শিখণ্ডী পূর্ব্বে ত্রিপুর্ব্বা নামে রাক্ষস ছিল। স্থূল নামক এক যক্ষ স্বকীয় অভিসন্ধি সংসাধনার্থ সেই কন্যাকে পুরুষ করিয়াছিল।

† কেহ কেহ "সাত্যকিঃ চাপরাজিতঃ" এরূপ অন্বয়ও করেন। এরূপ অন্বয় করিলে ধনুর্দ্ধারী সাত্যকি এইরূপ অর্থ হয়।

ব্যাখ্যা।—অধিকন্তু শ্রেষ্ঠ ধনুর্দ্ধারী কাশীরাজ এবং মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাটরাজ এবং অপরাজিত সাত্যকি সকলেই স্ব স্ব শঙ্খ বাদন করিলেন।

হে ধরণীনাথ ধৃতরাষ্ট্র! দ্রুপদ রাজা, প্রতিবিন্ধ্যাদি পাঞ্চালীর পঞ্চপুত্র, অভিমন্যু নামক সুভদ্রার বীরবর কুমার সকলেই স্ব স্ব শঙ্খ বাদন করিলেন॥ ১৭। ১৮॥

আনন্দগিরি।—অন্যেষামপি তৎপক্ষীয়াণাং রাজ্ঞামৈকমত্যং বিজ্ঞাপয়ন্ ধৃতরাষ্ট্রস্য দুরাশাং সঞ্জয়ো ব্যুদস্যতি কাশ্যশ্চেত্যাদিনা। দ্রুপদ ইতি। পরমেষ্বাসাদিবিশেষলক্ষণচতুষ্টয়ং প্রত্যেকং সম্বধ্যতে॥ ১৭। ১৮॥

রামানুজ।—ততো যুধিষ্ঠিরবৃকোদরাদয়শ্চ স্বকীয়ান্ শঙ্খান্ পৃথক্ পৃথক্ দধ্মুঃ॥ ১৫। ১৬। ১৭। ১৮॥

শ্রীধর।—কাশ্যশ্চেতি। কাশ্যঃ কাশীরাজঃ, কথম্ভূতঃ পরমঃ শ্রেষ্ঠঃ ইম্বাসো ধনুর্যস্য সঃ। দ্রুপদ ইতি। হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র!॥ ১৭। ১৮॥

বলদেব।—কাশ্য ইতি। কাশ্যঃ কাশিরাজঃ। পরমেষ্বাসঃ মহাধনুর্দ্ধরঃ, চাপরাজিতো ধনুষা দীপ্তঃ। দ্রুপদ ইতি। পৃথিবীপতে হে ধৃতরাষ্ট্র ইতি তব দুর্ম্মন্ত্রণোদয়ঃ কুলক্ষয়লক্ষণোঽনর্থঃ সমাগত ইতি সূচ্যতে॥ ১৭। ১৮॥

মধুসূদন।—যুদ্ধাদিমহাসংগ্রামেষু এতাদৃশঃ সাত্যকিঃ। হে পৃথিবীপতে ধৃতরাষ্ট্র স্থিরো ভূত্বা শৃণিত্যভিপ্রায়ঃ। সুগমমন্যৎ॥ ১৭। ১৮॥

বিশ্বনাথ।—অপরাজিতঃ কেনাপি পরাজেতুমশক্যত্বাৎ. অথবা চাপেন ধনুষা রাজিতঃ দীপ্তঃ॥ ১৭॥

তাৎপর্য্য।—ভীষ্মাদি মহাবীরগণের ভীষণ শঙ্খধ্বনির বৃত্তান্ত শ্রবণে ধৃতরাষ্ট্রের মনে স্বপুত্রগণের রাজ্যলাভ বিষয়ে যে দুরাশা জন্মিয়াছিল, পাণ্ডব পক্ষীয় সৈন্যদিগের তুমুল শঙ্খধ্বনি ও পরস্পরের ঐকমত্য বিজ্ঞাপিত করিয়া সঞ্জয় ক্রমে তাহা নিরাকৃত করিবার জন্য বলিতে লাগিলেন, "হে পৃথিবীপতে! হে ধৃতরাষ্ট্র! আপনি স্থির হইয়া শ্রবণ করুন, আরও পাণ্ডব পক্ষীয় সমর-দক্ষ যোধগণের নাম কীর্ত্তন করিতেছি। মহাধনুর্দ্ধারী কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাটরাজ, অপরাজিত অর্থাৎ নন্দন বন হইতে পারিজাত হরণ সময়ে দেববৃন্দের সহিত মহাসমরে জয়যুক্ত সাত্যকি, (কেহ কেহ "চাপরাজিতঃ" এরূপ পৃথক্ ভাবে ব্যাখ্যা করেন। চাপ শব্দে ধনু তাহাতে রাজিত অর্থাৎ শোভিত) রণবিজয়ী দ্রুপদ রাজ দ্রৌপদীর পঞ্চ

তনয় এবং সুভদ্রা নন্দন মহাবাহু অভিমন্যু, ইহাঁরা সকলেই মহাসমরে উল্লাসিত হইয়া পৃথক্ পৃথক্ স্ব স্ব শঙ্খধ্বনি করিয়াছিলেন ॥ ১৭।১৮ ॥

——•(:*:)•——

স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥ ১৯ ॥

অন্বয়।—স তুমুলঃ ঘোষঃ নভঃ চ পৃথিবীং চ এব অভি-অনুনাদয়ন্ ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়ানি ব্যদারয়ৎ ॥ ১৯ ॥

প্রতিশব্দ।—সেই উৎকট শব্দ আকাশ এবং বসুন্ধরা-ও আপূরিত-করিয়া ধৃতরাষ্ট্র-পুত্রগণের অন্তর বিদীর্ণ-করিল ॥ ১৯ ॥

ব্যাখ্যা।—পাঞ্চজন্যাদি সমসময় বাদিত বিবিধ শঙ্খের তুমুল নির্ঘোষে নভোমণ্ডল ও ক্ষিতীতল পরিপূর্ণ হইয়া উঠিল এবং দুর্য্যোধনাদি ধৃতরাষ্ট্র-নন্দনগণের মনঃ প্রাণ সেই শব্দে বিদীর্ণ-প্রায় হইয়া পড়িল ॥ ১৯ ॥

আনন্দগিরি।—তৈস্তৈ রাজভিঃ শঙ্খানাপূরয়দ্ভিরাপাদিতো মহান্ ঘোষস্তুমুলোঽতি-ভৈরবো, নভশ্চান্তরীক্ষং পৃথিবীঞ্চ ভুবনং লোকত্রয়ং সর্ব্বমেব, বিশেষেণানুক্রমেণ নাদয়ন্ নাদ-যুক্তং কুর্ব্বন্, ধার্ত্তরাষ্ট্রানাং দুর্য্যোধনাদীনাং, হৃদয়ান্তস্তঃকরণানি ব্যদারয়ৎ বিদারিতবান্। যুজ্যতে হি তৎপ্রেরিতশঙ্খঘোষশ্রবণাৎ ত্রৈলোক্যাক্রোশে তমুপশৃণ্বতাং তেষাং হৃদয়েষু দোধূয়মানত্বং তদাহ স ঘোষ ইতি ॥ ১৯ ॥

রামানুজ।—স ঘোষো দুর্য্যোধনপ্রমুখানাং সর্ব্বেষামেব ভবৎপুত্রাণাং হৃদয়ানি বিভেদ। অদ্যৈব নষ্টং কুরূণাং বলমিতি ধার্ত্তরাষ্ট্রা মেনিরে। এবং তদ্বিজয়াভিকাঙ্ক্ষিণে ধৃতরাষ্ট্রায় সঞ্জয়োঽকথয়ৎ ॥ ১৯ ॥

শ্রীধর।—স চ শঙ্খানাং নাদস্তদীয়ানাং মহাভয়ং জনয়ামাসেত্যাহ স ঘোষ ইত্যাদি। ধার্ত্তরাষ্ট্রানাং ত্বদীয়ানাং হৃদয়ানি বিদারিতবান্। কিং কুর্ব্বন্ নভশ্চ পৃথিবীঞ্চাভ্যনুনাদয়ন প্রতিধ্বনিভিরাপূরয়ন্ ॥ ১৯ ॥

বলদেব।—স ইতি পাণ্ডবৈঃ কৃতঃ শঙ্খনাদো ধার্ত্তরাষ্ট্রাণাং ভীষ্মাদীনাং সর্ব্বেষাং হৃদয়ানি ব্যদারয়ৎ তদ্বিদারণতুল্যাং পীড়ামজনয়দিত্যর্থঃ। তুমুলোঽতিতীব্রঃ। অভ্যনুনাদয়ন্

পাঠান্তর—তুমুলো ব্যনুনাদয়ন্

প্রতিধ্বনিভিঃ পূরয়ন্নিত্যর্থঃ। ধার্ত্তরাষ্ট্রৈঃ কৃতস্তু শঙ্খাদিনাদস্তুমুলোঽপি তেষাং কিঞ্চিদপি ক্ষোভং নাজনয়ৎ, তথানুক্তেরপীতি বোধ্যং॥ ১৯॥

মধুসূদন।—ধার্ত্তরাষ্ট্রাণাং সৈন্যে শঙ্খাদিধ্বনিরতিতুমুলোঽপি ন পাণ্ডবানাং ক্ষোভ-কোঽভূৎ। পাণ্ডবানাং সৈন্যে জাতস্তু স শঙ্খঘোষো ধার্ত্তরাষ্ট্রানাং ধৃতরাষ্ট্রস্য তব সম্বন্ধিনাং, সর্ব্বেষাং ভীষ্মদ্রোণাদীনামপি হৃদয়ানি ব্যদারয়ৎ হৃদয়বিদারণতুল্যাং ব্যথাং জনিতবানিত্যর্থঃ। যতস্তুমুলোঽতিতীব্রঃ অতো নভশ্চ পৃথিবীঞ্চ প্রতিধ্বনিভিরাপূরয়ন্॥ ১৯॥

তাৎপর্য্য।—যৎকালে ভীষ্মপ্রমুখ দুর্য্যোধন পক্ষীয় যোধগণ সিংহনাদ ও শঙ্খধ্বনি করিয়া রণোল্লাস বার্ত্তা সংঘোষিত করিলেন এবং প্রতিপক্ষ-গণের হৃদয় কন্দরে ত্রাস সমুৎপাদনে প্রয়াসবান হইলেন, তখন সেই আরাব শ্রবণে পাণ্ডবগণের অন্তর অনুমাত্র বিচলিত বা সন্ত্রাসিত হয় নাই; কিন্তু অধুনা পাণ্ডবগণকৃত শঙ্খধ্বনি শ্রবণে কুরুপক্ষাশ্রিত বীরগণের হৃদয় অবসন্ন ও বিদীর্ণপ্রায় হইল এবং সেই তুমুল কোলাহল জনিত প্রতিধ্বনিতে বসুন্ধরা ও নভোমণ্ডল সম্পূরিত হইয়া উঠিল॥ ১৯॥

—•:(•:•:•):•—

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসম্পাতে ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যমিদমাহ মহীপতে!॥ ২০॥

অন্বয়।—মহীপতে! অথ কপিধ্বজঃ পাণ্ডবঃ ধার্ত্তরাষ্ট্রান্ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা শস্ত্রসম্পাতে প্রবৃত্তে ধনুঃ উদ্যম্য তদা হৃষীকেশং ইদং বাক্যং আহ॥ ২০॥

প্রতিশব্দ।—পৃথিবীনাথ! অনন্তর বানর-কেতন অর্জ্জুন দুর্য্যোধনাদিকে সমরাবস্থিত-দেখিয়া অস্ত্রপাতে উদ্যত-হইলে কার্ম্মুক উন্নয়ন-পূর্ব্বক তখন শ্রীকৃষ্ণকে এই বাক্য কহিলেন॥ ২০॥

ব্যাখ্যা।—হে ভূপতে ধৃতরাষ্ট্র! অনন্তর ভবদীয় পুত্রদিগকে সমরার্থে অবস্থিত দেখিয়া বানর-কেতন রথারূঢ় তৃতীয় পাণ্ডব অর্জ্জুন অস্ত্র

সন্ধানাভিপ্রায়ে শরাসন ধারণ করিয়া স্বকীয় সারথী শ্রীকৃষ্ণকে নিম্ন লিখিত বাক্য কহিলেন ॥ ২০ ॥

আনন্দগিরি।—দুর্য্যোধনাদীনাং ধার্ত্তরাষ্ট্রাণামেবং ভয়প্রাপ্তিং প্রদর্শ্য পার্থাদীনাং পাণ্ডবানাং তদ্বৈপরীত্যমিদানীমুদাহরতি অথেত্যাদিনা। ভীতিপ্রত্যুপস্থিতৈরনন্তরং পলায়নে প্রাপ্তেঽপি ধৈর্য্যমুৎপাদ্য ব্যবস্থিতানপ্রচলিতানেব পরান্ প্রত্যক্ষেণোপলভ্য হনুমন্তং বানরবরং, ধ্বজলক্ষণত্বেনাদায়াবস্থিতোঽর্জ্জুনো ভগবন্তমাহ ইতি সম্বন্ধঃ। কিমাহেত্যপেক্ষায়ামিদং বক্ষ্যমাণং হেতুমদ্বচনমাহ বাক্যমিতি। কস্যামবস্থায়ামিদমুক্তবানিতি তত্রাহ প্রবৃত্ত ইতি। শস্ত্রাণামিষুপ্রাসপ্রভৃতীনাং সম্পাতঃ সমুদায়স্তস্মিন্ প্রবৃত্তে প্রয়োগাভিমুখে সতীতি যাবৎ। কিং কৃত্বা ভগবন্তং প্রত্যুক্তবানিতি। তদাহ ধনুরিতি। মহীপতিশব্দেন রাজা প্রজ্ঞাচক্ষুঃ সঞ্জয়েন সম্বোধ্যতে ॥ ২০ ॥

শ্রীধর।—এতস্মিন্ সময়ে শ্রীকৃষ্ণার্জ্জুনৌ বিজ্ঞাপয়ামাসেত্যাহ অথেত্যাদিভিশ্চতুর্ভিঃ শ্লোকৈঃ। অথেতি। অথানন্তরং মহাশব্দানন্তরং, ব্যবস্থিতান্ যুদ্ধোদ্যোগেঽবস্থিতান্, কপিধ্বজোঽর্জ্জুনঃ ॥ ২০ ॥

বলদেব।—এবং ধার্ত্তরাষ্ট্রাণাং যুদ্ধে ভীতিং প্রদর্শ্য পাণ্ডবানান্তু তত্রোৎসাহমাহ অথেতি সার্দ্ধকেন। অথ রিপুশঙ্খনাদকৃতোৎসাহভঙ্গানন্তরং, ব্যবস্থিতান্ তত্তঙ্গবিরোধিযুযুৎসয়াবস্থিতান্ ধার্ত্তরাষ্ট্রান্ ভীষ্মাদীন্। কপিধ্বজোঽর্জ্জুনঃ। যেন শ্রীদাশরথেরপি মহান্তি কার্য্যাণি পুরা সাধিতানি, তেন মহাবীরেণ ধ্বজমধিতিষ্ঠতা হনুমতানুগৃহীতা ভয়গন্ধশূন্য ইত্যর্থঃ। প্রবৃত্তে প্রবর্ত্তমানে ॥ ২০ ॥

মধুসূদন।—ধার্ত্তরাষ্ট্রাণাং ভয়প্রাপ্তিং প্রদর্শ্য পাণ্ডবানাং তদ্বৈপরীত্যমুদাহরতি অথেত্যাদিনা। ভীতিপ্রত্যুপস্থিতেরনন্তরং পলায়নে প্রাপ্তে তদ্বিরুদ্ধতয়া যুদ্ধোদ্যোগেনাবস্থিতানেব পরান্ প্রত্যক্ষেণোপলভ্য তদা শস্ত্রসম্পাতে প্রবৃত্তে প্রবর্ত্তমানে সতি (বর্ত্তমানে ক্তঃ) কপিধ্বজঃ পাণ্ডবঃ হনুমতা মহাবীরেণ ধ্বজরূপতয়ানুগৃহীতোঽর্জ্জুনঃ, সর্ব্বথাভয়শূন্যত্বেন যুদ্ধায় গাণ্ডীবং ধনুরুদ্যম্য হৃষীকেশমিন্দ্রিয়প্রবর্ত্তকত্বেন সর্ব্বান্তঃকরণবৃত্তিজ্ঞং শ্রীকৃষ্ণমিদং বক্ষ্যমাণং বাক্যমাহ উক্তবান্। মুক্তবিমৃষ্যকারিতয়া স্বয়মেব যৎ কিঞ্চিৎ কৃতবানিতি পরেষাং বিমৃশ্যকারিত্বেন নীতিধর্ম্ময়োঃ কৌশলং যদসুবিমৃশ্যকারিতয়া পরেষাং রাজ্যং গৃহীতবানসীতি নীতিধর্ম্ময়োরভাবাদ্বিজয়ো নাস্তীতি মহীপতে ইতি সম্বোধনেন সূচয়তি ॥ ২০ ॥

নীলকণ্ঠ।—অভ্যহনন্ত অভিহতাঃ। (কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ)। ব্যবস্থিতান্ ভয়োদ্বিগ্নতয়া বৈষম্যেণাবস্থিতান্, কপিধ্বজপাণ্ডবপদাভ্যাং ভীষণধ্বজত্বং শৌর্য্যঞ্চ প্রদৃশ্যতে ॥ ১৩।১৪।১৫।১৬ ১৭।১৮।১৯।২০ ॥

তাৎপর্য্য।—মহাবীরগণ কর্ত্তৃক সংঘোষিত কোলাহল শ্রবণে অধার্ম্মিক ধৃতরাষ্ট্র পুত্রগণের অন্তরোৎপন্ন ভয় এবং নীতিবিশারদ পরম ধার্ম্মিক

পাণ্ডবগণের স্বশক্র প্রদর্শন নিমিত্ত সমুৎপন্ন পরমোৎসাহ সঙ্কেতে পরিব্যক্ত করিয়া, সঞ্জয়, অন্ধরাজ ধৃতরাষ্ট্রকে বলিতেছেন, "হে মহীপতে ধৃতরাষ্ট্র! যখন উভয় সৈন্যমধ্যে পরস্পর নিদারুণ বাক্য-যুদ্ধ ও অস্ত্র-যুদ্ধের উপক্রম হইয়া উঠিল, তখন বীরকেশরী অর্জ্জুন শ্রীকৃষ্ণকে যাহা বিজ্ঞাপিত করিয়াছিলেন অধুনা আপনার নিকট তাহাই কীর্ত্তন করিতেছি শ্রবণ করুন। রিপুগণের ভীষণ শঙ্খনাদ ও সিংহনাদ শ্রবণে সমরোৎসাহ ভঙ্গ হইলেও আপনার পুত্রগণ একমাত্র সাহসের উপর নির্ভর করিয়া, এই ভয়ঙ্কর যুদ্ধক্ষেত্রে যুদ্ধাভিলাষে সমুপস্থিত রহিয়াছেন। তাঁহাদিগকে তদবস্থাপন্ন সন্দর্শন করিয়া গাণ্ডীব ধনু উত্তোলন পূর্ব্বক কপিধ্বজ অর্থাৎ কপিবর মহাবীর হনুমান কর্ত্তৃক ধ্বজরূপে অনুগৃহীত তৃতীয় পাণ্ডব অর্জ্জুন ভয়লেশ শূন্য হইয়া হৃষীকেশ অর্থাৎ সর্ব্বেন্দ্রিয় প্রেরক ভগবান্ শ্রীকৃষ্ণকে এই বাক্য বলিয়াছিলেন। সুবিবেচনা সহকৃত কার্য্যকারী আপনার বিপক্ষগণেরই নীতি-নৈপুণ্য ও ধর্ম্মপারতন্ত্র্য বশতঃ এই সমরে নিশ্চয় জয় হইবে, আর নীতি-ধর্ম্ম-পরাঙ্মুখ অবিমৃষ্যকারী আপনার পুত্রগণের জয়ের সম্ভাবনা কোথায়? "মহীপতে" এই সম্বোধনে ইহা সূচিত হইল॥ ২০॥

—०:):*:(:० —

অর্জ্জুন উবাচ।

সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত॥ ২১॥

অন্বয়।—অচ্যুত! উভয়োঃ সেনয়োঃ মধ্যে মে রথং স্থাপয়॥২১॥

প্রতিশব্দ।—নারায়ণ! দুই-পক্ষীয় সৈন্যদলের মধ্যে আমার রথ স্থাপন-কর॥ ২১॥

ব্যাখ্যা।—হে পরমপুরুষ! এই সমরোদ্যত শত্রু-ভাবাপন্ন উভয়-পক্ষীয় সেনা সমূহের মধ্যে আমার রথ রক্ষা কর॥ ২১॥

আনন্দগিরি।—তদেব গাণ্ডীবধন্বিনো বাক্যমনুক্রামতি সেনয়োরিতি। উভয়োরপি সেনয়োঃ সন্নিহিতয়োর্মধ্যে মদীয়ং রথং স্থাপয়েত্যর্জ্জুনেন সারথ্যে সর্ব্বেশ্বরো নিযুজ্যতে, কিং হি ভক্তানামশক্যং যদ্ভগবানপি তন্নিয়োগমনুতিষ্ঠতি। যুক্তং হি ভগবতো ভক্তপার-

বক্ষ্যং। অচ্যুতেতি সম্বোধনতয়া ভগবতঃ স্বরূপং ন কদাচিদপি প্রচ্যুতিং প্রাপ্নোতী-ত্যুচ্যতে ॥ ২১ ॥

শ্রীধর।—তদেব বাক্যমাহ সেনয়োরিত্যাদি ॥ ২১ ॥

বলদেব।—হৃষীকেশমিতি। হৃষীকেশং সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তকং কৃষ্ণং তদিদং বাক্যমুবাচেতি সর্ব্বেশ্বরো হরির্যেষাং নিয়োজ্যাস্তেষাং তদেকান্তভক্তানাং পাণ্ডবানাং বিজয়ে সন্দেহগন্ধোঽপি নেতি ভাবঃ। হে মহীপতে! ইতি ধৃতরাষ্ট্রসম্বোধনম্। অর্জ্জুনবাক্যমাহ সেনয়োরিতি। হে অচ্যুতেতি। স্বভাবসিদ্ধাদ্ভক্তবাৎসল্যাৎ পারমৈশ্বর্য্যাচ্চ ন চ্যবসে স্মেতি। তেন চ মিথ-স্থিতো ভক্তস্য মে বাক্যাৎ তত্র রথং স্থিতং কুরু নির্ভয়ঃ ॥ ২১ ॥

মধুসূদন।—তদেবার্জ্জুনবাক্যমবতারয়তি অর্জ্জুন উবাচ। সেনয়োরুভয়োঃ স্বপক্ষ-প্রতিপক্ষভূতয়োঃ সন্নিহিতয়োর্মধ্যে মম রথং স্থাপয় স্থিরীকুর্ব্বিতি। সর্ব্বেশ্বরো নিযুজ্যতে-ঽর্জ্জুনেন, কিং হি ভক্তানামশক্যং, যন্তগবানপি তন্নিয়োগমনুতিষ্ঠতীতি ধ্রুবো জয়ঃ পাণ্ডবানা-মিতি সূচয়তি। নম্বেবং রথং, স্থাপয়ন্তং মামেতে শত্রবো রথাৎ চ্যাবয়িষ্যন্তীতি ভগবদা-শঙ্কামাশঙ্ক্যাহ অচ্যুতেতি। দেশকালবস্তুভিরচ্যুতং ত্বাং কো বা চ্যাবয়িতুমর্হতীতি ভাবঃ। এতেন সর্ব্বদা নির্ব্বিকারত্বেন নিয়োগনিমিত্তো রোষোঽপি পরিহৃতঃ ॥ ২১ ॥

নীলকণ্ঠ।—হৃষীকেশং সর্ব্বেষামিন্দ্রিয়াণাং প্রবর্ত্তকত্বেন পরচিত্তাভিজ্ঞম্। বাক্যমেবাহ ন তু কঞ্চিদর্থমিতি দ্যোতনার্থং বাক্যং পদম্। বাক্যমেবাহ সেনয়োরিতি ॥ ২১ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুন বলিতেছেন, "হে অচ্যুত! আপনি স্বপক্ষ ও বিপক্ষ উভয় সৈন্যের মধ্যস্থলে আমার রথ স্থাপন করুন।" অর্জ্জুন এইরূপে সর্ব্বনিয়ন্তা সর্ব্বেশ্বর হরিকে রথস্থাপনার্থ আদেশ করিলেন। ভগবানের প্রেম-বশ্যত্ব অতি বিচিত্র! যখন ভক্তবৎসল ভগবানের নিকটে ভক্তগণের কোন বিষয়ই অসম্পন্ন থাকে না, অর্থাৎ ভক্তগণ যাহা ইচ্ছা করেন, ভক্ত-বাঞ্ছা-কল্পতরু হরি তাহাই সম্পন্ন করিয়া দেন, তখন নিজ ভৃত্য স্বরূপ অর্জ্জুনের আদেশ যে তিনি প্রতিপালন করিবেন ইহাতে আর আশ্চর্য্য কি? আর এতদ্দ্বারা ইহাও পরিব্যক্ত হইল যে, ত্রিকালদর্শী বৈকুণ্ঠপতি হরি স্বয়ং সারথি হইয়া যাহাদের পক্ষে প্রতিনিয়ত উত্তম মন্ত্রণা প্রদান করিতেছেন, সেই পাণ্ডব পক্ষেরই জয়লাভ হইবে নিশ্চয় জানিবেন। অসংখ্য শত্রুসৈন্য মধ্যে রথস্থাপন কালে যদি একাকী দেখিয়া ভগবানকে বিপক্ষগণ আক্রমণ করে; তাঁহার এই আশঙ্কা পরিহারার্থ অর্জ্জুন তাঁহাকে 'হে অচ্যুত'! বলিয়া সম্বোধন করিতেছেন; অর্থাৎ আপনি দেশ কাল ও বস্তুদ্বারা অবিকৃত, সুতরাং দেশকালাদি দ্বারা আপনার স্বরূপের অন্যথা হয় না। অতএব আপনাকে এ জগতে কে আক্রমণ করিবে? এতদ্দ্বারা ভগবানের সর্ব্বাজেয়ত্ব প্রকটিত হইতেছে ॥ ২১ ॥

যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে॥ ২২ ॥

অন্বয়।—যাবৎ অহং এতান্ যোদ্ধুকামান্ অবস্থিতান্ নিরীক্ষে অস্মিন্ রণসমুদ্যমে কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ॥ ২২ ॥

প্রতিশব্দ।—'যে-পর্য্যন্ত আমি এই-সকল যুদ্ধাভিলাষী অবস্থিত-গণকে নিরীক্ষণ-করি এই যুদ্ধোদ্যমে কাহাদিগের সহিত আমার যুদ্ধ-করিতে-হইবে ॥ ২২ ॥

ব্যাখ্যা।—এই সমরাঙ্গনে সমরার্থ দণ্ডায়মান বীরগণকে নিরীক্ষণ করিয়া যে পর্য্যন্ত কোন্ কোন্ ব্যক্তির সহিত আমায় যুদ্ধ করিতে হইবে, তাঁহা অবধারণ করিতে না পারি, ততক্ষণ পর্য্যন্ত (২১ দেখুন) হে নারায়ণ! উভয় সেনার মধ্যে আমার রথ স্থাপন করুন ॥ ২২ ॥

আনন্দগিরি।—মধ্যে রথং স্থাপয়েত্যুক্তং, তদেব রথস্থাপনস্থানং নির্দ্ধারয়তি যাবদিতি। এতান্ প্রতিপক্ষত্বেন প্রতিষ্ঠিতান্ ভীষ্মদ্রোণাদীনস্মাভিঃ সার্দ্ধং যোদ্ধুমপেক্ষাবতো যাবদগত্বা নিরীক্ষিতুমহং ক্ষমঃ স্যাং তাবতি প্রদেশে রথস্য স্থাপনং কর্ত্তব্যমিত্যর্থঃ। কিঞ্চ প্রবৃত্তে যুদ্ধপ্রারম্ভে বহবো রাজানোঽমুষ্যাং যুদ্ধভূমাবুপলভ্যন্তে তেষাং মধ্যে কৈঃ সহ ময়া যোদ্ধব্যং। ন হি কচিদপি মম গতিপ্রতিহতিরস্তি ইত্যাহ কৈর্ময়েতি ॥ ২২ ॥

শ্রীধর।—নম্ন ত্বং যোদ্ধা ন তু যুদ্ধপ্রেক্ষকস্তত্রাহ কৈর্ম্ময়েত্যাদি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যম্ ॥ ২২ ॥

বলদেব।—তত্র রথস্থাপনে ফলমাহ যাবদিতি। যোদ্ধুকামান্ ন তু সহাস্মাভিঃ সন্ধিং চিকীর্ষূন। অবস্থিতান্ ন তু ভীত্যা প্রচলিতান্। নম্ন ত্বং যোদ্ধা ন তু যুদ্ধপ্রেক্ষকস্তত্তদ্দর্শনেন কিমিতি চেৎ তত্রাহ কৈরিতি। অস্মিন্ বন্ধূনামেব মিথো রণোদ্যোগে কৈর্বন্ধুভিঃ সহ মম যুদ্ধং ভাবীত্যেতজ্জ্ঞানায়ৈব মধ্যে রথস্থাপনমিতি ॥ ২২ ॥

মধুসূদন।—মধ্যে রথস্থাপনপ্রয়োজনমাহ যাবদেতানিতি। যোদ্ধুকামান নত্বস্মাভিঃ সহ সন্ধিকামান্, অবস্থিতান্ ন তু ভয়াৎ প্রচলিতান্, এতান্ ভীষ্মদ্রোণাদীন্ যাবদহং নিরীক্ষিতুং ক্ষমঃ স্যাং তাবৎপ্রদেশে রথং স্থাপয়েত্যর্থঃ। যাবদিতি কালপরম্। ত্বমেব যোদ্ধা নতু যুদ্ধপ্রেক্ষকঃ অতস্তব কিমেষাং দর্শনেনেত্যত আহ কৈরিতি। অস্মিন্ রণসমুদ্যমে বন্ধূনামেব পরস্পরং যুদ্ধোদ্যোগে ময়া কৈঃ সহ যোদ্ধব্যং মৎকর্ত্তৃকযুদ্ধপ্রতিযোগিনঃ কে, কৈর্ময়া সহ যোদ্ধব্যং, কিংকর্ত্তৃকযুদ্ধপ্রতিযোগ্যহমিতি চ মহদিদং কৌতুকমেতৎ জ্ঞানমেব মধ্যে রথস্থাপনপ্রয়োজন-মিত্যর্থঃ ॥ ২২ ॥

নীলকণ্ঠ।—রথস্থাপনপ্রয়োজনমাহ যাবদিতি। কৈঃ সহ ময়া যোদ্ধব্যং ময়া সহ বা কৈর্যোদ্ধব্যমিত্যুভয়ত্র সহশব্দসম্বন্ধঃ, কে বা মাং জেতুং যতন্তে ময়া বা কে জেতব্যা ইত্যালোচনার্থমিত্যর্থঃ ॥ ২২ ॥

তাৎপর্য্য।—হে ভগবন্! পিতামহ ভীষ্ম প্রভৃতি মহাবীরগণ আমাদের সহিত এই সমরক্ষেত্রে যুদ্ধাভিলাষে অবস্থিতি করিতেছেন। ইঁহাদের অন্তরে যে সন্ধি বন্ধনের কোন অভিপ্রায় আছে, এরূপ বোধ হইতেছে না। এবং ইঁহারা সকলেই সমরদক্ষ ও যুদ্ধে নির্ভীক, সুতরাং এক্ষণে যুদ্ধ ভিন্ন অন্য কোন সম্ভাবনা নাই। অতএব আমি যেখানে থাকিয়া ইঁহাদিগকে উত্তমরূপ দর্শন করিতে পারি, আপনি আমার রথ সেইরূপ স্থানে স্থাপন করুন। যদি বলেন, তুমি এখানে যুদ্ধার্থ উপস্থিত হইয়াছ, যুদ্ধের যাহা কর্ত্তব্য তাহাই কর; ইঁহাদিগকে দর্শন করিয়া তোমার কি লাভ হইবে? এইরূপ কল্পিত প্রশ্নের উত্তরে অর্জ্জুন বলিতেছেন, বন্ধুগণের পরস্পর উপস্থিত যুদ্ধোদ্যোগে, আমি কাহাদের সহিত যুদ্ধ করিব এবং আমার সহিত বা কোন বীর যুদ্ধ করিবেন, ইহা জানিবার নিমিত্ত আমার অতিশয় ঔৎসুক্য জন্মিয়াছে। সেই জন্যই আমি সানুনয়ে প্রার্থনা করিতেছি যে, যুদ্ধার্থী উভয় পক্ষীয় সৈন্যের মধ্যে রথ স্থাপন করতঃ আমার কৌতূহল নিবারণ করিয়া আমাকে চরিতার্থ করুন ॥ ২২ ॥

—০:(*):০—

যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥ ২৩ ॥

অন্বয়।—অত্র যুদ্ধে দুর্ব্বুদ্ধেঃ ধার্ত্তরাষ্ট্রস্য প্রিয়চিকীর্ষবঃ যে এতে সমাগতাঃ (তান্) যোৎস্যমানান্ অহং অবেক্ষে ॥ ২৩ ॥

প্রতিশব্দ।—এই সমরে মন্দমতি ধৃতরাষ্ট্রতনয়ের হিতসাধনেচ্ছু, যে-সকল ইঁহারা সমুপস্থিত (সেই সকল) সমরোৎসুকদিগকে আমি দেখি ॥ ২৩ ॥

ব্যাখ্যা।—পাপপরায়ণ দুর্য্যোধনাদির হিত-সাধনাভিলাষী যুদ্ধার্থ যে সকল ব্যক্তি এই সমরক্ষেত্রে সমবেত হইয়াছেন, তাঁহাদের যতক্ষণ

না দেখি, ততক্ষণ (২১ দেখুন) হে নারায়ণ! আমার রথ উভয় সৈন্যের মধ্যে স্থাপন করুন ॥ ২৩ ॥

আনন্দগিরি।—প্রতিযোগিনামভাবে কথং তব যুদ্ধোৎসুক্যং ফলবত্তবেদিতি তত্রাহ যোৎস্যমানানিতি। যে কেচিদেতে রাজানো নানাদেশেভ্যোঽত্র কুরুক্ষেত্রে সমবেতাস্তানহং যোৎস্যমানান্ পরিগৃহীতপ্রহরণোপায়ানতিতরাং সংগ্রামসমুৎসুকানুপলভে. তেন প্রতিযোগিনাং বাহুল্যমিত্যর্থঃ। তেষামস্মাভিঃ সহ পূর্ব্ববৈরাভাবে কথং প্রতিযোগিত্বং প্রকল্প্যতে তত্রাহ ধার্ত্তরাষ্ট্রস্যেতি। ধৃতরাষ্ট্রপুত্রস্য দুর্য্যোধনস্য দুর্ব্বুদ্ধেঃ স্বরক্ষণোপায়মপ্রতিপদ্যমানস্য যুদ্ধায় সংরম্ভং কুর্ব্বতো যুদ্ধে যুদ্ধভূমৌ স্থিত্বা প্রিয়ং কর্ত্তুমিচ্ছবো রাজানঃ সমাগতাঃ দৃশ্যন্তে, তেন তেষামৌপাধিকমস্মৎপ্রতিযোগিত্বমুপপন্নমিত্যর্থঃ ॥ ২৪ ॥

শ্রীধর।—যোৎস্যমানানিতি। ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য প্রিয়ং কর্ত্তুমিচ্ছন্তো য ইহ সমাগতাস্তানহং দ্রক্ষ্যামি যাবৎ তাবদুভয়োঃ সেনয়োর্মধ্যে মে রথং স্থাপয়েত্যন্বয়ঃ ॥ ২৩ ॥

বলদেব।—নন্বু বন্ধুত্বাদেতে সন্ধিমেব বিধাস্যন্তীতি চেৎ তত্রাহ যোৎস্যমানানিতি। ন তু সন্ধিং বিধাস্যতঃ। অবেক্ষে প্রত্যেমি। দুর্ব্বুদ্ধেঃ কুধিয়ঃ স্বজীবনোপায়াননভিজ্ঞস্য। যুদ্ধে ন তু দুর্ব্বুদ্ধ্যাপনয়নে। অতো মদ্যুদ্ধপ্রতিযোগিনিরীক্ষণং যুক্তমিতি ॥ ২৩ ॥

মধুসূদন।—নন্বু বান্ধবা এব তে পরস্পরং সন্ধিং কারয়িষ্যন্তীতি কুতো যুদ্ধমিত্যাশঙ্ক্যাহ যোৎস্যমানানিতি। য এতে ভীষ্মদ্রোণাদয়ঃ ধার্ত্তরাষ্ট্রস্য দুর্য্যোধনস্য দুর্ব্বুদ্ধেঃ স্বরক্ষণোপায়মজানতঃ প্রিয়চিকীর্ষবো যুদ্ধে ন তু দুর্ব্বুদ্ধ্যাপনয়নাদৌ, তান্ যোৎস্যমানান্ অহমবেক্ষে উপলভে, নতু সন্ধিকামান্ অতো যুদ্ধায় তৎপ্রতিযোগ্যবলোকনমুচিতমেবেতিভাবঃ ॥ ২৩ ॥

নীলকণ্ঠ।—যোৎস্যমানান্ ন তু শান্তিকামান্ যতো দুর্ব্বুদ্ধেঃ প্রিয়ং চিকীর্ষন্তি, তেন তেষামপি তত্তুল্যত্বং সূচিতম্ ॥ ২৩ ॥

তাৎপর্য্য।—প্রতিদ্বন্দ্বী অভাবে তোমার এই সমরোৎসাহ কিরূপে সফল হইবে, এই আশঙ্কা পরিহারার্থ অর্জ্জুন বলিতেছেন, এই কুরুক্ষেত্রে নানা দেশ হইতে সমাগত রাজন্যগণ, অস্ত্র শস্ত্রাদি গ্রহণ করিয়া, অতিশয় সমরোৎসাহী হইয়াছেন। এই বীরবৃন্দ যুদ্ধ দ্বারা দুর্য্যোধনের হিতসাধনে অভিলাষী—রণভূমি পরিত্যাগ করিয়া পলায়ন পরায়ণ হইয়া, বা সন্ধি সংস্থাপন করিয়া যুদ্ধের নিবৃত্তি করিতে কাহারও বাসনা দেখিতেছি না। দুর্য্যোধন নিতান্ত দুর্ম্মতি—সে আত্মরক্ষার উপায় পর্য্যন্ত পরিজ্ঞাত নহে। তাদৃশ মোহান্ধ ও ভ্রমান্ধ দুর্য্যোধনকে যথাবিহিত সদুপদেশ দ্বারা তাহার ভ্রমাপনোদনে এই বীরবৃন্দের কাহারও প্রবৃত্তি দেখিতেছি না; অতএব ইহাঁরা যে প্রতিদ্বন্দ্বী স্বরূপে দণ্ডায়মান হইয়া শেষ পর্য্যন্ত যুদ্ধ করিবেন তাহার আর সন্দেহ নাই। সমরক্ষেত্রস্থ আমার এই প্রতিদ্বন্দ্বীদিগকে দর্শন করিতে আমি বিশেষ আগ্রহান্বিত হইয়াছি। যদি বলেন, ইহাদের সহিত

পূর্ব্বে কখনত তোমার শত্রুতা ভাব লক্ষ্য হয় নাই, তবে উপস্থিত রাজদিগকে এই যুদ্ধের প্রতিযোগি বলিয়া কিরূপে কল্পনা করিলে ? এই আশঙ্কা তিরোহিত করিবার অভিপ্রায়ে অর্জ্জুন বলিতেছেন, ইহাঁরা দুর্ব্বুদ্ধি ধৃতরাষ্ট্র পুত্র দুর্য্যোধনের প্রিয় কার্য্য সম্পন্ন করিতে অভিলাষী হইয়াছেন। পূর্ব্বে এই রাজগণের সহিত শত্রুতা না থাকিলেও, উপস্থিত রণে আমাদের চির-বৈরী দুর্য্যোধনের সহায়তা করিতেছেন বলিয়াই ইহাঁরা আমাদেরও শত্রু হইয়াছেন। অতএব পরস্পর কে কাহার সহিত যুদ্ধ করিবে, ইহা স্থির করিবার নিমিত্ত, অগ্রে যুদ্ধের প্রতিযোগি দর্শন করা অর্জ্জুনের যুক্তিযুক্তই হইয়াছে। এই জন্যই উভয় সৈন্যের মধ্যস্থলে রথ স্থাপনার্থ অর্জ্জুন শ্রীকৃষ্ণকে আদেশ করিয়াছিলেন ॥ ২৩ ॥

—০:(০:*:০):০—

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োর্মধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥ ২৪ ॥
ভীষ্মদ্রোণপ্রমুখতঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্ সমবেতান্ কুরূনিতি ॥ ২৫ ॥

অন্বয়।—সঞ্জয় উবাচ। ভারত ! গুড়াকেশেন * এবং উক্তঃ (সন্) হৃষীকেশঃ উভয়োঃ সেনয়োঃ মধ্যে সর্ব্বেষাং মহীক্ষিতাং চ ভীষ্ম-দ্রোণ-প্রমুখতঃ রথ-উত্তমং স্থাপয়িত্বা ইতি উবাচ পার্থ † এতান্ সমবেতান্ কুরূন্ ‡ পশ্য ॥ ২৪ । ২৫ ॥

* গুড়াকেশ।—গীতার কোন কোন ব্যাখ্যাতা বিশেষতঃ পূজ্যপাদ চক্রবর্ত্তী মহাশয় গুড়াকেশ পদের অন্যরূপ অর্থও গ্রহণ করিয়াছেন। যথা গুড়+অকেশ। গুড় মাধুর্য্যরস প্রকাশক অর্থাৎ ভগবৎ স্নেহ রসাস্বাদ প্রকাশক। অকেশ—অ বিষ্ণু, ক ব্রহ্মা, এবং ঈশ মহাদেব। অর্থাৎ বিষ্ণু, ব্রহ্মা ও মহাদেব যাঁহার সুখকে ভগবৎ প্রেমরসাস্বাদ পরিত্যক্ত করিয়াছেন তিনিই গুড়াকেশ।

† যদুবংশাবতংস শূর নামক রাজা বসুদেবের পিতা। শূর রাজার পৃথা নাম্নী পরমরূপবতী এক কন্যা জন্মিয়াছিল। শূররাজের পিতৃষস্রীয় পুত্র কুন্তীভোজ রাজা অনপত্য ছিলেন। শূর স্বকীয় প্রথম সন্তান কুন্তীভোজ রাজাকে দান করিতে প্রতিজ্ঞাবদ্ধ ছিলেন। তদনুসারে লাবণ্যময়ী পৃথাকে শূর রাজা কুন্তী-ভোজকে প্রদান করিলেন। তদবধি সেই সুন্দরী কুন্তী নামেও পরিচিতা হইলেন। কুন্তীদেবী শ্রীকৃষ্ণের পিতা বসুদেবের ভগ্নী, সুতরাং শ্রীকৃষ্ণের পিতৃষসা ছিলেন এবং তাঁহার গর্ভজাত পাণ্ডবেরা নারায়ণের পিতৃষস্-পুত্র ছিলেন।

‡ এস্থলে 'কুরু সমূহ' এই পদ দ্বারা কৌরব ও পাণ্ডব উভয়পক্ষীয় ব্যক্তিবর্গকে লক্ষ্য করা হইয়াছে।

প্রতিশব্দ।—সঞ্জয় বলিলেন। ভরতবংশাবতংস! জিতনিদ্র- কর্ত্তৃক নারায়ণ এইরূপ কথিত (হইয়া) দুই-পক্ষীয় সৈন্যের মধ্যে সকল ভূপতির ও ভীষ্ম-দ্রোণের সম্মুখে মহারথ রক্ষা-করিয়া এই বলিলেন, অর্জ্জুন! এই-সকল সম্মিলিত কুরুদিগকে দেখ ॥ ২৪। ২৫ ॥

ব্যাখ্যা।—অনন্তর ধৃতরাষ্ট্রকে সম্বোধন করিয়া সঞ্জয় বলিলেন, হে ভরতবংশাবতংস! অর্জ্জুন কর্ত্তৃক পূর্ব্বোক্তরূপে অনুরুদ্ধ হইয়া শ্রীকৃষ্ণ উভয় পক্ষীয় সেনার মধ্যস্থলে সমাগত রাজন্য ও ভীষ্মদ্রোণাদি বীর-বর্গের সম্মুখ ভাগে সেই দেবদত্ত মহারথ সংস্থাপন করিয়া কহিলেন, "হে ধনঞ্জয়! অতঃপর সমবেত কৌরবকুলকে দর্শন কর" ॥ ২৪। ২৫ ॥

আনন্দগিরি।—এবমর্জ্জুনেন প্রেরিতো ভগবানহিংসারূপং ধর্ম্মমাশ্রিত্য প্রায়শো যুদ্ধাৎ তং নিবর্ত্তয়িষ্যতীতি ধৃতরাষ্ট্রস্য মনীষাং দূষয়িষুঃ সঞ্জয়ো রাজানং প্রত্যুক্তবানিত্যাহ সঞ্জয় ইতি। ভগবতো হি ভূভারাপহারার্থং প্রবৃত্তস্যার্জ্জুনাভিপ্রায়প্রতিপত্তিদ্বারেণ স্বাভিসন্ধিং প্রতিলভমানস্য পরোক্তিমনুসৃত্য স্বাভিপ্রায়ানুকূলমনুষ্ঠানমাদর্শয়তি এবমিতি। ভীষ্মদ্রোণাদীনামন্যেষাঞ্চ রাজ্ঞামন্তিকে রথং স্থাপয়িত্বা ভগবান্ কিং কৃতবানিতি তদাহ উবাচেতি। এতানভ্যাসে বর্ত্তমানান্ কুরূন্ কুরুবংশপ্রসূতান্ ভবদ্ভিঃ সার্দ্ধং যুদ্ধার্থং সংগতান্ পশ্য, দৃষ্ট্বা চ যৈঃ সহাত্র যুযুৎসা তবোপাবর্ত্ততে তৈঃ সাকং যুদ্ধং কুরু, ন খলু তেষাং শস্ত্রাস্ত্রশিক্ষাবতাং মহীক্ষিতামুপেক্ষোপপদ্যতে, সারথ্যে তু ন মনঃ খেদনীয়মিত্যর্থঃ ॥ ২৪। ২৫ ॥

রামানুজ।—অথ ব্যবস্থিতানিত্যারভ্য ভীষ্মদ্রোণপ্রমুখত ইত্যন্তম্। অথ যুযুৎসুনবস্থিতান্ ধার্ত্তরাষ্ট্রান্ ভীষ্মদ্রোণপ্রমুখান্ বীক্ষ্য পাণ্ডুতনয়ো জ্ঞান-শক্তি-বলৈশ্বর্য্য-বীর্য্যতেজসাং নিধিং স্বসঙ্কল্পকৃতজগদুদয়-বিভবলয়লীলং হৃষীকেশং পরাপরনিখিললোকোত্তরবাহ্যসর্ব্বকারণানাং সর্ব্বপ্রকারনিয়মেনাবস্থিতং সমাশ্রিতবাৎসল্যবিবশতয়া স্বস্যারথ্যেঽবস্থিতং যুযুৎসূনেতান্ সমেতান্ যাবদহং নিরীক্ষে তাবদুভয়োঃ সেনয়োর্মধ্যে রথং স্থাপয়েতি তং জগাদ। তথাচোদিতস্তৎক্ষণাদেব ভীষ্ম-দ্রোণাদীনাং সর্ব্বেষামেব মহীক্ষিতাং প্রমুখে হৃষীকেশো যথোক্তমকরোৎ। ঈদৃগ্ ভবদীয়ানাং জয়স্থিতিরিতি চাবোচৎ ॥ ২৪। ২৫ ॥

শ্রীধর।—ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ এবমুক্ত ইত্যাদি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন জিতনিদ্রেণার্জ্জুনেন এবমুক্তঃ সন্, ভারত হে ধৃতরাষ্ট্র। ভীষ্মেতি। মহীক্ষিতাং রাজ্ঞাঞ্চ প্রমুখতঃ সম্মুখে রথং স্থাপয়িত্বা হে পার্থ এতান্ কুরূন্ পশ্যেতি শ্রীভগবানুবাচ ॥ ২৪। ২৫ ॥

বলদেব।—ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয়ঃ প্রাহ এবমিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশঃ, স্বসখশ্রীভগবদ্গুণলাবণ্যস্মৃতিনিবেশন বিজিতনিদ্রস্তৎপরমভক্তস্তেনার্জ্জুনেনৈব-

মুক্তঃ প্রবর্ত্তিতো হৃষীকেশস্তচ্চিত্তবৃত্ত্যভিজ্ঞো ভগবান্ সেনয়োর্ম্মধ্যে ভীষ্মদ্রোণয়োঃ সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাং ভূভুজাঞ্চ প্রমুখতঃ সম্মুখে রথোত্তমমগ্নিদত্তং রথং স্থাপয়িত্বোবাচ, হে পার্থ সমবেতানেতান্ কুরূন্ পশ্যেতি । পার্থহৃষীকেশশব্দাভ্যামিদং সূচ্যতে। মৎপিতৃস্বসৃপুত্রত্বাৎ ত্বৎসারথ্যমহং করিষ্যাম্যেব ত্বমধুনৈব যুযুৎসাং ত্যক্ষ্যসীতি কিং শত্রুসৈন্যবীক্ষণেনেতি সোপহাসো ভাবঃ ॥ ২৪ ॥ ২৫ ॥

মধুসূদন ।—এবমর্জ্জুনেন প্রেরিতো ভগবানহিংসারূপং ধর্ম্মমাশ্রিত্য প্রায়শো যুদ্ধান্নিবর্ত্তয়িষ্যতীতি ধৃতরাষ্ট্রাভিপ্রায়মাশঙ্ক্য তন্নিরাচিকীর্ষুঃ সঞ্জয়ো ধৃতরাষ্ট্রং প্রত্যুক্তবানিত্যাহ বৈশম্পায়নঃ । সঞ্জয় উবাচ । হে ভারত ধৃতরাষ্ট্র ! ভরতবংশমর্য্যাদামনুসন্ধায়াপি দ্রোহং পরিত্যজ জ্ঞাতীনামিতি সম্বোধনাভিপ্রায়ঃ । গুড়াকায়া নিদ্রায়া ঈশেন জিতনিদ্রতয়া সর্ব্বত্র সাবধানেনার্জ্জুনেনৈবমুক্তো ভগবানয়ং মস্তৃত্যোঽপি সারথ্যে মাং নিযোজয়তীতি দোষমাস্থাদ্য নাকুপ্যৎ, ন বা তং যুদ্ধান্নাবর্ত্তয়ৎ, কিন্তু সেনয়োরুভয়োর্ম্মধ্যে ভীষ্মদ্রোণ প্রমুখতস্তয়োঃ প্রমুখে সম্মুখে সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাং সম্মুখে (আদ্যাদিত্বাৎ সার্ব্ব বিভক্তিকস্তসিঃ) চকারেণ সমাসনিবিষ্টোঽপি প্রমুখতঃ শব্দ আকৃষ্যতে। ভীষ্মদ্রোণয়োঃ পৃথক্কীর্ত্তনমতিপ্রাধান্যসূচনায়, রথোত্তমমগ্নিনা দত্তং দিব্যং রথং ভগবতা স্বয়মেব সারথ্যেনাধিষ্ঠিততয়া চ সর্ব্বোত্তমং, স্থাপয়িত্বা হৃষীকেশঃ সর্ব্বেষাং নিগূঢ়াভিপ্রায়জ্ঞো ভগবানর্জ্জুনস্য শোকমোহাবুপস্থিতাবিতি বিজ্ঞায় সোপহাসমর্জ্জুনমুবাচ, হে পার্থ ! পৃথায়াঃ স্ত্রীস্বভাবেন শোকমোহগ্রস্ততয়া তৎসম্বন্ধিনস্তবাপি তদ্বত্তা সমুপস্থিতেতি সূচয়ন্ হৃষীকেশত্বমাত্মনো দর্শয়তি । পৃথা মম পিতুঃ স্বসা তস্যাঃ পুত্রোঽসীতি সম্বন্ধোল্লেখেন চাশ্বাসয়তি, মম সারথ্যে নিশ্চিন্তো ভূত্বা সর্ব্বানপি সমবেতান্ কুরূন্ যুযুৎসূন্ পশ্য, নিঃশঙ্কতয়েতি দর্শন বিধ্যভিপ্রায়ঃ । অহং সারথ্যেঽতিসাবধানঃ ত্বন্তু সাম্প্রতমেব পার্থত্বং ত্যক্ষ্যসীতি, কিং তব পরসেনাদর্শনেনেত্যর্জ্জুনস্য ধৈর্য্যমাপাদয়িতুং তাবন্মাত্রং তাবৎপর্য্যন্তং ভগবতো বাক্যং. অন্যথা রথং সেনয়োর্ম্মধ্যে স্থাপয়ামাসেত্যেবং ব্রূয়াৎ ॥ ২৪ । ২৫ ॥

নীলকণ্ঠ ।——রথোত্তমং স্থাপয়িত্বা উবাচেতি দ্বয়োঃ সম্বন্ধঃ । মহীক্ষিতাং পৃথ্বীশ্বরাণাম্ ॥ ২৪ । ২৫ ॥

বিশ্বনাথ ।—হৃষীকেশঃ সর্ব্বেন্দ্রিয়নিয়ন্তাপি এবমুক্তঃ অর্জ্জুনেনাদিষ্টঃ, অর্জ্জুনেন বাগিন্দ্রিয়মাত্রেণাপি নিয়ম্যোঽভূদিতি, অহো প্রেমবশ্যত্বং ভগবত ইতি ভাবঃ । গুড়াকেশেন গুড়া যথা মাধুর্য্যমাত্রপ্রকাশকাস্তথা স্বীয়স্নেহরসাস্বাদপ্রকাশকাঃ অকেশা বিষ্ণু-ব্রহ্ম-শিবা. যস্য তেন, অকারো বিষ্ণুঃ, কো ব্রহ্মা, ঈশো মহাদেবঃ । যত্র সর্ব্বাবতারচূড়ামণীন্দ্রঃ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ এব প্রেমাধীনঃ সন্ আজ্ঞানুবর্ত্তী বভূব, তত্র গুণাবতারত্বাৎ তদংশা বিষ্ণু-ব্রহ্ম-রুদ্রাঃ কথমৈশ্বর্য্যং প্রকাশয়ন্তু কিন্তু স্বকর্ত্তৃক স্নেহরসং প্রকাশ্যৈব স্বং স্বং কৃতার্থং মন্যন্ত ইত্যর্থঃ । যদুক্তং শ্রীভগবতা পরমব্যোমনাথেনাপি " দ্বিজাত্মজা মে যুবয়োর্দিদৃক্ষুণা" ইতি । যদ্বা গুড়াকা নিদ্রা তস্যা ঈশেন জিতনিদ্রেণেত্যর্থঃ । অত্রাপি ব্যাখ্যায়াং

সাক্ষান্মায়ায়া অপি নিয়ন্তা যঃ শ্রীকৃষ্ণঃ স চাপি যেন প্রেম্না বিজিত্য বশীকৃতঃ তেনার্জ্জুনেন মায়াবৃত্তির্নিদ্রা বরাকী জিতেতি কিং চিত্রমিতি ভাবঃ। ভীষ্মদ্রোণয়োঃ প্রমুখতঃ প্রমুখে সম্মুখে সর্ব্বেষাং মহীক্ষিতাং রাজ্ঞাঞ্চ। প্রমুখত ইতি সমাসপ্রবিষ্টোঽপি প্রমুখতঃ শব্দ আকৃষ্যতে॥ ২১। ২২। ২৩। ২৪। ২৫॥

তাৎপর্য্য।—এরূপে অর্জ্জুন কর্ত্তৃক প্রেরিত ভগবান্ শ্রীকৃষ্ণ অহিংসা ধর্ম্ম অবলম্বন করিয়া অর্জ্জুনকে যুদ্ধ হইতে নিবৃত্তি করিলেও করিতে পারেন, পুত্র-স্নেহ পরবশ ধৃতরাষ্ট্রের এই আশা দূরীকরণাভিপ্রায়ে সঞ্জয় বলিতেছেন, "হে ভরত কুলজাত ধৃতরাষ্ট্র! তুমি ভরতবংশ মহিমা সর্ব্বদা স্মরণ করিয়া জ্ঞাতি-গণের সহিত দ্রোহাচরণ পরিত্যাগ কর। "ভারত" এই সম্বোধন দ্বারা ইহা সূচিত হইল। (গুড়াকা শব্দে নিদ্রা তাহার ঈশ্বর অর্থাৎ জিতনিদ্র) অর্জ্জুন কার্য্যকালে নিদ্রিত কিংবা বিমুগ্ধ নহেন, তিনি অতিশয় সাবধান হইয়া কার্য্য করেন; এজন্য লোকে তাঁহাকে "গুড়াকেশ" বলিয়া নির্দ্দেশ করে। মায়ার নিয়ন্তা ভগবান্ শ্রীকৃষ্ণকে যিনি প্রেমদ্বারা বশীভূত করিয়াছেন, সেই অর্জ্জুন মায়া বৃত্তিরূপা বরাকী নিদ্রাকে যে বশীভূত করিবেন তাহাতে আর আশ্চর্য্য কি? অর্জ্জুন কর্ত্তৃক এরূপ আদিষ্ট ভগবান্, 'আমার ভৃত্য আমাকে সারথ্য কার্য্যে নিযুক্ত করিতেছে' এই দোষ গ্রহণ করিয়া তাঁহার প্রতি কোপ করি-লেন না, কিংবা যুদ্ধ হইতে তাঁহাকে নিবৃত্তও করিলেন না; বরং তাঁহার আদেশ গ্রহণ করিয়া ভীষ্ম দ্রোণাদির সম্মুখে দিব্য রথ স্থাপন পূর্ব্বক বলিলেন, 'হে পার্থ! তুমি ইচ্ছামত সকলকে দর্শন কর।' ভীষ্ম ও দ্রোণ এই দুইজনের মাত্র নাম গ্রহণ করায়, সর্ব্ব সৈন্যাপেক্ষা এতদুভয়ের শ্রেষ্ঠত্ব প্রতীতি হইল। "হৃষীকেশ" অর্থাৎ সকলের গূঢ়াভিপ্রায়াভিজ্ঞ ভগবান্ শ্রীকৃষ্ণ, ভীষ্মাদি বন্ধু-দিগকে দর্শনে অর্জ্জুনের শোক ও মোহ উপস্থিত হইয়াছে, ইহা জ্ঞাত হইয়া তদীয় মাতৃ নামদ্বারা উপহাস পূর্ব্বক তাঁহাকে সম্বোধন করিয়া বলিতেছেন, 'হে পার্থ!' হে পৃথা সুত! অর্থাৎ কুন্তী যিনি স্ত্রী স্বভাব বশতঃ শোক মোহ-গ্রস্তা তুমি তাঁহারই পুত্র, সুতরাং এই সম্মুখ সংগ্রামে বন্ধু বান্ধবদিগকে দর্শন করিয়া তোমারও শোক-মোহ উপস্থিত হইয়াছে। ইহাই পার্থ এই সম্বোধনের তাৎপর্য্য। পক্ষান্তরে পৃথা আমার পিতৃস্বসা, তুমি তাঁহার পুত্র, এই সম্বন্ধ উল্লেখ পূর্ব্বক সম্বোধন করিয়া আশ্বাস প্রদান করিতেছেন। 'আমি সাবধানে সারথ্য কার্য্যে নিযুক্ত আছি; হে মদীয় পিতৃস্বসা পুত্র! তুমি এই সমর-ক্ষেত্রে নিশ্চিন্ত হইয়া বীরদিগকে দর্শন কর।' অর্থাৎ 'আমি

সারথি রূপে বর্ত্তমান থাকিতে এই ঘোরতর সংগ্রাম ক্ষেত্রে তোমার কোন বিপদের সম্ভাবনা নাই জানিবে ॥ ২৪ । ২৫ ॥

—০:(:*:):০—

তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্মাতুলান্ভ্রাতৄন্পুত্রান্পৌত্রান্সখীংস্তথা।
শ্বশুরান্ সুহৃদশ্চৈব সেনয়োরুভয়োরপি ॥ ২৬ ॥

অন্বয়।—পার্থঃ তত্র উভয়োঃ সেনয়োঃ অপি স্থিতান্ পিতৄন্ অথ পিতামহান্ আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্ পুত্রান্ পৌত্রান্ তথা সখীন্ * শ্বশুরান্ চ সুহৃদঃ এব অপশ্যৎ † ॥ ২৬ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন সেই-স্থানে উভয় সেনার-ই বিদ্যমান্ পিতৃব্য সকল ও পিতামহগণ আচার্য্যসমূহ মাতুলবৃন্দ ভ্রাতৃবর্গ পুত্রসকল পৌত্রসমূহ ও সখাগণ শ্বশুরসকল এবং বন্ধুসমূহকে দেখিলেন ॥ ২৬ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুন সেই সমরোদ্যত যোদ্ধৃবর্গ মধ্যে পিতৃপর্য্যায়স্থ ব্যক্তিগণ, পিতামহ, আচার্য্য, মাতুল, ভ্রাতা, পুত্রস্থানীয় কুমার, সখা, শ্বশুর এবং সুহৃদ্ সমূহ দর্শন করিলেন ॥ ২৬ ॥

আনন্দগিরি।—এবং স্থিতে মহানধর্ম্মো হিংসেতি বিপরীতবুদ্ধ্যা যুদ্ধাদুপরিরংসা পার্থস্ত সম্প্রবৃত্তেতি কথয়তি অত্রেত্যাদিনা। সপ্তম্যা ভগবদভ্যনুজ্ঞানে সমরসমারম্ভায় সম্প্রবৃত্তে সতীত্যেতদুচ্যতে সেনয়োরুভয়োরপি স্থিতান্ পার্থোঽপশ্যদিতি সম্বন্ধঃ। অথশব্দস্তথাশব্দপর্য্যায়ঃ, শ্বশুরাঃ ভার্য্যাণাং জনয়িতারঃ, সুহৃদো মিত্রাণি কৃতবর্ম্মপ্রভৃতয়ঃ

---

* সখা—সুহৃৎ। সখা ও সুহৃদ্ শব্দের অর্থ ও ভাবগত বিশেষ বিভিন্নতা আছে। উভয় শব্দের ব্যুৎপত্তি আলোচনা করিলে তাহা অনুমিত হইবে। সমানঃ খ্যায়তে জনৈঃ নাম্নীতি ডিঃ মনীষাদিত্বাৎ খ্যাতের্যলোপঃ সমানস্য সভাবশ্চ সখ্যুস্ত্যামিতি সের্ডা। অমরটীকায়াং ভরতঃ। সু শুভং উত্তমং বা হৃৎ হৃদয়ং যস্য; চিত্তন্তু চেতো হৃদয়ং স্বান্তং হৃন্মানসং মনঃ ইত্যমরঃ শুভং হিতং হৃদয়ং যস্য সঃ। সমান প্রকৃতি বিশিষ্ট আত্মীয় সখা এবং শুভানুধ্যায়ী আত্মীয় সুহৃদ।

† অর্জ্জুন এস্থলে যে সকল সম্পর্কিত লোকের উল্লেখ করিতেছেন তন্মধ্যে অধিকাংশই পিতৃবদ্গুরু। যথা; উপাধ্যায়ঃ পিতা জ্যেষ্ঠো ভ্রাতা চৈব মহীপতিঃ। মাতুলঃ শ্বশুরস্ত্রাতা মাতামহ, পিতামহৌ। বন্ধু, জ্যেষ্ঠ-পিতৃব্যশ্চ পুংস্যেতে গুরবঃ স্মৃতাঃ। ইতি কৌর্ম্মে উপবিভাগে ১১ অধ্যায়ঃ ॥

☞ পাঠান্তর—অত্রাপশ্যৎ

শ্রীধর।—ততঃ কিংবৃত্তমিত্যাহ তত্রেত্যাদি। পিতৄন্ পিতৃব্যানিত্যর্থঃ। পুত্রান্ পৌত্রানিতি দুর্য্যোধনাদীনাং যে পুত্রাঃ পৌত্রাশ্চ তানিত্যর্থঃ। সখীন্ মিত্রাণি, সুহৃদঃ কৃতোপকারাংশ্চ অপশ্যৎ॥ ২৬॥

বলদেব।—এবং ভগবতোক্তোঽর্জ্জুনঃ পরসেনামপশ্যদিত্যাহ তত্রেতি সার্দ্ধকেন। তত্র পরসেনায়াং, পিতৄন্ পিতৃব্যান্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্, পিতামহান্ ভীষ্ম-সোমদত্তাদীন্, আচার্য্যান্ দ্রোণ-কৃপাদীন্, মাতুলান্ শল্য-শকুন্যাদীন্, ভ্রাতৄন্ দুর্য্যোধনাদীন্, পুত্রান্ লক্ষ্মণাদীন্, পৌত্রান্ নপ্তৄন্ লক্ষ্মণাদিপুত্রান্, সখীন্ বয়স্যান্ দ্রৌণি-সৈন্ধবাদীন্, সুহৃদঃ কৃতবর্ম্ম-ভগদত্তাদীন্। এবং স্বসৈন্যেঽপ্যুপলক্ষণীয়ম্ উভয়োরপি সেনয়োরবস্থিতান্ তান্ সর্ব্বান্ বন্ধূন্ সমীক্ষ্যেত্যন্বয়াৎ॥ ২৬॥

মধুসূদন।—তত্র সমরসমারম্ভার্থং সৈন্যদর্শনে ভগবতাভ্যনুজ্ঞাতে সতি সেনয়োরুভয়োরপি স্থিতান্ পার্থোঽপশ্যদিত্যন্বয়ঃ। অথশব্দস্তথাশব্দপর্য্যায়ঃ। পরসেনায়াং পিতৄন্ পিতৃব্যান্ ভূরিশ্রবঃপ্রভৃতীন্, পিতামহান্ ভীষ্ম-সোমদত্তপ্রভৃতীন্, আচার্য্যান্ দ্রোণ-কৃপপ্রভৃতীন্, মাতুলান্ শল্য-শকুনিপ্রভৃতীন্ ভ্রাতৄন্ দুর্য্যোধনপ্রভৃতীন্, পুত্রান্ লক্ষণপ্রভৃতীন্, পৌত্রান্ লক্ষ্মণাদিপুত্রান্, সখীন্ অশ্বত্থাম-জয়দ্রথপ্রভৃতীন্ বয়স্যান্, সুহৃদো মিত্রাণি কৃতবর্ম্ম-ভগদত্তপ্রভৃতীন্। সুহৃদ ইত্যনেন যাবন্তঃ কৃতোপকারা মাতামহাদয়শ্চ তে দ্রষ্টব্যাঃ। এবং স্বসেনায়ামপ্যুপলক্ষণীয়ম্॥ ২৬॥

নীলকণ্ঠ।—তত্রেতি। পিতৄন্ পিতৃব্যাদীন্, ভূরিশ্রবঃপ্রভৃতীন্, পিতামহান্ ভীষ্মাদীন্, মাতুলান্ শল্যাদীন্, ভ্রাতৄন্ দুর্যোধদীন্, পুত্রান্ লক্ষণাদীন্, পৌত্রান্ লক্ষণাদিপুত্রান্, সখীন্ অশ্বত্থামাদীন্ সুহৃদঃ কৃতবর্ম্মাদীন্॥ ২৬॥

তাৎপর্য্য।—উভয় সৈন্য মধ্যে বন্ধু-বান্ধবগণই যুদ্ধাভিলাষে দণ্ডায়মান রহিয়াছেন দেখিয়া, অর্জ্জুনের মানসিক বৈরনির্য্যাতন প্রবৃত্তি শিথিল হইয়া ক্রমশঃ তাঁহার সাত্ত্বিক ভাব অতিশয় প্রবল হইয়া উঠিল। তিনি আর ধার্ত্তরাষ্ট্র পুত্রদিগকে শত্রু বলিয়া বিবেচনা করিতে পারিলেন না। তখন অর্জ্জুন উভয় দিকে দৃষ্টি করিয়া দেখিলেন, এক পক্ষে পিতৃব্য ভূরিশ্রবা প্রভৃতি, পিতামহ ভীষ্ম-সোমদত্ত প্রভৃতি, আচার্য্য দ্রোণ ও কৃপ প্রভৃতি, মাতুল শল্য-শকুনি প্রভৃতি, ভ্রাতা দুর্য্যোধন প্রভৃতি, পুত্র দুর্য্যোধনাদির পুত্র লক্ষ্মণ প্রভৃতি, পৌত্র লক্ষণাদির পুত্র, সখা অশ্বত্থামা ও জয়দ্রথ প্রভৃতি, এবং নিজ পক্ষেও উল্লিখিতরূপ সম্বন্ধ বিশিষ্ট আত্মীয়গণ, ইহাঁরা সকলেই প্রাণের মায়া উপেক্ষা করিয়া এই ঘোরতর সংগ্রামে উপস্থিত হইয়াছেন। "সুহৃদ্" শব্দ দ্বারা যাহারা কৃতোপকারী, এবং মাতামহ প্রভৃতি স্বজনগণও প্রতিপন্ন হইতেছে॥ ২৬॥

তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টো বিষীদন্নিদমব্রবীৎ ॥ ২৭ ॥

অন্বয়।—সঃ কৌন্তেয়ঃ অবস্থিতান্ তান্ সর্ব্বান্ বন্ধূন্ * সমীক্ষ্য পরয়া কৃপয়া আবিষ্টঃ বিষীদন্ ইদং অব্রবীৎ ॥ ২৭ ॥

প্রতিশব্দ।—সেই অর্জ্জুন অবস্থিত সেই সকল সুহৃদ্গণকে দর্শন-করিয়া অতিশয়-দয়া-পরবশ-হইয়া দুঃখ-করিতে-করিতে ইহা বলিলেন ॥ ২৭ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুন সৈন্যমণ্ডলীর মধ্যে নানাপ্রকার সম্বন্ধযুক্ত আত্মীয়, কুটুম্ব ও সুহৃদবর্গকে সন্দর্শন করিয়া দয়ার্দ্র চিত্ত হইলেন এবং শোক সহকারে বলিলেন ॥ ২৭ ॥

আনন্দগিরি।—সেনাদ্বয়ে ব্যবস্থিতান্ যথোক্তান্ পিতৃপিতামহাদীনালোক্য পুরিম-কৃপাপরবশঃ সন্নর্জ্জুনো ভগবন্তমুক্তবানিত্যাহ তানিতি। বিষীদন্ যথোক্তানাং পিত্রাদীনাং হিংসাসংরম্ভনিবন্ধনং বিষাদমুপতাপং কুর্ব্বন্নিত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীধর।—ততঃ কিং কৃতবান্ ইত্যাহ তানিতি। সেনয়োরুভয়োরেবং সমীক্ষ্য কৃপয়া মহত্যা আবিষ্টো গৃহীতো বিষণ্ণঃ সন্ ইদমর্জ্জুনোঽব্রবীৎ। ইত্যুত্তরস্যার্দ্ধশ্লোকবাক্যার্থঃ। আবিষ্টোব্যাপ্তঃ ॥ ২৭ ॥

বলদেব।—অথ সর্ব্বেশ্বরো দয়ালুঃ কৃষ্ণঃ সপরিকরাত্মোপদেশেন বিশ্বমুদ্দিধীর্ষুরর্জ্জুনং শিষ্যং কর্ত্তুং তৎসধর্ম্মেঽপি যুদ্ধে "ন হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি শ্রুত্যর্থাভাসেনাধর্ম্মতামাভাস্য তং সমোহং কৃতবানিত্যাহ তান্ সমীক্ষ্যেতি। কৌন্তেয় ইতি স্বায়পিতৃস্বসৃপুত্রত্বোক্ত্যা তদ্ধর্ম্মৌ মোহশোকৌ তদা তস্য ব্যজ্যেতে। কৃপয়া কর্ত্র্যা ইত্যুক্তেঃ স্বভাবসিদ্ধাস্য কৃপেতি স্মোত্যতে, অতঃ পরয়েতি তদ্বিশেষণম্। অপরয়েতি বা চ্ছেদঃ। স্বসৈন্যে পূর্ব্বমপি কৃপাস্তি, পরসৈন্যে ত্বপরাপি সাভূদিত্যর্থঃ। বিষীদন্নুতাপং বিন্দন্। অত্রোক্তিবিষাদ-য়োরেককালাদুক্তিকালে বিষাদকার্য্যাণ্যশ্রুকম্পসন্নকণ্ঠতাদীনি ব্যজ্যন্তে ॥ ২৭ ॥

মধুসূদন।—এবং স্থিতে মহানধর্ম্মো হিংসেতি বিপরীতবুদ্ধ্যা মোহাখ্যয়া শাস্ত্রবিহিত ত্বেনাধর্ম্মত্বমিতি জ্ঞানপ্রতিবন্ধকেন চ মমতানিবন্ধনেন চিত্তবৈকল্যেন শোকাখ্যেনাভিভূত-বিবেকস্যার্জ্জুনস্য পূর্ব্বমারব্ধাদ্যুদ্ধাখ্যাৎ স্বধর্ম্মাদুপরিরংসা মহানর্থপর্য্যবসায়িনী বৃত্তেতি

* সগোত্র বান্ধব-বন্ধু জ্ঞাতি-স্বজনাঃ সমাঃ ইত্যমরঃ। জ্ঞাতি ও কুটুম্বের ইদানীং যেরূপ অর্থগত বিভিন্নতা ঘটিয়াছে, পূর্ব্বকালে সেরূপ ছিল না। জ্ঞাতি শব্দ কুটুম্ববাচকও ছিল। সুতরাং একমাত্র বন্ধু শব্দে পূর্ব্বোক্ত সর্ব্বপ্রকার আত্মীয়ই বুঝাইতেছে।

দর্শয়তি। কৌন্তেয় ইতি স্ত্রীপ্রভবত্বকীর্ত্তনং, পার্থবদসাত্ত্বিক মৃঢ়তামপেক্ষ্য কৃপয়া কর্ত্র্যা স্বব্যাপারেণৈবাবিষ্টো ব্যাপ্তো' ন তু কৃপাং কেনচিদ্ব্যাপারেণাবিষ্ট ইতি স্বতঃ সিদ্ধৈবাস্ত কৃপেতি সূচ্যতে, এতৎ প্রকটীকরণায় পরয়েতি ব্যবচ্ছেদঃ। স্বসৈন্যে পুরাপি কৃপাভূদেব তস্মিন্ সময়ে তু কৌরবসৈন্যেঽপ্যপরা কৃপাভূদিত্যর্থঃ। বিষীদন্ বিষাদমুপতাপং প্রাপ্নুবন্ অব্রবীদিত্যুক্তি-বিষাদয়োঃ সমকালতাং বদন্ সগদ্গদকণ্ঠতাশ্রুপাতাদিবিষাদকার্য্যমুক্তিকালে দ্যোতয়তি ॥ ২৭ ॥

বিশ্বনাথ।—দুর্য্যোধনাদীনাং যে পুত্রাঃ পৌত্রাশ্চ তান্ ॥ ২৬। ২৭ ॥

তাৎপর্য্য।—পিতৃব্য, পিতামহ, আচার্য্যাদি পরম আত্মীয় ও অন্যান্য সুহৃদ্গণকে দর্শন করিয়া অর্জ্জুনের হৃদয় অতিশয় বিষণ্ণ ও কাতর হইয়া উঠিল। এই মহাযুদ্ধে প্রবৃত্ত হইলে নিশিত শায়কাদি অস্ত্র দ্বারা এই সকল পরমাত্মীয় ব্যক্তির কলেবর বিদ্ধ করিতে হইবে এবং তাঁহাদিগকে জীবন বিহীন করিতে হইবে, এই কথা মনে মনে আলোচনা করিয়া এবং তাদৃশ হৃদয়বিদারক দুর্ঘটনার পরিণাম সমূহ স্মরণ করিয়া জ্ঞানবান্ ও সহৃদয় অর্জ্জুনের অন্তঃকরণ মথিতপ্রায় হইল। বীরকুলচূড়ামণি অর্জ্জুন অধুনা স্ত্রীজনোচিত কোমল হৃদয় হইয়াছেন বলিয়া তাঁহার মাতৃনামের পরিচয়ে তাঁহাকে এ স্থলে 'কৌন্তেয়' বলিয়া উল্লেখ করা হইল।

পরমদয়াপ্রবণ বিশ্বেশ্বর শ্রীকৃষ্ণ অমৃতকল্প উপদেশ দ্বারা বিশ্ব সংসার উদ্ধার করিবার অভিপ্রায়ে যে পরম শাস্ত্র ব্যাখ্যা করিবেন মনস্থ করিয়াছেন, তাহার নিমিত্ত অর্জ্জুনের ন্যায় সর্ব্বগুণান্বিত শিষ্যের প্রয়োজন। এই জন্য ভগবান্ কৃত কৌশলেই অর্জ্জুনের অধুনা এই সম্মোহ উপস্থিত হইল এবং আত্মীয় হননাভিপ্রায়ে সমরক্ষেত্রে উপস্থিত হইয়াও সম্প্রতি তাঁহার বিষম চিত্তবৈক্লব্য জন্মিল।

কেহ কেহ "অপরয়া কৃপয়া" এরূপ ছেদ করেন। স্বপক্ষীয় সৈন্যের প্রতি পূর্ব্ব হইতেই যথেষ্ট কৃপা ছিল, এক্ষণে অপর পক্ষীয় সৈন্যের প্রতি অর্জ্জুনের হৃদয়ে কৃপার আবির্ভাব হইল, ইহাই এরূপ অন্বয়ের ভাব ॥ ২৭ ॥

অর্জ্জুন উবাচ।

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি মুখঞ্চ পরিশুষ্যতি ॥ ২৮ ॥

অন্বয়।—অর্জ্জুন উবাচ। কৃষ্ণ * যুযুৎসূন্ ইমান্ স্বজনান্ সমবস্থিতান্ দৃষ্ট্বা মম গাত্রাণি সীদন্তি মুখং চ পরিশুষ্যতি ॥ ২৮ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন বলিলেন। ভগবন্! যুদ্ধাভিলাষী এই আত্মীয়সকলকে সমবেত দেখিয়া আমার অঙ্গ সকল অবসন্ন-হইতেছে মুখও বিশুষ্ক-হইতেছে ॥ ২৮ ॥

ব্যাখ্যা।—হে নারায়ণ! সম্মুখবর্ত্তী সমরক্ষেত্র মধ্যে এই সকল আত্মীয়বর্গকে দর্শন করিয়া আমার অঙ্গ প্রত্যঙ্গাদি অবসন্ন এবং মুখ পরিশুষ্ক হইতেছে ॥ ২৮ ॥

আনন্দগিরি।—তদেবেদং শব্দবাচ্যং বচনমুদাহরতি দৃষ্ট্বেতি। আত্মীয়ং বন্ধুবর্গং যুদ্ধেচ্ছয়া যুদ্ধভূমাবুপস্থিতমুপলভ্য শোকপ্রবৃত্তিং দর্শয়তি সীদন্তীতি। দেবাংশস্যৈবার্জ্জুনস্যানাত্মবিদঃ স্বপরদেহেষ্বাত্মাত্মীয়াভিমানবতস্তৎপ্রিয়স্য যুদ্ধারম্ভে তন্মৃত্যুপ্রসঙ্গদর্শিনঃ শোকো মহানাসীদিত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীধর।—কিমব্রবীদিত্যপেক্ষায়ামাহ দৃষ্ট্বেমা নিত্যাদি যাবদধ্যায়সমাপ্তিম্। হে কৃষ্ণ যোদ্ধুমিচ্ছতঃ পুরতঃ সম্যগবস্থিতান্ স্বজনান্ বন্ধুজনান্ দৃষ্ট্বা মদীয়ানি গাত্রাণি করচরণাদীনি সীদন্তি বিশীর্য্যন্তে ॥ ২৮ ॥

বলদেব।—কৌন্তেয়ঃ শোকব্যাকুলং যদাহ তদনুবদতি দৃষ্ট্বেমমিতি। স্বজনং স্ববন্ধুবর্গং (জাতাবেকবচনং)। "সগোত্রবান্ধবজ্ঞাতিবন্ধুস্বস্বজনাঃ সমাঃ" ইত্যমরঃ। দৃষ্ট্বাবস্থিতস্য মম গাত্রাণি করচরণাদীনি সীদন্তি শীর্য্যন্তে। পরিশুষ্যতীতি শ্রমাদিহেতুকাচ্ছোষাদতিশয়িতৃমস্য শোষস্য ব্যজ্যতে ॥ ২৮ ॥

মধুসূদন।—তদেব ভগবন্তং প্রত্যর্জ্জুনবাক্যমবতারয়তি সঞ্জয়ো অর্জ্জুন উবাচেত্যাদিনা। "এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে" ইত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন। তত্র স্বধর্ম্মপ্রবৃত্তিকারণীভূততত্ত্বজ্ঞানপ্রতিবন্ধকঃ স্বপরদেহ আত্মাত্মীয়াভিমানবতোঽনাত্মবিদোঽর্জ্জুনস্য যুদ্ধেন স্বপরদেহবিনাশপ্রসঙ্গদর্শিনঃ শোকো মহানাসীদিতি তল্লিঙ্গকথনেন দর্শয়তি ত্রিভিঃ। অর্জ্জুন উবাচ। ইমং স্বজনং আত্মীয়ং বন্ধুবর্গং যুযুৎসুং যুদ্ধভূমৌ চোপস্থিতং দৃষ্ট্বা স্থিতস্য মম পশ্যতো মমেত্যর্থঃ। গাত্রানি অঙ্গানি সীদন্তি মুখঞ্চ পরিশুষ্যতি, পরিশ্রমাদিনিমিত্তশোষাপেক্ষয়াতিশয়কথনায় সর্ব্বতোভাববাচিপরিশব্দপ্রয়োগঃ ॥ ২৮ ॥

---

* পদ্মপুরাণের 'কৃষ্ণ' এই নামের অর্থ নির্ণয় উপলক্ষে শ্রীমৎ শ্রীধর স্বামী লিখিয়াছেন, "কৃষির্ভূবাচকঃ শব্দো নশ্চ নির্বৃতিবাচকঃ। তয়োরৈক্যং পরংব্রহ্ম কৃষ্ণ ইত্যভিধীয়তে।" অর্থাৎ কৃষ্-সংসার, ন মুক্তি। যিনি সংসার হইতে মুক্তি প্রদান করেন তিনিই কৃষ্ণ। অথবা "কর্ষয়েৎ সর্ব্বং জগৎ কালরূপেণ যঃ সকৃষ্ণঃ"। যিনি কালরূপে সকল জগৎকে কর্ষণ করেন তিনিই কৃষ্ণ। অথবা "কৃষিশ্চ পরমানন্দঃ নশ্চ তদ্দাস্যকর্ম্মণি।" অর্থাৎ যাঁহার দাস্যকর্ম্মে পরমানন্দ তিনিই কৃষ্ণ।

পাঠান্তর—দৃষ্ট্বেমং স্বজনং কৃষ্ণ।

নীলকণ্ঠ ।— কৃপয়া ইহেন, স চ স্বজনমিতি বিশেষণেন প্রদর্শ্যতে ॥ ২৭ । ২৮ ॥

তাৎপর্য্য।—সেই সংক্ষুব্ধ সাগরবৎ উৎসাহ ও উদ্যমপূর্ণ যুদ্ধক্ষেত্রে সমাগত উদ্যতায়ুধ বীরগণের বদন মণ্ডল নিরীক্ষণ করিয়া, অর্জ্জুনের হৃদয় আলোড়িত হইয়া উঠিল। তিনি যতদূর নেত্রপাত করিলেন, সমরক্ষেত্রের ততদূর পর্য্যন্ত কেবল চিরপরিচিত পরমাত্মীয়, সুহৃদগণের বদন অবলোকন করিতে লাগিলেন। ধৃতরাষ্ট্রের আশঙ্কিত ধর্ম্মক্ষেত্রের মাহাত্ম্য অনর্থক বাক্যে পর্য্যবসিত হইল না। বীরপুঙ্গব অর্জ্জুনের হৃদয় সত্বগুণের প্রভাবে নিরতিশয় কাতর ও অবসন্ন হইয়া উঠিল। সেই ব্যথিত-হৃদয় বিকলচিত্ত অর্জ্জুন তখন স্বীয় সখা ও সারথী নারায়ণকে সম্বোধন করিয়া কহিলেন,—"হে ভবরোগবৈদ্য, হে হৃদয়-বেদনাবিনাশক কৃষ্ণ! অদ্য এই সুহৃদ্ সমাকীর্ণ সমরক্ষেত্র সন্দর্শন করিয়া আমার হৃদয় নিদারুণ বিষাদভারে নিপীড়িত হইতেছে, আমার দেহ নিতান্ত অবসন্ন বোধ হইতেছে এবং আমার মুখ বিশুষ্ক হইয়াছে।"

এতক্ষণে প্রকৃত প্রস্তাবে শ্রীমদ্ভগবদ্গীতা আরব্ধ হইল। ধনঞ্জয়ের এতাদৃশ উদ্বেগই এই অমূল্য শাস্ত্রের বীজ। এই বীজ অচিরে অঙ্কুরিত হইয়া সেই পরমকবি, একমাত্র দার্শনিক, জগদেক আশ্রয়, জীবের অনন্য শরণ্য, পুণ্যপুরুষ ভগবানের যুক্তি, তর্ক ও তত্ত্বকথারূপ পরম শোভাময় শাখাপল্লব পরিশোভিত সুবিস্তৃত বিটপীর আকার ধারণ করিবে ॥ ২৮ ॥

—০:(*):০—

বেপথুশ্চ শরীরে মে রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ ত্বক্ চৈব পরিদহ্যতে ॥ ২৯ ॥

অন্বয়।—মে শরীরে বেপথুঃ চ রোমহর্ষঃ চ জায়তে হস্তাৎ গাণ্ডীবং চ স্রংসতে ত্বক্এব পরিদহ্যতে ॥ ২৯ ॥

প্রতিশব্দ।—আমার দেহে কম্প ও রোমাঞ্চ জন্মিতেছে হস্ত-হইতে গাণ্ডীবধনু-ও * বিস্রস্ত-হইতেছে এবং চর্ম্ম-ও দগ্ধ হইতেছে ॥ ২৯ ॥

* খাণ্ডব দাহনের পূর্ব্বে বরুণ কর্ত্তৃক অর্জ্জুনকে প্রদত্ত ধনুর নাম গাণ্ডীব। এই ধনু ভগবান্ ব্রহ্মা কর্ত্তৃক বিনির্ম্মিত, বিচিত্র বর্ণাদি বিশিষ্ট এবং বিবিধ অসাধারণ ও অত্যদ্ভুত শক্তি সম্পন্ন। এই গাণ্ডীবের সঙ্গে সঙ্গে দুইটী অক্ষয় তূণীরও তৎকালে অগ্নির নিদেশ বশবর্ত্তী বরুণদেব অর্জ্জুনকে প্রদান করিয়াছিলেন।

ব্যাখ্যা।—এই বন্ধুগণকে দর্শন করিয়া আমার দেহ বিকম্পিত ও কণ্টকিত হইতেছে, শরীর এতই অবসন্ন হইয়াছে যে গাণ্ডীবধনু হস্ত-ভ্রষ্ট হইতেছে এবং উৎকণ্ঠা-জনিত উত্তাপে আমার চর্ম্ম যেন দগ্ধীভূত হইতেছে॥ ২৯॥

আনন্দগিরি।—অঙ্গেষু ব্যথা মুখে পরিশোষশ্চেত্যুভয়ং শোকলিঙ্গমুক্তং, সম্প্রতি বেপথুপ্রভৃতীনি ভীতিলিঙ্গান্যুপন্যস্যতি বেপথুশ্চেতি। রোমহর্ষো রোম্নাং গাত্রেষু পুলকিতত্বম্॥ ২৯॥

শ্রীধর।—কিঞ্চ বেপথুশ্চেত্যাদিনা। বেপথুঃ কম্পঃ, রোমহর্ষো রোমাঞ্চঃ, স্রংসতে নিপততি, পরিদহ্যতে সর্ব্বতঃ সন্তপ্যতে॥ ২৯॥

বলদেব।—বেপথুঃ কম্পঃ, রোমহর্ষঃ পুলকঃ। গাণ্ডীবস্রংশেনাধৈর্য্য ত্বগ্দাহেন হৃদ্বিদাহো দর্শিতঃ॥ ২৯॥

মধুসূদন।—বেপথুঃ কম্পঃ রোমহর্ষঃ পুলকিতত্বম্। গাণ্ডীবস্রংশেনাধৈর্য্যলক্ষণং দৌর্ব্বল্যং, ত্বক্পরিদাহেন চান্তঃসন্তাপো দর্শিতঃ॥ ২৯॥

নীলকণ্ঠ।—সীদন্তি নিশ্চেষ্টানি ভবন্তি। রোমহর্ষো রোমাঞ্চঃ॥ ২৮। ২৯॥

তাৎপর্য্য।—যে বীর সশরীরে স্বর্গালয়ে গমন করিয়া অলোক-সামান্য শৌর্য্য প্রভাবে দেবগণের কৃপাভাজন হইয়াছিলেন, যে বীর ভূতনাথ ভবানীপতির সহিত সমরে ভীত বা কুণ্ঠিত হন নাই, যে বীরবর অত্যদ্ভুত রণপাণ্ডিত্য দর্শনে দেবগণ বিমোহিত হইয়া তাঁহাকে বহুবিধ দিব্যাস্ত্র পুরস্কার প্রদান করিয়াছেন, যে বীর দক্ষিণ ও বাম উভয় হস্তেই সায়ক-প্রক্ষেপ তৎপরতা হেতু সব্যসাচী নামে অভিহিত, অদ্য স্থান মাহাত্ম্যে অভূতপূর্ব্ব সাত্ত্বিক ভাবের সমাবেশ হেতু, সেই দৈবশক্তি সম্পন্ন বীরবরের দেহ শিশুর ন্যায় বলহীন, হস্ত জরাগ্রস্তের ন্যায় নিশ্চল, অঙ্গাদি বেতসবৎ বিকম্পিত ও শরীর শল্লকীর তুল্য কণ্টকিত হইয়া উঠিল। যে গাণ্ডীব নামক মহাধনুঃ অর্জ্জুনের বাহুর অবিচ্ছিন্ন অলঙ্কার স্বরূপ, আজি ধনঞ্জয়ের বিশাল বাহু সে আয়ুধের ভারবহনে অশক্ত হইল। তিনি সকাতরে স্বকীয় বিসদৃশ দশার বৃত্তান্ত সেই সনাতন পুরুষের নিকট নিবেদন করিতে লাগিলেন॥ ২৯॥

—০:(*):০—

न च शक्नोम्यवस्थातुं भ्रमतीव च मे मनः।
निमित्तानि च पश्यामि विपरीतानि केशव ॥ ৩০ ॥

অন্বয়।—কেশব * অবস্থাতুং চ ন শক্নোমি মে মনঃ চ ভ্রমতি ইব বিপরীতানি নিমিত্তানি † চ পশ্যামি ॥ ৩০ ॥

প্রতিশব্দ।—কেশব! স্থির-থাকিতে আর পারিতেছি না আমার মনও যেন ঘুরিতেছে এবং বিরুদ্ধ দুর্ল্লক্ষণ সকলও দেখিতেছি ॥ ৩০ ॥

ব্যাখ্যা।—হে দুষ্টনাশক ও শিষ্টপালক হরে! আমি আর স্থির থাকিতে পারিতেছি না, বিবিধ দুর্ল্লক্ষণ দর্শনে আমার চিত্ত যেন বিঘূর্ণিত হইতেছে ॥ ৩০ ॥

আনন্দগিরি।—কিঞ্চাধৈর্য্যমপি সংবৃত্তমিত্যাহ নচেতি। মোহোঽপি মহান্ ভবতীত্যাহ ভ্রমতীবেতি। বিপরীতনিমিত্তপ্রতীতেরপি মোহো ভবতীত্যাহ নিমিত্তানীতি। তানি বিপরীতানি নিমিত্তানি যানি বামনেত্রস্ফুরণাদীনি ॥ ৩০ ॥

শ্রীধর।—অপিচ নচ শক্নোমীত্যাদি। বিপরীতানি নিমিত্তানি অনিষ্টসূচকানি শকুনাদীনি পশ্যামি ॥ ৩০ ॥

বলদেব।—ন চেতি। অবস্থাতুং স্থিরো ভবিতুং মনো ভ্রমতীব চেতি দৌর্ব্বল্য-মূর্চ্ছয়োরুদয়ঃ। নিমিত্তানি ফলান্যত্র যুদ্ধে বিপরীতানি পশ্যামি। বিজয়িনো মে রাজ্যপ্রাপ্তিরানন্দো ন ভবিষ্যতি। কিন্তু তদ্বিপরীতোঽনুতাপ এব ভাবীতি। নিমিত্তশব্দঃ ফলবাচী কস্মৈ নিমিত্তায়াত্র বসসীত্যাদৌ তথা প্রতীতেঃ ॥ ৩০ ॥

মধুসূদন।—অবস্থাতুং শরীরং ধারয়িতুং ন চ শক্নোমীত্যনেন মূর্চ্ছা সূচ্যতে, তত্র হেতুঃ মম মনো ভ্রমতীবেতি ভ্রমণকর্ত্তৃসাদৃশ্যং নাম মনসঃ কশ্চিদ্বিকারবিশেষো মূর্চ্ছায়াঃ পূর্ব্বাপরাবস্থাভেদো যত এবমতো নাবস্থাতুং শক্নোমীত্যর্থঃ। পুনরপ্যবস্থানাসামর্থ্যে কারণমাহ নিমিত্তানি চ সূচকতয়া আসন্নদুঃখস্য বিপরীতানি বামনেত্রস্ফুরণাদীনি পশ্যামি অনুভবামি, অতোঽপি নাবস্থাতুং শক্নোমীত্যর্থঃ, অহমনাত্মবিত্তেন দুঃখিত্বকষ্টনিবন্ধনং ক্লেশমনুভবামি, ত্বং তু সদানন্দরূপত্বাচ্ছোকাসংস্পর্শীতি কৃষ্ণপদেন সূচিতম্, অতঃ স্বজনদর্শনে তুল্যেঽপি শোকাসংসর্গিত্বলক্ষণাদ্বিশেষাৎ ত্বং মামশোকং কুর্ব্বিতি ভাবঃ। কেশবপদেন চ তৎকরণ-

---

* কেশব—ক ব্রহ্মা, ঈশ রুদ্র অর্থাৎ শিব, গমনার্থ বধাতু সহকারে, এই দুই দেবতা অনুকম্পা সহকারে গমন করিতেছেন এই অর্থ। অথবা কেশ—ব অর্থাৎ যিনি প্রাপ্ত হন, যিনি সুন্দর কেশ প্রাপ্ত হন তিনিই কেশব। অথবা কেশী নামক দৈত্যকে যিনি সংহার করিয়াছেন তিনিই কেশব।

† নিমিত্তং—হেতু চিহ্নম্ ইত্যমরঃ।

সামর্থ্যং। কো ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা, ঈশো রুদ্রঃ সংহর্ত্তা, তৌ ব্যাতোঽনুকম্পতয়া গচ্ছত ইতি ব্যুৎপত্তেঃ। ভক্তদুঃখকর্ষিত্বং বা কৃষ্ণপদেনোক্তং, কেশবপদেন চ কেশ্যাদিদুষ্টদৈত্যনিবর্হনেন সর্ব্বদা ভক্তান্ পালয়সীত্যতো মামপি শোকনিবারণেন পালয়িষ্যসীতি সূচিতম্॥ ৩০॥

বিশ্বনাথ।—দৃষ্টে ত্যত্র স্থিতস্যেত্যধ্যাহার্য্যং, বিপরীতানি নিমিত্তানি ধননিমিত্তকোঽয়মত্র মে বাস ইতিবন্নিমিত্তশব্দোঽয়ং প্রয়োজনবাচী। ততশ্চ যুদ্ধে বিজয়িনো মম রাজ্যলাভাৎ সুখং ন ভবিষ্যতি কিন্তু তদ্বিপরীতমনুতাপদুঃখমেব ভাবীত্যর্থঃ॥ ২৮। ২৯। ৩০॥

তাৎপর্য্য।—অর্জ্জুনের হৃদয় এতই দুর্ব্বল হইয়া উঠিল যে, তিনি যেন চতুর্দ্দিকে নানাবিধ অচিন্তিত-পূর্ব্ব দুর্লক্ষণ দর্শন করিতে লাগিলেন এবং তজ্জন্য নিতান্ত চলচ্চিত্ত হইয়া পড়িলেন। তাঁহার হৃদয় অতিশয় অস্থির ও মস্তক বিঘূর্ণিত হইতে থাকিল, সুতরাং তাঁহার স্থিরভাবে অবস্থান করিবার শক্তি তিরোহিত হইয়া আসিল। তখন তিনি সকাতরে হৃদয়-সখা, বিপন্ন-বান্ধব রুক্মিণী-কান্তকে নিজ অবস্থা নিবেদন করিলেন। অচিরে ভারত যুদ্ধরূপ যে দুর্নিবার দারুণ বিপদ সমুপস্থিত হইবে, যে শোণিত-স্রোতে বসুন্ধরা প্লাবিত হইবে এবং যে হৃদয়-দ্রবকর নরহত্যা-ব্যাপার সঙ্ঘটিত হইবে তাহার অগ্রদূত স্বরূপ বিবিধ অশুভ চিহ্ন অর্জ্জুনের গোচরীভূত হইতে থাকিল। ভাবী অমঙ্গল ব্যাপার স্মরণ করিয়া অশক্ত অর্জ্জুন, ভগবানের অনুকম্পা লাভার্থ ও স্বকীয় ব্যাকুল হৃদয়ের প্রসাধনার্থ,নারায়ণকে উপর্য্যুপরি,এই দুই শ্লোকে 'কৃষ্ণ' ও 'কেশব' এই দুই অল্পাক্ষরযুক্ত বহ্বর্থ সম্বলিত ও অতিপ্রিয় নাম দ্বারা সম্বোধন করিলেন। অর্থাৎ হে কৃষ্ণ! তুমি শোক-মোহাতীত পরমপুরুষ, দয়া করিয়া আত্মীয়-হনন-কল্পনা-বিকল এ দাসকে তোমার ন্যায় শোক-মোহ-শূন্য করিয়া চরিতার্থ কর। হে কেশব! তুমি যে এই মহোপকারসাধনে সমর্থ তাহার সন্দেহ নাই, যেহেতু কেশ্যাদি দুষ্ট-দমন পূর্ব্বক নিরন্তর শিষ্ট-পালন করিয়া তুমি চিরদিনই ভক্ত ও অনুগত জনের রক্ষাবিধান করিয়া আসিতেছ। অতএব শোকমোহ বিদূরিত করিয়া আমাকেও তোমার রক্ষা করিতে হইবে॥ ৩০॥

—০:(*):০—

ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ ন চ রাজ্যং সুখানি চ॥ ৩১॥

অন্বয়।—কৃষ্ণ আহবে (যুদ্ধে) স্বজনং হত্বা * শ্রেয়ঃ (মঙ্গলং) চ ন অনুপশ্যামি বিজয়ং চ রাজ্যং সুখানি চ ন কাঙ্ক্ষে (কাময়ে) ॥৩১॥

প্রতিশব্দ।—নারায়ণ ! যুদ্ধে আত্মীয় বিনাশ-করিয়া শুভ-ও দেখিতেছি না জয়লাভ এবং রাজ্য এবং সুখ-সকল আকাঙ্ক্ষা-করি না ॥৩১॥

ব্যাখ্যা।—হে পরমপুরুষ! এই সমরে আত্মীয়বর্গকে বিনষ্ট করিয়া পরিণামে শুভফল কি হইবে তাহা অনুভব করিতে পারিতেছি না; এরূপ অবৈধ কার্য্য সম্পাদন করিয়া, আমি বিজয়লাভ বা সুখৈশ্বর্য্য সম্ভোগের কামনা করি না ॥ ৩১ ॥

আনন্দগিরি।—যুদ্ধে স্বজনহিংসয়া ফলানুপলম্ভাদপি তস্মাদুপরিরংসা জায়ত ইত্যাহ নচেতি। প্রাপ্তানাং যুযুৎসূনাং হিংসয়া বিজয়ো রাজ্যং সুখানি চ লব্ধুং শক্যানীতি কুতোযুদ্ধাদুপরতিরিত্যাশঙ্ক্যাহ ন কাঙ্ক্ষে ইতি ॥ ৩১ ॥

শ্রীধর।—কিঞ্চ নচেত্যাদি। আহবে যুদ্ধে স্বজনং হত্বা শ্রেয়ঃ ফলং ন পশ্যামি। বিজয়াদিকং ফলং কিং ন পশ্যসীতি চেৎ তত্রাহ ন কাঙ্ক্ষ ইতি ॥ ৩১ ॥

বলদেব।—এবং তত্ত্বজ্ঞানপ্রতিকূলং শোকমুক্ত্বা তৎপ্রতিকূলাং বিপরীতবুদ্ধিমাহ ন চেতি। আহবে স্বজনং হত্বা শ্রেয়ো নৈব পশ্যামীতি। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্ যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ ॥" ইত্যাদিনা হতস্য শ্রেয়ঃস্মরণাৎ হন্তর্ম্মে ন কিঞ্চিচ্ছ্রেয়ঃ। অস্বজনমিতি বা চ্ছেদঃ। অস্বজনবধেঽপি শ্রেয়সোঽভাবাৎ স্বজনবধে পুনঃ কুতস্তরাং তদিত্যর্থঃ। ননু যশো রাজ্যলাভো দৃষ্টং ফলমস্তীতি চেৎ তত্রাহ ন কাঙ্ক্ষ ইতি। রাজ্যাদিস্পৃহাবিরহাদুপায়ে বিজয়ে মম প্রবৃত্তির্ন যুক্তা, রন্ধনে যথা ভোজনেচ্ছাবিরহিণঃ। তস্মাদরণ্যনিবসনমেবাস্মাকং শ্লাঘ্যজীবনত্বং ভাবীতি ॥ ৩১ ॥

মধুসূদন।—এবং লিঙ্গদ্বারেণ সমীচীনপ্রবৃত্তিহেতুভূততত্ত্বজ্ঞানপ্রতিবন্ধকীভূতং শোকমুক্ত্বা সম্প্রতি তৎকারিতাং বিপরীতপ্রবৃত্তিহেতুভূতাং বিপরীতবুদ্ধিং দর্শয়তি নচেতি। শ্রেয়ঃ পুরুষার্থং দৃষ্টমদৃষ্টং বা বহুবিচার্য্যাপি পশ্চাদপি ন পশ্যামি স্বজনমপি যুদ্ধে হত্বা শ্রেয়ো ন পশ্যামি। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্ যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ ॥" ইত্যাদিনা হতস্যৈব শ্রেয়োবিশেষাভিধানাৎ। হন্তুস্তু ন কিঞ্চিৎ সুকৃতং এবং অস্বজনবধেঽপি শ্রেয়সোঽভাবে স্বজনবধে সুতরাং তদভাব ইতি জ্ঞাপয়িতুং স্বজনমিত্যুক্তম্, এবং মমাহববধে শ্রেয়ো নাস্তীতি সিদ্ধসাধারণ্যাহব ইত্যুক্তম্ ॥ ৩১ ॥

---

* যুদ্ধে মৃত্যুর শুভফল সম্বন্ধে বহ্নিপুরাণে নিম্ন লিখিতরূপ লিখিত আছে। রাজা বা রাজপুত্রো বা সেনাপতিরথাপি বা। হতঃ ক্ষত্রেণ যঃ শূরস্তস্য লোকোঽক্ষয়ো ধ্রুবঃ। যাবন্তি তস্য গাত্রাণি ভিনন্তি শস্ত্রমাহবে। তাবতো লভতে লোকান্ সর্ব্বকামদুঘোঽক্ষয়ান্ ॥

বিশ্বনাথ ।—শ্রেয়ো ন পশ্যামীতি। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ॥" ইত্যাদিনা হতস্যৈব শ্রেয়োবিধানাৎ হন্তুস্ত ন কিমপি সুকৃতম্। ননু দৃষ্টং ফলং যশো রাজ্যম্ বর্ত্ততে যুদ্ধস্যেতি অত আহ ন কাঙ্ক্ষ ইতি॥ ৩১॥

তাৎপর্য্য ।—বিষাদ-ভারাবনত-অন্তর অর্জ্জুন সুহৃদ্‌গণের শোণিতে ধরণী রঞ্জিত করিয়া, আত্মীয়গণের কলেবর বাণবিদ্ধ ও তাঁহাদিগকে জীবন-বিহীন করিয়া বিশেষ কোন শুভফল সম্ভাবিত বলিয়া অনুমান করিলেন না। আত্মীয় হননরূপ বিগর্হিত কর্ম্মের পরিণামফলস্বরূপ রাজ্য ও সুখৈশ্বর্য্য তাঁহার বিবেচনায় নিতান্ত অকিঞ্চিৎকর বলিয়া প্রতীয়মান হইল। সেই সামান্য ভাবী সৌভাগ্যের প্রত্যাশায়, আপাততঃ এতাদৃশ হৃদয়হীন কার্য্যের অনুষ্ঠান করিতে তাঁহার প্রবৃত্তি হইল না। তিনি বিজয়লাভ ও রাজ্যভোগকে যৎসামান্য জ্ঞানে উপেক্ষা করিলেন।

টীকাকার পূজ্যপাদ বলদেব বিদ্যাভূষণ, মধুসূদন সরস্বতী এবং বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় এই শাস্ত্রীয় বচন ধৃত করিয়াছেন। "দ্বাবিমৌ পুরুষৌ লোকে সূর্য্যমণ্ডলভেদিনৌ। পরিব্রাড়্‌যোগযুক্তশ্চ রণে চাভিমুখে হতঃ॥" অর্থাৎ দ্বিবিধ পুরুষ সূর্য্যমণ্ডলে অবস্থিতি করেন; যোগযুক্ত পরিব্রাজক এবং সংগ্রামে নিহত বীর। অর্জ্জুন বিচার করিয়া দেখিলেন, তিনি যোগযুক্ত পরিব্রাজক নহেন, সুতরাং তদ্ধেতু তাঁহার সূর্য্যলোকে বাসের আশা নাই। আর তিনি জয়লাভার্থ যুদ্ধাভিলাষী; সম্মুখ যুদ্ধে প্রাণত্যাগ তাঁহার কামনা নহে। সুতরাং তদ্ধেতু তাঁহার পরকালে সূর্য্যলোকে নিবাসের সম্ভাবনা নাই। অতএব যাহাতে পারলৌকিক শ্রেয়োলাভের কোন সম্ভাবনা নাই, তাদৃশ ক্ষণ-বিধ্বংসী, মরণকাল পর্য্যন্ত স্থায়ী, অতি তুচ্ছ জয়লাভ ও রাজ্য-ভোগ কামনায়, আত্মীয় নিপাতরূপ মহাপাপের অনুষ্ঠান যৎপরোনাস্তি অবৈধ। তিনি রাজ্যপ্রাপ্তির আশা উপেক্ষার সহিত অন্তর হইতে বর্জ্জন করিলেন। কেহ কেহ "হত্বা অস্বজনমাহবে" এরূপ ছেদ করেন। অস্বজন অর্থাৎ অনাত্মীয় ব্যক্তিকেও সমরে বধ করিলে কোনই শ্রেয়োলাভ ঘটে না, সুতরাং স্বজনবধে শ্রেয়োলাভের সম্ভাবনা কোথায়? অর্জ্জুন এরূপ বিবেচনাও করিয়া থাকিতে পারেন॥ ৩১॥

——:(*):——

কিং নো রাজ্যেন গোবিন্দ কিং ভোগৈর্জীবিতেন বা।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নো রাজ্যং ভোগাঃ সুখানি চ ॥৩২॥
ত ইমেঽবস্থিতা যুদ্ধে প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ।
আচার্য্যাঃ পিতরঃ পুত্রাস্তথৈব চ পিতামহাঃ ॥ ৩৩ ॥
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ সম্বন্ধিনস্তথা।
এতান্ ন হন্তুমিচ্ছামি ঘ্নতোঽপি মধুসূদন ॥ ৩৪ ॥
অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ কিন্নু মহীকৃতে।
নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্ নঃ কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন ॥ ৩৫ ॥

অন্বয়।—গোবিন্দ! * নঃ (অস্মাকং) রাজ্যেন কিং ভোগৈঃ জীবিতেন বা কিং যেষাং অর্থে (নিমিত্তে) নঃ রাজ্যং ভোগাঃ সুখানি চ কাঙ্ক্ষিতং (প্রার্থিতং) তে ইমে আচার্য্যাঃ পিতরঃ পুত্রাঃ চ তথা এবচ পিতামহাঃ মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ শ্যালাঃ তথা সম্বন্ধিনঃ (বৈবাহিকাঃ) প্রাণান্ ধনানি চ ত্যক্ত্বা যুদ্ধে অবস্থিতাঃ মধুসূদন! † মহীকৃতে (ক্ষিতিলাভায়) কিং নু ত্রৈলোক্য-রাজ্যস্য হেতোঃ অপি (মাং)

* গোবিন্দ।—(১) গোবিন্দ বেদনাদ্‌গবাম্। গো—ভাষা, বিন্দ যিনি জানেন, অর্থাৎ যিনি বেদাদি সর্ব্ব শাস্ত্রে ও সর্ব্ব ভাষায় অভিজ্ঞ। (২) গাং বিন্দতা ভগবতা গোবিন্দেন নষ্টাং ধরণীং পূর্ব্বং অবিন্দন্ গুহাগতাং। গোবিন্দ ইতি তেনাহং দেবৈর্ব্বাগ্‌ভিরভিষ্টুতঃ॥ যিনি বরাহরূপ ধারণ করিয়া নষ্টা মেদিনীর উদ্ধার সাধন করিয়াছিলেন। অথবা যিনি গো অর্থাৎ স্বর্গ প্রাপক, অথবা যিনি গোরক্ষায় আনন্দিত। (৩) অহং কিলেন্দ্রো দেবানাং ত্বং গবামিন্দ্রতাং গতঃ। গোবিন্দ ইতি লোকাস্ত্বাং স্তোষ্যন্তি ভুবি শাশ্বতম্॥ (৪) গাশ্চ বিশ্বসমূহঞ্চ বিন্দতে যোঽবলীলয়া। জ্ঞানসিন্ধুসমূহঞ্চ গোবিন্দস্তেন কীর্ত্তিতঃ। যিনি বিশ্বসকলের তত্ত্বজ্ঞ। গোবিন্দ নাম অপরিসীম মাহাত্ম্যযুক্ত। বহ্নিপুরাণে যমানুশাসনাধ্যায়ে লিখিত আছে,—"যে তিষ্ঠন্তঃ স্বপন্তশ্চ গচ্ছন্তশ্চলিতে ক্ষুতে। সংকীর্ত্তয়ন্তি গোবিন্দং তে বস্তাজ্যাঃ সুদূরতঃ॥

† মধুসূদন।—সূদনং মধুদৈত্যস্য যস্মাৎ স মধুসূদনঃ। ইতি সন্তো বদন্তীশং বেদৈর্ব্বিপ্রার্থমীপ্সিতম্॥ মধুক্লীবঞ্চ মাধ্বীকে কৃতকর্ম্ম শুভাশুভে। ভক্তানাং কর্ম্মণাঞ্চৈব সূদনং মধুসূদনঃ॥ পরিণামাশুভং কর্ম্ম ভ্রান্তানাং মধুরং মধু। করোতি সূদনং যো হি স এব মধুসূদনঃ॥ ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণ। মধুসূদন নামের মাহাত্ম্য যথা। মহাবিপত্তৌ সংসারে যঃ স্মরেন্মধুসূদনম্। বিপত্তৌ তস্য সম্পত্তির্ভবেদিত্যাহ শঙ্করঃ॥

ঘ্নতঃ (মারয়তঃ) অপি এতান্ হন্তুং ন ইচ্ছামি জনার্দ্দন ! ‡ ধার্ত্ত-রাষ্ট্রান্ নিহত্য (বিনাশ্য) নঃ কা প্রীতিঃ (আনন্দঃ)স্যাৎ ॥ ৩২—৩৫ ॥

প্রতিশব্দ।—জগৎপতে ! আমাদের রাজ্যে কি-প্রয়োজন, সম্পদসম্ভোগে বা জীবনধারণে কি-প্রয়োজন, যাহাদের নিমিত্ত আমাদের রাজ্য ভোগ এবং সুখ প্রার্থিত সেই ইঁহারা আচার্য্য সকল পিতৃস্থানীয় সকল পুত্র সকল এবং সেই প্রকারই পিতামহগণ মাতুলগণ শ্বশুরগণ পৌত্রগণ শ্যালকগণ এবং বৈবাহিকসকল প্রাণ ও ধন পরিত্যাগ করিয়া যুদ্ধে অবস্থিত, শত্রুতাপন ! পৃথিবীর নিমিত্ত কি স্বর্গ-মর্ত্ত-পাতাল-রাজ্যের নিমিত্ত-ও (আমাকে) বধ করিলেও ইহাঁদিগকে হনন করিতে ইচ্ছা করি না, জগজ্জীবন ! দুর্য্যোধনাদিকে বধ-করিয়া আমাদের কি আনন্দ হইবে ॥ ৩২। ৩৩। ৩৪। ৩৫ ॥

ব্যাখ্যা।—হে নারায়ণ ! আমাদের রাজ্যভোগ ও সুখৈশ্বর্য্যের প্রয়োজন কি ? আচার্য্য, পিতৃব্য, পুত্র, পিতামহ, মাতুল, শ্বশুর, পৌত্র, শ্যালক এবং বৈবাহিক প্রভৃতি যে সকল আত্মীয় কুটুম্বের সহিত একযোগে সুখ সম্ভোগ করিতে সক্ষম হইবে বলিয়া লোকে রাজ্যভোগ ও সুখাদির কামনা করে, তাঁহারা সকলেই জীবন ও সম্পত্তির মায়া পরিত্যাগ করিয়া এই সময়ে দণ্ডায়মান হইয়াছেন। অতএব হে মধুসূদন ! সামান্য বসুন্ধরার কথা কি বলিতেছ, যদি এই সকল ব্যক্তি আমাকে বিনাশও করেন এবং ইহাঁদিগকে হত্যা করিলে আমি ত্রিলোকাধীশ্বর হইতে পারি, তথাপি সে কার্য্য সম্পন্ন করিতে আমি অস-

‡ জনার্দ্দন।—সমুদ্রবাসী জন নামক অসুরকে যিনি অর্দ্দন অর্থাৎ বধ করেন। অথবা যিনি জনের অর্থাৎ লোক-সমূহের পুরুষার্থ প্রার্থনা করেন। অথবা যিনি জন্ম নাশ করেন অর্থাৎ ভক্তের মুক্তিদান করেন। অথবা যিনি শিবরূপে লোকসমূহের সংহার করেন। অথবা যিনি ব্রহ্মরূপে লোকসমূহের উৎপাদন করেন। অথবা যিনি কালরূপে লোক সমূহকে আশ্রয় করেন। সমুদ্রান্ত বাসিনো জনীনাম্নোঽসুরান্ অর্দ্দিতবান্ জনার্দ্দনঃ। কিংবা জনৈর্লোকৈরর্দ্দ্যতে যাচ্যতে পুরুষার্থায়াঽসৌ জনার্দ্দনঃ। কিংবা জনং জন্ম অর্দ্দয়তি হন্তি ভক্তস্য মুক্তিদত্বাদিতি জনার্দ্দনঃ। কিংবা জনান্ লোকান্ অর্দ্দতি হররূপেণ সংহারকত্বাদিতি জনার্দ্দনঃ। কিংবা জনয়তি উৎপাদয়তি লোকান্ ব্রহ্মরূপেণ সৃষ্টিকর্ত্তৃত্বাদিতি জনার্দ্দনঃ। জনশ্চাসৌ অর্দ্দনশ্চেতি জনার্দ্দনঃ। কিংবা জনান্ লোকান্ অর্দ্দতি গচ্ছতি প্রাপ্নোতি রক্ষণার্থং পালকত্বাদিতি জনার্দ্দনঃ। ইত্যমরটীকায়াং ভরতঃ। জনার্দ্দন শব্দের মাহাত্ম্যোক্তি যথা : ভোজনে চ জনার্দ্দন ইত্যাদি।

অর্থ। হে সর্ব্বলোক-সন্তাপ-নাশক পুরুষোত্তম! দুর্য্যোধনাদি আত্মীয়-বর্গকে সমরে নিহত করিয়া আমাদের কোনই আনন্দের সম্ভাবনা নাই ॥ ৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ ॥

আনন্দগিরি।—কিমিতি রাজ্যাদিকং সর্ব্বাকাঙ্ক্ষিতত্বাৎ ন কাঙ্ক্ষ্যসে তেন হি পুত্রভ্রাত্রাদীনাং স্বাস্থ্যমাধাতুং শক্যমিত্যাশঙ্ক্যাহ কিমিতি। রাজ্যাদীনামাক্ষেপে হেতুমাহ যেষামিতি। তানেব বিশিনষ্টি আচার্য্যা ইতি। মাতুলা ইতি। শ্যালা ভার্য্যাণাং ভ্রাতরো ধৃষ্টদ্যুম্নপ্রভৃতয়ঃ। বধ্যেষ্বপি স্বরাজ্যপরিপন্থিষ্বাততায়িষু কৃপাবুদ্ধ্যা স্বধর্ম্মাৎ যুদ্ধাৎ পূর্ব্বোক্ত-মোহাদিবশাৎ প্রচ্যুতিং প্রদর্শয়তি এতানিতি। "জিঘাংসন্তং জিঘাংসীয়াৎ" ইতি ন্যায়াদেতেষাং হিংসা ন দোষায়েত্যাশঙ্ক্যাহ ঘ্নতোঽপীতি। পৃথিবীপ্রাপ্ত্যর্থং হি হননমেতেষামিষ্যতে ন চ তৎপ্রাপ্তিঃ সমহিতেতি কৈমুতিকন্যায়েন দর্শয়তি অপীতি। ন হি মহদপি ত্রৈলোক্য-লক্ষণং রাজ্যং লব্ধুং স্বজনহিংসায়ৈ মনো মদীয়ং স্পৃহয়তি, পৃথিবীপ্রাপ্ত্যর্থং পুনর্ব্বন্ধুবধং ন শ্রদ্ধধামীতি কিং বক্তব্যমিত্যর্থঃ। দুর্য্যোধনাদীনাং শত্রূণাং নিগ্রহে প্রীতিপ্রাপ্তিসম্ভবাদ্যুদ্ধং কর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাহ নিহত্যেতি ॥ ৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ ॥

শ্রীধর।—এতদেব প্রপঞ্চয়তি কিং নো রাজ্যেনেত্যাদি সার্দ্ধদ্বয়েন। ত ইমে ইতি। যদর্থমস্মাকম্ রাজ্যাদিকমপেক্ষিতম্ তে এতে প্রাণধনাদিত্যাগমঙ্গীকৃত্য যুদ্ধার্থমবস্থিতাঃ, অতঃ কিমস্মাকম্ রাজ্যাদিভিঃ কৃত্যমিত্যর্থঃ। ননু যদি কৃপয়া ত্বমেতান্ ন হংসি তর্হি ত্বামেতে রাজ্যলোভেন হনিষ্যন্ত্যেব অতস্ত্বমেবৈতান্ হত্বা রাজ্যং ভুঙ্ক্ষ্বেতি তত্রাহ এতানিত্যাদিনা সার্দ্ধেন। ঘ্নতোঽপি অস্মান্ মারয়তোঽপি এতান্। অপীতি। ত্রৈলোক্যরাজ্যস্যাপি হেতো-স্তৎপ্রাপ্ত্যর্থমপি হন্তুং নেচ্ছামি কিং পুনর্ম্মহীমাত্রপ্রাপ্তয়ে ইত্যর্থঃ ॥ ৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ ॥

বলদেব।—গোবিন্দেতি। গাঃ সর্ব্বেন্দ্রিয়বৃত্তীঃ বিন্দসীতি ত্বমেব মে মনোগতম্ প্রতীহীত্যর্থঃ। রাজ্যাদ্যনাকাঙ্ক্ষায়াং হেতুমাহ যেষামিতি। প্রাণান্ প্রাণাশাম্ ধনানি ধনাশামিতি লক্ষণয়া বোধ্যম্। স্বপ্রাণব্যয়েঽপি স্ববন্ধুসুখার্থী রাজ্যস্পৃহা স্যাৎ তেষামপ্যত্র নাশপ্রাপ্তেরপার্থৈব যুদ্ধে প্রবৃত্তিরিতি ভাবঃ। ননু ত্বং চেৎ কারুণিকস্তান ন হন্যাস্তর্হি তে স্বরাজ্যং নিষ্কণ্টকং কর্ত্তুং ত্বামেব হন্যুরিতি চেৎ তত্রাহ এতানিতি। মাং ঘ্নতোঽপি হিংসতো-ঽপ্যেতান্ হন্তুমহং নেচ্ছামি। ত্রৈলোক্যরাজ্যস্য প্রাপ্তয়েঽপি কিম্ পুনর্ভূমাত্রস্য। নন্বন্যান্ হিত্বা ধৃতরাষ্ট্রপুত্রা এব হন্তব্যা বহুদুঃখদাতৄণাম্ তেষাম্ ঘাতে সুখসম্ভবাদিতি চেৎ তত্রাহ নিহত্যেতি। ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীন্ নিহত্য স্থিতানাং নঃ পাণ্ডবানাং কা প্রীতিঃ প্রসন্নতা স্যান্ন কাপীতি। অচিরসুখাভাসস্পৃহয়া চিরতরনরকহেতুর্ভ্রাতৃবধো ন যোগ্য ইতি ভাবঃ। হে জনার্দ্দনেতি। যদ্যেতে হন্তব্যাস্তর্হি ভূভারাপহারী ত্বমেব তান্ জহি পরেশস্য তে পাপগন্ধ-সম্বন্ধো ন ভবেদিতি ব্যজ্যতে ॥ ৩২ । ৩৩ । ৩৪ । ৩৫ ॥

মধুসূদন।—নমু মাভূদদৃষ্টং প্রয়োজনম দৃষ্টপ্রয়োজনানি তু বিজয়ো রাজ্যং সুখানি

চ নির্ব্বিবাদানীত্যত আহ ফলাকাঙ্ক্ষাহ্যুপায়প্রবৃত্তৌ কারণম্ অতস্তদাকাঙ্ক্ষায়া অভাবাৎ তদুপায়ে যুদ্ধে ভোজনেচ্ছাবিরহিণ ইব পাকাদৌ মম প্রবৃত্তিরনুপপন্নেত্যর্থঃ। কুতঃ পুনরিতরপুরুষৈরিষ্যমাণেষু তেষু তবানিচ্ছেত্যত আহ কিম্ ন ইতি। ভোগৈঃ সুখৈঃ, জীবিতেন জীবিতসাধনেন বিজয়েনেত্যর্থঃ। বিনা রাজ্যং ভোগান্ কৌরববিজয়ঞ্চ বনে নিবসতামস্মাকম্ তৈনৈব জগতি শ্লাঘনীয়জীবিতানাং কিমেভিরাকাঙ্ক্ষিতৈরিতি ভাবঃ। গোশব্দবাচ্যানীন্দ্রিয়াণ্যধিষ্ঠানতয়া নিত্যং প্রাপ্তস্ত্বমেব মমৈহিকফলবিরাগং জানাসীতি সূচয়ন্ সম্বোধয়তি গোবিন্দেতি। রাজ্যাদীনামাক্ষেপে হেতুমাহ যেষামিতি। এতেন স্বস্য বৈরাগ্যেঽপি স্বীয়ানামর্থে যতনীয়মিত্যপাস্তম্, একাকিনো হি রাজ্যাদ্যনপেক্ষিতমেব। যেষাস্ত বন্ধূনামর্থে তদপেক্ষিতং ত এতে প্রাণান্ প্রাণাশাং ধনানি ধনাশাঞ্চ ত্যক্ত্বা যুদ্ধেঽবস্থিতা ইতি ন স্বার্থঃ স্বীয়ার্থো বায়ং প্রযত্ন ইতি ভাবঃ। ভোগশব্দঃ পূর্ব্বত্র সুখপরতয়া নির্দ্দিষ্টোঽপ্যত্র পৃথক্ সুখগ্রহণাৎ সুখসাধনবিষয়পরঃ। প্রাণ-ধনশব্দৌ তু তদাশালক্ষকৌ, স্বপ্রাণত্যাগেঽপি স্ববন্ধূনামুপভোগায় ধনাশা সম্ভবেদিতি তদ্বারণায় পৃথগ্ধনগ্রহণম্। যেষামর্থে রাজ্যাদ্যপেক্ষিতং তে তত্র নাগতা ইত্যাশঙ্ক্য তান্ বিশিনষ্টি। স্পষ্টম্। ননু যদি কৃপয়া ত্বমেতান্ ন হংসি তর্হি ত্বামেতে রাজ্যলোভেন হনিষ্যন্ত্যেব অতস্ত্বমেবৈতান্ হত্বা রাজ্যং ভুঙ্ক্ষ্বেত্যত আহ। ত্রৈলোক্যরাজ্যস্যাপি হেতোস্তৎপ্রাপ্ত্যর্থমপি অস্মান্ ঘ্নতোঽপ্যেতান্ হন্তুমিচ্ছামপি ন কুর্য্যামহং কিং পুনর্হন্যাং, মহীমাত্রপ্রাপ্তয়ে তু ন হন্যামিতি কিমু বক্তব্যমিত্যর্থঃ। মধুসূদনেতি সম্বোধয়ন্ বৈদিকমার্গপ্রবর্ত্তকত্বং ভগবতঃ সূচয়তি। নন্বন্যান্ বিহায় ধার্ত্তরাষ্ট্রা এব হন্তব্যাস্তেষামত্যন্তক্রূরতর তত্তদ্দুঃখদাতৄণাং বধে প্রীতিসম্ভবাদিত্যত আহ। ধার্ত্তরাষ্ট্রান্ দুর্য্যোধনাদীন্ ভ্রাতৄন্নিহত্য স্থিতানামস্মাকং কা প্রীতিঃ স্যাৎ ন কাপীত্যর্থঃ। নহি মূঢ়জনোচিতক্ষণমাত্রবর্ত্তিসুখাভাসলোভেন চিরতরনরকযাতনাহেতুর্বন্ধুবধোঽস্মাকং যুক্ত ইতি ভাবঃ। জনার্দ্দনেতি সম্বোধনেন যদি বধ্যা এতে তর্হি ত্বমেবৈতান্ জহি প্রলয়ে সর্ব্বজনহিংসকত্বেঽপি সর্ব্বপাপাসংস্পর্শিত্বাদিতি সূচয়তি ॥৩২—৩৫॥

নীলকণ্ঠ।—নিমিত্তানি লোকক্ষয়করাণি ভূমিকম্পাদীনি। স্যালা ইতি (স্যল শব্দো দন্ত্যাদিঃ, "বিজামাতুরুত বাঘা স্যালাৎ" ইতি মন্ত্রবর্ণাৎ স্যাল্লাজানাবপতীতি বা লাজা লাজতেঃ স্যং শূর্পং স্যতেরিতি যাস্কঃ)। হন্তুমিচ্ছাপি মম ন ভবতি কিমুত হন্তুং ত্বমিত্যর্থঃ। মহীকৃতে পৃথিব্যর্থে ॥ ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫ ॥

তাৎপর্য্য।—ইহ সংসারে নিতান্ত স্বার্থপর ও হৃদয়হীন জনগণই স্বকীয় সুখ সৌভাগ্যের কামনা করে এবং আত্মীয় বন্ধু ও স্বজনাদিকে বঞ্চনা করিয়া স্বকীয় ইষ্ট সাধনের উপায় অন্বেষণ করে। কিন্তু যাঁহারা জ্ঞানবান্ তত্ত্বজ্ঞ ও বিবেক-বুদ্ধি-সম্পন্ন তাঁহারা সুহৃত আত্মীয় স্বজনাদির সুখ সাধনের উপায় অন্বেষণ করিয়া থাকেন এবং তাঁহাদিগকে পরিতৃপ্ত করিয়া পরমানন্দ উপভোগ করেন। অর্জ্জুন দেবরাজ ইন্দ্রের তনয়, সুতরাং দৈব-বুদ্ধি-সম্পন্ন,

বিশেষতঃ সংসার-সাগরের ভেলক-কল্প সচ্চিদানন্দ পরম পুরুষ তাঁহার হৃদয় সখা এবং সারথী রূপে তদীয় রথে অবস্থিত। সাক্ষাৎ ধর্ম্ম-স্বরূপ ধর্ম্ম-নন্দন যুধিষ্ঠির, তাঁহার পরম ভক্তিভাজন অগ্রজ, ইত্যাদি সকল বিষয় বিবেচনা করিলে তাঁহার জ্ঞান, বিবেক ও তত্ত্ব-বুদ্ধি স্বভাব-সঞ্জাত ও অলৌকিক বলিয়া প্রতীত হয়। সেই ধর্ম্ম-প্রাণ কোমল-হৃদয় অর্জ্জুন, এই আত্মীয় স্বজন পরিপূরিত সমরক্ষেত্র সন্দর্শনে, নিতান্ত ব্যথিত-হৃদয় ও বিকল-চিত্ত হইলেন। যে দিকে তিনি নেত্রপাত করিতে লাগিলেন, সেই দিকেই পরম পূজ্যপাদ এবং ভক্তিভাজন আচার্য্য ও পিতামহ, পিতৃব্য ও মাতুল, পরম স্নেহ-ভাজন ভ্রাতুষ্পুত্র ও পৌত্র, বা নিরতিশয় প্রেমাস্পদ সুহৃদ ও শ্যালকাদির বদনকমল তাঁহার নেত্র-সমক্ষে নিপতিত হইতে থাকিল। সেই সকল স্বজনগণের কোমল কলেবর বাণবিদ্ধ করিয়া তাঁহাদিগকে নিহত না করিলে যুদ্ধে জয় লাভের সম্ভাবনা নাই। যে সকল আত্মীয় স্বজনের সহিত একত্র অবস্থিত হইয়া সুখ সৌভাগ্য সম্ভোগ না করিলে সকলই বৃথা ও নিতান্ত অরুচিকর রূপে উপলব্ধ হয়, সেই সুহৃদ্বর্গকে বিনষ্ট করিয়া রাজ্যার্জ্জনের আকাঙ্ক্ষা নিতান্ত ঘৃণাজনক ও অকিঞ্চিৎকর বলিয়া অর্জ্জুনের হৃদয়ঙ্গম হইল। তখন তিনি নিরতিশয় করুণস্বরে ও কাতর ভাবে সেই অত্র মন্ত্রণা ও পরত্র মুক্তি প্রদায়ক, ব্যথিত বেদনা বিনাশক, বিপত্তির মধুসূদনকে বলিলেন, "হে গোবিন্দ, হে মদেক ভরসাস্থল! তুমি সম্মুখে থাকিলে রণে বা বনে, জলে বা স্থলে কুত্রাপি আমার হৃদয় অণুমাত্র বিচলিত হয় না; কিন্তু অদ্য, হে অনবদ্যাঙ্গ! তোমার এই অনুগতাধমের হৃদয় সমর পরাঙ্মুখ হইতেছে। সামান্য রাজ্যের কথা কি বলিতেছ, যদি আজি স্বজনবর্গকে হনন করিলে, ত্রিলোকপতির সিংহাসন আমার সম্মুখে পরিস্থাপিত হয়, যদি এই প্রিয় আত্মীয়গণের প্রাণ-নাশ করিলে কল্পনাতীত সুখ-সৌভাগ্যের দ্বার আমার সম্মুখে উন্মুক্ত হয়, হে অন্তর্য্যামিন্! আমি উপেক্ষার সহিত, সেই সিংহাসন আমার দৃষ্টিপথ হইতে বিদূরিত করিয়া দিব এবং যৎপরোনাস্তি ঘৃণার সহিত সেই উন্মুক্ত দ্বার হইতে দৃষ্টি বিপথগামী করিব, তথাপি, এই সুহৃদ্বর্গের প্রাণ নাশ ত দূরের কথা, ইহাঁদিগের অঙ্গে অস্ত্রক্ষেপও করিব না। যদি সমরার্থী প্রতিদ্বন্দ্বী বোধে সম্মুখস্থ স্বজনগণ আমাকে ক্ষত বিক্ষত করেন, আমি নীরবে ও অকাতরে তাহা সহ্য করিব, তথাপি অগর্ব্ব-প্রদীপ্ত বা বিজিগীষা-পরতন্ত্র হইয়া

তাঁহাদিগের অঙ্গে অস্ত্রক্ষেপের বাসনাও করিব না। নিতান্ত ক্ষণবিধ্বংসী ও যৎসামান্য সুখের লোভে, ভ্রাতৃহননরূপ ঘোর বিগর্হিত পাপের অনুষ্ঠান করিয়া, আমি অনন্ত নরক ভোগ করিতে বাসনা করি না। সমাগত স্বজন ও সুহৃদ্গণের হৃদয়ের উদারতা ও মহত্ব দর্শনে আমি বিস্ময়াবিষ্ট ও বিমোহিত হইতেছি। ইহাঁরা প্রাণপরিত্যাগে সঙ্কল্পবদ্ধ হইয়া এই মহাযুদ্ধে আগমন করিয়াছেন; ধনোপার্জ্জন বা স্বার্থসাধন বাসনা ইহাঁদিগকে এই বিপদারণ্যে উপস্থিত করে নাই। কেবল সুহৃদের হিতকামনা ও পরের উপকার সাধন বাসনার বশবর্ত্তী হইয়াই ইহাঁরা এই দারুণ বিপজ্জনক যুদ্ধক্ষেত্রে সমাগত হইয়াছেন। সুতরাং তাঁহারা যে অতিশয় মহোচ্চমনা ও উদারহৃদয় তাহার আর সন্দেহ নাই। এরূপ দেবকল্প ব্যক্তিবর্গকে বিনাশ করিবার কল্পনাও নিতান্ত দূষণীয়।

হে শ্রীকৃষ্ণ! যদি ইহাঁকে বধ্য বলিয়াই তোমার বোধ হইয়া থাকে, তাহা হইলে—তুমি ইচ্ছাময় ও প্রলয়কালে সকল জীবের ধ্বংসসাধন তোমারই কার্য্য, তুমি অবহেলায় সকলকে বিনষ্ট করিয়া স্বকীয় উদ্দেশ্য সিদ্ধ করিতে পার। প্রলয়কালে মনুষ্য সংহার কর বলিয়াই তোমার নাম 'জনার্দ্দন'; তুমি পাপাতীত পরম পুরুষ। সুতরাং এরূপ প্রাণিনাশে তোমার কোনই সঙ্কোচের কারণ নাই ॥ ৩২। ৩৩। ৩৪। ৩৫ ॥

——(:•:)——

পাপমেবাশ্রয়েদস্মান্ হত্বৈতানাততায়িনঃ।
তস্মান্নার্হা বয়ং হন্তুং ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব! ॥ ৩৬॥

অন্বয়।—এতান্ আততায়িনঃ (বধার্হান্) হত্বা [স্থিতান্ *] অস্মান্ পাপং এব আশ্রয়েৎ তস্মাৎ বয়ং সবান্ধবান্ ধার্ত্তরাষ্ট্রান্ হন্তুং ন অর্হাঃ (সমর্থাঃ) মাধব! হি স্বজনং হত্বা কথং সুখিনঃ (আনন্দিতাঃ) স্যামঃ (ভবেম) ॥ ৩৬ ॥

* ব্যাকরণের সূত্রানুসারে এক কর্তৃকে "ক্ত্বা" প্রত্যয় হয়। "এতান্ হত্বা অস্মান্ পাপ মেবাশ্রয়েৎ" এই স্থলে ক্রিয়াদ্বয়ের ভিন্ন কর্তৃকত্ব হেতু টীকাকারগণ "স্থিতান্" এই পদ উহ্য করিয়াছেন।

প্রতিশব্দ।—এই-সকল আততায়িদিগকে * বধ-করিয়া (অবস্থিত) আমাদিগকে পাপই আশ্রয় করিবে তজ্জন্য আমাদের আত্মীয়-সহকৃত ধৃতরাষ্ট্র তনয়-গণকে বধ-করা যোগ্য নহে মাধব! † যেহেতু আত্মীয়কে বিনাশ-করিয়া কিরূপে সুখী হইব ॥ ৩৬ ॥

ব্যাখ্যা।—আততায়িগণকে নিপাত করা শাস্ত্রসঙ্গত হইলেও, আমাদের এই বিপক্ষগণকে বধ করিলে পাপই হইবে; তজ্জন্য আত্মীয় পরিবৃত দুর্য্যোধনাদির বধ সাধন করা কদাপি যুক্তিযুক্ত নহে। হে কেশব! স্বজন সংহার করিয়া কিরূপে সুখলাভ করিব তাহা বুঝিতে পারিতেছি না ॥ ৩৬ ॥

আনন্দগিরি।—যদি পুনরমী দুর্য্যোধনাদয়ো ন নিগৃহ্যেরন্ ভবন্তস্তর্হি তৈর্নিগৃহীতা দুঃখিতাঃ স্যুরিত্যাশঙ্ক্যাহ পাপমেবেতি। যদীমে দুর্য্যোধনাদয়ো নির্দ্দোষানেবাস্মান্ যুদ্ধভূমৌ হন্যুস্তদৈতানগ্নিদো গরদশ্চেত্যাদিলক্ষণোপেতানাততায়িনো নির্দ্দোষস্বজনহিংসা-প্রবৃত্তং পাপং পূর্ব্বমেব পাপিনঃ সমাশ্রয়েদিত্যর্থঃ। অথবা যদ্যপ্যেতে ভবন্ত্যাততায়িন-

* স্মৃতি শাস্ত্রানুসারে অগ্নিদ্বারা গৃহদাহকারী, বিষ প্রদানকারী, যথার্থ শস্ত্রধারী, ধনাপহারী, ভূসম্পত্তি-হারী, স্ত্রীহরণকারী এই ছয় জন আততায়ী। "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ ॥" আততায়ী বধ করিলে ধর্ম্মশাস্ত্রানুসারে পাপস্পর্শ হয় না। যথা; "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন ॥" ভারত যুদ্ধের অবসানে পাণ্ডবদিগের পুত্রহন্তা অশ্বত্থামা ধৃত ও রজ্জুবদ্ধ হইলে ভগবান্ শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন, "তদসৌ বধ্যতাং পাপ আততায্যাত্ম-বন্ধুহা।" সে স্থলেও অর্জ্জুন, স্বকীয় অসাধারণ মহত্ত্ব ও উদারতা হেতু ভগবানের নির্দ্দেশ পালন না করিয়া সেই পরম শত্রুকে শিবিরে আনয়ন করিলেন। অলৌকিক উদারহৃদয়া দ্রৌপদী সেই পুত্রহা গুরু-পুত্রকে ক্ষমা করিতে বলিলেন। ভীমসেন সেই শত্রুকে তৎক্ষণাৎ নিহত করিতে পরামর্শ দিলেন। কিংকর্ত্তব্যবিমূঢ় অর্জ্জুনকে পুনরায় ভগবান্ বলিলেন, "ব্রহ্মবন্ধুর্ন হন্তব্য আততায়ী বধার্হণঃ। ময়ৈবোভয়মাম্নাতং পরিপাহ্যনু-শাসনম্ ॥" অর্জ্জুন তখন পূর্ণপ্রজ্ঞ ও সম্পূর্ণ সাধু। তিনি সেই পরম শত্রুর মূর্দ্ধজ কেশ সহিত মস্তকমণি ছেদন করিয়া তাঁহাকে শিবির হইতে বিদূরিত করিয়া দিলেন। ভাগবত। ১ম স্কন্ধ ৭ম অধ্যায়।

† মাধব। মা চ ব্রহ্মস্বরূপা যা মূলপ্রকৃতিরীশ্বরী। নারায়ণীতি বিখ্যাতা বিষ্ণুমায়া সনাতনী। মহালক্ষ্মী-স্বরূপা চ বেদমাতা সরস্বতী। রাধা বসুন্ধরা গঙ্গা তাসাং স্বামীচ মাধবঃ ॥ ইতি ব্রহ্মবৈবর্ত্ত। মাধব নামের মাহাত্ম্য বিস্তর। যথা "ওমিত্যেকাক্ষরে মন্ত্রে স্থিতঃ সর্ব্বগতো হরিঃ। মাধবায়েতি বৈ নাম ধর্ম্মকামার্থমোক্ষদম্ ॥" বহ্নিপুরাণ। অর্জ্জুন একদা শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিয়াছিলেন, যে পুনঃপুনঃ তোমার সহস্রনাম জপের প্রয়োজন কি? তোমার কোন কোন নাম প্রত্যক্ষ ফলপ্রদ তাহা আমাকে বল। তদুত্তরে শ্রীভগবান্ যে অষ্টাবিংশতি নামের উল্লেখ করেন, তাহার মধ্যে মাধব নাম পরিদৃষ্ট হয়। যথা; গোবিন্দং পুণ্ডরীকাক্ষং মাধবং মধুসূদনম ॥" ইতি শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদ।

স্বধাপ্যেতানতিশোচ্যান্ দুর্যোধনাদীন্ হিংসিত্বা তৎকৃতং পাপমস্মানেবাশ্রয়েদতো নাস্মাভি-রেতে হন্তব্যা ইত্যর্থঃ। অথবা গুরুভ্রাতৃসুহৃৎপ্রভৃতীনেতান্ হত্বা বয়মাততায়িনঃ স্যাম-স্ততশ্চৈতান্ হত্বা তৎকৃতং পাপমাততায়িনোঽস্মানেব সমাশ্রয়েদিতি যুদ্ধানুপরমণমস্মাকং শ্রেয়স্করমিত্যর্থঃ। ফলাভাবাদনর্থসম্ভবাচ্চ পরহিংসা ন কর্ত্তব্যা ইত্যুপসংহরতি তস্মাদিতি। কিঞ্চ রাজ্যসুখমুদ্দিশ্য যুদ্ধমুপক্রম্য তেন ন স্বজনপরিক্ষয়ে সুখমুপপদ্যতে তেন ন কর্ত্তব্যং যুদ্ধমিত্যাহ স্বজনং হীতি॥ ৩৬॥

শ্রীধর।—নমু চ "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ॥" ইতি স্মরণাদগ্নিদাহাদিভিঃ ষড়্ভির্হেতুভিরেতে তাবদাততায়িনঃ। আত-তায়িনাঞ্চ বধো যুক্ত এব। "আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন॥" ইতি বচনাৎ। তত্রাহ পাপমেবেত্যাদি সার্দ্ধেন। "আততায়িনমায়ান্তম্" ইত্যাদিকমর্থশাস্ত্রং, তচ্চ ধর্ম্মশাস্ত্রাত্ দুর্ব্বলম্, যথোক্তং যাজ্ঞবল্ক্যেন "স্মৃত্যোর্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতিঃ॥" ইতি তস্মাদাততায়িনামপ্যে-তেষামাচার্য্যাদীনাং বধেঽস্মাকং পাপমেব ভবেৎ। অন্যায্যত্বাদধর্ম্মত্বাচ্চৈতদ্বধস্য অমুত্র চেহ বা ন সুখং স্যাদিত্যাহ স্বজনং হীতি॥ ৩৬॥

বলদেব।—নমু "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ। আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভ-বতি ভারত॥" ইত্যুক্তেরেষাং ষাড়্বিধ্যেনাততায়িনাং যুক্তো বধ ইতি চেৎ তত্রাহ পাপমিতি। এতান্ হত্বা স্থিতানস্মান্ পাপমেব বন্ধুক্ষয়হেতুকমাশ্রয়েৎ। অয়ং ভাবঃ। আততায়িনমা-য়ান্তমিত্যাদিকমর্থশাস্ত্রং "ন হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি ধর্ম্মশাস্ত্রাদ্দুর্ব্বলম্। "অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতিঃ।" ইতি স্মৃতেঃ। তস্মাদ্দুর্ব্বলার্থশাস্ত্রবলেন পূজ্যানাং দ্রোণভীষ্মা-দীনাং বধঃ পাপহেতুরেবেতি। ন চ শ্রেয়োঽনুপশ্যামীত্যারভ্যোক্তমুপসংহরতি তস্মাদিতি। পাপসম্ভবাৎ দৈহিকসুখস্যাপ্যভাবাচ্চেত্যর্থঃ। ন হি গুরুভির্বন্ধুজনৈশ্চ বিনাস্মাকং রাজ্য-ভোগঃ সুখায়াপি তু অনুতাপায়ৈব সম্পৎস্যতে। হে মাধবেতি শ্রীপতিস্ত্বমশ্রীকে যুদ্ধে কথং প্রবর্ত্তয়সীতিভাবঃ॥ ৩৬॥

মধুসূদন।—নমু "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ॥" ইতি স্মৃতেরেতেষাঞ্চ সর্ব্বপ্রকারৈরাততায়িত্বাৎ "আততায়িনমায়ান্তং হন্যাদেবা-বিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন॥" ইতি বচনেন দোষাভাবপ্রতীতের্হন্তব্যা এব দুর্য্যোধনাদয়ঃ আততায়িন ইত্যাশঙ্ক্যাহ পাপমেবেতি। এতানাততায়িনোঽপি হত্বা স্থিতানস্মান পাপমেবাশ্রয়েদেবেতি সম্বন্ধঃ। অথবা পাপমেবাশ্রয়েৎ ন কিঞ্চিদন্যৎ দৃষ্টমদৃষ্টং বা প্রয়োজনমিত্যর্থঃ। "ন হিংস্যাৎ" ইতি ধর্ম্মশাস্ত্রাদাততায়িনং হন্যাদিত্যর্থশাস্ত্রস্য দুর্ব্বলত্বাৎ। তদুক্তং যাজ্ঞবল্ক্যেন—"স্মৃত্যোর্ব্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্ম-শাস্ত্রমিতিস্থিতিঃ॥" ইতি। অপরা: ব্যাখ্যা। নমু ধার্ত্তরাষ্ট্রান ঘ্নতাং ভবতাং প্রীত্যভাবেঽপি

যুষ্মান্ ঘ্নতাং ধার্ত্তরাষ্ট্রাণাং প্রীতিরস্ত্যেব, অতস্তে যুষ্মান্ হন্যুরিত্যত আহ পাপমেবেতি। অস্মান্ হত্বা স্থিতানেতানাততায়িনো ধার্ত্তরাষ্ট্রান্ পূর্ব্বমপি পাপিনঃ সাম্প্রতমপি পাপমেবাশ্রয়েৎ, ন্যূন্যং কিঞ্চিৎ সুখমিত্যর্থঃ। তথাচাযুধ্যতোঽস্মান্ হত্বৈত এব পাপিনো ভবিষ্যন্তি, নাস্মাকং কাপি ক্ষতিঃ পাপাসম্বন্ধাদিত্যভিপ্রায়ঃ। ফলাভাবাদনর্থসম্ভবাচ্চ পরহিংসা ন কর্ত্তব্যেতি, ন চ শ্রেয়োঽনুপশ্যামীত্যাদাবভিব্যক্তং, তদুপসংহরতি তস্মাদিতি। অদৃষ্টফলাভাবোঽনর্থসম্ভবশ্চ তচ্ছব্দেন পরামৃশ্যতে। দৃষ্টসুখাভাবমাহ স্বজনং হীতি। মাধবেতি লক্ষ্মীপতিত্বাৎ নালক্ষ্মীকে কর্ম্মণি প্রবর্ত্তয়িতুমর্হসীতিভাবঃ॥ ৩৬॥

বিশ্বনাথ।—ননু "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ। আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি ভারত॥" ইত্যাদি বচনাদেষাং বধ উচিত এবেতি তত্রাহ পাপমিতি। এতান্ হত্বা স্থিতানস্মান্। আততায়িনমায়ান্তমিত্যাদিকমর্থশাস্ত্রং ধর্ম্মশাস্ত্রাদ্দুর্ব্বলম্। যদুক্তং যাজ্ঞবল্ক্যেন—"অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতম্" ইতি। তস্মাদাচার্য্যাদীনাং বধে পাপং স্যাদেব। নচৈহিকং সুখমপি স্যাদিত্যাহ স্বজনং হীতি॥ ৩২। ৩৩। ৩৪। ৩৫। ৩৬॥

তাৎপর্য্য।—দুর্য্যোধনাদি ধার্ত্তরাষ্ট্রগণ আমাদিগের আততায়ী, সুতরাং শাস্ত্রানুসারে তাঁহারা বধার্হ সত্য। কিন্তু এ ব্যবস্থা যে শাস্ত্রের অন্তর্গত তাহা লৌকিক ইষ্ট সাধনোদ্দেশে সূচিত, সুতরাং সে শাস্ত্র অর্থ শাস্ত্র নামে অভিহিত হইবার উপযোগী। নিরবচ্ছিন্ন পারলৌকিক কল্যাণ-কামনা যে শাস্ত্রের উদ্দেশ্য তাহাই যথার্থ ধর্ম্ম-শাস্ত্র। বেদ শাস্ত্রে উক্ত হইয়াছে যে "মা হিংস্যাৎ সর্ব্বাভূতানি।" অর্থাৎ কোন ভূতেরই হিংসা করিবে না। এই শ্রুতি বাক্যই এস্থলে প্রবল বলিয়া বিবেচনা করা আবশ্যক। যেহেতু যাজ্ঞবল্ক্য বলিয়াছেন যে, "স্মৃতির বিরোধ হইলে ব্যবহারানুসারে ন্যায়ের শাসনই বলবান্ বলিয়া গণ্য করিতে হইবে, এবং অর্থশাস্ত্রাপেক্ষা ধর্ম্মশাস্ত্র প্রদিত্ত ব্যবস্থা বলবান্ বলিয়া জানিবে।" এই বিচারানুসারে ধার্ত্তরাষ্ট্রগণ আততায়ী হইলেও, তাঁহাদিগকে বধ করিলে পাপস্পর্শ হইবে বলিয়া অর্জ্জুন বিবেচনা করিলেন। এই জন্যই তিনি সকাতরে বলিলেন,—"হে মাধব, অর্থাৎ লক্ষ্মীপতে, হে রমেশ! তুমি আমাকে লক্ষ্মীভ্রষ্ট পাপিষ্ঠ ঘৃণিত জনের ন্যায় হীন ও পাপ কার্য্যে প্রবৃত্ত করিও না। আমাকে লক্ষ্মীবান জনোচিত সাধুসম্মত সৎকার্য্যের পথ দেখাইয়া দেও। হে নারায়ণ! যখন কোনমাত্র ভূতের হিংসা সাধন করিলে পাপস্পর্শ হয়, তখন এই গুরুজন ও স্বজন সমূহের অঙ্গে অস্ত্রক্ষেপ করিয়া তাঁহাদের হিংসা করিলে অবশ্যই আমাদিগকে

মহাপাপগ্রস্ত হইতে হইবে। যে কার্য্যে এরূপ পাপ ও মনস্তাপের উদ্ভব হইবে, তাহাতে, হে পুরুষোত্তম! সুখের সম্ভাবনা কিছুই নাই, অতএব তাদৃশ জঘন্য কার্য্যের অনুষ্ঠান করিবার আর প্রয়োজন নাই।"

এই শ্লোকের এক চরণের অন্যরূপে অন্বয় করিতে পারা যায়। 'অস্মান্ হত্বা এতান্ আততায়িনঃ পাপং আশ্রয়েৎ।' অর্থাৎ ধার্ত্তরাষ্ট্রগণকে নিহত করিয়া আমাদের কোনই আনন্দ নাই, বরং আমরা তাদৃশ চিন্তা করিতেও হৃদয়-বেদনা অনুভব করিতেছি। কিন্তু তাঁহারা চিরদিন আমাদের সহিত যেরূপ ব্যবহার করিয়া আসিতেছেন, তাহাতে আমাদিগকে নিহত করা তাঁহাদের পরমানন্দের বিষয় এবং তাহাই তাঁহাদের সঙ্কল্প। আমাদিগকে বধ করিলে এই চিরন্তন পাপী দুর্য্যোধনাদিকে অধিকতর পাপগ্রস্ত হইতে হইবে; তদ্ভিন্ন তাঁহাদের কোন প্রকার সুখের উদ্ভব হইবে না। কারণ পাপানুষ্ঠান করিয়া কেহ কদাপি সুখের অধিকারী হয় না। আর আমরা যুদ্ধে বিরত থাকিব, সুতরাং আমাদের পাপ-সংস্পর্শ না হওয়ায়, আনন্দ লাভ ভিন্ন অন্য কোন প্রকার অনিষ্ট ঘটিবে না।

মনু বলিয়াছেন, "বেদঃ স্মৃতিঃ সদাচারঃ স্বস্য চ প্রিয়মাত্মনঃ। এতচ্চতুর্ব্বিধং প্রাহুঃ সাক্ষাদ্ধর্ম্মস্য লক্ষণম্॥" অর্থাৎ বেদ স্মৃতি শিষ্টাচার ও আত্মতুষ্টি ধর্ম্মের এই চারি প্রকার লক্ষণ সাক্ষাৎ প্রমাণ স্বরূপ। এজন্য অর্জ্জুন বলিতেছেন, "হে রমাপতে! আত্মীয়গণের বিরুদ্ধে এই সমর-কার্য্য বেদ-বিরুদ্ধ, সদাচার বিরুদ্ধ এবং যৎপরোনাস্তি আত্মগ্লানি প্রদায়ক। অতএব এতাদৃশ কর্ম্মের অনুষ্ঠান কদাপি ধর্ম্ম-সঙ্গত হইতে পারে না॥ ৩৬ ॥

—(০)—

যদ্যপ্যেতে ন পশ্যন্তি লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে চ পাতকম্॥ ৩৭॥
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভির্জনার্দ্দন!॥ ৩৮॥

অন্বয়।—যদি-অপি এতে লোভ উপহত-চেতসঃ (লোভাকৃষ্ট-বুদ্ধয়ঃ). কুল-ক্ষয়-কৃতং (বংশনাশকৃতং) দোষং মিত্রদ্রোহে (বন্ধু-হননে) চ পাতকং ন-পশ্যন্তি (তথাপি) জনার্দ্দন! কুল-ক্ষয়-কৃতং (বংশনাশজনিতং) দোষং প্রাপশ্যদ্ভিঃ (অনুভবদ্ভিঃ) অস্মাভিঃ অস্মাৎ পাপাৎ নিবর্ত্তিতুং কথং ন জ্ঞেয়ং ॥ ৩৭। ৩৮ ॥

প্রতিশব্দ।—যদি-ও এই-সকল লোভ দ্বারা-বিনষ্ট-বুদ্ধিগণ বংশ-নাশ-জনিত দোষ এবং বন্ধুহিংসা-জনিত পাপ না দেখিতেছে (তথাপি) নারায়ণ! কুল-ক্ষয়-জনিত দোষ দর্শন-কারী আমাদের এই পাপ-হইতে নিবৃত্তির-নিমিত্ত জ্ঞান কেন না হইবে॥ ৩৭। ৩৮ ॥

ব্যাখ্যা।—দুর্য্যোধনাদি ধার্ত্তরাষ্ট্রগণ লোভ কর্ত্তৃক হতবুদ্ধি হইয়া বংশনাশ ও আত্মীয়বিনাশ জনিত পাপের পরিমাণ স্থির করিতে পারিতেছেন না সত্য, কিন্তু আমরা সেই বংশনাশ পাপের পরিমাণ সম্পূর্ণ রূপে পরিজ্ঞাত হইয়া, কেন পূর্ব্ব হইতে তদ্বিষয়ে নিরস্ত না হইব? ॥ ৩৭। ৩৮ ॥

আনন্দগিরি।—কথং তর্হিং পরেষাং কুলক্ষয়ে স্বজনহিংসায়াঞ্চ প্রবৃত্তিস্তত্রাহ যদ্যপীতি। লোভোপহতবুদ্ধিত্বাৎ তেষাং কুলক্ষয়াদিপ্রযুক্তদোষপ্রতীত্যভাবাৎ প্রবৃত্তিবিস্রম্ভঃ সম্ভবতীত্যর্থঃ। পরেষামিবাস্মাকমপি প্রবৃত্তিবিস্রম্ভঃ সম্ভবেদিতি চেন্নেত্যাহ কথমিতি। কুলক্ষয়েতি। কুলক্ষয়ে মিত্রদ্রোহে চ দোষং প্রপশ্যদ্ভিরস্মাভিস্তদ্দোষশঙ্কিতং পাপং কথং ন জ্ঞাতব্যং তদজ্ঞানে তৎপরিহারাসম্ভবাদতোঽস্মাৎ পাপান্নিবৃত্ত্যর্থং তজ্‌জ্ঞানমপেক্ষিতমিতি পাপপরিহারার্থিনামস্মাকং ন যুক্তা যুদ্ধে প্রবৃত্তিরিত্যর্থঃ॥ ৩৭। ৩৮ ॥

শ্রীধর।—নন্থ চৈতেষামপি বন্ধুবধদোষে সমানে যথৈবৈতে বন্ধুবধমঙ্গীকৃত্যাপি যুদ্ধে প্রবর্ত্তন্তে তথৈব ভবানপি প্রবর্ত্ততাং কিমনেন বিষাদেনেত্যাহ যদ্যপীতি দ্বাভ্যাম্। রাজ্য-লোভেনোপহতং ভ্রষ্টবিবেকং চেতো যেষাং তে এতে দুর্য্যোধনাদয়ো যদ্যপি দোষং ন পশ্যন্তি। কথমিতি। তথাপ্যস্মাভির্দোষং প্রপশ্যদ্ভিরস্মাৎ পাপান্নিবর্ত্তিতুং কথং ন জ্ঞেয়ং নিবৃত্তাবেব বুদ্ধিঃ কর্ত্তব্যেত্যর্থঃ॥ ৩৭। ৩৮ ॥

বলদেব।—নন্থ "আহূতো ন নিবর্ত্তেত দ্যূতাদপি রণাদপি। বিদিতং ক্ষত্রিয়স্ত" ইতি ক্ষত্রধর্ম্মস্মরণাৎ, তৈরাহূতানাং ভবতাং যুদ্ধে প্রবৃত্তির্যুক্তেতি চেৎ তত্রাহ যদ্যপীতি দ্বাভ্যাং। পাপে প্রবৃত্তৌ লোভস্তেষাং হেতুরস্মাকন্তু লোভবিরহান্ন তত্র প্রবৃত্তিরিতি। ইষ্টসাধনতা-জ্ঞানং খলু প্রবর্ত্তকম্। ইষ্টঞ্চানিষ্টাননুবন্ধি বাচ্যং। যদুক্তম্। "ফলতোঽপি চ যৎ কর্ম্ম নানর্থে-নানুবধ্যতে। কেবলং প্রীতিহেতুত্বাৎ তদ্ধর্ম্ম ইতি কথ্যতে॥" ইতি। তথাচ "শ্যেনেনাভি-

চরন্ যজেত" * ইত্যাদিশাস্ত্রোক্তেঽপি শ্যেনাদাবিবানিষ্টানুবন্ধিত্বাদ্ যুদ্ধেঽস্মিন্ নঃ প্রবৃত্তির্ন যুক্তেতি। আহুত ইত্যাদি শাস্ত্রন্তু কুলক্ষয়দোষবিনাভূতবিষয়ং ভাবি। হে জনার্দ্দনেতি প্রাগ্‌বৎ ॥ ৩৭। ৩৮ ॥

মধুসূদন।—কথং তর্হি পরেষাং কুলক্ষয়ে স্বজনসিংহারাঞ্চ প্রবৃত্তিস্তত্রাহ যদ্যপীতি। লোভোপহতবুদ্ধিত্বাৎ তেষাং কুলক্ষয়াদিনিমিত্তদোষ প্রতিসন্ধানাভাবাৎ প্রবৃত্তিঃ সম্ভবতীত্যর্থঃ। অতএব ভীষ্মাদীনাং শিষ্টানাং বন্ধুবধে প্রবৃত্তত্বাচ্ছিষ্টাচারত্বেন বেদমূলত্বাদিতরেষামপি তৎপ্রবৃত্তিরুচিতেত্যপাস্তম্। হেতুদর্শনাচ্চেতি ন্যায়াৎ। তত্র হি লোভাদিহেতুদর্শনে বেদমূলত্বং ন কল্প্যত ইতি স্থাপিতম্। যদ্যপেতে ন পশ্যন্তি তথাপি কথমস্মাভির্ন জ্ঞেয়মিত্যুত্তরশ্লোকেন সম্বন্ধঃ। নন্বু যদ্যপ্যেতে লোভাৎ প্রবৃত্তাস্তথা "আহুতো ন নিবর্ত্তেত দ্যূতাদপি রণাদপি" ইতি "বিজিতং ক্ষত্রিয়স্য" ইত্যাদিভিঃ ক্ষত্রিয়স্য যুদ্ধং ধর্ম্মঃ, যুদ্ধার্জ্জিতঞ্চ ধর্ম্ম্যং ধনমিতি ধর্ম্মশাস্ত্রে নিশ্চয়াত্তবতাঞ্চ তৈরাহুতত্বাৎ যুদ্ধে প্রবৃত্তিরুচিতৈবেতি শঙ্কয়াহ অস্মাদিতি। অস্মাৎ পাপাৎ বন্ধুবধফলযুদ্ধরূপাৎ। অয়মর্থঃ শ্রেয়ঃসাধনতাজ্ঞানং হি প্রবর্ত্তকং, শ্রেয়শ্চ তৎ, যদশ্রেয়োঽননুবন্ধি অন্যথা শ্যেনাদীনামপি ধর্ম্মত্বাপত্তেঃ। তথাচোক্তং "ফলতোঽপি চ যৎ কর্ম্ম নানর্থেরনুবধ্যতে। কেবলপ্রীতিহেতুত্বাৎ তদ্ধর্ম্ম ইতি কথ্যতে॥" ইতি ততশ্চাশ্রেয়োঽননুবন্ধিতয়া শাস্ত্রপ্রতিপাদিতেঽপি শ্যেনাদাবিবাস্মিন্ যুদ্ধেঽপি নাস্মাকং প্রবৃত্তিরুচিতেতি ॥ ৩৭। ৩৮ ॥

নীলকণ্ঠ।—আততায়িনঃ, "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারহরশ্চৈব ষড়েতে আততায়িনঃ। আততায়িনমায়ান্তং হন্যাদেবাবিচারয়ন্। নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন॥" ইতি, যদ্যপ্যেবং তথাপি এতান্ হত্বা অস্মান্ পাপমেব আশ্রয়েৎ, আততায়িবধো হি অর্থশাস্ত্রবিহিতঃ, "ন হিংস্যাৎ সর্ব্বাভূতানি" ইতি তু ধর্ম্মশাস্ত্রম্, তচ্চ পূর্ব্বস্মাৎ প্রবলম্, যথোক্তং যাজ্ঞবল্ক্যেন—"স্মৃত্যোর্ব্বিরোধে ন্যায়স্তু বলবান্ ব্যবহারতঃ। অর্থশাস্ত্রাত্তু বলবদ্ধর্ম্মশাস্ত্রমিতি স্থিতিঃ॥" ইতি। অস্মান্ হত্বা এতান্ আততায়িনঃ পাপমেবাশ্রয়েদিত্যপরা যোজনা, তথা চ, এত এবাস্মদ্বধেন নশ্যন্তু নতু বয়মেতেষাং বধেন নশ্যাম ইতি ভাবঃ। নন্বু "আহুতো ন নিবর্ত্তেত দ্যূতাদপি রণাদপি" ইতি "বিজিতং ক্ষত্রিয়স্য" ইতি চ যুদ্ধাদনিবৃত্তিঃ হিংসয়া চ বৃত্তিঃ ক্ষত্রিয়স্যেষ্টা, তৎ কথং যুদ্ধান্নিবৃত্তিমিচ্ছসীত্যাশঙ্ক্যাহ কথমিতি। সা হি

* "শ্যেনেনাভিচরন্ যজেত" ইতি অথর্ব্ববেদোক্ত শ্রুতি। শ্যেন পক্ষিদ্বারা অভিচার কর্ম্ম করিবে। অথর্ব্ববেদোক্ত মন্ত্র যন্ত্রাদি নিষ্পাদিত মারণোচাটনাদি হিংসাত্মক কর্ম্মের নাম অভিচার। শত্রুহননের নিমিত্ত অভিচার কর্ম্ম অনুষ্ঠিত হয়। যথা মনু। "শ্রুতিরথর্ব্বাঙ্গিরসীঃ কুর্য্যাদিত্যবিচারয়ন্। বাক্‌শস্ত্রং বৈ ব্রাহ্মণস্য তেন হন্যাদরীন্ দ্বিজঃ॥" অর্থাৎ অথর্ব্ববেদোক্ত আঙ্গিরস মন্ত্রের দ্বারা বিনা বিচারে অভিচার কর্ম্মের অনুষ্ঠান করিবে। ব্রাহ্মণের বাক্যই অস্ত্র তদ্দ্বারা শত্রুসংহার করিবে। অভিচার ক্রিয়ায় শ্যেন মাংসে হোম করিতে হয়, এবং ফলস্বরূপে অভিপ্রেত শত্রুনাশ হয়। স্বার্থসাধনোদ্দেশে অভিচার কর্ম্মে নিরপরাধ শ্যেন-হনন যেরূপ পাপরূপে গণ্য, বর্ত্তমান ক্ষেত্রে স্বার্থসিদ্ধির নিমিত্ত স্বজনসংহার তদপেক্ষা অধিকতর পাপরূপে পরিগণিত হইবার যোগ্য।

লোভমূলিকা স্মৃতিঃ কুলক্ষয়দোষবিধিনা বাধ্যতে, যথা; ঔডুম্বরীং স্পৃষ্ট্বোদ্গায়েদিতি স্পর্শনবিধিনা বিরুদ্ধা সতী ঔডুম্বরী সর্ব্বা বেষ্টয়িতব্যেতি সর্ব্ববেষ্টনস্মৃতির্ব্বাধ্যতে লোভমূলত্বাৎ তদ্বৎ, ন হি বিধিমাত্রাৎ যৎকিঞ্চিৎ কর্ত্তব্যং শ্যেনাদীনামধর্ম্মরূপাণামপ্যবশ্যানুষ্ঠেয়ত্বাপত্তেঃ, তস্মাদ্যৎ ফলতো ন দুষ্যতি তদেব বিহিতং ধর্ম্মরূপমনুষ্ঠেয়ম্, যথোক্তম্ "ফলতোঽপি চ যৎ কর্ম্ম নানর্থেনানুবধ্যতে। কেবলং প্রীতিহেতুত্বাত্তদ্ধর্ম্ম ইতি কথ্যতে" ইতি। শ্যেনাদিবৎ পাপানুবন্ধিত্বাৎ যুদ্ধং ত্যাজ্যমেবেত্যর্থঃ॥ ৩৬। ৩৭। ৩৮॥

বিশ্বনাথ।—নন্বেতে তর্হি কথং যুদ্ধে বর্ত্তন্তে তত্রাহ যদ্যপীতি॥ ৩৭। ৩৮॥

তাৎপর্য্য।—মনু বলিয়াছেন,—"ঋত্বিক্‌পুরোহিতাচার্য্যৈর্মাতুলাতিথিসংশ্রিতৈঃ। বালবৃদ্ধাতুরৈর্বৈদ্যজ্ঞাতিসম্বন্ধিবান্ধবৈঃ॥ মাতাপিতৃভ্যাং যামীভির্ভ্রাত্রা পুত্রেণ ভার্য্যয়া। দুহিত্রা দাসবর্গেণ বিবাদং ন সমাচরেৎ॥" অর্থাৎ ঋত্বিক্, পুরোহিত, আচার্য্য, মাতুল, অতিথি, আশ্রিত, বালক, বৃদ্ধ, আতুর, বৈদ্য, জ্ঞাতি, বৈবাহিক, কুটুম্ব, মাতা, ভগিনী, ভ্রাতা, পুত্র, স্ত্রী, কন্যা এবং দাসবর্গের সহিত বিবাদ করিবে না। অর্জ্জুন দেখিলেন, এই সমরাঙ্গণে দ্রোণকৃপাচার্য্য প্রভৃতি আচার্য্য, শল্যশকুনি প্রভৃতি মাতুল, লক্ষণ ও তদীয় পুত্র প্রভৃতি বালক ভীষ্ম প্রভৃতি বৃদ্ধ, ধার্ত্তরাষ্ট্রগণ জ্ঞাতি, জয়দ্রথ প্রভৃতি কুটুম্ব; উপস্থিত রহিয়াছেন। যাঁহাদের সহিত বিরোধ পর্য্যন্ত শাস্ত্রনিষিদ্ধ তাদৃশ ব্যক্তিবর্গের অঙ্গে অস্ত্রক্ষেপ করিয়া তাঁহাদের প্রাণসংহার করা এই যুদ্ধের উদ্দেশ্য। অতএব তিনি সানুনয়ে বলিতে লাগিলেন,—"হে প্রলয়কারিন্! হে জননাশনরক্ষণক্ষম পরমেশ্বর! দুর্য্যোধনাদি আমাদের প্রতিপক্ষগণ রাজ্যলোভে নিতান্ত প্রলুব্ধ হইয়া হিতাহিত ও ধর্ম্মাধর্ম্মবোধবিরহিত হইয়াছেন। সেই জন্যই তাঁহারা কুলক্ষয় ও মিত্রদ্রোহ জনিত অবশ্যম্ভাবী পাপের কথা হৃদয়ঙ্গম করিতে পারিতেছেন না। কেবলমাত্র লোভবৃত্তির চরিতার্থতা সম্পাদন বাসনায়, ন্যায় ও ধর্ম্মসঙ্গত বাক্যে কর্ণপাত না করিয়া, সুহৃদ্ ও স্বজন বিনাশরূপ অতি গর্হিত পাপ কার্য্যে তাঁহারা প্রবৃত্ত হইয়াছেন। কিন্তু আমাদের মনে সম্প্রতি কোন প্রবৃত্তির অত্যধিক প্রাবল্য নাই। ন্যায়তঃ প্রাপ্য অন্যায়োপায়ে অপহৃত রাজ্য পুনরায় উদ্ধার করাই আমাদের একমাত্র বাসনা। সুতরাং পরবিত্ত অপহরণ, বা পরকীয় রাজ্য যে কোন উপায়ে গ্রহণ করিয়া আত্মবিত্ত বর্দ্ধন করিতে আমাদের লোভ নাই। অতএব প্রতিপক্ষগণের ন্যায় আমাদের বুদ্ধি ও জ্ঞান কলুষিত ও আচ্ছন্ন হয় নাই। অনুষ্ঠেয় কার্য্যের অবৈধতা সম্পূর্ণরূপে প্রণিধান করিয়া ও ফলাফল হৃদয়ঙ্গম করিয়া

যে ব্যক্তি নিন্দনীয় কার্য্যসাধনে প্রবৃত্ত হয়, তাহার ন্যায় পাষণ্ড ও নির্ব্বোধ আর কেহই নাই। সকল বিষয় পরিজ্ঞাত হইয়াও যদি আমরা এই দুষ্কৃতি সম্পাদনে নিরস্ত না হই, তাহা হইলে, আমরা অবশ্য মহাপাপী ও যৎ-পরোনাস্তি দুরাত্মারূপে পরিগণিত হইব। অতএব হে পাপাতীত পরম-পুরুষ! এ নিন্দনীয় যুদ্ধে নিবৃত্ত হওয়াই শ্রেয়ঃ, অকারণ কুলক্ষয় ও মিত্র-দ্রোহরূপ বিগর্হিত ব্যাপারে আর প্রয়োজন নাই। অর্জ্জুনের এবম্বিধ বিচার শাস্ত্র-বিরুদ্ধ নহে, ইহাই সপ্রমাণিত করিবার অভিপ্রায়ে টীকাকার-গণ শাস্ত্রীয় বচন ধৃত করিয়াছেন। আহূত হইলে ক্ষত্রিয়ের দ্যূত-ক্রীড়া ও যুদ্ধ হইতে নিরস্ত হইতে নাই। এস্থলে অর্জ্জুন যুদ্ধার্থ আহূত, সুতরাং যুদ্ধে প্রবৃত্ত হওয়াই তাঁহার পক্ষে বিধেয়। এইরূপ আশঙ্কা করিয়া অর্জ্জুন বিচার করিতেছেন যে, ক্ষত্রিয়ের পক্ষে তাদৃশ ব্যবস্থা থাকিলেও সর্ব্বত্র অবি-সংবাদিতরূপে তাহা কদাচ পালনীয় হইতে পারে না। যে হেতু যে কর্ম্মের পরিণাম ফল দূষণীয় নহে, তাহাই শ্রেয়স্কর ও ধর্ম্মকর্ম্ম, ইহাই শাস্ত্র-সঙ্গত বিধি। এই উপস্থিত যুদ্ধ-ব্যাপারের পরিণাম নিতান্ত অমঙ্গলময়। সুত-রাং একার্য্য অবশ্যই পরিত্যাজ্য। বৈদিক অভিচার-বিশেষে স্বার্থ-সিদ্ধির নিমিত্ত, শ্যেনপক্ষী সংহার যেরূপ নিন্দনীয় কার্য্য, এ যুদ্ধ-কার্য্যও তদ্রূপ নিন্দনীয় ॥ ৩৭। ৩৮ ॥

—:(০):—

কুলক্ষয়ে প্রণশ্যন্তি কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নমধর্ম্মোঽভিভবত্যুত॥ ৩৯॥

অন্বয়।—কুলক্ষয়ে সনাতনাঃ (পরম্পরপ্রাপ্তাঃ) কুলধর্ম্মাঃ প্রণশ্যন্তি উত ধর্ম্মে* নষ্টে কৃৎস্নং (সমগ্রং) কুলং অধর্ম্মঃ † অভিভবতি (গ্রসতি) ॥ ৩৯ ॥

* ধর্ম্ম।—"পুণ্যং শ্রেয়ঃ সুকৃতং বৃষঃ" ইত্যমরঃ। "ব্রহ্মচর্য্যেণ সত্যেন তপসা চ প্রবর্ত্ততে। দানেন নিয়মেনাপি ক্ষমাশৌচেন বল্লভ॥ অহিংসয়া সুশান্ত্যা চ অস্তেয়েনাপি বর্ত্ততে॥ এতৈর্দশভিরঙ্গৈস্তু ধর্ম্মমেব প্রসূচয়েৎ॥" ইতি পদ্মপুরাণ। অন্যচ্চ—"অদ্রোহশ্চাপ্যলোভশ্চ দমো ভূতদয়া তপঃ। ব্রহ্মচর্য্যং ততঃ সত্যমনুক্রোশঃ ক্ষমা ধৃতিঃ। সনাতনস্য ধর্ম্মস্য মূলমেতদ্দুরাসদম্॥" ইতি মৎস্যপুরাণ।

† যুদ্ধ, আত্মীয়বিনাশ, মিত্রদ্রোহ ইত্যাদি সমস্ত ব্যাপারই ধর্ম্মবিরোধী। ক্ষমা, অহিংসা, সুশান্তি, অদ্রোহ, ভূতদয়া, ইত্যাদি ধর্ম্মসঙ্গত সকল ব্যবহারই উপস্থিত যুদ্ধে বিরোধ ঘটিতেছে। সুতরাং এ কার্য্য অধর্ম্মজনক বলিয়া অর্জ্জুন যে আশঙ্কা করিতেছেন, তাহা প্রমাণ-বিহীন নহে।

প্রতিশব্দ।—বংশনাশে চিরাগত কুল-প্রচলিত-ধর্ম্মসকল ধ্বংস-হয় আর ধর্ম্ম নষ্ট-হইলে সকল কুল অধর্ম্ম প্রাপ্ত-হয়॥ ৩৯॥

ব্যাখ্যা।—বংশনাশ ঘটিলে পিতৃপিতামহাদি পরম্পরাগত কুল প্রচলিত নিয়ম ও আচারসমূহ বিনষ্ট হয় এবং ক্রমশঃ বংশ অধর্ম্মগ্রস্ত হইয়া পড়ে॥ ৩৯॥

আনন্দগিরি।—কোঽসৌ কুলক্ষয়ে দোষো যদ্দর্শনাদস্মাকং যুদ্ধাদুপরতিরপেক্ষ্যতে তত্রাহ কুলেতি। কুলস্য হি ক্ষয়ে কুলসম্বন্ধিনশ্চিরন্তনা ধর্ম্মাস্তত্তদগ্নিহোত্রাদি * ক্রিয়াসাধ্যা নাশমুপযান্তি কর্ত্তুরভাবাদিত্যর্থঃ। ধর্ম্মনাশেঽপি কিং স্যাদিতি চেৎ তত্রাহ ধর্ম্ম ইতি। কুল-প্রযুক্তে ধর্ম্মে কুলনাশাদেব নষ্টে কুলক্ষয়করস্য কুলপরিশিষ্টমখিলমপি তদীয়োঽধর্ম্মোঽভি-ভবত্যধর্ম্মভূয়িষ্ঠং তস্য কুলং ভবতীত্যর্থঃ॥ ৩৯॥

শ্রীধর।—তমেব দোষং দর্শয়তি কুলক্ষয় ইত্যাদি। সনাতনাঃ পরম্পরাপ্রাপ্তাঃ, উত অপি। অবশিষ্টং কৃৎস্নমপি কুলং অধর্ম্মোঽভিভবতি প্রাপ্নোতীত্যর্থঃ॥ ৩৯॥

বলদেব।—দোষমেব প্রপঞ্চয়তি কুলক্ষয়ে ইতি। কুলধর্ম্মাঃ কুলোচিতা অগ্নি-হোত্রাদয়ো ধর্ম্মাঃ, সনাতনাঃ কুলপরম্পরাপ্রাপ্তাঃ, প্রণশ্যন্তি কর্ত্তৃবিনাশাৎ। উতেত্যপ্যর্থে কৃৎস্নমিত্যনেন সম্বধ্যতে। ধর্ম্মে নষ্টে সত্যবশিষ্টং বালাদিকৃৎস্নমপি কুলমধর্ম্মোঽভিভবতি প্রসতীত্যর্থঃ॥ ৩৯॥

মধুসূদন।—এবঞ্চ বিজয়াদীনামশ্রেয়স্ত্বেনানাকাঙ্ক্ষিতত্বাৎ ন তদর্থং প্রবর্ত্তিতব্যমিতি প্রত্যুয়িতুমনর্থানুবন্ধিত্বেনাশ্রেয়স্ত্বমেব প্রপঞ্চয়ন্নাহ কুলক্ষয় ইতি। সনাতনাঃ পরম্পরাপ্রাপ্তাঃ, কুলধর্ম্মাঃ কুলোচিতা ধর্ম্মাঃ, কুলক্ষয়ে প্রণশ্যন্তি কর্ত্তৃরভাবাৎ। উত অপি, অগ্নিহোত্রাদ্যনুষ্ঠাতৃ-

---

* অগ্নিহোত্রেতি।—যজ্ঞবিশেষঃ, তচ্চ মাসসাধ্যং যাবজ্জীবনসাধ্যঞ্চ। দ্বিতীয়ে বিশেষোঽয়ং। তদগ্নৌ যাবজ্জীবং প্রত্যহং প্রাতঃসায়ং হবনং। তদগ্নিনা যাগকর্ত্তুর্দাহশ্চ। ইতি স্মৃতিঃ। ব্রাহ্মণ-ক্ষত্রিয় বৈশ্যানাং কৃতদারপরিগ্রহাণাং কাণখঞ্জবধিরত্বপঙ্গুত্বাদিদোষরহিতানাং বর্ণক্রমেণ বসন্ত গ্রীষ্ম-শরৎসু অগ্ন্যাধানং বিহিতং। অগ্নয়স্ত্রয়ঃ, গার্হপত্যঃ, দক্ষিণাগ্নিঃ, আহবনীয়ঃ। এবামাধানং নাম দেশবিশেষে তত্তন্মন্ত্রৈঃ স্থাপনম্। তেষগ্নিষু সায়ংকালে প্রাতঃকালে চ অগ্নিহোত্রহোমঃ কর্ত্তব্যঃ। অগ্নিহোত্রং নাম হোমস্য নামধেয়ং। অগ্নয়ে হোত্রং হোমো যস্মিন কর্ম্মণীতি ব্যধিকরণবহুব্রীহিঃ। তথাচ গোভিলীয়গৃহ্যসূত্রে প্রথমপ্রপাঠক। অথাতো গৃহ্যাকর্ম্মাণ্যুপদেক্ষ্যামঃ। ব্রহ্মচারী বেদমধীত্যান্ত্যাং সমিধমভ্যাধাস্যন্। জায়ায়া বা পাণিং জিঘৃক্ষাং স যদেবাস্ত্যাং সমিধমভ্যাদধাতি জায়ায়া বা পাণিং জিঘৃক্ষাং জুহোতি তমভিসংযচ্ছেৎ। স এবাস্য গৃহ্যোঽগ্নি-র্ভবতি। ভগবান্ গোভিলাচার্য্য গৃহ্যকর্ম্মের সূত্র নির্দ্দেশ করিতে আরম্ভ করিয়া, প্রথমতঃ অগ্নিহোত্রাদি কার্য্যের নিমিত্ত অগ্নিপ্রণয়ন বিধি করিতেছেন। ব্রহ্মচারী বেদাধ্যয়ন পূর্ব্বক শেষ সমিধ আহুত করিতে উদ্যত হইয়া অথবা পত্নী-পাণিগ্রহণাভিলাষী হইয়া অগ্নি আহরণ পূর্ব্বক যাহাতে শেষসমিধ আহুতি করিবে, অথবা পাণিগ্রহণকালে লাজ হোম যাহাতে সম্পন্ন করিবে সেই অগ্নি সযত্নে সংরক্ষণীয়। তাহাই তাহার গৃহ্যাগ্নি। তাহাতেই যাবজ্জীবন সায়ং প্রাতঃ হোম করিতে হইবে।

পুরুষনাশেন ধর্ম্মে নষ্টে (জাত্যভিপ্রায়মেকবচনম্) অবশিষ্টং বালাদিরূপং কৃৎস্নমপি কুলং অধর্ম্মোঽভিভবতি স্বাধীনতয়া ব্যাপ্নোতি। উতশব্দঃ কৃৎস্নপদেন সম্বধ্যতে॥ ৩৯॥

তাৎপর্য্য।—এইরূপ আত্মীয় বিনাশ করিয়া যুদ্ধে বিজয়-লাভ-জনিত ফল কদাপি শ্রেয়স্কর হইতে পারে না; তাহা হইতে পরিণামে নানাবিধ অনর্থের উদ্ভব হইবে বিবেচনায়, অর্জ্জুন তাহা প্রার্থয়িতব্য নহে বলিয়া অনুমান করিলেন এবং স্বকীয় অভিপ্রায় সমর্থনার্থ বলিতে লাগিলেন, কুলক্ষয় হইলে স্বতঃই কুলধর্ম্ম বিনষ্ট হইয়া থাকে। ধর্ম্ম যাঁহারা রক্ষা করিয়া আসিতেছেন, কুলাগত ধর্ম্মের মর্ম্ম যাঁহারা সম্যক্‌রূপে পরিজ্ঞাত আছেন, এরূপ কুলক্ষয় ব্যাপারে, তাদৃশ অভিজ্ঞজনগণেরও জীবননাশ সম্ভাবিত। সেই সকল প্রবীণ ও সুবিজ্ঞজনগণের অভাবে, বংশের অবশিষ্ট জনগণ সুশিক্ষালাভে বঞ্চিত হইবে এবং ক্রমশঃ জ্ঞান ও বুদ্ধির অবনতি হেতু উত্তরোত্তর উচ্ছৃঙ্খল ও উন্মার্গগামী হইয়া পতিত, অধর্ম্মক্রান্ত ও হীনদশাপন্ন হইবে। অপালন ও অজ্ঞতা হেতু ক্রমশঃ কুলাগত ধর্ম্ম-সমূহ বিনষ্ট ও স্মৃতি-পথাতীত বিষয়স্বরূপে পরিণত হইবে। অগ্নিহোত্রাদি বেদ-বিহিত ধর্ম্ম-কর্ম্ম সমূহ, কর্ত্তার অভাবে, বিলুপ্ত হইয়া পড়িবে। এইরূপে ধর্ম্মাবলম্বী সাধুবংশ কাল সহকারে অধার্ম্মিক ও অসাধু হইয়া পড়িবে॥৩৯॥

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ! প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয়! জায়তে বর্ণসঙ্করঃ॥ ৪০॥

অন্বয়।—কৃষ্ণ! অধর্ম্ম-অভিভবাৎ কুল-স্ত্রিয়ঃ প্রদুষ্যন্তি (দোষং প্রাপ্নুবন্তি) বার্ষ্ণেয়! দুষ্টাসু স্ত্রীষু (সতীষু) বর্ণসঙ্করঃ* জায়তে॥ ৪০॥

* বর্ণসঙ্কর ইতি।—যাজ্ঞবল্ক্য উবাচ। "বক্ষ্যে সঙ্করজাত্যাদি গৃহস্থাদিবিধিং পরম্। বিপ্রান্মূর্দ্ধাবসিক্তো হি ক্ষত্রিয়ায়াং বিশঃ স্ত্রিয়াম্। জাতোঽম্বষ্ঠস্তু শূদ্রায়াং নিষাদঃ পারশবোঽপি বা। মাহিষ্যোগ্রৌ প্রজায়েতে বিট্‌শূদ্রাঙ্গনয়োর্নৃপাৎ। বৈশ্যাৎ শূদ্রাচ্চ রাজন্যাঃ মাহিষ্যোগ্রৌ সুতৌ স্মৃতৌ। শূদ্রায়াং করণো বৈশ্যাদ্ বিন্নাস্ এষ বিধিঃ স্মৃতঃ। ব্রাহ্মণ্যাং ক্ষত্রিয়াৎ সূতো বৈশ্যাদ্বৈদেহকস্তথা। শূদ্রাজ্জাতস্তু চাণ্ডালঃ সর্ব্বধর্ম্মবহিষ্কৃতঃ। ক্ষত্রিয়া মাগধং বৈশ্যাৎ শূদ্রাৎ ক্ষত্তারমেব চ। শূদ্রাদায়োগবং বৈশ্যা জনয়ামাস বৈ সুতং। মাহিষ্যেণ করণ্যান্তু রথকারঃ প্রজায়তে। অসংস্কৃতাশ্চ বিজ্ঞেয়াঃ প্রতিলোমানুলোমজাঃ।" ইতি গারুড়ে

প্রতিশব্দ।—গোবিন্দ! অধর্ম্ম-প্রাপ্তি-হইতে কুলবালা-সকল দূষিতা হয় যাদব! ললনাকুল ব্যভিচারিণী (হইলে) মিশ্রজাতি জন্মে ॥ ৪০ ॥

ব্যাখ্যা।—হে বৃষ্ণিবংশ-সম্ভূত-নারায়ণ! বংশে অধর্ম্ম প্রবেশ করিলে ক্রমশঃ কুলবালাগণ কুলটা হইয়া থাকে এবং নারীগণ ভ্রষ্টা হইলে সঙ্কর জাতির উৎপত্তি হয় ॥ ৪০ ॥

আনন্দগিরি।—কুলক্ষয়কৃতেঽবশিষ্টকুলস্যাধর্ম্মপ্রবণত্বে কো দোষঃ স্যাদিতি তত্রাহ অধর্ম্মেতি। পাপপ্রচুরে কুলে প্রসূতানাং স্ত্রীণাং প্রদুষ্টত্বে কিং প্রত্যুত তত্রাহ স্ত্রীষিতি ॥ ৪০ ॥

শ্রীধর।—ততশ্চ অধর্ম্মাভিভবাদিত্যাদি ॥ ৪০ ॥

বলদেব।—ততশ্চাধর্ম্মাভিভবাদিতি। অস্মদ্ভর্ত্তৃভির্ধর্ম্মমুল্লঙ্ঘ্য যথা কুলক্ষয়লক্ষণে পাপে বর্ত্তিতং, তথাস্মাভিঃ পাতিব্রত্যমবজ্ঞায় দুরাচারে বর্ত্তিতব্যমিতি দুর্ব্বুদ্ধিহতাঃ কুলস্ত্রিয়ঃ প্রদুষ্যেয়ুরিত্যর্থঃ ॥ ৪০ ॥

মধুসূদন।—অস্মদীয়ৈঃ পতিভির্ধর্ম্মমতিক্রম্য কুলক্ষয়ঃ কৃতশ্চেদস্মাভিরপি ব্যভিচারে কৃতে কো দোষঃ স্যাদিত্যেবং কুতর্কহতাঃ কুলস্ত্রিয়ঃ প্রদুষ্যেয়ুরিত্যর্থঃ। অথবা কুলক্ষয়কারি-পতিতপতিসম্বন্ধাদেব স্ত্রীণাং দুষ্টত্বম্ ॥ "আশুদ্ধেঃ সংপ্রতীক্ষ্যো হি মহাপাতকদূষিতঃ।" ইত্যাদি স্মৃতেঃ ॥ ৪০ ॥

নীলকণ্ঠ।—কুলক্ষয় ইতি। প্রণশ্যন্তি অনুষ্ঠাতৄণাং বৃদ্ধানামভাবাদবশিষ্টং বালাদিরূপং বংশং ধর্ম্মলোপাদধর্ম্মোঽভিভবতি। অধর্ম্মেতি। দুষ্টাসু পুত্রার্থং বর্ণান্তরমুপাসীনাসু ॥৩৯।৪০॥

বিশ্বনাথ।—কুলক্ষয় ইতি। সনাতনাঃ কুলপরম্পরাপ্রাপ্তত্বেন বহুকালতঃ প্রাপ্তা ইত্যর্থঃ। প্রদুষ্যন্তীতি। অধর্ম্ম এব তা ব্যভিচারে প্রবর্ত্তয়তীতি ভাবঃ ॥ ৩৮।৩৯।৪০ ॥

অধ্যায়। বিপ্র হইতে ক্ষত্রিয়ার গর্ভে মূর্দ্ধাবসিক্ত জাতি, বৈশ্যাতে অম্বষ্ঠ, শূদ্রাতে নিষাদ ও পারশব। ক্ষত্রিয় হইতে বৈশ্যা ও শূদ্রাঙ্গনাতে মাহিষ্য ও উগ্র (আগুরি) জাতি জন্মগ্রহণ করে। শূদ্র হইতে বৈশ্যা ও ক্ষত্রিয়াতে মাহিষ্য ও উগ্রজাতি উৎপন্ন হয়। বৈশ্য হইতে শূদ্রাতে করণ জাতি উৎপন্ন হয়। ব্রাহ্মণীতে ক্ষত্রিয় হইতে সূত জাতি এবং বৈশ্য হইতে বৈদেহক জাতি জন্মে। ব্রাহ্মণীতে শূদ্র হইতে চণ্ডাল জাতি উৎপন্ন হয়। ক্ষত্রিয়ের গর্ভে বৈশ্য হইতে মাগধ জাতি, শূদ্রার গর্ভে বৈশ্য হইতে ক্ষত্ত্ জাতি জন্মগ্রহণ করে। শূদ্র হইতে বৈশ্যার গর্ভে আয়োগব জাতি হইয়াছে। উক্ত মাহিষ্য হইতে করণীর গর্ভে রথকার জন্মিয়াছে। অনুক্ত বর্ণসঙ্কর জাতি প্রতিলোমজ ও অনুলোমজ জানিবে। বেণ রাজার সময়ে বর্ণসঙ্করের উদ্ভব হয়। যথা, "অয়ং দ্বিজৈর্হি বিদ্বদ্ভিঃ পশুধর্ম্মো বিগর্হিতঃ। মনুষ্যাণামপি প্রোক্তো বেণে রাজ্যং প্রশাসতি॥ স মহীমখিলাং ভুঞ্জন্ রাজর্ষিপ্রবরঃ পুরা। বর্ণানাং সঙ্করং চক্রে কামোপহতচেতনঃ ॥" মনুসংহিতা। অর্থাৎ ইন্দ্রিয় প্রবৃত্তির প্রাবল্যহেতু বিলুপ্ত জ্ঞান বেণ রাজার সময়ে এই নিষিদ্ধ পশু ব্যবহার প্রচলিত হইয়া বর্ণ সঙ্করের উদ্ভব হইয়াছে।

তাৎপর্য্য।—পুরুষগণ আচার-ভ্রষ্ট ও ধর্ম্ম-হীন হইলে কুলকামিনীগণ মনে মনে নানাপ্রকার কুতর্ক করিতে থাকিবে এবং স্বামী বা অভিভাবকগণ যদি ধর্ম্মত্যাগী ও বিপথগামী হইয়া থাকেন, তবে আমরাই বা কেন স্বাধীন ভাবে স্বেচ্ছানুরূপ-পথে বিচরণ না করিব, ইত্যাদিরূপ কল্পনা করিতে থাকিবে। অপিচ কুমার্গগামী স্বধর্ম্মত্যাগী স্বামী, ভ্রাতা, পিতা প্রভৃতি স্বজনগণের কুদৃষ্টান্তের অনুকরণে কামিনীগণ অবশ্যই নানাপ্রকার পাপ-পঙ্ক-পরিলিপ্তা হইবে। কুলকামিনীগণ বিপথগামিনী হইলে নিশ্চয়ই জারজ সন্তানের আবির্ভাব হইবে এবং বংশের মহিমা এককালে উৎসন্ন হইয়া যাইবে। হৃদয়ের এই বিষাদজনক কল্পনাপ্রসূত নিদারুণ বেদনা নিবেদন করিবার নিমিত্ত, অর্জ্জুন নারায়ণকে "কৃষ্ণ" এই অতি প্রিয়, মধুর ও প্রেমপূর্ণ নামে সম্বোধন করিলেন। কৃষ্ণের বৃষ্ণিবংশে জন্ম, তিনি যদুকুলপতি, কুলাগত মহিমা সংরক্ষণে তিনি সতত সচেষ্ট ইত্যাদি বিষয় সমূহ স্বয়ং স্মরণ করিয়া এবং নারায়ণকেও তৎসমস্ত স্মরণ করাইবার অভিপ্রায়ে, অর্জ্জুন তাঁহাকে "বার্ষ্ণেয়" বলিয়া সম্বোধন করিলেন ॥ ৪০ ॥

—•:(*):•—

সঙ্করো নরকায়ৈব কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরো হ্যেষাং লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ ॥৪১॥

অন্বয়।—সঙ্করঃ কুলঘ্নানাং (কুল নাশকানাং) কুলস্য চ নরকায়* (নরক পাতায়) এব এষাং পিতরঃ হি লুপ্ত-পিণ্ড-উদক-ক্রিয়াঃ† (সন্তঃ) পতন্তি ॥ ৪১ ॥

---

* নরক।—পাপিনাং মরণোত্তরকালে যাতনাসঙ্কুলং নিবাসস্থানম্। "উর্দ্ধোর্দ্ধে নরকাঃ শঙ্কু কোটাঃ পঞ্চাশমানতঃ। চত্বারিংশন্মিতং তেষাং প্রধানং তন্নিবোধত।" ইত্যাদি দেবী পুরাণীয়বর্ণনায় নরক বর্ণনা পরিদৃষ্ট হয়। বরাহ পুরাণে লিখিত আছে, "অহিংসকা ন গচ্ছন্তি ব্রহ্মচর্য্যব্যবস্থিতাঃ।" এবং স্থানান্তরে লিখিত আছে, "নাস্মিচিন্নরকং যাতি ন সৎপুত্রী ন ভূমিদঃ।" পদ্মপুরাণে লিখিত আছে, "প্রাণিহিংসাপ্রবৃত্তাশ্চ তে বৈ নিরয়গামিনঃ।" বিষ্ণুপুরাণে লিখিত আছে, "পাপকৃদযাতি নরকং প্রায়শ্চিত্তপরাঙ্মুখঃ।" ইত্যাদি শাস্ত্রোক্তি সমূহ দ্বারা সপ্রমাণিত হইতেছে যে, অর্জ্জুনের আশঙ্কা অমূলক নহে, এবং যুদ্ধাদি প্রাণিহিংসা ব্যাপার, কুলক্ষয় জনিত সৎপুত্রের অভাব, ধর্ম্মজ্ঞান ও শিক্ষার অভাব জনিত প্রায়শ্চিত্ত-বিমুখতা ইত্যাদি সকল কারণই নরকপ্রদ।

† "পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রো বা ভ্রাতা বা ভ্রাতৃসন্ততিঃ। সপিণ্ডসন্ততির্বাপি ক্রিয়ার্হা নৃপ জায়তে॥ তেষামভাবে সর্বেষাং সমানোদকসন্ততিঃ।" মাতৃপক্ষস্য পিণ্ডেন সংবদ্ধা যে জলেন বা। কুলদ্বয়েহপি চোৎসন্নে

প্রতিশব্দ।—বর্ণ সঙ্কর কুলনাশকদিগের এবং কুলের নরক-নিমিত্ত-ই ইহাদের পিতৃগণ নিশ্চয় পিণ্ড-জল-হীন (হইয়া) পতিত হয় ॥ ৪১॥

স্ত্রীভিঃ কার্য্যা ক্রিয়া নৃপ। সংঘাতান্তর্গতৈর্বাপি কার্য্যাঃ প্রেতস্য বাঃ ক্রিয়াঃ॥" ইত্যাদি বিষ্ণুপুরাণান্তর্গত শ্রাদ্ধাধিকারীর নির্ণয় দ্রষ্টব্য। কুলক্ষয়ে শ্রাদ্ধ সম্পর্কিত লোকের অভাব ঘটিলে অগত্যা পিতৃপুরুষদিগের পিণ্ড তর্পণাদি বন্ধ হইবে।

মনু বলিয়াছেন,—"অপত্যং ধর্ম্মকার্য্যাণি শুশ্রূষা রতিরুত্তমা। দারাধীনস্তথা স্বর্গঃ পিতৄণামাত্মনশ্চ হ॥" অর্থাৎ অপত্য উৎপাদন, ধর্ম্মকার্য্য সম্পাদন, পরিচর্য্যা, উত্তমা রতি, স্বকীয় এবং পিতৃগণের স্বর্গ এ সকলই স্ত্রীগণের অধীন। স্ত্রীগণ ব্যভিচারিণী হইলে এবং কুলক্ষয় হেতু ক্ষেত্রাধিকারী স্বরূপ তাহাদের স্বামী নির্ণয় না থাকিলে সেই ভ্রষ্টা নারীর গর্ভজাত সন্তান কাহার হইবে তাহার স্থিরতা থাকে না। অনিযুক্তাক্ষেত্রে যে বীজ উপ্ত হয় তাহা বীজিরই হইয়া থাকে। তদযথা মনু;—"বিশিষ্টং কুত্রচিদ্বীজং স্ত্রীযোনিস্ত্বেব কুত্রচিৎ। উভয়ন্তু সমং যত্র সা প্রসূতিঃ প্রশস্যতে॥" এই বচনের টীকায় শ্রীমৎ কুল্লুক ভট্ট লিখিয়াছেন। "কচিদ্বীজং প্রধানং জাতো যে অনিযুক্তায়ামিতি ন্যায়েনোৎপন্নো বীজিনো বুধ এব সোমস্য, তথা ব্যাস-ঋষ্যশৃঙ্গাদয়ো বীজিনামেব সুতাঃ।" কচিৎ ক্ষেত্রস্য প্রাধান্যং, "যথাস্ত্যন্যজঃ প্রমীতস্য" ইতি বক্ষ্যতি। অতএব বিচিত্রবীর্য্য-ক্ষেত্রে ক্ষত্রিয়ায়াং ব্রাহ্মণোৎপাদিতা অপি ধৃতরাষ্ট্রাদয়ঃ ক্ষত্রিয়াঃ ক্ষেত্রিণঃ এব পুত্রা বভূবুঃ ইত্যাদি।" অর্থাৎ অনিযুক্ত স্থলে জাত সন্তান বীজির হয়। যেমন চন্দ্রের ঔরসে তদীয় গুরুপত্নী তারার গর্ভজাত বুধ চন্দ্র-তনয় রূপে পরিচিত এবং পরাশরের ঔরসে ধীবর-নন্দিনী সত্যবতীর গর্ভজাত ব্যাস ব্রাহ্মণরূপে খ্যাত। নিযুক্তাস্থলে জাত অপত্য ক্ষেত্রপতির হইয়া থাকে। যেমন বিচিত্রবীর্য্যের পত্নীদ্বয়ের গর্ভে ব্যাসের ঔরসজাত ধৃতরাষ্ট্র ও পাণ্ডু ক্ষত্রিয়রূপে খ্যাত। সুতরাং ভ্রষ্টা স্ত্রীর গর্ভে উক্ত বীজ নিরূপিত না থাকায় এবং অনিযুক্তা বিধায়, সন্তান অনিশ্চিত-পিতৃক হইবে। অতএব পূর্ব্বোক্ত বিষ্ণুপুরাণীয় বচনানুসারে পিণ্ডাধিকারীর নিশ্চয় থাকিবে না। অপিচ মনু বলিয়াছেন, "ইয়ং ভূমির্হি ভূতানাং শাশ্বতী যোনিরুচ্যতে। নচ যোনিগুণান্ কাংশ্চিদ্বীজং পুষ্যতি পুষ্টিষু॥ ভূম্যাবপ্যেককেদারে কালোপ্তানি কৃষীবলৈঃ। নানারূপাণি জায়ন্তে বীজানীহ স্বভাবতঃ। ব্রীহয়ঃ শালয়ো মুদ্গাস্তিলা মাষাস্তথা যবাঃ। যথা বীজং প্ররোহন্তি লশুনানীক্ষবস্তথা। অন্যদুপ্তং জাতমন্যদিত্যেতন্নোপপদ্যতে॥ উপ্যতে যদ্ধি যদ্বীজং তত্তদেব প্ররোহতি॥" অর্থাৎ ক্ষেত্র যাবতীয় উদ্ভিদের উৎপত্তির কারণ হইলেও, সকলই বীজ-ধর্ম্ম প্রাপ্ত হয়। ক্ষেত্রের নানাস্থানে নানা বীজ উপ্ত হইলেও, ফল সকল ক্ষেত্র ধর্ম্ম প্রাপ্ত হয় না, বিভিন্ন প্রকার বীজধর্ম্মই প্রাপ্ত হয়। একক্ষেত্রে ব্রীহি, শালি, মুগ, মাষ, লশুন, ইক্ষু প্রভৃতি উপ্ত হইলে সকলে স্ব স্ব ধর্ম্ম বিশিষ্ট হয়, ক্ষেত্র ধর্ম্ম প্রাপ্ত হয় না। সুতরাং বীজেরই প্রাধান্য কীর্ত্তিত হইল। অতএব নীচব্যক্তিগণের সংযোগে উত্তরোত্তর নীচ ভাবাপন্ন সন্তান জন্মিবে এবং বংশের ধর্ম্ম, নিয়ম ও আচার সকলই বিলুপ্ত হইবে। এইরূপে এই যুদ্ধ জনিত কুলক্ষয় হইতে ইহলৌকিক ও পারলৌকিক মহানর্থের উৎপত্তি হইবে।

পিণ্ড।—মৃত পিত্রাদির উদ্দেশ্যে দেয় শ্রাদ্ধ-শেষ হবিষ্যান্নাদি নির্ম্মিত বিল্বফলাকার অন্ন। "শ্রাদ্ধার্থান্ন-বিষোৎসর্গাদেঃ সর্ব্বাংশং যাবদুক্তক্ষ্যমোদনব্যঞ্জনাদি ততোঽন্নং গৃহীত্বা যদগ্নৌ করণশেষেণ সহ সম্বীয় মিশ্রীকৃত্য পিণ্ডদানমারভেত।" "মধ্বাজ্যতিলসংযুক্তং সর্ব্বব্যঞ্জনসংযুতম্। উষ্ণমাদায় পিণ্ডন্তু কৃত্বা বিল্বফলোপমম্॥ দদ্যাৎ" ইত্যাদি শ্রাদ্ধতত্ত্ব। অন্নাভাবেও অন্য পদার্থে পিণ্ড হইতে পারে, তাহার প্রমাণ রামায়ণে আছে। যথা; ইঙ্গুদং বদরোন্মিশ্রং পিণ্যাকং দর্ভসংস্তরে। ন্যস্য পিণ্ডং সতো রাম ইদং বচনমব্রবীৎ। ইদং ভুঙ্ক্ষ্ব মহারাজ প্রীতো যদশনা বয়ম্। যদন্নাঃ পুরুষা রাজংস্তদন্নাঃ পিতৃদেবতাঃ॥"

ব্যাখ্যা।—বর্ণসঙ্করগণ কুলনাশকদিগকে এবং সেই কুলকেও নরকস্থ করে; তাহাদের পিতৃপিতামহাদি শ্রাদ্ধ-তর্পণ বিরহিত হইয়া পতিত-দশা প্রাপ্ত হয় ॥ ৪১ ॥

আনন্দগিরি।—বর্ণসঙ্করস্য দোষপর্য্যবসায়িতামাদর্শয়তি সঙ্কর ইতি। কুলক্ষয়-করাণাং দোষান্তরং সঞ্চিনোতি পতন্তীতি। কুলক্ষয়কৃতাং পিতরো নিরয়গামিনঃ সম্ভবন্তী-ত্যত্র হেতুমাহ লুপ্তেতি। পুত্রাদীনাং কর্তৃণামভাবাৎ লুপ্তাঃ পিণ্ডস্যোদকস্য চ ক্রিয়া যেষাং তে তথা। ততশ্চ প্রেতত্বপরাবৃত্তিকারণাভাবান্নরকপতনমেবাবশ্যকমাপতেদিত্যর্থঃ ॥ ৪১ ॥

শ্রীধর।—এবং সতি সঙ্কর ইত্যাদি। এষাং কুলঘ্নানাং পিতরঃ পতন্তি, হি যস্মাৎ, লুপ্তাঃ পিণ্ডোদকক্রিয়া যেষাং তে তথা ॥ ৪১ ॥

বলদেব।—কুলস্য সঙ্করঃ কুলঘ্নানাং নরকায়ৈবেতি যোজনা। ন কেবলং কুলঘ্ন এব নরকে পতন্তি কিন্তু তৎপিতরোঽপীত্যাহ পতন্তীতি। হির্হেতৌ। পিণ্ডাদিদাতৃণাং পুত্রাদীনামভাবাদ্বিলুপ্তপিণ্ডাদিক্রিয়াঃ সন্তস্তে নরকায়ৈব পতন্তি ॥ ৪১ ॥

মধুসূদন।—কুলস্য সঙ্করশ্চ কুলঘ্নানাং নরকায়ৈব ভবতীত্যন্বয়ঃ। ন কেবলং কুলঘ্না-নামেব নরকপাতঃ কিন্তু তৎপিতৃণামপীত্যাহ পতন্তীতি। হিশব্দোঽপ্যর্থে হেতৌ বা। পুত্রা-দীনাং কর্তৃণামভাবাৎ। লুপ্তাঃ পিণ্ডস্যোদকস্য চ ক্রিয়া যেষাং তে তথা। কুলঘ্নানাং পিতরঃ পতন্তি নরকায়ৈবেত্যনুষঙ্গঃ ॥ ৪১ ॥

নীলকণ্ঠ।—সঙ্কর ইতি। কথং তর্হি জামদগ্ন্যেন রামেণ ক্ষত্রিয়েষু হতেষু তত্স্ত্রিয়ঃ পুনঃ পুনর্ব্রাহ্মণেভ্যঃ পুত্রান্ জনয়ামাসুরিত্যুপাখ্যায়তে, কথং বা ধৃতরাষ্ট্রাদীনামসঙ্করজত্বমিত্যাশঙ্ক্যাহ পতন্তীতি। হিশব্দো বৈদিকীং প্রসিদ্ধিং দ্যোতয়তি। সা হি "ন শেষো অগ্নে অন্যজাতমস্তি" ইতি শ্রুতিঃ। অন্যস্মাজ্জাতং শেষোঽপত্যং নাস্তীতি তদর্থঃ। "অন্যোদর্য্যো মনসাপি ন মন্তব্যো মমায়ং পুত্রঃ" ইতি যাস্কবচনাচ্চ।" 'যে যজামহে" ইতি শাস্ত্রাৎ। যে বয়ং যজামহে ইত্যর্থকাৎ দৃশ্যমানস্য পিত্রাদেঃ সংশয়গ্রস্তত্বাদয়ং মম পিতৈবেতি নিশ্চয়স্য দুঃখসাধ্যত্বাৎ। মন্ত্রশ্চ "যোঽহ-মস্মি স সন্ যজে, ব্রাহ্মণেঽপ্যর্থবাদশ্চ, ন চৈতদ্বিদ্মো ব্রাহ্মণাঃ স্মো বয়মব্রাহ্মণা বা" ইতি, তস্মাদ্বীজ-পতেরেব পিণ্ডাদিপ্রাপ্তির্ন তু ক্ষেত্রপতেরিতি লুপ্তপিণ্ডোদকক্রিয়ত্বাদবশ্যং পিতৃণাং পাতো ভবতি। ক্ষেত্রজপুত্রস্মৃতিস্তু ইহ লোকে বংশস্থাপনমাত্রপরা ন তু তেন ক্ষেত্রপতেঃ কশ্চিদামু-ষ্মিক উপকারোঽস্তি উদাহৃতশ্রুতিবিরোধাৎ। অয়ঞ্চ সঙ্করোঽস্মাভিঃ স্বয়ং কৃতশ্চেদবশ্য-মস্মান্ বাধিষ্যত এবেতি ভাবঃ ॥ ৪১ ॥

তাৎপর্য্য।— স্বামীর অভাবে স্ত্রীর গর্ভে অপরের ঔরসে পুত্রোৎপাদ-নের বহুতর নিদর্শন ইতিহাসে পরিদৃষ্ট হয়। পাণ্ডবগণের পিতৃ-পিতৃব্যেরাও

উদকক্রিয়া অর্থাৎ তর্পণ।—দেবর্ষি পিতৃপুরুষাদির তৃপ্তির নিমিত্ত জলাঞ্জলি দানের নাম তর্পণ। যাজ্ঞবল্ক্য বলিয়াছেন, "নাস্তিক্যভাবাদ্যশ্চাপি ন তর্পয়তি বৈ সুতঃ। পিবন্তি দেহনিঃস্রাবং পিতরো বৈ জলার্থিনঃ ॥"

পিতার অবর্ত্তমানে ব্যাস কর্তৃক জাত। পরশুরাম,একবিংশবার ক্ষত্রিয়বংশ ধ্বংস করিলে, ক্ষত্রিয়াগণ ব্রাহ্মণের ঔরসে পুত্রবতী হইয়াছিলেন। দীর্ঘতমা নামক অন্ধ বিপ্রেন্দ্রের ঔরসে বলিরাজ-মহিষী সদেষ্ণা সন্তানলাভ করিয়াছিলেন। যুধিষ্ঠিরাদি পাণ্ডবগণও পিতৃ-বিদ্যমানে অন্যের ঔরসজাত। ইত্যাদিরূপ বহুল দৃষ্টান্ত থাকিতেও, অর্জ্জুন এস্থলে কুলক্ষয় হইলে বর্ণসঙ্করের উৎপত্তি হইবে বলিয়া কেন আশঙ্কা করিতেছেন এবং তাদৃশ ঘটনা ঘটিলে পিতৃকুল, জল-পিণ্ডাভাবে, নরকস্থ হইবেন ভাবিয়া কেনই বা কাতর হইতেছেন? উল্লিখিত দৃষ্টান্ত সকল অনুলোম পদ্ধতি* সম্মত। অনুলোমানুসারে যে সন্তান জন্মে সে সন্তান মাতৃবর্ণাপেক্ষা নীচবর্ণ হয় না। ঐসকল স্থলে উৎপন্ন অপত্য দ্বারা পিতৃপুরুষদিগের পিণ্ডোদক ক্রিয়ার কোনই ব্যাঘাত ঘটে নাই। শাস্ত্রানুসারে ক্ষেত্রোৎপন্ন সন্তান ক্ষেত্র-স্বামীর অর্থাৎ সেই স্ত্রীর বিবাহিত পতিরই হইয়া থাকে, বীজপতি পিতার হয় না; পরম জ্ঞানবান্ বাঙ্‌নিষ্ঠ ভীষ্মও এরূপ সনাতন ধর্ম্মের কথা নিজমুখে স্বীকার করিয়াছেন। সুতরাং অর্জ্জুনের আশঙ্কা আপাততঃ অমূলক বলিয়া বোধ হইতে পারে; কিন্তু বস্তুতঃ তাহা নহে। উল্লিখিত ঐতিহাসিক দৃষ্টান্ত সমূহ পর্য্যালোচনা করিলে প্রতীতি হইবে যে, তত্তৎস্থলে কামিনীকুল পুত্রার্থে নিযুক্ত হইয়াছিলেন এবং পুত্রার্থ ব্যতীত ইন্দ্রিয়-লালসায় পুরুষ সংসর্গের কামনা করেন নাই; আরও দেখা যাইতেছে, উদ্ধৃত দৃষ্টান্ত সমূহের কোন স্থলেই অনুলোম পদ্ধতির ব্যভিচার ঘটে নাই। বর্ত্তমান ক্ষেত্রে অর্জ্জুন আশঙ্কা করিতেছেন যে, স্ত্রীগণ স্বৈরিণী হইবে এবং স্বৈরিণী হইলে স্বেচ্ছাচার নিরতা ও যদৃচ্ছাবিহারানুরাগিণী হইবে। গুরুজন কর্তৃক নিয়োগ বা সন্তানকামনা তখন তাহাদের পুরুষ-সংসর্গের কারণ হইবে না। তখন তাহারা ইন্দ্রিয়-ভোগ ও বিলাসোন্মত্ত হইয়া অনুলোম প্রভৃতি শাস্ত্র-বিহিত পদ্ধতির মস্তকে পদাঘাত করিবে। তাদৃশী যদৃচ্ছাভোগনিরতা কামিনীগণের গর্ভে নিশ্চয়ই বর্ণসঙ্করের উদ্ভব হইবে সুতরাং পিতৃপুরুষগণের জল-পিণ্ড রহিত হইবে সন্দেহ নাই।

* অনুলোমজ।—ব্রাহ্মণ হইতে ক্ষত্রিয়া গর্ভজাত, এবং ক্ষত্রিয় হইতে বৈশ্যাতে জাত ইত্যাদিকে অনুলোমজ বলে। আর ক্ষত্রিয় হইতে ব্রাহ্মণী গর্ভজাত ইত্যাদি সন্তানকে প্রতিলোমজ বলে। উত্তমাধমবর্ণায়াং জাতঃ অনুলোমজঃ। যথা মনুঃ; "সঙ্কীর্ণযোনয়ো যেতু প্রতিলোমানুলোমজাঃ। অন্যোন্যব্যতিষক্তাশ্চ তান্ প্রবক্ষ্যাম্যশেষতঃ।" ইতি॥

নিয়োগ ক্রমে পুরুষান্তর দ্বারা সন্তানোৎপাদন সর্ব্বতোভাবে অনুমোদিত ব্যবস্থা নহে। ভগবান্ মনু, শাস্ত্র-সম্মত প্রণালী ক্রমে নিয়োগের ব্যবস্থা প্রকটিত করিয়া, উপসংহার কালে পশ্চাদুদ্ধৃত অভিপ্রায় লিপিবদ্ধ করিয়াছেন। "নান্যস্মিন্ বিধবা নারী নিযোক্তব্যা দ্বিজাতিভিঃ। অন্যস্মিন্ হি নিযুঞ্জানা ধর্ম্মং হন্যুঃ সনাতনম্॥ নোদ্বাহিকেষু মন্ত্রেষু নিয়োগঃ কীর্ত্ত্যতে ক্বচিৎ। ন বিবাহবিধাবুক্তং বিধবাবেদনং পুনঃ॥ অয়ং দ্বিজৈর্হি বিদ্বদ্ভিঃ পশুধর্ম্মো বিগর্হিতঃ। মনুষ্যাণামপি প্রোক্তো বেণে রাজ্যং প্রশাসতি॥" অর্থাৎ দ্বিজাতিগণ কখন অন্যের বিধবা নারী নিযুক্তা করিবেন না। এইরূপে নিয়োগ করিলে চিরাগত ধর্ম্ম নষ্ট হয়। বিবাহের মন্ত্র মধ্যে কোন স্থানে নিয়োগের উল্লেখ নাই এবং বিবাহবিধির মধ্যেও বিধবা নারীর পুনর্ব্বিবাহের ব্যবস্থা নাই। বিদ্বান্ দ্বিজগণ এই নিয়োগ কার্য্য পশুধর্ম্ম ও বিগর্হিত বলিয়া জানেন। এই নিন্দিত ব্যবস্থা বেণের রাজ্য শাসন কাল হইতে প্রচলিত হইয়াছে; সুতরাং ইহা আধুনিক ও অশাস্ত্রীয়। নিয়োগ কার্য্যের অবৈধতার উল্লেখ করিয়াই ভগবান্ মনু ক্ষান্ত হন নাই। তিনি পূর্ব্বেই বলিয়াছেন যে, একটী মাত্র সন্তান-কামনা ভিন্ন অন্য কোন কারণে কদাপি পুরুষান্তর সংসর্গ, নিয়োগ বলিয়া পরিগণিত হইবে না এবং পুরুষ ও স্ত্রীর তাদৃশ সম্মিলন নিতান্ত অশ্রেয়স্কর হইবে। সুতরাং যখন নিয়োগই সুব্যবস্থা সম্মত এবং চিরন্তন শাস্ত্রানুমোদিত নহে, যদি বা তাহা অবলম্বিত হয়, তাহা হইলেও একটি সন্তান কামনা ব্যতীত অন্য কদাপি তাহা অনুষ্ঠেয় নহে, তখন কুলনারীগণের পক্ষে স্বাধীনা ও ভ্রষ্টচরিত্রা হওয়া কখনই অনুমোদিত হইতে পারে না। সেইরূপ পতিতা কামিনীর গর্ভজাত সন্তান কুলের কোনই উপকারে আসিবে না এবং বংশের অধঃপতনের হেতুভূত হইবে, এ কথা বলাই বাহুল্য। কেহ কেহ "কুলস্য সঙ্করশ্চ কুলঘ্নানাং নরকায়ৈব ভবতি" এরূপ যোজনা করিয়া থাকেন। অর্থাৎ কুলের জারজ সন্তানগণ কুল নাশকদিগেরই নরকের কারণ হয়॥৪১॥

———

দোষৈরেতৈঃ কুলঘ্নানাং বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ॥ ৪২॥

অন্বয়।—কুলঘ্নানাং (কুলনাশকানাং) বর্ণসঙ্করকারকৈঃ দোষৈঃ শাশ্বতাঃ (সনাতনাঃ) জাতিধর্ম্মাঃ * কুলধর্ম্মাঃ † চ উৎসাদ্যন্তে (বিলুপ্যন্তে) ॥ ৪২ ॥

প্রতিশব্দ।—কুলনাশকদিগের এই-সকল বর্ণসঙ্কর-বিধায়ক দোষে সনাতন বর্ণগত-ধর্ম্ম-সকল এবং বংশগত-ধর্ম্ম-সকল উৎসন্ন-হয় ॥ ৪২ ॥

ব্যাখ্যা।—কুলনাশকদিগের বর্ণসঙ্কর বিধায়ক দোষে চিরাগত বর্ণসংক্রান্ত ধর্ম্ম ও বংশ প্রচলিত ধর্ম্ম বিলুপ্ত হইয়া যায় ॥ ৪২ ॥

আনন্দগিরি।—কুলক্ষয়কৃতামেতৈরুদাহৃতৈর্দ্দোষৈর্ব্বর্ণসঙ্করহেতুভির্জ্জাতিপ্রযুক্তা বংশপ্রযুক্তাশ্চ ধর্ম্মাঃ সর্ব্বে সমুৎসাদ্যন্তে। তেন কুলক্ষয়কারণাদ্যুদ্ধাদুপরতিরেব শ্রেয়সীত্যাহ দোষৈরিতি ॥ ৪২ ॥

শ্রীধর।—উক্তদোষমুপসংহরতি দোষৈরিত্যাদি দ্বাভ্যাম্। উৎসাদ্যন্তে লুপ্যন্তে জাতিধর্ম্মা বর্ণধর্ম্মাঃ কুলধর্ম্মাশ্চেতি। চকারাদাশ্রমধর্ম্মাদয়োঽপি গৃহ্যন্তে ॥ ৪২ ॥

বলদেব।—উক্তং দোষমুপসংহরতি দোষৈরিতি দ্বাভ্যাং। উৎসাদ্যন্তে বিলুপ্যন্তে, জাতিধর্ম্মাঃ ক্ষত্রিয়ত্বাদিনিবন্ধনাঃ, কুলধর্ম্মাস্ত্বসাধারণাঃ। চশব্দাদাশ্রমধর্ম্মা গ্রাহ্যাঃ ॥ ৪২ ॥

মধুসূদন।—দোষৈরিতি। জাতিধর্ম্মাঃ ক্ষত্রিয়ত্বাদিনিবন্ধনাঃ, কুলধর্ম্মা অসাধারণাশ্চ, এতৈর্দ্দোষৈরুৎসাদ্যন্তে উৎসন্নাঃ ক্রিয়ন্তে বিনাশ্যন্ত ইত্যর্থঃ ॥ ৪২ ॥

বিশ্বনাথ।—দোষৈরিতি উৎসাদ্যন্তে লুপ্যন্তে ॥ ৪২ ॥

তাৎপর্য্য।—এইরূপে বর্ণসঙ্কর ঘটিলে অচিরে সেই কুল নাশকদিগের পিতৃ পিতামহাদি পরম্পরাক্রমে পরিপালিত অতিপবিত্র কুলধর্ম্ম বিনষ্ট

---

* জাতিধর্ম্মঃ।—"অধ্যাপনমধ্যয়নং যজনং যাজনং তথা। দানং প্রতিগ্রহঞ্চৈব ব্রাহ্মণানামকল্পয়ৎ ॥ প্রজানাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেব চ। বিষয়েষ্বপ্রসক্তিশ্চ ক্ষত্রিয়স্য সমাসতঃ ॥ পশূনাং রক্ষণং দানমিজ্যাধ্যয়নমেব চ। বণিক্‌পথং কুসীদঞ্চ বৈশ্যস্য কৃষিমেব চ ॥ একমেব তু শূদ্রস্য প্রভুঃ কর্ম্ম সমাদিশৎ। এতেষামেব বর্ণানাং শুশ্রূষামনসূয়য়া ॥" মনুসংহিতা। অধ্যাপন, অধ্যয়ন, যজন, যাজন, দান, প্রতিগ্রহ ব্রাহ্মণদিগের কার্য্য। প্রজারক্ষা, দান, যজ্ঞ, অধ্যয়ন বিষয়াসক্তি ক্ষত্রিয়ের কার্য্য। পশুপালন, দান, যজ্ঞ, অধ্যয়ন বাণিজ্য, সুদের ব্যবসায়, কৃষিকর্ম্ম বৈশ্যের কার্য্য। অসূয়াবিরহিত হইয়া এই সকল বর্ণের শুশ্রূষা করা শূদ্রের কার্য্য। যে যে বর্ণের নিমিত্ত যে যে কার্য্য শাস্ত্রে বিহিত হইয়াছে, তাহাই তাহাদের বর্ণধর্ম্ম বা জাতিধর্ম্ম।

† কুলধর্ম্মঃ।—পুরুষানুক্রমে, গুরুর উপদেশানুসারে যে উপাসনাপদ্ধতি-বিশেষ বংশ মধ্যে গোপন ভাবে অবলম্বিত ও অনুষ্ঠিত হইয়া থাকে, তাহাই তত্তদ্বংশীয় কুলধর্ম্ম। তন্ত্রশাস্ত্রে কুলাচারী বা কৌল বলিয়া এক শ্রেণী সাধকের উল্লেখ আছে এবং তদীয় সাধন প্রণালী কুলাচার বা কুলধর্ম্ম নামে পরিকীর্ত্তিত হইয়াছে

হইয়া যায় এবং ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র ভেদে শাস্ত্রে যে বিশেষ বিশেষ ধর্ম্ম বিহিত হইয়াছে, তাহাও বিলুপ্ত হইয়া যায়। কারণ যে সকল সঙ্কর সন্তান জন্মগ্রহণ করে, তাহারা যে গর্ভে জন্মে সেই বংশের প্রকৃষ্ট পদ্ধতি সমূহ এবং পরম্পরাগত কুলধর্ম্মাদি শিক্ষা করিতে পায় না; সুতরাং ভ্রষ্টাচার ও মুর্খ হইয়া কালযাপন করে। "চ" শব্দ দ্বারা ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, ভিক্ষু ও বাণপ্রস্থ এই চারি প্রকার আশ্রম ধর্ম্মও বিনষ্ট হইবে ইহাই সুচিত হইতেছে ॥ ৪২ ॥

——(:০:)——

উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং জনার্দ্দন!।
নরকে নিয়তং বাসো ভবতীত্যনুশুশ্রুম ॥ ৪৩ ॥

অন্বয়।—জনার্দ্দন! উৎসন্ন-কুল-ধর্ম্মাণাং (কুলধর্ম্মরহিতানাং) মনুষ্যাণাং নিয়তং নরকে* বাসঃ ভবতি ইতি অনুশুশ্রুম (শ্রুতবন্তঃ) ॥ ৪৩ ॥

প্রতিশব্দ।—প্রলয়কারিন্! বিনষ্ট-কুলধর্ম্ম-মনুষ্যদিগের সতত নরকে বাস-হয় ইহা শুনিয়াছি ॥ ৪৩ ॥

ব্যাখ্যা।—হে জনার্দ্দন! শাস্ত্রবেত্তাদিগের মুখে শ্রুত হইয়াছি, কুলধর্ম্ম বিরহিত মানবগণ অনন্তকালের নিমিত্ত নরকবাসী হইয়া থাকে ॥ ৪৩ ॥

আনন্দগিরি।—কিঞ্চ জাতিধর্ম্মেষু কুলধর্ম্মেষু চ উৎসন্নেষু তত্তদ্ধর্ম্মবর্জ্জিতানাং মনুষ্যাণামনধিকৃতানাং নরকপতনধ্রৌব্যাদনর্থকরমিদমেব হেয়মিত্যাহ উৎসন্নেতি। যথোক্তানাং মনুষ্যাণাং নরকপাতস্যাবশ্যকত্বে প্রমাণমাহ ইত্যনুশুশ্রুমেতি ॥ ৪৩ ॥

শ্রীধর।—উৎসন্নেতি। উৎসন্নাঃ কুলধর্ম্মা যেষামিতি উৎসন্নজাতিধর্ম্মাদীনামপ্যুপলক্ষণম্। অনুশুশ্রুম শ্রুতবন্তো বয়ং "প্রায়শ্চিত্তমকুর্ব্বাণাঃ পাপেষভিরতা নরাঃ। অপশ্চাত্তাপিনঃ পাপান্নিরয়ান্ যান্তি দারুণান্॥" ইত্যাদিবচনেভ্যঃ ॥ ৪৩ ॥

বলদেব।—উৎসন্নেতি। জাতিধর্ম্মাদীনামুপলক্ষণমেতৎ। অনুশুশ্রুম শ্রুতবন্তো বয়ং গুরুমুখাৎ। "প্রায়শ্চিত্তমকুর্ব্বাণাঃ পাপেষু নিরতা নরাঃ। অপশ্চাত্তাপিনঃ কষ্টান্নিরয়ান্ যান্তি দারুণান্" ইত্যাদিবাক্যৈঃ ॥ ৪৩ ॥

মধুসূদন।—ততশ্চ প্রেতত্বপরাবৃত্তিকারণাভাবান্নরক* এব কেবলং নিরন্তরং বাসো

---

* প্রেত।—মরণান্ত কাল হইতে সপিণ্ডীকরণ পর্য্যন্ত প্রেত শব্দবাচ্য। "কৃতে সপিণ্ডীকরণে নরঃ সংবৎসরাৎ পরম্। প্রেতদেহং পরিত্যজ্য ভোগদেহং প্রপদ্যতে।" রঘুনন্দন ধৃত বচন। মরণান্তে প্রথমে অতি

ভবতীতি ধ্রুবমিতি অনুশুশ্রুমেতি আচার্য্যাণাং মুখাদ্বয়ং শ্রুতবন্তো ন স্বাভ্যূহেন কল্পয়াম ইতি পূর্ব্বোক্তস্যৈব দৃঢ়ীকরণম্॥ ৪৩॥

তাৎপর্য্য।—হে জনার্দ্দন! আমি আচার্য্যদিগের মুখে শ্রবণ করিয়াছি যে, যাহাদিগের কুল-ধর্ম্ম বিনষ্ট হইয়া যায়, তাহাদিগকে প্রতিনিয়ত নিদারুণ নরকে বাস করিতে হয়। অর্জ্জুনের এই উক্তির প্রমাণ স্বরূপে পূজ্যপাদ টীকাকার শ্রীমৎ শ্রীধরস্বামী ও শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ নিম্নলিখিত শাস্ত্রীয় বচন ধৃত করিয়াছেন। "প্রায়শ্চিত্তমকুর্ব্বাণাঃ পাপেষভিরতা নরাঃ। অপশ্চাত্তাপিনঃ পাপাৎ নিরয়ান্ যান্তি দারুণান্॥" পাপরত মানবগণ, প্রায়শ্চিত্ত না করিলে এবং পাপের জন্য অনুতাপ না করিলে, দারুণ নরকে গমন করে। অর্থাৎ বংশে ভ্রষ্টাচারী অজ্ঞসন্তানের আবির্ভাব হইলে, বিদ্যা-বুদ্ধি ও ধর্ম্ম-জ্ঞানের অভাবে, তাহারা প্রায়শ্চিত্তাদি হিতকর অনুষ্ঠান দ্বারা স্ব স্ব হৃদয় সুনির্ম্মল করিয়া পুনরায় ধর্ম্মের সুপরিষ্কৃত পন্থায় বিচরণ করিতে পারে না; সুতরাং তাদৃশ ব্যক্তিগণের উত্তরোত্তর অধোগতি ভিন্ন উন্নতির আশা নাই। অর্জ্জুন পূর্ব্বে বলিয়াছেন, বর্ণসঙ্করকারক দোষ হইতে পিতৃ-পুরুষগণ শ্রাদ্ধ তর্পণাদি বিরহিত হন; পিণ্ডোদক ক্রিয়া ব্যতীত মৃত ব্যক্তির প্রেতত্ব পরিহার হয় না। অতএব বিগত-জীব ব্যক্তিগণকে গত্যন্তরাভাবে প্রেত হইয়া নিরন্তর নিরয় নিবাস করিতে হয়। যদি অর্জ্জুনোক্তি অশ্রদ্ধেয় বলিয়া ভগবান্ উপেক্ষিত করেন, এই আশঙ্কায় বলিতেছেন, হে ত্রিকালদর্শিন্ নারায়ণ! মানবের ইহকাল ও পরকাল ঘটিত কোন অবস্থাই তোমার অপরিজ্ঞাত নহে; সুতরাং তোমাকে বলিবার ও বুঝাইবার কথা কিছুই নাই; তথাপি আচার্য্যদিগের নিকট যেরূপ উপদেশ লাভ করিয়াছি, অধুনা তোমার নিকট তাহাই নিবেদন করিলাম;

বাহিক দেহ হয়, তদনন্তর প্রেতপিণ্ড প্রদানের পর, প্রেত দেহ হয় এবং সপিণ্ডীকরণের পর প্রেত স্বকীয় কর্ম্মানুসারে স্বর্গে বা নরকে গমন করে। যথা; "তৎক্ষণাদেব গৃহ্ণাতি শরীরমাতিবাহিকং। আতিবাহিকসংজ্ঞোঽসৌ দেহো ভবতি ভার্গব। কেবলং তন্মনুষ্যাণাং নান্যেষাং প্রাণিনাং ক্বচিৎ। প্রেতপিণ্ডৈস্ততো দত্তৈর্দেহমাপ্নোতি ভার্গব। ভোগদেহমিতি প্রোক্তং ক্রমাদেব ন সংশয়ঃ। প্রেতপিণ্ডা ন দীয়ন্তে যস্য তস্য বিমোক্ষণং। শ্মাশানিকেভ্যো দেবেভ্য আকল্পং নৈব বিদ্যতে। তত্রাস্য যাতনা ঘোরাঃ শীতবাতাতপোদ্ভবাঃ। ততঃ সপিণ্ডীকরণে বান্ধবৈঃ স্বকৃতে নরঃ। পূর্ণে সংবৎসরে দেহমতোঽন্যং প্রতিপদ্যতে। ততঃ স নরকে যাতি স্বর্গে বা স্বেন কর্ম্মণা॥" শুদ্ধিতত্ত্ব।

এ সকল কিছুই আমার স্বকপোলকল্পিত নহে। ইত্যাকার বাক্য দ্বারা অর্জ্জুন পূর্ব্বোক্ত বাক্য সকল সমর্থিত করিলেন ॥ ৪৩ ॥

—ः):०:(ः—

অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।
যদ্রাজ্যসুখলোভেন হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥ ৪৪ ॥

অন্বয়।—অহো বত বয়ং মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতাঃ(উদ্যুক্তাঃ) যৎ রাজ্য-সুখ-লোভেন স্বজনং (আত্মীয়ং) হন্তুং উদ্যতাঃ (প্রবৃত্তাঃ) ॥ ৪৪ ॥

প্রতিশব্দ।—হায় কষ্ট! আমরা গুরুপাপ করিতে নিযুক্ত, যে রাজ্য-সুখের-লোভে আত্মীয়কে বিনাশ-করিতে প্রস্তুত-হইয়াছি ॥ ৪৪ ॥

ব্যাখ্যা।—অহো কি কষ্টের বিষয়! সামান্য রাজ্যলোভের বশ-বর্ত্তী হইয়া আমরা আত্মীয় হননরূপ অতি বিগর্হিত কার্য্যানুষ্ঠানে প্রবৃত্ত হইয়াছি ॥ ৪৪ ॥

আনন্দগিরি।—রাজ্যপ্রাপ্তিপ্রযুক্তসুখোপভোগলব্ধতয়া স্বজনহিংসায়াং প্রবৃত্তিরস্মাকং গুণদোষবিভাগবিজ্ঞানবতামতিকষ্টেতি পরিভ্রষ্টহৃদয়ঃ সন্নাহ অহো বতেতি ॥ ৪৪ ॥

শ্রীধর।—বন্ধুবধাধ্যবসায়েন সন্তপ্যমান আহ অহো বতেত্যাদি। স্বজনং হন্তুমুদ্যতা ইতি যৎ, এতন্মহৎ পাপং কর্ত্তুমধ্যবসায়ং কৃতবন্তো বয়ং, অহোবত মহৎ কষ্টমিত্যর্থঃ ॥ ৪৪ ॥

বলদেব।—বন্ধুবধব্যবসায়েনাপি পাপং সম্ভাব্যানুতপন্নাহ অহো ইতি। বতেতি খেদে।

মধুসূদন।—বন্ধুবধপর্য্যবসায়িযুদ্ধাধ্যবসায়োঽপি সর্ব্বথা পাপিষ্ঠতরঃ, কিং পুনর্যুদ্ধমিতি বক্তুং তদধ্যবসায়েনাত্মানং শোচয়ন্নাহ অহো বতেত্যাদি। যদীদৃশী তে বুদ্ধিঃ কুতস্তর্হি যুদ্ধাভি-নিবেশেনাগতোঽসীতি ন বক্তব্যং, অবিমৃশ্যকারিতয়া ময়ৌদ্ধত্যস্য কৃতত্বাদিতি ভাবঃ ॥ ৪৪ ॥

তাৎপর্য্য।—সিংহাসনে সমাসীন এবং অমাত্যাদি পরিবেষ্টিত হইয়া প্রতাপ ও গৌরব-স্ফীতভাবে সুখৈশ্বর্য্য সম্ভোগ করা ও প্রজাবর্গের উপর আধিপত্য বিস্তার করা কি এতই অসংবরণীয় লোভজনক যে, আমরা অধুনা তজ্জন্য পরমাত্মীয় ব্যক্তিবৃন্দের নিধনসাধনরূপ মহাপাপ সম্পাদনে ব্রতী হইয়াছি? অহো ধিক! আমাদের পাপাসক্ত লোভ-পরায়ণ হৃদয়কে! অতি অকিঞ্চিৎকর, নিতান্ত উপেক্ষণীয় সামান্য সুখের লোভে যাহারা

আত্মীয়গণের রুধিরে বসুন্ধরাকে রাগ-রঞ্জিতা করিতে বদ্ধ-পরিকর হইয়াছে, জগতে কোন দুষ্কর্ম্মই তাহাদের অসাধ্য নহে। অর্জ্জুনকে এতাদৃশ দুর্ম্মনায়মান ও শোকমোহাভিভূত দেখিয়া, যদি ভগবান্ এরূপ মনে করেন যে, এই সমর ক্ষেত্রে বিবিধ আত্মীয়, কুটুম্ব, আচার্য্য, পিতৃ পিতামহাদি উপস্থিত আছে, ইহা তুমি পূর্ব্বে জানিতে এবং যুদ্ধক্ষেত্রে আত্মীয় হনন যে অবশ্যম্ভাবী তাহাও তুমি নিশ্চয়ই পরিজ্ঞাত ছিলে; যুদ্ধ জনিত কুলক্ষয় ও তৎপরিণাম স্বরূপ যে সকল মহানর্থের বৃত্তান্ত অধুনা বিবৃত করিতেছ এবং শাস্ত্রীয় আচার ব্যবহার ও যুক্তি দ্বারা তৎসমস্তের সমর্থন করিয়া অবসন্ন ও কাতর হইতেছ, তোমার এ জ্ঞান এত দিন কোথায় ছিল? এ দারুণ অধ্যবসায়ে বিনিযুক্ত হইবার পূর্ব্বে এতাদৃশ চৈতন্য তোমার হৃদয়ে সমুদিত হয় নাই কেন? ইহার উত্তর স্বরূপে অর্জ্জুন বলিতেছেন, মদীয় অতি নিন্দনীয় অবিমৃষ্যকারিতা হেতু, হৃদয়ে ঘোরতর ঔদ্ধত্যের উদ্ভব হইয়াছিল। অতএব অবলম্বিত কার্য্যের হিতাহিত ও পরিণাম ফল পূর্ব্বে বিবেচনা করিতে পারি নাই। এইক্ষণে সম্মুখে প্রাণত্যাগে সঙ্কল্প-বদ্ধ স্বজনগণকে দেখিয়া আমার হৃদয়ের ঔদ্ধত্যরূপ তিমির অপগত হইয়াছে এবং তথায় শান্তি স্বরূপ সুবিমল সুধাংশু সমুদিত হইয়াছে। এইরূপ ভাবার্থ কোন পূজ্যপাদ টীকাকার সূচিত করিয়াছেন ॥ ৪৪ ॥

——○:):○:(:○——

যদি মামপ্রতীকারমশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্টা রণে হন্যুস্তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥৪৫॥

অন্বয়।—যদি, অপ্রতীকারং (অকৃতব্যবসায়ং) অশস্ত্রং মাং, শস্ত্রপাণয়ঃ ধার্ত্তরাষ্ট্রাঃ রণে হন্যুঃ (হনিষ্যন্তি) তৎ মে ক্ষেমতরং * (মঙ্গলকরং) ভবেৎ ॥ ৪৫ ॥

প্রতিশব্দ।—যদি আত্মরক্ষায়-অচেষ্টিত অস্ত্র-বিহীন আমাকে শস্ত্রধারী ধৃতরাষ্ট্র-পুত্রেরা সমরে বধ-করে তাহা আমার অপেক্ষাকৃত-হিতকর হইবে ॥ ৪৫ ॥

* ক্ষেম—ক্ষেম শব্দের অর্থ অমরকোষের মতে 'কুশল' মেদিনীর মতে 'লব্ধরক্ষণ,' এবং হেমচন্দ্রের মতে 'মোক্ষ।' এই ত্রয় ভাবেই মূলের অর্থ করা যাইতে পারে।
[illegible] পাঠান্তর—প্রিয়তরং ভবেৎ।

ব্যাখ্যা ।—আমি আত্মরক্ষায় উদাসীন হইলে ও শস্ত্র ত্যাগ করিলে যদি সশস্ত্র দুর্য্যোধনাদি সমরে আমাকে সংহার করেন তাহাও আমার পক্ষে অধুনা পরম কল্যাণকর ॥ ৪৫ ॥

আনন্দগিরি ।—যদ্যেবং যুদ্ধে বিমুখঃ সন্ পরপরিভবপ্রতীকাররহিতো বর্ত্তেথাস্তর্হি ত্বাং শস্ত্রপরিগ্রহরহিতং শত্রুং শস্ত্রপাণয়ো ধার্ত্তরাষ্ট্রা নিগৃহ্নীয়ুরিত্যাশঙ্ক্যাহ, যদীতি। প্রাণত্রাণাদপি প্রকৃষ্টো ধর্ম্মঃ প্রাণভৃতামহিংসেতি ভাবঃ ॥ ৪৫ ॥

শ্রীধর ।—এবং সন্তপ্তঃ সন্ মৃত্যুমেবাশংসমান আহ যদি মামিত্যাদি। অকৃতপ্রতীকারং তূষ্ণীমুপবিষ্টং মাং দৃষ্ট্বা যদি হনিষ্যন্তি তর্হি তদ্ধননং মম ক্ষেমতরং অত্যন্তহিতং ভবেৎ পাপানিষ্পত্তেঃ ॥ ৪৫ ॥

বলদেব ।—নন্ত্বয়ি বন্ধুবধাদ্বিনিবৃত্তেঽপি ভীষ্মাদিভির্যুদ্ধোৎসুকৈস্ত্বদ্বধঃ স্যাদেব ততঃ কিং বিধেয়মিতি চেৎ তত্রাহ যদি মামিতি। অপ্রতীকারমকৃতমদ্বধাধ্যবসায়পাপপ্রায়শ্চিত্তম্। ক্ষেমতরমতিহিতম্। প্রাণান্তপ্রায়শ্চিত্তেনৈবৈতৎপাপাবমার্জ্জনম্, ভীষ্মাদয়স্তু ন তৎপাপফলং প্রাপ্স্যন্ত্যেবেতি ভাবঃ ॥ ৪৫ ॥

মধুসূদন ।—নন্ তব বৈরাগ্যেঽপি ভীমসেনাদীনাং যুদ্ধোৎসুকত্বাদ্বন্ধুবধো ভবিষ্যত্যেব ত্বয়া পুনঃ কিং বিধেয়মিত্যত আহ যদীতি। প্রাণাদপি প্রকৃষ্টো ধর্ম্মঃ প্রাণভৃতামহিংসা পাপানিষ্পত্তেঃ, তস্মাজ্জীবনাপেক্ষয়া মরণমেব মম ক্ষেমতরং অত্যন্তং হিতং ভবেৎ। প্রিয়তরমিতি পাঠেঽপি স এবার্থঃ। অপ্রতীকারং স্বপ্রাণত্রাণায় ব্যাপারমকুর্ব্বাণং বন্ধুবধাধ্যবসায়মাত্রেণাপি প্রায়শ্চিত্তান্তররহিতং বা। তথাচ প্রাণান্তপ্রায়শ্চিত্তেনৈব শুদ্ধির্ভবিষ্যতীত্যর্থঃ ॥ ৪৫ ॥

তাৎপর্য্য ।—আমি অস্ত্র শস্ত্র পরিত্যাগ করিয়া, আত্মরক্ষায় নিশ্চেষ্টভাবে বসিয়া থাকিলে, যদি শস্ত্রধারী দুর্য্যোধনাদি আমাকে অস্ত্রবিদ্ধ ও জীবনবিহীন করে, তাহাও আমার পক্ষে এক্ষণে পরম প্রার্থনীয় ও অতীব মঙ্গলময়। অর্জ্জুনের নির্ব্বেদ ক্রমশঃ উচ্চতর সোপানে আরোহণ করিতেছে। তিনি এক্ষণে, আত্মীয় হনন করিয়া জীবনধারণ করণাপেক্ষা, শত্রু হস্তে হত হইবার প্রার্থনা করিতেছেন এবং বন্ধুবধরূপ বিগর্হিত সঙ্কল্পের প্রায়শ্চিত্ত স্বরূপে, আত্মপ্রাণ পরিত্যাগ করিয়া বিশুদ্ধ হইবার কামনা করিতেছেন। তিনি মনে করিতেছেন, স্বয়ং বিনষ্ট হইলে তাঁহার দ্বারা সমরে যত নরহত্যা ঘটিত তাহার অন্যথা হওয়ায়, একবংশ সম্ভূত অনেক ব্যক্তির জীবন রক্ষিত হইতে পারে এবং কুলক্ষয় ও তজ্জনিত দোষ সমূহ কিয়ৎপরিমাণে নিবারিত হইতে পারে ; সুতরাং তাঁহার বিবেচনায় অধুনা আত্মনাশই প্রশস্ততর ; অপিচ স্বকীয় জীবন বিগত হইলে এই রণের পরি-

ধাম স্বরূপ যে সকল সন্দনিষ্ট ঘটিবে বলিয়া তিনি আশঙ্কা করিতেছেন, তাহার কিছুই তাঁহাকে দেখিতে হইবে না ; সুতরাং এক্ষণে জীবনত্যাগ করা তিনি প্রার্থনীয় বলিয়া মনে করিতেছেন।

একজন কাহারও কোন অপকার করিলে অপকৃত ব্যক্তি যদি ক্রোধ বা বিদ্বেষবুদ্ধির বশবর্ত্তী হইয়া অপকারকের অনিষ্ট করে, তাহার নাম 'প্রতীকার'। অর্জ্জুনাদি পাণ্ডবগণ, দুর্য্যোধনাদি কৌরবগণের দ্বারা নানারূপে অপকৃত হইয়াছেন ; তথাপি তৃতীয় পাণ্ডব অধুনা তাহাদের অপকার সাধনে অর্থাৎ বৈরনির্য্যাতনে বিমুখ। ইহাই মূলোক্ত 'অপ্রতীকার' শব্দের তাৎপর্য্য। যদি শোক মোহাচ্ছন্ন হইয়া অর্জ্জুন আত্মীয় হনন রূপ বিগর্হিত কার্য্যে বিরত হন এবং যুদ্ধাধ্যবসায় পরিত্যাগ করেন, তাহা হইলে প্রতিপক্ষগণ তাদৃশ বুদ্ধির বশবর্ত্তী হইয়া কদাচ সমরে বিমুখ হইবেন না এবং ভীষ্মাদি বীর পুরুষগণ, তাঁহাকে নিশ্চেষ্ট দেখিয়া, সহজেই বিনষ্ট করিবেন। ইত্যাকার আশঙ্কার উত্তর স্বরূপে অর্জ্জুন কর্ত্তৃক সমালোচ্য শ্লোক কথিত হইয়াছে। অপিচ অর্জ্জুন যুদ্ধ বিরত হইলেও ক্রোধোন্মত্ত বৈরনির্য্যাতনব্যাকুল ভীমসেনাদি পাণ্ডবগণ কখনই শত্রু সংহারে নিরস্ত হইবেন না, সুতরাং যেরূপেই হউক স্বজন সংহার অপরিহার্য্য। অতএব অর্জ্জুনের এই ঔদাসীন্য নিষ্ফল। এই আশঙ্কায় অর্জ্জুন মনে করিয়াছেন, ভীষ্ম বা ভীম যিনিই কেন পাপানুষ্ঠান করুন না, তাঁহাকে নিশ্চয়ই তজ্জন্য ফলভোগী হইতে হইবে ॥ ৪৫ ॥

——•:):•:(:•——

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং শোকসংবিগ্নমানসঃ ॥ ৪৬ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে সৈন্যদর্শনো
নাম প্রথমোঽধ্যায়ঃ।

অন্বয়।—সঞ্জয় উবাচ। শোক-সংবিগ্ন-মানসঃ (শোকাকুলহৃদয়ঃ) অর্জ্জুনঃ এবং উক্ত্বা সংখ্যে (যুদ্ধে) সশরং চাপং বিসৃজ্য (ত্যক্ত্বা) রথ-উপস্থে (রথোপরি) উপাবিশৎ ॥ ৪৬ ॥

প্রতিশব্দ।—শোক-কাতর-চিত্ত অর্জ্জুন এইরূপ বলিয়া যুদ্ধে বাণ-সহিত ধনুক ত্যাগ-করিয়া রথোপরে উপবেশন-করিলেন ॥ ৪৬ ॥

ব্যাখ্যা।—শোকাকুল হৃদয় অর্জ্জুন এইরূপে স্বকীয় হৃদয়বেদনা হৃষীকেশকে নিবেদন করিয়া ধনুর্ব্বাণ দূরে নিক্ষেপ করিলেন এবং বিষণ্ণভাবে সেই রথে উপবেশন করিলেন ॥ ৪৬ ॥

আনন্দগিরি।—যথোক্তমর্জ্জুনস্য বৃত্তান্তং সঞ্জয়ো ধৃতরাষ্ট্রং রাজানং প্রতি প্রবেদিতবান্ তমেব প্রবেদনপ্রকারং দর্শয়তি এবমিতি। প্রদর্শিতেন প্রকারেণ ভগবন্তং প্রতি বিজ্ঞাপনং কৃত্বা শোকমোহাভ্যাং পরিভূতমানসঃ সন্নর্জ্জুনঃ, সংখ্যে যুদ্ধমধ্যে, শরেণ সহিতং গাণ্ডীবং ত্যক্ত্বা ন যোৎস্যেঽহমিতি ব্রুবন্ রথস্য মধ্যে সন্ন্যাসমেব শ্রেয়স্করং মত্বোপবিষ্টবানিত্যর্থঃ ॥ ৪৬ ॥

শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্য্য-শুদ্ধানন্দ-পূজ্যপাদ-শিষ্য-ভগবদানন্দগিরি বিরচিতে শ্রীগীতাভাষ্যবিবেচনে প্রথমোঽধ্যায়ঃ।

রামানুজ।—"তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থ" ইত্যারভ্য "এবমুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে" ইত্যন্তম্। এবন্তু পার্থো মহামনাঃ পরমকারুণিকোঽতিধার্ম্মিকঃ, ভ্রাতৃগৃহাদিভিরসকৃদ্বঞ্চিতোঽপি পরমপুরুষসহায়োঽপি, আত্মনা হনিষ্যমানান্ ভবদীয়ান্ বিলোক্য বন্ধুস্নেহে মলমনা ভবদ্ভিরতিঘোরৈর্ম্মারণোপায়ৈর্দ্দগ্ধৃকৃপয়া ধর্ম্মভয়েন চাতিমাত্রখিন্নসর্ব্বগাত্রঃ সর্ব্বথা ন যোৎস্যামীত্যুক্ত্বা বন্ধুবিশ্লেষজনিতশোকসংবিগ্নমানসঃ সশরং চাপমুৎসৃজ্য রথোপরি উপাবিশৎ ॥ ২৬। ২৭। ২৮। ২৯। ৩০। ৩১। ৩২। ৩৩। ৩৪। ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২। ৪৩। ৪৪। ৪৫। ৪৬ ॥

ইতি শ্রীমদ্রামানুজাচার্য্যবিরচিতে গীতাভাষ্যে প্রথমোঽধ্যায়ঃ।

শ্রীধর।—ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ। এবমুক্ত্বেত্যাদি। সংখ্যে সংগ্রামে রথোপস্থে রথস্যোপরি, উপাবিশৎ উপবিবেশ। শোকেন সংবিগ্নং প্রকম্পিতং মানসং চিত্তং যস্য স তথা ॥ ৪৬ ॥

ইতি শ্রীভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং সৈন্যদর্শনো নাম প্রথমোঽধ্যায়ঃ।

বলদেব।—ততঃ কিমভূদিত্যপেক্ষায়াম্ সঞ্জয় উবাচ এবমুক্ত্বেতি। সংখ্যে যুদ্ধে, রথোপস্থে রথোপরি, উপাবিশৎ উপবিবেশ। পূর্ব্বং যুদ্ধায় প্রতিযোদ্ধৄন্ বিলোকনায় চোত্থিতঃ সন্ ॥৪৬॥

অহিংস্রতাত্মজিজ্ঞাসা দয়ার্দ্রস্তোপজায়তে। তদ্বিরুদ্ধস্য নৈবেতি প্রথমাদুপপাদিতম্

ইতি শ্রীমদ্বলদেবকৃতে শ্রীভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে প্রথমোঽধ্যায়ঃ।

মধুসূদন।—ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়ামাহ। সঞ্জয় উবাচ। সংখ্যে সংগ্রামে, রথোপস্থে রথস্যোপরি উপবিবেশ। পূর্ব্বং যুদ্ধার্থমবলোকনার্থমুত্থিতঃ সন্। শোকেন সংবিগ্নং পীড়িতং মানসং যস্য সঃ ॥ ৪৬ ॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যবিশ্বেশ্বরসরস্বতী-শ্রীপাদ শিষ্য শ্রীমধুসূদনসরস্বতী-বিরচিতায়াং গীতাগূঢ়ার্থদীপিকায়াং প্রথমোঽধ্যায়ঃ সমাপ্তঃ।

নীলকণ্ঠ।—এতদেব বিবৃণোতি দ্বাভ্যাং দোষৈরিতি এবমুক্ত্বেতি। সংখ্যে সংগ্রামে ॥ ৪৩। ৪৪। ৪৫। ৪৬ ॥

ইতি শ্রীমহাভারতে ভীষ্মপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে গীতাসু প্রথমোঽধ্যায়ঃ।

বিশ্বনাথ।—সংখ্যে সংগ্রামে, রথোপস্থে রথোপরি ॥ ৪৩। ৪৪। ৪৫। ৪৬ ॥

ইতি সারার্থবর্ষিণ্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাম্। গীতাসু প্রথমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ॥

তাৎপর্য্য।—এতদূর পর্য্যন্ত অর্জ্জুনের আন্তরিক অবসন্নতা তদীয় নিজ বাক্যে বিবৃত করিয়া, এক্ষণে সঞ্জয় বলিতেছেন যে, অতঃপর শোকাবসন্ন-হৃদয় অর্জ্জুন, ধনুর্ব্বাণ পরিত্যাগ পূর্ব্বক, বিষণ্ণ ভাবে রথের একদেশে উপবেশন করিয়া রহিলেন। সর্ব্বায়োজন সম্পন্ন হইয়া সমরে সমাগত হইলেও, সহসা সাত্ত্বিকভাবের পূর্ণ বিকাশ হেতু, অধুনা অর্জ্জুনের সমর-সাধ নিবৃত্ত হইয়াছে; রাজ্য লাভ ও বিষয় ভোগে তাঁহার আর বাসনা নাই; স্বজন সংহার করিয়া বিজয় গৌরবে স্ফীত হইতে তিনি আর অভিলাষী নহেন এবং পাপানুষ্ঠান অপেক্ষা প্রাণত্যাগ শুভকর বোধে, তিনি এক্ষণে আত্মরক্ষায় পরাঙ্মুখ। অতঃপর সন্ন্যাসধর্ম্মই শ্রেয়স্কর বলিয়া অর্জ্জুন বিবেচনা করিলেন। সমরার্থ সমাগত যোদ্ধৃবর্গকে দর্শন করিবার নিমিত্ত অর্জ্জুন পূর্ব্বে দণ্ডায়মান হইয়াছিলেন, এক্ষণে শোকমোহাচ্ছন্ন হইয়া বিরক্ত, নির্ব্বিন্ন ও হতাশভাবে উপবেশন করিলেন ॥ ৪৬ ॥

প্রথম অধ্যায়ের তাৎপর্য্য সমাপ্ত।

☞ পাঠান্তর - কোন কোন গ্রন্থে এই অধ্যায়ের নাম 'অর্জ্জুন-বিষাদঃ' এইরূপ দৃষ্ট হয়।

——০:)ঃ০ঃ(ঃ০——

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

তং তথা কৃপয়াবিষ্টমশ্রুপূর্ণাকুলেক্ষণম্।
বিষীদন্তমিদং বাক্যমুবাচ মধুসূদনঃ॥ ১॥

অন্বয়।—সঞ্জয় উবাচ। তথা কৃপয়া-আবিষ্টং (কৃপাপূর্ণং) অশ্রুপূর্ণ-আকুল-ঈক্ষণং বিষীদন্তং (বিষণ্ণং) তং মধুসূদনঃ ইদং বাক্যং উবাচ॥১॥

প্রতিশব্দ।—সঞ্জয় বলিলেন। সেইরূপ দয়া-বিশিষ্ট অশ্রু-সম্পূরিত কাতর-নয়ন শোকনিরত তাঁহাকে নারায়ণ এই কথা বলিলেন॥১॥

ব্যাখ্যা।—সঞ্জয় এখনও বলিতেছেন, সেই করুণার্দ্র হৃদয় গলদশ্রুলোচন ব্যাকুলচিত্ত বিষাদ-নিমগ্ন অর্জ্জুনকে ভগবান্ পশ্চাল্লিখিত বাক্য বলিতে লাগিলেন॥ ১॥

আনন্দগিরি।—অহিংসা পরমো ধর্ম্মো ভিক্ষাশনঞ্চেত্যেবং লক্ষণয়া বুদ্ধ্যা যুদ্ধবৈমুখ্যমর্জ্জুনস্য শ্রুত্বা স্বপুত্রাণাং রাজৈশ্বর্য্যমপ্রচলিতমবধার্য্য স্বস্থহৃদয়ং ধৃতরাষ্ট্রং দৃষ্ট্বা তস্য দুরাশামপনেষ্যামীতি মনীষয়া সঞ্জয়স্তং প্রত্যুক্তবানিত্যাহ সঞ্জয় ইতি। পরমেশ্বরেণ স্মার্য্যমাণোঽপি কৃত্যাকৃত্যে সহসা নার্জ্জুনঃ সস্মার, বিপর্য্যয়প্রযুক্তস্য শোকস্য দৃঢ়তরমোহহেতুত্বাৎ তথাপি তং ভগবান্ নোপেক্ষিতবানিত্যাহ তং তথেতি। তং প্রকৃতং পার্থং তথা স্বজনমরণপ্রসঙ্গদর্শনেন কৃপয়া করুণয়া * আবিষ্টমধিষ্ঠিতমশ্রুভিঃ পূর্ণে সমাকুলে চেক্ষণে যস্য তং অশ্রুব্যাপ্ততরলাক্ষং, বিষীদন্তং শোচন্তমিদং বক্ষ্যমাণং বাক্যং সোপপত্তিকং বচনং মধুনামানমসুরং সূদিতবানিতি মধুসূদনো ভগবানুক্তবান্ ন তু যথোক্তমর্জ্জুনমুপেক্ষিতবানিত্যর্থঃ॥ ১॥

শ্রীধর।—দ্বিতীয়ে শোকসন্তপ্তমর্জ্জুনং ব্রহ্মবিদ্যয়া। প্রতিবোধ্য হরিশ্চক্রে স্থিতপ্রজ্ঞস্য লক্ষণম্॥ ততঃ কিং বৃত্তমিত্যপেক্ষায়াং সঞ্জয় উবাচ তং তথেতি। অশ্রুভিঃ পূর্ণে আকুলে ঈক্ষণে যস্য তং, তথা উক্তপ্রকারেণ বিষীদন্তমর্জ্জুনং প্রতি মধুসূদন ইদং বাক্যমুবাচ॥ ১॥

---

* করুণা।—"কারুণ্যং ঘৃণা কৃপা দয়ানুকম্পানুক্রোশঃ" ইত্যমর। অস্যা লক্ষণং যথা; যত্নাদপি পরক্লেশং হর্ত্তুং যা হৃদি জায়তে। ইচ্ছা ভূমিসুরশ্রেষ্ঠ সা দয়া পরিকীর্ত্তিতা॥" ইতি পদ্মপুরাণীয় ক্রিয়াযোগসার। "আত্মবৎ সর্ব্বভূতেষু যো হিতায় শুভায় চ। বর্ত্ততে সততং হৃষ্টঃ ক্রিয়া হ্যেষা দয়া স্মৃতা" ॥ ইতি মৎস্যপুরাণ। "পরে বা বন্ধুবর্গে বা মিত্রে দ্বেষ্টরি বা সদা। আত্মবদ্বর্ত্তিতব্যং হি দয়ৈষা পরিকীর্ত্তিতা॥" ইতি একাদশীতত্ত্ব

বলদেব।— দ্বিতীয়ে জীবযাথাত্ম্যজ্ঞানং তৎসাধনং হরিঃ। নিষ্কামকর্ম্ম চ প্রোচে স্থিতপ্রজ্ঞস্য লক্ষণম্॥ এবমর্জ্জুনবৈরাগ্যমুপশ্রুত্য স্বপুত্ররাজ্যাভ্রংশাশঙ্কয়া হৃষ্যন্তং ধৃতরাষ্ট্র-মালক্ষ্য সঞ্জয় উবাচ তং তথেতি। মধুসূদন ইতি তস্য শোকমপি মধুবন্নিহনিষ্যতীতি ভাবঃ॥১॥

মধুসূদন।—অহিংসা পরমো ধর্ম্মো ভিক্ষাশনঞ্চেত্যেবং লক্ষণয়া বুদ্ধ্যা যুদ্ধবৈমুখ্য-মর্জ্জুনস্য শ্রুত্বা স্বপুত্রাণাং রাজ্যমপ্রচলিতমবধার্য্য স্বস্থহৃদয়স্য ধৃতরাষ্ট্রস্য হর্ষনিমিত্তাং ততঃ কিং বৃত্তমিত্যাকাঙ্ক্ষামপনিনীষুঃ সঞ্জয়স্তং প্রত্যুক্তবান্ ইত্যাহ বৈশম্পায়নঃ। সঞ্জয় উবাচ। কৃপা মমৈতে ইতি ব্যামোহনিমিত্তঃ স্নেহবিশেষঃ, তয়া আবিষ্টং স্বভাবসিদ্ধয়া ব্যাপ্তং, অর্জ্জুনস্য কর্ম্মত্বং কৃপায়াশ্চ কর্তৃত্বং বদতা তস্যা আগন্তুকত্বং ব্যুদস্তং, অতএব বিষীদন্তং স্নেহবিষয়ীভূতস্বজনবিচ্ছেদায় শঙ্কানিমিত্তঃ শোকাপরপর্য্যায়শ্চিত্তব্যাকুলীভাবো বিষাদস্তং প্রাপ্নুবন্তম্। অত্র বিষাদস্য কর্ম্মত্বেনার্জ্জুনস্য কর্তৃত্বেন চ তস্যাগন্তুকত্বং সূচিতম্। অতএব কৃপাবিষাদবশাদশ্রুভিঃ পূর্ণে আকুলে দর্শনাক্ষমে চেক্ষণে যস্য তং, এবমশ্রুপাতব্যাকুলী-ভাবাখ্যকার্য্যদ্বয়জনকতয়া পরিপোষং গতাভ্যাং কৃপাবিষাদাভ্যামুদ্বিগ্নং তমর্জ্জুনমিদং সোপপত্তিকং বক্ষ্যমাণং বাক্যমুবাচ, নতুপেক্ষিতবান্। মধুসূদন ইতি স্বয়ং দুষ্টনিগ্রহকর্ত্তার্জ্জুনং প্রত্যপি তথৈব বক্ষ্যতীতিভাবঃ॥১॥

নীলকণ্ঠ।—অর্জ্জুনে যুদ্ধাদুপরতে মৎপুত্রা নিষ্কণ্টকং রাজ্যং প্রাপ্স্যন্তীত্যাশাবন্তং রাজানং প্রতি সঞ্জয় উবাচ, তং তথেতি। তমর্জ্জুনম্, তথা "স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব" ইত্যুক্তপ্রকারেণ, কৃপয়া স্নেহেন, ন তু দয়য়া পরদুঃখপ্রহরণেচ্ছারূপয়া, তস্যাঃ পরদৌর্ব্ব-ল্যানিশ্চয়োত্তরভাবিন্যা অর্জ্জুনে "যদি বা নো জয়েয়ুঃ," ইতি স্বপরাজয়মাশঙ্কমানে দুর্ঘটত্বাৎ "যানেব হত্বা ন জিজীবিষামঃ" ইতিস্নেহাতিশয়সূচকবাক্যশেষবিরোধাচ্চ। আবিষ্টং ব্যাপ্তম্, বিষীদন্তং "সীদন্তি মম গাত্রাণি" ইত্যাদিনা উক্তরূপং বিষাদং প্রাপ্নুবন্তম্, ইদং বক্ষ্যমাণং বাক্যং বচনীয়ং উবাচ। মধুসূদন ইতি দুষ্টহন্তৃত্বাদেবাহর্জ্জুনং নিমিত্তীকৃত্য ত্বৎপুত্রানপি হনিষ্যত্যেবেতি ত্বয়া জয়াশা ন কার্য্যেতি ভাবঃ॥২॥

তাৎপর্য্য।—ভগবান্ শ্রীকৃষ্ণচন্দ্র দ্বিতীয়াধ্যায়ে আত্মানাত্ম বিচার-জনিত ব্রহ্মবিদ্যা দ্বারা, অর্জ্জুনের শোকমোহরূপ তমোরাশিকে অপনোদন করতঃ, স্থিত-প্রজ্ঞ মুক্ত পুরুষের লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন।

যখন উভয়দলে ভীষণ রণবাদ্য বাজিয়া উঠিল এবং বীরগণ স্ব স্ব বাহু আস্ফালনপূর্ব্বক আত্মশ্লাঘা করিতে আরম্ভ করিলেন, তখন বীরকেশরী নরপুঙ্গব অর্জ্জুনের হৃদয়ে ধর্ম্মক্ষেত্র-মাহাত্ম্যেই হউক, কিম্বা সত্ত্বগুণনিকে-তন ভগবৎসান্নিধ্য বশতই হউক, সত্ত্বগুণ অতিশয় প্রবল হইয়া উঠিল।

তাঁহার হৃদয়াকাশে 'অহিংসা পরমধর্ম্ম' এই পরম জ্ঞানস্বরূপ দিবাকর সমুদিত হইল। সমরপ্রাঙ্গণে সমুপস্থিত পিতার ন্যায় প্রতিপালন কর্ত্তা পিতামহ ভীষ্ম, সমরসন্ধানের শিক্ষা বিধানে সুদক্ষ পূজ্যাস্পদ গুরুদেব দ্রোণাচার্য্য ও ভ্রাতা দুর্য্যোধন প্রভৃতি আত্মীয় স্বজনগণকে দর্শন করিয়া ভক্তি ও স্নেহে তিনি এতই বিকলিতচিত্ত হইয়া পড়িলেন যে, আর অস্ত্র শস্ত্রাদির সহিত সমরক্ষেত্রে দণ্ডায়মান থাকিতে পারিলেন না এবং তিনি ভাবিতে লাগিলেন, জ্ঞানদাতা গুরু, অবিচ্ছেদ্য সম্বন্ধ-সম্পর্কিত জ্ঞাতি ও চিরপরিচিত পরম প্রেমাস্পদ বন্ধুগণের বিনাশ সাধন অপেক্ষা, বল্কলবসন ধারণ পূর্ব্বক, বনবাস কিংবা ভিক্ষাশনই শ্রেয়স্কর। অর্জ্জুন এরূপ বিবেচনা করিয়া প্রতিপক্ষের উত্তেজনাজনিত কুলক্ষয়কর যুদ্ধ হইতে বিমুখ হইলেন। স্ববর্ক্তা সঞ্জয়-মুখে এইসকল বৃত্তান্ত শ্রবণ করিয়া দুরাশা-কবলিত-হৃদয় দুর্ম্মতি ধৃতরাষ্ট্র মনে মনে ভাবিলেন,অতঃপর আমার পুত্রগণের চিরবাঞ্ছিত রাজৈশ্বর্য্য নিষ্কণ্টক হইল; কারণ ভীষ্ম দ্রোণাদি সম্মুখে বীরগণের যুদ্ধক্ষেত্রে অবিচলিতভাবে অবস্থিতি করিতে পারে,পাণ্ডব-সৈন্য-মধ্যে অর্জ্জুন ব্যতীত এরূপ সমর-দক্ষ দ্বিতীয় বীর আর লক্ষিত হইতেছে না। সেই শূর-কেশরী অর্জ্জুন যখন বৈরাগ্য হেতু সমর বিমুখ, তখন মৎপুত্রগণের বিজয়-বিষয়ে কোনই সন্দেহ নাই। ঈদৃশ্ স্বস্থহৃদয় ধৃতরাষ্ট্রকে অবলোকন করিয়া বুদ্ধি-মান্ সঞ্জয় স্ববুদ্ধি কৌশলে "ততঃ কিং" অর্থাৎ "তাহার পর কি হইল"। পুত্রস্নেহপরায়ণ অন্ধরাজের এতাদৃশ হৃদয়গত অভিসন্ধানেচ্ছা অনুমান করিয়া, অঙ্কুরেই তদীয় আশাবৃক্ষের মূলচ্ছেদ বাসনায় নিম্নলিখিতরূপ বাক্য বলিতেছেন। শুক্র-শোণিত-সম্ভূত নশ্বর স্থূলদেহধারী ব্যক্তি বিশেষের প্রতি পালন-কর্ত্তা পিতামহ, শিক্ষাদাতা গুরু, প্রাণতুল্য ভ্রাতৃগণ ইত্যাদি রূপ মনঃকল্পিত মমতা বশতঃ অর্জ্জুন কর্ত্তব্যবিমূঢ়, কৃপাপরতন্ত্র ও স্বজনগণ বিচ্ছেদভয়ে বিষণ্ণ ভাবাপন্ন হইয়াছিলেন। সেই উদ্বেগাকুল ধনঞ্জয়কে ভগবান্ মধুসূদন, মীমাংসা বেদান্ত সাঙ্খ্য পাতঞ্জল ও ন্যায়রূপ দর্শনাদি শাস্ত্র দ্বারা প্রমাণীকৃত এবং লৌকিক দৃষ্টান্তাদি দ্বারা নানাবিধ সমর্থ সম্পূরিত বাক্যাবলীসংযুক্ত উপদেশ প্রদান করিয়াছিলেন। ভস্ম, পুরীষ কৃমি যাহার পরিণাম, তাদৃশ নশ্বর দেহ হইতে আত্মা স্বতন্ত্র ও অবিনাশী; তাদৃশ দেহ বিশিষ্ট ব্যক্তিগণকে অর্জ্জুন পিতামহাদিরূপে কল্পনা করিতেছেন এবং

তাঁহাদিগের বিনাশ সম্ভাবনায় নিরতিশয় ভীতভাবাপন্ন হইয়া আপনাকে কলুষিত বলিয়া তিরস্কৃত করিতেছেন। অর্জ্জুনের সেই বুদ্ধি-বিবেচনা আপাততঃ মনোহর হইলেও, নিতান্ত ভ্রমাত্মক এবং শুক্তিতে রজত কল্পনার ন্যায় অলীক কল্পনামাত্র। এবংবিধ ভূরি ভূরি উপদেশ দ্বারা শ্রীভগবান্ অর্জ্জুনের হৃদয়াবসাদ বিদূরিত করিয়াছিলেন। বন্ধুগণের বিচ্ছেদভয়ে হতবুদ্ধি ও কিংকর্ত্তব্যবিমূঢ় অর্জ্জুনকে ভগবান্ এই সঙ্কট স্থানে উপেক্ষা করিলেন না। বরং অঘটন-ঘটন-পটীয়সী বৈষ্ণবী মহামায়ার মহিমায় বিকলমতি অর্জ্জুনের আত্মবিস্মৃতিকারী মহামোহরূপ দুরন্ত মধু দৈত্যকে দূরীকৃত করিয়া কর্ত্তব্য কার্য্যে তাঁহাকে নিয়োজিত করিলেন। যিনি মধুনামা দৈত্যকে সূদন অর্থাৎ বিনাশ করিয়াছিলেন তিনি মধুসূদন এই অর্থে মূলে "মধুসূদন" এই শব্দ প্রযুক্ত হইয়াছে। এই বাক্য দ্বারা সঞ্জয় স্বপুত্রগণের কল্যাণাকাঙ্ক্ষী রাজা ধৃতরাষ্ট্রকে সঙ্কেতে ইহাই বলিলেন যে; দুষ্টদলনকারী ভগবান্ হরি, নরকেশরী অর্জ্জুনের দ্বারা কুরু-কুল-কলঙ্ক, তোমার পুত্রদিগকে নিহত করিয়া, ভূমণ্ডলে অশেষ যশোরাশি প্রতিষ্ঠিত করিবেন ॥ ১ ॥

—:*:

শ্রীভগবানুবাচ।

কুতস্ত্বা কশ্মলমিদং বিষমে সমুপস্থিতম্।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যমকীর্ত্তিকরমর্জ্জুন! ॥ ২ ॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ। অর্জ্জুন! ত্বা বিষমে (বিপত্তৌ) কুতঃ অনার্য্য*জুষ্টং (শিষ্ট বিগর্হিতং) অস্বর্গ্যং অকীর্ত্তিকরং ইদং কশ্মলং (বৈক্লব্যং) সমুপস্থিতং ॥ ২ ॥

---

* অনার্য্য।—আর্য্যশব্দে ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য এই তিন বর্ণকে বুঝায় এবং অনার্য্য শব্দে শূদ্রগণ লক্ষিত হয়। নিম্নোদ্ধৃত কাত্যায়নকৃত শ্রৌতসূত্র ও তদ্ভাষ্য আলোচনা করিলে ইহা উপলব্ধ হইবে। "শূদ্রার্য্যৌ চর্ম্মণি পরিমণ্ডলে ব্যায়চ্ছেয়াতাম্" ইহার ভাষ্য যথা; "শূদ্রশ্চতুর্থো বর্ণঃ আর্য্যস্ত্রৈবর্ণিকঃ।" অর্থাৎ চতুর্থবর্ণ শূদ্র; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই ত্রিবর্ণ আর্য্য।

মনুসংহিতা আলোচনা করিলেও শূদ্রদিগকেই অনার্য্যজাতি বলিয়া অনুমিত হয়। আর্য্যাবর্ত্তের প্রসঙ্গে মনুতে লিখিত আছে, "এতান্ দ্বিজাতয়ো দেশান্ সংশ্রয়েরন্ প্রযত্নতঃ। শূদ্রস্তু যস্মিন্ কস্মিন্ বা নিবসেদ্বৃত্তি-

প্রতিশব্দ।—শ্রীকৃষ্ণ বলিলেন। অর্জ্জুন! তোমাতে বিপত্তিকালে কোথা-হইতে আর্য্যজন-অসেবিত স্বর্গ অযোগ্য * অযশস্কর এই মোহ সমাগত-হইল।। ২ ।।

ব্যাখ্যা।—শ্রীকৃষ্ণ বলিলেন, হে অর্জ্জুন! এই দারুণ বিপত্তি জনক সঙ্কট সময়ে তোমার হৃদয়ে কোথা হইতে আর্য্যগণের নীতি-বিরুদ্ধ, পারলৌকিক অধোগতির কারণভূত, কলঙ্ক বিধায়ক এবংবিধ চিত্তবিকারের আবির্ভাব হইল? ।। ২ ॥

আনন্দগিরি। – কিন্তদ্বাক্যমিত্যপেক্ষায়ামাহ শ্রীভগবানিতি। কুতো হেতোস্ত্বা ত্বাং সর্ব্বক্ষত্রিয়প্রবরং কশ্মলং মলিনং শিষ্টগর্হিতং যুদ্ধাৎ পরাঙ্মুখত্বং, বিষমে সভয়ে স্থানে

বর্ত্তিতঃ॥" অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য এই দ্বিজাতিগণ সাগ্রহে এই সকল দেশ আশ্রয় করিবে। কিন্তু শূদ্রগণ বৃত্তির অনুরোধে যেখানে সেখানে বাস করিবে। মনুসংহিতায় আর্য্য ও অনার্য্য জাতির বিভিন্নতা সুস্পষ্টরূপে নির্দ্দিষ্ট আছে। যথা; "জাতো নার্য্যামনার্য্যায়ামার্য্যাদার্য্যো ভবেদ্গুণৈঃ। জাতোঽপ্যনার্য্যাদার্য্যায়ামনার্য্য ইতি নিশ্চয়ঃ॥ অনার্য্যমার্য্যকর্ম্মাণমার্য্যঞ্চানার্য্যকর্ম্মিণম্। সম্প্রধার্য্যাব্রবীদ্ধাতা ন সমৌ নাসমাবিতি॥" শ্রীমৎ কুল্লুক ভট্ট এই দুই শ্লোকের নিম্নলিখিত টীকা লিখিয়াছেন। তত্র নির্ণয়মাহ জাত ইতি। শূদ্রায়াং স্ত্রিয়াং ব্রাহ্মণাজ্জাতঃ স্মৃত্যুক্তৈঃ, পাকযজ্ঞাদিভিগুণৈরনুষ্ঠীয়মানৈর্যুক্তঃ প্রশস্যো ভবতি, শূদ্রেণ পুনর্ব্রাহ্মণ্যাং জাতঃ, প্রতিলোমতঃ উৎপন্নতয়া শূদ্রধর্ম্মেঽপ্যনধিকারাদপ্রশস্য ইতি নিশ্চয়ঃ, স্থানপ্রাপ্তোঽপ্যর্থো বচনপ্রামাণ্যাদত্র বোধ্যতে॥ অনার্য্যমিতি। শূদ্রং দ্বিজাতি কর্ম্মকারিণং দ্বিজাতিঞ্চ শূদ্রকর্ম্মকারিণং ব্রহ্মা বিচার্য্য ন সমৌ নাসমাবিত্যবোচৎ ইত্যাদি॥ ইতি কুল্লুকভট্টঃ॥ অর্থাৎ আর্য্যের ঔরসে অনার্য্যের অর্থাৎ শূদ্রার গর্ভে যে সন্তান উদ্ভব হয় সে গুণযুক্ত হইলে আর্য্য হয়, এবং অনার্য্য অর্থাৎ শূদ্রের ঔরসে আর্য্যার গর্ভে যে সন্তান জন্মে সে নিশ্চয়ই অনার্য্য হইবে। অনার্য্য আর্য্য জাতির এবং আর্য্য অনার্য্য জাতির কর্ম্মানুষ্ঠান করিলে ধাতা বিচারপূর্ব্বক তাহাদের না সমান না অসমান বলিয়াছেন।

অথর্ব্ববেদেও আর্য্য ও শূদ্রের বিভিন্নতা উল্লিখিত আছে। যথা; "তয়াহং সর্ব্বং পশ্যামি যশ্চ শূদ্র উতার্য্যঃ।" অপিচ "প্রিয়ং মা কৃণু দেবেষু প্রিয়ং রাজসু মা কৃণু। প্রিয়ং সর্ব্বস্য পশ্যতঃ উত শূদ্র উতার্য্যে॥" অথর্ব্ববেদসংহিতা॥

ঋগ্বেদে আর্য্য ও দস্যু বা দাস এইরূপ জাতিগত বিভিন্নতা পরিদৃষ্ট হয়। উক্ত সংহিতায় আর্য্য শব্দের প্রয়োগ দেখিয়া হিন্দুধর্ম্মাবলম্বি জনসাধারণ তাহার লক্ষিত বলিয়া উপলব্ধি হয়। তদিতর যাবতীয় মনুষ্য অনার্য্য, দস্যু বা দাস শব্দবাচ্য।

† স্বর্গ।—"স্বর্গস্থানং মহাপুণ্যং প্রোচ্যমানং নিবোধ মে। ভারতে কৃতপুণ্যানাং দেবানামপি চালয়ম্॥" নৃসিংহপুরাণ॥ "ন তত্র নাস্তিকা যান্তি ন স্তেনা নাজিতেন্দ্রিয়াঃ। ন নৃশংসা ন পিশুনাঃ কৃতঘ্নাঃ ন চ মানিনঃ। সত্যাত্মসংস্থিতাঃ শূরাঃ দয়াবন্তঃ ক্ষমাপরাঃ। যজ্বানো দানশীলাশ্চ তত্র গচ্ছন্তি তে নরাঃ।" পদ্মপুরাণ ভূখণ্ডে ৯০ অধ্যায়।

সমুপস্থিতং প্রাপ্তমনার্য্যৈঃ শাস্ত্রার্থমবিজ্ঞৈঃ জুষ্টং সেবিতমস্বর্গ্যং স্বর্গানর্হং প্রত্যবায়কারণম্, ইহ চাকীর্ত্তিকরমবশঙ্করমর্জ্জুননাম্না প্রখ্যাতস্য তব নৈতদ্ যুক্তমিত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীধর।—তদেব বাক্যমাহ কুত ইতি। কুতো, হেতোস্ত্বা ত্বাং বিষমে সঙ্কটে ইদং কশ্মলমুপস্থিতময়ং মোহঃ প্রাপ্তঃ, যত আর্য্যৈরসেবিতম্, অস্বর্গ্যমধর্ম্ম্যমযশস্করঞ্চ ॥ ২ ॥

বলদেব।—তদ্বাক্যমনুবদতি শ্রীভগবানিতি। "ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চাপি ষণ্ণাং ভগ ইতীঙ্গনা" ইতি পরাশরোক্তৈরৈশ্বর্য্যাদিভিঃ ষড্‌ভির্নিত্যং বশিষ্ঠঃ। সমগ্রস্যেত্যেতৎ ষট্‌স্বু যোজ্যম্। হে অর্জ্জুন! ইদং স্বধর্ম্মবৈমুখ্যং কশ্মলং শিষ্টনিন্দ্যত্বান্মলিনং কুতো হেতোস্ত্বাং ক্ষত্রিয়চূড়ামণিং সমুপস্থিতমভূৎ। বিষমে যুদ্ধসময়ে। ন চ মোক্ষায় স্বর্গায় কীর্ত্তয়ে বৈতদ্যুদ্ধবৈরাগ্যমিত্যাহ অনার্য্যেতি। আর্য্যৈর্মুমুক্ষুভির্ন জুষ্টং সেবিতং, আর্য্যাঃ খলু হৃদ্বিশুদ্ধয়ে স্বধর্ম্মানাচরন্তি। অস্বর্গ্যং স্বর্গোপলম্ভকধর্ম্মবিরুদ্ধম্। অকীর্ত্তিকরং কীর্ত্তিবিপ্লাবকম্॥ ২ ॥

মধুসূদন।—তদেব ভগবতো বাক্যমবতারয়তি শ্রীভগবানুবাচেতি। "ঐশ্বর্য্যস্য সমগ্রস্য ধর্ম্মস্য যশসঃ শ্রিয়ঃ। বৈরাগ্যস্যাথ মোক্ষস্য ষণ্ণাং ভগ ইতীঙ্গনা।" সমগ্রস্যেতি প্রত্যেকং সম্বন্ধঃ, মোক্ষস্যেতি তৎসাধনস্য জ্ঞানস্য, ইঙ্গনা সংজ্ঞা। এতাদৃশং সমগ্রৈশ্বর্য্যাদিকং নিত্যম্ প্রতিবন্ধেন যত্র বর্ত্ততে স ভগবান্। (নিত্যযোগে মতুপ্)। তথা "উৎপত্তিঞ্চ বিনাশঞ্চ ভূতানামাগতিং গতিং। বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানিতি॥" অত্র ভূতানামিতি প্রত্যেকং সম্বধ্যতে। উৎপত্তিবিনাশশব্দৌ তৎকারণস্যাপ্যুপলক্ষকৌ, আগতিগতী আগামিন্যৌ সম্পদাপদৌ। এতাদৃশো ভগবচ্ছব্দার্থঃ শ্রীবাসুদেব এব পর্য্যবসিত ইতি তথোচ্যতে। ইদং স্বধর্ম্মাৎ পরাঙ্মুখত্বং কৃপাব্যামোহাশ্রুপাতাদিপুরঃসরং কশ্মলং শিষ্টবিগর্হিতত্বেন মলিনং, বিষমে সভয়ে স্থানে, ত্বা ত্বাং সর্ব্বক্ষত্রিয়প্রবরং, কুতো হেতোঃ, সমুপস্থিতং প্রাপ্তম্। কিং মোক্ষেচ্ছাতঃ, কিংবা স্বর্গেচ্ছাতঃ, অথবা কীর্ত্তীচ্ছাত ইতি কিংশব্দেনাক্ষিপ্যতে। হেতুত্রয়মপি নিষেধতি ত্রিভির্বিশেষণৈরুত্তরার্দ্ধেন অনার্য্যেতি। আর্য্যৈর্মুমুক্ষুভির্নজুষ্টং ন সেবিতং, স্বধর্ম্মৈরাশয়শুদ্ধিদ্বারা মোক্ষমিচ্ছদ্ভিরপক্ককষায়ৈর্মুমুক্ষুভিঃ কথং স্বধর্ম্মস্ত্যাজ্য ইত্যর্থঃ। সন্ন্যাসাধিকারীতু পক্ককষায়োঽগ্রে বক্ষ্যতে। অস্বর্গ্যং স্বর্গহেতুধর্ম্মবিরোধিত্বাৎ, ন স্বর্গেচ্ছয়া সেব্যম্। অকীর্ত্তিকরং কীর্ত্ত্যভাবকরমপকীর্ত্তিকরং বা, ন কীর্ত্তীচ্ছয়া সেব্যম্। তথাচ মোক্ষকামৈঃ স্বর্গকামৈঃ কীর্ত্তিকামৈশ্চ বর্জ্জনীয়ম্, তৎকামএব ত্বং সেবসে, ইত্যহোঽনুচিতচেষ্টিতং তবেতিভাবঃ ॥ ২ ॥

নীলকণ্ঠ।—অর্জ্জুনং উদ্বোজয়ন্ শ্রীভগবানুবাচ কুত ইতি। কশ্মলং বৈক্লব্যম্, বিষমে যুদ্ধসঙ্কটে, অনার্য্যো ভীরুভির্জুষ্টং সেবিতং ন তু ত্বাদৃশৈঃ শূরৈঃ, ন আর্য্যৈর্জুষ্টমিতি বা। যত্তু আর্য্যৈরজুষ্টমিতি বিগ্রহো দর্শিতঃ তদর্থৈক্যেঽপি পদব্যুৎক্রমদোষাদুপেক্ষ্যম্, অতএবাস্বর্গ্যমকীর্ত্তিকরঞ্চ। হে অর্জ্জুন! স্বচ্ছস্বভাব! তব নৈতদ্যুক্তমিতি ভাবঃ॥ ২ ॥

বিশ্বনাথ।—আত্মানাত্মবিবেকেন শোকমোহতমোঽছিদন্। দ্বিতীয়ে কৃষ্ণচন্দ্রোঽত্র প্রোচে মুক্তস্য লক্ষণম্॥ কশ্মলং মোহং বিষমেঽত্র সংগ্রামসঙ্কটে, কুতো হেতোরুপস্থিতং ত্বাং প্রাপ্তমভূৎ। অনার্য্যজুষ্টং সুপ্রতিষ্ঠিতলোকৈরসেবিতং, অস্বর্গ্যং অকীর্ত্তিকরমিতি পারত্রিকৈহিক-সুখপ্রতিকূলমিত্যর্থঃ॥ ১। ২॥

তাৎপর্য্য।—অতঃপর মধুসূদন কি বাক্য বলিয়াছিলেন, সন্দেহ-সমাকুল ধৃতরাষ্ট্রের এইরূপ কল্পিত প্রশ্নের উত্তরে সর্ব্বজ্ঞ সঞ্জয় নিম্নলিখিত ভাব সংযুক্ত বাক্য কহিতে লাগিলেন। সমগ্র ঐশ্বর্য্য, সমগ্র ধর্ম্ম, সমগ্র যশঃ, সমগ্র শ্রী, সমগ্র বৈরাগ্য ও সমগ্র মোক্ষ অর্থাৎ মোক্ষসাধন জ্ঞান, "ভগ" শব্দ প্রতিপাদ্য। এই ষড়্‌বিধ পদার্থ সম্পূর্ণভাবে ও অপ্রতিবন্ধরূপে যাঁহাতে নিত্য বর্ত্তমান আছে তিনিই ভগবান্। অপিচ প্রাণিগণের উৎপত্তি, বিনাশ, তদুভয়ের কারণ, ভবিষ্যৎ সম্পদ, বিপদ, বিদ্যা, অবিদ্যাকে যিনি উত্তমরূপে বিদিত আছেন, সেই সর্ব্বদর্শী মহাপুরুষই ভগবান্ শব্দের একমাত্র লক্ষ্য। ঈদৃশ ভগবান্ বাসুদেব স্বয়ং স্বকীয় সখাকে 'অর্জ্জুন' নামে সম্বোধন করিতেছেন। এই সম্বোধন বাক্য দ্বারা ইহা ব্যক্ত হইতেছে যে, যিনি সসাগরা বসুন্ধরা মধ্যে নির্ম্মল কর্ম্ম করিয়া থাকেন তিনিই অর্জ্জুন। অতঃপর বিষণ্ণ স্বধর্ম্মবিমুখ অর্জ্জুনকে ভগবান্ বলিতেছেন, "হে পার্থ নামধারিন্ ক্ষত্রিয়-কুল-ধুরন্ধর! এই বিষম সঙ্কট স্থানে সমাগত হইয়া, কি হেতু তোমার অন্তরে স্বধর্ম্ম-বিরুদ্ধ শিষ্টগণ-বিনিন্দিত কুপ্রবৃত্তি উপস্থিত হইল? তোমার হৃদয়ে সহসা এই যে দুরন্ত মোহ সমুপস্থিত হইয়াছে দেখিতেছি, তাহা কি মুক্তির নিমিত্ত, কিংবা স্বর্গের, অথবা কীর্ত্তিলাভ কামনায় সঞ্জাত হইয়াছে ইহা আমি নিশ্চয় করিতে পারিতেছি না।

যুদ্ধ ক্ষত্রিয়কুলের কুলধর্ম্ম। অপরিপক্কমনা মুমুক্ষু ব্যক্তিগণ প্রথমতঃ আশয় শুদ্ধি অর্থাৎ চিত্তশুদ্ধির নিমিত্ত বিধিবোধিত স্বধর্ম্মেরই অনুষ্ঠান করিয়া থাকেন, বিরুদ্ধ ধর্ম্ম কদাপি গ্রহণ করেন না। কেননা স্বধর্ম্ম-বহির্ম্মুখ পুরুষের চিত্তশুদ্ধির সম্ভাবনা কোথায়, এবং চিত্তশুদ্ধি ব্যতীত তাদৃশ লোকের আনন্দময়ী মুক্তি লাভের উপায়ই বা কোথায়? নির্দ্বন্দ্ব, নির্ম্মম, নিরহঙ্কারী, বিশুদ্ধচিত্ত সন্ন্যাসিগণই, স্বধর্ম্মোক্ত ক্রিয়াকলাপ বিধি অনুসারে পরিত্যাগ করিয়া, বনবাসাদি আশ্রয় করিয়া থাকেন (সন্ন্যাসধর্ম্মের বিষয় পঞ্চমাধ্যায়ে বিশেষরূপে বিবৃত হইবে)। তুমি যখন সম্মুখসমরে সমুপস্থিত হইয়া

স্বধর্ম্ম পরিত্যাগ করিতে উদ্যত হইয়াছ,তখন যে মুক্তিলাভের জন্য তোমার হৃদয়ে এরূপ প্রবৃত্তির উদ্ভব হইয়াছে, ইহা কিরূপে সম্ভবপর হইতে পারে?

স্বধর্ম্মানুরক্ত গৃহমেধী আর্য্যগণ স্বর্গকামনায় আশ্রমোক্ত নিত্যনৈমিত্তিক যজ্ঞদানাদি কর্ম্ম সকল সর্ব্বদা অনুষ্ঠান করিয়া থাকেন, বনবাসাদি পরধর্ম্ম কদাপি আশ্রয় করেন না। সম্মুখ সংগ্রামে শত্রু কর্ত্তৃক সমাহূত হইয়াও,তুমি যখন বহির্ম্মুখ ও বিভিন্ন মতাবলম্বী হইলে, তখন স্বর্গলাভের জন্য তোমার অন্তরে এরূপ প্রবৃত্তি আবির্ভূত হইয়াছে, তাহাই বা কিরূপে স্থির করা যাইতে পারে?

যে বীরপুরুষগণ জগতে অতুল যশঃ কামনা করেন, তাঁহারা যাহাতে সুতীক্ষ্ণ অস্ত্র-শস্ত্র-সম্পন্ন শত্রুকে পরাস্ত করিতে পারা যায়,প্রাণপণে তাহারই ব্যবস্থা ও আয়োজন করিয়া থাকেন। সেই সময় অস্ত্র-শস্ত্রাদি পরিত্যাগ পূর্ব্বক যাহারা বহির্ম্মুখ হয়, ভীত ও কাপুরুষ বলিয়া ভূমণ্ডলে তাহাদের জনপদেয় অকীর্ত্তি সঙ্ঘোষিত হইতে থাকে। সুতরাং কীর্ত্তির জন্য যে তোমারএরূপ বুদ্ধি হইয়াছে তাহাই বা কিরূপে সিদ্ধান্ত করিব?

তোমার ন্যায় জগদ্বিখ্যাত যশস্বী ও সর্ব্বসদ্গুণ সম্পন্ন পুরুষ, মুক্তি, স্বর্গ কিংবা কীর্ত্তির অভিলাষে এরূপ নিন্দনীয়া নীতির অনুবর্ত্তী হইয়া, এতাদৃশ লোকবিগর্হিত কার্য্য কখনই অবলম্বন করেন না। অতএব এই বিপত্তি-পরি-পূরিত বিষম স্থলে তোমার এইরূপ বিপরীত বুদ্ধি নিতান্ত অনুচিত ও ক্ষত্রিয়কুলের অযশস্কর বলিয়া বোধ হইতেছে॥ ২॥

——•:):•:(:•——

ক্লৈব্যং মাস্ম গমঃ পার্থ! নৈতৎ ত্বয্যুপপদ্যতে।*
ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ!॥ ৩॥

অন্বয়।—কৌন্তেয়! ক্লৈব্যং (কাতর্য্যং) মাস্ম গমঃ এতৎ ত্বয়ি ন উপপদ্যতে পরন্তপ! ক্ষুদ্রং (তুচ্ছং) হৃদয়-দৌর্ব্বল্যং ত্যক্ত্বা উত্তিষ্ঠ॥৩॥

প্রতিশব্দ।—পার্থ! পৌরুষ-বিহীনতা প্রাপ্ত-হইও না, ইহা তোমাতে উপযুক্ত-হয় না; শত্রুদমন-কারিন্! তুচ্ছ চিত্তাবসাদ ত্যাগ-করিয়া উত্থিত-হও॥ ৩॥

* পাঠান্তর।—মা ক্লৈব্যং গচ্ছ।

ব্যাখ্যা।—হে অরাতি-দমন ধনঞ্জয়! তোমার এবংবিধ কাতর ভাব কখনই শোভা পায় না, এই হেতু অবসন্নতা বিদূরিত করিয়া সত্বর সমরার্থ গাত্রোত্থান কর ॥ ৩ ॥

আনন্দগিরি।—পুনরপি ভগবান্ অর্জ্জুনং প্রত্যাহ ক্লৈব্যমিতি। ক্লৈব্যং ক্লীবভাবম-ধৈর্য্যং, মাস্ম গমঃ মাগাঃ। হে পার্থ পৃথাতনয়! ন হি ত্বয়ি মহেশ্বরেণাপি কৃতাহবে প্রখ্যাত-পৌরুষে মহামহিমনি এতদুপপদ্যতে। ক্ষুদ্রং ক্ষুদ্রত্বকারণং, হৃদয়দৌর্ব্বল্যং মনসো দুর্ব্বলত্বমধৈর্য্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ, যুদ্ধায়োপক্রমং কুরু। হে পরন্তপ! পরং শত্রুং তাপয়তীতি তথা সম্বোধ্যতে ॥ ৩ ॥

শ্রীধর।—মা ক্লৈব্যমিতি। তস্মাৎ হে পার্থ! ক্লৈব্যং কাতর্য্যং মা গচ্ছ ন প্রাপ্নুহি যতস্ত্বয্যেতন্নোপপদ্যতে যোগ্যং ন ভবতি, ক্ষুদ্রং তুচ্ছং, হৃদয়দৌর্ব্বল্যং কাতর্য্যং ত্যক্ত্বা যুদ্ধায়োত্তিষ্ঠ। হে পরন্তপ শত্রুতাপন! ॥ ৩ ॥

বলদেব।—নন্বু বন্ধুক্ষয়াধ্যবসায়দোষাৎ প্রকম্পিতেন ময়া কিং ভাব্যমিতি চেত্তত্রাহ ক্লৈব্যমিতি। হে পার্থ! দেবরাজপ্রসাদাৎ পৃথায়ামুৎপন্ন! ক্লৈব্যং কাতর্য্যং মাস্ম গমঃ প্রাপ্নুহি। ত্বয়ি বিশ্ববিজেতরি মৎসখেঽর্জ্জুনে ক্ষত্রবন্ধাবিনৈতদীদৃশং ক্লৈব্যং নোপযুজ্যতে। নন্বু ন মে শৌর্য্যাভাবরূপং ক্লৈব্যং কিন্তু ভীষ্মাদিষু পূজ্যেষু ধর্ম্মবুদ্ধ্যা বিবেকোঽয়ম্, দুর্য্যোধনাদিষু ভ্রাতৃষু মচ্ছস্ত্রপ্রহারেণ মরিষ্যৎসু কৃপেয়মিতি চেৎ তত্রাহ ক্ষুদ্রমিতি। নৈতে তব বিবেক-কৃপে কিন্তু ক্ষুদ্রং লঘিষ্ঠং হৃদয়দৌর্ব্বল্যমেব। তস্মাৎ তৎ ত্যক্ত্বা যুদ্ধায়োত্তিষ্ঠ সজ্জীভব। হে পরন্তপ! শত্রুতাপনেতি শত্রুহাসপাত্রতাং মা গাঃ ॥ ৩ ॥

মধুসূদন।—নন্বু বন্ধুজনাবেক্ষণজাতেনাধৈর্য্যেণ ধনুরপি ধারয়িতুমশক্নুবতা ময়া কিং কর্ত্তুং শক্যমিত্যত আহ ক্লৈব্যমিতি। ক্লৈব্যং ক্লীবভাবমধৈর্য্যং ওজস্তেজআদিভঙ্গরূপং মাস্ম গমঃ মাগাঃ। হে পার্থ পৃথাতনয়! পৃথায়া দেবপ্রসাদেন লব্ধে তত্তনয়মাত্রে বীর্য্যাতিশয়স্য প্রসিদ্ধত্বাৎ, পৃথাতনয়ত্বেন ত্বং ক্লৈব্যাযোগ্য ইত্যর্থঃ। অর্জ্জুনত্বেনাপি তদযোগ্যত্বমাহ নৈতদিতি। ত্বয়ি অর্জ্জুনে সাক্ষান্মহেশ্বরেণাপি সহ কৃতাহবে প্রখ্যাতমহাপ্রভাবে নোপপদ্যতে ন যুজ্যতে এতৎ ক্লৈব্যমিত্যসাধারণ্যেন তদযোগ্যত্বনির্দ্দেশঃ। নন্বু "ন চ শক্নোম্যবস্থাতুং ভ্রমতীব চ মে মনঃ" ইতি পূর্ব্বমেব মযোক্তমিত্যাশঙ্ক্যাহ ক্ষুদ্রমিতি। হৃদয়দৌর্ব্বল্যং মনসো ভ্রমণাদিরূপমধৈর্য্যং ক্ষুদ্রত্বকারণত্বাৎ ক্ষুদ্রং, স্বত্বনিরসনং বা ত্যক্ত্বা বিবেকেনাপনীয় উত্তিষ্ঠ যুদ্ধায় সজ্জো ভব। হে পরন্তপ! পরং শত্রুং তাপয়তীতি তথা সম্বোধ্যতে হেতুগর্ভম্ ॥ ৩ ॥

নীলকণ্ঠ।—তদেবাহ ক্লৈব্যমিতি। ক্লৈব্যং নির্বীর্য্যত্বং "ন চ শক্নোম্যবস্থাতুম্" ইত্যুক্ত-রূপং মা গাঃ, নৈতৎ ত্বয়ি মহাদেবপ্রতিভটে যুক্তম্, অতঃ ক্ষুদ্রং তুচ্ছং হৃদয়কৃতমেব তব দৌর্ব্বল্যং ন তু শক্তিসহায়াদ্যভাবকৃতং, তৎ ত্যক্ত্বা উত্তিষ্ঠ যুদ্ধায়। পরন্তপ শত্রুতাপন! ॥ ৩ ॥

বিশ্বনাথ।—ক্লৈব্যং ক্লীবধর্ম্মং কাতর্য্যং, হে পার্থেতি পৃথাপুত্রঃ সন্ অপি গচ্ছসি তস্মান্মাস্ম গমঃ মা প্রাপ্নুহি, অন্যস্মিন্ ক্ষত্রবন্ধৌ বরমিদমুপপদ্যতাং ত্বয়ি মৎসখৌ তু নোপ-

যুজ্যতে। নবিদং শৌর্য্যাভাবলক্ষণং ক্লৈব্যং মাশঙ্কিষ্ঠাঃ কিন্তু ভীষ্মদ্রোণাদিগুরুষু ধর্ম্মদৃষ্ট্যা বিবেকোঽয়ং, ধার্ত্তরাষ্ট্রেষু তু দুর্ব্বলেষু মদস্ত্রঘাতমাসাদ্য মর্ত্তুমুদ্যতেষু দয়ৈবেয়মিতি তত্রাহ ক্ষুদ্রমিতি। নৈতে তব বিবেক-দয়ে কিন্তু শোকমোহাবেব। তৌ চ মনসো দৌর্ব্বল্যব্যঞ্জকৌ। তস্মাৎ হৃদয়দৌর্ব্বল্যমিদং ত্যক্ত্বা উত্তিষ্ঠ। হে পরন্তপ! পরান্ শত্রূন্ তাপয়ন্ যুধ্যস্ব ॥ ৩ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুন বলিয়াছেন, "ভগবন্! বন্ধুগণের বিনাশভয়ে আমি অতিশয় অধীর ও প্রকম্পিত হইতেছি। আর গাণ্ডীব ধারণ করিতেও পারিতেছি না, এবং স্থিরভাবে দণ্ডায়মান থাকিতেও সক্ষম হইতেছি না, এইক্ষণে আমার উপায় কি আদেশ করুন।" অর্জ্জুনকে এরূপ উৎসাহ-বিহীন ও কর্ত্তব্যবিমূঢ় দেখিয়া পুনর্ব্বার যুদ্ধে উত্তেজিত করিবার অভিপ্রায়ে ভগবান্ বলিতেছেন, "হে পার্থ! অর্থাৎ পৃথাতনয়! তুমি দেবরাজ ইন্দ্রের প্রসাদে আমার পিতৃষ্বসা কুন্তীদেবীর গর্ভে জন্মগ্রহণ করিয়াছ! তোমার ন্যায় মহদ্ব্যক্তির এবংবিধ ক্লৈব্য অর্থাৎ কাতরতারূপ ক্লীবধর্ম্ম কদাপি শোভা পায় না। তুমি বিশ্ববিজেতা ও আমার সখা। তুমি কৈলাসধামে ভূতপতি ভগবান্ পিনাকপাণির সহিত সাক্ষাৎ মহাসংগ্রাম সম্পাদন করিয়া জগতে অতুল খ্যাতিলাভ ও বিপুল কীর্ত্তি বিস্তার করিয়াছ, সুতরাং ক্ষত্রবন্ধু অর্থাৎ হীন ক্ষত্রিয়ের ন্যায় এতাদৃশ কাতরতা তোমার উপযুক্ত হইতেছে না।

অতঃপর টীকাকারগণের কল্পিত ভাবার্থ নিম্নে প্রকটিত হইতেছে। ভগবানের পূর্ব্বোক্ত বাক্য শ্রবণ করিয়া অর্জ্জুন বলিতেছেন, "হে ভগবন্! বল-বীর্য্যের অভাব বশতঃ আমার এরূপ কাতরতা উপস্থিত হইয়াছে, আপনি এরূপ মনে করিবেন না; পূজাস্পদ ধর্ম্মপরায়ণ ভীষ্মাদি গুরুজন সন্দর্শনে আমার চিত্তে ভক্তিসংযুক্ত ধর্ম্মভাব অতিশয় প্রবল হইয়া, এরূপ বিবেক উৎপন্ন হইয়াছে। আর এই যুদ্ধে দুর্য্যোধনাদি ভ্রাতৃগণ আমার অস্ত্রপ্রহারে যমসদনে গমন করিবে, এজন্য তাঁহাদিগকে দেখিয়া আমার অন্তঃকরণে অত্যন্ত কৃপা প্রাদুর্ভূত হইয়াছে। অতএব "আমি যুদ্ধার্থ আর স্থির থাকিতে পারিতেছি না, আমার মন যেন বিঘূর্ণায়মান হইতেছে' ইত্যাদি হৃদয়ভাব ও অবস্থা আপনার সমীপে পূর্ব্বেই নিবেদন করিয়াছি।" অর্জ্জুনের এতাদৃশ অভিপ্রায় অবগত হইয়া ভগবান্ বলিতেছেন, "হে পরন্তপ! হে শত্রুদলন-কারিন্! তুমি চিরদিন শত্রুবিজয়ী, অধুনা শত্রুগণের উপহাসাস্পদ হইও

না। তুমি মনে করিতেছ, ভক্তিভাজন গুরুজন ও স্নেহাস্পদ ভ্রাতৃগণকে দর্শনে তোমার হৃদয়ে বিবেক ও দয়া উৎপন্ন হইয়াছে। বাস্তবিক তাহা নহে; তোমার বর্ত্তমান বিহ্বলতা কেবল শোকমোহ-জনিত; যেহেতু বিবেকিগণ কখনও নশ্বর স্থূল দেহকে বন্ধু-বান্ধবাদিরূপে কল্পনা করিয়া তাহার দর্শনে আনন্দিত ও অদর্শনে অত্যন্ত বিষণ্ণ হন না, এবং ক্ষণবিধ্বংসি-দেহ-ধারী আত্মীয়-স্বজনের মরণাশঙ্কায় ব্যাকুল-হৃদয় হইয়া তোমার ন্যায় কর্ত্তব্য-বিমুখ হন না। অতএব স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, সম্প্রতি সাধারণের ন্যায়, তোমারও শোকমোহজনিত ক্ষুদ্র হৃদয়-দুর্ব্বলতাই উপস্থিত হইয়াছে! এই হেয় হৃদয়-দৌর্ব্বল্য, সমাগত বীরবৃন্দ-সমাকীর্ণ সমরক্ষেত্রে তোমার ক্ষুদ্রতাই প্রতিপাদন করিবে। তোমার দৈহিক সামর্থ্য ও সমুচিত সহায়ের কোনই অভাব দেখিতেছি না। সুতরাং তোমার এবংবিধ ভাবান্তর কেবল মমতা নিবন্ধন হৃদয়জাত দুর্ব্বলতা। তুমি অবিলম্বে বিবেকবলে হৃদয়কে বলীয়ান্ করিয়া এই ঘৃণিত জড়তা অপনোদন পূর্ব্বক যুদ্ধার্থ উত্তিষ্ঠ এবং সজ্জীভূত হও ॥ ৩ ॥

অর্জ্জুন উবাচ।

কথং ভীষ্মমহং সংখ্যে দ্রোণঞ্চ মধুসূদন।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি পূজার্হাবরিসূদন ॥ ৪ ॥

অন্বয়।—অর্জ্জুন-উবাচ। অরিসূদন মধুসূদন! অহং কথং সংখ্যে (যুদ্ধে) পূজার্হৌ ভীষ্মং দ্রোণং চ প্রতি ইষুভিঃ যোৎস্যামি ॥ ৪ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন কহিলেন। শত্রুনাশিন্ মধুসূদন আমি কিরূপে যুদ্ধে অর্চ্চনীয় ভীষ্ম ও দ্রোণের প্রতিকূলে বাণ-সমূহ-দ্বারা যুদ্ধ-করিব ॥৪॥

ব্যাখ্যা।—হে শত্রুবিমর্দ্দন নারায়ণ! পরম পূজনীয় পিতামহ ভীষ্ম ও আচার্য্য দ্রোণের বিরুদ্ধে আমি কি প্রকারে শরক্ষেপ করিয়া যুদ্ধ করিব? ॥ ৪ ॥

আনন্দগিরি।—এবং ভগবতা প্রতিবোধ্যমানোঽপি শোকাভিভূতচেতস্ত্বাদপ্রতিবুধ্যমানঃ সন্নর্জ্জুনঃ স্বাভিপ্রায়মেব প্রকৃতং ভগবন্তং প্রত্যুক্তবান্ কথমিত্যাদিনা। ভীষ্মং

পিতামহং দ্রোণঞ্চাচার্য্যং. সংখ্যে রণে, হে মধুসূদন! ইষুভিঃ যত্র বাচাপি যোৎস্যামীতি বক্তুমনুচিতং তত্র কথং বাণৈর্যোৎস্যে ইতি ভাবঃ। সায়কৈস্তৌ কথং প্রতিযোৎস্যামি প্রতি যোৎস্যে। তৌ হি পূজার্হৌ কুসুমাদিভিরর্চ্চনযোগ্যৌ। হে অরিসূদন! সর্ব্বানেবারীন্ যত্নেন সূদিতবানিতি ভগবানেবং সম্বোধ্যতে ॥ ৪ ॥

শ্রীধর।—নাহং কাতরত্বেন যুদ্ধাদুপরতোঽস্মি কিন্তু যুদ্ধস্যান্যায্যত্বাদধর্ম্মত্বাচ্চেত্যাহ অর্জ্জুন উবাচ কথমিতি। ভীষ্মদ্রোণৌ পূজার্হৌ পূজায়ামর্হৌ যোগ্যৌ তৌ প্রতি কথমহং যোৎস্যামি তত্রাপীষুভিঃ যত্র বাচাপি যোৎস্যামীতি বক্তুমনুচিতং তত্র বাণৈঃ কথং যোৎস্যামীত্যর্থঃ। হে অরিসূদন শত্রুবিমর্দ্দন! ॥ ৪ ॥

বলদেব।—নন্নু ভীষ্মাদিষু প্রতিযোদ্ধৃষু সৎসু ত্বয়া কথং ন যোদ্ধব্যম্। "আহূতো ন নিবর্ত্তেত" ইতি যুদ্ধবিধানাচ্চ ক্ষত্রিয়স্যেতি চেৎ তত্রাহ কথমিতি। ভীষ্মং পিতামহং দ্রোণঞ্চ বিদ্যাগুরুং ইষুভিঃ কথং যোৎস্যে। যদিমৌ পূজার্হৌ পুষ্পাদিভিরভ্যর্চ্চ্যৌ পরিহাসবাগ্ভিরপি যাভ্যাং যুদ্ধং ন যুক্তং তাভ্যাং সহেষুভিস্তৎ কথং যুজ্যেত। "প্রতিবধ্নাতি হি শ্রেয়ঃ পূজ্যপূজাব্যতিক্রমঃ" ইতি স্মৃতেশ্চ। মধুসূদনারিসূদনেতি সম্বোধনপুনরুক্তিঃ শোকাকুলস্য পূর্ব্বোক্তরানুসন্ধিবিরহাৎ। তত্তাবশ্চ ত্বমপি শত্রূনেব যুদ্ধে নিহংসি নতুগ্রসেনসান্দীপন্যাদীন্ * পূজ্যানিতি ॥ ৪ ॥

মধুসূদন।—নন্নু নাহং স্বধর্ম্মস্য ত্যাগঃ শোকমোহাদিবশাৎ, কিন্তু ধর্ম্মত্বাভাবাদধর্ম্মত্বাচ্চাস্য যুদ্ধস্য ত্যাগো ময়া ক্রিয়ত ইতি ভগবদভিপ্রায়ং প্রতিপদ্যমানস্যার্জ্জুনস্যাভিপ্রায়মবতারয়তি অর্জ্জুন উবাচেতি। ভীষ্মং পিতামহং, দ্রোণঞ্চাচার্য্যং, সংখ্যে রণে, ইষুভিঃ সায়কৈঃ প্রতিযোৎস্যামি প্রহরিষ্যামি কথং ন কথঞ্চিদপীত্যর্থঃ। যতস্তৌ পূজার্হৌ কুসুমাদিভিরর্চ্চনযোগ্যৌ, পূজার্হাভ্যাং সহ ক্রীড়াস্থানেঽপি বাচাপি হর্ষফলকমপি লীলাযুদ্ধমনুচিতং, কিং পুনর্যুদ্ধভূমৌ শরৈঃ প্রাণত্যাগফলকং প্রহরণমিত্যর্থঃ। মধুসূদনারিসূদনেতি সম্বোধনদ্বয়ঃ শোকব্যাকুলত্বেন পূর্ব্বাপরামর্শবৈকল্যাৎ। অতো ন মধুসূদনারিসূদনেত্যস্যার্থস্য পুনরুক্তত্বং দোষঃ। যুদ্ধমাত্রমপি যত্র নোচিতং, দূরে তত্র বধ ইতি প্রতিযোৎস্যামি ইত্যনেন সূচিতম্। অথবা পূজার্হৌ কথং প্রতিযোৎস্যামি। পূজার্হয়োরেব বিবরণং ভীষ্মং দ্রোণঞ্চেতি। যৌ ব্রাহ্মণৌ ভোজয় দেবদত্তং যজ্ঞদত্তঞ্চেতিবৎ সম্বন্ধঃ। অয়ংভাবো দুর্য্যোধনাদয়ো নাপুরস্কৃত্য ভীষ্মদ্রোণৌ যুদ্ধায় সজ্জীভবন্তি, তত্র তাভ্যাং সহ যুদ্ধং ন তাবদ্ধর্ম্ম পূজাদিবদবিহিতত্বাৎ। নচায়মনিষিদ্ধত্বাদধর্ম্মোঽপি ন ভবতীতি বাচ্যং, "গুরুং হুংকৃত্য" ইত্যাদি † শব্দমাত্রেণাপি

* উগ্রসেন।—মথুরাপ্রদেশস্থ রাজা। ইনি কংসের পিতা এবং শ্রীকৃষ্ণের মাতামহ ছিলেন। ইঁহার পিতার নাম আহুক। ভাগবত দ্রষ্টব্য।

সান্দীপনি।—অবন্তীদেশস্থ সুবিখ্যাত মুনি বিশেষ। ইনি শ্রীকৃষ্ণ ও শ্রীবলরামের শিক্ষাগুরু ছিলেন। বিষ্ণুপুরাণ, ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ দ্রষ্টব্য।

† "গুরুং হুংকৃত্য তুংকৃত্য বিপ্রান্ নির্জ্জিত্য বাদতঃ। শ্মশানে জায়তে বৃক্ষঃ কঙ্কগৃধ্রোপসেবিতঃ ॥"

গুরুদ্রোহো যদাসিষ্টফলপ্রদর্শনেন নিষিদ্ধঃ, তদা কিং বাচাং তাভ্যাং সহ সংগ্রামস্তাদর্থ্যন্তে নিষিদ্ধস্বে চ ॥ ৪ ॥

নীলকণ্ঠ।—নমু শত্রবো বা স্বভাবদুষ্টা বা তাপনীয়া ন তু বান্ধবাঃ সাধবশ্চেত্যর্জ্জুন উবাচ কথমিতি। মধুসূদনারিসূদনেতি সম্বোধয়ন্ তথাপি দুষ্টানপি শত্রূনেব তাপয়তঃ পূজার্হৌ অদুষ্টৌ গুরূ চ ভীষ্মদ্রোণৌ জহীতি বক্তুমযুক্তমিতি সূচয়তি। সমানার্থকমিদং সম্বোধনদ্বয়ং বক্তুঃ শোকেনঃ বিক্লবত্বাৎ ন পৌনরুক্ত্যদোষাবহমিত্যাহুঃ। ইষুভিরিতি তাভ্যাং সহ বাচাপি যোদ্ধুমশক্যং কিমুত বাণৈরিতি ভাবম্ ॥ ৪ ॥

বিশ্বনাথ।—নমু "প্রতিবধ্নানি হি শ্রেয়ঃ পূজ্যপূজাব্যতিক্রমঃ" ইতি ধর্ম্মশাস্ত্রম্। অতোহহং যুদ্ধান্নিবর্ত্তে ইত্যাহ কথমিতি। প্রতিযোৎস্যামি প্রতিযোৎস্যে। নম্বেতৌ যুধ্যেতে তর্হি অনয়োঃ প্রতিযোদ্ধা ভবিতুং কিং ন শক্নোষি? সত্যং ন শক্নোমোবেত্যাহ পূজার্হাবিতি? অনয়োশ্চরণেষু ভক্ত্যা কুসুমান্যেব দাতুমর্হামি ন তু ক্রোধেন তীক্ষ্ণশরানিতিভাবঃ। ভো বয়স্য কৃষ্ণ! ত্বমপি শত্রূনেব যুদ্ধে হংসি, ন তু সান্দীপনিং স্বগুরুং, নাপি বন্ধূন্ যদূনিত্যাহ হে মধুসূদনেতি! নমু মধবো যদব এব তত্রাহ হে অরিসূদন ইতি। মধুর্নাম দৈত্যো যস্তবারিরিতি ব্রবীমীতি ॥ ৪ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুন বলিতেছেন, "আমি শোক-মোহাদি নিমিত্ত কিংবা কাতরতা বশতঃ স্বধর্ম্মসম্মত যুদ্ধ হইতে উপরত হই নাই; গুরুজনের সহিত যুদ্ধ অনুচিত ও অধর্ম্মজনক মনে করিয়াই এই নিদারুণ যুদ্ধ ব্যাপার হইতে বিরত হইতেছি।" এইরূপ স্নেহ, কারুণ্য ও অধর্ম্মভয়ে ব্যাকুল-হৃদয় অর্জ্জুন, পূর্ব্বোল্লিখিত জ্ঞান ও যুক্তিগর্ভ ভগবদ্বাক্য পরম্পরা অহিতকর বিবেচনা করিয়া, পুনর্ব্বার স্বকীয় অভিপ্রায় পরিব্যক্ত করিতেছেন, "হে মধুসূদন! হে অরিসূদন! অর্থাৎ শত্রুদর্পদলন! রণভূমিতে সুতীক্ষ্ণ বাণ দ্বারা পতিতপাবনী গঙ্গাদেবীর গর্ভজাত পিতামহ ভীষ্মদেব ও বিপ্রকুলবর্য্য দ্রোণের সহিত কিরূপে প্রতিযুদ্ধ করিব? যাঁহাদের চরণকমলে ভক্তিসহকারে একাগ্রভাবে চন্দন-কুসুম-তোয়াদি সমর্পণ করাই কর্ত্তব্য এবং যাঁহাদের সহিত ক্রীড়াচ্ছলে,'বা কৌতুকের নিমিত্ত, বাক্য দ্বারা লীলাযুদ্ধ করাও অনুচিত, যুদ্ধক্ষেত্রে প্রাণসংহারের নিমিত্ত তাঁহাদের প্রতিকূলে সুতীক্ষ্ণ শস্ত্রপ্রহার কিরূপে সম্ভবপর হইতে পারে? হে অভিন্নহৃদয় বান্ধব কৃষ্ণ! তোমার অনিন্দনীয় পরম পবিত্র জীবনবৃত্তান্ত স্মরণ ও পর্য্যালোচনা করিয়া এতাদৃশ কোন বিগর্হিত অনুষ্ঠানই আমার জ্ঞানপথে সমুদিত হইতেছে না। তুমিও সমরক্ষেত্রে সমুপস্থিত শত্রুদিগকেই নিহত করিয়াছ, উপদেষ্টা ও ভক্তিভাজন

সান্দীপনি মুনি কিংবা পূজ্যপাদ উগ্রসেন বা স্ববন্ধু যাদবদিগকে কখনও বাণপথবর্ত্তী কর নাই; বরং ভক্তিসহকারে বিহিত স্তবাদি দ্বারা গুরুদেব সান্দীপনি মুনি ও উগ্রসেনের পূজা এবং স্নেহ সম্ভাষণাদি দ্বারা যাদবগণের যথোচিত সমাদরই করিয়াছ।" যদি কেহ আপত্তি করেন যে, শাস্ত্রে কোথা-য়ও গুরুবধাদি অধর্ম্মজনক বলিয়া নিষিদ্ধ হয় নাই, এই আশঙ্কা অপনোদ-নার্থ কোন কোন টীকাকার-কর্ত্তৃক ধর্ম্মশাস্ত্রোক্ত পশ্চাল্লিখিত প্রমাণ উদ্ধৃত হইয়াছে। "পূজ্য ব্যক্তির পূজার ব্যতিক্রম হইলেই অমঙ্গল হয়"; সুতরাং গুরুজনের প্রতি জিগীষা বশতঃ অস্ত্রনিক্ষেপ দ্বারা গুরুদ্রোহ করিলে যে অনর্থ হইবে তাহা বলাই বাহুল্য। এইরূপ যুক্তির বশবর্ত্তী হইয়া অর্জ্জুন এই নৃশংস যুদ্ধ হইতে নিবৃত্ত হইতেছেন। এই শ্লোকে "মধুসূদন" ও "অরিসূদন" এই সমার্থে সম্বোধন শব্দদ্বয় প্রযুক্ত হইয়াছে। অর্জ্জুনের হৃদয়ের ব্যাকুলতা ও অস্থিরভাব হেতু এ পুনরুক্তি দোষাবহ হয় নাই। পক্ষান্তরে কোন পূজ্যপাদ টীকাকার লিখিয়াছেন, মধুনামা দুষ্ট অসুর দলনকারী এবং কংসাদি শত্রু দমনকারী বলিয়া ভগবানের এই দুই সম্বোধন এস্থলে সার্থক হইয়াছে এবং অর্জ্জুনের বাক্যে পুনরুক্তিদোষও ঘটে নাই। অর্জ্জুনের বাক্যের এরূপ মর্ম্ম স্থির করিতে হইবে;—হে দুষ্টদলনকারিন্! হে শত্রুতাপন! তুমি চিরদিন দুষ্ট ও শত্রুসংহার করিয়া থাক। অধুনা শিষ্ট ও গুরু ভীষ্ম দ্রোণের নিধন-সাধনে কেন আমাকে প্রবৃত্ত করিতেছ? তোমার এই সকল উপদেশ কোন মতেই যুক্তিযুক্ত বলিয়া আমার বোধ হইতেছে না ॥ ৪ ॥

——(০:০:০)——

গুরূনহত্বা হি মহানুভাবান্
শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যমপীহ লোকে।
হত্বার্থকামাংস্তু গুরূনিহৈব
ভুঞ্জীয় ভোগান্ রুধিরপ্রদিগ্ধান্ ॥ ৫ ॥

অন্বয়।—মহানুভাবান্ গুরূন্ অহত্বা হি ইহ লোকে ভৈক্ষ্যং (ভিক্ষান্নং) অপি ভোক্তুং শ্রেয়ঃ তু গুরূন্ হত্বা ইহ এব রুধির-প্রদিগ্ধান্ (শোণিতলিপ্তান্) অর্থকামান্ ভোগান্ ভুঞ্জীয় (আশ্নীয়ান্) ॥ ৫ ॥

প্রতিশব্দ।—মহামহিম গুরু-সকলকে * বিনাশ-না-করিয়া নিশ্চয় এই জগতে ভিক্ষা-লব্ধ-অন্ন-ও ভোজন-করা শুভকর কিন্তু গুরুজন-দিগকে বধ-করিয়া এই সংসারে-ই শোণিত-প্রলিপ্ত অর্থ-কাম-রূপ ভোগ্য-সমূহ ভোজন-করিব ॥ ৫ ॥

ব্যাখ্যা।—উদারস্বভাব পূজ্য ব্যক্তি প্রভৃতিকে বিনাশ করিয়া ইহ সংসারে শোণিত সম্পৃক্তবৎ ঘৃণার্হ ভোগৈশ্বর্য্য উপভোগ করার অপেক্ষা, তাঁহাদিগের জীবন রক্ষা করিয়া এ মরণধর্ম্মপ্রবণ জগতে ভিক্ষার্জ্জিত কদন্নে কথঞ্চিৎ-রূপে উদর পূরণ করাও পরম কল্যাণময় ॥ ৫ ॥

আনন্দগিরি।—রাজ্ঞাং ধর্ম্মেঽপি যুদ্ধে গুর্ব্বাদিবধে বৃত্তিমাত্রফলত্বং গৃহীত্বা পাপমারোপ্য ব্রূতে গুরূনিতি। গুরূন্ ভীষ্মদ্রোণাদীন্ ভ্রাত্রাদীংশ্চাত্র প্রাপ্তান্ অহিংসিত্বা মহানুভাবান্ মহামাহাত্ম্যান্ শ্রুতাধ্যয়নসম্পন্নান্, শ্রেয়ঃ প্রশস্ততরং, যুক্তং ভোক্তুমভ্যবহর্ত্তুং, ভৈক্ষ্যং ভিক্ষাণাং সমূহং ভিক্ষাশনং, নৃপাদীনাং নিষিদ্ধমপি ইহ লোকে ব্যবহারভূমৌ, ন হি গুর্ব্বাদিহিংসয়া রাজ্যভোগোঽপেক্ষ্যতে, কিঞ্চ হত্বা গুর্ব্বাদীনর্থকামানেব ভুঞ্জীয় ন মোক্ষমনুভবেয়মিহৈব ভোগো ন স্বর্গে। অর্থকামানেব বিশিনষ্টি ভোগানিতি। ভুজ্যন্ত ইতি ভোগাস্তান্ রুধিরপ্রদিগ্ধান্ লোহিতলিপ্তানিবাত্যন্তগর্হিতানতো ভোগান্ গুরুবধাদিসাধ্যান্ পরিত্যজ্য ভিক্ষাশনমেব যুক্তমিত্যর্থঃ ॥ ৫ ॥

রামানুজ।—তমিত্যারভ্য ক্লৈব্যমিত্যন্তম্। এবমুপবিষ্টে পার্থে কুতোঽয়মস্থানে শোক উপস্থিত ইত্যাক্ষিপ্য তমিমং বিষমস্থং শোকমবিদ্বৎসেবিতং পরলোকবিরোধিনমকীর্ত্তিকরমতিক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যকৃতং পরিত্যজ্য যুদ্ধয়োত্তিষ্ঠেতি শ্রীভগবানুবাচ। পুনরপি পার্থঃ স্নেহকারুণ্যধর্ম্মব্যাকুলো ভগবদুক্তং হিতমজানন্নিদমুবাচ। ভীষ্মদ্রোণাদিকান্ বহুমন্তব্যান্ গুরূন্ কথমহং হনিষ্যামি। কথন্তরাং ভোগেষ্বতিমাত্রসক্তাংস্তান্ হত্বা তৈর্ভুজ্যমানাংস্তানেব ভোগাংস্তদ্রুধিরেণোপসিচ্য তেষ্বাসনেষূপবিশ্য ভুঞ্জীয় তেষ্বাসক্তা ভবেম ইতি ॥ ১। ২। ৩। ৪। ৫ ॥

শ্রীধর।—তর্হি তানহত্বা তব দেহযাত্রাপি ন স্যাদিতি চেৎ তত্রাহ গুরূনিতি। গুরূন্ দ্রোণাচার্য্যাদীন্, অহত্বা পরলোকবিরুদ্ধং গুরুবধমকৃত্বা, ইহ লোকে ভিক্ষান্নমপি ভোক্তুং শ্রেয় উচিতম্। বিপক্ষে তু ন কেবলং পরত্র দুঃখং কিন্ত্বিহৈব চ নরকদুঃখমনুভবেয়মি-

* গুরু।—"উপাধ্যায়ঃ পিতা জ্যেষ্ঠভ্রাতা চৈব মহীপতিঃ। মাতুলঃ শ্বশুরস্ত্রাতা মাতামহ-পিতামহৌ। বন্ধুর্জ্যেষ্ঠঃ পিতৃব্যশ্চ পুংস্যেতে গুরবঃ স্মৃতাঃ ॥" "গুরুং দৃষ্ট্বা সমুত্তিষ্ঠেদভিবাদ্য কৃতাঞ্জলিঃ। নৈতৈরুপবিশেৎ সার্দ্ধং বিবদেন্নাত্মকারণাৎ। জীবিতার্থমপি দ্বেষাদ্‌গুরুভির্নৈব ভাষণম্। উদিতোঽপি গুণৈরন্যৈর্গুরুদ্বেষী পতত্যধঃ ॥" ইতি কূর্ম্মপুরাণ উপবিভাগে ১১শ অধ্যায়।

ত্যাহ হত্বেতি। গুরূন্ হত্বা ইহৈব রুধিরেণ প্রদিগ্ধান্ প্রকর্ষেণ লিপ্তান্, অর্থকামাত্মকান্ ভোগানহং ভুঞ্জীয় অশ্নীয়াম্। যদ্বা অর্থকামানিতি গুরূণাং বিশেষণম্ অর্থতৃষ্ণাকুলত্বাদেতে তাবৎ যুদ্ধান্ন নিবর্ত্তেরংস্তস্মাদেতদ্বধঃ প্রসজ্যেতৈবেত্যর্থঃ। তথাচ যুধিষ্ঠিরং প্রতি ভীষ্মেণোক্তং, "অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ। ইতি সত্যং মহারাজ বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ॥" ইতি ॥৫॥

বলদেব।—নমু স্বরাজ্যে স্পৃহা চেৎ তব নাস্তি তর্হি দেহযাত্রা বা কথং সেৎস্যতীতি চেৎ তত্রাহ গুরূনিতি। গুরূনহত্বা গুরুবধমকৃত্বা, স্থিতস্য মে ভৈক্ষ্যান্নং ক্ষত্রিয়াণাং নিন্দ্যমপি ভোক্তুং শ্রেয়ঃ প্রশস্ততরং, ঐহিকদুর্যশোহেতুত্বেঽপি পরলোকাবিঘাতিত্বাৎ। নম্বেতে ভীষ্মাদয়ো গুরবোঽপি যুদ্ধগর্ব্বাবলেপাৎ ছদ্মনা যুষ্মদ্রাজ্যাপহারং যুষ্মদ্দ্রোহঞ্চ কুর্ব্বতাং দুর্য্যোধনাদীনাং সংসর্গেণ কার্য্যাকার্য্যবিবেকবিরহাচ্চ সম্প্রতি ত্যাজ্যা এব। "গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ। উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে॥" ইতি স্মৃতেরিতি চেৎ তত্রাহ মহানুভাবানিতি। মহান্ সর্ব্বোৎকৃষ্টোঽনুভাবো বেদাধ্যয়নব্রহ্মচর্য্যাদিহেতুকঃ প্রভাবো যেষাং তান্। কালকামাদয়োঽপি যদ্বশ্যাস্তেষাং তদ্দোষসংবন্ধোনেতি ভাবঃ। নমু "অর্থস্য পুরুষো দাসো দাসস্ত্বর্থো ন কস্যচিৎ। ইতি সত্যং মহারাজ বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ॥" ইতি ভীষ্মোক্তেরর্থলোভেন বিক্রীতাত্মনাং তেষাং কুতো মহানুভাবতা ততো যুদ্ধে হন্তব্যাস্তে ইতি চেৎ তত্রাহ হত্বার্থকামানিতি। অর্থকামানপি গুরূন্ হত্বাহমিহৈব লোকে ভোগান্ ভুঞ্জীয় নতু পরলোকে। তাংশ্চ রুধিরপ্রদিগ্ধান্ তদ্রুধিরমিশ্রানেব নতু শুদ্ধান্ ভুঞ্জীয় তদ্ধিংসয়া তল্লাভাৎ। তথাচ যুদ্ধগর্ব্বাবলেপাদিমত্ত্বেঽপি তেষাং মদ্‌গুরুত্বমস্ত্যেবেতি পুনর্গুরুগ্রহণেন সূচ্যতে ॥ ৫ ॥

মধুসূদন।—নমু ভীষ্মদ্রোণয়োঃ পূজার্হত্বং গুরুত্বেনৈব, এবমন্যেষামপি কৃপাদীনাম্। ন চ তেষাং গুরুত্বেন স্বীকারঃ সাম্প্রতমুচিতঃ, "গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ। উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে॥" ইতি স্মৃতেঃ। তস্মাদেষাং যুদ্ধগর্ব্বেণাবলিপ্তানামন্যায়রাজ্যগ্রহণেন শিষ্যদ্রোহেন চ কার্য্যাকার্য্যবিবেকশূন্যানামুৎপথনিষ্ঠানাং বধ এব শ্রেয়ানিত্যাশঙ্ক্যাহ গুরূনিতি। গুরূনহত্বা পরলোকে অমঙ্গলস্তাবদস্ত্বেব,* অস্মিংস্তু লোকে ভৈক্ষ্যতরাজ্যানাং নো নৃপাদীনাং নিষিদ্ধং ভৈক্ষ্যমপি ভোক্তুং শ্রেয়ঃ প্রশস্ততরং সূচিতং, নতু তদ্বধেন রাজ্যমপি শ্রেয় ইতি ধর্ম্মেঽপি যুদ্ধে নিবৃত্তিমাত্রফলত্বং গৃহীত্বা পাপমারোপ্য ব্রূতে। নম্ববলিপ্তত্বাদিনা তেষাং গুরুত্বাভাব উক্ত ইত্যাশঙ্ক্যাহ মহানুভাবানিতি। মহানুভাবঃ শ্রুতাধ্যয়নতপআচারাদিনিবন্ধনঃ প্রভাবো তেষাং তান্। তথাচ কালকামাদয়োঽপি যৈর্বশীকৃতাস্তেষাং পুণ্যাতিশয়শালিনাং নাবলিপ্তত্বাদিক্ষুদ্রপাপসংশ্লেষ ইত্যর্থঃ। হিমহানুভাবানিত্যেকং বা পদম্। হিমং জাড্যমপহন্তীতি হিমহা আদিত্যোঽগ্নির্ব্বা তস্যেবানুভাবঃ সামর্থ্যং যেষাং

* পাঠান্তর—পরলোকস্তাবদস্ত্বেব।

তান্। তথাচাতিতেজস্বিত্বাৎ তেষামবলিপ্তত্বাদিদোষো নাস্ত্যেব। "ধর্ম্মব্যতিক্রমো দৃষ্ট ঈশ্বরাণাঞ্চ সাহসম্। তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা॥" ইত্যুক্তেঃ। নমু যদা অর্থ-লুব্ধাঃ* সন্তো যুদ্ধে প্রবৃত্তাস্তদৈষাং বিক্রীতাত্মনাং কুতস্ত্যং পূর্ব্বোক্তং মাহাত্ম্যম্। তথাচোক্তং ভীষ্মেণ যুধিষ্ঠিরং প্রতি। "অর্থস্য পুরুষো দাসো দাসত্বর্থো ন কস্যচিৎ। ইতি সত্যং মহারাজ বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবৈঃ॥" ইত্যাশঙ্ক্যাহ হত্বেতি। অর্থলুব্ধা অপি তে মদপেক্ষয়া গুরবো ভবন্ত্যেবেতি পুনর্গুরুগ্রহণেনোক্তং, তুশব্দোঽপ্যর্থে, ঈদৃশানপি গুরূন্ হত্বা ভোগানেব ভুঞ্জীয় ন তু মোক্ষং লভেয়। ভুজ্যন্ত ইতি ভোগা বিষয়াঃ (কর্ম্মণি ঘঞ্) তে চ ভোগা ইহৈব ন পরলোকে, ইহাপি চ রুধিরপ্রদিগ্ধা ইবাযশোব্যাপ্তত্বেনাত্যন্তজুগুপ্সিতা ইত্যর্থঃ। যদেহাপ্যেবং তদা পরলোকদুঃখং কিমুবর্ণনীয়মিতি ভাবঃ। অথবা গুরূন্ হত্বার্থকামাত্মকান্ ভোগান্ এব ভুঞ্জীয় নতু ধর্ম্মমোক্ষাবিত্যর্থকামপদস্য ভোগবিশেষণতয়া ব্যাখ্যানান্তরং দ্রষ্টব্যম্॥ ৫॥

নীলকণ্ঠ।—নমু যুদ্ধোদ্যতানাং গুরূণামপি বধঃ শ্রেয়ানিত্যাশঙ্ক্যাহ গুরূনিতি। যদ্যপি ত্বদুক্তং প্রশস্তমেব তথাপি মহানুভাবান্ গুরূন্ অহত্বা ভৈক্ষ্যমেব ভোক্তুং শ্রেয়ঃ প্রশস্ততরং, এবং তর্হি গুরূংস্ত্যক্ত্বা দুর্য্যোধনাদীনেব দুষ্টান্ জহীত্যাশঙ্ক্যাহ অর্থকামানিতি। ধনার্থিনো গুরবোঽবশ্যং দুর্য্যোধনসাহায্যং করিষ্যন্তি তেন তদ্বধোঽপি প্রশস্ত এবেত্যর্থঃ। তুশব্দঃ পক্ষান্তরোপন্যাসার্থঃ, ইহৈব ন তু পরলোকে। ভুঞ্জীয়েতি (সম্প্রশ্নে লিঙ্) গুরূন্ অহত্বা ভৈক্ষ্যং শ্রেয়ঃ উত হত্বা ভোগসম্পাদনং শ্রেয় ইতি সম্প্রশ্নে স্বয়মেবান্ত্যপক্ষে দূষণমাহ রুধিরপ্রদিগ্ধানিতি॥ ৫॥

বিশ্বনাথ।—নম্বেবং তে যদি স্বরাজ্যেঽস্মিন্ নাস্তি জিহ্বক্ষা তর্হি কয়া বৃত্ত্যা জীবিষ্যসীত্যত্রাহ গুরূনিতি। গুরূন্ অহত্বা গুরুবধমকৃত্বা ভৈক্ষ্যং ক্ষত্রিয়ৈর্বিগীতমপি ভিক্ষয়া প্রাপ্তমন্নমপি ভোক্তুং শ্রেয়ঃ। ঐহিকদুর্যশোলাভেঽপি পারত্রিকমমঙ্গলন্তু নৈব স্যাদিতি ভাবঃ। নচৈতে গুরবোঽবলিপ্তাঃ কার্য্যাকার্য্যমজানন্তশ্চাধার্ম্মিকদুর্য্যোধনাদ্যনুগতাস্ত্যাজ্যা এব যদুক্তং—"গুরোরপ্যবলিপ্তস্য কার্য্যাকার্য্যমজানতঃ। উৎপথপ্রতিপন্নস্য পরিত্যাগো বিধীয়তে॥" ইতি বাচ্যং, ইত্যাহ মহানুভাবানিতি। কালকামাদয়োঽপি যৈর্বশীকৃতাস্তেষাং ভীষ্মাদীনাং কুতস্তত্তদ্দোষসম্ভব ইতি ভাবঃ। নমু "অর্থস্য পুরুষো দাসো দাসত্বর্থো ন কস্যচিৎ। ইতি সত্যং মহারাজ বদ্ধোঽস্ম্যর্থেন কৌরবেঃ॥" ইতি যুধিষ্ঠিরং প্রতি ভীষ্মেণৈবোক্তং, অতঃ সাম্প্রতমর্থকামত্বাদেতেষাং মহানুভাবত্বং প্রাক্তনং বিগলিতম্। সত্যং, তদপ্যেতান্ হতবতো মম দুঃখমেব স্যাদিত্যাহ অর্থকামানিতি। অর্থলুব্ধান্ অপ্যেতান্ গুরূন্ হত্বা অহং ভোগান্ ভুঞ্জীয়, কিন্ত্বেতেষাং রুধিরেণ প্রদিগ্ধান্ প্রলিপ্তানেব। অয়মর্থঃ এতেষাং অর্থলুব্ধত্বেঽপি মদ্গুরুত্বমস্ত্যেব। অতএব এতদ্বধে সতি গুরুদ্রোহিণো মম খলু ভোগো দুষ্কৃতমিশ্রঃ স্যাদিতি॥ ৫॥

তাৎপর্য্য।—অর্জ্জুন কল্পনা করিলেন যে, ভগবান্ নিম্নলিখিতরূপ

---

* পাঠান্তর—অন্যার্থচরাঃ অন্যসন্তোষার্থে প্রবৃত্তাঃ।

আশঙ্কা করিতেছেন। ভীষ্ম, দ্রোণ ও কৃপাচার্য্য প্রভৃতি ব্যক্তিগণ পূজার পাত্র বটেন; কিন্তু অধুনা তাঁহাদিগকে গুরু বলিয়া স্বীকার করা উচিত হইতেছে না। যেহেতু স্মৃতিশাস্ত্রে উক্ত হইয়াছে, "অহঙ্কার-গর্ব্বিত কার্য্যাকার্য্য বিষয়ানভিজ্ঞ এবং উৎপথগামী গুরুকেও পরিত্যাগ করিবে।" অন্যায়রূপে রাজ্য-গ্রহণ এবং শিষ্য-দ্রোহাচরণ দ্বারা কার্য্যাকার্য্য-বিবেক-শূন্য, যুদ্ধ-গর্ব্বে গর্ব্বিত, উৎপথনিষ্ঠ এবং দুর্য্যোধনাদি অধার্ম্মিকগণের অনুগত, এই সকল ব্যক্তিকে বধ করাই শ্রেয়ঃ। মতান্তরে, যদি অর্জ্জুনের স্বরাজ্য-গ্রহণে অনিচ্ছা হইয়া থাকে, তবে অতঃপর কোন্ বৃত্তি অবলম্বন করিয়া তিনি জীবনধারণ করিবেন, তাহা দেখিতে পাওয়া যাইতেছে না। অতএব, অন্য উপায়াভাবে জীবিকা-নির্ব্বাহার্থ, সম্প্রতি ইহাঁদিগকে বধ করাই তাঁহার পক্ষে ন্যায়-সঙ্গত! যেহেতু ইহাঁদের বধ-সাধন ব্যতীত তাঁহার দেহ-যাত্রা নির্ব্বাহিত হইবার উপায়ান্তর পরিদৃষ্ট হইতেছে না। ভগবানের ইত্যাকার অভিপ্রায় অনুমান করিয়া, অর্জ্জুন বলিতেছেন, "ভীষ্ম দ্রোণাদির বধ-সাধনরূপ পারলৌকিক অমঙ্গলজনক কার্য্য সম্পন্ন করার অপেক্ষা, ইহ লোকে ভিক্ষা-লব্ধ অন্নদ্বারা জীবন-ধারণ করা শ্রেয়স্কর। ভিক্ষা-বৃত্তির দ্বারা জীবনপাত করিলে ইহলোকে অপরিসীম কলঙ্কের আস্পদ হইতে হয় সন্দেহ নাই; কিন্তু পরহিংসা-পরিশূন্য ভাবে তাদৃশ নীচোপায়ে কাল-কর্ত্তন করিলেও অবশ্যই পরলোকে অশেষ সুখ-সৌভাগ্য সমুপস্থিত হইবে। আরও বিবেচনা করিয়া দেখুন, গুরুজনের বিনাশ-সাধন করিয়া অসীম রাজ্যলাভও কদাপি শ্রেয়স্কর বলিয়া পরিগণিত হইতে পারে না। যুদ্ধে, অপরিহার্য্য স্থলে, গুরু-বধাদি কার্য্য রাজগণের স্বধর্ম্ম হইলেও হইতে পারে, কিন্তু কেবল ভোগৈশ্বর্য্য উপভোগ বা জীবিকার নিমিত্ত তাহার অনুষ্ঠান, আমার ক্ষুদ্র বুদ্ধিতে, যৎপরোনাস্তি পাপজনক বলিয়া প্রতীত হইতেছে। এই সকল কথা আলোচনা করিয়া, আমি সম্মুখ যুদ্ধ হইতে বিমুখ হইয়াছি। স্মৃতি শাস্ত্রে নির্দ্দিষ্ট আছে, অহঙ্কারে গর্ব্বিত, কার্য্যাকার্য্য বিষয়ানভিজ্ঞ এবং উৎপথগামী ব্যক্তিগণ গুরু হইলেও, তাঁহাদিগকে গুরু বলিয়া বিবেচনা করিবে না এবং তাদৃশ দোষে দূষিত গুরুকে পরিত্যাগ করিবে। এই শাস্ত্রীয় শাসন সত্য ও সুসঙ্গত হইলেও, আমার পিতামহ ভীষ্মদেব ও আচার্য্য মহর্ষি দ্রোণ প্রভৃতি মহাত্মগণের সুনির্ম্মল চরিত্র কখনই উল্লিখিতরূপ দোষ-কালিমায় কলঙ্কিত হয় নাই; ইহাঁরা

মহানুভাব, অর্থাৎ বেদাধ্যয়ন, ব্রহ্মচর্য্য, বিনয় ও আচারাদি সম্পন্ন; এজন্য মহা-প্রভাবশালী। ইহাঁরা অবলীলাক্রমে কাল (মৃত্যু) ও কামাদি রিপুদিগকে বশীভূত করিয়াছেন। এবংবিধ পরম পুণ্যাত্মা আমার পিতামহাদি গুরুগণের অনবদ্য চরিত্রে উল্লিখিতরূপ হেয় ও ক্ষুদ্র দোষ সংস্পর্শের সম্ভাবনা কোথায়? সুতরাং এতাদৃশ পাপাতীত পুণ্যময় পূজ্যপাদ গুরুগণকে পরিত্যাগ বা অবজ্ঞাস্পদ জ্ঞান করা আমার পক্ষে কদাচ সুসঙ্গত নহে।

কেহ কেহ "হিমহানুভাবান্" এইরূপ পদচ্ছেদ করেন। হিম শব্দের অর্থ জড়তা; তাহা যিনি বিনাশ করেন তিনি হিমহা, অর্থাৎ সূর্য্য কিংবা অগ্নি; এই উভয়ের ন্যায় অনুভব (সামর্থ্য) যাঁহাদের তাঁহারাই হিমহানুভাব (অতিশয় তেজস্বী)। ঈদৃশ মহানুভাবদিগকে উল্লিখিত সামান্য দোষ সমূহ স্পর্শও করিতে পারে না। শ্রীমদ্ভাগবতের ১০ স্কন্ধে ৩৪ অধ্যায়ে উক্ত হইয়াছে যথা; "অগ্নি যেমন পবিত্র ও অপবিত্র যাবতীয় বস্তু ভক্ষণে দূষিত হন না, অর্থাৎ পবিত্রই থাকেন, তদ্রূপ ঈশ্বরানুগৃহীত ও তেজীয়ান পুরুষগণের পক্ষে ধর্ম্ম-ব্যতিক্রম কিংবা লোকাতীত সাহস দৃষ্ট হইলেও তাহা দোষাবহ হয় না।" অতএব পিতামহ ভীষ্ম ও গুরুদেব দ্রোণাচার্য্য প্রভৃতি ঈশ্বরানুগৃহীত, অতুলনীয় তেজঃ-প্রভাবসম্পন্ন মহাপুরুষদিগের চরিত্রে উক্তবিধ দোষারোপ করা কোনরূপে সম্ভবপর হইতে পারে না।

টীকাকারগণ আরও কল্পনা করিয়া বলিতেছেন যে, যখন ভীষ্মাদি মহোদয়গণ অন্যের সন্তোষার্থে সমর-প্রবৃত্ত এবং অর্থের নিমিত্ত দুরাত্মা দুর্য্যোধনের নিকট আত্মবিক্রীত, তখন আর তাঁহাদের চরিত্রে পূর্ব্বোক্তরূপ মহানুভাবতা কোথায় থাকিতেছে? ভীষ্ম স্বয়ং যুধিষ্ঠিরকে বলিয়াছেন, "মহারাজ! সম্বন্ধে উভয়পক্ষ আমার সমান হইলেও, দুর্য্যোধনের অন্নে আমি চিরদিন প্রতিপালিত; পুরুষগণ অর্থেরই দাস, অর্থ কাহারও দাস নহে, ইহা সত্য; আমি কৌরবগণের অর্থে নিতান্ত বদ্ধ হইয়াছি।" ভীষ্মদেবের স্বমুখোচ্চরিত এই বাক্য দ্বারা অনুমিত হইতেছে, ভীষ্মাদি ব্যক্তিগণ অতিশয় অর্থলোভী এবং পরাধীন; সুতরাং ইহাঁদিগকে বধ করিলে কোন প্রকার পাপে পরিলিপ্ত হইবে না। এই কল্পিত আশঙ্কা নিরাসার্থ অর্জ্জুন বলিতেছেন, "ভীষ্মাদি মহাত্মগণ অর্থানুচর অর্থাৎ অর্থলোভে অন্যের দাসত্ব স্বীকার করিলেও, আমার পক্ষে চিরদিন গুরুই আছেন।" শাস্ত্রে

অর্জ্জুনোক্তির সমর্থন দৃষ্ট হইতেছে। "অবিদ্যো বা সবিদ্যো বা গুরুরেব দৈবতম্। অমার্গস্থোঽপি মার্গস্থো গুরুরেব সদাগতি॥" অর্থাৎ বিদ্বান্ বা মুর্খই হউন গুরুই দেবতা; এবং কুপথাবলম্বী বা সুপথাবলম্বী হউন, গুরুই আশ্রয়। সুতরাং অর্জ্জুন যে বলিতেছেন, "ভীষ্মদ্রোণাদি যেরূপ আচার-পরতন্ত্র হউন না কেন, তাঁহারা আমার পক্ষে চিরদিন পরমপূজ্য গুরু-দেবতা." এ কথা অসঙ্গত নহে। মূলের দ্বিতীয় "গুরু" শব্দ দ্বারা এই ভাব ব্যক্ত হইতেছে। "এইরূপ গুরুদিগকে বধ করিয়া ইহলোকে কেবল অযশঃ ও তাদৃশ পুণ্যাত্মগণের রুধির-লিপ্ত অর্থাৎ অত্যন্ত গর্হিত ভোগ্য সমূহ (অর্থ এবং কাম) লব্ধ হইবে; এতাদৃশ পাপকার্য্য দ্বারা ধর্ম্ম ও পরম পুরুষার্থ অর্থাৎ মোক্ষপ্রাপ্তি কখনই হইবে না। অতএব হে ভগবন্! ইহলোকে নিন্দনীয় ও পারলৌকিক অধোগতির হেতুভুত এই নৃশংস কার্য্য অপেক্ষা অতঃপর ভিক্ষাশনই আমার পক্ষে শ্রেয়ঃ।"

কেহ কেহ "অর্থকামান্ গুরূন্" এরূপও অন্বয় করিয়া থাকেন। তাহাতে 'অর্থলোভী গুরু সকল' এইরূপ অর্থ হয়॥ ৫॥

> ন চৈতদ্বিদ্মঃ কতরন্নোগরীয়ো
> যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ।
> যানেব হত্বা ন জিজীবিষাম-
> স্তেহবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ॥ ৬॥

অন্বয়।—চ নঃ কতরৎ গরীয়ঃ (শ্রেষ্ঠং) এতৎ ন বিদ্মঃ (জানামি) যৎ জয়েম যদি বা নঃ জয়েয়ুঃ যান্ এব হত্বা ন জিজীবিষামঃ (জীবিতুমিচ্ছামঃ) তে ধার্ত্তরাষ্ট্রাঃ প্রমুখে (সম্মুখে) অবস্থিতাঃ॥ ৬॥

প্রতিশব্দ।—আর আমাদের কি শ্রেষ্ঠ ইহা জানি না যে জয়ী-হই কি যদি বা আমরা পরাজিত-হই যাহাদিগকে-ই বিনাশ-করিয়া বাঁচিতে-ইচ্ছা-করি না সেই ধৃতরাষ্ট্র-পক্ষীয়-গণ সম্মুখে সমুপস্থিত॥ ৬॥

ব্যাখ্যা।—যে স্বজনগণকে সংহার করিলে আর জীবন ধারণে প্রবৃত্তি থাকে না, সেই দুর্য্যোধনাদিকে সম্মুখে দণ্ডায়মান দেখিয়া

সমরে বিজয় লাভ করা অথবা বিপক্ষ হস্তে পরাজিত হওয়া এতদুভয়ের মধ্যে অধুনা আমাদের পক্ষে কি শ্রেয়স্কর তাহা বুঝিতে পারিতেছি না ॥ ৬ ॥

আনন্দগিরি।—ক্ষত্রিয়াণাং স্বধর্ম্মত্বাদ্‌যুদ্ধমেব শ্রেয়স্করমিত্যাশঙ্ক্যাহ ন চৈতদিতি। এতদপি ন জানীমো ভৈক্ষ্যযুদ্ধয়োঃ কতরৎ নোঽস্মাকং গরীয়ঃ শ্রেষ্ঠং কিং ভৈক্ষ্যং হিংসাশূন্যত্বাদুত যুদ্ধং স্ববৃত্তিত্বাদিতি সন্দিগ্ধা চ জয়স্থিতিঃ, কিং সাম্যমেবোভয়েষাম্। যদ্বা বয়ং জয়েম অতিশয়েমহি যদি বা নোঽস্মান্ ধার্ত্তরাষ্ট্রা দুর্য্যোধনাদয়ো জয়েয়ুঃ, জাতোঽপি জয়ো ন ফলবান্ যতো যান্ বন্ধূন্ হত্বা ন জিজীবিষামো জীবিতুং নেচ্ছামস্তে এবাবস্থিতাঃ প্রমুখে সম্মুখে ধার্ত্তরাষ্ট্রা ধৃতরাষ্ট্রস্যাপত্যানি তস্মাদ্ভৈক্ষ্যাদ্‌যুদ্ধস্য শ্রেষ্ঠত্বং ন সিদ্ধমিত্যর্থঃ ॥ ৬ ॥

শ্রীধর।—কিঞ্চ যদ্যধর্ম্মানঙ্গীকরিষ্যামস্তথাপি কিমস্মাকং জয়ঃ পরাজয়ো বা গরীয়ান্ ভবেদিতি ন জ্ঞায়ত ইত্যাহ ন চৈতদিতি। দ্বয়োর্ম্মধ্যে নোঽস্মাকং কতরৎ কিন্নাম গরীয়োঽধিকতরং ভবিষ্যতীতি ন বিদ্মঃ। তদেব দ্বয়ং দর্শয়তি যদ্বেতি। যদ্বা এতান্ বয়ং জয়েম জেষ্যামঃ যদি বা নোঽস্মানেতে জয়েয়ুর্জেষ্যন্তীতি। কিঞ্চাস্মাকং জয়োঽপি ফলতঃ পরাজয় এবেত্যাহ যানিতি। যানেব হত্বা জীবিতুং নেচ্ছামস্ত এবৈতে সম্মুখেঽবস্থিতাঃ ॥ ৬ ॥

বলদেব।—নমু ভৈক্ষ্যভোজনং ক্ষত্রিয়স্য বিগর্হিতম্, যুদ্ধঞ্চ স্বধর্ম্মং * বিজানন্নপি কিমিদং বিভাষসে ইতি চেৎ তত্রাহ ন চৈতদিতি। এতদ্দ্বয়ং ন বিদ্মঃ ভৈক্ষ্যযুদ্ধয়োর্মধ্যে নোঽস্মাকং কতরদ্গরীয়ঃ প্রশস্ততরম্। হিংসাবিরহাদ্ভৈক্ষ্যং গরীয়ঃ স্বধর্ম্মত্বাদ্‌যুদ্ধং বেতি এতচ্চ ন বিদ্মঃ। সমারব্ধে যুদ্ধে বয়ং ধার্ত্তরাষ্ট্রান্ জয়েম তে বা নোঽস্মান্ জয়েয়ুরিতি। নমু মহাবিক্রমিণাং ধর্ম্মিষ্ঠানাঞ্চ ভবতামেব বিজয়ো ভাবীতি চেৎ তত্রাহ যানেবেতি। যান্ ধার্ত্তরাষ্ট্রান্ ভীষ্মাদীন্ সর্ব্বান্। ন জিজীবিষামো জীবিতুমপি নেচ্ছামঃ, কিং পুনর্ভোগান্ ভোক্তুমিত্যর্থঃ। তথাচ বিজয়োঽপ্যস্মাকং ফলতঃ পরাজয় এবেতি। তস্মাৎ যুদ্ধস্য ভৈক্ষ্যাদ্ গরীয়স্ত্বমপ্রসিদ্ধমিতি। এবমেতাবতা গ্রন্থেন "তস্মাদেবংবিচ্ছান্তোদান্তউপরতস্তিতিক্ষুঃ শ্রদ্ধান্বিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যেৎ" ইতি শ্রুতিপ্রসিদ্ধমর্জ্জুনস্য জ্ঞানাধিকারিত্বং দর্শিতম্। তত্র "কিন্নো রাজ্যেন" ইতি শমদমৌ *। "অপি ত্রৈলোক্যরাজ্যস্য" ইত্যৈহিকপারত্রিকভোগোপেক্ষালক্ষণা

* সমোত্তমাধমৈ রাজা ত্বাহূতঃ পালয়ন্ প্রজাঃ। ন নিবর্ত্তেত সংগ্রামাৎ ক্ষাত্রং ধর্ম্মমনুস্মরন্॥ সংগ্রামেষনিবর্ত্তিত্বং প্রজানাঞ্চৈব পালনম্। শুশ্রূষা ব্রাহ্মণানাঞ্চ রাজ্ঞাং শ্রেয়স্করং পরম্॥ আহবেষু মিথোঽন্যোন্যং জিঘাংসন্তো মহীক্ষিতঃ। যুধ্যমানাঃ পরং শক্ত্যা স্বর্গং যান্ত্যপরাঙ্মুখাঃ॥ ইতি মনু সংহিতা। সপ্তমাধ্যায়।

অধিরাজ তুল্যবল বা আপনা হইতে প্রবল অথবা হীনবল অন্য কোন রাজা যুদ্ধে আহ্বান করিলে "যুদ্ধ রাজাদিগের ধর্ম্ম" ইহা স্মরণ করিয়া সংগ্রাম হইতে নিবৃত্ত হইবে না। যুদ্ধে বিমুখ না হওয়া এবং সুন্দররূপে প্রজাপালন, এবং ব্রাহ্মণের সেবা করা রাজাদিগের পরম মঙ্গলদায়ক। রাজারা যুদ্ধে পরাঙ্মুখ না হইয়া পরস্পর স্পর্দ্ধা পুরঃসর যুদ্ধে পরস্পরের হননেচ্ছায় প্রবৃত্ত হইয়া যথাশক্তি যুদ্ধ করিয়া মৃত হইলে স্বর্গে গমন করেন, যুদ্ধে রাজ্যলাভাদি দৃষ্ট ফল ও যুদ্ধে অপরাঙ্মুখের স্বর্গরূপ অদৃষ্টফল লাভ হয়।

উপরতিঃ। "ভৈক্ষ্যং ভোক্তুং শ্রেয়ঃ" ইতি দ্বন্দ্বসহিষ্ণুত্বলক্ষণা তিতিক্ষা। গুরুবাক্যদৃঢ়-বিশ্বাসলক্ষণা শ্রদ্ধা তূত্তরবাক্যে ব্যক্তীভবিষ্যতি; ন খলু শমাদিশূন্যস্য জ্ঞানেঽস্ত্যধিকারঃ, পঙ্গ্বাদেরিব কর্ম্মণীতি ॥ ৬ ॥

মধুসূদন।—নন্থ ভিক্ষাশনস্য ক্ষত্রিয়ং প্রতিনিষিদ্ধত্বাদ্যুদ্ধস্য চ বিহিতত্বাৎ স্বধর্ম্মত্বেন যুদ্ধমেব তব শ্রেয়স্করমিত্যাশঙ্ক্যাহ ন চৈতদিতি। এতদপি ন জানীমো ভৈক্ষ্যযুদ্ধয়োর্মধ্যে কতরৎ নোঽস্মাকং গরীয়ঃ শ্রেষ্ঠং, কিং ভৈক্ষ্যং হিংসাশূন্যত্বাদুত যুদ্ধং স্বধর্ম্মত্বাদিতি ইদঞ্চ ন বিদ্মঃ। আরব্ধেঽপি যুদ্ধে যদ্বা বয়ং জয়েম অতিশয়েমহি যদি বা নোঽস্মান্ জয়েয়ুঃ ধার্ত্তরাষ্ট্রা উভয়োঃ সাম্যপক্ষোঽপ্যর্থাদ্বোদ্ধব্যঃ। কিঞ্চ জাতোঽপি জয়ো নঃ ফলতঃ পরাজয় এব, যতো যান্ বন্ধূন্ হত্বা জীবিতুমপি বয়ং নেচ্ছামঃ কিং পুনর্বিষয়ানুপভোক্তুং, তে এবাবস্থিতাঃ সম্মুখে ধার্ত্তরাষ্ট্রাঃ ধৃতরাষ্ট্রসম্বন্ধিনো ভীষ্মদ্রোণাদয়ঃ সর্ব্বেঽপি তস্মাদ্ভৈক্ষ্যাদ্যুদ্ধস্য শ্রেষ্ঠত্বং ন সিদ্ধমিত্যর্থঃ। তদেবং প্রাক্তনেন গ্রন্থেন সংসারদোষনিরূপণমুদ্ধিকারি-বিশেষণান্যুক্তানি, তত্র "নচ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে" ইত্যত্র রণে হতস্য পরিব্রাট্সমানযোগক্ষেমত্বোক্তেঃ, "অন্যচ্ছ্রেয়োঽন্যদুত এব প্রেয়ঃ" ইত্যাদিশ্রুতিসিদ্ধং, শ্রেয়ো মোক্ষাখ্যমুপন্যস্তং, অর্থাচ্চ তদিতরদশ্রেয় ইতি নিত্যানিত্যবস্তুবিবেকো দর্শিতঃ। "ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ" ইত্যত্রৈহিকফলবিরাগঃ। "অপি ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ" ইত্যত্র পারলৌকিক-ফলবিরাগঃ। "নরকে নিয়তং বাসঃ" ইত্যত্র স্থূলদেহাতিরিক্ত আত্মা। "কিং নো রাজ্যেন" ইতি ব্যাখ্যাতবর্ত্মনা শমঃ। "কিং ভোগৈঃ" ইতি দমঃ। "যদ্যপ্যেতে ন পশ্যন্তি" ইত্যত্র নির্লোভতা। "তন্মে ক্ষেমতরং ভবেৎ" ইতি প্রথমাধ্যায়স্যার্থঃ সসন্ন্যাসসাধনসূচনম্। অস্মিংস্ত্বধ্যায়ে "শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যমপি" ইত্যত্র ভিক্ষাচর্য্যোপলক্ষিতঃ সন্ন্যাসঃ প্রতিপাদিতঃ ॥ ৬ ॥

নীলকণ্ঠ।—এবং তর্হি ভৈক্ষ্যমেব তব শ্রেয় ইত্যাশঙ্ক্যাহ ন চৈতদিতি। যদ্যপ্য-ক্ষত্রিয়স্য ভৈক্ষ্যমেবেষ্টং, তথাপি নঃ অস্মাকং ক্ষত্রিয়াণাং, ভৈক্ষ্যভোগয়োর্মধ্যে কতরদ্গরীয়ঃ ইতি বয়ং ন বিদ্মঃ। নন্বুক্তং যুদ্ধমেব গরীয় ইতি তত্রাহ যদ্বেতি। যদি বা বয়ং জয়েম শত্রূন্, যদি বা নোঽস্মান্ শত্রব এব জয়েয়ুরিদমপি ন বিদ্মঃ। অন্ত্যপক্ষেতু পুনর্ম্মরণমপ্রার্থিতং ভৈক্ষ্য-মেবাপদ্যেত ইতি ভাবঃ। নন্থ ময়ি সহায়ে সতি তব জয় এব নিশ্চিত ইত্যত আহ যানে-বেতি। ইষ্টনাশাজ্জয়োঽপি পরাজয়রূপ এবেত্যর্থঃ। যত্তু নিশ্চিতেঽপি ভৈক্ষ্যশ্রেয়স্ত্বে পুনর্যুদ্ধ-ভৈক্ষ্যয়োঃ কতরৎ শ্রেয় ইতি সংশয়ো নোচিতঃ, অতো নঃ অস্মাকং মধ্যে কতরৎ সৈন্যং গরীয় ইতি ব্যাখ্যেয়মিতি। তদসৎ "ধর্ম্মসংমূঢ়চেতাঃ" ইতি বাক্যশেষাদুক্তসংশয়স্যৈবোচিত-ত্বাৎ সৈন্যগরীয়স্ত্বসংশয়েনৈব জয়সংশয়েঽন্যথাসিদ্ধেঽন্যতরসংশয়বৈয়র্থ্যাৎ বিশেষ্যাধ্যাহা-হারদোষাচ্চ ॥ ৬ ॥

এই পুস্তকের ৭৩ পৃষ্ঠায় শব্দব্যাদি বিষয়ক টিপ্পনী দ্রষ্টব্য।

বিশ্বনাথ।—কিঞ্চ গুরুদ্রোহে প্রবৃত্তস্যাপি মম জয়ঃ পরাজয়ো বা ভবেদিত্যপি ন জ্ঞায়তে ইত্যাহ ন চৈতদ্বিতি। তথাপি নোঽস্মাকং কতরৎ জয়পরাজয়য়োর্মধ্যে কিং খলু গরীয়ঃ অধিকতরং ভবিষ্যতি এতন্ন বিদ্মঃ। তদেব পক্ষদ্বয়ং দর্শয়তি যদ্বেতি। এতান্ বয়ং জয়েম নোঽস্মান্ বা এতে জয়েয়ুরিতি। কিঞ্চ জয়োঽপ্যস্মাকং ফলতঃ পরাজয় এবেত্যাহ যানেবেতি॥৬॥

তাৎপর্য্য।—শাস্ত্রকারগণ ক্ষত্রিয়কুলের পক্ষে ভিক্ষাশন নিষেধ করিয়াছেন, আর যুদ্ধ স্বধর্ম্ম বলিয়া কর্ত্তব্যরূপে নির্দ্দেশ করিয়াছেন; অতএব ভিক্ষা অপেক্ষা যুদ্ধই তোমার শ্রেয়স্কর। এইরূপ ভগবদাশঙ্কা পরিহরণ মানসে অর্জ্জুন বলিতেছেন, "যুদ্ধে গুরুদ্রোহাদিরূপ অধর্ম্মানুষ্ঠানে বদ্ধপরিকর হইলেও, সমর-পরিণামে আমাদের জয় কিংবা পরাজয় হইবে, অধুনা তাহা নিশ্চয় করিতে পারিতেছি না। আমি ইহাও বুঝিতে পারিতেছি না যে, ভিক্ষা ও যুদ্ধ এতদুভয়ের মধ্যে কোন্‌টী আমাদের পক্ষে শ্রেষ্ঠ; অহিংসা-মূলক ভিক্ষাই পরিগ্রহণীয়, না স্বধর্ম্মসঙ্গত যুদ্ধই অবলম্বনীয়? এবংবিধ অনিশ্চয়তা হেতু আমি যুদ্ধে সন্দিগ্ধ হইয়াছি। পক্ষান্তরে, আরব্ধ যুদ্ধে আমরাই কুরুকুল জয় করিব, কিংবা আমাদিগকেই তাঁহারা জয় করিবেন, ইহাও আমি স্থির করিতে পারিতেছি না। আপনি বলিতে পারেন, 'তোমরা মহাবিক্রমশালী ও পরমধার্ম্মিক; সুতরাং তোমাদের বিজয় বিষয়ে কোনই সন্দেহ নাই।' ইহার উত্তরে আমি বলিতেছি যে, আমাদের জয় হইলেও, ফলতঃ তাহা পরাজয়রূপেই পরিগণিত করিতে হইবে। যে সকল পরম গুরু ও স্নেহভাজন স্বজনের মরণ দর্শনে আমাদের জীবিত প্রয়োজন পর্য্যবসিত হইবে, ও স্বতঃই দেহ হইতে প্রাণাত্যয় ঘটিবে, তাদৃশ আত্মীয়গণকে বিনষ্ট করিয়া বিজয়লাভ, পরাজয়েরই তুল্য ও আত্মনাশের কারণ স্বরূপ। যখন স্বজনগণের বিয়োগে তৎক্ষণাৎ বিগতজীব হইতে হইবে, নতুবা আজীবন শোকের তুষানলে ধীরে ধীরে দগ্ধীভূত হইতে হইবে, তখন আর ছার রাজৈশ্বর্য্য সম্ভোগের কথা কি বলিব? ভীষ্ম-দ্রোণাদি পরমার্চ্চনীয় মহাপুরুষগণই, দুর্য্যোধনের পক্ষে সম্মুখ সংগ্রামে জীবন দান করিবার অভিপ্রায়ে, দণ্ডায়মান হইয়াছেন। সমরে প্রবৃত্ত হইলে সর্ব্বাগ্রে ইহাঁদিগকে শমনসদনে প্রেরণ করা আবশ্যক হইবে। ইহাঁদের বধসাধন অপেক্ষা ভিক্ষাশ্রম গ্রহণ করাই সর্ব্বথা শ্রেষ্ঠ বলিয়া আমার প্রতীতি হইতেছে।

"শান্ত, দান্ত, উপরত, তিতিক্ষু ও শ্রদ্ধান্বিত হইয়া আত্মাতেই আত্মাকে

দেখিবে" ; শাস্ত্রার্থবিদ্‌গণ এই শ্রুতি অবলম্বনে অর্জ্জুনকেই প্রসিদ্ধ জ্ঞানাধিকারিরূপে নির্দ্দেশ করিয়াছেন। জ্ঞানরাজ্যে অর্জ্জুনের ক্রমোন্নতির প্রমাণ স্বরূপে তাঁহারা তদুক্ত নিম্নলিখিত শ্লোক সমূহ প্রদর্শন করিয়াছেন। যথা ; "কিন্নোরাজ্যেন"ইতি (১ম। ৩২) শ্লোক দ্বারা শম-দম। "অপি ত্রৈলোক্য রাজ্যস্য" ইতি (১ম। ৩৫) শ্লোক দ্বারা ঐহিক পারত্রিক ভোগের উপেক্ষা রূপ উপরতি। "শ্রেয়ো ভোক্তুং ভৈক্ষ্যম্" (২য়। ৫ম) এই শ্লোক দ্বারা সুখ-দুঃখ-দ্বন্দ্ব-সহিষ্ণুতা-লক্ষণ তিতিক্ষা উক্ত হইয়াছে। "নরকে নিয়তং বাসঃ" ইতি (১ম। ৪৩) শ্লোক দ্বারা আত্মার স্থূল দেহাতিরিক্ততা বিষয়ক সন্ন্যাস-সাধন জ্ঞান প্রতিপাদিত হইয়াছে। গুরু বেদান্ত-বাক্যে দৃঢ়-বিশ্বাস-লক্ষণ-শ্রদ্ধা পরবর্ত্তী শ্লোকে (২য়। ৭) বিশদরূপে পরিব্যক্ত হইবে। প্রথমাধ্যায়ে সন্ন্যাসসাধন উক্ত হইয়া, দ্বিতীয়াধ্যায়ের ৫ম শ্লোকে ভিক্ষাটন সহকৃত সর্ব্বাঙ্গসম্পন্ন সন্ন্যাসধর্ম্ম উপলক্ষিত হইয়াছে। এইরূপে অর্জ্জুনের জ্ঞান-মার্গে ক্রমোন্নতি প্রদর্শন করিয়া তাঁহার অধিকারিত্ব * প্রতিপন্ন হইয়াছে। পঙ্গু প্রভৃতি বিকলেন্দ্রিয় মনুষ্যগণ যেমন কর্ম্মে অনধিকারী, শম-দমাদি-শূন্য সাধকও তদ্রূপ জ্ঞানে অনধিকারী ; এজন্য উল্লিখিত গ্রন্থ-সন্দর্ভসমূহ দ্বারা অর্জ্জুনের জ্ঞানাধিকারিতা প্রদর্শিত হইল ॥ ৬ ॥

——০:):০:(:০——

কার্পণ্যদোষোপহতস্বভাবঃ
পৃচ্ছামি ত্বাং ধর্ম্মসংমূঢ়চেতাঃ।
যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে
শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্ ॥ ৭ ॥

* অধিকারী যথা।—বিধিবদধীতবেদবেদাঙ্গত্বেনাপাততোঽধিগতাখিলবেদার্থোঽস্মিন্ জন্মনি জন্মান্তরে বা কাম্যনিষিদ্ধবর্জ্জনপুরঃসরং নিত্য-নৈমিত্তিক-প্রায়শ্চিত্তোপাসনানুষ্ঠানেন নির্গতনিখিলকল্মষতয়া নিতান্তনির্ম্মলঃ-স্বান্তসাধনচতুষ্টয়সম্পন্নঃ প্রমাতা। বেদান্তসার।

যথাবিহিত প্রণালীক্রমে বেদবেদাঙ্গাদি অধ্যয়ন করিয়া সমস্ত বেদার্থ বিষয়ে কথঞ্চিৎ অভিজ্ঞ হইয়া এই জন্মে বা জন্মান্তরে কাম্য ও নিষিদ্ধ ক্রিয়া, অর্থাৎ কোন ফললাভ প্রত্যাশায় যথা পুত্রেষ্ট্যাদি ক্রিয়া এবং নরকাদি অনিষ্টসাধন ব্রহ্মহননাদি ক্রিয়া, পরিত্যাগ পূর্ব্বক নিত্য নৈমিত্তিক ও প্রায়শ্চিত্তাদির অনুষ্ঠান দ্বারা, সমস্ত পাপবিহীনতা জনিত নিতান্ত নির্ম্মল চিত্ত, শমাদি চতুর্ব্বিধ সাধন সম্পন্ন, ঈদৃশ সর্ব্বসদ্‌গুণাক্রান্ত ব্যক্তিই জ্ঞানোপদেশের অধিকারী। অর্জ্জুনের ঐতাদৃশ অধিকারিতা টীকাকারগণ উদ্ধৃত শ্লোক দ্বারা সুন্দররূপে প্রমাণীকৃত করিয়াছেন।

অন্বয়।—কার্পণ্য (অনাত্মাধ্যাসবত্ত্বং দৈন্যং)-দোষ-উপহত (অভিভূতঃ)-স্বভাবঃ ধর্ম্ম-সংমূঢ়-চেতাঃ (সন্দিগ্ধচিত্তঃ) [অহং] ত্বাং পৃচ্ছামি (অনুযুঞ্জে) যৎ শ্রেয়ঃ (পরমপুরুষার্থভূতং) স্যাৎ তৎ মে নিশ্চিতং (সত্যং) ব্রূহি অহং তে শিষ্যঃ ত্বাং প্রপন্নং (শরণাগতং) মাং শাধি (শিক্ষয়)॥ ৭॥

প্রতিশব্দ।—কৃপণতা-দোষ-অভিভূত-প্রকৃতি ধর্ম্ম-সন্দিগ্ধ-চিত্ত [আমি] তোমাকে জিজ্ঞাসিতেছি যাহা মঙ্গলকর হয় তাহা আমাকে নিশ্চয়রূপে বল আমি তোমার শিষ্য তোমার শরণাগত আমাকে শিক্ষা-দাও॥ ৭॥

ব্যাখ্যা।—আমি মমতা-জনিত শোক-মোহাভিভূত, ধর্ম্মাধর্ম্ম বিষয়ে সন্দিহান-হৃদয়। আমি অতি দীন ও জ্ঞান-বিহীন শরণাগত শিষ্য; তুমি আমাকে অবিসংবাদিত রূপ মঙ্গলময় উপায় বল এবং যথাবিহিত সদুপদেশ প্রদান করিয়া চরিতার্থ কর॥ ৭॥

আনন্দগিরি।—সমধিগতসংসারদোষজাতস্যাতিতরাং নির্ব্বিণ্ণস্য মুমুক্ষোরুপসন্নস্যাত্মোপদেশসংগ্রহেঽধিকারং সূচয়তি কার্পণ্যেতি। যোঽল্পাং স্বল্পামপি স্বক্ষতিং ন ক্ষমতে স কৃপণস্তদ্বিধত্বাদখিলোঽনাত্মবিদপ্রাপ্তপরমপুরুষার্থতয়া কৃপণো ভবতি। "যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণঃ" ইতি শ্রুতেঃ, তস্য ভাবঃ কার্পণ্যং দৈন্যং, তেন দোষেণোপহতো দূষিতঃ স্বভাবশ্চিত্তমস্যেতি বিগ্রহঃ, সোঽহং পৃচ্ছাম্যনুযুঞ্জে, ত্বা ত্বাং, ধর্ম্মসংমূঢ়চেতাঃ ধর্ম্মো ধারয়তীতি পরং ব্রহ্ম, তস্মিন্ সংমূঢ়মবিবেকতাং গতং চেতো যস্য মমেতি তথাঽমুক্তঃ। কিং পৃচ্ছসি, যন্নিশ্চিতমৈকান্তিকমনাপেক্ষিকং শ্রেয়ঃ স্যাৎ রোগনিবৃত্তিবদনৈকান্তিকমনাত্যন্তিকং স্বর্গবদাপেক্ষিকং বা, তন্নিঃশ্রেয়সং মে মহ্যং প্রব্রূহি। "নাপুত্রায়াশিষ্যায়েতি" নিষেধাৎ ন প্রবক্তব্যমিতি মা মংস্থাঃ, যতঃ শিষ্যস্তেঽহং ভবামি, শাধ্যনুশাধি মাং নিঃশ্রেয়সং। ত্বামহং প্রপন্নোঽস্মি॥ ৭॥

রামানুজ।—ননু যুদ্ধমারভ্য নিবৃত্তব্যাপারান্ ভবতো ধার্ত্তরাষ্ট্রাঃ প্রসহ্য হন্যুরিতিচেৎ। অস্তু তদ্বধলব্ধজয়াদস্মাকং ধর্ম্মাধর্ম্মমজানদ্ভিস্তৈর্হননমেব গরীয় ইতি মে প্রতিভাতি। ইত্যুক্ত্বা যন্মহ্যং শ্রেয় ইতি নিশ্চিত্য তৎ তব শরণাগতায় তব শিষ্যায় মে ব্রূহীত্যতিমাত্রকৃপণো ভগবৎপদাম্বুজমুপসসার॥ ৬। ৭॥

শিষ্য।—"শিষ্যঃ শুদ্ধান্বয়ঃ শ্রীমান্ বিনীতঃ প্রিয়দর্শনঃ। সত্যবাক্ পুণ্যচরিতোঽদভ্রধীর্দম্ভবর্জ্জিতঃ॥ কামক্রোধপরিত্যাগী ভক্তশ্চ গুরুপাদয়োঃ। দেবতাপ্রবণঃ কায়মনোবাগ্ভির্দিবানিশম্॥ নীরুজো নির্জ্জিতাশেষপাতকঃ শ্রদ্ধয়ান্বিতঃ। দ্বিজদেবপিতৃণাঞ্চ নিত্যমর্চ্চাপরায়ণঃ॥ যুবা বিনিয়তাশেষকরণঃ করুণালয়ঃ। ইত্যাদিলক্ষণৈর্যুক্তঃ শিষ্যো দীক্ষাধিকারবান্॥" মন্ত্রমুক্তাবলীয় এই শিষ্য লক্ষণ আলোচনা করিয়া দেখিলে উপলব্ধ হইবে যে, অর্জ্জুন এক্ষণে সর্ব্বলক্ষণাক্রান্ত যথোপযুক্ত শিষ্যের স্থানীয় হইয়াছেন।

শ্রীধর।—কার্পণ্যেত্যাদি। তস্মাদেতান্ হত্বা কথং জীবিষ্যাম ইতি কার্পণ্যং, দোষঃ কুলক্ষয়কৃতঃ, তাভ্যামুপহতোঽভিভূতঃ স্বভাবঃ শৌর্য্যলক্ষণো যস্য সোঽহং ত্বাং পৃচ্ছামি। তথা ধর্ম্মে সংমূঢ়ং চেতো যস্য সঃ, যুদ্ধং ত্যক্ত্বা ভিক্ষাটনমপি ক্ষত্রিয়স্য ধর্ম্মোঽধর্ম্মো বেতি সন্দিগ্ধচিত্তঃ সন্নিত্যর্থঃ; অতো মে যন্নিশ্চিতং শ্রেয়ঃ স্যাৎ তদ্ব্রূহি। কিঞ্চ তেঽহং শিষ্যঃ শাসনার্হোঽতস্ত্বাং প্রপন্নং শরণং গতং মাং শাধি শিক্ষয় ॥ ৭ ॥

বলদেব।—অথ তদ্বিজ্ঞানার্থং "স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং * ব্রহ্মনিষ্ঠমাচার্য্যবান্ পুরুষো বেদ" ইত্যাদি শ্রুতিসিদ্ধাং গুরূপসত্তিং দর্শয়তি কার্পণ্যেতি। "যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বাস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণঃ" ইতি শ্রবণাদব্রহ্মবিত্ত্বং কার্পণ্যং, তেন হেতুনা যো দোষঃ। "যানেব হত্বেতি" বন্ধুবর্গমমতালক্ষণস্তেনোপহতস্বভাবো যুদ্ধস্পৃহালক্ষণঃ স্বধর্ম্মো যস্য সঃ। ধর্ম্মে সংমূঢ়ং ক্ষত্রিয়স্য মে যুদ্ধং স্বধর্ম্মস্তদ্বিহায় ভিক্ষাটনং বেত্তেব্যং সন্দিহানং চেতো যস্য সঃ। ঈদৃশঃ সন্নহং ত্বামিদানীং পৃচ্ছামি। তস্মান্নিশ্চিতমৈকান্তিকং আত্যন্তিকং যন্মে শ্রেয়ঃ স্যাৎ তৎ ত্বং ব্রূহি। সাধনোত্তরমবশ্যম্ভাবিত্বমৈকান্তিকম্। ভূতস্য বিনাশিত্বমাত্যন্তিকত্বম্। নন্বু শরণাগতস্যোপদেশস্তদ্বিজ্ঞানার্থং "স গুরুমেবাভিগচ্ছেৎ" ইত্যাদি শ্রুতেঃ, সখায়ং ত্বাং কথমুপদিশামি ইতি চেৎ তত্রাহ শিষ্যস্তেঽহমিতি। শাধি শিক্ষয় ॥ ৭ ॥

মধুসূদন।—গুরূপসদনমিদানীং প্রতিপদ্যতে। সমধিগতসংসারদোষজাতস্যাতিতরাং নির্ব্বিন্নস্য বিধিবদ্গুরুমুপসন্নস্যৈব বিদ্যাগ্রহণেঽধিকারাৎ। তদেবং ভীষ্মাদিসঙ্কটবশাৎ, "ব্যুথায়াথ ভিক্ষাচার্য্যং চরন্তি" ইতি শ্রুতিসিদ্ধভিক্ষাচার্য্যেঽর্জ্জুনস্যাভিলাষং প্রদর্শ্য বিধিবদুপসত্তিমপি তৎসঙ্কটব্যাজেনৈব দর্শয়তি কার্পণ্যেতি। যোঽল্পাংস্বল্পামপি বিত্তক্ষতিং ন ক্ষমতে স কৃপণ ইতি লোকে প্রসিদ্ধস্তদ্বিধত্বাদখিলো নাত্মবিদপ্রাপ্তপুরুষার্থতয়া কৃপণো ভবতি। "যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বা অস্মাৎ লোকাৎ প্রৈতি স কৃপণঃ" ইতি শ্রুতেঃ। তস্য ভাবঃ কার্পণ্যং অনাত্মাধ্যাসবত্ত্বং তন্নিমিত্তোঽস্মিন্ জন্মন্যেত এব মদীয়াস্তেষু হতেষু কিং জীবিতেনেত্যভিনিবেশরূপো মমতালক্ষণো দোষস্তেনোপহতঃ তিরস্কৃতঃ স্বভাবঃ ক্ষাত্রো যুদ্ধোদ্যোগলক্ষণো যস্য স তথা। ধর্ম্মবিষয়ে নির্ণায়কপ্রমাণাদর্শনাৎ সংমূঢ়ং কিমেতেষাং বধো ধর্ম্মঃ, কিমেতৎপরিপালনং ধর্ম্মঃ, তথা কিং পৃথিবীপরিপালনং ধর্ম্মঃ, কিংবা যথাবস্থিতোঽরণ্যনিবাস এব ধর্ম্ম ইত্যাদিসংশয়ৈর্ব্যাপ্তং চেতো যস্য স তথা। "ন চৈতদ্বিদ্মঃ কতরন্নো গরীয়ঃ" ইত্যত্র ব্যাখ্যানমেতৎ, এবংবিধঃ সন্নহং ত্বা ত্বামিদানীং পৃচ্ছামি শ্রেয়ঃ ইত্যনুষঙ্গঃ। অতো যন্নিশ্চিতং ঐকান্তিকমাত্যন্তিকঞ্চ শ্রেয়ঃ পরমপুরুষার্থভূতং ফলং স্যাৎ তন্মে সত্যং ব্রূহি। সাধনানন্তরমবশ্যম্ভাবিত্বমৈকান্তিকত্বং, জাতস্যাবিনাশ আত্যন্তিকত্বং, যথাহৌষধে কৃতে কদাচিৎ রোগনিবৃত্তির্ন ভবেদপি জাতাপি চ রোগনিবৃত্তিঃ

---

* শ্রোত্রিয়।—বেদাধ্যয়নকারী ব্রাহ্মণ। তস্য লক্ষণং যথা; জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারাদ্দ্বিজ উচ্যতে। বেদাভ্যাসী ভবেদ্বিপ্রঃ শ্রোত্রিয় স্ত্রিভিরেব হি। ইতি পাদ্মে উত্তর খণ্ডে ১১৬ অধ্যায়। অপিচ—একাং শাখাং সকল্পাং বা ষড়্ভিরঙ্গৈরধীত্য চ। ষট্কর্ম্মনিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ। ইতি দানকমলাকর।

পুনরপি রোগোৎপত্ত্যা বিনাশক্তে এবং কৃতেঽপি যাগে প্রতিবন্ধবশাৎ স্বর্গো ন ভবেদপি জাতোঽপি স্বর্গো দুঃখাক্রান্তো নশ্যতি চেতি নৈকান্তিকত্বমাত্যন্তিকত্বং বা তয়োঃ। তদুক্তং, "দুঃখত্রয়াভিঘাতাজ্জিজ্ঞাসা তদপঘাতকে হেতৌ। দৃষ্টে সা পার্থা চেন্নৈকান্তাত্যন্ততোঽভাবাৎ॥" ইতি। "দৃষ্টবদানুশ্রবিকঃ সহ্যবিশুদ্ধিক্ষয়াতিশয়যুক্তঃ। তদ্বিপরীতঃ শ্রেয়ান্ ব্যক্তাব্যক্তজ্ঞবিজ্ঞানাৎ।" ইতি চ। নমু ত্বং মম সখা নতু শিষ্যোঽত আহ শিষ্যস্তেঽহমিতি। ত্বদনুশাসনযোগ্যত্বাদহং তব শিষ্য এব ভবামি ন সখা ন্যূনজ্ঞানত্বাৎ, অতস্ত্বাং প্রপন্নং শরণাগতং মাং শাধি শিক্ষয় করুণয়া নত্বশিষ্যত্বশঙ্কয়োপেক্ষণীয়োঽহমিত্যর্থঃ। এতেন তদ্বিজ্ঞানার্থং "স গুরুমেবাভিগচ্ছেৎ সমিৎপাণিঃ শ্রোত্রিয়ং ব্রহ্মনিষ্ঠম্।" "ভৃগুর্বৈ বারুণির্বরুণং পিতরমুপসসার অধীহি ভগবো ব্রহ্ম" ইত্যাদি-গুরূপসত্তিপ্রতিপাদকশ্রুত্যর্থো দর্শিতঃ॥ ৭॥

নীলকণ্ঠ।—উক্ত সংশয়বানেব পৃচ্ছতি কার্পণ্যেতি। কার্পণ্যং দীনত্বম্, স্বভাবঃ শৌর্য্যং, "তেজোধৃতির্দাক্ষ্যম্" ইত্যাদিনা বক্ষ্যমাণলক্ষণঃ। শেষং স্পষ্টম্॥ ৭॥

বিশ্বনাথ।—নমু তর্হি সোপপত্তিকং শাস্ত্রার্থং ত্বমেব ব্রুবাণঃ ক্ষত্রিয়ো ভূত্বা ভিক্ষাটনং নিশ্চিনোষি তর্হ্যলং মদুক্ত্যেতি তত্রাহ কার্পণ্যেতি। স্বাভাবিকস্য শৌর্য্যস্য ত্যাগএব মে কার্পণ্যং "ধর্ম্মস্য সূক্ষ্মা গতি" ইত্যতো ধর্ম্মব্যবস্থায়ামপ্যহং মূঢ়বুদ্ধিরেবাস্মি। অতস্ত্বমেব নিশ্চিত্য শ্রেয়ো ব্রূহি। নমু মদ্বাচস্ত্বং পণ্ডিতমানিত্বেন খণ্ডয়সি চেৎ কথং ব্রূয়াং, তত্রাহ শিষ্যস্তেঽহমস্মি, নাতঃ পরং বৃথাখণ্ডয়ামীতি ভাবঃ॥ ৭॥

তাৎপর্য্য।—এই গ্রন্থের পূর্ব্বভাগে, সংসারের বিবিধ দোষ দর্শনে, যেরূপে অর্জ্জুনের চিত্ত-বৈকল্য জন্মিয়াছে, তাহা বর্ণিত হইয়াছে। 'আকীট ব্রহ্মপর্য্যন্তং বৈরাগ্যং বিষয়েষনু। যথৈব কাকবিষ্ঠায়াং বৈরাগ্যং তদ্ধি নির্ম্মলম্॥' বৈরাগ্যের এই লক্ষণানুসারে, আকীট ব্রহ্ম পর্য্যন্ত সাংসারিক যাবতীয় পদার্থ কাকবিষ্ঠার ন্যায় তুচ্ছ ও ঘৃণার্হ বোধ হওয়া আবশ্যক। তদনন্তর ঐহিক এবং পারত্রিক সুখভোগে নিস্পৃহ ও তত্ত্ব-জিজ্ঞাসু হইয়া 'বিধি অনুসারে সমিদ্ গ্রহণ পূর্ব্বক বিদ্যা গ্রহণের নিমিত্ত শ্রোত্রিয় এবং ব্রহ্মনিষ্ঠ সদ্গুরু সমীপে গমন করা বিধেয়। আচার্য্যবান্ পুরুষই ব্রহ্মজ্ঞান প্রাপ্ত হন।' ইত্যাদি ব্যবস্থা শ্রুতি প্রতিপাদিত। ক্রমশঃ চিত্ত-বিকার-জনিত জ্ঞানোন্নতিলাভ করিয়া, অধুনা অর্জ্জুন যে অবস্থায় উপনীত হইয়াছেন, তাহাতে তাঁহার সদ্গুরু সমীপে বিধি সঙ্গত প্রণালীতে উপস্থিত হইয়া, বিহিত উপদেশ লাভ করা নিতান্ত আবশ্যক। সমালোচ্য শ্লোকে সৌভাগ্য-বান্ অর্জ্জুনের সদ্গুরু লাভ ও শিষ্যত্ব স্বীকারের বিবরণ বিবৃত হইতেছে।

অর্জ্জুন, স্বকীয় হৃদয়ের দীনতা আলোচনা করিয়া, আপনাকে 'কার্পণ্য-

দোষোপহত-স্বভাব' এবং 'ধর্ম্মসংমূঢ়চেতা' বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। অর্জ্জুনোক্ত বাক্যদ্বয়ের ভাবার্থ নিম্নে প্রকটিত হইতেছে। যে পুরুষ কিঞ্চিন্মাত্রও আত্মক্ষতি সহ্য করিতে সমর্থ হয় না সেই কৃপণ; কৃপণ শব্দের ইহাই লৌকিক অর্থ। শ্রুতি বলিয়াছেন, 'হে গার্গি! শরীরধারী যে ব্যক্তি অক্ষর ব্রহ্মকে বিদিত না হইয়া পরলোকে গমন করেন, তিনিই কৃপণ; ইহাই এই শব্দের বেদোক্ত অর্থ। কৃপণের ভাব অর্থাৎ ধর্ম্মই কার্পণ্য। আত্মাতিরিক্ত জড় দেহাদিতে আত্মরূপে কল্পনা এবং তন্নিমিত্ত ইহাঁরা আমার আত্মীয়, ইহাঁদের অভাবে আমার জীবনের কি প্রয়োজন, এতাদৃশ অভিনিবেশরূপ মমতাদোষ দ্বারা উপহত-স্বভাব অর্থাৎ মোহাচ্ছন্ন-প্রকৃতিক। ক্ষাত্রকুলোচিত যুদ্ধোদ্যোগে নিরুৎসাহ, সুতরাং ধর্ম্ম-বিষয়ে সংমূঢ়, অর্থাৎ ইহাঁদের বধাদিরূপ কার্য্য দ্বারা রাজ্য পরিপালই ক্ষত্রিয়গণের ধর্ম্ম, কিংবা ইহাঁদিগকে প্রতিপালন অথবা অরণ্যবাসাদি স্বীকার পূর্ব্বক ভিক্ষাটনই ধর্ম্ম (৬ শ্লোক দ্রষ্টব্য) তৎসম্বন্ধে সন্দিহান।

অতঃপর গুরুবধাদি দুষ্কর কার্য্যসাধনে অনিচ্ছুক, রাজৈশ্বর্য্যে নিরাকাঙ্ক্ষ, ও ভিক্ষাভিলাষী অর্জ্জুন, সাংসারিক দুঃখ নিবৃত্তির নিমিত্ত,ইদানীন্তন কর্ত্তব্য নির্ণয়ে স্বকীয় অসমর্থতা হেতু,সেই নরকান্তকারী হৃদয়সখা পরমগুরু নারায়ণের বিনীত শিষ্যত্ব স্বীকার করিয়া, হৃদয়গত সন্দেহ ভঞ্জনার্থ নিম্নলিখিত ভাবে আন্তরিক অভিপ্রায় পরিব্যক্ত করিতেছেন। "হে সর্ব্বজ্ঞানসম্পন্ন সর্ব্বশাস্ত্র প্রতিপাদ্য পরমপুরুষ! আপনি কৃপা সহকারে আমাকে, আধিভৌতিক,আধিদৈবিক এবং আধ্যাত্মিক দুঃখের * একান্ত ও অত্যন্ত নিবৃত্তি অর্থাৎ দুঃখ-নিবৃত্তির অবশ্যম্ভাবিতা ও নিবৃত্ত দুঃখের অনুৎপত্তি সাধনরূপ, শ্রেয়ঃ বিষয়ে (পরমপুরুষার্থ লক্ষণ) বিহিত উপদেশ প্রদান করিয়া চরিতার্থ করুন। নীতি শাস্ত্রাদি দ্বারা আধিভৌতিক দুঃখ; গ্রহশান্তি-স্বস্ত্যয়নাদি দ্বারা গ্রহবৈগুণ্যাদিজনিত আধিদৈবিক দুঃখ, ভিষগ্বরোপদিষ্ট রাসায়নিক ঔষধাদি দ্বারা বাত-পিত্ত-শ্লেষ্ম-বৈষম্য নিবন্ধন আধ্যাত্মিক শারীরিক দুঃখ, এবং স্রক্-চন্দন-বনিতাদি বিষয় বিশেষের উপভোগ দ্বারা আধ্যাত্মিক মানসিক দুঃখ নিবৃত্তি হইলেও হইতে পারে। কিন্তু বিবিধ কারণে পুনর্ব্বার ঐ সকল দুঃখোৎপত্তির যথেষ্ট সম্ভাবনা আছে এবং উক্ত

---

* আধিভৌতিকাদি দুঃখত্রয়ের বিবরণ ৪২ পৃষ্ঠার টিপ্পনীতে দ্রষ্টব্য।

নীতি শাস্ত্রাভ্যাস ও রাসায়নিক প্রক্রিয়াদি দ্বারা দুঃখ নিবৃত্তি অবশ্যম্ভাবী এরূপও কোন প্রমাণ নাই। অপিচ যাগ-যজ্ঞাদি দ্বারা স্বর্গাদি প্রাপ্তি হইলেও, "ক্ষীণে পুণ্যে মর্ত্ত্যলোকং বিশন্তি।" 'পুণ্যক্ষয় হইলে পুনর্ব্বার মর্ত্ত্যলোকে গমন করিতে হইবে' ইত্যাদি শ্রুতি দ্বারা উপলব্ধ হইতেছে যে, স্বর্গভোগও অচিরস্থায়ী। অতএব যদ্দ্বারা সম্পূর্ণরূপে ও নিশ্চয়ই দুঃখের নিবৃত্তি হয় এবং নিবৃত্ত দুঃখ পুনর্ব্বার উৎপন্ন না হয়, অর্থাৎ নিরন্তর অবিচ্ছিন্ন পরমানন্দ উপভোগ করিতে পারি, এরূপ সদুপদেশ প্রদান করিয়া আমাকে কৃতার্থ করুন।

উক্ত বাক্য সমর্থনার্থ টীকাকারগণ-ধৃত সাংখ্যতত্ত্ব কৌমুদীর শ্লোকদ্বয়ের ব্যাখ্যা নিম্নে বিবৃত হইতেছে। মনুষ্যগণ দুঃখত্রয়ের বিনাশার্থ গুরুর নিকটে দুঃখ নিবৃত্তির উপায় জিজ্ঞাসা করিবে, পরে গুরুমুখে শাস্ত্র শ্রবণ পূর্ব্বক তদুপায় অবগত হইয়া জন্ম জন্মান্তরে, বহু ক্লেশ স্বীকার পূর্ব্বক ভগবদুপাসনা দ্বারা, তদীয় কৃপায় ব্রহ্ম সাক্ষাৎকার ও দুঃখত্রয় বিনষ্ট করিবে। কিন্তু শারীরিক দুঃখের প্রতীকারার্থ ভিষগ্বরোপদিষ্ট রাসায়নিক ঔষধাদি, মানসিক সন্তাপ বিনাশার্থ মনোজ্ঞস্ত্রী, পান ভোজন, বিলেপন বস্ত্রালঙ্কারাদি; আধিভৌতিক দুঃখের প্রতীকারের নিমিত্ত নীতি-শাস্ত্রাভ্যাস-জনিত ক্রিয়া-দক্ষত্বাদি এবং আধিদৈবিক দুঃখোপশমনার্থ মণি-মন্ত্র-মহৌষধাদি শত শত লৌকিক সহজ উপায় সত্ত্বে, লোক সকল গুরূপদেশানুসারে জন্ম জন্মান্তরে বহু ক্লেশ দ্বারা [illegible] করিবে? "অর্কে চেন্মধু বিন্দেত কিমর্থং পর্ব্বতং ব্রজেৎ। দৃষ্টস্যার্থস্য সংসিদ্ধৌ কো বিদ্বান্ যত্নমাচরেৎ॥" অর্থাৎ গৃহে থাকিয়া যদি মধুলাভ করিতে পারা যায়, তবে কি জন্য পর্ব্বতে গমন করিবে? অনায়াসে অর্থসিদ্ধি হইলে কোন্ বিদ্বান্ ব্যক্তি তাহার নিমিত্ত আয়াস স্বীকার করিয়া থাকে? লৌকিক উপায় দ্বারা দুঃখনিবৃত্তি অবশ্যই হইবে; ও নিবৃত্ত দুঃখের পুনরাগমন নিবারিত হইবে, এরূপ কোন স্থিরতা নাই। অতএব সর্ব্বতোভাবে দুঃখনিবৃত্তির নিমিত্ত এবং নিবৃত্ত দুঃখের পুনরুদ্ভব নিবারণার্থ, গুরুর নিকটে তত্ত্বজিজ্ঞাসু হইয়া, বিহিত উপায় পরিজ্ঞাত হইবে। লৌকিক দৃষ্ট উপায় দ্বারা দুঃখত্রয়ের অবশ্য নিবৃত্তি যদি অসম্ভব হয় এবং নিবৃত্তি হইলেও যদি পুনর্ব্বার সেই দুঃখত্রয় উৎপন্ন হইবার সম্ভাবনা থাকে, তাহা হইলে সংবৎসর সাধ্য জ্যো-

তিষ্টোমাদি* বৈদিক কর্ম্ম-কলাপ দ্বারা তাপত্রয় অবশ্যই নিবৃত্ত হইবে এবং তদুপায়ে দুঃখ নিবৃত্ত হইলে পুনরুৎপন্ন হইবে না, ইহাতে সন্দেহ নাই। যথা শ্রুতিঃ; "স্বর্গকামো যজেত" অর্থাৎ স্বর্গকামী হইয়া যজ্ঞ করিবে। "স্বর্গশ্চ দুঃখবিরোধী সুখবিশেষঃ" অর্থাৎ দুঃখ-প্রতিকূল সুখ বিশেষের নাম স্বর্গ। অতএব তাপত্রয়ের প্রতিকারের নিমিত্ত মুহূর্ত্ত, যাম, অহোরাত্র, মাস, সংবৎসরাদি সাধ্য, অনেক জন্ম ব্যাপৃত, অশেষ আয়াস সহকারে সম্পাদনীয়, বিবেক-বিজ্ঞান জনিত ফলপ্রাপ্তির অপেক্ষা, সহজ বৈদিক উপায় বর্ত্তমান থাকিতে, গুরুসমীপে তদ্বিষয় জিজ্ঞাসু হইবার প্রয়োজন কি? এই আশঙ্কার উত্তর স্বরূপে উক্ত হইয়াছে যে, দুঃখনিবৃত্তির লৌকিক উপায় সমূহ দুঃখনিবৃত্তি বিষয়ে যেরূপ অক্ষম, জ্যোতিষ্টোমাদি বৈদিক উপায় সকলও তদ্রূপ অক্ষম। বৈদিক যজ্ঞাদি প্রাণিহিংসাসাধ্য সুতরাং অবিশুদ্ধ; বৈদিক যজ্ঞে পশু-বধ-জনিত পাপ হইয়া থাকে। অতএব পাপজনক অবিশুদ্ধ কার্য্য হইতে দুঃখই হইবে, সুখপ্রাপ্তির সম্ভাবনা কোথায়? অশ্বমেধাদি যজ্ঞ দ্বারা স্বর্গাদি স্থান প্রাপ্তি হইলেও, বেদোক্ত বিধানানুসারে, তাহা ক্ষয় যুক্ত অর্থাৎ চিরস্থায়ী নহে; স্বর্গাদি সুখভোগ দ্বারা সুকৃতি শেষ হইলে, তথা হইতে পুনর্ব্বার মর্ত্ত্যলোকে আসিতে হইবে। অতএব বৈদিক জ্যোতিষ্টোমাদি উপায়ের অপেক্ষা, ব্যক্ত, অব্যক্ত, জ্ঞ অর্থাৎ কার্য্য, প্রকৃতি ও পুরুষ এতদ্বিষয়ক বিজ্ঞান জনিত তত্ত্ব-জ্ঞানই শ্রেয়ঃ বলিয়া বিবেচিত হইতেছে।

...বিষয়ক প্রকৃত জ্ঞানলাভের কোনই উপায় নাই। গুরুমুখে শ্রুতি-স্মৃতি-ইতিহাস-পুরাণাদির বিবৃতি শ্রবণ, শাস্ত্রযুক্তি দ্বারা সমর্থিত, দীর্ঘকাল শ্রদ্ধান্বিতভাবে অবিশ্রান্ত সুসেবিত ধর্ম্মচিন্তা হইতে উল্লিখিত বিষয়ত্রিতয় বিষয়ক বিজ্ঞান সমুৎপন্ন হয়। এই কার্য্যময় জাগতিক ক্রিয়াকলাপের অনুধ্যান ও আলোচনা দ্বারা তৎকারণ স্বরূপ প্রকৃতি সম্বন্ধীয় জ্ঞান সঞ্জাত হয়। সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিগুণাত্মিকা প্রকৃতি বিষয়ক জ্ঞান দ্বারা তদধিষ্ঠাতা চৈতন্যময় পুরুষ বিষয়ক জ্ঞান জন্মে। এতদ্রূপে পরম মঙ্গলময় পূর্ণ বিজ্ঞান সমুৎপন্ন হইলে আত্মতত্ত্ব স্ফূর্ত্তি স্বরূপা পরমানন্দময়ী মুক্তিলাভ হয়।

* জ্যোতিষ্টোম—বৈদিক যজ্ঞ-বিশেষ। এই যজ্ঞ ষোড়শ পুরোহিত দ্বারা সম্পাদনীয় এবং এই যজ্ঞে ব্রাহ্মণকে দ্বাদশ শত গো-দক্ষিণা দিতে হয়।

বিজ্ঞান জনিত উপায় ভিন্ন বৈদিক বা লৌকিক অন্য কোন উপায়ের দ্বারা এবংবিধ মুক্তি সাধিত হইতে পারে না। অতএব তাপত্রয়ের অবশ্য নিবৃত্তি এবং দুঃখত্রয়ের পুনরাবির্ভাব নিবারণার্থ, গুরুসমীপে তদুপায় অবশ্যই জিজ্ঞাস্য বোধে,নারায়ণকে গুরুপদে প্রতিষ্ঠিত করিয়া, অর্জ্জুন বিনীতভাবে স্বকীয় দুঃখনিবৃত্তির উপায় জিজ্ঞাসা করিতেছেন। যদি শ্রীকৃষ্ণ এরূপ বলেন যে, "উপদেশ লাভ করিতে হইলে গুরুসমীপে গমন করা আবশ্যক। আমি চিরদিনই তোমার সহিত সখ্যসূত্রে বদ্ধ, কখনই তোমার গুরু-পদবী গ্রহণ করি নাই। সম্প্রতি তুমি কেন আমার নিকট তত্ত্বজ্ঞানোপদেশ লাভের প্রার্থনা করিতেছ? তুমি যাহা বলিতেছ, তাহাই যদি তোমার অভিপ্রেত হয়, তাহা হইলে উপদেশ লাভের নিমিত্ত যথোপযুক্ত অন্য গুরুসমীপে গমন করা তোমার উচিত। অথবা যখন তুমি স্বয়ং পণ্ডিতাভিমানী হইয়া আমার বাক্য সকল খণ্ডন করিতে প্রবৃত্ত হইয়াছ, তখন আমি কেন তোমাকে উপদেশ প্রদান করিব?" এরূপ ভগবদাশঙ্কা পরিহারার্থ অর্জ্জুন বলিতেছেন, "হে জনন-মরণ-নাশন নারায়ণ! এ অধমকে অতঃপর আপনি সখা বলিয়া মনে করিবেন না; আমি ভবদীয় পবিত্র পাদপদ্মাশ্রিত দীনহীন শিষ্য। হে পরম করুণাময় আর্ত্তজনবান্ধব! আমি শোকমোহাচ্ছন্ন ও হিতাহিত বোধ-বিরহিত হইয়া এতাবৎকাল নানাবিধ প্রলাপ বাক্যে আপনাকে উত্ত্যক্ত করিয়াছি। স্বকীয় স্বভাব-সিদ্ধ ঔদার্য্য ও ভক্ত-বৎসলতা গুণে, আমার অপরাধ ক্ষমা করিয়া,এই কাতর ও বোধ-বিহীন জনকে শিষ্যরূপে চরণ-তলে স্থান প্রদান করিয়া চরিতার্থ করুন এবং যথোপযুক্ত সদুপদেশ প্রদান করিয়া আমাকে তাপত্রয় হইতে বিমুক্ত করুন। হে পুরুষোত্তম! আপনি কর্ত্তব্য-পরায়ণগণের শীর্ষস্থানীয় এবং জ্ঞানিগণের অগ্রগণ্য। এ মর-নরলোকে ভাগ্যবান্ অর্জ্জুন আপনাকে গুরুরূপে লাভ করিয়া চিরদিনের নিমিত্ত অনসীমগুণে ধন্য ও গৌরবান্বিত হইয়া থাকিল। হে বিভো! হে গুরো! হে সর্ব্ব-দুঃখবিনাশন! তোমার এই কাতর ও ব্যথিত শিষ্যকে আজি চিরানন্দময়ী মুক্তির পথ দেখাইয়া দিতে হইবে। ভক্তের প্রার্থনা পূরণই তোমার চিরপ্রিয় ব্রত এবং ভক্ত নিতান্ত অধম হইলেও, কখনই তোমার উপেক্ষণীয় নহে। সুতরাং হে নারায়ণ! অধীন অর্জ্জুনের আবেদন অগ্রাহ্য করা তোমার সাধ্যাতীত॥ ৭॥

ন হি প্রপশ্যামি মমাপনুদ্যাৎ
যচ্ছোকমুচ্ছোষণমিন্দ্রিয়াণাম্।
অবাপ্য ভূমাবসপত্নমৃদ্ধং
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥ ৮ ॥

অন্বয়।—ভূমৌ অসপত্নং (নিষ্কণ্টকং) ঋদ্ধং (সমৃদ্ধং) রাজ্যং সুরাণাং (দেবানাং) আধিপত্যং চ অবাপ্য (প্রাপ্য) অপি যৎ [কর্ম্ম] মম ইন্দ্রিয়াণাং উৎ-শোষণং (সন্তাপকরং) শোকং অপনুদ্যাৎ [তৎ] ন হি প্রপশ্যামি ॥ ৮ ॥

প্রতিশব্দ।—ধরণীতে প্রতিদ্বন্দ্বী-বিরহিত সমৃদ্ধ রাজ্য এবং দেবতা-দিগের প্রভুত্ব লাভ-করিয়া-ও যে [কর্ম্ম] আমার সর্ব্বাঙ্গীন অতি-শোষণকর শোক অপনোদন-করিতে-পারে [তাহা] না নিশ্চয় দেখিতেছি ॥ ৮ ॥

ব্যাখ্যা।—অবনীমণ্ডলরূপ সুবিশাল রাজ্যের একাধিপত্য লাভ করিয়া এবং অমরাধিপের ন্যায় অপরিসীম শক্তিসম্পন্ন হইয়াও, মদীয় হৃদয়জাত সর্ব্বাবয়ব-বিমর্দ্দন-কারী এই বিষম শোক কিরূপে বিনষ্ট হইবে, তাহার কোনই উপায় দেখিতেছি না ॥ ৮ ॥

আনন্দগিরি।—কুতো নিঃশ্রেয়সমেবেচ্ছসি তত্রাহ নহীতি। যস্মান্নপ্রপশ্যামি, কিং ন প্রপশ্যামি, মমাপনুদ্যাদপনয়েদ্‌যচ্ছোকমুচ্ছোষণং প্রতপনমিন্দ্রিয়াণাং তন্ন পশ্যামি। নম্ন শত্রূন্ নিহত্য রাজ্যে প্রাপ্তে শোকনিবৃত্তিস্তে ভবিষ্যতি নেত্যাহ অবাপ্যেতি। অবিদ্যমানঃ সপত্নঃ শত্রুর্যস্য তদস্বত্বং রাজ্যং রাজ্ঞঃ কর্ম্ম প্রজারক্ষণ প্রশাসনাদি তদিদমস্তাং ভূমাববাপ্যাপি শোকাপনয়-কারণং ন পশ্যামীত্যর্থঃ। তর্হি দেবেন্দ্রত্বাদিপ্রাপ্তৌ শোকাপনয়স্তে ভবিষ্যতি নেত্যাহ সুরাণাম-পীতি। তেষামাধিপত্যং অধিপতিত্বং স্বাম্যমিন্দ্রত্বং ব্রহ্মত্বং বা তদবাপ্যাপি মম শোকো নাপগচ্ছেদিত্যর্থঃ ॥ ৮ ॥

রামানুজ।—এবমস্থানে সমুপস্থিতস্নেহকারুণ্যাভ্যামপ্রকৃতিগতং ক্ষত্রিয়াণাং পরম-ধর্ম্মমপ্যধর্ম্মং মন্বানং ধর্ম্মবুভুৎসয়া শরণাগতং পার্থমুদ্দিশ্যাত্মযাথার্থ্যজ্ঞানেন যুদ্ধস্য ফলাভিসন্ধি-রহিতস্য স্বধর্ম্মস্যাত্মযাথার্থ্যপ্রাপ্ত্যুপায়তাজ্ঞানেন চ বিনাস্য মোহো ন শাম্যতীতি মত্বা ভগবতা পরমপুরুষেণাধ্যাত্মশাস্ত্রাবতরণং কৃতম্। তদুক্তং, "অস্থানস্নেহকারুণ্যধর্ম্মাধর্ম্মধিয়াকুলম্। পার্থং প্রপন্নমুদ্দিশ্য শাস্ত্রাবতরণং কৃতম্" ইতি ॥ ৮ ॥

শ্রীধর।—স্বমেব বিচার্য্য যদ্যুক্তং তৎ কুর্ব্বিতি চেৎ তত্রাহ নহি প্রপশ্যামীতি। ইন্দ্রিয়াণামুচ্ছোষণমতিশোষকরং মদীয়ং শোকং যৎ কর্ম্ম অপনুদ্যাদপনয়েৎ তদহং ন পশ্যামীতি। যদ্যপি ভূমৌ নিষ্কণ্টকং সমৃদ্ধং রাজ্যং প্রাপ্স্যামি তথা সুরেন্দ্রত্বমপি যদি প্রাপ্স্যামি এবমভীষ্টং তৎ তৎ সর্ব্বমবাপ্যাপি শোকাপনোদনোপায়ং ন প্রপশ্যামীত্যন্বয়ঃ॥ ৮॥

বলদেব।—ননু ত্বং শাস্ত্রজ্ঞোঽসি স্বহিতং বিচার্য্যানুতিষ্ঠ। সখ্যমে শিষ্যঃ কথং ভবেরিতি চেৎ তত্রাহ ন হীতি। যৎ কর্ম্ম মম শোকমপনুদ্যাদ্দূরীকুর্য্যাৎ তদহং ন প্রপশ্যামি। শোকং বিশিনষ্টি ইন্দ্রিয়াণামুচ্ছোষণমিতি। তস্মাচ্ছোকবিনাশায় ত্বাং প্রপন্নোঽস্মীতি। ইত্থঞ্চ "সোঽহং ভগবঃ শোচামি তং মাং ভবান্ শোকস্য পারং তারয়তু" ইতি শ্রুত্যর্থো দর্শিতঃ। ননু ত্বমধুনা শোকাকুলঃ প্রপদ্যসে যুদ্ধাৎ সুখ-সমৃদ্ধিলাভে বিশোকো ভবিষ্যসীতি চেৎ তত্রাহ অবাপ্যেতি। যদি যুদ্ধে বিজয়ী স্যাং তদা ভূমাবসপত্নং নিষ্কণ্টকং রাজ্যং প্রাপ্য, যদি চ তত্র হতঃ স্যাং তদা স্বর্গে সুরাণামপ্যাধিপত্যং প্রাপ্য স্থিতস্য মে বিশোকত্বং ন ভবেদিত্যর্থঃ। "তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে" ইতি শ্রুতেঃ, নৈহিকং পারত্রিকং বা যুদ্ধলব্ধং সুখং শোকাপহং, তস্মাৎ তাদৃশমেব শ্রেয়স্ত্ব, ব্রূহীতি ন যুদ্ধং শোকহরম্॥ ৮॥

মধুসূদন।—ননু স্বয়মেব ত্বং শ্রেয়ো বিচারয় শ্রুতসম্পন্নোঽসি, কিং পরশিষ্যত্বেনেত্যত আহ নহীতি। যৎ শ্রেয়ঃ প্রাপ্তং সৎ কর্ত্তৃ মম শোকমপনুদ্যাদপনুদেন্নিবারয়েৎ তন্ন পশ্যামি। হি যস্মাৎ, যস্মাৎ মাং শাধীতি। "সোঽহং ভগবঃ শোচামি তং মাং ভগবান্ শোকস্য পারং তারয়তু" ইতি শ্রুত্যর্থো দর্শিতঃ। শোকানপনোদে কো দোষ ইত্যাশঙ্ক্য তদ্বিশেষণমাহ ইন্দ্রিয়াণামুচ্ছোষণমিতি সর্ব্বদা সন্তাপকরমিত্যর্থঃ। ননু যুদ্ধে প্রযতমানস্য তব শোকনিবৃত্তির্ভবিষ্যতি, জেষ্যাসি চেৎ তদা রাজ্য প্রাপ্ত্যা, ইতরথা চ স্বর্গপ্রাপ্ত্যা "দ্বাবেতৌ পুরুষৌ লোকে" ইত্যাদিধর্ম্মশাস্ত্রাদিত্যাশঙ্ক্যাহ অবাপ্যেত্যাদিনা। শত্রুবর্জ্জিতং শস্যাদিসম্পন্নঞ্চ রাজ্যং, তথা সুরাণামাধিপত্যং হিরণ্যগর্ভত্বপর্য্যন্তমৈশ্বর্য্যমবাপ্য স্থিতস্যাপি মম যচ্ছোকমপনুদ্যাৎ তন্ন পশ্যামীত্যন্বয়ঃ। "তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়তে এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে" ইতি শ্রুতেঃ যৎ কৃতকং তদনিত্যমিত্যনুমানাৎ প্রত্যক্ষেণাপি ঐহিকানাং বিনাশদর্শনাচ্চ, নৈহিকামুত্রিকো বা ভোগঃ শোকনিবর্ত্তকঃ। কিন্তু স্বসত্তাকালেঽপি ভোগপারতন্ত্র্যাদিনা, বিনাশকালেঽপি বিচ্ছেদাচ্ছোকজনক এবেতি ন যুদ্ধং শোক-নিবৃত্তয়েঽনুষ্ঠেয়মিত্যর্থঃ। এতেনেহামুত্রভোগবিরাগোঽধিকারিবিশেষণত্বেন দর্শিতঃ॥ ৮॥

নীলকণ্ঠ।—ননু "ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ" ইতি যুদ্ধমেব শ্রেয় ইত্যুক্তং, কিং পুনঃ পৃচ্ছসীত্যত আহ ন হীতি। বন্ধুনাশনিমিত্তঃ শোকো রাজ্যলাভেন স্বর্গাধিপত্যলাভেন বা ন নিবর্ত্তয়িষ্যত ইতি যুদ্ধাদন্যং কঞ্চিৎ নিবৃত্তিরূপং শমোপায়ং ব্রূহীত্যাশয়ঃ। অত্রার্জ্জুনবিষাদব্যাজেন ব্রহ্মবিদ্যাধিকারিবিশেষণং, ভৈক্ষ্যচর্য্যা ইহামুত্রার্থফলভোগবিরাগশ্চ দর্শিতঃ॥ ৮॥

বিশ্বনাথ।—নমু ময়ি তব সখ্যভাবএব নতু গৌরবম্। অতস্ত্বাং কথমহং শিষ্যং করোমি তস্মাদ্ বন্ধ তব গৌরবং তং কমপি দ্বৈপায়নাদিকং প্রপদ্যস্বেত্যত আহ নহীতি। মম শোকমপনুদ্যাৎ দূরীকুর্য্যাদেবং জনং ন প্রকর্ষেণ পশ্যামি ত্রিজগত্যেকং ত্বাং বিনা। ত্বস্মাদধিকবুদ্ধিমন্তং বৃহস্পতিমপি ম জানামীত্যতঃ শোকার্ত্ত এব খলু কং প্রপদ্যেয় ইতিভাবঃ। যদ্যতঃ শোকাদীন্দ্রিয়াণাং উচ্ছোষণং মহানিদাঘাৎ ক্ষুদ্রসরসামিব উৎকর্ষেণ শোষো ভবতি। নমু তর্হি সাম্প্রতং ত্বং শোকার্ত্ত এব খলু যুধ্যস্ব ততশ্চৈতান্ জিত্বা রাজ্যং প্রাপ্তবতস্তব রাজ্যভোগাভিনিবেশেনৈব শোকোঽপযাস্যতীত্যত আহ অবাপ্যেতি। ভূমৌ নিষ্কণ্টকং রাজ্যং স্বর্গে সুরাণামাধিপত্যং বা প্রাপ্যাপি স্থিতস্য মমেন্দ্রিয়াণামেতদুচ্ছোষণমেবেত্যর্থঃ ॥ ৮ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুন মনে করিলেন যে, ভগবান্ যেন বলিতেছেন, তুমিই স্বয়ং সুপণ্ডিত ও শাস্ত্রজ্ঞ; অতএব বিবেচনা করিয়া যাহা যুক্তি-যুক্ত হয় তাহাই অনুষ্ঠান কর, আমার শিষ্য হইতে ইচ্ছুক হইতেছ কেন? ভগবানের এইরূপ অভিপ্রায় কল্পনা করিয়া, অর্জ্জুন বিনীত ভাবে বলিতেছেন, "হে ভববন্ধো দয়াময় হরে! অধুনা ঐরূপ ব্যঙ্গ করিয়া আমাকে অধিকতর ক্লিষ্ট ও সন্তাপিত করিবেন না। সমরোদ্যত উভয় পক্ষীয় বন্ধুগণের অবশ্যম্ভাবী বিপদ্ স্মরণ করিয়া আমার শোকানল প্রবল হইয়া উঠিতেছে এবং দুশ্চিন্তারূপ ইন্ধন সাহায্যে অতিশয় প্রজ্বলিত হইয়া ইন্দ্রিয়দিগকে প্রতপ্ত ও নিশ্চল করিতেছে। ভগবন্! আপনি সানুগ্রহে একবার মদীয় অতীত জীবনের বৃত্তান্ত স্মরণ করিয়া দেখুন। আমি দুর্গম তুষারময় হিমালয় পর্ব্বতে কঠোর ব্রতাবলম্বী হইয়াও যে ইন্দ্রিয়গ্রামের সহায়তায় কিরাতরূপী গৌরীকান্তকে রণে পরাজিত করিয়া ভূমণ্ডলে যশোরাশি পরিব্যাপ্ত করিয়াছি, ও স্বর্গপুরে সুরপতির চিরবৈরী অসুররাজ নিবাতকবচকে নিপাতিত করিয়া, অতুল-কীর্ত্তিস্তম্ভ স্থাপন করিয়াছি এবং সম্প্রতি যাহাদের বলে, রণবাদ্য শ্রবণমাত্র হুহুঙ্কারে গর্জ্জন করিয়া শত্রু-জয়ার্থ ধাবমান হইয়াছি; অদ্য আমার সেই সকল ত্রিলোক-বিজয়ী ও চিরবশীভূত ইন্দ্রিয়, সম্মুখ-সংগ্রামে শত্রুগণের আস্ফালন সন্দর্শনেও, নিরুদ্যম, নিস্তব্ধ ও মৃতকল্প হইয়া রহিয়াছে। আমি এক্ষণে জগতে এরূপ কোন উপায় দেখিতেছি না যদ্দারা এই দারুণ শোক সমূহকে অনায়াসে অপনোদন করিতে পারি। তুমি সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তিমান্। দয়া করিয়া আমার এই দুঃসহ শোক-নাশার্থ যথাবিহিত শিক্ষা প্রদান কর।

অর্জ্জুনকে এরূপ শোক-ব্যাকুল দেখিয়া ভগবান্ বলিতেছেন, "হে পার্থ! আমি তোমাকে পূর্ব্বেই (২ অ। ৩ শ্লোকে) বলিয়াছি, "ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ" অর্থাৎ অকিঞ্চিৎকর হৃদয়-দুর্ব্বলতা পরিত্যাগ করিয়া তুমি যুদ্ধার্থ দণ্ডায়মান হও। যুদ্ধই ক্ষত্রিয়গণের নিরতিশয় শ্রেয়ঃ। এইক্ষণে পিষ্ট পেশনের ন্যায় পুনর্ব্বার সেই কথাই জিজ্ঞাসা করিতেছ কেন? যদি তোমার শোকাপনয়নার্থ একান্ত ইচ্ছা হইয়া থাকে, তবে অতঃপর আমার পূর্ব্বোপদিষ্ট যুদ্ধেই প্রযত্নমান হও; তাহা হইলে ইন্দ্রিয়-বিকলকারী শোক-রাশি অবশ্যই নিবৃত্ত হইবে। যদি উপস্থিত যুদ্ধে বৈরিকুল নির্য্যাতন করিয়া বিজয় লাভ করিতে পার, তবে নিষ্কণ্টক রাজ্য লাভ করিয়া অতুল সুখৈশ্বর্য্য-সম্ভোগ করিবে। আর যুদ্ধে পরাভূত হইয়া যদি বিগতজীব হও, তাহা হইলে অক্ষয় স্বর্গধাম প্রাপ্ত হইয়া পরমানন্দ উপভোগ করিবে। অতএব যুদ্ধ ব্যতীত অধুনা তোমার পক্ষে অধিকতর সৎপরামর্শ আর কিছুই নাই।

ভগবান্ কহিলেন, হে ব্রহ্মন্! অর্থ অর্থাৎ পরমার্থ-ভূত যে আমি সেই আমি ছাড়া যাহার প্রতীতি হয়, অর্থাৎ আমার প্রতীতি (স্ফুরণ) হইলে আর যাহার প্রতীতি হয় না বলিয়া, আমার বাহিরে যাহার প্রতীতি হয়; এবং যাহা আপনা আপনি প্রতীতি বিষয়ীভূত হয় না, অর্থাৎ আমার আশ্রয় ব্যতিরেকে যাহার স্বতঃ প্রতীতি নাই, এইরূপ লক্ষণাক্রান্ত বস্তুকে আমার মায়াশক্তি বলিয়া জানিও।

প্রবৃত্ত হৃদয়ানুরাগভাজন ভগ্নবৎপ্রমুখ সুহৃদ্বর্গ, স্বজন অর্থাৎ দুর্য্যোধনাদি জ্ঞাতিবর্গ, সম্বন্ধী অর্থাৎ শ্বশুর ও শ্যালক দ্রুপদ ও ধৃষ্টদ্যুম্ন প্রভৃতি, বান্ধব অর্থাৎ পিতৃপিতামহ প্রভৃতি পরম্পরাক্রমে প্রণয়ভাজন রাজগণ, এই সকলের প্রতি ইঁহারা আমার এবং আমি ইঁহাদের, এরূপ ভ্রান্তি বশতঃ স্নেহপ্রাবল্যে

সেই মায়া আবার দুই প্রকার। প্রথম জীবমায়া বা অবিদ্যা এবং দ্বিতীয় গুণমায়া বা প্রকৃতি। জীবমায়া আভাসের মত। যেমন কোন জ্যোতির্ব্বিম্ব পদার্থের (যেমন বেলোয়ারি ঝাড়ের কলম, দর্পণ প্রভৃতি) জ্যোতির্ম্ময় প্রতিবিম্ব বিশেষ বা আভাস ঐ জ্যোতির্ব্বিম্ব পদার্থ হইতে দূরেই প্রকাশিত হয় এবং সেই জ্যোতির্ব্বিম্বের প্রতিচ্ছায়াবিশেষ জ্যোতির্ব্বিম্বের বাহিরে প্রকাশিত হইলেও সেই জ্যোতির্ব্বিম্ব ছাড়া নিজে নিজে তাহার (প্রতিচ্ছায়াবিশেষের) কোন রকম একটা স্ফুরণ হয় না; সেই মত জীবমায়ারও আমার আভাস রূপে আমার বাহিরে স্ফুরণ হয় বটে, কিন্তু আমার আশ্রয় ব্যতিরেকে তাহার স্বতঃস্ফুরণ নাই। আর যেমন কোন সুবৃহৎ দর্পণাদি জ্যোতির্ব্বিম্ব পদার্থে প্রখর দিনকর-কর নিপতিত হইলে, তাহার তেজোময় আভাস বা প্রতিবিম্ববিশেষ নিজ চাকচিক্য-চ্ছটায় তৎসন্নিহিত জনগণের নয়নপথ আবৃত করিয়া, নিজ অসাধারণ তেজঃপ্রভাবে তাহাদিগের চক্ষুকে ব্যাকুলিত করে এবং তদনন্তর নিজসমীপে বহুবিধ মিশ্রিত বর্ণের আবির্ভাব করে এবং কখন কখন সেই মিশ্রিত বর্ণকেই আবার এক একটি পৃথক্ পৃথক্ ভাবে বহুবিধ আকারে পরিণত করে; সেইরূপ এই জীবমায়াও নিজ অঘটনঘটনপটীয়সী শক্তি প্রভাবে জীবগণের জ্ঞানকে আবৃত করে, ও সত্ত্ব রজ ও তম এই তিন গুণের সাম্যাবস্থাস্বরূপা গুণমায়ানাম্নী জড়া প্রকৃতিকে প্রকাশিত করে, এবং কখন কখন সেই সত্ত্ব আদি গুণগণকে পৃথক্ পৃথক্ করিয়া বহুবিধ আকারে পরিণত করে। গুণমায়া তমঃস্বরূপা। অর্থাৎ উক্ত জ্যোতির্ব্বিম্ব পদার্থের তেজোময় আভাসে চক্ষু ঝলসিত হইলে যে অন্ধকরের ন্যায় বর্ণশাবল্য (পীত লোহিতাদি বর্ণের একত্র মিশ্রণ) দেখা যায়, সেই অন্ধকার যেমন তাহার মূল যে জ্যোতিঃ তাহাতে অর্থাৎ তেজঃপুঞ্জে অবর্ত্তমান থাকিয়াও, তাহার আশ্রয় উক্ত জ্যোতিঃ ব্যতিরেকে প্রকাশিত হইতে পারে না; সেইরূপ গুণমায়া আমার আভাসরূপে বাহিরে স্ফূর্ত্তি পাইলেও আমার আশ্রয় ব্যতিরেকে তাহার স্বতঃস্ফুরণ নাই। বিশ্বসৃষ্টির প্রতি জীবমায়া নিমিত্তকারণ স্বরূপ এবং গুণমায়া উপাদান কারণ স্বরূপ।

উক্তমতে এই শ্লোকের নিম্নলিখিতরূপ ব্যাখ্যান্তর পরিলক্ষিত হয়। আভাস ও তম এই দুই দৃষ্টান্তদ্বারা কেবল মায়া মাত্রেরই নিরূপণ হইল। অর্থাৎ যেমন স্বীয় প্রকাশস্থল হইতে ব্যবহিত প্রদেশে প্রতিবিম্বিত জ্যোতির্ব্বিম্বের প্রতিবিম্ববিশেষ বা আভাস উক্ত জ্যোতির্ব্বিম্বের বাহিরেই স্ফূর্ত্তি পায়, এবং ঐ জ্যোতির্ব্বিম্ব ব্যতিরেকে প্রতিবিম্ব নিজে নিজে স্ফূর্ত্তি পাইতে পারে না; সেই মত মায়া আমার আভাসরূপে আমার বাহিরে (আমা হইতে ব্যবহিত প্রদেশে) স্ফূর্ত্তি পাইলেও, আমি ছাড়া সে নিজে স্ফূর্ত্তি পাইতে পারে না। আর যেমন তম অর্থাৎ অন্ধকার জ্যোতির্ম্ময় পদার্থের অন্যত্র প্রকাশিত হয়, অর্থাৎ যেখানে সূর্য্যাদি তেজঃপুঞ্জময় পদার্থ প্রকাশিত হয়, অন্ধকার সেখানে প্রকাশিত হইতে পারে না, এবং জ্যোতিঃপদার্থ ব্যতিরেকেও তাহার প্রতীতি (জ্ঞান) হয় না, অর্থাৎ জ্যোতিরাত্মা চক্ষুর দ্বারাই অন্ধকারের প্রতীতি হয়, কিন্তু পৃষ্ঠাদি দ্বারা প্রতীতি হয় না; সেই মত মায়া আমার বাহিরে প্রকাশিত হইলেও আমার আশ্রয় ব্যতিরেকে তাহার প্রতীতি হয় না। সর্ব্বত্র "আমার" শব্দের অর্থ ভগবানের।—পণ্ডিত অতুল কৃষ্ণ গোস্বামী।

ও বিচ্ছেদভয়ে এবং সেই বান্ধবগণের বধজনিত পাতকাশঙ্কায় ও লোক-নিন্দাভয়ে, আকুল হইয়া হৃদয়ের অপরিসীম শোকমোহসূচক কাতরতা প্রকাশ করিয়াছেন।

এইরূপে শোক-মোহের প্রভাবে অর্জ্জুনের বিবেক ও বিজ্ঞান আচ্ছন্ন হইয়া পড়িলে, তিনি ক্ষাত্রধর্ম্মস্বরূপ যুদ্ধে স্বতঃ প্রবৃত্ত হইয়াও, পুনর্ব্বার তাহা হইতে উপরত হইলেন এবং ভিক্ষাশনরূপ পরধর্ম্ম অবলম্বনে জীবিকা নির্ব্বাহ করিতে উদ্যত হইলেন। সুতরাং চিরকর্ত্তব্য-নিষ্ঠ অর্জ্জুনের পরিদৃশ্যমান শোক-মোহাদি ও তজ্জনিত কর্ত্তব্য-বিমুখতা দেখিয়া, স্বভাবত শোক-মোহাবিষ্ট প্রাণিমাত্রই, স্বধর্ম্ম পরিত্যাগ ও নিষিদ্ধ পরধর্ম্মাদি আশ্রয় করিয়া মোক্ষপথ হইতে অধিকতর দূরবর্ত্তী হইয়া পড়িবে। আবার যাহারা স্বধর্ম্মে প্রবৃত্ত, দেখিতে পাওয়া যায়, বিশেষ বিশেষ ফল-কামনা ব্যতীত, তাহাদেরও বাক্য; মন, কায় ও অন্যান্য ইন্দ্রিয়গণের তত্তৎ কর্ম্মানুষ্ঠানে কদাপি প্রবৃত্তি হয় না এবং ইন্দ্রিয়সমূহের প্রবৃত্তির সঙ্গে সঙ্গে, আমি কর্ত্তা, আমি ভোক্তা, আমি দ্রষ্টা এবংবিধ অহঙ্কারও জন্মিয়া থাকে। শত্রুদমনেচ্ছা-পরতন্ত্র অভিচাররত মানব, বা গৌরব ও যশোলোলুপ অশ্বমেধাদি যজ্ঞপ্রবৃত্ত রাজা বা পুত্রকামী পুত্রেষ্টি যাগনিরত ব্যক্তি ইত্যাদি কাম্যক্রিয়াপরতন্ত্র মানবগণ বিশেষ বিশেষ ফলাভিসন্ধি সহকারে, অলীক ব্যাপারকে সার্থক ও পরম প্রয়োজনীয় কার্য্য বোধে, তদনুষ্ঠানে ব্যাকুল হইয়া থাকে। এ সকলই মোহের কার্য্য; কারণ এরূপ ক্রিয়ার ফলাফল লৌকিক ও অচিরস্থায়ী। এ সকলই ফলকামনাসম্ভূত অনুষ্ঠান এবং কেবল হৃদয়জাত অহঙ্কারই এতাদৃশ কার্য্যের প্রণোদক। ইন্দ্রিয়-পরায়ণ জীবগণের, সাহঙ্কার ও ফলাভিলাষপূর্ণ শুভকর্ম্মানুষ্ঠান দ্বারা ধর্ম্ম-বৃদ্ধি হইয়া, দেবাদিরূপে জন্ম ও তজ্জনিত সুখপ্রাপ্তি এবং অশুভকর্ম্মানুষ্ঠাননিবন্ধন তির্য্যগাদি যোনিতে জন্ম ও তদ্দ্বারা দুঃখপ্রাপ্তি এবং শুভাশুভরূপ ব্যামিশ্র কর্ম্মানুষ্ঠানজনিত ধর্ম্মাধর্ম্ম দ্বারা মনুষ্য জন্ম ও তদ্দ্বারা সুখ-দুঃখ উভয় প্রাপ্তিই হয় *। এরূপ সুখ-

* শ্রীমদ্ভাগবতেও এই কথার নিম্নলিখিত সমর্থন দৃষ্ট হয়। "সত্ত্বসঙ্গাদৃষীন্ দেবান্ রজসাসুরমানুষান্। তমসা ভূততির্য্যক্ত্বং ভ্রামিতো যাতি কর্ম্মভিঃ॥" ১১ স্কন্ধ। ২২ অধ্যায়। ৫১ শ্লোক। অর্থাৎ সত্ত্বকর্ম্মদ্বারা ঋষি ও দেবতা, রজোগুণের ক্রিয়া হেতু অসুর ও মানুষ এবং তমোগুণের কার্য্য দ্বারা জড় পদার্থ বা তির্য্যক্ জন্ম প্রাপ্তি ঘটে। অন্যত্র যথা; "ইষ্টেহ দেবতা যজ্ঞৈঃ

দুঃখময় সংসারবৃক্ষ, তৎকারণীভূত শোক-মোহরূপ বীজের অবিনাশ পর্য্যন্ত, সমভাবে বর্ত্তমান থাকিবে। সর্ব্বকর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক, আত্মজ্ঞান ব্যতীত, সংসার-বৃক্ষের বীজস্বরূপ শোক-মোহের বিনাশ সাধনের উপায়ান্তর লক্ষিত হইতেছে না; এজন্য ভগবান্ বাসুদেব, সর্ব্বসাধারণের উপকারার্থ, আত্মজ্ঞানের উপদিদিক্ষু হইয়া, অর্জ্জুনকে উপলক্ষ্য করিয়া, যথাবিহিত আত্মজ্ঞানের উপদেশ প্রদান করিতেছেন।

কোন কোন আচার্য্য বলিয়াছেন, সর্ব্বকর্ম্মসন্ন্যাস অর্থাৎ যাবতীয় কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক কেবল আত্মজ্ঞান হইতে মুক্তি হইতে পারে না; অগ্নি-হোত্রাদি শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্ম সহকৃত আত্মজ্ঞান হইতেই কৈবল্য লাভ হইয়া থাকে। স্বর্গপ্রাপ্তির সাধনস্বরূপ দর্শপৌর্ণমাসাদি যজ্ঞে প্রযাজ ও অনু-যাজাদি * যেরূপ উপকারী ও সহায়, কৈবল্য প্রাপ্তির সাধনস্বরূপ ব্রহ্ম-জ্ঞানের পক্ষেও শ্রৌত ও স্মার্ত্ত ক্রিয়াকলাপ তদ্রূপ উপকারী বলিয়া জানিবে। সেই সকল আচার্য্যের মতে, সমস্ত গীতাশাস্ত্রে এই অভিপ্রায়ই অবধারিত হইয়াছে। এই বিষয়ের প্রমাণ স্বরূপে তাঁহারা গীতাগ্রন্থ হইতে নিম্নলিখিত শ্লোকসমূহ উল্লেখ করিয়া থাকেন। "ধর্ম্মজনক এই সংগ্রাম যদি তুমি না কর" ইত্যাদি (২য় অধ্যায়, ৩৩ শ্লোক), "কর্ম্মেতেই তোমার অধি-কার হউক" ইত্যাদি (২য় অধ্যায়ের ৪৭ শ্লোক), "অতএব তুমি কর্ম্মই কর" ইত্যাদি (৪র্থ অধ্যায়ের ১৫ শ্লোক) উল্লিখিত শ্লোকসকল উদ্ধৃত করিয়া, উক্ত আচার্য্যগণ ভগবদ্বাক্য দ্বারা মোক্ষবিষয়ে কর্ম্মের সহকারিতা প্রতিপাদন করিয়াছেন। এই সম্প্রদায় জ্ঞানকর্ম্মের সমুচ্চয়বাদী বলিয়া অভিহিত। ইঁহাদিগের মতকে জ্ঞানকর্ম্মের সমুচ্চয়বাদ বলা হইয়া থাকে।

"কোন প্রাণিকেই হিংসা করিবে না," ইহা শ্রুতি-সঙ্গত ব্যবস্থা; সুতরাং শ্রৌতস্মার্ত্ত ক্রিয়াকলাপ প্রাণিহিংসাবশতঃ অধর্ম্মজনক এবং অনুষ্ঠানের

স্বর্লোকং যাতি যাজ্ঞিকঃ। ভুঞ্জীত দেববৎ তত্র ভোগান্ দিব্যান্ নিজার্জ্জিতান্॥" "পশূনবিধিনালভ্য প্রেতভূতগণান্ যজন্। নরকানবশো জন্তুর্গত্বা যাত্যুল্বণং তমঃ॥" ১১ স্কন্ধ ১০ অধ্যায়। ২২ ও ২৭ শ্লোক। (অর্থাৎ ইষ্টদেবতার উদ্দেশে যজ্ঞ করিয়া যজ্ঞকারী স্বর্গলোকে গমন করেন এবং স্বকীয় ভাবে, স্বর্গীয় ভোগ্য সমূহ দেবতার ন্যায় উপভোগ করেন। বিধিবিরুদ্ধ প্রণালীতে হনন করিয়া ভূত প্রেতাদির উদ্দেশে যজ্ঞ করিলে অবশ শরীরে নরক গমন করেন এবং পরি-শেষে স্থাবরতা প্রাপ্ত হন।

* দর্শপৌর্ণমাস যজ্ঞের অঙ্গ হবন বিশেষ।

অযোগ্য। অতএব এতাদৃশ শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্মসহকৃত জ্ঞান কদাপি মুক্তির সাধন হইতে পারে না। এই সাঙ্খ্যমতের উল্লেখ করিয়া, উল্লিখিত আচার্য্য গণের অভিপ্রায়ের বিরুদ্ধে, কেহ কেহ আপত্তি উত্থাপন করিয়া থাকেন। কিন্তু সমুচ্চয়বাদী বলেন, এ আপত্তি সমীচীন নহে; যেহেতু গুরু, ভ্রাতৃ ও পুত্রাদি হিংসারূপ যুদ্ধক্রিয়া, নিষ্ঠুরতাবশতঃ অতি গর্হিত হইলেও, ক্ষত্রিয়-গণের তাহা স্বধর্ম্ম, সুতরাং তাহা অধর্ম্মজনক বলিয়া আশঙ্কা করা যাইতে পারে না। প্রত্যুত তাহা না করিলে, অধর্ম্ম ও অকীর্ত্তিই সম্ভূত হইয়া থাকে। এই গীতা শাস্ত্রের দ্বিতীয়াধ্যায়ের স্থানান্তরে (৩৩ শ্লোকে) উক্ত হইয়াছে, "স্বধর্ম্ম ও কীর্ত্তি পরিত্যাগ করিয়া, পাপকে আশ্রয় করিতে হইবে" ইত্যাদি অর্থাৎ স্বধর্ম্ম-সঙ্গত যুদ্ধে স্বজন-হনন ও আত্মীয়-বিয়োগ-ভয়ে নিরস্ত হইলে অহিংসাজনিত পুণ্য না হইয়া পাপই হইবে। অতএব গুরু প্রভৃতির হিংসা-রূপ অতি ক্রূর কর্ম্ম যখন অধর্ম্মরূপে পরিগণিত হইতেছে না, তখন পশ্বাদি হিংসা-লক্ষণ বৈদিক ক্রিয়াকলাপ কদাপি অধর্ম্মজনক হইতে পারে না *। ইহাই এই গীতাশাস্ত্রে নানাযুক্তি সহকারে বিনিশ্চিত হইয়াছে। অতএব অগ্নিহোত্র প্রভৃতি শ্রৌত ও স্মার্ত্ত ক্রিয়াকলাপ সহকৃত ব্রহ্মজ্ঞানই মুক্তির সাধক; তাহা পরিত্যাগ পূর্ব্বক কর্ম্মনিরপেক্ষ কেবল জ্ঞান মুক্তির প্রয়োজক নহে।

ভগবান্ শঙ্করাচার্য্য এইরূপে সমুচ্চয়বাদিগণের অভিপ্রায় ও তৎসম্বন্ধীয় বাদপ্রতিবাদ লিপিবদ্ধ করিয়া, অধুনা স্বয়ং সেই অভিপ্রায় খণ্ডন করিতে প্রবৃত্ত হইয়া বলিতেছেন যে, আচার্য্যগণের উল্লিখিতরূপ অভিপ্রায় সঙ্গত নহে। যেহেতু এই গীতাশাস্ত্রে জ্ঞান ও কর্ম্মরূপ নিষ্ঠাদ্বয়ের বিভিন্নতা বিশেষরূপে উক্ত হইয়াছে। জ্ঞাননিষ্ঠা অর্থাৎ সাঙ্খ্য যোগের কথা প্রথমে কথিত হইতেছে। "অশোচ্যান্" ইত্যাদি আলোচ্য শ্লোক হইতে ৩১ শ্লোক পর্য্যন্ত গ্রন্থাংশ দ্বারা ভগবান্ যে পরমার্থতত্ত্ব নিরূপণ করিয়াছেন, তাহাই,

* "মা হিংস্যাৎ সর্ব্বা ভূতানি" ইতি সামান্যশাস্ত্রং। "অগ্নীষোমীয়ং পশুমালভেত" ইতি বিশেষশাস্ত্রেণ বাধ্যতে। ইতি মীমাংসকমতম্। বিশেষ বিধির দ্বারা সামান্য বিধির বাধা হয়। "কোন প্রাণি হিংসা করিবে না" ইহা একটি বৈদিক সামান্যবিধি। অগ্নীষোমীয় যজ্ঞে ছাগ পশু গ্রহণ করিবে। ইহা বিশেষবিধি। এই বিশেষ বিধির দ্বারা পূর্ব্বোক্ত সামান্য বিধি খণ্ডিত হইল। যুদ্ধে প্রাণিহিংসা ক্ষত্রিয়গণের স্বধর্ম্ম, তাহাই তাঁহাদের পক্ষে বিশেষ বিধি। অতএব প্রাণিহিংসা করিবে না, এই সামান্য বিধি এ স্থলে বাধা প্রাপ্ত হইল।

সাঙ্খ্য; তদ্বিষয়িণী বুদ্ধিই সাঙ্খ্যবুদ্ধি। অর্থাৎ জন্মাদি ষড়্‌বিধ বিকারাভাব* বশতঃ, আত্মা অকর্ত্তা অর্থাৎ কূটস্থ † ইত্যাকার জায়মানা বুদ্ধিই সাঙ্খ্য-বুদ্ধি বা জ্ঞাননিষ্ঠারূপে খ্যাত; এবং তৎপরায়ণ সন্ন্যাসিগণই সাংখ্য, অর্থাৎ জ্ঞাননিষ্ঠাবলম্বী। আর এতাদৃশী বুদ্ধি উদিত হইবার পূর্ব্বে, দেহাদি হইতে স্বতন্ত্র হইলেও, আত্মাকে কর্ত্তা, ভোক্তা মনে করিয়া, ধর্ম্মাধর্ম্ম বিচার পূর্ব্বক

---

* ষড়বিধ বিকারাভাবের বিষয় ২য় অধ্যায়ের ২০শ শ্লোকে বিশেষরূপে বিবৃত হইবে।

† কূটস্থ—"কালব্যাপী স কূটস্থ একরূপতয়া তু যঃ"। যিনি অবিকৃত ভাবে একইরূপে অনন্তকাল ব্যাপিয়া রহিয়াছেন, তাঁহাকে কূটস্থ বলা যায়।—পণ্ডিত বলাইচাঁদ গোস্বামী।

কূটস্থ শব্দ এইরূপ অর্থেই এস্থলে প্রযুক্ত হইয়াছে। কিন্তু ইহার বিশেষ অর্থজ্ঞান এই গ্রন্থ পাঠের অতিশয় সহায়তা করিবে বলিয়া, নিম্নে তাহাও প্রদত্ত হইল।

"কূট" শব্দের অর্থ নিশ্চল অধিষ্ঠান যন্ত্র বিশেষ। ভাষা কথায় যাহাকে স্বর্ণকার বা কর্ম্মকারের "নাই" বলে, তাহাই 'কূট' শব্দের উত্তম উদাহরণ স্থল। সেই 'কূট' সদৃশ যাহা নির্ব্বিকারে স্থিত তাহার নাম কূটস্থ। অর্থাৎ যেরূপ স্বর্ণকার বা কর্ম্মকারগণ "নাইএর" উপর বহুবিধ ধাতুর বহুবিধ অলঙ্কারাদি সৃজন করিলেও ঐ "নাই" কখনও বিকার প্রাপ্ত হয় না, সেই রূপ নির্ব্বিকারভাবে স্থিত যে অধিষ্ঠান চৈতন্য তাহারই নাম কূটস্থ চৈতন্য। পঞ্চদশীতেও কথিত আছে,—"অধিষ্ঠানতয়া দেহদ্বয়াবচ্ছিন্নচেতনঃ। কূটবন্নির্ব্বিকারেণ স্থিতঃ কূটস্থ উচ্যতে॥" অর্থাৎ অবিদ্যাকল্পিত পঞ্চীকৃত পঞ্চভূত হইতে সমুৎপন্ন স্থূলদেহ, এবং অপঞ্চীকৃত পঞ্চভূত হইতে সমুৎপন্ন সূক্ষ্মদেহ, এই দুই দেহের অধিষ্ঠানরূপে অর্থাৎ আধার রূপে বর্ত্তমান বলিয়া উক্ত দুই দেহাবচ্ছিন্ন এবং কূটের ন্যায় নির্ব্বিকারে স্থিত যে চৈতন্য আত্মা তাহারই নাম কূটস্থ চৈতন্য। দুই দেহাবচ্ছিন্ন অর্থাৎ ঐ দুই দেহ হইতে অন্যত্র বৃত্তিশূন্য। এ বিষয়ে একটি দৃষ্টান্ত দেখুন। সর্ব্বস্থানব্যাপী যে আকাশ তাহার নাম মহাকাশ। ঘটের মধ্যস্থিত যে শূন্য তাহার নাম ঘটাকাশ। শূন্যশব্দের অর্থই আকাশ। এখন মনে করুন, একটি খালি ঘট রহিয়াছে। যখন ঘট শূন্য রহিয়াছে তখন তাহার মধ্যে শূন্য বা আকাশ রহিয়াছে; এমন সময়ে কেহ ঐ ঘট জলে পরিপূর্ণ করিল; তাহা হইলে ঘটাকাশের উপরেই ঐ জল পড়িল; ইহা অবশ্য স্বীকার করিতে হইবে। অতএব প্রথমতঃ উক্ত জলের আধার হইল ঘটমধ্যস্থিত আকাশ। উক্ত জলে প্রতিবিম্বিত যে মেঘাদিযুক্ত কল্পিত আকাশ তাহার নাম জলাকাশ।

এখন বিচার পূর্ব্বক বুঝিয়া দেখুন, উক্ত মহাকাশ পরব্রহ্ম স্থানীয়, উক্ত ঘটাকাশ অধিষ্ঠান রূপে কূটস্থ স্থানীয়, এবং উক্ত জলাকাশ জীবস্থানীয়। কেবল ব্যবহার দশাতেই এই রূপ কূটস্থাদি কল্পিত হয়, পারমার্থিক দশায় এক পরব্রহ্ম বই নাই। সাদাসিদে কথায় কূটস্থ চৈতন্যের বিষয় বলিতে হইলে ইহাই বলা যায় যে, সকলেই "আমি স্বয়ং (নিজে) এই কার্য্য করিতেছি" আমি স্বয়ং তথায় যাইব" ইত্যাদি রূপ স্থলে "আমি" শব্দের পর "স্বয়ং" শব্দের প্রয়োগ করিতে দেখা যায়। এখন বেশ ধীর ভাবে অনুভব পূর্ব্বক বিচার করিয়া দেখিলে জানা যায় যে, ব্যবহার দশায় "আমি" শব্দ জীবচৈতন্যকে বুঝায়, এবং ঐ "স্বয়ং" শব্দই কূটস্থের পরিচায়ক। "আমি"র পরও যে একটা "স্বয়ং" আছে, অনুভব করিয়া দেখিলে বুঝা যায় ঐ "স্বয়ং"ই কূটস্থ।

অহংশব্দবাচ্য আমি, স্বয়ং শব্দবাচ্য কূটস্থে কল্পিত মাত্র। জীব চৈতন্য কূটস্থচৈতন্যের কল্পিত মাত্র। কূটস্থচৈতন্য সর্ব্বসাক্ষী।—পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী।

কিসে মোক্ষসাধন হইতে পারে, তাহার প্রতি লক্ষ্য রাখিয়া, যে শ্রুতি-স্মৃতি-প্রতিপাদিত বিবিধ অনুষ্ঠান, তাহার নাম যোগ। তদ্বিষয়া যোগবুদ্ধি অর্থাৎ কর্ম্মনিষ্ঠা। তদনুষ্ঠাতা পুরুষগণ যোগিশব্দবাচ্য।

ভগবান্‌ও এইরূপেই এই গীতাশাস্ত্রে "এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু" ইত্যাদি (২য়। ৩৯ পরে দ্রষ্টব্য) শ্লোকে, বুদ্ধির দুই প্রকার বিভাগ করিয়াছেন। কর্ম্ম ও জ্ঞান এতদুভয়ের মধ্যে বিশুদ্ধচিত্ত সন্ন্যাসিগণই জ্ঞানযোগের অনুষ্ঠান করিবেন। আর কর্ত্তৃত্বভোক্তৃত্বাভিমানী অবিশুদ্ধচেতা, অল্পজ্ঞ, সকাম মানবগণ চিত্তশুদ্ধির নিমিত্ত কর্ম্মযোগের অনুষ্ঠান করিবেন। ভগবান্‌ও এই গ্রন্থে (৩য়। ৩য় শ্লোকে) বলিয়াছেন, "লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা" ইত্যাদি (পরে দ্রষ্টব্য)। দেহাভিমানী জীবই সুখ-দুঃখাদির আশ্রয়। ভগবান্ ঈশ্বরই জীবগণের কর্ম্মানুসারে ফলদাতা। এইরূপ ভেদবুদ্ধি সহকারে, বাঞ্ছিত ফলপ্রাপ্তির নিমিত্ত, ঈশ্বরোপাসনাদির নাম কর্ম্ম। অর্থাৎ জীব ও ঈশ্বরের ভেদজ্ঞানের সঙ্গে সঙ্গে, বাঞ্ছিত ফললাভার্থ কর্ত্তৃত্ব-ভোক্তৃত্বাভিনিবেশ-সহকৃত, অগ্নিহোত্রাদি শ্রৌত ও স্মার্ত্ত যাগ-যজ্ঞাদিই কর্ম্ম।

"তত্ত্বমসি" এই মহাবাক্য প্রতিপাদিত জীব ও ব্রহ্মের যে একত্ব বুদ্ধি, তাহারই নাম জ্ঞান। এই জ্ঞান ও পূর্ব্বোল্লিখিতরূপ কর্ম্ম একই কালে একই পুরুষে কখনই থাকিতে পারে না। কারণ জ্ঞান ও কর্ম্ম পরস্পর সম্পূর্ণ বিরোধী। একত্ব বুদ্ধি ভিন্ন জ্ঞান স্বীয় সত্তা ধারণ করিতে পারে না; কিন্তু কর্ম্মে বুদ্ধির গতি বহুমুখী হইয়া থাকে। জ্ঞানে "আমি কর্ত্তা, আমি ভোক্তা" এইরূপ বুদ্ধি থাকে না; কর্ম্মে ঐ বুদ্ধি পূর্ণ মাত্রায় বিদ্যমান থাকে। এই জন্যই ভগবান্ অবস্থাভেদে জ্ঞান ও কর্ম্মোপাসনার পৃথক্ বিধি করিয়াছেন। যথা; "জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্" ইত্যাদি (৩য় অধ্যায় ৩য় শ্লোক)।

প্রথমতঃ চিত্তশুদ্ধির নিমিত্ত, স্ববর্ণাশ্রমোক্ত ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিবে, তৎপরে বিষয়-ভোগে বিতৃষ্ণ হইয়া, কর্ম্মফল সকল অন্তর্য্যামী ভগবানের উদ্দেশে অর্পণ করিয়া, সদ্গুরু সমীপে গমনপূর্ব্বক উপদেশ গ্রহণ করিবে। পরে ভগবৎকৃপায় যথাবিধি উপদেশ প্রাপ্ত হইয়া, জ্ঞানযোগের অনুষ্ঠান করিবে। যদি শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্ম সহকৃত জ্ঞানই মুক্তির প্রাপক

হইত, তাহা হইলে কখনই ভগবান্ জ্ঞান ও কর্ম্মের অধিকারিভেদে বিভাগ করিয়া, স্বতন্ত্রভাবে জ্ঞান ও কর্ম্মের উপদেশ বিধান করিতেন না। অতএব যেমন শুক্তিতে রজতবোধ হেতু, ভ্রান্ত পুরুষের রজত-ভ্রম নিবৃত্তির নিমিত্ত শুক্তি-বিষয়ক যথার্থ জ্ঞান ব্যতীত অন্য কোন সহকারি কারণান্তরের প্রয়োজন থাকে না, অর্থাৎ কেবল শুক্তি-জ্ঞান হইতেই শুক্তিতে রজত বুদ্ধিরূপ অজ্ঞান নিবৃত্তি হয়; তদ্রূপ সর্ব্ব কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক, কেবল মাত্র আত্মজ্ঞান নিষ্ঠা হইতেই কৈবল্য প্রাপ্তি হয়; শ্রৌত ও স্মার্ত্তস্বরূপ সহকারি ক্রিয়া-কলাপরূপ কারণান্তরের প্রয়োজন হয় না।

শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্ম সহকৃত তত্ত্বজ্ঞানই মুক্তির প্রযোজক, কেবলমাত্র জ্ঞান মুক্তি-প্রাপক নহে; ভগবান্ শঙ্করাচার্য্য পুনর্ব্বার ইত্যাকার মতাবলম্বী আচার্য্যগণের অভিপ্রায়ের দোষ দেখাইতেছেন। তৃণ, অরণি (অগ্নি-মন্থন কাষ্ঠ) ও মণি (সূর্য্যকান্ত প্রভৃতি) এতদন্যতম অগ্নির কারণ; পুরুষেরা স্ব স্ব সামর্থ্যানুসারে ইহারই একতম দ্বারা অগ্নি-প্রণয়ন করিয়া থাকে। তদ্রূপ কোন কোন ব্যক্তি, প্রথমতঃ শ্রৌত ও স্মার্ত্ত ক্রিয়াদি অনুষ্ঠান পূর্ব্বক বিশুদ্ধচিত্ত হইয়া, গুরূপদেশ জনিত তত্ত্বজ্ঞান দ্বারা মুক্তিপথাধিরূঢ় হইয়া থাকেন। আর ইহ জন্মে কর্ম্মকাণ্ডের অনুষ্ঠান না করিয়াও, জন্মজন্মান্তরীন ক্রিয়া-কলাপ-জনিত বিশুদ্ধচেতা কোন কোন পুরুষ, সদ্গুরুর কৃপায়, কর্ম্মকাণ্ডে প্রবৃত্ত হইবার পূর্ব্বেই, তত্ত্বজ্ঞানোপাসনায় প্রবৃত্ত হইয়া, মুক্তিপথাবলম্বী হন*। অতএব অগ্নি-প্রযোজক তৃণ, অরণি ও মণির ন্যায়, অধিকারিভেদে কখন কর্ম্ম ও কখন জ্ঞান এই উভয়ই বিভিন্নরূপে মুক্তির প্রযোজক হইয়া থাকে। কর্ম্ম ও জ্ঞান একত্রিত ভাবে কখনই মুক্তির প্রযোজক হইতে পারে না। কর্ম্ম সহকৃত জ্ঞান মুক্তির প্রযোজক, যদি ইহাই ভগবদভিপ্রেত হইত, তবে "হে জনার্দ্দন! যদি কর্ম্ম হইতে জ্ঞান শ্রেষ্ঠ ইহাই তোমার অভিমত হয়, তবে এই হিংসাত্মক নিদারুণ কর্ম্মে আমাকে কেন নিয়োজিত করিতেছ?" (৩য়। ১ম শ্লোক) অর্জ্জুনের এই প্রশ্ন নিতান্ত অসঙ্গত হইয়া পড়িত। কেননা ভগবান্ কোথাও এরূপ বলেন নাই যে, এক ব্যক্তি

* শুকদেব জন্মাবধি জ্ঞানপথে ধর্ম্মানুসন্ধান ব্যতীত সাধারণ মনুষ্যোচিত অন্য কোন ক্রিয়ার অনুষ্ঠান করেন নাই। সুতরাং আজন্ম এরূপ তত্ত্বজ্ঞানের পূর্ণাবস্থা কেবল পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফল ব্যতীত আর কিছুই নহে। ভগবান্ ভাষ্যকার মহাত্মা শঙ্করাচার্য্যের জীবনও এইরূপ পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফল জনিত জ্ঞানোন্নতির উত্তম উদাহরণ স্থল।

কর্ত্তৃক জ্ঞান ও কর্ম্মের যুগপদনুষ্ঠান অসম্ভব। তবে অর্জ্জুন কিরূপে "কর্ম্ম হইতে বুদ্ধি শ্রেষ্ঠ"(৩য়। ১ম শ্লোক) ইত্যাদি অশ্রুত বিষয়ের আশঙ্কা করিলেন? অপিচ কর্ম্ম ও জ্ঞান সমুচ্চিত হইয়াই মুক্তির প্রযোজক হইয়া থাকে, যদি এরূপ অভিপ্রায় ভগবান্ অর্জ্জুনের নিকট পরিব্যক্ত করিয়া থাকেন, তবে জ্ঞান ও কর্ম্ম উভয় পথই অনুষ্ঠান কর এরূপ উপদেশ কালে, "যচ্ছ্রেয় এতয়োরেকং তন্মে ব্রূহি সুনিশ্চিতম্" অর্থাৎ জ্ঞান ও কর্ম্ম এই উভয়ের মধ্যে যাহা আমার পক্ষে শ্রেয় হয়, তাহারই একটী আমাকে নিশ্চয় করিয়া বল," ইত্যাদি বাক্য দ্বারা, একতর বিষয় বলিবার জন্য, অর্জ্জুন প্রার্থনা করিলেন কেন? যদি পিত্তপ্রশমনার্থী রোগী, বৈদ্য কর্ত্তৃক মধুর * ও শীতল দ্রব্য ভোজন করিতে উপদিষ্ট হইয়াও,এরূপ প্রশ্ন করে যে, আমার ব্যাধি-শান্তির নিমিত্ত এতদন্যতর আমাকে বলুন, তাহা হইলে সেই ব্যাধি-ক্লিষ্ট ব্যক্তির প্রশ্ন যেরূপ অসঙ্গত বলিয়া মনে হয়; অর্জ্জুনের প্রার্থনাও তদ্রূপ অসঙ্গত বলিয়া প্রতীত হইতে পারে। যদি বলা যায় যে, অর্জ্জুন ভগবদ্বাক্যার্থ যথাবিহিতরূপে অবধান না করিয়াই এরূপ বলিয়াছেন, তাহা হইলেও তদীয় প্রশ্নের উত্তর স্বরূপে ভগবানের এইরূপ প্রত্যুত্তর প্রদান করা কর্ত্তব্য যে, "আমি জ্ঞান-কর্ম্মের সমুচ্চয় অর্থাৎ একত্রীভাবের কথা পূর্ব্বে বলিয়াছি, তুমি এরূপ ভ্রান্ত হইতেছ কেন?" এতাদৃশ সুসঙ্গত উত্তর না দিয়া, অর্জ্জুনকৃত প্রশ্নের ভগবান্ যে উত্তর প্রদান করিয়াছিলেন, তাহা সমুচিত হয় নাই। শাস্ত্রেও যুদ্ধরূপ কর্ম্ম ক্ষত্রিয়কুলের স্বধর্ম্ম বলিয়া উক্ত হইয়াছে। ইহা জানিয়াও "কিং কর্ম্মণি ঘোরে মাং নিযোজয়সি কেশব!" ভগবানের প্রতি অর্জ্জুনের এইরূপ সরোষ বাক্য সহকৃত দোষারোপ কিরূপে সঙ্গত হইতে পারে? অতএব এই গীতা শাস্ত্রে শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্মের সহিত জ্ঞানের সমুচ্চয়ভাব কিঞ্চিন্মাত্রও প্রদর্শন করাইতে কেহই সমর্থ নহেন।

"লোক সংরক্ষণেচ্ছায় অনাসক্তভাবে কর্ম্ম করিবে," ইত্যাদি (৩য়। ২৫) শ্লোক দ্বারা শ্রৌতাদি কর্ম্মের অনুষ্ঠান-বিধিও এই গীতাশাস্ত্রে ভগবৎ কর্ত্তৃক উক্ত হইয়াছে। সুতরাং গীতাশাস্ত্রে জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয়ভাব প্রদর্শন করাইতে কাহারও সাধ্য নাই,ইত্যাদি পূর্ব্বোক্ত বাক্য কিরূপে সঙ্গত

* রসো মধুরকঃ শীতো ধাতুবৃদ্ধ্যে বলপ্রদঃ। চক্ষুষ্যো বাতপিত্তঘ্নঃ কুর্য্যাৎ স্থৌল্যকফক্রিমীন্॥
—আয়ুর্ব্বেদীয় দ্রব্যগুণ

হইবে? ভগবান্ শঙ্করাচার্য্য, এইরূপ আশঙ্কা উত্থাপিত করিয়া, উত্তর স্বরূপে বলিতেছেন, অজ্ঞান বশতঃ, বা অনুরাগ বিশেষ বশতঃ, প্রোক্ত কর্ম্মে প্রবৃত্ত পুরুষগণের হৃদয়ে যজ্ঞ, দান ও তপস্যা দ্বারা বিশুদ্ধচিত্ততা হেতু 'এই জগতই একমাত্র ব্রহ্ম' ইত্যাকার পরমার্থ তত্ত্ববিষয়ক জ্ঞান উৎপন্ন হয়। তাদৃশ আত্মতত্ত্বদর্শী পুরুষেরা, কর্ম্ম বা কর্ম্মপ্রয়োজন নিবৃত্ত হইলেও, লোক-সংরক্ষণার্থ (লোকশিক্ষার নিমিত্ত) * যত্ন পূর্ব্বক কর্ম্মে প্রবৃত্ত হন; কিন্তু তাঁহাদের সে কর্ম্মানুরাগ কেবল প্রবৃত্তি মাত্র, বাস্তবিক কর্ম্ম নহে; অর্থাৎ ফলাভিলাষ শূন্য নিরহঙ্কারী তত্ত্ববিদ্গণ কর্ত্তৃক অনুষ্ঠিত কর্ম্ম, ফলাকাঙ্ক্ষ সাহঙ্কার কামি পুরুষের কর্ম্মের ন্যায়, সুকৃতি ও দুষ্কৃতিজনক নহে। কেবল মাত্র লোক-সংগ্রহই তাদৃশ কর্ম্মের উদ্দেশ্য। সুতরাং এবংবিধ কর্ম্ম ও জ্ঞান সমুচ্চয় অর্থাৎ একত্রীভাবাপন্ন বলিয়া কিরূপে আশঙ্কা হইতে পারে?

ভগবান্ হরি ভূভার হরণার্থ ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছেন। তিনি পূর্ণ অর্থাৎ তাঁহার কোন বিষয়ের অভাব ছিল না; তথাপি তিনি, লোকশিক্ষার্থ ক্ষত্রধর্ম্মরূপ যুদ্ধাদি করিয়া, শিষ্ট-পালন ও দুষ্ট-দমন করিয়াছেন। ভগবদনুষ্ঠিত-তত্তৎ-ক্রিয়া যেমন কুকর্ম্ম বলিয়া পরিগণিত হইবার উপযুক্ত নহে, তত্ত্ববিদ্গণ কর্ত্তৃক অনুষ্ঠিত অহঙ্কার ও ফল-কামনা-রহিত ক্রিয়া সকলও তদ্রূপ জানিবে।

তত্ত্ববিদ্গণের জ্ঞানোৎপত্তির পূর্ব্বে কর্ম্মে যেরূপ প্রবৃত্তি থাকে, জ্ঞানো-

---

* লোক-সংরক্ষণার্থ।—লোক-শিক্ষার্থ সুধীর ধার্ম্মিক, ক্রিয়া-দক্ষ মহদ্ব্যক্তিগণ যেরূপ ধর্ম্ম-কর্ম্মের অনুষ্ঠান করেন, অল্পদর্শী অজ্ঞ পুরুষগণও তদনুরূপ ধর্ম্ম-কর্ম্ম করিয়া থাকেন। যদি বিশুদ্ধচেতাঃ জ্ঞানিগণ চিত্ত শুদ্ধ হইয়াছে বলিয়া নিত্যনৈমিত্তিকাদি কর্ম্ম সকল পরিত্যাগ করেন, তবে তাহা দেখিয়া অল্পদর্শী অজ্ঞব্যক্তিগণও মনে ভাবিতে পারেন যে, যখন ধার্ম্মিকাগ্রগণ্য ঈদৃশ মহাত্মগণই সন্ধ্যাবন্দনাদি ত্রিকালানুষ্ঠেয় ক্রিয়া-কলাপ পরিত্যাগ করিয়াছেন, তখন বোধ হয় এই কর্ম্মের আর কোন ফল নাই; সুতরাং আর আমাদের উপবাসাদি-সাধ্য এই সকল কঠোর কর্ম্মের অনুষ্ঠান করার প্রয়োজন কি? এরূপ চিন্তা করিয়া জ্ঞানিলোকের ন্যায় অজ্ঞগণও নিত্যনৈমিত্তিকাদি ক্রিয়াকলাপ পরিত্যাগ করিলে ইহলোক ও পরলোক হইতে নিশ্চয়ই ভ্রষ্ট হইবে। সুতরাং নিজের প্রয়োজন না থাকিলেও, সাধারণের উপকারার্থ জ্ঞানিগণেরও নিত্যনৈমিত্তিকাদি ক্রিয়াকলাপ অবশ্য কর্ত্তব্য। এই গীতাশাস্ত্রেই ভগবান্ বলিয়াছেন,— "ন মে পার্থাস্তি কর্ত্তব্যং ত্রিষু লোকেষু কিঞ্চন। নানবাপ্তমবাপ্তব্যং বর্ত্ত এব চ কর্ম্মণি। যদি হ্যহং ন বর্ত্তেয়ং জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ। মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ। উৎসীদেয়ুরিমে লোকা ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্। সঙ্করস্য চ কর্ত্তা স্যামুপহন্যামিমাঃ প্রজাঃ।" ইত্যাদি তৃতীয়াধ্যায়ের দ্বাবিংশতি প্রভৃতি শ্লোকের তাৎপর্য্যে এই বিষয় বিশেষ রূপে বিবৃত করা যাইবে।—পণ্ডিত নবচন্দ্র শিরোমণি।

দয়ের উত্তর কালেও তদ্রূপই কর্ম্ম-প্রবৃত্তি দেখা যাইতেছে; অতএব তাহা কর্ম্ম নহে, কর্ম্মাভাসমাত্র, এইরূপ কল্পনা কিরূপে করা যাইতে পারে? এবংবিধ আশঙ্কার উত্তরে ভগবান্ শঙ্করাচার্য্যের সিদ্ধান্ত এই যে, স্বর্গাভিলাষি কামি পুরুষগণ, অগ্নিহোত্রাদি কর্ম্মের অনুষ্ঠানার্থ অগ্নি গ্রহণ করিয়া, অগ্নিহোত্রাদি কাম্য কর্ম্মে প্রবৃত্ত হইলে, তত্তৎ কর্ম্ম অর্দ্ধসমাপ্তির পর যদি কোন কারণ বশতঃ ঐ কামনা নষ্ট হয়, এবং উক্ত পুরুষ অগ্নিহোত্রাদি কাম্যকর্ম্ম হইতে নিবৃত্ত হয়, তবে তাদৃশ কামি পুরুষের অর্দ্ধসম্পন্ন কর্ম্ম, যেমন অন্যান্য কাম্যকর্ম্মের ন্যায় অভিলষিত ফলপ্রদান করে না, তদ্রূপ তত্ত্ববিদ্গণের নিষ্কামরূপে অনুষ্ঠিত ক্রিয়া সকলও কর্ম্ম নহে, অর্থাৎ তাদৃশ কর্ম্ম পুরুষের সংসার-বন্ধনের কারণ হয় না। অতএব তাহা কর্ম্মাভাসরূপে পরিগণিত। ভগবান্ এই গীতা শাস্ত্রে বলিয়াছেন, "কর্ম্ম করিলেও তাহা কর্ম্ম নহে; এবং তদ্দ্বারা পুরুষ লিপ্তও হয় না" ইত্যাদি। অতএব জ্ঞানই মুক্তির প্রয়োজক।

আর "কর্ম্মণৈব হি সংসিদ্ধিমাস্থিতা জনকাদয়" ইত্যাদি (৩য়। ২০শ) শ্লোকে যে কর্ম্ম পদের উল্লেখ হইয়াছে, তাহা তত্ত্বজ্ঞ ও অতত্ত্বজ্ঞ উভয়পক্ষেই বিভাগ করিয়া অর্থ করিতে হইবে। যথা; জনক প্রভৃতি পূর্ব্ব পূর্ব্ব রাজর্ষিগণ তত্ত্বজ্ঞ হইয়াও যে কর্ম্মে প্রবৃত্ত হইয়াছেন, তাহা স্বকীয় স্বার্থসিদ্ধির নিমিত্ত নহে; তাঁহারা কেবল লোক-শিক্ষার্থই কর্ম্মে প্রবৃত্ত হইয়াছেন। "গুণা গুণেষু বর্ত্তন্তে," অর্থাৎ ইন্দ্রিয়গণই বিষয়ে বর্ত্তমান থাকে; আমি পদবাচ্য আত্মা অর্থাৎ পুরুষ বিষয়াসক্ত নহে; এরূপ বিবেচনা করিয়াই তাঁহারা কর্ম্মে প্রবৃত্ত হইয়াছিলেন। যেহেতু তাদৃশ ভাবে কর্ম্ম অনুষ্ঠিত হইলে, তজ্জন্য আত্মার কোন ক্ষতি হইবে না, ইহা তাঁহারা বিশেষরূপে জ্ঞাত ছিলেন। অতএব জনক প্রভৃতি রাজর্ষিগণ, কামনাবিহীন কর্ম্ম সহকৃত, জ্ঞান দ্বারা কৈবল্য প্রাপ্ত হইয়াছেন—কখন কর্ম্ম পরিত্যাগ করেন নাই। তত্ত্বজ্ঞ পক্ষে এরূপ অর্থ। আর যদি তাঁহাদিগকে-অতত্ত্ববিৎ বলিয়া মনে করা যায়, অর্থাৎ তাঁহারা আত্মতত্ত্ববিষয় সম্যক্ জ্ঞাত ছিলেন না বলা যায়, তবে বিধি অনুসারে কর্ম্ম-ফল জগদীশ্বরে সমর্পণ পূর্ব্বক, তাঁহারা অনুষ্ঠিত কর্ম্মদ্বারা চিত্তশুদ্ধি, বা জ্ঞানোৎপত্তিরূপ সিদ্ধিলাভ করিয়াছেন বলিতে হইবে। অতত্ত্বজ্ঞ পক্ষে এরূপ অর্থ জানিবে। ভগবান্ এই গ্রন্থের উক্ত-

রাংশে বলিয়াছেন, "সত্ত্বশুদ্ধয়ে, কর্ম্ম কুর্ব্বন্তি" ইত্যাদি, অর্থাৎ সাধকগণ চিত্ত শুদ্ধির নিমিত্ত কর্ম্ম করেন। অতএব কেবল জ্ঞান হইতেই মোক্ষ প্রাপ্তি হইবে, ইহাই গীতা শাস্ত্রে অবধারিত হইল। প্রকরণানুসারে পৃথক্ পৃথক্ করিয়া যথাস্থানে ভগবান্ শঙ্করাচার্য্য অবধারিত বিষয় প্রদর্শন করিবেন।

ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য শ্রীভগবানের উক্তি এইরূপে সমাপ্ত করিতেছেন। হে অর্জ্জুন! তুমি দেহের স্বভাবজ্ঞান না, এবং দেহের অতিরিক্ত যে আত্মা তাহার প্রকৃতিও জান না। আত্মার জন্ম দেহের জন্মাধীন নহে এবং আত্মার বিনাশ দেহের মরণাধীন নহে। আত্মার জন্মও নাই, মরণও নাই। এই কারণে তজ্জন্য শোক অকর্ত্তব্য। দেহ অচেতন; জড় পদার্থ যেরূপ পরিণাম ধর্ম্মশীল দেহও তদ্রূপ; এবং তাহার পুনঃ পুনঃ উৎপত্তি ও নাশ ঘটিয়া থাকে। অতএব তাদৃশ দেহের নিমিত্তও শোক অকর্ত্তব্য।

শ্রীচৈতন্যচরণানুগত শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ এই শ্লোকে নিম্নলিখিত রূপ অভিপ্রায় বিন্যস্ত করিয়াছেন। "সখে! আমায় ক্ষমা কর, আমি যুদ্ধ করিব না।" এই বলিয়া অর্জ্জুন নীরব হইলে, ভগবান্ বর্ত্তমান শ্লোকে তাঁহার সেই বুদ্ধিকে তিরস্কার করিয়া বলিলেন, দেখ অর্জ্জুন! শোক প্রকাশ তোমার কর্ত্তব্য নহে। কেন না, স্থূল অথবা সূক্ষ্ম, দুইটি দেহের মধ্যে কোন্ দেহটি বিনষ্ট হইবে বলিয়া তুমি শোক করিতেছ? স্থূল দেহের জন্য শোক করিতে পার না, কারণ স্থূল দেহ ত বিনষ্ট হইবেই। সূক্ষ্ম দেহের জন্যও শোক হইতে পারে না; যে হেতু মুক্তির পূর্ব্বে তাহা কিছুতেই বিনষ্ট হইবে না। আর স্থূল-সূক্ষ্ম-দেহ-বিশিষ্ট যে অনন্ত আত্মা, তাঁহাদিগের উদ্দেশেও শোকের অবকাশ নাই। কারণ, জন্য পদার্থমাত্রেই যে ছয়টি বিকার পরিলক্ষিত হয়, আত্মাতে তাহা নাই। আত্মা নিত্য; সুতরাং যাঁহারা দেহ ও আত্মার স্বভাব অবগত আছেন, তাঁহাদিগের শোকের কোনই কারণ দেখিতে পাওয়া যায় না। অতএব যাহা অশোচ্য তাহাকে শোচ্য বলিয়া মনে করা ভ্রম মাত্র। এরূপ ভ্রম সাধারণের হইতে পারে; কিন্তু তুমি পণ্ডিত, ইহা কখনই তোমার যোগ্য নহে। আরও দেখ অন্য শাস্ত্র অপেক্ষা ধর্ম্মশাস্ত্রের বল অধিক, এ কথা অস্বীকার্য্য নহে (১২০ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য); কিন্তু জ্ঞানশাস্ত্র আবার সেই ধর্ম্মশাস্ত্র অপেক্ষা অধিকতর বলবান্

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী এই শ্লোক উপলক্ষে নিম্ন-লিখিতরূপ অভিপ্রায় পরিব্যক্ত করিয়াছেন,—অর্জ্জুন স্বধর্ম্ম-সঙ্গত যুদ্ধে স্বয়ং ইচ্ছাপূর্ব্বক প্রবৃত্ত হইলেও, সমরক্ষেত্রে আগমন করার পর, তাঁহার হৃদয়ে দুই প্রকার মোহের উদ্ভব হইল। অজ্ঞতা বশতঃ,স্থূল,সূক্ষ্ম ও কারণ* এতদুপাধিত্রয়ে আবৃত, সর্ব্ববিষয়ে নির্লিপ্ত ও স্বপ্রকাশ স্বরূপ আত্মাকে মরণশীল, এবং ক্ষণবিধ্বংসী দেহকে সত্য ও স্থায়ী মনে করিয়া, সকল প্রাণী মোহাচ্ছন্ন হইয়া থাকে। অর্জ্জুনের হৃদয়েও, আত্মীয়নাশ ভয়ে, তাদৃশ এক-বিধ সাধারণ মোহ উপস্থিত হইল। আর যুদ্ধরূপ স্বধর্ম্মসঙ্গত কার্য্যকে হিংসাদি-বহুল, সুতরাং অধর্ম্মানুষ্ঠান মনে করিয়া, অর্জ্জুনের ইন্দ্রিয়গ্রাম যে মোহজনিত বিকলতা প্রাপ্ত হইল, তাহা অসাধারণ মোহ; কারণ তাদৃশ মোহ সতত প্রাণীর হৃদয়ে আবির্ভূত হয় না; অধুনা সমরক্ষেত্রে সমুপস্থিত অর্জ্জুনের অন্তরে সহসা তাহার উদ্ভব হইল। উপাধিত্রয়ের বোধ সহকৃত আত্মার প্রকৃত তত্ত্ব ও স্বরূপ জ্ঞান জন্মিলে,উল্লিখিত সাধারণ মোহ বিদূরিত হইতে পারে; এবং যুদ্ধে প্রাণিহিংসা অবশ্যম্ভাবী হইলেও, ক্ষত্রিয়ের তাহা

* শরীর তিন প্রকার; কারণ শরীর, লিঙ্গ শরীর এবং স্থূল শরীর। "শীর্য্যতে তত্ত্বজ্ঞানেন নশ্যতীতি শরীরং" তত্ত্বজ্ঞান হইলে নাশপ্রাপ্ত বলিয়া ইহাদের নাম শরীর। কি কারণ, কি সূক্ষ্ম কি স্থূল এই তিনই শরীর, অর্থাৎ তিনই তত্ত্বজ্ঞান হইলে নাশ প্রাপ্ত হয়। এই তিন শরীরের নাশ হইলেই জীবাত্মা ও পরমাত্মা দুই এক হইয়া যায়। "অবিদ্যাবশগস্ত্বন্যস্তদ্বৈচিত্র্যাদনেকধা। সা (অবিদ্যা) কারণশরীরং স্যাৎ প্রাজ্ঞস্তত্রাভিমানবান্॥" ইতি পঞ্চদশী। স্থূল ও সূক্ষ্ম এই দুই শরীরের আদি কারণ বলিয়া অবিদ্যার নাম কারণশরীর।

ঈশ্বরেচ্ছায় তমোগুণপ্রধান প্রকৃতি হইতে উৎপন্ন অপঞ্চীকৃত পঞ্চ মহাভূতের (আকাশ, পবন, অনল, জল, পৃথিবী) পঞ্চ সাত্ত্বিক অংশ হইতে "শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা ও ঘ্রাণ" এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় জন্মপরিগ্রহ করে। এবং ঐ পঞ্চ সাত্ত্বিক অংশ একত্রিত হইলে তাহা হইতে "অন্তঃকরণ" জন্ম লাভ করে। অন্তঃকরণ প্রধানতঃ দুইভাগে বিভক্ত, প্রথম মন, দ্বিতীয় বুদ্ধি। উক্ত পঞ্চ মহাভূতের পঞ্চ রাজসিক অংশ হইতে "বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ" এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় সঞ্জাত হয়। এবং ঐ পঞ্চ রাজসিক অংশ একত্রিত হইলে তাহা হইতে "প্রাণ" সমুদ্ভূত হয়। প্রাণও প্রধানতঃ, "প্রাণ অপান, সমান; ব্যান ও উদান" এই পঞ্চভাগে বিভক্ত। উক্ত পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চপ্রাণ, বুদ্ধি ও মন এই সপ্তদশ পদার্থ একত্রিত হইয়া সূক্ষ্ম বা লিঙ্গ শরীর সমুৎপন্ন হয়। "বুদ্ধি কর্ম্মেন্দ্রিয় প্রাণপঞ্চকৈর্ম্মনসা ধিয়া। শরীরং সপ্তদশভিঃ সূক্ষ্মং তল্লিঙ্গমুচ্যতে॥" ইতি পঞ্চদশী॥ ঐ অপঞ্চীকৃত পঞ্চ মহাভূত পঞ্চীকৃত হইলে অর্থাৎ পাঁচে পাঁচ মিশিয়া যাইলে তাহা হইতে ব্রহ্মাণ্ড, চতুর্দ্দশ ভুবন, সর্ব্ববিধ জরায়ুজাদি প্রাণীসমুদয়, এবং বহুবিধ ভোগ্যপদার্থরূপ স্থূলশরীর সমুৎপন্ন হয়। "তৈ (তৈঃ—পঞ্চীকৃত পঞ্চভূতৈঃ) রণ্ডস্তত্র ভুবনং ভোগ্যভোগাশ্রয়োদ্ভবঃ॥" ইতি পঞ্চদশী।

স্বধর্ম্ম, সুতরাং তদনুষ্ঠানে অধর্ম্ম নাই, এরূপ বোধ জন্মিলে, অর্জ্জুনের অসাধারণ মোহও অপগত হইতে পারে। অর্জ্জুনের উল্লিখিতরূপ ভ্রমদ্বয় নিবারণার্থ তদীয় হৃদয়জাত শোকের কারণ নিবৃত্তি করা আবশ্যক; তজ্জন্য অন্য কোনরূপ সাধনার প্রয়োজন নাই বিবেচনা করিয়া, শ্রীভগবান্ এই শ্লোক হইতে স্বাভিপ্রায় বিবৃত করিতে প্রবৃত্ত হইলেন।

বিচার-জনিত আত্মতত্ত্বজ্ঞানসম্পন্ন পণ্ডিতগণ, মৃত বন্ধুগণের বিয়োগে, বা জীবিতগণের বিয়োগাশঙ্কায়, কখনই মুহ্যমান হন না। তাঁহারা সমাধি-দশায় অর্থাৎ যখন ভগবচ্চরণ-চিন্তনে নিযুক্ত থাকেন, তখন এতাদৃশ কোন আভাসই তাঁহাদের হৃদয়ে স্থান পায় না; আর ব্যুত্থান সময়ে, অর্থাৎ সমাধির বিরামকালে, শরীর ও আত্মার পার্থক্য, শরীরের ক্ষণবিধ্বংসিতা এবং আত্মার অবিনাশিতা বিষয়ে সুদৃঢ় বিশ্বাস থাকায়, তাঁহারা অণুমাত্র কাতর হন না। যে ব্যক্তি অন্ধকারে নিপতিত সর্পবৎ রজ্জুকে রজ্জু বলিয়াই জানেন, তাঁহার যেমন তদ্দর্শনে সর্পভ্রম ও তজ্জনিত ভীতি বা অঙ্গকম্পনাদি জন্মে না এবং পিত্তবিকার-জনিত ব্যাধিগ্রস্ত ব্যক্তির কখন গুড়ও তিক্তরস বলিয়া বোধ হইলেও, গুড়ের মধুরতা সম্বন্ধে নিশ্চয় বিশ্বাস থাকায়, তিক্ত সেবনেচ্ছা হইলে, কখন গুড় ভোজনে অভিলাষ জন্মে না, তদ্রূপ আত্মার স্বরূপ সম্বন্ধে অজ্ঞানতা দূরীকৃত হইলে,এরূপ অনর্থক শোক অবশ্যই অপগত হইবে। সত্য বটে বশিষ্ঠাদি * মহাপুরুষেরা নিরতিশয় শোক মোহাচ্ছন্ন হইয়াছিলেন, কিন্তু সে শোক তাঁহাদের প্রারব্ধ কর্ম্মফল বলিয়া বিবেচনা করা উচিত। শিষ্টগণের ধর্ম্মবুদ্ধির অনুগামী লৌকিক ব্যবহার ও সদা-চারই শিষ্টাচার এবং তাহাই অনুকরণীয়; কিন্তু তাঁহাদের অনুষ্ঠিত নিন্দিত ক্রিয়াকলাপ কখনই অনুকরণযোগ্য নহে। তুমিও পণ্ডিত, এরূপ শোক তোমার অকর্ত্তব্য।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠ সূরি এই শ্লোকের টীকায় নিম্নলিখিত

---

* মহর্ষি বশিষ্ঠের পুত্র শক্তি একদা রাজা কল্মাষপাদ কর্ত্তৃক প্রহারিত হইয়াছিলেন। ক্রোধান্ধ ঋষিনন্দন, রাজা কল্মাষপাদকে নরভক্ষক রাক্ষস হইবার নিমিত্ত, অভিশাপ প্রদান করিলেন। অভিশপ্ত রাজা রাক্ষস হইয়া বনে বনে বিচরণ করিতে করিতে একদিন উল্লিখিত শক্তিকে সম্মুখে দেখিতে পাইয়া, তাঁহাকে ধারণ ও ভক্ষণ করিলেন এবং ক্রমশঃ শক্তির কনিষ্ঠগণকেও একে একে ভক্ষণ করিলেন। মহর্ষি বশিষ্ঠ পুত্রশোকে নিতান্ত কাতর হইলেন এবং দুঃসহ শোকাবেগে বিকলচিত্ত হইয়া বারংবার আত্মহত্যার চেষ্টা করিতে লাগিলেন। অবশেষে অন্তর্ব্বত্নী শক্তিপত্নীর;

কথার অবতারণা করিয়াছেন। শরীর নাশে আত্মনাশ হইবে এবং স্বধর্ম্ম-সঙ্গত যুদ্ধে অধর্ম্ম হইবে, অর্জ্জুনের এই দ্বিবিধ মোহ উপস্থিত হইল। তখন শ্রীভগবান্, ব্রহ্মবিদ্যার সূত্রস্বরূপ বিংশতি শ্লোক দ্বারা, তদীয় সেই শোক মোহ অপনোদনার্থ, বলিতে আরম্ভ করিলেন যে, দেহাদি উপাধি * নষ্ট হইলেও, অবিনাশী আত্মার নাশ হয় না। আকাশের ন্যায় নাশরহিত শোকের অযোগ্য ভীষ্মাদিস্বজনগণের নিমিত্ত তুমি কেন শোক করিতেছ? প্রাণই ইষ্ট পদার্থ, দেহ কিছুই নহে। শ্রুতি বলিয়াছেন, "প্রাণই পিতা, প্রাণ মাতা এবং প্রাণ আচার্য্য" ইত্যাদি। জীবিত পিত্রাদিকে কেহ অবজ্ঞামাত্র করিলে লোকে তাহাকে শত ধিক্কার প্রদান করে; কিন্তু বিগত-প্রাণ হইলে, তাঁহাদিগকে চিতায় দগ্ধীভূত করিলেও, লোকে তাহার কোনরূপ নিন্দা করে না। আত্মার চৈতন্যময়তা এবং দেহের চৈতন্য-বিহীনতা দেখিয়া উপলব্ধি হইয়া থাকে যে, আত্মা দেহ হইতে স্বতন্ত্র। যদি দেহের চৈতন্য থাকিত, তাহা হইলে মৃত ব্যক্তিও চৈতন্য লাভ করিতে পারিত। সেই জন্যই দেহনাশে আত্মনাশ হইবে বলিয়া তোমার যে বোধ জন্মিয়াছে, তাহাতে তোমার মূর্খতাই প্রকাশিত হইতেছে।

টীকাকার পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী পূর্ব্বোক্তরূপ অভিপ্রায় প্রকটিত করিয়া, উপসংহারকালে নিম্নলিখিতরূপে ভগবদুক্তি ব্যাখ্যাত করিয়াছেন। আত্মার নাশ নাই। ভীষ্মাদি এই সকল লোক স্থূল-সূক্ষ্ম-দেহধারী আত্মা-মাত্র। অতএব তাঁহাদের নাশ স্মরণ করিয়া শোকের কোনই কারণ নাই। তুমি পূর্ব্বে অর্থশাস্ত্র অপেক্ষা ধর্ম্মশাস্ত্রকে বলবান্ বলিয়া নির্দ্দেশ করিয়াছ। জ্ঞান-শাস্ত্র ধর্ম্মশাস্ত্র অপেক্ষাও বলবান্ ইহাই আমি বলিতেছি। কারণ জ্ঞান জন্মিলে মায়া দূরীভূতা হইবে এবং প্রজ্ঞাচক্ষে আত্মা ও দেহের পার্থক্য দর্শন করিয়া বন্ধুনাশ-জনিত শোক-মোহ বিনষ্ট হইবে।

গর্ভে স্বীয় বংশধর অবস্থান করিতেছেন জানিতে পারিয়া আত্মহত্যার প্রযত্ন হইতে বিরত হইলেন। বশিষ্ঠের পৌত্র এবং শক্তির সেই পুত্র পরাশর নামে কালক্রমে বিখ্যাত হইলেন।

* উপাধি।—"বিশেষ্যে অনন্বয়ত্বে তদিতর ব্যাবর্ত্তকত্বমুপাধিত্বং। যথা কাকোপলক্ষিতং দেবদত্তগৃহং। ইতি উপাধি লক্ষণং।" যে নিকটে থাকিয়া আপনার গুণ সমীপস্থ বস্তুতে আরোপ করে সেই উপাধি। জবা পুষ্প স্ফটিকের নিকটে থাকিয়া আপনার লৌহিত্য স্ফটিকে আরোপিত করে বলিয়া জবা স্ফটিকের উপাধি। অজ্ঞানও চৈতন্যের সন্নিধানে থাকিয়া আপনার গুণদোষ চৈতন্যে আরোপিত করে বলিয়া চৈতন্যের উপাধি। যে যাহার উপাধি সে তাহার উপহিত। চৈতন্যের উপাধি অজ্ঞান, সুতরাং চৈতন্য অজ্ঞানের উপহিত।—পণ্ডিত কালীবর বেদান্তবাগীশ।

অতঃপর সমালোচ্য শ্লোকের ভাব নিম্নে বিবৃত হইতেছে। অর্জ্জুন যুদ্ধ করিব না বলিয়া নীরব হইলে, শ্রীভগবান্ ঈষদ্ধাস্য সহকৃত যে সকল মধুর বাক্যে স্বকীয় সৌভাগ্যবান্ সখার ভ্রমাপনোদন করিয়াছিলেন সমা.লাচ্য শ্লোক সেই জ্ঞান-সৌধের প্রথম সোপান। যে পরম তত্ত্বজ্ঞান গীতা শাস্ত্রের প্রতি-পাদ্য তাহার শুভানুষ্ঠান এই স্থান হইতেই সূচিত হইতেছে। শ্রীভগবান্ এই শ্লোকে অর্জ্জুনকে বলিতেছেন, হে সখে! যাহারা কখনই শোকের বিষয়ভূত নহেন, তুমি অনর্থক তাঁহাদের নিমিত্ত শোকে কাতর ও অবসন্ন-হৃদয় হইয়াছ এবং এই সকল যুদ্ধার্থি-আত্মীয়গণকে দেখিয়া, "আমার অঙ্গ প্রতপ্ত হইতেছে" ইত্যাদি (১ম অধ্যায়, ২৮ শ্লোক) বাক্যে অসহ্য জাত-দুঃসহ শোক পরিব্যক্ত করিতেছ। "কোথা হইতে এই দারুণ সময়ে তোমার এই মোহ উপস্থিত হইল?" ইত্যাদি (২য় অধ্যায়, ২ শ্লোক) নানাবাক্যে আমি তোমাকে কর্ত্তব্য পথে আকৃষ্টচিত্ত করিতেছি; তথাপি তুমি "কিরূপে যুদ্ধক্ষেত্রে ভীষ্মাদির অঙ্গে অস্ত্রক্ষেপ করিব" ইত্যাদি (২য় অধ্যায়, ৪শ্লোক) পণ্ডিত জনোচিত বাক্যব্যয় করিয়া আমাকে নিরস্ত করিবার প্রয়াস করিতেছ। কিন্তু তুমি কদাপি পণ্ডিত পদবাচ্য নহ এবং যে পরমা প্রজ্ঞা হৃদয়োন্নতির নিদর্শন, তাহার লেশ মাত্রও তোমাতে নাই। যেহেতু প্রাজ্ঞ-ব্যক্তিগণ, কখনই বিগতজীব সুহৃদ্গণের বিয়োগে, বা সজীব বন্ধুবর্গের বিয়োগাশঙ্কায় ব্যাকুল হইয়া, তোমার ন্যায় চলচ্চিত্ত ও কর্ত্তব্যবিমুখ হন না। তুমি সুপণ্ডিত হইলেও, তোমার বর্ত্তমান ব্যবহার দেখিয়া তোমাকে মূঢ় বলাই সঙ্গত। তোমার পরমা প্রজ্ঞার পরিচয় কিছুই দেখিতে পাইতেছি না। ফলতঃ তোমার ন্যায় পণ্ডিত ব্যক্তির এরূপ তর্ক ও ব্যবহার কখনই শোভা পায় না। ভাবিয়া দেখ, এই অনন্ত বিশ্বের যাবতীয় জড়-পদার্থ পরিবর্ত্তনশীল ও পরিণতিপ্রবণ; কিন্তু যাবতীয় পরমাত্মা অবিনশ্বর ও চিরস্থায়ী। তুমি যাহাকে মৃত্যু বলিয়া জ্ঞান করিতেছ এবং যে ঘটনা নিতান্ত শোকসন্তাপকর বিবেচনায় কাতর হইতেছ, বস্তুতঃ তাহা জড় দেহের পরিণতি ও অবস্থান্তর মাত্র। দেহাধিষ্ঠিত অথচ দেহাতিরিক্ত, দেহ-চৈতন্যের কারণ, অথচ কেবল উপাধিরূপে দেহের সহিত সম্বদ্ধ যে পরমাত্মা, তাহার নাশ নাই, ধ্বংস নাই, রূপান্তর নাই; মৃত্যু তাহার অন্ত বিধানে বা অবস্থান্তর সাধনে অক্ষম। অবিবেকী মানবগণ, দেহের

অবস্থান্তর দেখিয়া, আত্মার নাশ হইল মনে করিয়া, শোক-সন্তপ্ত হইয়া থাকে। বিবেকী ব্যক্তিবর্গ, মৃত্যুকে কেবল মাত্র দেহের অবস্থান্তর জানিয়া তজ্জন্য কদাপি শোকমোহে অভিভূত হন না। সম্মুখস্থ সমরক্ষেত্রে সমাগত বীরবৃন্দকে দর্শন করিয়া ও তাঁহাদের অবশ্যম্ভাবী মৃত্যুর কথা আলোচনা করিয়া তুমি নিতান্ত কাতর ও ব্যাকুল হইতেছ। ইহাতে পরমাত্ম-বিষয়ে তোমার জ্ঞানের একান্ত অভাবই প্রতিপাদিত হইতেছে। তুমি পঞ্চভূতময় ও রূপান্তরসহ দেহকেই আত্মীয় ও পরমধন বলিয়া জ্ঞান করিতেছ; দেহাতীত সেই যে চৈতন্যস্বরূপ জনন-মরণ-বিরহিত আত্মা, তাহার কথা তুমি মনেই করিতেছ না। হে ভ্রান্ত! হে মরণ-ভীতি-ব্যাকুলিত-চিত্ত সখে! তুচ্ছ, লজ্জাজনক ও মূর্খজন-সম্ভব ভ্রান্তি পরিহার করিয়া, এই ব্রহ্মাণ্ড ব্যাপারের পর্য্যালোচনায় হৃদয়কে একবার বিনিবিষ্ট কর; কে তুমি, কে ভীষ্ম, কে দ্রোণ, কে দুর্য্যোধন, কে আমি ইত্যাদি বিষয় চিন্তা করিয়া দেখ। জ্ঞানালোকে অন্তরস্থ অন্ধকার অপগত হইলে দেখিতে পাইবে, এই ব্রহ্মাণ্ডরূপ বিশাল বারিনিধির বক্ষে তোমার ঐ ভীষ্মাদি গুরুজন, যুধিষ্ঠিরাদি সহোদরবর্গ, দুর্য্যোধনাদি জ্ঞাতিগণ এবং অন্যান্য আত্মীয় কুটুম্ব ও সুহৃদ্‌গণ, ক্ষুদ্র জলবুদ্‌বুদের ন্যায় ভাসমান রহিয়াছেন। তুমি বায়ু প্রক্ষেপে সেই জলবুদ্‌বুদ বিচ্ছিন্ন করিয়া না দিলেও, তাহা অচিরে বিলীন হইয়া যাইবে এবং আপনার জলবায়ুর সহিত মিশাইয়া দিবে। মানবদেহও সলিলোপরি নর্ত্তনশীল ঐ অতি সামান্য বুদ্‌বুদের ন্যায় ক্ষণ-বিধ্বংসী জড় পদার্থ। তাহাকে চিরস্থায়ী ও পরম আত্মীয় জ্ঞান করিয়া, শোককাতর ও ব্যাকুল হওয়া তোমার ন্যায় সুপণ্ডিত ব্যক্তির কদাচ উচিত হয় না ॥ ১১ ॥

——০:):০:(:০——

ন ত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ।
ন চৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃ পরম্‌ ॥ ১২ ॥

অন্বয়।—অহং (শ্রীকৃষ্ণঃ) জাতু (কদাচিৎ) ন আসং [ইতি] এব ন তু [তথা] ত্বং (অর্জ্জুনঃ) ন [আসীঃ এব ন তু] [তথা] ইমে জনাধিপাঃ (নরপতয়ঃ) ন [আসন্ এব ন তু] চ অতঃ পরং

☞ পাঠান্তর।—ইতঃ পরম্‌।

(দেহবিনাশাদূত্তরকালে) বয়ং সর্ব্বে (অহং, ত্বং, রাজানঃ) ন ভবিষ্যামঃ (স্থাস্যামঃ) [ইতি] এব ন ॥ ১২ ॥

প্রতিশব্দ।—আমি কখন ছিলাম না [ইহা]-ও কিন্তু নহে [সেই-রূপ] তুমি [ছিলে নাও কিন্তু] নহে [সেইরূপ] এই সকল ভূপতি-গণ [ছিলেন না ও কিন্তু] নহেন এবং ইহার পরে আমরা সকলে হইব না [ইহা]-ও নহে ॥ ১২ ॥

ব্যাখ্যা।—পূর্ব্বকালে আমি ছিলাম না এমন নহে, সেইরূপ তুমি ছিলে না এমনও নহে, এবং এই নরপতিগণ ছিলেন না এমনও নহে। উত্তরকালেও যে আমরা সকলে জন্মিব না এরূপও নহে ॥ ১২ ॥

শঙ্করাচার্য্য।—কুতস্তে অশোচ্যাঃ ? যতো নিত্যাঃ, কথং ? ন তু এব জাতু কদা-চিদহং নাসং কিন্ত্বাসমেব, অতীতেষু দেহোৎপত্তিবিনাশেষু ঘটাদিষু বিয়দিব নিত্যমেবাহ-মাসমিত্যভিপ্রায়ঃ। তথা ন ত্বং নাসীঃ কিন্ত্বাসীরেব, তথা নেমে জনাধিপা নাসন্ কিন্ত্বাস-ন্নেব, তথা ন চৈব ন ভবিষ্যামঃ কিন্তু ভবিষ্যাম এব সর্ব্বে বয়ম্, অতোঽস্মদ্দেহবিনাশাদূত্তর-কালেঽপি ত্রিষ্বপি কালেষু নিত্যা আত্মস্বরূপেণেত্যর্থঃ। দেহভেদানুবৃত্ত্যা বহুবচনং নাত্ম-ভেদাভিপ্রায়েণ ॥ ১২ ॥

আনন্দগিরি।—নিত্যত্বমশোচ্যত্বে কারণমিতি সূচিতং বিবেচয়িতুং প্রশ্নপূর্ব্বকং প্রতিজানীতে কুত ইত্যাদিনা। নিত্যত্বমসিদ্ধং প্রমাণাভাবাদিতি চোদয়তি কথমিতি। আত্মা ন জায়তে প্রাগভাবশূন্যত্বাচ্ছশবিষাণবদিতি পরিহরতি ন ত্বেবেতি। কিঞ্চাত্মা নিত্যো ভাবত্বে সত্যজাতত্বাদ্ব্যতিরেকে ঘটবদিত্যনুমানান্তরমাহ ন চৈবেতি। যত্তু কৈশ্চিদাত্মযাথাত্ম্যং জিজ্ঞাসিতং ভগবানুপদিশতি ন ত্বিত্যাদিনা শ্লোকচতুষ্টয়েনেত্যাদিষ্টং তদসদ্বিশেষবচনে হেত্বভাবাৎ, সর্ব্বত্রৈবাত্মযাথাত্ম্যপ্রতিপাদনাবিশেষাদিত্যাশয়েন "পদচ্ছেদঃ পদার্থোক্তির্বিগ্রহো বাক্যযোজনা" ইতি ত্রিতয়মপি ব্যাখ্যানাঙ্গং প্রতিপাদয়তি ন ত্বিত্যাদিনা নন্বাত্মনো দেহোৎপত্তিবিনাশয়োরুৎপত্তিবিনাশপ্রসিদ্ধেরুক্তমনুমানদ্বয়ং প্রসিদ্ধিবিরুদ্ধত্বা কালাত্যয়াপদিষ্টমিষ্টমিতি নেত্যাহ অতীতেষ্বিতি। চরাচরব্যপাশ্রয়স্তু স্যাদিতি ন্যায়েনাত্মনো জন্মবিনাশপ্রসিদ্ধেরৌপাধিকজন্মবিনাশাবিষয়ত্বান্নিরুপাধিকস্য তস্য জন্মাদিরাহিত্যমিতি ভাবঃ। যদ্যপি তবেশ্বরস্য জন্মরাহিত্যং তথাপি কথং মমেত্যাশঙ্ক্যাহ তথেতি। তথাপি ভীষ্মাদীনাং কথং জন্মাভাবস্তত্রাহ তথা নেম ইতি। দ্বিতীয়মনুমানং প্রপঞ্চয়নুত্তরার্দ্ধং ব্যাচষ্টে তথেত্যাদিনা। ননু দেহোৎপত্তিবিনাশয়োরাত্মনো জন্মনাশাভাবেঽপি মহাসর্গমহাপ্রলয়য়োস্তস্যাগ্নিবিস্ফুলিঙ্গ-দৃষ্টান্তশ্রুত্যা জন্মবিনাশাবেষ্টব্যাবিত্যাশঙ্ক্য নাত্মাশ্রুতেরিতি ন্যায়েন পরিহরতি ত্রিষ্বপীতি। যাবদ্বিকারন্তু বিভাগো লোকবদিতি ন্যায়েন ভিন্নত্বাদ্বিকারিত্বমাত্মনাম্মীয়তে, ভিন্নত্বঞ্চ বহুবচন-প্রয়োগপ্রমিতমিত্যাশঙ্ক্যাহ দেহেতি ॥ ১২ ॥

রামানুজ।—প্রথমং তাবদাত্মনাং স্বভাবং শৃণু। অহং সর্ব্বেশ্বরস্তাবদতো বর্ত্তমানাৎ পূর্ব্বস্মিন্নাদৌ কালে ন নাসং অপিত্বাসং, ত্বন্মুখাশ্চৈতে ঈশিতব্যাঃ ক্ষেত্রজ্ঞা ন নাসন্, অপি ত্বাসন্, অহঞ্চ যূয়ঞ্চ সর্ব্বে বয়মতঃ পরমস্মাদনন্তরে কালে নচৈব ন ভবিষ্যামঃ, অপি তু ভবিষ্যাম এব। যথাহং সর্ব্বেশ্বরঃ পরমাত্মা নিত্য ইতি নাত্র সংশয়ঃ, তথৈব ভবন্তঃ ক্ষেত্রজ্ঞা আত্মানোঽপি নিত্যা এবেতি মন্তব্যাঃ, এবং ভগবতঃ সর্ব্বেশ্বরাদাত্মনাঞ্চ পরস্পরং ভেদঃ পারমার্থিক ইতি ভগবতৈবোক্তমিতি প্রতীয়তে। অজ্ঞানমোহিতং প্রতি তন্নিবৃত্তয়ে পারমার্থিকনিত্যত্বোপদেশসময়ে অহং ত্বমিমে সর্ব্বে বয়মিতি ব্যপদেশাৎ ঔপাধিকাত্মভেদবাদে হ্যাত্মভেদস্যাতাত্ত্বিকত্বেন তত্ত্বোপদেশসময়ে ভেদনির্দ্দেশো ন সঙ্গচ্ছতে। ভগবদুক্তাত্মভেদঃ স্বাভাবিক ইতি শ্রুতিরপ্যাহ, "নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্" ইতি নিত্যানাং বহূনাং চেতনানাং য একশ্চেতনো নিত্যঃ স কামান্ বিদধাতীত্যর্থঃ। অজ্ঞানকৃতভেদদৃষ্টিবাদে তু পরমপুরুষস্য পরমার্থতত্ত্বদৃষ্টের্নির্ব্বিশেষকূটস্থনিত্যচৈতন্যাত্মযাথাত্ম্যসাক্ষাৎকারান্নিবৃত্তাজ্ঞানতৎকার্য্যতয়া অজ্ঞানকৃতভেদদর্শনং তন্মূলোপদেশাদিব্যবহারশ্চ ন সঙ্গচ্ছতে। পরমপুরুষোঽপ্যজ্ঞ ইতি পক্ষে অর্জ্জুনশাক্যাৎ পরমপুরুষবাক্যস্যাজ্ঞানমূলমিথ্যার্থত্বে বিশেষাভাবান্ন তত্ত্বোপদেশরূপত্বম্। অথ পরমপুরুষস্যাধিগতাদ্বৈতজ্ঞানস্য বাধিতানুবৃত্তিরূপমিদং ভেদজ্ঞানং দগ্ধপটাদিবন্ন বন্ধকমিত্যুচ্যতে? নৈতদুপপদ্যতে। মরীচিকাজলজ্ঞানাদিকং হি বাধিতমনুবর্ত্তমানমপি ন জলাহরণাদিপ্রবৃত্তিহেতুঃ। এবমত্রাপ্যদ্বৈতজ্ঞানেন বাধিতং ভেদজ্ঞানমনুবর্ত্তমানমপি মিথ্যার্থবিষয়ত্বনিশ্চয়ান্নোপদেশাদিপ্রবৃত্তিহেতুর্ভবতি। নচেশ্বরস্য পূর্ব্বমজ্ঞস্য শাস্ত্রাধিগততত্ত্বজ্ঞানতয়া বাধিতানুবৃত্তির্ব্বক্তুং শক্যতে। তথাচ শ্রুতিঃ, "যঃ সর্ব্বজ্ঞঃ সর্ব্ববিৎ। পরাস্য শক্তির্ব্বিবিধৈব শ্রূয়তে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ।" "বেদাহং সমতীতানি বর্ত্তমানানি চার্জ্জুন।" ইত্যাদিশ্রুতি-স্মৃতিবিরোধাৎ। কিঞ্চ পরমপুরুষস্যেদানীন্তনগুরুপরম্পরায়াশ্চাদ্বিতীয়াত্মস্বরূপ নিশ্চয়ে সতি অনুবর্ত্তমানেঽপি ভেদজ্ঞানে স্বনিশ্চয়ানুরূপমদ্বিতীয়মাত্মজ্ঞানং কস্মৈ উপদিশতীতি বক্তব্যম্, প্রতিবিম্ববৎ প্রতীয়মানেভ্যোঽর্জ্জুনাদিভ্য ইতি, চেন্নৈতদুপপদ্যতে, ন হ্যুন্মত্তঃ কোঽপি মণিকৃপাণদর্পণাদিষু প্রতীয়মানেষু স্বাত্মপ্রতিবিম্বেষু তেষাং স্বাত্মনোঽনন্যত্বং জানংস্তেভ্যঃ কমপ্যর্থমুপদিশতি। বাধিতানুবৃত্তিরপি তৈর্ন শক্যতে বক্তুং বাধকেনাদ্বিতীয়াত্মজ্ঞানেনাত্মব্যতিরিক্তভেদজ্ঞানকারণস্যাপ্যজ্ঞানাদের্বিনষ্টত্বাৎ। দ্বিচন্দ্রজ্ঞানাদৌ তু চন্দ্রৈকত্বজ্ঞানেন পারমার্থিকতিমিরাদিদোষস্য দ্বিচন্দ্রজ্ঞানহেতোরবিনষ্টত্বাদ্বাধিতানুবৃত্তির্যুক্তা। অনুবর্ত্তমানমপি প্রবলপ্রমাণবাধিতত্বেনাকিঞ্চিৎকরম্। ইহ তু ভেদজ্ঞানস্য সবিষয়স্য সকারণস্যাপারমার্থিকত্বেন বস্তুযাথাত্ম্যজ্ঞানবিনষ্টত্বান্ন কথঞ্চিদপি বাধিতানুবৃত্তিঃ সম্ভবতি। অতঃ সর্ব্বেশ্বরস্যেদানীন্তনগুরুপরম্পরায়াশ্চ তত্ত্বজ্ঞানমস্তীতি, চেত্তেদদর্শনতৎকার্য্যোপদেশাদ্যসম্ভবঃ ভেদদর্শনমস্তীতি চেৎ, অজ্ঞানস্য তদ্ধেতোঃ স্থিতত্বেনাজ্ঞত্বাদেব সুতরামুপদেশো ন সম্ভবতি। কিঞ্চ গুরোরদ্বিতীয়াত্মবিজ্ঞানাদেব ব্রহ্মাজ্ঞানস্য সকার্য্যস্য বিনষ্টত্বাচ্ছিষ্যং প্রত্যুপদেশো

নিষ্প্রয়োজনঃ। গুরোস্তজ্জ্ঞানঞ্চ কল্পিতমিতি চেৎ শিষ্যতজ্জ্ঞানয়োরপি কল্পিতত্বাৎ তদপ্য-নিবর্ত্তকং, কল্পিতত্বেঽপি পূর্ব্ববিরোধিত্বেন নিবর্ত্তকমিতি চেৎ তদাচার্য্যজ্ঞানেঽপি সমানমিতি তদেব নিবর্ত্তকং ভবতীত্যুপদেশানর্থক্যমেবেতি কৃতমসমীচীনবাদৈর্নিরস্তৈঃ॥ ১২॥

হনুমান্।---কুতস্তেঽশোচ্যাঃ? জন্মমরণাদিমত্ত্বাসম্ভবাদত আহ ন ত্বেবাহমিতি। জাতু শব্দঃ কদাচিদিত্যেতস্মিন্নর্থে বর্ত্ততে। নাহং কদাচিদাসমপি ত্বাসমেব, ন ত্বং নাসীরাসীরে-বেত্যর্থঃ, নেমে ভীষ্মাদয়ো নাসন্ কিন্ত্বাসন্নেব। নচৈব ন ভবিষ্যামঃ সর্ব্বে বয়মতঃ পরম্, ত্বমহমিমে রাজানশ্চ সর্ব্বে বয়ং জাতু ন ভবিষ্যামঃ, অপি তু ভবিষ্যাম এব। অতীতেষু দেহোৎ-পত্তিবিনাশেষু সর্ব্বেষামেবাত্মাকমুৎপত্তিবিনাশৌ ন স্তঃ পরমাত্মস্বরূপেণ নিত্যত্বাৎ। তথা ভবিষ্য-দ্দেহোৎপত্তিবিনাশশঙ্কা ন কর্ত্তব্যা ইত্যর্থঃ। বহুবচনং দেহাভিপ্রায়েণ, বহুষু দেহেষু জায়মানেষু বিনশ্যৎসু চ আত্মনো জন্ম-বিনাশৌ ন স্ত ইত্যুক্তং ভবতি॥ ১২॥

শ্রীধর।---অশোচ্যত্বে হেতুমাহ নত্বেবাহমিতি। যথাহং পরমেশ্বরো জাতু কদাচিৎ লীলাবিগ্রহস্যাবির্ভাবতিরোভাবতো নাসমিতি তু নৈব, অপিত্বাসমেব অনাদিত্বাৎ, নচ ত্বং নাসীর্নাভূঃ, অপিত্বাসীরেব, ইমে বা জনাধিপা নৃপা নাসন্নিতি তু ন, অপিত্বাসন্নেব মদংশত্বাৎ, তথাতঃ পরং, ইত উপর্য্যপি ন ভবিষ্যামো ন স্থাস্যাম ইতি চ নৈব, অপি তু স্থাস্যাম এবেতি জন্মমরণশূন্যত্বাদশোচ্যা ইত্যর্থঃ॥ ১২॥

বলদেব।---এবমস্থানশোচিত্বাদপাণ্ডিত্যমর্জ্জুনস্যাপাদ্য তত্ত্বজিজ্ঞাসুং নিযোজিতাঞ্জলিং তং প্রতি সর্ব্বেশ্বরো ভগবান্ "নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্" ইতি (কৃষ্ণ যজুর্ব্বেদীয়শ্বেতাশ্বতরোপনিষৎ। ৬ অঃ। ১৩ শ্ল) শ্রুতিসিদ্ধং স্বস্মাজ্জীবানাঞ্চ পারমার্থিকং ভেদমাহ ন ত্বেবাহমিতি। হে অর্জ্জুন! অহং সর্ব্বেশ্বরো ভগবান্, ইতঃ পূর্ব্বস্মিন্নাদৌ কালে, জাতু কদাচিন্নাসমিতি ন, অপি ত্বাসমেব, তথা ত্বমর্জ্জুনো নাসীরিতি ন, কিন্ত্বাসীরেব। ইমে জনাধিপা রাজানো নাসন্নিতি ন, কিন্ত্বাসন্নেব। তথেতঃ পরমস্মাদনন্তরে কালে সর্ব্বে বয়ং অহঞ্চ ত্বঞ্চ ইমে চ ন ভবিষ্যাম ইতি ন, কিন্তু ভবিষ্যাম এবেতি। সর্ব্বেশ্বর-বজ্জীবানাঞ্চ ত্রৈকালিকসত্তাযোগিত্বাৎ তদ্বিষয়কো ন শোকো যুক্ত ইত্যর্থঃ। ন চাবিদ্যা-কৃতত্বাদ্ব্যবহারিকোঽয়ং ভেদঃ, সর্ব্বজ্ঞে ভগবত্যবিদ্যাযোগাৎ। "ইদং জ্ঞানমুপাশ্রিত্য" ইত্যাদিনা মোক্ষেঽপি তস্যাভিধাস্যমানত্বাচ্চ। ন চাভেদজ্ঞস্যাপি হরের্বাধিতানুবৃত্তিন্যায়েনেয়-মর্জ্জুনাদিভেদদৃষ্টিরিতি বাচ্যম্। তথা সত্যুপদেশাসিদ্ধেঃ। মরুমরীচিকাদাবুদকবুদ্ধির্বাধি-তাপ্যনুবর্ত্তমানা মিথ্যার্থবিষয়ত্বনিশ্চয়ান্নোদকাহরণাদৌ প্রবর্ত্তয়েৎ, এবমভেদবোধবাধিতাপ্যনু-বর্ত্তমানার্জ্জুনাদিভেদদৃষ্টিস্তত্ত্বনিশ্চয়ান্নোপদেশাদৌ প্রবর্ত্তয়িষ্যতীতি যৎ কিঞ্চিদেতৎ। নন্নু ফলবত্যজ্ঞাতেঽর্থে শাস্ত্রতাৎপর্য্যবীক্ষণাৎ তাদৃশোঽভেদস্তাৎপর্য্যবিষয়ঃ, বৈফল্যাজ্জ্ঞাতত্বাচ্চ ভেদস্তদ্বিষয়ো ন স্যাৎ, কিন্তু "অদ্ভ্যো বা এষ প্রাতরুদেত্যপঃ সায়ং প্রবিশতি" ইত্যাদি শ্রুত্যর্থবদনুবাদ্য এব স ইতি চেন্মন্দমেতৎ। "পৃথগাত্মানং প্রেরয়িতারঞ্চ মত্বা জুষ্টস্ততস্তেনা-মৃতত্বমেতি" ইত্যাদিনা ভেদ এবামৃতত্বফলশ্রবণাৎ। বিরুদ্ধধর্ম্মাবচ্ছিন্নপ্রতিযোগিকতয়া লোকে

ভন্তাজাতত্বাচ্চ। তে চ ধর্ম্মা, বিভুত্বাণুত্বস্বামিত্বভৃত্যত্বাদয়ঃ শাস্ত্রৈকগম্যা মিথো বিরুদ্ধা বোধ্যাঃ, অভেদত্বকলত্বং ফলানঙ্গীকারাৎ। অজাতশ্চ শশশৃঙ্গবদসত্ত্বাৎ, তস্মাৎ পারমার্থিকস্তুভেদঃ সিদ্ধঃ॥ ১২॥

মধুসূদন।—"নত্বেব" ইত্যাদ্যেকবিংশতিশ্লোকৈঃ "অশোচ্যানন্বশোচস্ত্বম্" ইত্যস্য বিবরণংক্রিয়তে, "স্বধর্ম্মমপি চাবেক্ষ্য" ইত্যাদ্যষ্টভিঃ শ্লোকৈঃ "প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে" ইত্যস্য মোহদ্বয়স্য পৃথক্প্রযত্ননিরাকর্ত্তব্যত্বাৎ, তত্র স্থূলশরীরাদাত্মানং বিবেক্তুং নিত্যত্বং সাধয়তি ন ত্বেতি। তু শব্দো দেহাদিভ্যো ব্যতিরেকং সূচয়তি। যথা অহং ইতঃ পূর্ব্বং জাতু কদাচিদপি নাসমিতি নৈব, অপিতু আসমেব, তথা ত্বমপ্যাসীঃ, ইমে জনাধিপাশ্চাসন্নেব, এতেন প্রাগভাবাপ্রতিযোগিত্বং দর্শিতম্। তথা সর্ব্বে বয়ং অহং ত্বং ইমে জনাধিপাশ্চ, অতঃ পরং ন ভবিষ্যামঃ ইতি ন, অপিতু ভবিষ্যাম এবেতি ধ্বংসাপ্রতিযোগিত্বমুক্তম্। অতঃ কালত্রয়েঽপি সত্তাযোগিত্বাদাত্মনো নিত্যত্বেনানিত্যাদ্দেহাদ্বৈলক্ষণ্যং সিদ্ধমিত্যর্থঃ॥ ১২॥

নীলকণ্ঠ।—নন্থ দেহাদন্যোঽপি দেহনাশেন নশ্যতাং, কোষকার ইব কোষনাশেনেতি তত্রাহ ন ত্বেবাহমিতি। ত্বমহমিমে চ সর্ব্বে অনাদয়োঽনন্তাশ্চ স্ম ইত্যর্থঃ,। জাতুকদাচিৎ অহং ন আসমিতি ন, অপি তু আসমেব, তথা ত্বমপি নাসীরিতি ন, অপি ত্বাসীরেব, ইমে জনাধিপাঃ রাজানঃ (ইত্যুপলক্ষণং সর্ব্বস্য জন্তুজাতস্য) নাসন্নিতি ন, অপিত্বাসন্নেবেতি যোজনা। অনাদিত্বাদনন্তাচ্চেত্যাহ ন চেতি। ন ভবিষ্যাম ইতি নৈব, কিন্তু সর্ব্বে ভবিষ্যাম এব। নন্থ দেহস্যানাত্মত্বে কথং তৎপীড়য়ায়ং পীড্যত ইতি, চেৎ যক্ষবৎ তদভিমানমাত্রাদিতি ক্রমঃ। যদা হি যক্ষঃ পরশরীরে বিশতি তদা তৎপীড়য়া দেহপতির্ন বাধ্যতে, তস্য তদানীং দেহাভিমানাভাবাৎ, যক্ষস্তু বাধ্যতেঽভিমানসত্ত্বাদিতি লোকে প্রসিদ্ধম্। কিঞ্চ প্রাচীনকর্ম্মব্যতিরেকেণ জীবনং নোপপদ্যতে কৃতহানাকৃতাভ্যাগমপ্রসঙ্গাৎ। বৃক্ষাদিষপি প্রাক্কর্ম্মাস্তীত্যনুমেয়ং, স্থাবরজীবিকা প্রাক্কর্ম্মপূর্ব্বিকা জীবিকাত্বাৎ পাকাদিক্রিয়াপূর্ব্বকাস্মদাদিজীবিকাবৎ। অপি চ ক্রিয়াবৈচিত্র্যাৎ কার্য্যবৈচিত্র্যং দৃষ্টং ঘটশরাবোদকঞ্চনাদিষু, তদ্বদিহাপি সুখদুঃখাদিবৈচিত্র্যং প্রাক্কর্ম্মবৈচিত্র্যাদনুমেয়ম্। তথা সদ্যোজাতস্য গোবৎসস্য স্তনপানাদৌ প্রবৃত্তিঃ, জন্মমাত্রস্য মরণত্রাসশ্চ প্রাগ্ভবীয়ানুভবজনিতসংস্কারজন্যৌ, ভোজনাদিপ্রবৃত্তিশ্চোচ্ছ্বাসাদিবদিত্যতোঽস্তি প্রাচীনং কর্ম্ম। অপি চ কৌলিকশাস্ত্রপ্রসিদ্ধমেতৎ, যথা দেবদত্তঃ স্বশরীরে কণ্টকবেধেন খিদ্যতে, এবং শত্রুকৃতায়াং দেবদত্তপ্রতিমায়াং কণ্টকেন বিদ্ধায়াং দেবদত্তো ব্যথতে, তত্র ব্যথাহেতুর্নান্তরং ধাতুবৈষম্যং নাপি বাহ্যং কণ্টকবেধাদি, কিন্তু কেবলং প্রাক্কর্ম্মমাত্রম্, এবঞ্চ বীজাঙ্কুরন্যায়েন কর্ম্মতজ্জন্যসংস্কারপরম্পরয়ানাদিঃ সংসার ইতি ন দেহনাশাদাত্মনাশোঽস্তীতি ন ভীষ্মাদয়ঃ শোচনীয়াঃ। অত্র পূর্ব্বস্মিন্ শ্লোকে আত্মনো দেহাদন্যত্বমুক্তং "গতাসূন্ দেহান্" ইতি বিশেষণেন, অত্র তু সূক্ষ্মশরীরবিশিষ্টস্যাত্মনো ব্যবহারদৃষ্ট্যা নিত্যত্বং সাধিতমিতি ভেদঃ॥ ১২॥

বিশ্বনাথ।—অথবা হে সখে ত্বামহমেবং পৃচ্ছামি। কিঞ্চ প্রীত্যাস্পদস্য মরণে দৃষ্টে

সতি শোকো জায়তে। তত্রেহ প্রীত্যাস্পদ আত্মা দেহো বা। "সর্ব্বেষামেব ভূতানাং নৃপ স্বাত্মৈব বল্লভঃ" ইতি শুকোক্তেরাত্মৈব প্রীত্যাস্পদমিতি চেৎ, তর্হি জীবেশ্বরভেদেন দ্বিবিধস্যৈবাত্মনো নিত্যত্বাদেব মরণাভাবাদাত্মা শোকস্য বিষয়ো নেত্যাহ ন ত্বেবাহমিতি। অহং পরমাত্মা জাতু কদাচিদপি পূর্ব্বং নাসমিতি ন, অপি ত্বাসমেব। তথা ত্বমপি জীবাত্মা আসীরেব; তথেমে জনাধিপা রাজানশ্চ জীবাত্মান আসন্নেব, ইতি প্রাগভাবাভাবো দর্শিতঃ। তথা সর্ব্বে বয়ং অহং, ত্বং, ইমে জনাধিপাশ্চ, অতঃ পরং ন ভবিষ্যামঃ ইতি ন ; স্থাস্যাম ইতি ন, অপিতু স্থাস্যাম এবেতি, ধ্বংসাভাবশ্চ দর্শিতঃ। ইতি পরমাত্মনো জীবাত্মনাঞ্চ নিত্যত্বাদাত্মা ন শোকবিষয় ইতি সাধিতম্। অত্র শ্রুতয়ঃ—"নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্" ইত্যাদ্যাঃ ॥ ১২ ॥

তাৎপর্য্য।—ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য দ্বাদশশ্লোকের ব্যাখ্যায় আত্মার স্বভাব নিরূপণ দ্বারা পরমাত্মা ও জীবাত্মার নিত্যতা ও পার্থক্য দেখাইয়াছেন। তাঁহার যুক্তির মর্ম্ম এস্থলে প্রকটিত হইতেছে। ভীষ্মদ্রোণাদির বিনাশাশঙ্কায় ব্যাকুলচিত্ত অর্জ্জুনকে ভগবান্ বলিতেছেন, "হে অজ্ঞানমুগ্ধ অর্জ্জুন! সর্ব্বেশ্বর পরমাত্মা আমি যেমন নিত্য, ইহাতে সংশয় নাই, তদ্রূপ ক্ষেত্রজ্ঞ* অর্থাৎ জীবাত্মা স্বরূপ ভবৎপ্রমুখ রাজন্যবর্গও নিত্য, ইহা তুমি নিশ্চয় জানিবে।" অতএব সর্ব্বেশ্বর সর্ব্বনিয়ন্তা পরমাত্মস্বরূপ ভগবান্ পরমাত্মা ও অর্জ্জুন প্রভৃতি জীবাত্মগণের যে পরস্পর ভেদের বিষয় পরিব্যক্ত করিয়াছেন, তাহা সর্ব্বথা সত্য এবং অজ্ঞান-মোহিত জনের অজ্ঞান-নিবৃত্তির নিমিত্ত, পরমাত্মার ন্যায় জীবাত্মার নিত্যত্ব বিষয়ক যে উপদেশ প্রদত্ত হইয়াছে, তাহাও অভ্রান্ত সত্য। ইহাই উক্ত ভাষ্যকারমতের নিষ্কর্ষ।

ভাষ্যকার মহোদয় স্বপক্ষ সমর্থন করিবার নিমিত্ত নিম্নলিখিতরূপে অদ্বৈতবাদের খণ্ডন করিতেছেন। তুমি, আমি এবং এই সকল রাজগণ ইত্যাদি যে ভেদ কল্পনা করা হইয়া থাকে, তাহা লৌকিক ব্যবহারার্থ কেবল নাম মাত্র; বাস্তবিক তোমার, আমার ও এই সকল রাজগণের পরস্পর কোন প্রভেদ নাই। এইরূপ মতকে অদ্বৈতবাদ বা ঔপাধিকাত্ম-

---

* ক্ষেত্রজ্ঞ।—গীতার ত্রয়োদশ অধ্যায়ে ভগবান্ বলিয়াছেন, "ইদং শরীরং কৌন্তেয় ক্ষেত্রমিত্যভিধীয়তে। এতদ্যো বেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞ ইতি তদ্বিদঃ॥ ক্ষেত্রজ্ঞঞ্চাপি মাং বিদ্ধি সর্ব্বক্ষেত্রেষু ভারত।" ইত্যাদি ইহার বিস্তৃত তাৎপর্য্য যথাস্থানে বিবৃত হইবে। অমরকোষে আত্মা ক্ষেত্রজ্ঞ ও পুরুষ সমানার্থ রূপে উল্লিখিত হইয়াছে।

ভেদবাদ বলে। ঐ মতে তুমি, আমি ইত্যাদি উপাধি জনিত আত্মার যে ভেদ দৃষ্ট হইতেছে, তাহা ভ্রান্তি মাত্র। যদি তাহাই হয়, তাহা হইলে যথার্থ তত্ত্বোপদেশ সময়ে, অর্থাৎ আমি, তুমি ও এই সকল রাজগণ কেহই ছিলাম না, এমত নহে, অর্থাৎ ছিলামই। আর ইহার পরেও যে আমরা থাকিব না, তাহাও নহে, অর্থাৎ থাকিবই। ইত্যাদি উপদেশ কালে যে জীবাত্মা ও পরমাত্মার ভেদ নির্দ্দেশ করা হইয়াছে, তাহা কিরূপে সঙ্গত হইবে? অতএব ভগবান্ এই শ্লোকে জীবাত্মা ও পরামাত্মার যে ভেদ অবধারণ করিয়াছেন, তাহা বাস্তবিক, অর্থাৎ স্বতঃসিদ্ধ কখনই কল্পিত নহে, শ্রুতিও বলিয়াছেন "যিনি চেতনময়, নিত্য, এক বস্তু অর্থাৎ পরমাত্মা, তিনি চেতনময় ও নিত্য এবং বহু ঈদৃশ জীবাত্মার কামনা বিধান করিয়াছেন।"

আত্মস্বভাব বিষয়ক অজ্ঞান বশতঃ জীবাত্মা ও পরমাত্ম-বিষয়ক ভেদ-দৃষ্টি উৎপন্ন হয়, এরূপ যাঁহারা বলেন, তাঁহাদের মতের অবৈধতা প্রতি-পাদনার্থ ভাষ্যকার নিম্নলিখিত আপত্তি উত্থাপন করিয়াছেন। পরমার্থ-তত্ত্বজ্ঞ পরম পুরুষ ভগবান্ শ্রীকৃষ্ণের যখন অজ্ঞানেরই সম্ভাবনা নাই, তখন তাঁহার তুমি, আমি ও এই সকল রাজগণ ইত্যাদি ভেদদর্শন ও অর্জ্জুনের অজ্ঞানাপনয়নার্থ আমরা সকলে পূর্ব্বেও ছিলাম, এখনও আছি ও ভবি-ষ্যতেও থাকিব ইত্যাদি পরস্পরের যে পার্থক্যোপদেশ তৎকর্ত্তৃক প্রদত্ত হইয়াছে, তাহাই বা কিরূপে সঙ্গত হইবে? অতএব জীবাত্মা ও পরমাত্মার যে ভেদ নির্দ্দেশ করা হইয়াছে, তাহা পারমার্থিক অর্থাৎ প্রকৃত, কল্পিত নহে। যদি বলা যায়, পরমপুরুষ ভগবান্ও অজ্ঞতা নিবন্ধনই তুমি আমি ইত্যাদি ভেদ নির্দ্দেশ করিয়াছেন; তবে অজ্ঞান-তিমিরান্ধ অর্জ্জু-নের বাক্যের সহিত ভগবদ্বাক্যের অবিশেষ হেতু ভগবদ্বাক্য উপদেশ স্বরূপে কিরূপে পরিগৃহীত হইবে? লোকে বলে "স্বয়মসিদ্ধঃ কথংপরান্ সাধয়েৎ ইতি" অর্থাৎ উপদেষ্টা যদি স্বয়ং অসিদ্ধ অর্থাৎ অপরিপক্ক হয়, তবে সে অন্যকে কিরূপে সাধনা করাইবে? অপিচ "অন্ধেন নীয়মানা যথান্ধাঃ" অর্থাৎ যদি এক অন্ধ অন্য একজন অন্ধকে পথ দেখাইবার নিমিত্ত হস্ত ধারণ করিয়া লইয়া যায়, তবে দৃষ্টিবিহীনতা বশতঃ, উভয়েই প্রকৃত পথ-পরিভ্রষ্ট হইয়া কূপাদিতে নিপতিত হয়। তদ্রূপ ভগবান্ শ্রীকৃষ্ণ যখন

স্বয়ং অজ্ঞান, তখন উপদেশ দ্বারা অজ্ঞানাভিভূত অর্জ্জুনের শোক-মোহাদি বিদূরিত করা দূরে থাকুক, উভয়েই অজ্ঞান-কূপে নিপতিত হইবেন।

যদি স্বীকার করা যায় যে, ভগবান্ শ্রীকৃষ্ণের হৃদয়ে অদ্বৈত জ্ঞান অবিসংবাদিতরূপে বর্ত্তমান ছিল এবং বাধিতানুবৃত্তির ন্যায় তুমি আমি ইত্যাদি যে ভেদবুদ্ধি উৎপন্ন হইয়াছে, তাহা দগ্ধ-বস্ত্রাদিবৎ অকর্ম্মণ্য অর্থাৎ বন্ধনের নিবন্ধন নহে। কারণ অজ্ঞানান্ধ ব্যক্তির অজ্ঞান নিমিত্তই শোক-মোহাদি উৎপন্ন হইয়া থাকে; কিন্তু জ্ঞানী ব্যক্তির কোন কারণবশতঃ অজ্ঞান উৎপন্ন হইলেও, সাংসারিক লোকের ন্যায়, তাঁহার উক্ত অজ্ঞান শোক-জনক হয় না। যেমন পিত্তোপহত পুরুষের গুড়াদি মধুর বস্তুতে তিক্ততা প্রতীতি হইলেও, তিক্ত ভোজনের ইচ্ছা হইলে, গুড়ভোজনে প্রবৃত্তি হয় না; তদ্রূপ ভগবানেরও তুমি আমি ইত্যাদি ভেদজ্ঞান উৎপন্ন হইলেও, অস্মদাদির ন্যায় তাহা বন্ধনের কারণ হয় নাই।

অদ্বৈতবাদিগণের পূর্ব্বোক্ত বাক্য সকল সুসঙ্গত বোধ হইতেছে না; কেননা যেমন মরু-মরীচিকাতে জলাভাবের প্রতীতি সত্ত্বেও দৃষ্টিদোষ নিবন্ধন যে জলপ্রতীতি হইয়া থাকে, তাহতে কখন জলাহরণার্থ প্রবৃত্তি হয় না, তদ্রূপ ভগবানের অদ্বৈত জ্ঞান দ্বারা তুমি আমি ইত্যাদি ভেদজ্ঞান নিবৃত্ত হইয়াও, কোন কারণ বশতঃ পুনর্ব্বার ভেদজ্ঞান অনুবর্ত্তমান হইলে, আমরা পূর্ব্বেও ছিলাম, ভবিষ্যতেও থাকিব ইত্যাদি মিথ্যা বিষয়ের উপদেশার্থ প্রবৃত্তি হইতে পারে না। অপিচ ভগবান্ যদি অর্জ্জুনাদি তাবৎকে আপনার স্বরূপ ও অভিন্ন বলিয়া থাকেন, তাহা হইলেও তাঁহাদিগকে উপদেশ প্রদানের প্রবৃত্তি অসঙ্গত। আপনার স্বরূপ ও অভিন্নভাবযুক্ত ব্যক্তিকে স্বতন্ত্র ও ভিন্ন জ্ঞান করিয়া তিনি কেন উপদেশ দিতে সমুদ্যত হইবেন? যদি তত্তাবৎকে ভগবানের প্রতিবিম্বসমূহের স্বরূপ বলিয়া স্বীকার করা যায়, তাহা হইলেও তাঁহাদের উদ্দেশে ভগবানের উপদেশ প্রদান নিতান্ত হাস্যজনক ও অসম্ভব। কারণ সংসারে এমন মূর্খ ও উন্মাদ কেহই নাই যে, দর্পণে, তৈজস পদার্থে, রত্নাদিতে বা সমুজ্জ্বল অস্ত্রাদিতে আত্ম-প্রতিবিম্ব দর্শন করিয়া, সেই প্রতিবিম্বসমূহকে স্বতন্ত্র ব্যক্তি বলিয়া মনে করে এবং তাহাদিগকে উপদেশাদি প্রদান করিতে প্রবৃত্ত হয়।

প্রতিপক্ষগণ যে বাধিতানুবৃত্তির কথা উত্থাপন করিয়াছেন, তাহাও

অযোগ্য। অদ্বিতীয় আত্মজ্ঞান জন্মিলে অবশ্যই আত্ম-ব্যতিরিক্ত পদার্থে যে ভেদজ্ঞান তাহা তিরোহিত হইবে। জ্ঞান হেতু সেই যে ভেদ-জ্ঞানের তিরোধান তাহাই বাধিত। তাহার অনুবর্ত্তন অর্থাৎ পুনরায় তদ্বিষয়ে বিশ্বাস সঞ্জাত হওয়া এরূপ স্থলে অসম্ভব। সকলেই জানেন, নভোমণ্ডলে একমাত্র শশধর সমুদিত হইয়া স্বকীয় বিমল কিরণে বসুন্ধরা আলোকিত করিয়া থাকেন। কিন্তু চক্ষুরোগ-বিশেষ সমুৎপন্ন হইলে, সেই রোগী ব্যক্তি আকাশপটে দ্বিজরাজের দুই মূর্ত্তি সন্দর্শন করে। পীড়িত ব্যক্তির এই যে দ্বিচন্দ্র দর্শন ইহা কদাপি পারমার্থিক অর্থাৎ প্রকৃত নহে। পীড়া আরোগ্য হইলে সে ব্যক্তি পুনরায় এক চন্দ্রমা দর্শন করিবে এবং পীড়ার পূর্ব্বেও সে এক চন্দ্রমা দর্শন করিয়াছে। সুতরাং দ্বিচন্দ্র দর্শন সময়ে তাহার কোনই অজ্ঞান থাকা সম্ভব নহে এবং তাদৃশ বাধিত বিষয়ের অনুবর্ত্তন তাহার পক্ষে কদাচ সম্ভবপর নহে। ভগবানের অভেদজ্ঞানের পূর্ণতা হেতু, কদাচিৎ কারণান্তরে ভেদজ্ঞান সমুপস্থিত হইলেও, তাদৃশ সুনিশ্চিত বাধিত বিষয়ের অনুবর্ত্তন তাঁহার পক্ষে কখনই সঙ্গত নহে।

যদি এমন বলেন যে, ভগবান্ আদৌ পূর্ণ-জ্ঞান-সম্পন্ন ছিলেন না, ক্রমশঃ শিক্ষা-প্রভাবে ও জ্ঞানোন্নতি সহকারে তাঁহার সম্পূর্ণ অভেদজ্ঞান জন্মিয়াছে, তাহা হইলেও, তাঁহার উপদেশাদি প্রদান অসম্ভব। অপিচ তিনি যৎকালে অর্জ্জুনকে উপদেশ প্রদানে প্রবৃত্ত হইয়াছেন, তৎকালে তাঁহার পূর্ণপ্রজ্ঞত্ব সম্বন্ধে কাহারও মনে কোন প্রকার সন্দেহ থাকিতেই পারে না এবং তাদৃশ হাস্যজনক ও ভ্রমাত্মক আপত্তি কাহারও হৃদয়ে কদাপি উদিত হয় না। যদি একথা বলেন যে, ভগবানের তখনও ভেদ-দর্শন ছিল, তাহা হইলে, প্রতিপক্ষগণের স্বীকার করিতে হইবে যে, তখনও তাঁহার অজ্ঞানতা বিদূরিত হয় নাই। তাহা হইলে অবশ্যই সঙ্গে সঙ্গে স্বীকার করিতে হইবে, যিনি স্বয়ং অজ্ঞান তিনি নিশ্চয়ই উপদেশ প্রদানের অযোগ্য। গুরু-পদবী-সমারূঢ় শ্রীকৃষ্ণের অদ্বিতীয় আত্মজ্ঞানহেতু শিষ্যকে অনর্থক উপদেশ দিবার কোনই প্রয়োজন নাই। কারণ কে গুরু, কেবা শিষ্য ইত্যাদি ভেদ-জ্ঞান না থাকিলে, কে কাহাকে উপদেশ দিবেন? যদি বল গুরুর জ্ঞান কল্পিত অর্থাৎ এরূপ জ্ঞান তাঁহার হৃদয়ে স্ফুরিত হয় নাই, এক্ষণে শিষ্যের অজ্ঞান-নাশ করিবার জন্য তিনি এ জ্ঞান আরোপিত করিয়াছেন মাত্র; তাহা হইলে স্বীকার

করিতে হইবে, গুরুও বস্তুতঃ অজ্ঞান ; কেবল জ্ঞানের পরিচ্ছদে আপনার যুক্তি ও বাক্যসকলকে সমাবৃত করিয়াছেন মাত্র। তাহা হইলেও পূর্ব্ববৎ বিরোধ ঘটিতেছে। অর্থাৎ অন্ধ অন্ধকে পথপ্রদর্শনের ন্যায় অসঙ্গত হইতেছে এবং অজ্ঞান ব্যক্তির উপদেশের নিষ্প্রয়োজনীয়তা প্রতিপন্ন হইতেছে। যদি গুরু ও শিষ্য উভয়কেই সমান জ্ঞান-সম্পন্ন বলিয়া স্বীকার কর, তাহা হইলেও একের অন্যকে উপদেশ প্রদান সম্পূর্ণ অনাবশ্যক বলিতে হইবে। ইত্যাকার ভাব-সমন্বিত যুক্তি-পরম্পরা দ্বারা ভগবান্ রামানুজাচার্য্য দ্বৈতবাদ বা ভেদবাদ সমর্থিত করিবার এবং ভগবান্ শঙ্করাচার্য্য-প্রতিষ্ঠিত অদ্বৈতবাদ বা অভেদবাদ উচ্ছেদ করিবার প্রয়াস করিয়াছেন। মহাত্মা বলদেব বিদ্যাভূষণও শ্রীমদ্রামানুজাচার্য্যের মতের অনুগামী। তাঁহার অভিপ্রায় ও বিচার-প্রণালী, বর্ত্তমান অভিপ্রায় ও বিচারের সহিত একভাবাপন্ন হইলেও, নিম্নে তাহা বিস্তৃতরূপে প্রকাশিত হইতেছে।

ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ মহাশয়ের অভিপ্রায়। পূজ্যপাদ ভগবান্ শঙ্করাচার্য্যের মত অদ্বৈতবাদ, অদ্বয়বাদ, অভেদবাদ, নির্ব্বিশেষবাদ, জ্ঞানবাদ ও মায়াবাদ প্রভৃতি ভিন্ন ভিন্ন নামে নির্দ্দিষ্ট হইয়া থাকে। শঙ্করাচার্য্য ও তাঁহার শিষ্যগণ অদ্বৈতবাদী, অভেদবাদী, নির্ব্বিশেষবাদী, জ্ঞানবাদী, বা মায়াবাদী। মহামহোপাধ্যায় পূজ্যপাদ বলদেব বিদ্যাভূষণ কিন্তু দ্বৈতবাদী, ভেদবাদী বা সবিশেষবাদী। সুতরাং ভগবান্ শঙ্করাচার্য্য গীতাকে যে ভাবে দেখিয়াছেন, বিদ্যাভূষণ সে ভাবে দেখিতে পারেন না। শঙ্করাচার্য্যের ব্যাখ্যার লক্ষ্য যাহা বিদ্যাভূষণের ব্যাখ্যার লক্ষ্য তাহা নহে। শঙ্করাচার্য্যের লক্ষ্য জীবব্রহ্মের ঐক্য, বিদ্যাভূষণ মহাশয়ের লক্ষ্য জীবব্রহ্মের সেব্য-সেবক-ভাব। একের লক্ষ্য নির্ব্বিশেষ তত্ত্ব, অপরের লক্ষ্য সবিশেষ তত্ত্ব। একের লক্ষ্য কেবল জ্ঞান, অপরের লক্ষ্য প্রেম-ভক্তি। এই শ্লোকে ও তাহার পরবর্ত্তী কয়টী শ্লোকে বিদ্যাভূষণ মহাশয় অদ্বৈতবাদকে নিরাস করিবার প্রয়াস করিয়াছেন। তিনি বর্ত্তমান শ্লোকের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন ;—অর্জ্জুন অনুচিত স্থানে শোক প্রকাশ করিয়া পণ্ডিতের কার্য্য করেন নাই ; ভগবান্ শ্রীকৃষ্ণ পূর্ব্ব শ্লোকে এই কথা বলিলে, অর্জ্জুনের পাণ্ডিত্যাভিমান চূর্ণ হইল। তিনি তত্ত্বজিজ্ঞাসু হইয়া, কৃতাঞ্জলিপুটে অবস্থান করিতে লাগিলেন। তদীয় মনোভাব অবগত হইয়া, সর্ব্বে-

শ্বর ভগবান্ আপনার স্বরূপ ও জীবগণের স্বরূপ এতদুভয়ের মধ্যে যে একটি প্রকৃত বা পারমার্থিক ভেদ আছে, তাহাই বর্ত্তমান শ্লোকে নির্দ্দেশ পূর্ব্বক প্রদর্শন করিতেছেন। ভগবান্ বলিলেন, "হে অর্জ্জুন! এই সমরাঙ্গনে সমবেত হইবার পূর্ব্বে, সুদূর অতীতে,আমি যে ছিলাম না,তাহা নহে; তুমি যে ছিলে না, তাহা নহে; আর এই সকল নরপতিও যে ছিলেন না, তাহাও নহে। আবার ইহার পরে, সুদূর ভবিষ্যতে তুমি, আমি, ইহাঁরা আমরা সকলে যে থাকিব না, তাহাও নহে। আমরা সকলে অনন্ত কাল হইতে রহিয়াছি, অনন্ত কালই থাকিব। আমি সর্ব্বেশ্বর; আমার সত্তা যেমন ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান ত্রিকাল ব্যাপিয়া বিদ্যমান, জীবগণের সত্তাও সেইরূপ ত্রৈকালিক। অতএব শোক প্রকাশ তোমার উপযুক্ত নহে।"

বিদ্যাভূষণ মহাশয় বলেন, এস্থলে 'তুমি', 'আমি' ও 'ইহাঁরা' এই কয়টি পদে যে ভেদের বিষয় অভিব্যক্ত হইয়াছে, তাহা পারমার্থিক বা বাস্তবিক ভেদ। অদ্বয়বাদী বলিবেন, "ভেদমাত্রই অবিদ্যা বা অজ্ঞানের কার্য্য, সুতরাং উক্ত ভেদ পারমার্থিক নহে; ব্যবহারার্থ কল্পিত বা ব্যবহারিক।" এ কথা স্বীকার করিতে পারি না। কারণ প্রথমতঃ, 'তুমি,' 'আমি' ও 'ইহাঁরা' এই কয়টি কথা ভগবানের শ্রীমুখ হইতে উচ্চারিত হইতেছে। তাঁহার স্বরূপ ও জীবগণের স্বরূপ, উভয়ের পরস্পর পার্থক্য না থাকিলে, তিনি কখনই ঐরূপ কথা বলিতে পারিতেন না। যেহেতু ভেদ মাত্রই যখন অবিদ্যার কার্য্য, তখন এই ভেদ-দৃষ্টি আলোচনা করিয়া, তাঁহাতে অবশ্যই অবিদ্যার আধিপত্য আছে স্বীকার করিতে হয়। কিন্তু ভগবান্, "ধাম্না স্বেন সদানিরস্ত কুহকম্।" অর্থাৎ ভগবান্ আপনার স্বরূপভূত শক্তির সহায়ে নিত্যই অবিদ্যা বা মায়ার যত কিছু কপটতা, সকলই দূরীকৃত করিয়া, বিরাজ করিতেছেন। দ্বিতীয়তঃ, "আমি যে জ্ঞানের কথা বলিতেছি, এই জ্ঞান আশ্রয় করিয়া অনেকেই আমার ধর্ম্ম লাভ করিয়াছেন" ইত্যাদি চতুর্দ্দশ অধ্যায়ের ২য় শ্লোকে মোক্ষকালেও যে জীব ও ঈশ্বরের পরস্পর ভেদ থাকে, তাহা নির্দ্দিষ্ট হইয়াছে। যদি বল, মরীচিকায় জলভ্রম হইলে, যখন আমরা জানিতে পারি যে, উহা জল নহে, মরু-মরীচিকা মাত্র, যখন জলবুদ্ধি বাধিত হইয়া মরীচিকাকে প্রকৃত মরীচিকা বলিয়া অবগত হই,তাহার পরেও যেমন সেই বাধিত জলবুদ্ধি আবার সময়ে

সময়ে ফিরিয়া আইসে ; অভেদজ্ঞ হইলেও,ভগবানের এই অর্জ্জুনাদি ভেদ-দৃষ্টিও সেইরূপ। এ কথাও বলিতে পার না ; কারণ তাহা হইলে ভগবানের অর্জ্জুনকে উপদেশ দিবার প্রবৃত্তিই হইতে পারিত না। যেহেতু, মরু-মরীচিকায় যে জল-বুদ্ধি তাহা যদি বাধিত হইয়া আবার ফিরিয়া আইসে, তাহা হইলেও লোকের সেই মরীচিকায় আর জল আহরণের প্রবৃত্তি হয় না। কারণ সে জানিতেছে, উহা জলের মত দেখাইতেছে বটে, কিন্তু উহা জল বলিয়া মিথ্যা বোধ হইতেছে মাত্র। সেইরূপ ইনি অর্জ্জুন, ইনি ভীষ্ম, ইনি কর্ণ, ইনি দ্রোণ, ইনি কৃপ ইত্যাকার ভেদবুদ্ধি ভগবানের আত্মায় বাধিত হইলেও,অনুবৃত্তি-বশে পুনরুদিত হইয়াছে,ইহা স্বীকার করিলে, তত্ত্ব নিশ্চয় করিয়া উহার মিথ্যাত্ব নির্ণয় হইবে। সুতরাং মিথ্যাত্ব নির্ণীত হইলে উহা কদাপি উপদেশাদি কার্য্যে প্রবৃত্ত করিতে পারিবে না। অতএব অভেদবাদীর পূর্ব্বোক্ত আপত্তি সকল নিতান্ত অকিঞ্চিৎকর। শ্রুতিপ্রমাণেও এই ভেদের পারমার্থিকতা বা সত্যতা প্রতিপন্ন হইয়াছে। শ্রুতি বলিয়াছেন, "নিত্যসকলেরও নিত্য এবং চেতনসমূহেরও চেতন যে এক আত্মা বহু আত্মার কামনা বিধান করিতেছেন" ইত্যাদি। যদি বল, যাহা আমরা জানি না, অথচ যাহা জানিয়া কিছু ফল আছে, এরূপ বিষয়েই শাস্ত্রের তাৎপর্য্য পরিলক্ষিত হইয়া থাকে; সুতরাং অভেদতত্ত্ব যখন অজ্ঞাত অথচ ফলদায়ক, তখন অভেদতত্ত্বেই শাস্ত্রের তাৎপর্য্য, ভেদতত্ত্বে নহে। কারণ ভেদ কি, তাহা সকলেই অবগত আছে, অথচ ভেদ কি, জানিয়াও কোন ফল নাই।" এ আপত্তিও সঙ্গত নহে। কারণ প্রথমতঃ, শ্রুতিতে ভেদেরই অমৃত ফল প্রতিপাদিত হইয়াছে। শ্রুতি বলেন, "পরমাত্মাকে জীবাত্মা হইতে পৃথক্ এবং সকলের নিয়ন্তা মনে করিয়া, তাঁহার সেবা করিলে, সেই সেবা দ্বারা জীব অমৃতত্ব লাভ করে।" দ্বিতীয়তঃ, জীব অণুচৈতন্য, ঈশ্বর বিভুচৈতন্য*, জীব ভৃত্য, ঈশ্বর প্রভু। এইরূপে জীব ও ঈশ্বর, পরস্পর অণুত্ব ও বিভুত্ব, প্রভুত্ব ও ভৃত্যত্ব প্রভৃতি বিরুদ্ধ ধর্ম্মের আশ্রয়,ইহা লোকে জানে না। একমাত্র শাস্ত্রই কেবল আমাদিগকে ইহা জানাইয়া দেন। অতএব ভেদতত্ত্ব অজ্ঞাতও বটে, ফলদায়কও বটে। কিন্তু অভেদতত্ত্ব অজ্ঞাতও বটে, কেন না শশশৃঙ্গ, বন্ধ্যাপুত্র, আকাশকুসুম প্রভৃতির যেমন

* অনুসংবিদাদি।—এই গ্রন্থের ৩৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য।

সত্তা নাই, উহারও সেইরূপ কোন সত্তা দেখিতে পাওয়া যায় না। অথচ উহা ফলদায়ক নহে, কারণ কোন শাস্ত্র যে উহার কোন ফল অঙ্গীকার করিয়াছেন, তাহা পরিদৃষ্ট হয় না।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠ সূরি এই শ্লোক উপলক্ষে নিম্নলিখিত অভিপ্রায়সমূহ লিপিবদ্ধ করিয়াছেন ;—

আত্মা দেহ হইতে ভিন্ন সুতরাং দেহের ধর্ম্ম জরা-মরণাদি আত্মার পক্ষে সম্ভব নহে ; অতএব তন্নিমিত্ত শোক-মোহ হইতে পারে না ; ইহা এই গ্রন্থের পূর্ব্বাংশ দ্বারা প্রতিপাদিত হইয়াছে। কোষকার কীটবিশেষ (অর্থাৎ রেশম কীট) কোষমধ্যে স্বতন্ত্রভাবে থাকিলেও, যেমন কোষনাশ হইলে বিনষ্ট হয়, তদ্রূপ আত্মা, দেহ হইতে ভিন্ন থাকিয়াও, দেহ-নাশের সঙ্গে বিনাশ প্রাপ্ত হয়। অর্জ্জুনের এইরূপ আশঙ্কা কল্পনা করিয়া, তদুত্তরস্বরূপে ভগবান্ বলিলেন,—হে স্বজন-মরণ-শঙ্কিত-মানস অর্জ্জুন! তুমি, আমি, এই রাজগণ ইত্যাদি আমরা সকলেই অনাদি ও অনন্ত ; অর্থাৎ আমাদের আদি ও অন্ত নাই। অতএব বিবেচনা করিয়া দেখ, ইহার পূর্ব্বে আমি কখনও বর্ত্তমান ছিলাম না, এ সিদ্ধান্ত অবৈধ ; অর্থাৎ ইহার পূর্ব্বেও এরূপ শরীরধারী আমি এক ব্যক্তি ছিলাম। তুমিও ইহার পূর্ব্বে জন্মগ্রহণ কর নাই, এ সিদ্ধান্ত অবৈধ ; অর্থাৎ শরীরী হইয়া জন্মগ্রহণ করিয়াছ। এবং এইসকল রাজগণও পূর্ব্বে জন্মগ্রহণ করেন নাই, এ সিদ্ধান্ত অবৈধ ; অর্থাৎ তাঁহারাও জন্ম গ্রহণ করিয়াছিলেন। অপিচ এই স্থূল দেহ বিনাশের পর, আমরা আবার জন্মগ্রহণ করিব না কি? অবশ্যই জন্ম গ্রহণ করিব। যেহেতু আমরা অনাদি ও অনন্ত। অতএব বিশেষ মনোযোগ পূর্ব্বক ভাবিয়া দেখ, দেহ-নাশের সঙ্গে আত্মার বিনাশ হয় না। কেন না বর্ত্তমান সময়ে আমাদের পূর্ব্বদেহ বর্ত্তমান নাই, ভবিষ্যতেও এই দেহ থাকিবে না, কিন্তু যে আত্মা দেহাভিমানী হইয়া আমি ও আমার ইত্যাকার ব্যপদেশ লাভ করিয়াছেন, সেই আত্মা পূর্ব্বেও ছিলেন, এখনও আছেন, ভবিষ্যতেও থাকিবেন। আমি, তুমি এবং এই সকল রাজগণ প্রভৃতি উপাধি মাত্র ; তদুপহিত আত্মার স্থূল দেহনাশের সহিত বিনাশ হইবে না। ঘোরতর সঙ্কট স্থানে আসিয়া তন্নিমিত্ত তোমার অকারণ কেন এইরূপ শোক উপস্থিত হইতেছে? এতদ্দ্বারা দেহ অনাত্মা ও নশ্বর ইহা স্থির হইল।

ভগবদ্বাক্যের প্রতিবাদ স্বরূপে অর্জ্জুন যেন বলিতেছেন,—দেহ যদি আত্মাই না হয়, তবে দৈহিক পীড়া হইতে আত্মা কেন তজ্জনিত যন্ত্রণা ভোগ করে? লোকে বলে "চালে ভবতি কুষ্মাণ্ডো মহীমাতুর্গলে ব্যথা" অর্থাৎ চালের উপর কুষ্মাণ্ড হইয়াছে, কিন্তু তজ্জননী ধরণীর গলে ব্যথা হইতেছে। আপনার বাক্যগুলিও যেন তদ্রূপই অসঙ্গত বোধ হইতেছে। অর্জ্জুনের এই কল্পিত আশঙ্কা পরিহারার্থ ভগবান্ যেন বলিতেছেন,—হে আত্মমনাঃ অর্জ্জুন! তুমি নিশ্চয় জানিবে, আত্মা নিত্যশুদ্ধ মুক্তস্বরূপ, তাঁহার কখনও জরা-মরণাদিরূপ অবস্থান্তর হয় না; কেবল মাত্র সংসার-দশাতেই দেহাভিমানী, অর্থাৎ দেহের সহিত অভেদভাব প্রাপ্ত হইয়া, আমি স্থূল, আমি কৃশ, আমি বৃদ্ধ, আমি বালক ইত্যাদি পরিবর্ত্তনশীল দেহের ধর্ম্ম গ্রহণ করিয়া সুখ-দুঃখাদি অনুভব করেন। যেমন কোন ব্যক্তির শরীরে যক্ষ (ভূতযোনিবিশেষ) প্রবেশ করিলে, সেই ভূতাবিষ্ট শরীরের পীড়ায় দেহপতি আত্মার কোন কষ্টই অনুভব হয় না, কারণ তৎকালে দেহের সহিত আত্মার তাদাত্ম্য-বুদ্ধি (অভেদ বুদ্ধি) বিদূরিত হইয়া যায়, সুতরাং উক্ত ভূতাবিষ্ট দেহকে যন্ত্রণা প্রদান করিলে, তজ্জন্য যক্ষই পীড়িত হইয়া থাকে; কেন না তখন যক্ষই সেই দেহে প্রবেশ করিয়া ইহা আমার দেহ, আমিই এই দেহের স্বামী, ইত্যাকার অভিমানী হইয়া থাকে; সুতরাং সেই সময়ে যক্ষই দৈহিক সুখ দুঃখাদি অনুভব করে। এরূপ লৌকিক দৃষ্টান্ত দ্বারা ভগবান্ অর্জ্জুনকে বলিতেছেন, তুমিও তদ্রূপ ক্ষণভঙ্গুর স্থূল দেহকে আত্মরূপে কল্পনা করিয়া তাহার নাশে অনাদি নিত্য আত্মারও নাশ হইবে বলিয়া ভাবিতেছ। ইহা কেবল তোমার ভ্রান্তিমাত্র।

এই দেহই আত্মা, যদি এরূপই তোমার স্থির হইয়া থাকে, তবে এ দেহও তো পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফল ব্যতীত হইতে পারে না, কেননা কর্ম্মই দেহোৎপত্তির কারণ। যদি কর্ম্মফল ব্যতীত এই ভোগ-শরীর উৎপন্ন হওয়া সম্ভব হয়, তবে পূর্ব্বে অনুষ্ঠিত কাম্য কর্ম্ম সকল কোন প্রকার ফলোৎপাদন না করিয়া, বৃথা হইয়া পড়ে, আর জন্মান্তরে যে সকল বিষয়ের অভিলাষে কোন কর্ম্ম অনুষ্ঠিত হয় নাই, তাদৃশ বিষয় বিশেষেরও লাভ হইতে পারে। অর্থাৎ জন্মান্তরীম কর্ম্মকেই শরীরোৎপত্তির কারণ বলিয়া যদি স্বীকার না কর, তাহা হইলে তত্তৎকালে অনুষ্ঠিত কর্ম্ম সকলের ফলাফল কোথায় যাইবে? কর্ম্ম মাত্রই ফলপ্রসূ। বিশেষতঃ ফলাভিলাষে যে সকল কর্ম্ম অনুষ্ঠিত হইয়া থাকে, পরজন্মে তাহার ফলাগম স্বীকার না করিলে, তৎসমস্তকে নিষ্ফল বলিতে হয় এবং অতীত জীবনে যে সকল ফলের কখন কামনা করা হয় নাই, তাদৃশ অভিনব ফলাফল বর্ত্তমান জীবনে উপস্থিত হইয়া, অতীত জীবনের কর্ম্ম মাত্রকেই অনাবশ্যক ও নিষ্ফলরূপে প্রতীয়মান করিয়া দেয়। এই সকল কারণে প্রাচীন কর্ম্মই মনুষ্যাদি জন্মের কারণ বলিয়া স্বীকার করা আব-

শুক। বৃক্ষাদিরও প্রাচীন কর্ম্মই স্থাবরত্ব প্রাপ্তির হেতু বলিয়া অনুমান করিতে হইবে।

অপিচ যেমন ক্রিয়ার বিভিন্নতা বশতঃ, ঘট-সরাবাদি কার্য্য অর্থাৎ জন্য পদার্থ সকলও বিভিন্নরূপ আকার বিশিষ্ট হয়, তদ্রূপ জন্মান্তরীন কর্ম্মের বৈচিত্র্য হেতু, ইহ জন্মে ভিন্ন ভিন্ন রূপে সুখ-দুঃখাদি উৎপন্ন হইয়া থাকে, ইহাই বুঝিতে হইবে। বৎসগণ যেমন জন্মমাত্রই স্তনপানাদি ব্যাপারে প্রবৃত্ত হয়,এবং প্রাণীমাত্রই মরণ-ভয়ে সন্ত্রাসিত হয়, তখন নিশ্চয়ই বুঝিতে হইবে, পূর্ব্ব সংস্কারই প্রাণিদিগকে এরূপ অবস্থান্বিত করিয়া থাকে। অতএব প্রাচীন কর্ম্মই সুখ-দুঃখময় দেহের কারণ। কিন্তু এবংবিধ কর্ম্ম কোথা হইতে উৎপন্ন হইয়াছে? এই প্রশ্নের উত্তরে বলিতে হইবে যে, দেহ হইতেই কর্ম্মের উৎপত্তি হইয়াছে।

অধুনা বিবেচনা করিয়া দেখ, কর্ম্মজন্য দেহ, ও দেহজন্য কর্ম্ম, এইরূপে পরস্পর পরস্পরের কারণ। "কার্য্যের পূর্ব্বে কারণ নিয়তই থাকিবে।" এই নিয়মানুসারে পরস্পর কারণ ও কার্য্যরূপ কর্ম্ম এবং দেহের মধ্যে কে পূর্ব্বে হইয়াছে, তাহা স্থির করা দুরূহ ব্যাপার। বৃক্ষ হইতে ফল, না ফল হইতে বৃক্ষ এই উভয়ের মধ্যে কে অগ্রে জন্মিয়াছে, যেমন নিশ্চয় করা যায় না, তদ্রূপ দেহ ও কর্ম্ম এই উভয়েরও পৌর্ব্বাপর্য্য নিশ্চয় করা অসাধ্য। তখন বীজাঙ্কুরের ন্যায় * পরস্পর উভয়ই অনাদি বলিয়া সিদ্ধান্ত করিতে হইবে। অতএব দেহ-নাশে আত্ম-নাশ কখনই সম্ভব নহে। তুমি ভীষ্মাদির বিনাশ আশঙ্কা করিয়া অকারণ শোক করিতেছ। পূর্ব্বশ্লোকে 'গতাসূন্ অগতাসূন্' এই বিশেষণ দ্বারা আত্মা ও স্থূল দেহের পার্থক্য উক্ত হইয়াছে; এই শ্লোকে সূক্ষ্ম শরীরের নিত্যত্ব ও পার্থক্য উক্ত হইল।

…কার পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয়,অর্জ্জুন কৃত নিম্নলিখিত প্রশ্ন উত্থাপিত করিয়াছেন। "হে সখে শ্রীকৃষ্ণ! প্রেমাস্পদ ব্যক্তির …ণে নিরতিশয় শোক উপস্থিত হইয়া থাকে; অতএব আত্মা ও দেহ এতদুভয়ের মধ্যে কে প্রেমাস্পদ তাহা আমাকে বল।"এই কল্পিত প্রশ্নের উত্তরে ভগবান্ বলিতেছেন যে, শ্রীমদ্ভাগবতে (১০ম স্কন্ধ, ১৪ অধ্যায়, ৪৯ শ্লোক) শুকদেব বলিয়াছেন, হে রাজন্ সকল জীবের আত্মাই প্রীতির নিকেতন। আত্মা দ্বিবিধ,—জীবাত্মা,ও পরমাত্মা। উভয়ই নিত্য এবং মরণ রহিত; সুতরাং তজ্জন্য শোকের কোনই কারণ নাই। আমি পরমাত্মা পূর্ব্বে ছিলাম না, এমন নহে এবং এই রাজন্যবর্গও জীবাত্মা, তাঁহারাও পূর্ব্বে ছিলেন না, এমন নহে। প্রত্যুত আমরা সকলেই পূর্ব্বে ছিলাম। এতদ্দ্বারা আত্মার প্রাগ-

---

* বীজাঙ্কুর ন্যায়।—অগ্রে বীজ পরে অঙ্কুর, কিংবা অগ্রে অঙ্কুর পরে বীজ ইহার সিদ্ধান্ত না হওয়ায়, বীজাঙ্কুর-প্রবাহ অনাদি বলিয়া ন্যায়শাস্ত্রে স্বীকৃত হইয়াছে। ন্যায়-শাস্ত্রীয় কুসুমাঞ্জলি গ্রন্থের টীকায় ইহার প্রসঙ্গ আছে।

ভাববিহীনতা প্রদর্শিত হইল। অপিচ আমি, তুমি, বা এই নরপতি সমূহ পরে থাকিব না, এমনও নহে। প্রত্যুত আমরা সকলেই পরেও থাকিব। এতদ্দ্বারা আত্মার ধ্বংসবিহীনতা প্রদর্শিত হইল।

সেই ভব-জলধি-তরণীর কর্ণধার হৃষীকেশ, অর্জ্জুনকে বলিতে লাগিলেন —"হে সখে! তোমার এই ভ্রম নিতান্ত অমূলক। তুমি যদি সামান্য বিবেচনা করিয়া দেখ, তাহা হইলেই বুঝিতে পারিবে, আত্মা জন্ম-মরণ-বিরহিত নিত্য পদার্থ। লীলাচ্ছলে আমি স্বয়ং কখন কখন অবনীধামে আবির্ভূত হই এবং লীলা-সমাপ্তির পর আবার তিরোহিত হই; কিন্তু আমি বিশ্ব-স্রষ্টা, বিশ্ব-পাতা, বিশ্বেশ্বর, জনন-মরণ-রহিত পরম নিত্য পুরুষ। সুতরাং আমার আবির্ভাব দেখিয়া তৎপূর্ব্বে আমি ছিলাম না, বা আমার তিরোভাব দেখিয়া তৎপরে আমি আর থাকিব না, এরূপ মীমাংসা করা নিতান্ত অসঙ্গত। সকলেই সেই পরমাত্মার অংশ। ঘটাদিতে যে আকাশ আছে, তাহা সুবিস্তৃত শূন্যের অংশ মাত্র। ঘটাদির আকৃতি অনুসারে তদন্তর্গত আকাশের বিভিন্নতা লক্ষিত হয়। ঘটের ধ্বংস হইলে অন্তর্ভূত আকাশ কখন ধ্বংস হয় না, তাহা যে আকাশ সেই আকাশই থাকে; তদ্রূপ এই মানবদেহাশ্রিত আত্মার দেহনাশে বিলয় হয় না, তাহা যে পরমাত্মা সেই পরমাত্মাই থাকে। দেহের পরিচয়ে তাহার স্বতন্ত্র পরিচয় হইলেও, তাহা চিরদিন যে দেহাতীত পদার্থ, সেই দেহাতীত পদার্থই থাকে। (পূজ্যপাদ ভগবান্ শঙ্করাচার্য্য এই দৃষ্টান্তের উল্লেখ করিয়াছেন।) সুতরাং তুমিও ছিলে না, বা থাকিবে না, একথা নিতান্ত ভ্রমাত্মক এবং এই স্থলে সমবেত এই নরপতিগণ ছিলেন বা থাকিবেন না এ কথাও তদ্রূপ ভ্রমাত্মক। অতএব হে শোক-মুগ্ধ সখে! তোমার এই শোক-মোহ নিতান্ত অকারণ-সম্ভূত। নাশ-রহিত আত্মার বিনাশভয়ে অবসন্ন হইয়া তুমি কেবল পণ্ডিত-সমাজে হাস্যাস্পদ হইতেছ মাত্র।

অনন্ত কাল-সাগরে ভাসমান আত্মা নানারূপ কর্ম্মফলে নানারূপ আকার ধারণ করিয়া নিরন্তর উন্নতি বা অবনতির অভিমুখে প্রধাবিত হইতেছে। সুকৃতি ও দুষ্কৃতি হেতু বারবার তাহার বিভিন্ন মূর্ত্তি হইতেছে এবং বিবিধ বাহ্যাবস্থান্তর ঘটিতেছে; কিন্তু তাহার নাশ হইতেছে না। অতএব তাদৃশ আত্মার নিমিত্ত শোক করা কখনই বুদ্ধিমান্ ও বিবেকী ব্যক্তির কর্ত্তব্য

নহে। কালস্রোত অবিশ্রান্ত প্রবাহিত হইতেছে। জড় দেহধারী মানব সেই কালকে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই তিন ভাগে বিভক্ত করিয়াছে। আত্মা সেই তিন কালেই আত্মস্বরূপে ও নিত্য ভাবে বিরাজিত। জ্ঞানাঞ্জন-শলাকা সহকারে অজ্ঞানান্ধকার বিদূরিত করিয়া, একবার আত্মতত্ত্ব পর্য্যালোচনায় প্রবৃত্ত হও, হিতৈষিণী প্রজ্ঞার সহায়তায় একবার দারুণ তমসাচ্ছন্ন বিগতানাগত সময় স্বরূপ সুবিশাল ক্ষেত্রে আত্মান্বেষণ করিয়া দেখ দেখি। দেখিবে সেই সুদূর ভবিষ্যতেও এই তুমি, এই রাজগণ এবং এই আমি অবিরত কর্ম্মের সেবায় বিনিযুক্ত রহিয়াছি; আরও বুঝিবে, এই সময়ে জীবনান্ত হইলেও, যাঁহাদের নিমিত্ত তুমি অধুনা যৎপরোনাস্তি শোক-বিহ্বল হইতেছ, তোমার সেই পরম প্রেমাস্পদ কোন সুহৃদই বিনষ্ট হন নাই। দেখিবে কাল-সাগরের অনন্ত বেলাভূমিতে অভিনব কলেবর সম্পন্ন হইয়া, সকলেই বিভিন্নভাবে ক্রীড়াশীল। অতএব হে অভিন্ন-হৃদয় বান্ধব! তুমি কাহার নিমিত্ত শোক-নিমগ্ন হইয়া, অদ্য অবনীমণ্ডলে অনপনেয় কলঙ্ক-কালিমায় স্বকীয় সুনির্ম্মল কীর্ত্তি-কলাপ সমাচ্ছন্ন করিতে সমুদ্যত হইয়াছ? ॥ ১২ ॥

——(০:০:০)——

দেহিনোঽস্মিন্ যথা দেহে কৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তরপ্রাপ্তির্ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩ ॥

অন্বয়।—যথা (যেন প্রকারেণ) দেহিনঃ (দেহবতঃ) অস্মিন্ দেহে (বর্ত্তমানে শরীরে) কৌমারং (কুমারভাবঃ) যৌবনং (মধ্যমাবস্থা) জরা (বার্দ্ধক্যাবস্থা) তথা (তদ্বৎ) দেহান্তর-প্রাপ্তিঃ (ভিন্নশরীরোৎপত্তিঃ) ধীরঃ (ধীমান্ জনঃ) তত্র (তয়োঃ দেহনাশোৎপত্ত্যোঃ) ন মুহ্যতি (শোকমাপ্নোতি) ॥ ১৩ ॥

প্রতিশব্দ।—যে প্রকার শরীরধারিগণের এই শরীরে কুমারভাব যুবকভাব বার্দ্ধক্যভাব সেইরূপ শরীরান্তরের উৎপত্তি তাহাতে শান্তস্বভাব-মানব শোক-করেন না ॥ ১৩ ॥

ব্যাখ্যা।—মনুষ্যগণের দেহে যেমন বাল্য, যৌবন ও বৃদ্ধাবস্থা

ঘটিয়া থাকে, জন্মজনিত দেহনাশ ও মৃত্যুজনিত দেহান্তরপ্রাপ্তি তদ্রূপ জানিয়া সুধীর মানবগণ তজ্জন্য একটুও শোকাভিভূত হন না॥ ১৩॥

শঙ্করাচার্য্য।—তত্র কথমিব নিত্য আত্মেতি দৃষ্টান্তমাহ দেহিন ইতি। দেহোঽস্যাস্তীতি দেহী তস্য দেহিনো দেহবতঃ আত্মনঃ অস্মিন্ বর্ত্তমানে দেহে, যথা যেন প্রকারেণ, কৌমারং কুমারভাবো বাল্যাবস্থা, যৌবনং যুনো ভাবো মধ্যমাবস্থা, জরা বয়োহানির্জীর্ণাবস্থা ইত্যেতাস্তিস্রোঽবস্থা অন্যোন্যবিলক্ষণাস্তাসাং প্রথমাবস্থানাশেন নাশো দ্বিতীয়াবস্থোপজননেনোপজননমাত্মনঃ, কিং তর্হি অবিক্রিয়স্যৈব দ্বিতীয়াতৃতীয়াবস্থাপ্রাপ্তিরাত্মনো দৃষ্টা যথা, তদ্বদেব দেহাদন্যো দেহো দেহান্তরং তস্য প্রাপ্তির্দেহান্তরপ্রাপ্তিরবিক্রিয়স্যৈবাত্মন ইত্যর্থঃ। ধীরো ধীমাংস্তত্রৈবং সতি ন মুহ্যতি ন মোহমাপদ্যতে॥ ১৩॥

আনন্দগিরি।—নন্বু পূর্ব্বং দেহং বিহায়াপূর্ব্বং দেহমুপাদানস্য বিক্রিয়াবত্ত্বেনোৎপত্তিবিনাশবত্ত্ববিভ্রমঃ সমুত্তবেদিতি শঙ্কতে তত্রেতি। অশোচ্যত্বপ্রতিজ্ঞায়াং নিত্যত্বে হেতুরুক্তে সতীতি যাবৎ। অবস্থাভেদে সত্যপি বস্তুতো বিক্রিয়াভাবাদাত্মনো নিত্যত্বমুপপন্নমিত্যুত্তরশ্লোকেন দৃষ্টান্তাবষ্টম্ভেন প্রতিপাদয়তীত্যাহ দৃষ্টান্তমিতি। ন কেবলমাগমাদেবাত্মনো নিত্যত্বং কিন্ত্ববস্থান্তরবজ্জন্মান্তরে পূর্ব্বসংস্কারানুবৃত্তেশ্চেত্যাহ দেহিন ইতি। দেহবত্ত্বং তস্মিন্নহংমমাভিমানভাবত্ত্বং, (তাসামিতি নির্দ্ধারণে ষষ্ঠী) আত্মনঃ প্রত্যভিজ্ঞানং, ধীমানিত্যত্র ধীর্ব্বিবক্ষ্যতে এবং সতীতি তত্ত্বতো বিক্রিয়াভাবান্নিত্যত্বে সমধিগতে সতীত্যর্থঃ॥ ১৩॥

রামানুজ।—একস্মিন্ দেহে বর্ত্তমানস্য দেহিনঃ কৌমারাবস্থাং বিহায় যৌবনাদ্যবস্থাপ্রাপ্তাবাত্মনঃ স্থিরত্ববুদ্ধ্যা যথাত্মা নষ্ট ইতি ন শোচতি দেহাদ্দেহান্তরপ্রাপ্তাবপি তথৈব স্থির আত্মেতি বুদ্ধিমান্ ন শোচতি। অত আত্মনাং নিত্যত্বাদাত্মনো ন শোকস্থানম্। এতাবদত্র কর্ত্তব্যং, আত্মনাং নিত্যানামেবানাদিকর্ম্মবশতয়া তত্তৎকর্ম্মোচিতদেহসংস্পৃষ্টানাং তৈরেব দেহৈর্বন্ধনিবৃত্তয়ে শাস্ত্রীয়ং স্ববর্ণোচিতং যুদ্ধাদিকমনভিসংহিতফলং কর্ম্ম কুর্ব্বতামিন্দ্রিয়ৈরবর্জ্জনীয়তয়া ইন্দ্রিয়ার্থস্পর্শাঃ শীতোষ্ণাদিপ্রযুক্তসুখদুঃখাদ্যা আবির্ভবন্তি, তে তু যাবচ্ছাস্ত্রীয়কর্ম্মসমাপ্তি ক্ষন্তব্যা, ইতীমমর্থমনন্তরমেবাহ॥ ১৩॥

হনুমান্।—অত্রোচিতং দৃষ্টান্তমাহ দেহিন ইতি। দেহিনো দেহবতঃ, স্বস্মিন্ বর্ত্তমানে দেহে যথা কৌমারং কুমারভাবং, যৌবনং যুনো ভাবঃ, জরা বৃদ্ধত্বং, তথা তদ্বৎ, দেহান্তরপ্রাপ্তিঃ, ধীরো ধীমান্, তত্র ন মুহ্যতি ন মোহং গচ্ছতি, যথা অস্মিন্ দেহে কৌমারং যৌবনং জরা স্বাত্মনো ভেদ এব ভিন্না শরীরাবস্থা এবং শরীরাণীত্যর্থঃ॥ ১৩॥

শ্রীধর।—নন্বীশ্বরস্য তব জন্মাদিশূন্যত্বং সত্যমেব, জীবানান্তু জন্মমরণে প্রসিদ্ধে, তত্রাহ দেহিন ইত্যাদি। দেহাভিমানিনো জীবস্য যথাস্মিন্ স্থূলদেহে কৌমারাদ্যবস্থাস্তদ্দেহনিবন্ধনা এব ন তু স্বতঃ, পূর্ব্বাবস্থানাশেঽবস্থান্তরোৎপত্তাবপি স এবাহমিতি প্রত্যভিজ্ঞানাৎ। তথৈব এতদ্দেহনাশে দেহান্তরপ্রাপ্তিরপি লিঙ্গদেহনিবন্ধনৈব, ন তু তাবদাত্মনোনাশঃ, জাতমাত্রস্য পূর্ব্ব-

সংস্কারেণ স্তন্যপানাদৌ প্রবৃত্তিদর্শনাৎ। অতো ধীরো ধীমান্, তত্র তয়োর্দেহনাশোৎপত্ত্যোর্ন মুহ্যতি। আত্মৈব মৃতো জাতশ্চেতি ন মন্যতে॥ ১৩॥

বলদেব ।—নন্বু ভীষ্মাদিদেহাবচ্ছিন্নানামাত্মনাং নিত্যত্বেঽপি তদ্দেহানাং তদ্ভোগায়তনানাং নাশে যুক্তঃ শোক ইতি চেৎ তত্রাহ দেহিনোঽস্মিন্নিতি। ত্রৈকালিকা বহবো দেহা যস্য সন্তি তস্য দেহিনো জীবস্যাস্মিন্ বর্ত্তমানে দেহে ক্রমাৎ কৌমারযৌবনজরাখ্যাস্তিস্রোঽবস্থা ভবন্তি। তাসামাত্মসম্বন্ধিনাং তদ্ভোগোপযুক্তানাং পূর্ব্বপূর্ব্ববিনাশেন পরপরপ্রাপ্তৌ যথা ন শোকস্তথৈব তদ্দেহবিনাশে সতি দেহান্তরপ্রাপ্তির্ভবিষ্যতীতি। তথাচ ভীষ্মাদীনাং জরিতদেহনাশে নব্যদেহপ্রাপ্তিঃ, যযাতিযৌবনপ্রাপ্তিন্যায়েন হর্ষহেতুরেবেতি ন তদ্দেহবিনাশহেতুকঃ শোকস্তবোচিত ইতি ভাবঃ। ধীরো ধীমান্ দেহস্বভাবজীবকর্ম্মবিপাকস্বরূপজ্ঞঃ। অত্র দেহিন ইত্যেক বচনং জাত্যভিপ্রায়েণ বোধ্যং, পূর্ব্বত্রাত্মবহুত্বোক্তেঃ। অত্রাহুঃ এক এব বিশুদ্ধাত্মা, তস্যাবিদ্যাপরিচ্ছিন্নস্য তস্যাং প্রতিবিম্বিতস্য বা নানাত্মত্বম্। শ্রুতিশ্চৈবমাহ, "আকাশমেকং হি যথা ঘটাদিষু পৃথগ্ ভবেৎ। তথাত্মৈকো হ্যনেকস্থো জলাধারেষ্বিবাংশুমান্" ইতি। তদ্বিজ্ঞানেন তস্য বিনাশে তু তন্নানাত্বনিবৃত্ত্যা তদৈক্যং সিধ্যতীত্যেকবচনেন এতৎ পার্থসারথিরাহেতি। তন্মন্দং, জড়য়া তয়া চৈতন্যরাশেশ্ছেদাসম্ভবাৎ তৈরপি তদ্বিষয়ত্বানঙ্গীকারাচ্চ। বাস্তবে চ্ছেদে বিকারিত্বাদ্যাপত্তিঃ, টঙ্কচ্ছিন্নপাষাণবৎ স্যাৎ। নীরূপস্য বিভোঃ প্রতিবিম্বাসম্ভবাচ্চ। অন্যথাকাশদিগাদীনাং তদাপত্তিঃ। ন চ প্রতীত্যন্যথানুপপত্তিরেবাকাশস্য প্রতিবিম্বে মানং তদ্বর্ত্তিগ্রহনক্ষত্রপ্রভামণ্ডলং তস্যৈবাম্ভসি ভাসমানত্বেন প্রতীতেঃ। "আকাশমেকং হি" ইতি শ্রুতিশ্চ পরমাত্মবিষয়া তস্যাকাশবৎ সূর্য্যবচ্চ বহুবৃত্তিকত্বং বদতীত্যবিরুদ্ধম্। ন চাত্মৈক্যস্যোপদেষ্টা সম্ভবতি। স হি তত্ত্ববিন্ন বা আদ্যেঽদ্বিতীয়মাত্মানং বিজানতস্তস্যোপদেশ্যাপরিস্ফূর্ত্তিঃ। অন্ত্যে ত্বজ্ঞত্বাদেব নাত্মজ্ঞানোপদেষ্টৃত্বম্। বাধিতানুবৃত্ত্যাশ্রয়ণন্তু পূর্ব্বনিরস্তম্॥ ১৩॥

মধুসূদন।—নন্বু দেহমাত্রং চৈতন্যবিশিষ্টমাত্মেতি লোকায়তিকাঃ। তথাচ স্থূলোঽহং গৌরোঽহং গচ্ছামি চেত্যাদি প্রত্যক্ষপ্রতীতানাং প্রমাণ্যমনপোহিতং ভবিষ্যতি অতঃ কথং দেহাদাত্মনো ব্যতিরেকঃ? ব্যতিরেকেঽপি কথং বা জন্মবিনাশশূন্যত্বং? জাতো দেবদত্তো মৃতো দেবদত্ত ইতি প্রতীতের্দ্দেহজন্মনাশাভ্যাং সহাত্মনোঽপি জন্মবিনাশোপপত্তিরিত্যাশঙ্ক্যাহ দেহিন ইতি। দেহাঃ সর্ব্বে ভূতভবিষ্যদ্বর্ত্তমানা জগন্মণ্ডলবর্ত্তিনোঽস্য সন্তীতি দেহী একস্যৈব বিভুত্বেন সর্ব্বদেহযোগিত্বাৎ সর্ব্বত্র চেষ্টোপপত্তের্ন প্রতিদেহমাত্মভেদে প্রমাণমস্তীতি সূচয়িতুমেকবচনম্, সর্ব্বে বয়মিতি বহুবচনন্তু পূর্ব্বদেহভেদানুবৃত্ত্যা, ন ত্বাত্মভেদাভিপ্রায়েণেতি ন দোষঃ। তস্য দেহিন একস্যৈব সতোঽস্মিন্ বর্ত্তমানে দেহে যথা কৌমারং যৌবনং জরেত্যবস্থাত্রয়ং পরস্পরবিরুদ্ধং ভবতি, ন তু তদ্ভেদেনাত্মভেদঃ, য এবাহং বাল্যে পিতরাবন্বভূবং স এবাহং বার্দ্ধক্যে প্রণপ্তৄননুভবামীতি দৃঢ়তরপ্রত্যভিজ্ঞানাৎ। অন্তর্নিষ্ঠসংস্কারস্য চান্যত্রানুসন্ধানাজনকত্বাৎ, তথা তেনৈব প্রকারেণাবিকৃতস্যৈব সত আত্মনো দেহান্তরপ্রাপ্তিঃ এতস্মাদ্দেহাদত্যন্তবিলক্ষণং দেহপ্রাপ্তিঃ, স্বপ্নে যোগৈশ্বর্য্যে চ তদ্দেহভেদানুসন্ধানেঽপি স এবাহমিতি প্রত্যভিজ্ঞানাৎ।

তথাচ যদি দেহ এবাত্মা ভবেৎ তদা কৌমারাদিভেদেন দেহে ভিদ্যমানে প্রতিসন্ধানং ন স্যাৎ, অথ তু কৌমারাদ্যবস্থানামত্যন্তবৈলক্ষণ্যেঽপ্যবস্থাবতো দেহস্য যাবৎ "প্রত্যভিজ্ঞং বস্তুস্থিতি" ইতি ন্যায়েনৈক্যং ব্রূয়াৎ, তদাপি স্বপ্নযোগৈশ্বর্য্যয়োর্দেহধর্ম্মভেদে প্রতিসন্ধানং ন স্যাদিত্যু-ভয়োদাহরণং, অতো মরুমরীচিকাদাবুদকাদিবুদ্ধেরিব স্থূলোঽহমিত্যাদিবুদ্ধেরপি ভ্রমত্বমবশ্যমভ্যু-পেয়ং, বাধস্তোভয়ত্রাপি তুল্যত্বাৎ। এতচ্চ "ন জায়তে" ইত্যাদৌ প্রপঞ্চয়িষ্যতে। এতেন দেহাদ্ব্যতিরিক্তো দেহেন সহোৎপদ্যতে বিনশ্যতি চেতি পক্ষোঽপি প্রত্যুক্তঃ, তত্রাবস্থাভেদে প্রত্যভিজ্ঞোপপত্তাবপি ধর্ম্মিণো দেহস্য ভেদে প্রত্যভিজ্ঞানুপপত্তেঃ। অথবা যথা কৌমারাদ্যবস্থা-প্রাপ্তিবিক্রিতস্যাত্মন একস্যৈব, তথা দেহান্তরপ্রাপ্তিরেতস্মাদ্দেহাদুৎক্রান্তৌ তত্র স এবাহমিতি প্রত্যভিজ্ঞানাভাবেঽপি জাতমাত্রস্য হর্ষশোকভয়াদিসম্প্রতিপত্তেঃ, পূর্ব্বসংস্কারজন্যায়াদর্শনাৎ, অন্যথা স্তন্যপানাদৌ প্রবৃত্তির্নস্যাৎ। তস্যা ইষ্টসাধনতাদিজ্ঞানজন্যত্বস্যাদৃষ্টমাত্রজন্যত্বস্য চাভ্যুপ গমাৎ। তথাচ পূর্ব্বাপরদেহয়োরাত্মৈক্যসিদ্ধিঃ, অন্যথা কৃতনাশাকৃতাভ্যাগমপ্রসঙ্গাদিত্যন্য বিস্তরঃ। কৃতয়োঃ পুণ্যপাপয়োর্ভোগমন্তরেণ নাশঃ কৃতনাশঃ, অকৃতয়োঃ পুণ্যপাপয়োরকস্মাৎ ফলদাতৃত্বমকৃতাভ্যাগমঃ। অথবা দেহিন একস্যৈব তব যথাক্রমেণ দেহাবস্থোৎপত্তিবিনাশয়োর্ন ভেদো নিত্যত্বাৎ, তথা যুগপৎ সর্ব্বদেহান্তরপ্রাপ্তিরপি তবৈকস্যৈব বিভুত্বাৎ, বিশুদ্ধাত্মনো মধ্যমপরিমাণত্বে সাবয়বত্বেন বিনাশিত্বাৎ, অণুপরিমাণত্বে সকলদেহব্যাপিসুখাদ্যনুপলব্ধিপ্রসঙ্গাৎ, বিভুত্বে নিশ্চিতে সর্ব্বত্র দৃষ্টকার্য্যত্বাৎ সর্ব্বশরীরেষেক এবাত্মা ত্বমিতি নিশ্চিতোঽর্থঃ। তত্রৈবং সতি বধ্যঘাতকভেদকল্পনয়া ত্বমধীরত্বাৎ মুহ্যসি, ধীরস্তু বিদ্বান্ ন মুহ্যতি, অহমেষাং হন্তা এতে মম বধ্যা ইতি ভেদদর্শনাভাবাৎ। তথাচ বিবাদগোচরাপন্নাঃ সর্ব্বে দেহাঃ একভোক্তৃকাঃ দেহত্বাৎ তদ্দেহবদিতি। শ্রুতিরপি "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা" ইত্যাদি। এতেন যদাহু "দেহমাত্রমাত্মা" ইতি চার্ব্বাকাঃ, "ইন্দ্রিয়াণি মনঃ প্রাণশ্চ" ইতি তদেকদেশিনঃ, "ক্ষণিকং বিজ্ঞানম্" ইতি সৌগতাঃ, "দেহাতিরিক্তঃ স্থিরো দেহপরিমাণঃ" ইতি দিগম্বরাঃ, মধ্যমপরিমাণস্য নিত্যত্বানুপপত্তেঃ, "নিত্যোঽণুঃ" ইত্যেকদেশিনঃ, তৎ সর্ব্বমপাকৃতং ভবতি নিত্যত্ববিভুত্বস্থাপনাৎ॥ ১৩॥

নীলকণ্ঠ।—যদ্যপ্যেবং তথাপীষ্টদেহবিয়োগজঃ শোকো ভবত্যেবেত্যাশঙ্ক্যাহ দেহিন ইতি। দেহস্থূলসূক্ষ্মৌ বিদ্যেতে যস্য স দেহী চিদাত্মা তস্য যথাস্মিন্ স্থূলশরীরে কৌমারাদ্যবস্থাসু দেহভেদেঽপি এক এবাহং বাল ইতি আসমিদানীং বৃদ্ধোঽস্মীত্যভেদপ্রত্যভিজ্ঞানাদৈক্যং বালাদিশরীরেভ্যোঽন্যত্বঞ্চ ব্যাবৃত্তেভ্যোঽনুবৃত্তং ভিন্নং, কুসুমেভ্যঃ সূত্রমিবেতি ন্যায়াৎ। এবং দেহান্তরপ্রাপ্তিরপি স্থূলাচ্ছরীরাদন্যেষাং লিঙ্গশরীরাণাং সূক্ষ্মাণাং স্থূলশরীরানুকারিণাং প্রাপ্তিঃ। অয়মর্থঃ যথা একমপি স্থূলং শরীরং কৌমারাদ্যবস্থাভেদাদনেকরূপম্ এবং নিত্যমপি লিঙ্গশরীরং প্রাণিকর্ম্মভেদাৎ সুরনরতির্য্যগাদ্যবস্থাভেদাদনেকং ভবতি ততশ্চোক্তং ন্যায়েন স্থূলাদিবৎ সূক্ষ্মাদপি শরীরাদাত্মা বিবিক্ত এব, এবঞ্চ শোকাদিধর্ম্মিণো লিঙ্গাদপি বিভিন্নস্য তব ইষ্টবিয়োগজঃ শোকোঽপি ন যুক্তঃ, অতএব তত্র তস্মিন বিষয়ে ধীরো ন মুহ্যতি আভিমানিকৌ শোকমোহৌ

দেহদ্বয়াভিমানত্যাগাদ্বীরং ন বাধেতে, অতস্তমপি ধীরো ভবেদিতি ভাবঃ। পূর্ব্বশ্লোকয়োর্গতা-সূনিত্তি বয়মিতি চ বহুবচনমুপাধিভেদাভিপ্রায়ং, অত্র তু দেহিন ইত্যেকবচনং, উপধেয়-চিদ্যাত্মৈক্যাভিপ্রায়মিতি জ্ঞেয়ম্। তথাচ শ্রুতিরেকস্যাত্মন ঔপাধিকং ভেদমাহ, যথা; "স্বয়ং জ্যোতিরাত্মা বিবস্বানপো ভিন্নো বহুধৈকোঽনুগচ্ছন্ উপাধিনা ক্রিয়তে ভেদরূপো দেবঃ ক্ষেত্রেষ্বেবমজোঽয়মাত্মা" ইতি, ক্ষেত্রেষু বক্ষ্যমাণলক্ষণেষু স্থূলসূক্ষ্মদেহদ্বয়াত্মকেষু "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি চ, একত্বাচ্চ বিভুত্বমপ্যস্য সিদ্ধং। তেন দেহাদানামনিত্যানামবিভূনাঞ্চ পরাভিমতমাত্মত্বং প্রত্যাখ্যাতং বেদিতব্যম্ ॥ ১৩ ॥

বিশ্বনাথ।—নন্বাত্মসম্বন্ধেন দেহোঽপি প্রীত্যাস্পদং স্যাৎ দেহসম্বন্ধেন পুত্রভ্রাত্রাদ-য়োঽপি তৎসম্বন্ধেন নপ্ত্রাদয়োঽপি অতস্তেষাং নাশে শোকঃ স্যাদেবেতি চেদত আহ দেহিন ইতি। দেহিনো জীবস্যাস্মিন্ দেহে কৌমারং কৌমারপ্রাপ্তির্ভবতি; ততঃ কৌমারনাশা-নন্তরং যৌবনপ্রাপ্তিঃ, যৌবননাশানন্তরং জরাপ্রাপ্তির্যথা, তথা এব দেহান্তরপ্রাপ্তিরিতি। তত্রাত্মসম্বন্ধিনাং কৌমারাদীনাং প্রীত্যাস্পদানাং নাশে যথা শোকো ন ক্রিয়তে, তথা দেহস্যাপ্যাত্মসম্বন্ধিনঃ প্রীত্যাস্পদস্য নাশে শোকো ন কর্ত্তব্যঃ। যৌবনস্য নাশে জরাপ্রাপ্তৌ শোকো জায়ত ইতি চেৎ কৌমারস্য নাশে যৌবনপ্রাপ্তৌ হর্ষোঽপি জায়তে ইতি। অতো ভীষ্মদ্রোণাদীনাং জীর্ণদেহনাশে খলু নব্যদেহান্তরপ্রাপ্তৌ তর্হি হর্ষঃ ক্রিয়তামিতি ভাবঃ। যদ্বা একস্মিন্নপি দেহে কৌমারাদীনাং যথাপ্রাপ্তিস্তথৈবৈকস্যাপি দেহিনো জীবস্য নানাদেহানাং প্রাপ্তিরিতি ॥ ১৩ ॥

তাৎপর্য্য।—পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি ও শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায় নিম্নে প্রকটিত হইতেছে। আত্মা পূর্ব্বদেহ পরিত্যাগ পূর্ব্বক অপূর্ব্ব দেহ পরিগ্রহ করে বলিয়া আত্মাকে বিকারী বলিতে, এবং তাহাতে উৎপত্তি ও বিনাশত্ব দোষের আরোপ করিতে পার না; কারণ আত্মা নিত্য।

আত্মা-দেহী। দেহ এবং দেহী উভয়েই এক পদার্থ নহে। যাঁহার দেহ আছে তিনিই দেহী। দেহ পরিণামশীল, দেহী পরিণাম-বিহীন। বাল্য, যৌবন এবং বার্দ্ধক্য দশারূপ পরিণামত্রয় দেহেরই হইয়া থাকে। আরও দেখ, দেহীর এই বর্ত্তমান দেহে যেমন বাল্য অবস্থার নাশে যৌবন অবস্থার সমাগম, যৌবনের অপগমে বার্দ্ধক্যের সমাগম, সেইরূপ এক দেহ নাশের অনন্তর আত্মার দেহান্তর-প্রাপ্তি। দেহী আত্মার দেহপ্রাপ্তিই বা কি? অজ্ঞান বশতঃ নশ্বর দেহে আমি আমার ইত্যাকার অভিমান-ভাব ব্যতীত অপর কিছুই ত নহে।

দেহ নাশ পায়,অতএব অনিত্য, এবং দেহী নাশ পায় না,অথচ আবার দেহ আশ্রয় করে, অতএব নিত্য। শ্রুতি-স্মৃতি প্রমাণ ভিন্ন সদ্যঃপ্রসূত শিশুর স্তন-পান জন্য প্রবৃত্তিও এ বিষয়ে বিশেষ সাক্ষ্য প্রদান করে। নবজাত শিশুকে কেহ স্তনপান করিতে শিখায় না; সে, পূর্ব্বজন্ম-সংস্কার বশতঃ, আপনা আপনিই স্তনপানে প্রবৃত্ত হয়। অতএব এ সমস্ত বিষয় বেশ বুঝিতে পারিলে, কোন বুদ্ধিমানেরই এরূপ সাধারণ-জন-সুলভ (আত্মা জাত ও মৃত এইরূপ) মোহ প্রকাশ করা ভাল দেখায় না।

শ্রীমদ্ভাগবতে এ বিষয়ের একটি সুন্দর দৃষ্টান্ত প্রদত্ত হইয়াছে। যথা; "দেহে পঞ্চত্বমাপন্নে দেহী কর্ম্মানুগোঽবশঃ। দেহান্তরমনুপ্রাপ্য প্রাক্তনং ত্যজতে বপুঃ॥ ব্রজংস্তিষ্ঠন্ পদৈকেন যথৈবৈকেন গচ্ছতি। যথা তৃণজলৌকেবং দেহী কর্ম্মগতিং গতঃ॥" (ভা। ১০। ১। ২৭, ২৮)। অর্থাৎ যেরূপ গমনশীল ব্যক্তি অগ্রপদ সম্মুখস্থ ভূমিভাগে স্থাপন করিয়া, পরে পশ্চাৎপদ উত্তোলন করিয়া ভূপৃষ্ঠে স্থাপন করতঃ গমন করে; অথবা যেরূপ তৃণবিচারী জলুকা (ছিনে জোঁক) অগ্রবর্ত্তী একটি তৃণকে আশ্রয় করিয়া, পরে পূর্ব্বাশ্রিত তৃণকে পরিত্যাগ করে; দেহ পঞ্চত্ব প্রাপ্ত হইলে কর্ম্মবশে দেহীও তদ্রূপ আর একটি নবীন দেহকে আশ্রয় করিয়া, পূর্ব্বাশ্রিত দেহ পরিত্যাগ করে। বস্তুতঃ তৃণের সহিত জলৌকার আশ্রয় ব্যতীত অন্য কোনও প্রকার সম্বন্ধ নাই; আত্মা বা দেহীরও দেহের সহিত আশ্রয় ব্যতীত অন্যবিধ সম্বন্ধ নাই। তৃণের বিকার বা নাশে জলৌকার বিকার বা নাশ যেরূপ অসম্ভব, দেহের বিকার বা নাশে আত্মার বিকারও সেইরূপই অসম্ভব।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহাশয়ের অভিপ্রায়। অর্জ্জুন! তুমি যদি লোকায়ত শাস্ত্রের মত অবলম্বন পূর্ব্বক বল যে, "চৈতন্যবিশিষ্ট দেহমাত্রই আত্মা"; কারণ চৈতন্যবিশিষ্ট দেহমাত্রকে আত্মা বলিয়া স্বীকার করিলে, "আমি স্থূল" "আমি গৌর" "আমি গমন করিতেছি" ইত্যাদি প্রত্যক্ষ প্রতীতি (জ্ঞান) সমূহের প্রামাণ্য কোনও রূপে দূরীকৃত হইবে না; অতএব দেহ হইতে আত্মার পার্থক্য কিরূপে সম্ভব হইতে পারে? আর আত্মা দেহ হইতে ব্যতিরিক্ত হইলেও তাহার জন্ম ও বিনাশ শূন্যত্বই বা কিরূপে সম্ভব হইতে পারে? কারণ "দেবদত্ত জাত" "দেবদত্ত মৃত" এই

প্রকার প্রতীতি বশতঃ অর্থাৎ এই প্রকার জ্ঞান হয় বলিয়া, দেহের জন্ম ও নাশের সহিত আত্মারও জন্ম ও নাশ উপপাদিত হয়।

আমি বলি, তোমার এরূপ কথা অতি অসমীচীন। কারণ আত্মা "দেহী"। এই জগতে যত প্রকার দেহ হইয়াছে, হইতেছে বা হইবে, সেই সমস্ত দেহ যাঁহার আছে তিনিই "দেহী"। "দেহী" একমাত্র অদ্বিতীয় বিভু (সর্ব্বব্যাপক) বলিয়া, সর্ব্বদেহেই তাঁহার ব্যাপ্তি আছে, এবং সেই হেতু অর্থাৎ "দেহী" সর্ব্বদেহ ব্যাপক বলিয়া তাঁহার চেষ্টা (ক্রিয়া) সর্ব্বত্রই উপপাদিত হয়; অতএব তৎকথিত "প্রতিদেহে ভিন্ন ভিন্ন আত্মা" কখনও প্রমাণ স্বরূপে পরিগৃহীত হইতে পারে না।

এস্থলে পূর্ব্বোক্ত কারণেই "দেহী" এই পদ একবচনে প্রযুক্ত হইয়াছে। পূর্ব্ব শ্লোকে "সর্ব্বে বয়মতঃ পরম" এই বাক্যের মধ্যস্থিত "সর্ব্বে বয়ং" এই দুইটী পদ, পূর্ব্বদেহ-জনিত ভেদ অবলম্বন করিয়াই, বহুবচনান্তরূপে প্রযুক্ত হইয়াছে। বহুবচন প্রয়োগের উদ্দেশ্য আত্মার বহুত্ব নহে, অতএব এরূপ বহুচন প্রয়োগ দোষযুক্ত নহে। আত্মা একই।

অর্জ্জুন! কেন যে আত্মা প্রতি দেহে ভিন্ন ভিন্ন হইতে পারেন না, সে বিষয়ে আরও হেতুবাদ নির্দ্দেশ করিতেছি শ্রবণ কর। অন্য-নিষ্ঠ সংস্কার কখনও অন্যত্র অনুসন্ধানের (স্মৃতির) জনক হইতে পারে না; অর্থাৎ আমার হৃদয়ে যে সংস্কার আবদ্ধ আছে, সেই সংস্কারের স্মরণ কেবল মাত্র আমারই হইতে পারে, অপর কাহারও হইতে পারে না। তদ্রূপ অপরের হৃদয়ে যে সংস্কার আবদ্ধ আছে সেই সংস্কারের স্মরণ কেবল মাত্র তাহারই হইতে পারে, কিন্তু আমার হইতে পারে না। এখন আমি যদি বলি যে, "যে আমি বাল্যকালে পিতাকে অনুভব করিয়াছি, এক্ষণে সেই আমিই বৃদ্ধাবস্থায় পৌত্রগণকে অনুভব করিতেছি"। এইরূপ স্থলে যে (বাল্যকালে যে আমি বৃদ্ধকালে সেই আমি রূপ) দৃঢ়তর প্রত্যভিজ্ঞান (স্মরণ এবং অনুভবাত্মকজ্ঞান) হইতেছে, ইহা দ্বারা স্পষ্টতঃই প্রতীতি হইতেছে যে, বাল্য এবং বার্দ্ধক্য অবস্থা যদি এক আমার না হইত, তবে আমার বাল্যাবস্থানিষ্ঠ সংস্কারের স্মরণ বৃদ্ধাবস্থায় কখনও হইতে পারিত না। অতএব সেই একমাত্র অদ্বিতীয় সৎস্বরূপ দেহীর এই বর্ত্তমান দেহ যেরূপ "কৌমার, যৌবন এবং জরা" এই পরস্পর-বিরুদ্ধ অবস্থাত্রয়ে পরিণত হইলেও, দেহীর কোনরূপ ভেদ হয় না;

সংরূপ, অবিকৃত, দেহীর (আত্মার) দেহান্তর-প্রাপ্তিও সেইরূপ। অর্থাৎ এই বর্ত্তমান দেহে কৌমারাদি অবস্থা-ভেদে দেহীর কোনরূপ ভেদ হইলে, কৌমার অবস্থায় জনিত সংস্কার কখনও বৃদ্ধাবস্থায় স্মরণের জনক হইতে পারিত না।

তবে এখন দেখা যাইতেছে যে, তরঙ্গ-ভেদে সমুদ্রের ন্যায় দেহের বহুবিধ অবস্থার ভেদে, দেহী কোনও রূপ ভেদ-দশা প্রাপ্ত হন না, এবং দেহী দেহের সহিত ভেদ-দশা প্রাপ্ত হইলে, কৌমারাবস্থানিষ্ঠ সংস্কারের বৃদ্ধাবস্থায় স্মরণ হইতে পারে না, অতএব একই দেহী যে কৌমারাদি অবস্থাত্রিতয়ে অবিকৃত সমভাবে বর্ত্তমান রহিয়াছেন,ইহা অবশ্য স্বীকর্ত্তব্য। এই দৃষ্টান্তানুসারে ইহাও বুঝিতে হইবে যে, দেহীর দেহান্তর প্রাপ্তি, অর্থাৎ এই দেহ হইতে অন্য প্রকার দেহ (আকৃতিগতই হউক বা পশ্বাদি জাতিগতই হউক) প্রাপ্তিও তদ্রূপ; অর্থাৎ একদেহ পরিত্যাগ পূর্ব্বক আর এক দেহ আশ্রয় করিলেও দেহীর কোনও রূপ বিকার হয় না।

স্বপ্নকালে এবং যোগৈশ্বর্য্য* প্রভাবে দেহান্তরগত দেহীর দেহ-ভেদের কথা স্মরণ করিলে দেহী (আত্মা) এবং দেহ এক পদার্থ নহে ইহা সহজেই হৃদয়ঙ্গম হইবে। কারণ আত্মা বহু দেহগত হইলেও 'সেই আমি' এইরূপ দৃঢ়তর প্রত্যভিজ্ঞা যখন সকল সময়েই বর্ত্তমান রহিয়াছে, তখন দেহ ও আত্মাকে অভিন্ন বলিয়া জ্ঞান করা কোন ক্রমেই সঙ্গত হইতে পারে না। অপিচ স্বপ্নকালে ও যোগৈশ্বর্য্য প্রভাবে দেহান্তরগত দেহীর বিভিন্ন দেহের স্মরণ হয়; সুতরাং দেহী ও দেহের একতা কিরূপে স্বীকার করা যাইতে পারে? তুমি স্বপ্ন দেখিতেছ যে, "আমি রাজা হইয়াছি, সিংহাসনে বসিয়া আছি,কত শত শত দাস-দাসী আমার সেবা করিতেছে, বহু বহুমূল্য রত্ননিচয় আমার নেত্র-প্রীতি সম্পাদন করিতেছে" ইত্যাদি। কিন্তু স্বপ্ন-সন্দর্শন কালে তোমার নিকট দাস-দাসী প্রভৃতি একটী পদার্থও উপস্থিত নাই, তখন একা তুমি এই প্রকার বহু বহু রূপে পরিণত হইয়াছ

* যোগবলে আট প্রকার সিদ্ধিলাভ হইয়া থাকে। তাহাই অষ্টৈশ্বর্য্য বা যোগৈশ্বর্য্য নামে অভিহিত। তদ্যথা; "অণিমা লঘিমা ব্যাপ্তিঃ প্রাকাম্যং মহিমেশিতা। বশিকামাবসায়িত্বে ঐশ্বর্য্যমষ্টধা স্মৃতম্॥" অর্থাৎ অণিমা—ইচ্ছানুসারে দেহ ক্ষুদ্র করিবার ক্ষমতা, লঘিমা—ইচ্ছানুসারে দেহ লঘু করিবার ক্ষমতা, ব্যাপ্তি—সর্ব্বত্র বিদ্যমান থাকিবার ক্ষমতা, প্রাকাম্য—ভোগবাসনা পূরণের ক্ষমতা, মহিমা—ইচ্ছানুসারে দেহ বৃহৎ করিবার ক্ষমতা, ঈশিতা—সর্ব্বত্র প্রভুত্ব করিবার ক্ষমতা, বশিতা—সকলকে বশতাপন্ন করিবার ক্ষমতা, কামাবশায়িতা—কামনা-পূরণের ক্ষমতা, এই আট প্রকার ঐশ্বর্য্য।

মাত্র। "যে আমি জাগ্রদবস্থায় নানাবিধ বিষয়ে ব্যাপৃত ছিলাম, স্বপ্নকালে সেই আমিই নানা অবস্থায় পরিস্থাপিত হইয়াছি এবং এক্ষণেও সেই আমিই বিভিন্ন কার্য্যে মগ্ন রহিয়াছি," ইত্যাদি রূপ প্রত্যভিজ্ঞা * হয়। এখন বিবেচনা করিয়া দেখ, স্বপ্নকালে "আমি রাজা হইয়াছি" বলিলে, জাগ্রদবস্থার "আমি" ছাড়া আর একটা নূতন "আমিকে" ত বুঝাইবে না। অতএব স্পষ্ট বুঝা যাইতেছে যে, কি জাগ্রৎ কি স্বপ্ন এতদুভয় অবস্থাতেই "আমিত্বের" ভেদ নাই। জাগ্রৎকালে যে "আমি" স্বপ্নকালেও সেই "আমি"। অতএব স্বপ্নকালে আমি বহু দেহাদি রূপে পরিণত হইলেও, আমার (দেহীর) পরিণাম কখনও হইতে পারে না। যোগীশ্বরগণও নিজ নিজ অসাধারণ যোগৈশ্বর্য্য প্রভাবে কায়ব্যূহ রচনা † করিলে, অর্থাৎ ভিন্ন ভিন্ন দেহে সমকালে প্রবেশ করিলেও, তৎকালে তাঁহাদের আমিত্বের কোনরূপ ভিন্নতা হয় না। তাঁহাদেরও স্মরণাত্মক এবং অনুভবাত্মক জ্ঞান হয় যে, "যে আমি যোগৈশ্বর্য্য লাভ করিয়াছি, সেই আমিই এইরূপ নানাবিধ দেহে প্রবেশ করিয়াছি।" অতএব হে সখে! দেহ হইতে আত্মা পৃথক্ নহে, তোমার কথিত এই শঙ্কা এইখানেই অপাকৃত হইল। আরও দেখ, যদি দেহই আত্মা হইত, তাহা হইলে কৌমারাদি অবস্থার ভেদে দেহের ভেদ হইত, এবং অবস্থা ভেদে দেহের ভেদ হইলে, বাল্যাবস্থায় অনুভূত বিষয়ের স্মরণ কখনও বৃদ্ধাবস্থায় হইতে পারিত না।

* প্রত্যভিজ্ঞা।—"স এবায়ং চৈত্র ইতি প্রতিসন্ধানেন অভিমুখীভূতে বস্তুনি জ্ঞানং প্রত্যভিজ্ঞা"। অর্থাৎ "সেই এই চৈত্র" এই প্রকার স্মরণ দ্বারা অভিমুখীভূত যে বস্তু তাহাতে যে জ্ঞান তাহারই নাম প্রত্যভিজ্ঞা। অভিমুখীভূত অর্থাৎ অনুভব-বিষয়ীভূত।

একাধারে স্মরণ এবং অনুভবাত্মক বলিয়া কেহ কেহ "প্রত্যভিজ্ঞাকে" নৃসিংহাকার জ্ঞান বলেন। অর্থাৎ "সোঽহং" সেই আমি এই প্রকার কথন স্থলে, "সেই" বলিতে অগ্রেই স্মৃতির উদয় হয়, এবং "আমি" কথাটা অনুভব পূর্ব্বকই হইয়া থাকে। "সোঽহং" বলিলে সর্ব্ব প্রথমেই স্মরণ হয়, "যে আমি পূর্ব্বে ছিলাম সেই আমি"। সাদা কথায় সেই পদপূর্ব্বক যে পদার্থের জ্ঞান হয় তাহারই নাম প্রত্যভিজ্ঞা।

"প্রত্যভিজ্ঞা দর্শন" নামক দর্শন গ্রন্থে লিখিত আছে,—"প্রসিদ্ধ-পুরাণ-সিদ্ধাগমানুমানাদি-পরিজ্ঞাত-পূর্ণ-শক্তিকে পরমেশ্বরে সতি স্বাত্মন্যভিমুখীভূতে তচ্ছক্তিপ্রতিসন্ধানেন জ্ঞানমুদেতি নূনং স এব ঈশ্বরোঽহমিতি।"—শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী।

† যোগিগণ যোগৈশ্বর্য্য-প্রভাবে দেহ হইতে দেহান্তরে বিচরণ করিতে পারেন। যোগেশ্বর ভগবান্ শ্রীকৃষ্ণ রাসলীলাকালে বহু শরীর ধারণ করিয়া বহু গোপিকাসহ বিহার করিয়াছিলেন। সন্দর্ভকার ভক্তিভাজন শ্রীমজ্জীব গোস্বামী মহাশয় শ্রীমদ্ভাগবতের রাসব্যাখ্যা-কালে ভগবানের

যদি বল যে, কৌমারাদি অবস্থা সমূহের অত্যন্ত বৈলক্ষণ্য হইলেও, অর্থাৎ পরস্পর সমতা না থাকিলেও, "যাবৎ প্রত্যভিজ্ঞং বস্তুস্থিতি" এই ন্যায়ের অনুসারে বিভিন্ন প্রকার অবস্থাবান্ দেহের ঐক্য রহিয়াছে বলিতে হইবে; এ কথাও বলিতে পার না। কারণ "যাবৎ প্রত্যভিজ্ঞং বস্তুস্থিতি" অর্থাৎ যে পর্য্যন্ত সেই আমি ইত্যাকার স্মরণ পূর্ব্বক অনুভবাত্মক জ্ঞান থাকিবে, সেই পর্য্যন্তই বস্তুর স্থিতি আছে,এই ন্যায়ানুসারে দেহের একত্ব প্রমাণিত হইলেও, স্বপ্নকালে এবং যোগৈশ্বর্য্যে দেহের স্মরণাভাব রূপ দোষ আসিয়া সমুপস্থিত হয়। অর্থাৎ তুমি না হয় বলিলে যে, "আমার যে দেহের কৌমারাদি অবস্থা ছিল, এখনও আমার সেই দেহই রহিয়াছে"; এইরূপ স্থলে একমাত্র দেহেরই প্রত্যভিজ্ঞা হয় বলিয়া ন্যায়-বলে একমাত্র দেহই রহিয়াছে বলিব।

ইহা নিতান্ত অসঙ্গত; কেন না তুমি বিচার করিয়া দেখ, জাগরিত অবস্থায় যে স্থূল দেহ দ্বারা কার্য্য নিষ্পন্ন হয়, স্বপ্নাবস্থায় সেই স্থূল দেহ তো মৃতবৎ পড়িয়া থাকে; কিন্তু তখন লিঙ্গ বা সূক্ষ্ম দেহই "আমি রাজা হইয়া রাজ্যশাসন করিতেছি" ইত্যাদি বিষয়-ব্যাপারে বিনিযুক্ত হয়। তবে স্থূল দেহনিষ্ঠ সংস্কারের স্মরণ লিঙ্গ দেহে কিরূপে সম্ভব হইতে পারে? অতএব ত্বৎকথিত নৈয়ায়িক প্রমাণ স্বীকার করিতে হইলে, স্বপ্নকালে জাগ্রৎ অবস্থাজনিত সংস্কারের স্মৃতিই হইতে পারে না; দেহের একত্বসিদ্ধি তো বহু দূরের কথা।

আর দেখ যোগীশ্বরগণ যখন কায়ব্যূহরচনা করেন, তখন তাঁহাদের স্থূল দেহ যে কোথায় পড়িয়া থাকে তাহার কিছুই ঠিক থাকে না, অথচ "যে আমি আমার স্থূল দেহে ছিলাম, বা আছি, সে আমিই এই সমস্ত দেহে বিরাজ করিতেছি" তাঁহাদের এইরূপ প্রত্যভিজ্ঞা হয়। এখন বুঝিয়া দেখ, এ সমস্তই লিঙ্গ শরীরের কার্য্য; কিন্তু স্থূল দেহনিষ্ঠ সংস্কারের স্মৃতি কখনও লিঙ্গদেহে হইতে পারে না; অতএব উক্ত ন্যায়ের মার্গ অনুসরণ

সেই দেহ ধারণ ব্যাপারকে কায়ব্যূহ রচনা বলিয়া বিবৃত করিয়াছেন। যোগৈশ্বর্য্য-প্রভাবে বহুবিধ শরীরে বিচরণ করার প্রসঙ্গ দত্তাত্রেয় সংহিতা নামক যোগশাস্ত্রে নিম্নলিখিতরূপে বিবৃত আছে। যথা; "সর্ব্বলোকেষু বিচরেদণিমাদিগুণান্বিতঃ। কদাপি স্বেচ্ছয়া দেবো ভূত্বা স্বর্গেঽপি সঞ্চরেৎ॥ মনুষ্যো বাপি যক্ষো বা স্বেচ্ছয়াপি ক্ষণাদ্ভবেৎ। সিংহো ব্যাঘ্রো গজোবাপি অশ্বো বা স্বেচ্ছয়া ততঃ॥" অর্থাৎ "অণিমাদি গুণযুক্ত যোগী সর্ব্বলোকে বিচরণ করেন; কখনও স্বেচ্ছায় দেবতা হইয়া স্বর্গেও সঞ্চরণ করেন, স্বেচ্ছাক্রমে ক্ষণমাত্রেই মনুষ্য বা যক্ষমূর্ত্তি ধারণ করেন, জন্মান্তরে ইচ্ছামাত্র ব্যাঘ্র বা হস্তি-শরীর পরিগ্রহ করেন।

করিতে হইলে, যোগীশ্বরের তৎকালে নিজ স্থূল-দেহ-নিষ্ঠ সংস্কারের স্মরণই সুদূরপরাহত হয়। অতএব মরু মরীচিকা প্রভৃতিতে জলাদি বুদ্ধির ন্যায় "আমি স্থূল", "আমি গৌর" ইত্যাদি বুদ্ধিরও ভ্রমত্ব অবশ্য স্বীকর্ত্তব্য, কারণ বাধা উভত্রয়ই তুল্যরূপ। স্থূলদেহে "আমিত্বের" আরোপ ভ্রম-কল্পিত ব্যতীত আর কিছুই নহে। ("ন জায়তে ম্রিয়তে বা কদাচিৎ" ইত্যাদি ২য় অধ্যায়ের বিংশ শ্লোকে এ বিষয় সবিশেষ বিবৃত হইবে)।

আত্মা যে দেহ হইতে অব্যতিরিক্ত এবং দেহের সহিত উৎপত্তি ও বিনাশ প্রাপ্ত হয়, তোমার ইত্যাকার আপত্তি পূর্ব্বকথিত যুক্তি দ্বারা খণ্ডিত হইল। কারণ আত্মা দেহ হইতে অব্যতিরিক্ত, অর্থাৎ অভিন্ন এবং দেহের সহিত উৎপত্তি ও বিনাশ প্রাপ্ত হইলে, ধর্ম্মী দেহের বাল্য-কৌমারাদি অবস্থা-ভেদে, সেই আমি এবংবিধ প্রত্যভিজ্ঞা কখনই উপপাদিত হইতে পারে না। অথবা যদি বল যে, "কৌমারাদি অবস্থা প্রাপ্তি এবং দেহান্তর প্রাপ্তি যখন একই অবিকৃত দেহীর (আত্মার) হয়, তখন সেই আত্মা এক দেহ পরিত্যাগ পূর্ব্বক অপর দেহ আশ্রয় করিলে, সেই নবাশ্রিত দেহে "সেই আমি" এই প্রকার জ্ঞান আত্মার কেন হয় না?" এ কথাও বলিতে পার না। কারণ নবাশ্রিত দেহে, "সেই আমি" এই প্রকার প্রত্যভিজ্ঞা না হইলেও, জাতমাত্র শিশুর পূর্ব্ব-সংস্কার জন্য হর্ষ-শোক-ভয়াদি বিষয়ক জ্ঞান সর্ব্বত্রই দেখিতে পাওয়া যায়; এবং তাহা না হইলে সদ্যোজাত বালকের স্তন-পানে প্রবৃত্তিও কখন হইত না। আর প্রবৃত্তিই বা কি? শাস্ত্রকারগণ একবাক্যে বলেন যে, "প্রবৃত্তি" ইষ্টসাধন জন্য এবং অদৃষ্টমাত্র জন্য। অর্থাৎ কাহারও কোনও রূপ ইষ্ট (অভিলষিত) সাধন করিতে না হইলে, কোন বিষয়ে প্রবৃত্তি হয় না; অতএব প্রবৃত্তি ইষ্টসাধন জন্য। আমার অমুক ইষ্ট বস্তু সাধন করিতে হইবে বলিয়াই তাহাতে আমার প্রবৃত্তি হয়, অর্থাৎ তাহাই (ইষ্টসাধনই), আমাকে উক্ত কর্ম্মে প্রবর্ত্তিত করে। সদ্যোজাত শিশুর স্তন-পান ব্যতীত অন্যরূপ ইষ্টসাধন নাই বলিয়া, তাহার যুবা বা বৃদ্ধ জনোচিত প্রবৃত্তি হয় না। প্রবৃত্তিকে অদৃষ্টমাত্র-জন্য বলিবার ইহাই উদ্দেশ্য যে, "যেমন হস্তিপক (মাহুত) দর্শন হস্তিজ্ঞানের উদ্বোধক মাত্র, অর্থাৎ মাহুতকে দেখিলে হাতিকে মনে পড়ে (হস্তিজ্ঞানে চিত্ত প্রবর্ত্তিত হয়) সেইরূপ কেবল মাত্র অদৃষ্ট, জাতজীবমাত্রেরই, প্রবৃত্তির

উদ্বোধক, অর্থাৎ প্রথমতঃ অদৃষ্টের প্রেরণা-বলেই জীব সর্ব্ববিধ কর্ম্মে প্রবৃত্ত হয়। অতএব পূর্ব্বদেহ এবং অপূর্ব্ব দেহ সকল দেহেই আত্মিকত্ব সিদ্ধ হইল। তাহা না হইলে, "কৃত নাশ" এবং "অকৃতাভ্যাগম" নামক দোষ-দ্বয় আসিয়া সমুপস্থিত হয়। (এ বিষয় দ্বাদশ শ্লোকের তাৎপর্য্যে বিস্তৃত-রূপে বর্ণিত আছে)। পূর্ব্বজন্মকৃত পুণ্য ও পাপের ফলভোগ ব্যতিরেকে নাশ হওয়ার নাম "কৃতনাশ", এবং অকৃত পুণ্য ও পাপের অকস্মাৎ ফল-দায়ক উপস্থিতির নাম "অকৃতাভ্যাগম"। অথবা যেরূপ একমাত্র নিত্য বলিয়া "দেহী" যে তুমি, সেই তোমার কৌমারাদি দেহাবস্থার ক্রমশঃ উৎপত্তি বিনাশে কোনও রূপ ভেদ পরিদৃষ্ট হইতেছে না, সেইরূপ যুগপৎ সর্ব্ব দেহান্তর প্রাপ্তিও তোমারই, তাহাতেও তোমার ভেদ নাই। কেন না তুমি একমাত্র বিভু—সর্ব্বব্যাপক।

এখন যদি দিগম্বরগণের মতানুসারে * আত্মাকে বিভু না বলিয়া মধ্যম পরিমাণ (জীবদেহ পরিমাণ) বল, তাহা হইলে আত্মায় অবয়ব-বিশিষ্টত্ব-

* প্রায়শঃ পশ্চিম প্রদেশে নিবিড় অরণ্য মধ্যে 'কোষকার' নামক এক প্রকার কৃমি দেখিতে পাওয়া যায়; স্বভাবতঃ তাহারা বৃক্ষে আবাসোপযোগী রন্ধ্র প্রস্তুত করিবার নিমিত্ত, নিজ তীক্ষ্ণ সূক্ষ্ম দন্তাগ্র দ্বারা বৃক্ষের ত্বক্ কর্ত্তিত করিয়া তন্মধ্যে প্রবেশ করিতে থাকে। কিন্তু তাহারা কপাল দোষে বা বুদ্ধিদোষে রন্ধ্র পথ কর্ত্তিত কাষ্ঠ গুণ্ডা দ্বারা রুদ্ধ করিয়া ফেলে, আর তাহাদের বাহির হইবার অন্য কোনও রূপ উপায়ান্তর থাকে না। এইরূপ কোষ সদৃশ কাষ্ঠ-গুণ্ডা সমাবৃত "কোষকার" নিতান্ত অনির্ব্বচনীয় যাতনা অনুভব করে; কিন্তু যদি তাহার ভাগ্যবশে কোনও কাঠুরিয়া আসিয়া উক্ত বৃক্ষচ্ছেদন করে তবেই তাহার উদ্ধার হয়।

জীবাত্মাও পঞ্চকোষাবৃত। স্বরূপ বিস্মৃতি বশে উক্ত কৃমি সদৃশ জন্ম মরণাদি রূপ অশেষ সংসার জনিত যাতনা ভোগ করেন। কিন্তু কোন করুণাময় আচার্য্যের কৃপায় পঞ্চ কোষের বিচার পূর্ব্বক তাহা হইতে উদ্ধার পাইয়া মোক্ষ-সুখ-সম্পত্তি লাভ করেন। অস্মদ্দেশে "কোষ-কার কৃমি" গুটিপোকা বলিয়াই পরিচিত।

কোষ পঞ্চবিধ। অন্নময়, প্রাণময়, মনোময়, ধীময় বা বিজ্ঞানময় এবং আনন্দময়। তন্মধ্যে পঞ্চীকৃত পঞ্চভূত হইতে উৎপন্ন স্থূল দেহ "অন্নময় কোষ" নামে অভিহিত হয়। শরীরে বর্ত্তমান "প্রাণ, অপান সমান, ব্যান ও উদান" এই পঞ্চ প্রাণ এবং "বাক্, পানি, পাদ, পায়ু, ও উপস্থ" এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় একুনে এই দশবিধ পদার্থ (সামগ্রী) একত্রিত হইয়া "প্রাণময় কোষ" নামে অভিহিত হয়।

শ্রোত্র, ত্বক্, চক্ষু, জিহ্বা ও ঘ্রাণ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সঙ্কল্প বিকল্পাত্মক মনের সহিত মিলিত হইয়া "মনোময় কোষ" শব্দে সমুচ্চারিত হয়। উক্ত পঞ্চজ্ঞানেন্দ্রিয়ের সহিত নিশ্চয়াত্মিকা বুদ্ধি একত্রিত হইয়া "বিজ্ঞানময় কোষ" আখ্যা সম্প্রাপ্ত হয়। এবং কারণ শরীরভূত অবিদ্যাস্থ মলিন সত্ত্ব প্রিয় (ইষ্ট-দর্শন-জনিত), মোদ (ইষ্টলাভজনিত) এবং প্রমোদ (ভোগজনিত) নামক ত্রিবিধ সুখ বিশেষের সহিত সম্মিলিত হইয়া "আনন্দময় কোষ" নামে কথিত হয়।

রূপ দেহের দোষ আরোপিত হয়, এবং আত্মার সাবয়বত্ব সিদ্ধ হইলে তাঁহাকে অনিত্য বলিয়া নির্দ্দেশ করিতে হয়। সর্ব্বত্র দেখা যায়, "যে যে পদার্থ অবয়ব বিশিষ্ট সেই সেই পদার্থই নশ্বর ও অনিত্য।"

তৈত্তিরীয় উপনিষদে শিষ্যকে ব্রহ্মজ্ঞানোপদেশ ব্যাজে কথিত আছে, "সবা এষ পুরুষোঽন্নরসময়ঃ তস্মাদ্বা এতস্মাদন্নরসময়াদন্যোঽন্তর আত্মা প্রাণময়ঃ; অন্যোঽন্তর আত্মা মনোময়ঃ, অন্যোঽন্তর আত্মা বিজ্ঞানময়ঃ অন্যোঽন্তর আত্মা আনন্দময়ঃ"। এই শ্রুতিই বহুবিধ মতের উৎপাদক ও প্রমাণ স্বরূপ।

এস্থলে দর্শনের বিষয় বক্তব্য হইলেও উক্ত শ্রুতি অবতারণার উদ্দেশেই পঞ্চময় কোষের বিচার করা হইয়াছে। অতএব পঞ্চময় কোষ বিষয়ক বর্ণনা যেন কেহ "ধান ভান্‌তে শিবের গীত" বলিয়া না মনে করেন। এতদ্ব্যতীত এই বৃত্তান্ত বহুবিধ মতের উৎপাদক এবং পোষক রূপে পরিলক্ষিত হয়; সুতরাং এস্থলে অপ্রাসঙ্গিক নহে।

চার্ব্বাক ও লোকায়ত এতদুভয়ই এক পর্য্যায় বাচক ও একার্থ প্রতিপাদক। বৃহস্পতি লোকায়ত শাস্ত্র রচনা করিয়া সর্ব্বাগ্রেই চার্ব্বাককে প্রদান করেন, এই জন্যই লোকায়ত শাস্ত্রের নামান্তর চার্ব্বাক দর্শন।

উক্ত দর্শন মতাবলম্বিগণ প্রত্যক্ষকেই প্রমাণরূপে পরিগৃহীত করেন, এবং পূর্ব্ব কথিত শ্রুতির "স বা এষ পুরুষোঽন্নরসময়ঃ" এই অংশ টুকু অবলম্বন করিয়া অন্নরসময় এই স্থূল দেহকেই আত্মত্বে বরণ করেন।

চার্ব্বাকগণের মধ্যেও আবার কেহ কেহ ইন্দ্রিয়গণকে, কেহ বা প্রাণকে এবং কেহ বা মনকে আত্মা বলে। ইহাদিগকে চার্ব্বাকেরা একদেশী বলে।

ইন্দ্রিয়াত্মবাদী চার্ব্বাকগণ বলেন যে "যেহেতু দেখা যায় জীবাত্মার বিনির্গমে দেহের মরণ হয়, অতএব আত্মা দেহ হইতে ব্যতিরিক্ত; এবং "আমি বলিতেছি," "আমি দেখিতেছি" এইরূপ স্থলে প্রত্যক্ষই দেখিতে পাওয়া যায় যে, এই সমস্ত ক্রিয়া ইন্দ্রিয় দ্বারাই নিষ্পন্ন হইতেছে এবং "অহং" শব্দের প্রয়োগ ইন্দ্রিয়গণের উপরই হইতেছে; অতএব ইন্দ্রিয়গণই আত্মা।

প্রাণাত্মবাদী চার্ব্বাকগণ বলেন যে "যেহেতু ইন্দ্রিয়গণের লোপ হইলেও একমাত্র প্রাণের সত্ত্বাতেই জীবগণ জীবন ধারণ করে, অথচ সুপ্ত অবস্থাতেও প্রাণ জাগরিত থাকে এবং (পূর্ব্বোক্ত) শ্রুতিতেও প্রাণময় কোষ আত্মারূপে বর্ণিত আছে; অতএব প্রাণই আত্মা। এই মতাবলম্বিগণকে হিরণ্যগর্ভ বলে।

মন আত্মবাদী চার্ব্বাকগণ বলেন যে, "যেহেতু প্রাণের ভোক্তৃত্ব নাই, মনের ভোক্তৃত্ব আছে, এবং মনই মনুষ্যগণের বন্ধমোক্ষের কারণ, (পূর্ব্বোক্ত) শ্রুতিতেও মনোময় কোষের আত্মত্ব বর্ণিত আছে; অতএব মনই আত্মা।

সৌগত বা ক্ষণিকবাদী বৌদ্ধগণ ক্ষণিক বিজ্ঞানকেই আত্মত্বে বরণ করেন। তাঁহারা, বলেন যে "যেহেতু অন্তঃকরণ দুই প্রকার, প্রথম "অহং বৃত্তি," দ্বিতীয় "ইদং বৃত্তি", তন্মধ্যে বিজ্ঞান "অহং বৃত্তি" এবং মন "ইদং বৃত্তি"। অহং বৃত্তি হইতে ইদং বৃত্তির জন্ম হয়। কারণ আপনি আপনাকে না জানিয়া বাহিরের পদার্থকে যে কেহ জানিতে পারে না ইহা স্পষ্টই প্রতীত হয়, অতএব মনের মূলই বিজ্ঞান। এবং যেহেতু "আমি তথায় যাইব", "আমি ভয় পাইয়াছি", "আমি কৃশ", "আমি গৌর" ইত্যাদিরূপ স্থলে অহং বৃত্তির ক্ষণে ক্ষণে নাশ প্রতীত হয়, অতএব বিজ্ঞান "ক্ষণিক"। শ্রুতিও বিজ্ঞানময়ের আত্মত্ব উদ্বোধিত করেন; অতএব ক্ষণিক বিজ্ঞানই আত্মা।

আন্তরালগণের মতানুসারে আত্মাকে অণুপরিমাণ বলিলে, তাঁহাকে সকল দেহব্যাপী সুখ-দুঃখাদি বিষয়ক জ্ঞান লাভে বঞ্চিত করা হয়। কিন্তু আত্মাকে বিভুস্বরূপে নিশ্চয় করিতে পারিলে, সর্ব্ববিধ সন্দেহ রাশি নাশ প্রাপ্ত হয়। কারণ যিনি সর্ব্বব্যাপী তিনি সর্ব্বত্র সর্ব্ববিধ কার্য্যই পরিদর্শন করেন। অতএব তুমি আত্মাকে বিভুরূপে নিশ্চয় করিতে পারিলে, একা তুমিই যে সেই সর্ব্বত্র স্থিত সর্ব্বকার্য্য পরিদর্শক অদ্বিতীয় আত্মা সুনিশ্চিত হইবে।

এক্ষণে তুমি আপনাকে স্বরূপতঃ (সর্ব্বব্যাপী বিভুরূপে) জানিতে পার নাই বলিয়া, "আমি ইহাদিগকে বধ করিব", "ইহারা আমার বধ্য" এইরূপ বধ্য-ঘাতক ভেদ-কল্পনা করিয়া অধীরের ন্যায় মোহ প্রাপ্ত হইতেছ। ধীরগণ অর্থাৎ যাঁহারা আত্মাকে (আপনাকে) বিভুরূপে জানিতে পারিয়াছেন, তাঁহারা কখনও এইরূপ শোক-মোহ প্রকাশ করেন না; কারণ তাঁহারা উক্তরূপ বধ্যঘাতকাদি ভেদ-পরিদর্শন করেন না।

যুক্তি বা অনুমান-মার্গের অনুসরণ করিলেও তোমাকে দেহীর বিভুত্ব অবশ্য স্বীকার করিতে হইবে। আমি যুক্তি-বলে বলিব যে, "দেহ" বলিয়া, সকল দেহই, তোমার দেহের মত একভোক্তৃক; অর্থাৎ যেরূপ তোমার দেহের তুমি একাই ভোক্তা সেইরূপ অপরের দেহও "দেহ" বলিয়া সে সমস্ত দেহও একভোক্তৃক; যে সমস্ত পদার্থ সেইরূপ অন্য পদার্থের সহিত সমান তাহারা পরস্পর তুল্যরূপ। এখন দেখ তোমার দেহও দেহ, অপরের দেহও দেহ; আত্মা বলিয়া তুমি তোমার দেহের যেমন ভোক্তা, সেইরূপ অপরও আত্মা বলিয়া অন্য দেহের ভোক্তা। অতএব পরস্পর দুই সমরূপ; সুতরাং তোমার দেহের যে কালে তুমি একাই ভোক্তা, অন্যের দেহও দেহ বলিয়া এবং দেহও পরস্পর অভিন্ন বলিয়া সকল দেহের ভোক্তৃত্ব তোমাতেই অর্পিত হইতেছে। যেহেতু তোমার ও অপরের আত্মার কোন প্রভেদ নাই।

দিগম্বরগণ আত্মাকে স্থির এবং দেহপরিমাণ রূপে বর্ণনা করেন। তাঁহারা বলেন যে, "যে হেতু আপাদমস্তক চৈতন্যের ব্যাপ্তি দেখিতে পাওয়া যায়, এবং "স এষ ইহ প্রবিষ্ট আনখাগ্রেভ্যঃ" এই শ্রুতিও উক্ত বিষয়ে অনুমোদন করিতেছেন; অতএব আত্মা দেহপরিমাণ অর্থাৎ মধ্যম পরিমাণ"।

আন্তরালগণ আত্মাকে অণুরূপে বর্ণনা করেন। তাঁহারা বলেন যে, "যে হেতু দেখা যায় যে মধ্যম পরিমাণ দেহাদি সমস্তই অনিত্য, এবং "অণোরণীয়ান্", "এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যঃ সূক্ষ্মাৎ সূক্ষ্মতরং নিত্যং", "বালাগ্রশতভাগস্য শতধা কল্পিতস্য চ। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ।" ইত্যাদি অসংখ্য শ্রুতিগণ আত্মাকে অণুরূপে বর্ণনা করিয়াছেন, অতএব আত্মা অণুপরিমাণ।—পণ্ডিত শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামী।

"সর্ব্বত্র রন্ধনাগারে ধূম সন্দর্শন করিয়া বহ্নির সত্তা উপলব্ধি করিতে পারা যায়; অতএব সিদ্ধ হইল যে, যেস্থানে যেস্থানে ধূম দৃষ্ট হয় সেই স্থানেই অগ্নি আছে"; ইহাকেই ব্যাপ্তি বলে * বলে। এক্ষণে এই ব্যাপ্তি অনুসারে পর্ব্বতেও ধূম দেখিয়া অগ্নির অস্তিত্ব অনুমিত হয়। অর্থাৎ যেহেতু আমি সর্ব্বত্র রন্ধনালয়ে ধূম সন্দর্শনে অগ্নির অস্তিত্ব উপলব্ধি করিতেছি, অতএব পর্ব্বতেও ধূম দর্শনে অগ্নির সত্তা কেন না স্বীকার করিব? এইরূপ যখন তুমি দেখিতেছ যে, তোমার দেহও দেহ, এবং অপরের দেহও দেহ; অতএব সকল দেহই একই দেহ। এবং যে স্থানে যে স্থানে দেহত্ব সেই স্থানে সেই স্থানেই এক-কর্ত্তৃকত্ব এইরূপ ব্যাপ্তি দেখিতেছ; অতএব সকল দেহই যে এককর্ত্তৃক তাহা কেন না স্বীকার করিবে?

এবিষয়ে শ্রুতি কি বলিতেছেন শ্রবণ কর; তাহাতেও স্পষ্টতঃ তোমার অর্থাৎ আত্মা বা দেহীর বিভুত্ব দেখিতে পাইবে। শ্রুতি বলিতেছেন, "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা" ইত্যাদি; অর্থাৎ একই দেবতা সর্ব্বভূতে সমভাবে বর্ত্তমান, সর্ব্বব্যাপী, সর্ব্বভূতের অন্তর্য্যামী আত্মা ইত্যাদি।" অতএব শ্রুতিবলেও কেন না তুমি আত্মাকে বিভু বলিয়া স্বীকার করিবে?

যদি বল যে, "চার্ব্বাকগণ দেহ মাত্রকে আত্মা বলে; চার্ব্বাকের একদেশীগণের মধ্যে কেহ ইন্দ্রিয়গণকে, কেহ মনকে, কেহ বা প্রাণকে আত্মা বলে; সৌগতগণ ক্ষণিক বিজ্ঞানকে আত্মা বলে। দিগম্বরগণের মতে, আত্মা দেহাতিরিক্ত স্থির দেহপরিমাণ এবং মধ্যম পরিমাণের অনিত্যত্ব প্রসঙ্গ বশতঃ একদেশিগণ (আন্তরালাদি নৈয়ায়িকগণ) অণুত্বই নিত্যত্ব বা আত্মত্ব বলে; অতএব এতগুলি ভিন্ন ভিন্ন আত্মবাদিগণের মতের দশা কি হইবে?" এরূপ আশঙ্কা অসঙ্গত। উক্ত শ্রুতি বলিতেছেন, "আত্মা নিত্য এবং সর্ব্বব্যাপী; কেবল মাত্র অণুও নহেন এবং মধ্য পরিমাণাদিও নহেন; তিনি বিভু অর্থাৎ সর্ব্বব্যাপক।" অতএব শ্রুতি-প্রামাণ্য পরিত্যাগ পূর্ব্বক এতগুলি ভিন্নাত্মবাদীর ভিন্ন ভিন্ন অযৌক্তিক অশ্রৌতিক মত সমূহ কখন প্রামাণিক রূপে পরিগৃহীত হইতে পারে না। শ্রুতির আদেশই সর্ব্বাপেক্ষা বলবত্তম। অতএব শ্রুতি-পদের পথিক হইলে, আত্মা যে বিভু

* "তদভাববদবৃত্তিত্বং ব্যাপ্তিঃ।" ইতি ব্যাপ্তিপঞ্চক। ব্যাপ্তিস্তু সাধ্যাভাববদবৃত্তিত্বং প্রকীর্ত্তিতম্। যথা সাধ্যবদন্যস্মিন্নসম্বন্ধ উদাহৃতঃ॥ অথবা হেতুমন্নিষ্ঠবিরহাপ্রতিযোগিনা। সাধ্যেন হেতোরৈকাধিকরণ্যং ব্যাপ্তিরুচ্যতে॥" ইতি ভাষাপরিচ্ছেদ।

তাহা তোমাকে অবশ্য স্বীকার করিতে হইবেই হইবে। মৎপ্রদর্শিত এই শ্রুতিরূপ অনলে তৎকথিত ভিন্নাত্মবাদীগণের ভিন্ন ভিন্ন মত তুলারাশির ন্যায় ভস্মীভূত হইল। সুতরাং হে সখে অর্জ্জুন! আত্মা বিভু, তাঁহার কিছুতেই বিকার হয় না।

পূজ্যপাদ ভাষ্যকার শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ মহাশয় আলোচ্য শ্লোকের নিম্নলিখিত ভাব পরিব্যক্ত করিয়াছেন। অর্জ্জুন যেন বলিতেছেন, ভীষ্মাদি উপাধিরূপ দেহবিশিষ্ট আত্মা নিত্য হইলেও, দেহ-নাশে শোক অবশ্য কর্ত্তব্য, যেহেতু দেহ ব্যতীত আত্মার বিষয়ভোগ সম্পন্ন হইতে পারে না। অর্জ্জুনের এবংবিধ আশঙ্কা পরিহারার্থ ভগবান্ বলিতেছেন, "হে অর্জ্জুন! 'দেহী' শব্দ-প্রতিপাদ্য জীবের বর্ত্তমান এই দেহে ক্রমে কৌমার, যৌবন ও জরারূপ অবস্থাত্রয় উৎপন্ন হয়, কিন্তু কালবশে উৎপন্ন জীবের ভোগায়তন শরীরের ক্রমপরিবর্ত্তনে, বাল্যাদি অবস্থা প্রাপ্তিতে, যেমন পূর্ব্বপূর্ব্বাবস্থার নিমিত্ত শোক জন্মে না, ভীষ্মাদির বর্ত্তমান দেহ-নাশ পূর্ব্বক দেহান্তর প্রাপ্তিও তদ্রূপ। যযাতি রাজার জরা পরিত্যাগ পূর্ব্বক যৌবন প্রাপ্তির ন্যায় *

* রাজশ্রেষ্ঠ যযাতি একদা মৃগয়ার্থ বন গমন করিয়া কোন কূপমধ্যে এক বিবস্ত্রা সুন্দরী নারীকে দর্শন করেন এবং স্বকীয় উত্তরীয় বস্ত্রের সাহায্যে সেই কামিনীর কর-ধারণ করিয়া উত্তোলন করেন। সেই নবীনা দৈত্য-গুরু শুক্রাচার্য্যের কন্যা দেবযানী। বৃষপর্ব্বা নামক রাজার কন্যা শর্ম্মিষ্ঠা ক্রোধবশে গুরু-কন্যা দেবযানীকে কূপে নিক্ষেপ করিয়াছিলেন। দেবযানী, রাজা যযাতির অনুকম্পায় জীবন লাভ করিয়া, তৎপর শুক্রাচার্য্যের সমীপে সমাগত হইলেন এবং সমস্ত কথা নিবেদন করিলেন। শুক্রাচার্য্য বৃষপর্ব্বার উপর নিতান্ত ক্রুদ্ধ হইলেন। বৃষপর্ব্বা, পুরোহিতের ক্রোধ-শান্তির নিমিত্ত, সহস্র সখী সমন্বিতা শর্ম্মিষ্ঠাকে দেবযানীর হস্তে সমর্পণ করিলেন। তদবধি শর্ম্মিষ্ঠা দাসীরূপে গুরুকন্যা দেবযানীর সঙ্গিনী হইলেন। শুক্রাচার্য্য শর্ম্মিষ্ঠা প্রভৃতি অনুচারিণীগণের সহিত, কন্যাকে রাজা যযাতির হস্তে সম্প্রদান করিলেন। কেবল বলিয়া দিলেন যে, শর্ম্মিষ্ঠা রাজকন্যা, তাহার সহিত রাজা যযাতি কদাচ পত্নীভাবে ব্যবহার করিতে পারিবেন না। রাজা যযাতি রাজ্ঞী দেবযানীর সহিত স্বরাজ্যে প্রত্যাগত হইলেন।

ক্রমে দেবযানীর গর্ভে যদু ও তুর্ব্বসু নামে দুই পুত্রের জন্ম হইল। তদ্দর্শনে শর্ম্মিষ্ঠার মন অতিশয় বিচলিত হইতে লাগিল। তাঁহার যৌবনকাল ও সৌন্দর্য্য সম্ভার বৃথা হইল, স্বামী সহবাস হইলে তিনিও পুত্রের জননী হইয়া সুখিনী হইতে পারিতেন, ইত্যাদি কল্পনা সমূহকে প্রশ্রয় দিয়া তিনি নিতান্ত কাতরা হইতে লাগিলেন এবং একদিন সমুচিত সুযোগে নির্ব্বন্ধাতিশয্য সহকারে রাজা যযাতিকে স্বকীয় হৃদয়-ভাব নিবেদন করিলেন। পরম ধার্ম্মিক রাজা যযাতি ঋতুকালে অপত্যকামা সুন্দরীর অনুরোধ পালন একান্ত কর্ত্তব্য বোধে, তদীয় প্রস্তাবে সম্মত হইলেন। কালক্রমে শর্ম্মিষ্ঠার গর্ভে রাজা যযাতির দ্রুহ্য, অনু এবং পুরু নামে তিন নন্দনের আবির্ভাব হইল।

এদিকে রাজ্ঞী দেবযানী যখন ক্রমশঃ জানিতে পারিলেন যে, তাঁহার স্বামীই শর্ম্মিষ্ঠানন্দন-

তোমার পিতামহ ভীষ্মাদির জরিত দেহ বিনষ্ট হইয়া নব্য কলেবর উৎপন্ন হইবে ; তন্নিমিত্ত বরং সন্তোষ প্রকাশ করাই কর্ত্তব্য, তোমার ন্যায় পণ্ডিত ব্যক্তির তদর্থ শোক করা কখনই বিধেয় নহে"। পূর্ব্ব শ্লোকে আত্মার বহুত্ব উক্ত হইলেও, ভগবান্ "দেহী" পদটি এস্থলে জাত্যভিপ্রায়ে * এক-বচনান্ত নির্দ্দেশ করিয়াছেন।

অদ্বৈতবাদিগের মতে বিশুদ্ধ আত্মা একমাত্র, এবং অবিদ্যা দ্বারা অপরিচ্ছিন্ন ; অবিদ্যাতে প্রতিবিম্বিত চৈতন্যময় জীবাত্মা নানা অর্থাৎ বহু। শ্রুতিও এইরূপই বলিয়াছেন, "এক আকাশ যেমন ঘটাদি পৃথক্ পৃথক্ পদার্থে পৃথক্ পৃথক্ ভাবে পরিদৃষ্ট হয়, এক সূর্য্য যেমন পৃথক্ পৃথক্ জলাশয়ে পৃথক্ পৃথক্ বলিয়া বোধগম্য হয়, তদ্রূপ এক আত্মা অনেক দেহাবলম্বী হইয়া বহুবিধ প্রতীত হয়।" তাদৃশ আত্ম-তত্ত্ব-জ্ঞান দ্বারা আত্ম-গত বহুত্ব জ্ঞান নিবৃত্তি হয় এবং তদ্গত একত্ব সিদ্ধ হয়। "দেহিনঃ" এই একবচনান্ত পদ দ্বারা ভগবান্ ইহাই প্রকটিত করিলেন। বিদ্যাভূষণ মহা-

গণের জনক, তখন তাঁহার ক্রোধের সীমা থাকিল না। তিনি রোষ-পরবশ হইয়া পিতৃ-ভবনে গমন করিলেন। রাজা যযাতিও যথাবিহিত প্রযত্নে তাঁহার ক্রোধশান্তি করিতে করিতে অনুবর্ত্তী হইলেন। কন্যার মুখে সমস্ত বৃত্তান্ত পরিজ্ঞাত হইয়া শুক্রাচার্য্য ক্রোধান্ধ হইয়া উঠিলেন এবং জামাতাকে "জরাগ্রস্ত হও" বলিয়া অভিসম্পাত প্রদান করিলেন। রাজা যযাতি নানা প্রকার বিলাপ বাক্যে স্বকীয় যৌবন ভোগে অতৃপ্তির কথা জানাইয়া কাতরতা প্রকাশ করিতে লাগিলেন। তখন শুক্রাচার্য্য বলিলেন, যদি অপর কেহ তোমার জরা গ্রহণ করিয়া তোমাকে তাহার যৌবন প্রদান করে, তাহা হইলে তোমার বাসনা চরিতার্থ হইতে পারে। রাজা যযাতি এই আদেশে তুষ্ট হইয়া রাজ্যে আগমন করিলেন এবং জ্যেষ্ঠ তনয় যদুকে সম্বোধন করিয়া কিয়ৎকালের নিমিত্ত অবস্থার বিনিময় করিতে বলিলেন। কিন্তু যদু স্বকীয় যৌবন পিতাকে প্রদান করিয়া তদীয় জরা গ্রহণে সম্মত হইলেন না। যযাতির অন্যান্য পুত্রেরাও এইরূপে পিতৃ-বাসনা পরিপূর্ণ করিতে অসম্মত হইলেন। কেবল শর্ম্মিষ্ঠার গর্ভজাত কনিষ্ঠ নন্দন পুরুকে এই কথা বলিবামাত্র, গুণশ্রেষ্ঠ রাজনন্দন উত্তর দিলেন যে, "কো নু লোকে মনুষ্যেন্দ্র পিতুরাত্মকৃতঃ পুমান্। প্রতিকর্ত্তুং ক্ষমো যস্য প্রসাদাদ্বিন্দতে পরম্॥ উত্তমশ্চিন্তিতং কুর্য্যাৎ প্রোক্তকারী তু মধ্যমঃ। অধমোঽশ্রদ্ধয়া কুর্য্যাদকর্ত্তোচ্চারিতং পিতুঃ॥" অর্থাৎ হে রাজন্! যাঁহার কৃপায় পরমপদ প্রাপ্তি ঘটে সংসারে কেহই সেই পিতৃদেব কৃত উপকারের প্রতিশোধ প্রদান করিতে পারে না। যে পুত্র পিতার মনোগত ভাব বুঝিয়া কার্য্য করে সেই উত্তম, যে আদিষ্ট হইলে পিতৃকার্য্য সম্পন্ন করে সে পুত্র মধ্যম, যে অশ্রদ্ধার সহিত পিতৃকার্য্য সম্পন্ন করে সে পুত্র অধম এবং যে আদিষ্ট হইয়াও পিতৃকার্য্য সম্পন্ন না করে, সে পুত্র পিতার বিষ্ঠাপ্রায়।" (শ্রীমদ্ভাগবত ৯। ৮১) অতঃপর পুরু হৃষ্টমনে পিতার সহিত স্বকীয় বয়োঽবস্থার পরিবর্ত্তন করিলেন। রাজা যযাতি পুত্র-প্রদত্ত যৌবন-শ্রীতে বিভূষিত হইয়া, কিয়ৎকাল পরম সুখে ইচ্ছামত আহার বিহার করিতে থাকিলেন।

* 'জাতাবেকবচন' এই ব্যাকরণসূত্রানুসারে এক জাতীয় বহুপদার্থের উল্লেখ স্থলে এক-বচনের ব্যবহার প্রসিদ্ধ। যথা ; সম্পন্নো যবঃ ইত্যাদি।

শয় উক্ত অদ্বৈতবাদের খণ্ডনার্থ বলিতেছেন, পূর্ব্বোক্ত মত নিতান্ত অসমীচীন বলিয়া বোধ হইতেছে ; কারণ জড়া অবিদ্যা কর্ত্তৃক চৈতন্যময় আত্মার বিভাগ করা কোন প্রকারেই সম্ভবপর হইতে পারে না। আর যদি বাস্তবিকই অবিদ্যা কর্ত্তৃক আত্মার ছেদ হয়, ইহা তুমি স্বীকার কর, তাহা হইলে "আত্মা নির্ব্বিকারী" এই বাক্যের ব্যাঘাত হইয়া পড়ে।

যদি বল অবিদ্যা-প্রতিবিম্বিত আত্মা বহু, তাহাও যুক্তিযুক্ত নহে ; যেহেতু রূপহীন আত্মার প্রতিবিম্ব অসম্ভব। যদি তাহা হইত, তাহা হইলে রূপহীন আকাশেরও প্রতিবিম্ব হইতে পারিত। জলাদিতে যে প্রতিবিম্ব দৃষ্ট হইতেছে তাহা আকাশের নহে, তদন্তর্গত গ্রহ-নক্ষত্রাদির প্রতিবিম্ব জানিবে। অতএব পূর্ব্বোক্ত জীবাত্মা বহু, অর্থাৎ নানা, তাহা অবিদ্যা কর্ত্তৃক পরিচ্ছিন্ন, বা অবিদ্যাতে প্রতিবিম্বিত নহে। "আকাশমেকং হি" ইত্যাদি শ্রুতিও পরমাত্মার একত্ব প্রতিপাদন করিতেছে।

হে বিনাশভীত সখে! তুমি প্রত্যক্ষ ও পরিদৃশ্যমান্ সত্য হৃদয়ঙ্গম করিতে অসমর্থ হইয়া, স্বকীয় স্বভাব-সিদ্ধ ধীরতা বিসর্জ্জন দিতেছ। জন্ম অবধি মরণ পর্য্যন্ত মনুষ্যের জীবন-যাত্রা কদাপি এক ভাবে অতিবাহিত হয় না। মাতৃগর্ভচ্যুত ললিত-কোমল-কলেবর সুকুমার শিশু সর্ব্বতোভাবে পরমুখ-প্রত্যাশী ও পরানুগ্রহ-পরিপুষ্ট হইয়া কালসহকারে, কন্দর্প-বিনিন্দিত কমনীয় কান্তি-সম্পন্ন কিশোরতা প্রাপ্ত হয় এবং অচিরে বর্দ্ধমান হইয়া বল-বিক্রম-বিশিষ্ট বিশালোরস্ক যুবকাকার ধারণ করে। কালে সেই পরম শোভাময় শরীরের উজ্জ্বলতা ও তেজঃ মন্দীভূত হইয়া যায় এবং সেই একদা প্রফুল্ল ও হসম্মুখ যুবা পলিতকেশ, দন্তবিহীন, শক্তিশূন্য বার্দ্ধক্য দশায় উপনীত হয়। শরীরের এই বিবিধ অবস্থান্তর দর্শনে মনুষ্য ব্যাকুল হয় না। সত্য বটে, যৌবনের পর জরাগ্রস্ত হইবার সময় মানবের হৃদয়গত প্রসন্নতা অপগত হয় ; কিন্তু অপর দিকে দেখ, বাল্যকাল বিগত হইয়া জীবনের সারভূত যৌবন সমাগমে তাহাদের আনন্দ বিপুল পরিমাণে সংবর্দ্ধিত হয় ; অতএব প্রফুল্লতা ও অপ্রসন্নতার আলোচনা করিলে, উভয়ই মনুষ্য-জীবনে সমভাবে বর্ত্তমান দেখা যায়। কিন্তু শরীরের যে দশাই কেন উপস্থিত হউক না, মানব যে তাহার নিমিত্ত কখন শোক-সন্তপ্ত বা ভয়-বিকম্পিত হয় না ইহা স্থির। মৃত্যু ও দেহান্তর-প্রাপ্তি অবিকল এইরূপই

জানিবে। মরণই মানবাত্মার শেষ নহে; মৃত্যুর পর আত্মা কর্ম্মানুসারে দেহান্তর পরিগ্রহ করে। অতএব যেমন শরীরের অবস্থান্তর ঘটিয়া বিবিধ পরিবর্ত্তন পরিলক্ষিত হয়,মৃত্যুর পর আত্মার অন্যরূপ দেহাশ্রয় তদ্রূপ একতম পরিবর্ত্তন বলিয়া বোধ করিলে, মরণ-ভয়ে ভীত বা কাতর হইবার কোনই কারণ থাকিবে না। ভাবিয়া দেখ,হে শোকমুগ্ধ সখে! তুমি জননী-জঠর-নিষ্ক্রান্ত হইয়াই এরূপ বল-বিক্রম-বিশিষ্ট দানবারি-প্রতিদ্বন্দ্বী বীর-পুরুষ হও নাই, আর ঐ যে প্রাতঃস্মরণীয় শান্তনব ভীষ্মদেব বার্দ্ধক্যসুলভ বিজ্ঞতায় মানবোত্তম রূপে প্রতিষ্ঠাভাজন হইয়াছেন, সেই গঙ্গানন্দনও জন্মদিবসেই শরীরের এই অবস্থা প্রাপ্ত হন নাই। হে ভ্রাতঃ! কালে আমাদিগের সন্তানেরা আমাদিগের অবস্থাপন্ন হইবে, এবং আমরা ভীষ্মাদি মহাত্মগণের দশায় উপনীত হইব। এইরূপে মনুষ্য শরীর প্রতিনিয়ত পরিবর্ত্তন পরিগ্রহ করিতেছে। কিন্তু কোথায় কবে মানবকে সে জন্য শোকের উচ্ছ্বাস প্রকাশ করিতে বা সভয়ে সঙ্কুচিত হইতে দেখিয়াছ? মরণের পরেও আবার বিভিন্ন কলেবর ধারণ করিয়া, মনুষ্য ভিন্নভাবে কর্ম্মক্ষেত্রে প্রবেশ করিবে। ঐ পূজ্যপাদ পিতামহ ভীষ্মদেব সমরে প্রাণত্যাগ করিলে, এই জরিত দেহ পরিত্যাগ করিয়া নবীন দেহ লাভ করিবেন। বৃদ্ধেরা যৌবন গত হইলে তাহার পুনঃ প্রাপ্তির কামনা করে। দেহান্তর হইলে তাহাই সংসাধিত হয়, অর্থাৎ জরাজীর্ণ বয়ঃ-ক্লিষ্ট দেহের পরিবর্ত্তে নবোৎফুল্ল কলেবর লাভ করিবার সেই শুভ সুযোগ সমুপস্থিত হয়। সুতরাং ভাবিয়া দেখিলে মৃত্যু কল্যাণকর ও শুভপ্রদ; তজ্জন্য কাতর ও অবসন্ন হওয়া নিরতিশয় ভ্রান্তির পরিচায়ক।

"হে সখে! তোমার ধীরতা চিরপ্রসিদ্ধ। স্বধর্ম্ম পরিপালনার্থ স্বারোপিত সন্ন্যাসাশ্রম অবলম্বন করিতে যাঁহার চিত্ত অনুমাত্র কাতর হয় নাই; সুরপুরে সুরসুন্দরী উর্ব্বশীর প্রেম-প্রভাবে যাঁহার হৃদয় বিগলিত হয় নাই; কৌরব-সভায় দ্যূতক্রীড়ার পর অপমানিতা বনিতার কাতরোক্তি শ্রবণে যাঁহার হৃদয় বিচলিত হয় নাই; রাজসূয় যজ্ঞস্থলে যাঁহার সুবুদ্ধি ও সুব্যবস্থার বিন্দুমাত্র বিশৃঙ্খলা ঘটে নাই, সেই কর্ত্তব্যপরায়ণ ধর্ম্ম-প্রাণ অর্জ্জুন যে ধীরগণের শীর্ষস্থানীয় তাহার কোনই সন্দেহ নাই। স্বর্গ ও মর্ত্ত্য, সর্ব্বত্রই যাঁহার বীরমহিমার কীর্ত্তিকলাপ সঙ্ঘোষিত, দেব ও মানব-কণ্ঠে

যাঁহার অপরিসীম বীরত্ব-কাহিনী নিরন্তর নিনাদিত, যিনি অমিতপরাক্রম অরাতিকুল বিনাশে চিরদিন উদ্যতায়ুধ, যাঁহার গাণ্ডীব-টঙ্কার শ্রবণে শত্রু-সমূহ ভীতি-বিকলিত-চিত্তে পলায়ন-পরায়ণ, রণক্ষেত্রই যাঁহার পরমপ্রিয় প্রীতি-নিকেতন স্বরূপ, সহস্র সহস্র রণদুর্ম্মদ শত্রু-সন্দর্শনেও যাঁহার চিত্ত বিন্দুমাত্র বিচলিত হয় না, সেই বীরকুল-চূড়ামণি ধীরশ্রেষ্ঠ অর্জ্জুন অদ্য সমরক্ষেত্রে সমাগত হইয়া স্বকীয় স্বভাবসিদ্ধ ধীরতা বিসর্জ্জন দিতেছেন এবং অধীরের ন্যায় শোকমুগ্ধ হইয়া কর্ত্তব্যপালনে বিমুখ হইতেছেন, এতদপেক্ষা শোচনীয় ব্যাপার আর কি হইতে পারে! অচিরস্থায়ী, মরণ-ধর্ম্মশীল এই দেহনাশের ভয়ে জগতে কোনও ধীর ব্যক্তি কদাপি কাতর হন না। ভ্রাতঃ! তুমি ধীরচূড়ামণি হইয়া, কেন নশ্বর শরীর নাশ-শঙ্কায় অবসন্ন হইতেছ এবং কর্ত্তব্যপালনে বিমুখ হইতেছ? তোমার ব্যবহার দর্শনে জনসমাজ বিস্ময়াবিষ্ট হইবে, তোমার চিরপ্রসিদ্ধ ধীরতা অপগত হইবে, সর্ব্বত্র তোমার কলঙ্ক প্রচারিত হইবে, এবং লোকে তোমাকে অধীর বলিয়া লাঞ্ছিত করিতে থাকিবে। অতএব হে অভিন্ন-হৃদয় বান্ধব! তুমি তুচ্ছ হৃদয়াবসাদ পরিহার করিয়া স্বভাবসিদ্ধ ধীরতাকে আশ্রয় কর এবং পরিগৃহীত স্বধর্ম্ম-সেবায় বিনিযুক্ত হইয়া জগতীতলে স্বকীয় বীর ও ধীররূপ পরম সুনাম সমধিক রূপে সুপ্রতিষ্ঠিত কর ॥ ১৩ ॥

—:০:;:০:(:০—

মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয়! শীতোষ্ণ-সুখ-দুঃখদাঃ।
আগমাপায়িনোঽনিত্যাস্তাংস্তিতিক্ষস্ব ভারত! ॥ ১৪॥

অন্বয়।—কৌন্তেয় (কুন্তীনন্দন)! মাত্রাস্পর্শাঃ (ইন্দ্রিয়বৃত্তীনাং বিষয়েষু সম্বন্ধাঃ) তু [তে] শীতোষ্ণসুখদুঃখদাঃ (শৈত্যোত্তাপাদি-জনিতানন্দক্লেশপ্রদায়কাঃ) আগমাপায়িনঃ (নাশোৎপত্তিবন্তঃ) [তস্মাৎ] অনিত্যাঃ (অস্থিরাঃ) ভারত (ভরতকুলসম্ভূত অর্জ্জুন)! তান্ (শীতোষ্ণাদীন্) তিতিক্ষস্ব (প্রসহস্ব—উপেক্ষস্ব বা) ॥ ১৪ ॥

প্রতিশব্দ।—কুন্তীনন্দন! বিষয়ের সহিত ইন্দ্রিয়বৃত্তির যে সম্বন্ধ-

[তাহা] হিমোত্তাপ-ক্লেশানন্দকর, উৎপত্তি-বিনাশ-ধর্ম্মশীল [তজ্জন্য] অচিরস্থায়ী ; ভরতবংশোদ্ভব অর্জ্জুন। তাহাদিগকে সহ্য-কর ॥ ১৪ ॥

ব্যাখ্যা।—হে ভরতবংশাবতংস কুন্তীনন্দন! ইন্দ্রিয়-সমূহের সহিত বাহ্য-বিষয়ের যে সম্বন্ধ তাহাই শীতোষ্ণাদি বিবিধ বোধের প্রবর্ত্তক এবং হর্ষা বাদাদির জনক। তৎসমস্ত উৎপত্তি-বিনাশ-বিশিষ্ট সুতরাং অনিত্য। অতএব তাদৃশ বাহ্যকারণজনিত হর্ষবিষাদে অভি-ভূত না হইয়া ধীরভাবে তৎসমস্ত সহ্য করিতে ও অকিঞ্চিৎকর বোধে উপেক্ষা করিতে অভ্যাস কর ॥ ১৪ ॥

শঙ্করাচার্য্য।—যদ্যপ্যাত্মবিনাশনিমিত্তো মোহো ন সম্ভবতি নিত্য আত্মেতি বিজানত-স্তথাপি শীতোষ্ণসুখদুঃখপ্রাপ্তিনিমিত্তো মোহো লৌকিকো দৃশ্যতে, সুখবিয়োগনির্মিত্তো মোহো দুঃখসংযোগাদিনিমিত্তশ্চ শোক ইত্যেতদর্জ্জুনস্য বচনমাশঙ্ক্যাহ মাত্রাস্পর্শা ইতি। মাত্রা আভির্মীয়ন্তে শব্দাদয় ইতি শ্রোত্রাদীনীন্দ্রিয়াণি, মাত্রাণাং স্পর্শাঃ শব্দাদিভিঃ সংযোগাস্তে শীতোষ্ণসুখদুঃখদাঃ শীতমুষ্ণং সুখং দুঃখঞ্চ প্রযচ্ছন্তীতি। অথবা স্পৃশ্যন্তে ইতি স্পর্শা বিষয়াঃ শব্দাদয়ঃ, মাত্রাশ্চ স্পর্শাশ্চ, শীতোষ্ণসুখদুঃখদাঃ, শীতং কদাচিৎ সুখং, কদাচিদ্দুঃখং, তথোষ্ণ-মপ্যনিয়তস্বরূপং, সুখদুঃখে পুনর্নিয়তরূপে যতো ন ব্যভিচরতোঽতস্তাভ্যাং পৃথক্ শীতোষ্ণয়ো-গ্রহণং, যস্মাৎ তে মাত্রাস্পর্শাদয়ঃ, আগমাপায়িনঃ আগমাপায়শীলাঃ তস্মাদনিত্যা উৎপত্তিবিলয়-রূপত্বাৎ, অতস্তান্ শীতোষ্ণাদীংস্তিতিক্ষস্ব প্রসহস্ব তেষু হর্ষবিষাদং মাকার্ষীরিত্যর্থঃ ॥ ১৪ ॥

আনন্দগিরি।—আত্মনঃ শ্রুত্যাদিপ্রমিতে নিত্যত্বে তদুৎপত্তিবিনাশপ্রযুক্তশোক-মোহাভাবেঽপি প্রকারান্তরেণ শোক-মোহৌ স্যাতামিত্যাশঙ্কামনূদ্যোত্তরত্বেন শ্লোকমবতারয়তি যদ্যপীত্যাদিনা। শীতোষ্ণয়োস্তাভ্যাং সুখদুঃখয়োশ্চ প্রাপ্তিং নিমিত্তীকৃত্য যো মোহাদির্দৃশ্যতে তস্যান্বয়ব্যতিরেকাভ্যাং দৃশ্যমানত্বমাশ্রিত্য লৌকিকবিশেষণমপোচ্যানিত্যত্র যো বিদ্যাধিকারী শুচিতস্তস্য তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বেতি শ্রুতেঃ, তিতিক্ষুত্বং বিশেষণমিহোপদিশ্যতে। ব্যাখ্যেয়ং পদমুপাদায় করণব্যুৎপত্ত্যা তস্যেন্দ্রিয়বিষয়ত্বং দর্শয়তি মাত্রা ইত্যাদিনা। ষষ্ঠীসমাসং দর্শয়ন্ ভাবব্যুৎপত্ত্যা স্পর্শশব্দার্থমাহ মাত্রাণামিতি। তেষামর্থক্রিয়ামাদর্শয়তি তে শীতেতি। সম্প্রতি শব্দদ্বয়স্য কর্ম্মব্যুৎপত্ত্যা শব্দাদিবিষয়পরত্বমুপেত্য সমাসান্তরং দর্শয়ন্ বিষয়াণাং কার্য্যং কথয়তি অথ বেতি। ননু শীতোষ্ণপ্রবৃত্তেঃ সুখদুঃখপ্রদত্বস্য সিদ্ধত্বাৎ কিমিতি শীতোষ্ণয়োঃ সুখদুঃখাভ্যাং পৃথগ্ গ্রহণমিতি তত্রাহ শীতমিতি। বিষয়েভ্যস্তু পৃথক্কথনং তদন্তর্ভূতয়োরেব তয়োঃ সুখদুঃখ-হেত্বোরানুকূল্যপ্রাতিকূল্যয়োরুপলক্ষণার্থং অধ্যাত্মং-হি শীতমুষ্ণং বানুকূল্যং প্রাতিকূল্যং বা সম্পাদ্য বাহ্যা বিষয়াঃ সুখাদি জনয়ন্তি। ননু বিষয়েন্দ্রিয়সংযোগস্যাত্মনি সদা সত্ত্বাৎ তৎপ্রযুক্ত-শীতাদেরপি তথাত্বাৎ তন্নিমিত্তৌ হর্ষবিষাদৌ তন্নিরাশনাবিত্যাশঙ্ক্যোত্তরার্দ্ধং ব্যাচষ্টে যস্মাদিত্যা-

ভিন্না। অত্র চ কৌন্তেয়ভারতেতি সংবোধনাভ্যামুভয়কুলশুদ্ধস্যৈব বিদ্যাধিকারিত্বমিতি এতদেব দ্যোত্যতে ॥ ১৪ ॥

রামানুজ।—শব্দস্পর্শরূপরসগন্ধাঃ। সাশ্রয়াস্তন্মাত্রকার্য্যত্বান্মাত্রা ইত্যুচ্যন্তে, শ্রোত্রাদিভিস্তেষাং স্পর্শাঃ শীতোষ্ণমৃদুপরুষাদিরূপসুখদুঃখদা ভবন্তি। শীতোষ্ণশব্দঃ প্রদর্শনার্থস্তান্ ধৈর্য্যেণ যাবদ্যুদ্ধাদিশাস্ত্রীয়কর্ম্মসমাপ্তি তিতিক্ষস্ব ইতি তে চাগমাপায়িত্বাদ্ধৈর্য্যবতাং ক্ষন্তুং যোগ্যা অনিত্যাশ্চেতে। বন্ধহেতুভূতকর্ম্মনাশে সতি আগমাপায়িত্বেনাপি ন বর্ত্তন্ত ইত্যর্থঃ ॥ ১৪ ॥

হনুমান্।—যত্ত্বাত্মনাশনিমিত্তঃ শোকো ন ভবতি নিত্য আত্মেতি জানতস্তথাপি শীতোষ্ণনিমিত্তঃ শোকঃ সম্ভবতি ইত্যেতদর্জ্জুনস্য বচনমাশঙ্ক্যাহ মাত্রাস্পর্শাস্তিতি। মীয়ন্তে আভিঃ শব্দাদয় ইতি মাত্রা ইন্দ্রিয়াণি, মাত্রাণাং স্পর্শাঃ শব্দাদিভিঃ সংযোগাঃ, শীতোষ্ণসুখদুঃখদাঃ। শীতঞ্চ উষ্ণঞ্চ শীতোষ্ণে তে এব সুখদুঃখে তে দদতীতি শীতোষ্ণসুখদুঃখদাঃ। আগমাপায়িনঃ আগমাপায়শীলাস্তস্মাদনিত্যাস্তান্ মাত্রাস্পর্শান্ তিতিক্ষস্ব প্রসহস্ব, তেষু হর্ষবিষাদৌ মা কার্ষীরিত্যর্থঃ ॥১৪॥

শ্রীধর।—নন্বহং ন শোচামি কিন্তু তদ্বিয়োগাদিদুঃখভাজং মামেবেতি চেত্তত্রাহ মাত্রাস্পর্শা ইতি। মীয়ন্তে জ্ঞায়ন্তে বিষয়া আভিরিতি মাত্রা ইন্দ্রিয়বৃত্তয়স্তাসাং স্পর্শা বিষয়ৈঃ সহ সম্বন্ধাস্তে শীতোষ্ণাদিপ্রদা ভবন্তি তে ত্বাগমাপায়বত্ত্বাদনিত্যা অস্থিরা অতস্তাংস্তিতিক্ষস্ব সহস্ব, যথা জলাতপাদিসংসর্গাস্তত্তৎকালকৃতাঃ স্বভাবতঃ শীতোষ্ণাদি প্রযচ্ছন্তি এবমিষ্টসংযোগবিয়োগা অপি সুখদুঃখানি প্রযচ্ছন্তি তেষাঞ্চাস্থিরত্বাৎ সহনং তব ধীরস্যোচিতং, ন তু তন্নিমিত্তহর্ষবিষাদপারবশ্যমিত্যর্থঃ ॥ ১৪ ॥

বলদেব।—ননু ভীষ্মাদয়ো মৃতাঃ কথং ভবিষ্যন্তীতি তদ্দুঃখনিমিত্তঃ শোকো মা ভূৎ। তদ্বিচ্ছেদদুঃখনিমিত্তস্তু মে মনঃপ্রভৃতীনি প্রদহন্তীতি চেৎ তত্রাহ মাত্রেতি। মাত্রাস্ত্বগাদীন্দ্রিয়বৃত্তয়ঃ। মীয়ন্তে পরিচ্ছিদ্যন্তে বিষয়া আভিরিতি ব্যুৎপত্তেঃ। স্পর্শাস্তাভির্বিষয়াণামবন্ধতাবাস্তে খলু শীতোষ্ণসুখদুঃখদা ভবন্তি। যদেব শীতলমুদকং গ্রীষ্মে সুখদং তদেব হেমন্তে দুঃখদমিত্যতোঽনিয়তত্বাদাগমাপায়িত্বাচ্চানিত্যানস্থিরাংস্তান্ তিতিক্ষস্ব সহস্ব। এতদুক্তং ভবতি। মাঘস্নানং দুঃখকরমপি ধর্ম্মতয়া বিধানাদ্যথা ক্রিয়তে তথা ভীষ্মাদিভিঃ সহ যুদ্ধং দুঃখকরমপি তথা বিধানাৎ কার্য্যমেব। তত্রত্যো দুঃখানুভবস্বাগন্তুকো ধর্ম্মসিদ্ধত্বাৎ সোঢ়ব্যঃ। ধর্ম্মাজ্জ্ঞানোদয়েন মোক্ষলাভে তু তত্র তত্ত্ব নানুবৃত্তিশ্চ জ্ঞাননিষ্ঠাপরিপাকং বিনৈব ধর্ম্মত্যাগস্ত্বনর্থহেতুরিতি। কৌন্তেয় ভারতেতি পদাভ্যামুভয়কুলশুদ্ধস্য তে ধর্ম্মভ্রংশো নোচিত ইতি সূচ্যতে ॥ ১৪ ॥

মধুসূদন।—নন্বাত্মনো নিত্যত্বে বিভুত্বে চ ন বিবদামঃ, প্রতিদেহমেকত্বন্তু ন সহামহে। তথাহি বুদ্ধি-সুখ-দুঃখেচ্ছা-দ্বেষ-প্রযত্ন-ধর্ম্মাধর্ম্ম-ভাবনাখ্যনববিশেষগুণবন্তঃ প্রতিদেহং ভিন্না এবং "নিত্যা বিভবশ্চাত্মানঃ ইতি বৈশেষিকা মন্যন্তে" ইমমেব চ পক্ষং তার্কিকমীমাংসকাদয়োঽপি প্রতিপন্নাঃ। সাংখ্যাস্তু বিপ্রতিপদ্যমানা অপ্যাত্মনো গুণবত্ত্বে প্রতিদেহং ভেদেন বিপ্রতিপন্নাস্তে; অন্যথা সুখদুঃখাদিসঙ্করপ্রসঙ্গাৎ, তথাচ ভীষ্মাদিভিন্নস্য মম নিত্যত্বে বিভুত্বেঽপি সুখদুঃখাদিযোগিত্বাদ্ভীষ্মাদিবন্ধুদেহবিচ্ছেদে সুখবিয়োগো দুঃখসংযোগশ্চতাদিভিঃ কথং শোকমোহৌ নানুচিতা-

বিত্তি অর্জ্জুনাভিপ্রায়মাশঙ্ক্য লিঙ্গশরীরবিবেকায়াহ মাত্রেতি। মীয়ন্তে আভির্বিষয়া ইতি মাত্রা ইন্দ্রিয়াণি, তাসাং স্পর্শা বিষয়ৈঃ সম্বন্ধাস্তত্তদ্বিষয়াকারান্তঃকরণপরিণামা বা, তে আগমাপায়িন উৎপত্তিবিনাশবন্তঃ অন্তঃকরণস্যৈব শীতোষ্ণাদয়ঃ সুখদুঃখদাঃ ন তু নিত্যস্য বিভোরাত্মনঃ তস্য নির্গুণত্বান্নির্ব্বিকারত্বাচ্চ নহি নিত্যস্যানিত্যধর্ম্মাশ্রয়ত্বং সম্ভবতি ধর্ম্মধর্ম্মিণোরভেদাৎ সম্বন্ধান্তরানুপপত্তেঃ, সাক্ষ্যস্য সাক্ষিধর্ম্মত্বানুপপত্তেশ্চ। তদুক্তং "নর্ত্তে স্যাদ্বিক্রিয়াং দুঃখী সাক্ষিতা কাঽবিকারিণঃ। ধীবিক্রিয়া সহস্রাণাং সাক্ষ্যতোঽহমবিক্রিয়ঃ" ইতি। তথাচ সুখদুঃখাদ্যাশ্রয়ীভূতান্তঃকরণভেদাদেব সর্ব্বব্যবস্থোপপত্তের্নির্ব্বিকারস্য সর্ব্বভাসকস্যাত্মনো ভেদে মানমস্তি, তদ্রূপেণ স্ফুরণরূপেণ চ সর্ব্বত্রানুগমাৎ। অন্তঃকরণস্য তাবৎ সুখদুঃখাদৌ জনকত্বমুভয়বাদিসিদ্ধম্। তত্র সমবায়িকারণত্বস্যৈবাভ্যর্হিতত্বাৎ তদেব কল্পয়িতুমুচিতং নতু সমবায়িকারণান্তরানুপস্থিতৌ নিমিত্তত্বমাত্রং, তথাচ "কামঃ সঙ্কল্পঃ" ইত্যাদি শ্রুতিরেব তৎ সর্ব্বং মনএবেতি কামাদি সর্ব্ববিকারোপাদানত্বমভেদনির্দ্দেশাৎ মনস আহ। আত্মনশ্চ স্বপ্রকাশজ্ঞানানন্দরূপত্বস্য শ্রুতিভির্বোধনায় কামাদ্যাশ্রয়ত্বং, অতো বৈশেষিকাদয়ো ভ্রান্ত্যা আত্মনো বিকারিত্বং ভেদঞ্চাঙ্গীকৃতবন্ত ইত্যর্থঃ। অন্তঃকরণস্যাগমাপায়িত্বাৎ দৃশ্যত্বাচ্চ, নিত্যদৃগ্রূপাত্মনোঽভিন্নস্য সুখাদিজনকা যে মাত্রাস্পর্শাস্তেঽপ্যনিত্যাঃ অনিয়তরূপাঃ, একদা সুখজনকস্যৈব শীতোষ্ণাদেরন্যদা দুঃখজনকত্বদর্শনাৎ, এবং কদাচিৎ দুঃখজনকস্যাপ্যন্যদা সুখজনকত্বদর্শনাৎ। শীতোষ্ণগ্রহণমাধ্যাত্মিকাধিভৌতিকাধিদৈবিকসুখদুঃখোপলক্ষণার্থং শীতমুষ্ণঞ্চ কদাচিৎ সুখং, কদাচিৎ দুঃখং, সুখদুঃখে তু ন কদাপি বিপর্য্যয়েত ইতি পৃথঙ্‌নির্দ্দেশঃ। তথাচাত্যন্তাস্থিরাৎ ত্বদ্ভিন্নস্য বিকারিণঃ সুখদুঃখাদিপ্রদান্ ভীষ্মাদিসংযোগবিয়োগরূপান্ মাত্রাস্পর্শান্ ত্বং তিতিক্ষস্ব, নৈতে মম কিঞ্চিৎকরা ইতি বিবেকেনোপেক্ষস্ব। দুঃখিতাদাত্ম্যাধ্যাসেনাত্মানং দুঃখিনং মাজ্ঞাসীরিত্যর্থঃ। কৌন্তেয় ভারতেতি সম্বোধনদ্বয়েনোভয়কুলবিশুদ্ধস্য তবাজ্ঞানমনুচিতমিতি সূচয়তি ॥ ১৪ ॥

নীলকণ্ঠ।—নমু আত্মনো লিঙ্গশরীরাদন্যত্বেঽপি অহং দুঃখীত্যাদ্যনুভবাদ্দুঃখাদিধর্ম্মাশ্রয়ত্বং দুর্ব্বারং ততশ্চ ভীষ্মাদিবন্ধুবর্গনাশে সতি দুঃখসম্বন্ধো ভবত্যেবেত্যাশঙ্ক্যাহ মাত্রাস্পর্শা ইতি। মীয়ন্তে বিষয়া যাভিস্তা মাত্রা ইন্দ্রিয়বৃত্তয়ঃ। যথা দশ প্রজ্ঞামাত্রাঃ বাগাদয়ঃ, দশ ভূতমাত্রা নামাদয়ঃ, কৌষীতকিপ্রসিদ্ধাঃ, তাসাং স্পর্শাঃ পরস্পরং বিষয়বিষয়িভাবেন সম্বন্ধাঃ ইতি ব্যাখ্যেয়ম্। যদ্বা মাত্রা প্রমাত্রা সহ স্পর্শাঃ বিষয়েন্দ্রিয়সম্বন্ধাঃ, স্পর্শশব্দস্য তদ্বাচিত্বস্পর্শান্ কৃত্বা বহির্ব্বাহ্যানিত্যত্র দৃষ্টম্, তত্র স্পর্শপদেন তদ্বতোর্ব্বিষয়েন্দ্রিয়য়োরপি লাভঃ, তেন প্রমাতুঃ প্রমাণদ্বারা প্রমেয়েণ সহ সম্বন্ধাঃ সর্ব্বে শীতোষ্ণাদিবদাগমাপায়িনঃ উৎপত্তিবিনাশশীলাঃ," অতএবানিত্যাশ্চ তদ্বদেব সুখদুঃখদাশ্চ অতস্তান্ তিতিক্ষস্ব সহস্ব। হে কৌন্তেয়! ভারত! ইত্যুত্তমবংশ্যত্বেন ধীরত্বমস্য সূচয়তি। প্রমাতৃত্বাদিরনর্থো হি সুষুপ্তিসমাধিগ্রহাবেশাদিষু ভাবাজ্জাগ্রৎস্বপ্নাদৌ ভাবাচ্চ কাদাচিৎকত্বয়া আত্মনি প্রতীয়মানোঽপি রজ্জুরগাদিবন্মিথ্যাভূতঃ সন্ তদ্ধর্ম্মত্বম্ ভজতে। যদ্ধি যত্রাভেদেন কদাচিন্নাস্তি কদাচিন্ন তৎ তত্রাধ্যস্তং রজ্জ্বামিব সর্পঃ, প্রমাত্রা-

দিশ্চ প্রতীচি প্রত্যগভেদেন কদাচিদ্ভাতি অতো মিথ্যেতি নিশ্চিতম্। তেন প্রতীচিপ্রমাতৃসম্বন্ধ এব নাস্তি সত্যমিথ্যাবস্তুনোর্ব্বাস্তবসম্বন্ধাযোগাৎ, প্রমাতৃধর্ম্মাণাং দুঃখাদীনান্তু প্রতীচিসম্বন্ধো দূরাপেত এব। কথং তর্হ্যাত্মনি দুঃখিত্বপ্রত্যয়ঃ? তত্তদুপাধিতাদাত্ম্যাধ্যাসাদিতি ভ্রমঃ॥ অতএব জাগ্রতি দৃষ্টং দুঃখং স্বপ্নে নানুবর্ত্ততে, স্বপ্নদৃষ্টং বা জাগ্রতি ন দৃশ্যতে। তথা চ শ্রুতিঃ, "স যৎ তত্র পশ্যতি পুণ্যঞ্চ পাপঞ্চানন্বাগতস্তেন ভবত্যসঙ্গো হ্যয়ং পুরুষঃ" ইতি, "কামঃ সঙ্কল্পো বিচিকিৎসা" ইত্যাদিশ্রুতিরেতৎ সর্ব্বং মন এবেত্যভেদনির্দ্দেশাৎ কামাদিসর্ব্ববিকারোপাদানত্বং মনস এবাহ। তস্মাৎ স্বপ্ন ইবাত্মনি দুঃখিত্বপ্রতীতির্ভ্রান্তিরেবেতি ইষ্টবিয়োগজনিতাং তাং তিতিক্ষস্বেতি ভাবঃ॥ ১৪॥

বিশ্বনাথ।—নমু সত্যমেব তত্ত্বং তদপ্যবিবেকিনো মম মন এবানর্থকারি বৃথৈব শোক-মোহব্যাপ্তং দুঃখয়তীতি। তত্র ন কেবলং একং মন এব, অপিতু মনসো বৃত্তয়োঽপি সর্ব্বাস্ত্বগাদী-ন্দ্রিয়রূপাঃ স্বস্ববিষয়ানুভাবা অনর্থকারিণ্য ইত্যাহ মাত্রেতি। মাত্রা ইন্দ্রিয়গ্রাহ্যবিষয়াস্তেষাং স্পর্শাঃ অনুভবাঃ। শীতোষ্ণেতি আগমাপায়িন ইতি। যদেব শীতলজলাদিকমুষ্ণকালে সুখদং তদেব শীতকালে দুঃখদমতোঽনিয়তত্বাদাগমাপায়িত্বাচ্চ তান্ বিষয়ানুভবান্ তিতিক্ষস্ব সহস্ব, তেষাং সহনমেব শাস্ত্রবিহিতো ধর্ম্মঃ। নহি মাঘে মাসি জলস্য দুঃখদত্ববুদ্ধ্যৈব শাস্ত্রে বিহিতঃ স্নানরূপো ধর্ম্মস্ত্যজ্যতে; ধর্ম্মএব কালে সর্ব্বানর্থনিবর্ত্তকো ভবত্যেবমেব যে পুত্রভ্রাত্রাদ্যাঃ উৎপত্তিকালে ধনাদ্যুপার্জ্জনকালে চ সুখদাস্ত এব মৃত্যুকালে দুঃখদা আগমাপায়িনোঽনিত্যা-স্তানপি তিতিক্ষস্ব; নতু তদনুরোধেন যুদ্ধরূপঃ শাস্ত্রবিহিতঃ স্বধর্ম্মস্ত্যাজ্যঃ। বিহিতধর্ম্মাচরণং খলু কালে মহদনর্থক্লদেব ইতি ভাবঃ॥ ১৪॥

তাৎপর্য্য।—পূজ্যপাদ ভাষ্যকার শ্রীমচ্ছঙ্করাচার্য্য, পূজনীয় শ্রীমদানন্দ-গিরি এবং ভক্তিভাজন শ্রীমৎ শ্রীধর স্বামী এই শ্লোকের নিম্নলিখিতরূপ বিবৃতি করিয়াছেন। আর যদি বল যে, "স্বীকার করিলাম আত্মাকে নিত্য বলিয়া জানিতে পারিলে আত্মবিনাশ আশঙ্কায় মোহ হইতে পারে না; কিন্তু শীত-উষ্ণাদি জনিত সুখ-দুঃখ অবশ্যম্ভাবী এবং তন্নিমিত্ত মোহ সর্ব্বত্র পরিদৃষ্ট হয়।" এইরূপ ভাব কল্পনা করিয়া শ্রীহরি বলিতেছেন,—বন্ধো! তোমার ন্যায় ধীরের নিকট এরূপ আশঙ্কা অনাশংসনীয়। মোহবশে তোমার পরম পরিশুদ্ধ পিতৃমাতৃকুলের কথা কি একেবারে বিস্মৃত হইলে? একবার ভাবিয়া দেখ দেখি তুমি কে? তুমি সেই জগদ্বিখ্যাত পরম যশস্বী ভরতমহারাজের বংশে জন্মপরিগ্রহ করিয়াছ; প্রাতঃস্মরণীয়া কুন্তীদেবী তোমাকে জঠরে স্থান প্রদান করিয়াছেন। জ্ঞান-লাভের যথার্থ অধিকারী তুমিই; অতএব নীচবংশ-সম্ভূত সামান্য জনগণের ন্যায় তোমার এরূপ

অযথা মোহ-প্রকাশ করা ভাল দেখায় না। মোহ-নির্ম্মুক্ত হইয়া চিত্তকে সমাহিত করিতে হইলে অগ্রে] তোমাকে তিতিক্ষু হইতে হইবে।

তিতিক্ষু কাহাকে বলে বলিতেছি শ্রবণ কর। যেমন আলোক এবং অন্ধকার পরস্পর-বিরুদ্ধ; শীত ও উষ্ণ, সুখ ও দুঃখ তেমনই পরস্পর বিরুদ্ধ। অর্থাৎ একের অভাবে অপরের আবির্ভাব হয়, এবং একের আবির্ভাবে অপরের তিরোভাব হয়। আলোকের আবির্ভাবে অন্ধকারের তিরোভাব হয় এবং অন্ধকারের আবির্ভাবে আলোক তিরোহিত হয়। সুখের আগমনে দুঃখ পলায়ন করে, এবং দুঃখের আগমনে সুখ সে স্থান পরিত্যাগ করে।

এখন পরস্পর বিরুদ্ধ-ভাবের আবির্ভাব বা তিরোভাবের কারণ অনুসন্ধানে সম্প্রবৃত্ত হইলে দেখা যায় যে, শ্রবণাদি ইন্দ্রিয়গণ এবং শব্দাদি বিষয়-সমূহের পরস্পর সংযোগই এ বিষয়ের একমাত্র মুখ্য কারণ। অর্থাৎ কি শীত কি উষ্ণ, কি সুখ কি দুঃখ সকলেরই একমাত্র উদ্ভব স্থল বিষয় ও ইন্দ্রিয়গণের সংযোগ। শ্রবণাদি ইন্দ্রিয়গণ শব্দাদি বিষয়ের সহিত সংযুক্ত হইয়াই শীত, উষ্ণ, সুখ ও দুঃখ প্রদান করে।

আর এক কথা। বিষয়েন্দ্রিয়-সংযোগে এক শীতই কখন সুখ, কখন দুঃখ প্রদান করে, এক উষ্ণও কখন সুখ, কখন দুঃখ প্রদান করে। এখন বিবেচনা করিয়া দেখ, সুখ ও দুঃখের শীত বা উষ্ণের সহিত কোনওরূপ সংস্রব নাই। শীতে ও উষ্ণে কখন সুখ কখন দুঃখ সমুৎপন্ন হয় বলিয়া শীত ও উষ্ণ ব্যভিচারী; কিন্তু সুখে সুখই আছে, দুঃখে দুঃখই আছে; অতএব সুখ ও দুঃখ অব্যভিচারী। সুতরাং শীত ও উষ্ণ হইতে সুখ ও দুঃখ সম্পূর্ণ পৃথক্ পদার্থ। এই জন্যই সুখ ও দুঃখ শীত ও উষ্ণ হইতে পৃথক্ করিয়া বলিলাম।

শব্দাদি বাহ্যবিষয়-সমূহ ইন্দ্রিয় দ্বারা আত্ম-সংলগ্ন শীত বা উষ্ণকে অনুকূল বা প্রতিকূলরূপে সম্পাদিত করিয়া সুখ কিংবা দুঃখ প্রদান করে, এইজন্য সুখ ও দুঃখকে বিষয়সমূহ হইতে পৃথক্ রূপে বলা হইল। জীবাত্মা এইরূপ বিষয়েন্দ্রিয়ের সহিত সদা সংযুক্ত থাকিলেও, তৎপ্রযুক্ত শীতোষ্ণাদি এবং তন্নিমিত্ত হর্ষবিষাদাদি কর্ত্তৃক স্পৃষ্ট হন না; কারণ বিষয়েন্দ্রিয়-সংযোগ-জনিত শীত ও উষ্ণ সুখ বা দুঃখাদি সমস্তই উৎপত্তি এবং বিনাশ-শীল, অতএব অনিত্য। যে যে পদার্থের উৎপত্তি ও বিনাশ আছে, সেই সেই পদার্থই অনিত্য। অনিত্য ও নিত্য পদার্থ কখনও এক হইতে পারে

না। অনিত্যের ফলও কখন নিত্যে সংক্রমিত হইতে পারে না। অতএব ঐ সমস্ত অনিত্য ও পরস্পর বিরুদ্ধভাবাক্রান্ত শীতোষ্ণাদিকে সম ও একবোধে সহন করাই ভাল। একবোধে শীতোষ্ণাদি সহিষ্ণুতার নামই তিতিক্ষা; এবং যে ব্যক্তি অবিকৃত চিত্তে তৎসমস্ত সহন করে অর্থাৎ যাহার তিতিক্ষা আছে, তাহাকেই তিতিক্ষু বলে।

ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ মহাশয় লিখিয়াছেন, ধর্ম্মসঙ্গত কার্য্য দুষ্কর হইলেও অবশ্যকরণীয়। মাঘ মাসের কঠোর শীতে প্রাতঃস্নান নিতান্ত ক্লেশকর হইলেও ধর্ম্মার্থ তাহা অবশ্য কর্ত্তব্য। ভীষ্মাদি তোমার পরমাত্মীয় গুরুজন, তাদৃশ ব্যক্তির অঙ্গে অস্ত্রক্ষেপ করিয়া তাঁহাদের প্রাণ-সংহার করা তোমার পক্ষে নিতান্ত ক্লেশকর সন্দেহ নাই। কিন্তু স্বধর্ম্ম পালনার্থ সমরে বিপক্ষ নাশ তোমার পক্ষে অবশ্যকরণীয়। সুতরাং ভীষ্মাদি আত্মীয়-হনন নিতান্ত যাতনাপ্রদ হইলেও, ধর্ম্মার্থে তাহা তোমার অবশ্যকর্ত্তব্য। তজ্জন্য যে হৃদয়-বেদনা জন্মিবে, ধর্ম্মসিদ্ধির নিমিত্ত তাহা তোমার অবশ্য সহনীয়।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহাশয় লিখিয়াছেন,—অর্জ্জুন যেন বলিতেছেন, হে ভগবন্! আত্মা নিত্য ও বিভু অর্থাৎ সর্ব্বব্যাপক বলিয়া আপনি যে আমাকে বিমুগ্ধ করিতেছেন, তাহাতে আমার কোন আপত্তি নাই। কিন্তু প্রতি দেহে যে একই আত্মা বর্ত্তমান আছেন, তাহা আমি কখনও স্বীকার করিতে পারি না। কারণ বৈশেষিক দর্শনকর্ত্তা * মহর্ষি কণাদও বলিয়াছেন," বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন, ধর্ম্ম,

* সাংখ্য, পাতঞ্জল, ন্যায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত এই ষড়্ দর্শন ভারতবর্ষে অতিশয় সমাদৃত। এ স্থলে অধিকাংশ দর্শনের উল্লেখ হইয়াছে; সুতরাং ষড়্ দর্শনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নে বিন্যস্ত হইল।

(১) সাংখ্য।—মহর্ষি কপিল সাংখ্য দর্শনের প্রতিষ্ঠাতা। প্রকৃতি ও পুরুষ নামে দুইটি নিত্য পদার্থ সাংখ্য শাস্ত্রের প্রতিপাদ্য। প্রকৃতি জড়া এবং আদি কারণ স্বরূপা। যাবতীয় সৃষ্ট ব্যাপার সেই প্রকৃতির বিকাশ মাত্র। পুরুষ চেতন, বিকার-রহিত, কার্য্যহীন এবং প্রাণিদিগের আত্ম-স্বরূপ। পুরুষ ও প্রকৃতি সম্বন্ধ বিশিষ্ট এবং তদুভয়ের সংযোগে বিশ্বকার্য্য নির্ব্বাহিত হয়। পঞ্চবিংশ সংখ্যক তত্ত্ব অর্থাৎ পদার্থের প্রসঙ্গ সাংখ্য দর্শনে লিখিত আছে বলিয়া এই শাস্ত্রের নাম সাংখ্য দর্শন হইয়াছে। তন্মধ্যে; প্রকৃতি, পুরুষ, মহৎ অর্থাৎ বুদ্ধি, অহঙ্কার এবং পঞ্চ তন্মাত্র (অর্থাৎ রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ), মন, পঞ্চ মহাভূত (অর্থাৎ ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ এবং ব্যোম), পঞ্চ জ্ঞানেন্দ্রিয় (অর্থাৎ চক্ষু, শ্রোত্র, নাসিকা জিহ্বা ও ত্বক্) পঞ্চ কর্ম্মেন্দ্রিয় (অর্থাৎ বাক্, পাদ, পাণি, পায়ু, এবং উপস্থ), এই পঞ্চবিংশ পদার্থের ক্রমপরি-

অধর্ম্ম, ভাবনাখ্য নববিধ বিশেষ গুণবিশিষ্ট আত্মা প্রতিদেহেই ভিন্ন ও নিত্য। তর্কশাস্ত্র-প্রণেতা মহর্ষি গৌতম ও মীমাংসক-দর্শনকারী মহামুনি জৈমিনি প্রভৃতি দার্শনিকগণও এই পক্ষই অবলম্বন করিয়াছেন। কপিল প্রভৃতি সাংখ্যাচার্য্যগণও গুণবিশিষ্ট আত্মাকে প্রতিদেহে ভিন্ন ভিন্ন বলিয়া

বর্ত্তনে বিশ্ব-সংসারের যাবতীয় কার্য্য নির্ব্বাহিত হইয়া থাকে। সংসারের যাবতীয় দুঃখ সাঙ্খ্য শাস্ত্রে তিন ভাগে বিভক্ত। আধ্যাত্মিক, আধিভৌতিক এবং আধিদৈবিক। তাপত্রয়ের বৃত্তান্ত পূর্ব্বে বিশেষরূপে লিখিত হইয়াছে। বিবেক বা তত্ত্বজ্ঞানের দ্বারা উল্লিখিত তাপত্রয় বিনষ্ট হয়। প্রকৃতি ও পুরুষের স্বতন্ত্রতা হৃদয়ঙ্গম করাই তত্ত্বজ্ঞান।

(২) পাতঞ্জল।—সাঙ্খ্য নিরীশ্বর। পাতঞ্জলও সাঙ্খ্যশাস্ত্রের ন্যায় উল্লিখিত পঞ্চবিংশ তত্ত্বের উপর সংস্থাপিত, কিন্তু তাহা সেশ্বর; এইজন্য তাহাতে তত্ত্বসংখ্যা ষড়্‌বিংশ। ষড়্‌বিংশ তত্ত্ব পরমেশ্বর ইচ্ছামত শরীর পরিগ্রহ করিয়া সৃষ্টি করিয়া থাকেন। তিনি ক্লেশ (অর্থাৎ অনিত্য বস্তুতে নিত্যবোধ, দুঃখে সুখভোগ ভ্রম, আত্মাই দেহ এইরূপ বোধ, রাগ দ্বেষ, মরণ-ভীতি), কর্ম্ম, বিপাক (অর্থাৎ জন্ম মরণ সুখ দুঃখ ভোগাদি কর্ম্মফল), আশয় (অর্থাৎ বাসনা) রহিত। জীবাত্মা জড়জগৎ হইতে স্বতন্ত্র, এই বিশ্বাসই তত্ত্বজ্ঞান এবং তাদৃশ তত্ত্বজ্ঞানই মুক্তির উপায়। আমি কর্ত্তা, আমি ভোক্তা ইত্যাদি বুদ্ধি ভ্রমাত্মক। তত্ত্বজ্ঞানের আবির্ভাব হইলে ভ্রম বিদূরিত হয়, তাপ নিবারিত হয় এবং স্বকীয় চিন্ময় স্বরূপ পরিস্ফুট হয়। সমস্ত চিত্তবৃত্তির নিরোধ করিয়া ধ্যান করাই যোগ এবং তাহাই তত্ত্বজ্ঞান লাভের উপায়। পতঞ্জলি মুনি এই দর্শনের প্রতিষ্ঠাতা।

(৩) বৈশেষিক।—এই দর্শন মতে দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায় ও অভাব এই সাত প্রকার পদার্থ। আর পৃথিবী, জল, তেজ, বায়ু, আকাশ, কাল, দিক্, আত্মা, মন এই নয় প্রকার দ্রব্যপদার্থ। পৃথিবী, জল, তেজঃ, বায়ু এই কয় পদার্থের পরমাণু নিত্য এবং পরমাণু সমষ্টি স্বরূপ ঘট, পট, দ্ব্যণুক প্রভৃতি অনিত্য। পরমাণু মাত্রেই নিত্য, সৎস্বরূপ এবং কারণবিহীন। সমস্ত জড় পদার্থই পরমাণুর সংযোগে সমুৎপন্ন। পরমাণু সমূহে, বিশেষ নামে পদার্থ থাকায় মৃত্তিকা, জল, বায়ু প্রভৃতি স্বতন্ত্র পদার্থের পরমাণু স্বতন্ত্র বলিয়া উপলব্ধ হয়। এই বিশেষ পদার্থ অঙ্গীকার করায় এই শাস্ত্রের বৈশেষিক দর্শন নাম হইয়াছে। এই শাস্ত্রে শরীর এবং মনের বিভাগই মোক্ষ বলিয়া কীর্ত্তিত হইয়াছে। শ্রবণ, মনন, নিদিধ্যাসন, আসন, প্রাণায়াম, শম, দম, আত্ম-সাক্ষাৎকার ইত্যাদি আত্ম-কর্ম্মের পর দেহ হইতে আত্মা যে পৃথক্ এইরূপ তত্ত্বজ্ঞান জন্মে। তদনন্তর ক্রমশঃ মোক্ষ হয়। মহর্ষি কণাদ এই দর্শনের প্রতিষ্ঠাতা।

(৪) ন্যায় দর্শনেও বৈশেষিক দর্শনের ন্যায় পরমাণুর মহত্ত্ব কীর্ত্তিত হইয়াছে এবং অন্যান্য বিষয়ে মতের অনেক ঐক্য আছে। কিন্তু নৈয়ায়িকেরা বিশেষ নামক পদার্থ স্বীকার করেন না। আত্মা যে দেহাতিরিক্ত এবং দেহ হইতে স্বতন্ত্র এইরূপ জ্ঞানই তত্ত্বজ্ঞান এবং তাদৃশ তত্ত্বজ্ঞানই মোক্ষের কারণ, ইহাই ন্যায় শাস্ত্র সঙ্গত। সমাধি বিশেষের অভ্যাস হইতে তত্ত্বজ্ঞান জন্মে এবং যম নিয়মাদি যোগক্রিয়ার সাহায্যে মুক্তি লাভের উপায় হয়। মহর্ষি গৌতম ন্যায় শাস্ত্রের প্রতিষ্ঠাতা।

(৫) মীমাংসা।—বেদ ও ধর্ম্ম শাস্ত্রের সামঞ্জস্য বিধান করাই মীমাংসা শাস্ত্রের উদ্দেশ্য। বেদবিহিত যজ্ঞাদি কর্ম্ম অবশ্য করণীয়, তদ্দ্বারা নিশ্চয়ই স্বর্গ লাভ ঘটে এবং স্বর্গভোগই মানবের

প্রতিপন্ন করিয়াছেন। যদি প্রতিদেহে একই আত্মা হইবে, তবে একের সুখ-দুঃখ হইলে সকলেরই সুখ-দুঃখ হইতে পারে; কিন্তু কখন একের সুখ-দুঃখে সার্ব্বজনীন সুখ-দুঃখ পরিদৃষ্ট হয় না। অতএব স্থিরসিদ্ধান্ত হইল যে, আত্মা নিত্য, সর্ব্বব্যাপক ও প্রতিদেহে ভিন্ন ভিন্ন রূপে সুখ-দুঃখাদির অনুভাবক। সুতরাং ভীষ্মাদি হইতে আমার স্বতন্ত্র নিত্যত্ব এবং বিভুত্ব সিদ্ধ হইল। অতএব ভীষ্মাদি বন্ধুগণের দেহবিচ্ছেদে আমার সুখবিয়োগ ও দুঃখসংযোগ অবশ্যই হইবে; যেহেতু আমি অর্থাৎ আত্মা সুখদুঃখাদির অধিষ্ঠাতা, তবে ভীষ্মাদি বন্ধুগণের বিয়োগ-জনিত শোক-মোহ আমার হৃদয়ে কেন না উদিত হইবে? অর্জ্জুনের এরূপ অভিপ্রায় আশঙ্কা করিয়া, ভগবান্ ত্রিবিধ শরীরের মধ্যে লিঙ্গ শরীর অর্থাৎ সূক্ষ্ম-শরীরের বিবরণ করিতেছেন। তদ্বিষয়ক বোধ জন্মিলে সুখ-দুঃখাদির আশ্রয় অবধারিত হইবে এবং তন্নিমিত্ত শোক-মোহও অপসৃত হইবে।

হে ভারত অর্জ্জুন! তুমি যে সুখ-দুঃখাদির নিমিত্ত অত্যন্ত কাতর হইয়াছ তাহা নিগুর্ণ ও নির্ব্বিকার আত্মার ধর্ম্ম নহে। বিষয়ের সহিত ইন্দ্রিয়গণের সম্বন্ধ অর্থাৎ মিলন হইলেই শীতোষ্ণ-জনিত সুখ-দুঃখাদির অনুভব হইয়া থাকে; কালভেদে বিষয় সকল কখন বা সুখময় কখন বা দুঃখময় হইয়া উঠে। "চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ" অর্থাৎ সুখ-দুঃখ চক্রের ন্যায় সর্ব্বদা পরিবর্ত্তনশীল, তাহা চিরস্থায়ী নহে। নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্ত-স্বরূপ আত্মা কখনও অনিত্য সুখ-দুঃখাদির আশ্রয় নহেন;

একমাত্র লক্ষ্য। এই মতে শব্দ নিত্য, এবং বেদ অপৌরুষেয় ও নিত্য পদার্থ। শ্রুতিবাক্য সমূহের যে অর্থ সম্বন্ধ হইয়াছে, অর্থাৎ যে শব্দের যে অর্থ স্থিরীকৃত আছে, তাহা কোন পুরুষ কর্ত্তৃক নিরূপিত হয় নাই, কারণ তাদৃশ কোন পুরুষ নাই। মহর্ষি জৈমিনি এই দর্শনের প্রতিষ্ঠাতা।

(৬) বেদান্ত।—যাঁহা হইতে জগতের জন্মাদি হয়, বেদান্ত মতে তিনিই ব্রহ্ম। মায়া তাঁহার শক্তি। পরব্রহ্ম নিগুর্ণ, নিরাকার, নির্ব্বিকার ও চিন্ময়। জীব ও পরব্রহ্ম অভিন্ন ইহাই প্রতিপন্ন করা এই দর্শনের মুখ্য লক্ষ্য। আমিই ব্রহ্ম এইরূপ স্থির প্রতীতি হইলে মুক্তি হয়। এইরূপ নির্ব্বাণ মুক্তি লাভার্থ প্রথমতঃ প্রণব অর্থাৎ ওঁকার অবলম্বন করা শ্রেয়ঃ। প্রণব ধনু, আত্মা শর এবং ব্রহ্ম তাহার লক্ষ্য। শম, দম, উপরতি, তিতিক্ষা ও সমাধি ব্রহ্মোপাসনার নিমিত্ত প্রয়োজন। জীবগণ পূর্ব্বজন্মকৃত সুকৃতি-দুষ্কৃতির ফল পরজন্মে ভোগ করে। সুতরাং তৎসম্বন্ধে ব্রহ্মের পক্ষপাত বা বৈষম্য কখনই বলা যায় না। ব্রহ্মোপাসনা বিষয়ে বেদান্ত মতে স্থান ও কালের কোন বিচার নাই; যখন যেখানে মন স্থির হইবে তখনই সেখানে উপাসনা করিবে। বিশ্ব-ব্যাপার এই দর্শন-মতে ভ্রম মাত্র। এই মত কাল সহকারে ক্রমশঃ রূপান্তরিত হইয়াছে। মহর্ষি বেদব্যাসই এই মতের প্রতিষ্ঠাতা।

কারণ যাঁহারা ধর্ম্মধর্ম্মীর অভেদ অর্থাৎ একতা স্বীকার করিয়াছেন, তাঁহাদের মতে, অনিত্য সুখ-দুঃখাদি আত্মধর্ম্ম হইলে নিত্য আত্মার সহিত অনিত্য সুখ-দুঃখাদির অভেদ-প্রতীতি কিরূপে হইবে? অতএব সুখ-দুঃখাদির আশ্রয় অন্তঃকরণ মাত্র, আনন্দময় আত্মা তৎপ্রকাশক জানিবে।

অন্তঃকরণ ও আত্মা এই উভয়ের অতিশয় সান্নিধ্যবশতঃ সুখ-দুঃখাদি আত্মার ধর্ম্ম বলিয়া বৈশেষিক প্রভৃতি দার্শনিকগণ যে কল্পনা করিয়াছেন তাহা ভ্রম মাত্র। নিত্য নির্ব্বিকার আত্মার সহিত ক্ষণবিধ্বংসি অন্তঃ-করণের অভেদবোধই ইহার মূল কারণ। অতএব যখন অন্তঃকরণ অনিত্য তখন সুখ-দুঃখাদি-জনক ইন্দ্রিয়-বৃত্তি সকলও অনিত্য ও অনিয়তস্বরূপ, অর্থাৎ এক সময় শীতোষ্ণাদি অতিশয় সুখজনক, আবার অন্য সময় ঐ শীতোষ্ণাদি অতিশয় দুঃখদায়ক হয়; অতএব তাহার স্থিরতা নাই। অধুনা বিবেচনা করিয়া দেখ, তুমি যাহাকে সুখ বলিয়া কল্পনা করিয়াছ, অন্য ব্যক্তি তাহাকে দুঃখ বলিয়া ভাবনা করিতেছে, সুতরাং সুখ-দুঃখ কেবল মনেরই বৃত্তি * বা রূপান্তর মাত্র, আত্মার সহিত তাহার কোন সম্বন্ধই নাই। হে সুখ-দুঃখ-ব্যাকুল সখে! ভীষ্মাদির সংযোগ ও বিয়োগ-জনিত সুখ-দুঃখাদির নিমিত্ত এরূপ কাতর হওয়া তোমার মত সুবিজ্ঞ পুরুষের উচিত নহে। যখন সুখ-দুঃখ মনোমধ্যে উৎপন্ন হইয়াছে, তখন তাহাতেই পুনর্ব্বার বিলীন হইবে, তন্নিমিত্ত ব্যাকুল না হইয়া বরং তৎসমস্ত সহ্য করাই পুরুষের কর্ত্তব্য কার্য্য। শীত ও উষ্ণ কখন সুখকর আর কখন বা দুঃখদায়ক, কিন্তু সুখ-দুঃখ কখনও পরিবর্ত্তিত হয় না। এজন্য ভগবান্ মূলে "শীতোষ্ণ-সুখ-দুঃখদাঃ" এরূপ পৃথক্ নির্দ্দেশ করিয়াছেন। অতএব সুখদুঃখাদি তুমি সহ্য কর, অর্থাৎ তাহাতে নিত্যানন্দময় আত্মার কিছুই অনিষ্ট হইবে না জানিয়া তৎসমস্ত উপেক্ষা কর।

পূজ্যপাদ টীকাকার শ্রীমন্নীলকণ্ঠ সুরি মহাশয় আলোচ্য শ্লোকের নিম্ন-লিখিত বিবৃতি করিয়াছেন। অর্জ্জুন যেন বলিতেছেন, "হে ভগবন্! আত্মা লিঙ্গ শরীর হইতে স্বতন্ত্র তাহা আমি উত্তমরূপে জ্ঞাত হইয়াছি; কিন্তু 'আমি দুঃখী' ইত্যাকার অনুভব আত্মাতে যখন স্বতঃই উৎপন্ন হয়,

* তত্র যথা তড়াগোদকং ছিদ্রান্নির্গত্য কুল্যাত্মনা কেদারান্ প্রবিশ্য তদ্বদেব চতুষ্কোণাদ্যা-কারং ভবতি। তথা তৈজসমন্তঃকরণমপি চক্ষুরাদিদ্বারা নির্গত্য ঘটাদিবিষয়দেশং গত্বা ঘটাদি-বিষয়াকারেণ পরিণমতে। স এব পরিণামো বৃত্তিরিত্যুচ্যতে॥ ইতি বেদান্ত পরিভাষা।

তখন আত্মাকে দুঃখাদি ধর্ম্মের আশ্রয়রূপে কেন না স্বীকার করিব? অধুনা বিবেচনা করিয়া দেখুন, ভীষ্মাদি বন্ধুবর্গের নাশে আত্মার দুঃখ অবশ্যই হইবে; সুতরাং তাঁহাদের নিমিত্ত শোক-মোহাদি অনিবার্য্য।" অর্জ্জুনের এরূপ মনোগত ভাব কল্পনা করিয়া ভগবান্ বলিতেছেন, হে কুন্তীনন্দন অর্জ্জুন! 'আমি দুঃখী' এই অনুভব দ্বারা আত্মাতে যে দুঃখানুভবের কথা বলিতেছ তাহা ভ্রান্তিমাত্র, বাস্তবিক আত্মাতে সুখ দুঃখের প্রসঙ্গও নাই। বিষয় ও ইন্দ্রিয়ের পরস্পর সম্বন্ধবশতঃ অন্তঃকরণের যে এক প্রকার বৃত্তি বা পরিণাম হয়, তাহাই সুখ-দুঃখাদিপ্রদ, এবং শীতোষ্ণাদির ন্যায় উৎপত্তি-বিনাশশীল ও অনিত্য, অর্থাৎ চিরস্থায়ী নহে। শীতোষ্ণাদি যেমন কাল ভেদে পরিবর্ত্তিত হয়, সুখদুঃখাদিও তদ্রূপ; অতএব মূঢ়গণই পরিণামশীল অন্তঃকরণের সুখদুঃখাদি ধর্ম্ম আত্মাতে আরোপিত করিয়া, 'আমি সুখী' 'আমি দুঃখী' ইত্যাদি ভ্রমাত্মক জ্ঞানকে যথার্থ রূপে কল্পনা করিয়া বন্ধুগণের বিনাশ-জনিত শোকে বিমুগ্ধ হইয়া থাকে। তোমার মত সদ্বংশজাত ধীরগণের তাদৃশ শোক কখনও সমুচিত নহে। অতএব উপস্থিত শোক-আশঙ্কায় ব্যাকুল না হইয়া তাহা সহ্য করাই তোমার কর্ত্তব্য। তুমি প্রাতঃস্মরণীয়া শান্তস্বভাবা কুন্তী দেবীর গর্ভজাত, এবং চন্দ্রবংশাবতংস মহামনাঃ ভরতের বংশসম্ভূত। উভয়কুল হইতেই তোমার ধীরত্বের পরিচয় পাওয়া যাইতেছে। তুমি কুলপরম্পরাগত ধীরতা বিসর্জ্জন করিয়া সাধারণের ন্যায় শোকে অধীর হইও না। হে প্রাণাধিক বয়স্য অর্জ্জুন! তুমি মনোভিনিবেশ সহকারে কিঞ্চিৎ বিবেচনা করিয়া দেখিলেই বুঝিতে পারিবে, সুখ-দুঃখাদি কখনই আত্মার স্বধর্ম্ম নহে। আত্মা সর্ব্বদাই একভাবে বিরাজমান, কখনও ভাবান্তর গ্রহণ করেন না। আরও বিবেচনা করিয়া দেখ, সুখ-দুঃখাদি জাগ্রৎ ও স্বপ্নাবস্থাতেই অনুভূত হয়। যদি তাহা আত্মারই স্বধর্ম্ম এরূপ স্থির সিদ্ধান্ত হয়, তবে সুষুপ্তি ও সমাধিকালে তাহার অনুভব হয় না কেন? অতএব আত্মাতে প্রতীয়মান সুখ-দুঃখাদিও রজ্জুতে সর্পবুদ্ধির ন্যায় অধ্যস্ত অর্থাৎ আরোপিত বা মিথ্যা জানিবে। "যাহাতে যে বস্তু অভেদরূপে কদাচিৎ প্রতীত হয় এবং কদাচিৎ প্রতীত হয় না, তাহাতে তাহাই অধ্যস্ত"; যেমন রজ্জুকে ভ্রমবশতঃ কখন সর্প বলিয়া জ্ঞান হয়, আর কখন বা হয় না, তদ্রূপ অন্তঃকরণ জাত সুখ

দুঃখাদিও কখন অনুভব হয় আর কখন বা হয় না, অতএব তাহা অধ্যস্ত অর্থাৎ মিথ্যা। ঈদৃশ মিথ্যা বস্তুকে সত্যরূপে কল্পনা করিয়া তন্নিমিত্ত ব্যাকুল হওয়া ধীরগণের কদাচ উচিত নহে। অতএব আমি সুখী, আমি দুঃখী, ইত্যাদি অনুভব যে আত্মাতে উৎপন্ন হইতেছে, উপাধিভূত অন্তঃকরণের সহিত আত্মার অভেদ বোধই তাহার কারণ জানিবে, যেহেতু জাগ্রৎকালে যে সুখ-দুঃখাদির অনুভব হয়, স্বপ্নকালে তাহা হয় না, এবং স্বপ্নে যাহা দৃষ্ট হয় জাগ্রতে তাহা লক্ষ্য হয় না ; সুতরাং সুখ-দুঃখাদি আত্মার স্বধর্ম্ম নহে। শ্রুতিও বলিয়াছেন, "তুমি যে পাপ-পুণ্য দর্শন করিতেছ, তাহার সহিত মহাপুরুষ আত্মার কোন সম্বন্ধ নাই।" এবং "কাম, সঙ্কল্প, সংশয় প্রভৃতি সকলই মন, অর্থাৎ মনের ধর্ম্ম, বা কাম প্রভৃতি সকল বিকারের উপাদান মন।" অতএব স্বপ্নের ন্যায় আত্মাতে সুখ-দুঃখাদির ভ্রমই হইয়া থাকে ; তুমি নিজ বিবেক দ্বারা তাহা উপেক্ষা কর।

টীকাকার পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় দেখাইয়াছেন যে, অনুজ ও অপত্যাদি জন্মকালে ও ধনোপার্জ্জনাদির সময়ে নিরতিশয় আনন্দবিবর্দ্ধক ও প্রীতি-বিধায়ক হইয়া থাকে ; কিন্তু মরণকালে সেই সন্তোষ-নিকেতন প্রেমাস্পদগণ যৎপরোনাস্তি যাতনার ও অন্তর্দাহের কারণ হইয়া পড়ে। সুতরাং যাহাতে আনন্দ আছে, তাহাতেই নিরানন্দ আছে ; অতএব সুখ ও দুঃখ নিতান্ত অনিত্য। এতাদৃশ অনিত্য ব্যাপারের নিমিত্ত অভিভূত হইয়া কর্ত্তব্য সেবায় বিমুখ হইও না ॥ ১৪ ॥

——(:০:)——

যং হি ন ব্যথয়ন্ত্যেতে পুরুষং পুরুষর্ষভ।
সমদুঃখ-সুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৫ ॥

অন্বয়।—পুরুষর্ষভ (হে মানবোত্তম)! যং হি সমদুঃখসুখং (দুঃখে সুখে হর্ষবিষাদরহিতং); ধীরং পুরুষং (ধীমন্তং জনং) এতে (মাত্রাস্পর্শাঃ) ন ব্যথয়ন্তি (ন পীড়য়ন্তি) সঃ (ধীরঃ পুরুষঃ) অমৃতত্বায় (মোক্ষায়) কল্পতে (উপযুক্তো ভবতি) ॥ ১৫ ॥

প্রতিশব্দ।—মানবশ্রেষ্ঠ! যে সুখ-দুঃখে সমভাব-বিশিষ্ট ধীর ব্যক্তিকে এই সকল পীড়িত করে না, তিনি মোক্ষের যোগ্য হন ॥ ১৫ ॥

ব্যাখ্যা।—হে মানবকুলোত্তম অর্জ্জুন! শীতোষ্ণাদি বাহ্য-বিষয় সমূহ যে নিত্যানিত্য-বোধ-সম্পন্ন মানবকে বিচলিত ও অভিভূত করিতে পারে না, সেই সাধু পুরুষই অমৃতস্বরূপ-মোক্ষলাভের অধিকারী॥ ১৫॥

শঙ্করাচার্য্য।—শীতোষ্ণাদীন্ সহতঃ কিং স্যাদিতি, শৃণু, যং হীতি। যং হি পুরুষং সমে দুঃখ-সুখে যস্য, তং সমদুঃখসুখং, সুখদুঃখপ্রাপ্তৌ হর্ষবিষাদরহিতং ধীরং ধীমন্তং ন ব্যথয়ন্তি ন চালয়ন্তি, নিত্যাত্মদর্শনাদেতে যথোক্তাঃ শীতোষ্ণাদয়ঃ, স নিত্যানিত্যস্বরূপদর্শননিষ্ঠো দ্বন্দ্বসহিষ্ণুরমৃতত্বায় অমৃতভাবায় মোক্ষায়েত্যর্থঃ, কল্পতে সমর্থো ভবতি॥ ১৫॥

আনন্দগিরি।—অধিকারিবিশেষণং তিতিক্ষুত্বং নোপযুক্তং কেবলস্য তস্য পুমর্থাহেতুত্বাদিতি শঙ্কতে শীতেতি। বিবেকবৈরাগ্যাদিরহিতং তন্মোক্ষহেতুজ্ঞানদ্বারা তদর্থমিতি পরিহরতি শৃণ্বিতি। তিতিক্ষমাণস্য বিবক্ষিতং লাভমুপলম্ভয়তি যং হীতি। হর্ষবিষাদরহিতমিত্যত্র শমাদিসাধনসম্পন্নত্বমুচ্যতে ধীমন্তমিতি। নিত্যানিত্যবিবেকভাগিত্বমেতচ্চোভয়ং বৈরাগ্যাদেরুপলক্ষণম্। নিত্যাত্মদর্শনস্থমর্থজ্ঞানং সাধনচতুষ্টয়বন্তমধিকারিণমনূদ্য ত্বম্পদার্থজ্ঞানবতস্তস্য মোক্ষোপয়িকবাক্যার্থজ্ঞানযোগ্যতামাহ স নিত্যেতি॥ ১৫॥

রামানুজ।—তৎক্ষান্তিঃ কিমর্থেত্যত আহ যং হীতি। যং পুরুষং ধৈর্য্যাদিযুক্তমবর্জনীয়দুঃখং সুখবন্মন্যমানমমৃতত্বসাধনতয়া স্ববর্ণোচিতং যুদ্ধাদিকং কর্ম্মানভিসংহিতফলং কুর্ব্বাণং তদন্তর্গতাঃ শস্ত্রপাতাদিমৃদুক্রূরস্পর্শা ন ব্যথয়ন্তি সএবামৃতত্বং সাধয়তি, ন ত্বাদৃশো দুঃখাসহিষ্ণুরিত্যর্থঃ। অত আত্মনো নিত্যত্বাদেব তৎ কর্ত্তব্যমিত্যর্থঃ॥ ১৫॥

হনুমান্।—মাত্রাস্পর্শান্ সহমানস্য কিং স্যাদিত্যাহ যং হীতি। যং হি পুরুষং ন ব্যথয়ন্তি ন চালয়ন্তি, এতে মাত্রাস্পর্শাঃ, সমদুঃখসুখং দুঃখসুখপ্রাপ্তৌ হর্ষবিষাদরহিতং ধীরং ধীমন্তং, সোঽমৃতত্বায় অমৃতভাবায় মোক্ষায় ইত্যর্থঃ, কল্পতে সমর্থো ভবতি॥ ১৫॥

শ্রীধর।—তৎপ্রতিকারপ্রযত্নাদপি তৎসহনমেবোচিতং মহাফলত্বাদিত্যাহ যংহীতি। এতে মাত্রাস্পর্শা যং পুরুষং ন ব্যথয়ন্তি নাভিভবন্তি, সমে দুঃখসুখে যস্য স তম্। তৈরবিক্ষিপ্যমাণো ধর্ম্মজ্ঞানদ্বারামৃতত্বায় মোক্ষায় কল্পতে যোগ্যো ভবতি॥ ১৫॥

বলদেব।—ধর্ম্মার্থদুঃখসহনাভ্যাসস্যোত্তরত্র সুখহেতুত্বং দর্শয়ন্নাহ যং হীতি। এতে মাত্রাস্পর্শাঃ প্রিয়াপ্রিয়বিষয়ানুভাবাঃ, যং ধীরং স্থিরমীরয়তি ধর্ম্মেষ্বিতি ব্যুৎপত্তের্ধর্ম্মনিষ্ঠং পুরুষং ন ব্যথয়ন্তি সুখদুঃখমূর্চ্ছিতং ন কুর্ব্বন্তি, সোঽমৃতত্বায় মুক্তয়ে কল্পতে। নতু তাদৃশো দুঃখসুখমূর্চ্ছিত ইত্যর্থঃ। উক্তমর্থং স্ফুটয়ন্ পুরুষং বিশিনষ্টি সমেতি। ধর্ম্মানুষ্ঠানস্য কষ্টসাধ্যত্বাদ্দুঃখমনুষঙ্গলব্ধং সুখঞ্চ যস্য সমং ভবতি তাভ্যাং মুখগ্লানিস্ফোল্লাসরহিতমিত্যর্থঃ॥ ১৫॥

মধুসূদন।—নম্বন্তঃকরণস্য সুখদুঃখাদ্যাশ্রয়ত্বে তস্যৈব কর্তৃত্বেন ভোক্তৃত্বেন চ চেতনত্বমভ্যুপেয়ম্,তথাচ তদ্ব্যতিরিক্তে তদ্ভাসকে ভোক্তরি মানাভাবান্নামমাত্রে বিবাদঃ স্যাৎ, তদভ্যুপগমে চ বন্ধমোক্ষয়োর্বৈয়ধিকরণ্যাপত্তিঃ, অন্তঃকরণস্য সুখদুঃখাশ্রয়ত্বেন বদ্ধত্বাৎ, আত্মনশ্চ তদ্ব্যতিরিক্তস্য মুক্তত্বাদিত্যাশঙ্কামর্জ্জুনস্যাপনেতুমাহ ভগবান্, যং হীতি। যং স্বপ্রকাশত্বেন স্বতএব প্রসিদ্ধং, "অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতি" ইতি শ্রুতেঃ। পুরুষং পূর্ণত্বেন পুরি শয়ানং। "স বায়ং পুরুষঃ সর্বাসু পূর্ষু পুরিশয়ো নৈতেন, কিঞ্চ নানাবৃতং নৈতেন কিঞ্চ নাসংবৃতম্" ইতি শ্রুতেঃ। সমদুঃখসুখং সমে দুঃখসুখেঽনাত্মধর্ম্মতয়া ভাস্যতয়া চ যস্য নির্ব্বিকারস্য স্বয়ংজ্যোতিঃস্বভাবস্য তং। দুঃখ-সুখগ্রহণমশেষান্তঃকরণপরিণামোপলক্ষণার্থম্। "এষ নিত্যো মহিমা ব্রাহ্মণস্য ন কর্ম্মণা বর্দ্ধতে নো কণীয়ান্" ইতি শ্রুত্যা বৃদ্ধিকণীয়স্ত্বারূপয়োঃ সুখদুঃখয়োঃ প্রতিষেধাৎ। ধীরং ধিয়মীরয়তীতি ব্যুৎপত্ত্যা চিদাভাসদ্বারা ধীতাদাত্ম্যাধ্যাসেন ধীপ্রেরকং ধীসাক্ষিণমিত্যর্থঃ। "স ধীরঃ স্বপ্নো ভূত্বেমং লোকমতিক্রামতি" ইতি শ্রুতেঃ। এতেন বন্ধপ্রসক্তির্দর্শিতা। তদুক্তং—"যতো মানানি সিধ্যন্তি জাগ্রদাদি ত্রয়ং তথা। ভাবাভাববিভাগশ্চ স ব্রহ্মাস্মীতি বোধ্যতে" ইতি। এতে সুখদুঃখদা মাত্রাস্পর্শাঃ হি যস্মান্ন ব্যথয়ন্তি পরমার্থতো ন বিকুর্ব্বন্তি সর্ব্ববিকারভাসকত্বেন বিকারাযোগ্যত্বাৎ। "সূর্য্যো যথা সর্ব্বলোকস্য চক্ষুর্ন লিপ্যতে চাক্ষুষৈর্ব্বাহ্যদোষৈঃ। একস্তথা সর্ব্বভূতান্তরাত্মা ন লিপ্যতে লোকদুঃখেন বাহ্যঃ।" ইতি শ্রুতেঃ। অতঃ স পুরুষঃ স্বস্বরূপভূতব্রহ্মাত্মৈক্যজ্ঞানেন সর্ব্বদুঃখোপাদানতদজ্ঞাননিবৃত্ত্যুপলক্ষিতায় নিখিলদ্বৈতানুপরক্তস্বপ্রকাশপরমানন্দরূপায় অমৃতত্বায় মোক্ষায় কল্পতে যোগ্যো ভবতীত্যর্থঃ। যদি হ্যাত্মা স্বাভাবিকবন্ধাশ্রয়ঃ স্যাৎ তদা স্বাভাবিকধর্ম্মাণাং ধর্ম্মিনিবৃত্তিমন্তরেণানিবৃত্তের্ন কদাপি মুচ্যেত। তথাচোক্তং "আত্মা কর্ত্রাদিরূপশ্চেৎ মা কাঙ্ক্ষীস্তর্হি মুক্ততাম্। নহি স্বভাবো ভাবানাং আবর্ত্তেতৌষ্ণ্যবদ্রবেঃ" ইতি। প্রাগভাবাসহবৃত্তের্যুগপৎ সর্ব্ববিশেষগুণনিবৃত্তের্ধর্ম্মিনিবৃত্তিনান্তরীয়কত্বদর্শনাৎ, তথাত্মনি বন্ধো ন স্বাভাবিকঃ। কিন্তু বুদ্ধ্যাদ্যুপাধিকৃতঃ "আত্মেন্দ্রিয়মনোযুক্তং ভোক্তেত্যাহুর্মনীষিণঃ" ইতি শ্রুতেঃ। তথাচ ধর্ম্মিসদ্ভাবেঽপি তন্নিবৃত্ত্যা মুক্ত্যুপপত্তিরিতি চেৎ। হন্ত তর্হি "যঃ স্বধর্ম্মমন্যনিষ্ঠতয়া ভাসয়তি স উপাধিঃ" ইত্যভ্যুপগমাদ্বুদ্ধ্যাদিরুপাধিঃ স্বধর্ম্মাত্মনিষ্ঠতয়া ভাসয়তীত্যায়তম্। তথাচায়াতং মার্গে বন্ধস্যাসত্যত্বাভ্যুপগমাৎ। নহি স্ফটিকমণৌ জবাকুসুমোপধাননিমিত্তো লোহিতিমা সত্যঃ, অতঃ সর্ব্বসংসারধর্ম্মাসংসর্গিণোঽপ্যাত্মন উপাধিবশাৎ তৎসংসর্গিত্বপ্রতিভাসো বন্ধঃ স্বস্বরূপজ্ঞানেন তু স্বরূপাজ্ঞানতৎকার্য্যবুদ্ধ্যাদ্যুপাধিনিবৃত্ত্যা তন্নিমিত্তনিখিলভ্রমনিবৃত্তৌ নির্মুক্তনিখিলভাস্যোপরাগতয়া শুদ্ধস্য স্বপ্রকাশপরমানন্দতয়া পূর্ণস্যাত্মনঃ স্বত এব কৈবল্যং মোক্ষ ইতি, ন বন্ধমোক্ষয়োর্বৈয়ধিকরণ্যাপত্তিঃ, অতএব নামমাত্রে বিবাদ ইত্যপাস্তম্। ভাস্যভাসকয়োরেকত্বানুপপত্তে, দুঃখী স্বব্যতিরিক্তভাস্যঃ ভাস্যত্বাদ্ঘটবদিত্যনুমানাৎ, ভাস্যস্য ভাসকত্বাদর্শনাৎ, একস্যৈব ভাস্যত্বে ভাসকত্বে চ কর্তৃ-কর্ম্মবিরোধাৎ। আত্মনঃ কথমিতি চেৎ ন, তস্য ভাসকত্বমাত্রাভ্যুপগমাৎ। অহং দুঃখীত্যাদিবুদ্ধিসহিতাহঙ্কারভাসকত্বেন তস্য কদাপি ভাস্যকোটাবপ্রবেশাৎ, অতএব দুঃখী

ন স্বাতিরিক্তভাসকাপেক্ষঃ ভাসকত্বাৎ দীপবদিতি, অনুমানমপি ন ভাস্যত্বেন স্বাতিরিক্তভাসক-সাধকেন প্রতিরোধাৎ। ভাসকত্বঞ্চ ভানকরণত্বং স্বপ্রকাশভানরূপত্বং বা। আদ্যে দীপস্যেব করণান্তরানপেক্ষত্বেঽপি স্বাতিরিক্তভানসাপেক্ষত্বং দুঃখিনো ন ব্যাহন্যতে, অন্যথা দৃষ্টান্তস্য সাধ্যবৈকল্যাপত্তেঃ দ্বিতীয়ে ত্বসিদ্ধো হেতুরিত্যধিকবলতয়া ভাস্যত্বহেতুরেব বিজয়তে বুদ্ধিবৃত্ত্যতিরিক্তভানানভ্যুপগমাৎ। বুদ্ধিরেব ভানরূপেতি চেৎ ন, ভানস্য সর্ব্বদেশকালানুস্যূততয়া ভেদকধর্ম্মশূন্যতয়া চ বিভোর্নিত্যস্যৈকস্য চানিত্যপরিচ্ছিন্নানেকরূপবুদ্ধিপরিমাণাত্মকত্বানুপপত্তেঃ, উৎপত্তিবিনাশাদিপ্রতীতেশ্চাবশ্যকল্প্যবিষয়সম্বন্ধবিষয়তয়াপ্যুপপত্তেঃ অন্যথা তত্বজ্ঞানোৎপত্তি-বিনাশভেদাদিকল্পনায়ামতিগৌরবাপত্তেরিত্যাদ্যন্যত্র বিস্তরঃ। তথাচ শ্রুতি। "নহি দ্রষ্টুর্দৃষ্টের্ব্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ আকাশবৎ, সর্ব্বগতশ্চ নিত্যঃ মহদ্ভূতমনন্তমপারং বিজ্ঞানঘন এব তদেতদ্ব্রহ্মাপূর্ব্বমনপরমনন্তরমবাহ্যময়মাত্মা ব্রহ্মসর্ব্বানুভূঃ" ইত্যাদ্যা বিভুনিত্যস্বপ্রকাশজ্ঞানরূপতামাত্মনো দর্শয়তি। এতেনাবিদ্যালক্ষণাদপ্যুপাধের্ব্যতিরেকঃ সিদ্ধঃ অতোঽসত্যোপাধিনিবন্ধনবন্ধভ্রমস্য সত্যাত্মজ্ঞানান্নিবৃত্তৌ মুক্তিরিতি সর্ব্বমবদাতম্। পুরুষর্ষভেতি সম্বোধয়ন্ স্বপ্রকাশচৈতন্যরূপত্বেন পুরুষত্বং পরমানন্দরূপত্বেন চাত্মন ঋষভত্বম্। সর্ব্বদ্বৈতাপেক্ষয়া শ্রেষ্ঠত্বমজানন্নেব শোচসি, অতঃ স্বরূপজ্ঞানাদেব তব শোকনিবৃত্তিঃ সুকরা। "তরতি শোকমাত্মবিৎ" ইতি শ্রুতিরিতি সূচয়তি। অত্র পুরুষমিত্যেকবচনেন সাঙ্খ্যপক্ষো নিরাকৃতঃ তৈঃ পুরুষবহুত্বাভ্যুপগমাৎ॥ ১৫॥

নীলকণ্ঠ।—তিতিক্ষাফলং প্রত্যক্ষমেবেত্যাহ যং হীতি। এতে মাত্রাস্পর্শাঃ প্রাক্ ব্যাখ্যাতরীত্যা ত্রিবিধা অপি যং জাগ্রতি স্বপ্নে অসম্প্রজ্ঞাতসমাধৌ বা ন ব্যথয়ন্তি স্বাস্থ্যাৎ প্রচ্যাবয়ন্তি। পুরুষং পুর্ষু অষ্টাসু বসতীতি পুরুষস্তম্। পুরশ্চ, কর্ম্মেন্দ্রিয়াণি খলু পঞ্চ, তথা পরাণি জ্ঞানেন্দ্রিয়াণি, মন আদিচতুষ্টয়ঞ্চ, প্রাণাদিপঞ্চকমথো বিয়দাদিকঞ্চ, কামশ্চ কর্ম্ম চ, তমঃ পুনরষ্টমী পুরিতি প্রসিদ্ধাঃ। যদ্বা স্থূলসূক্ষ্মোপাধিমধ্যে এব ইতরানামন্তর্ভাবাদত্র পুরিতি তম এব গ্রাহ্যম্। তেন কারণোপাধেরপি আত্মনো বিবিক্তত্বং দর্শিতম্। পুরুষর্ষভেতি ত্বমপোত্থ্যমুভবিতুং যোগ্যোঽসি সর্ব্বপুরুষশ্রেষ্ঠত্বাদিতি সূচয়তি। উপাধিত্রয়ত্যাগাদেব সমে দুঃখসুখে যস্য তম্, নহি সমাধিস্থস্য সুখায় দুঃখায় বা শীতোষ্ণস্পর্শৌ ভবত ইতি যুক্তমস্য সমদুঃখসুখত্বম্, ধীরং ধ্যায়িনং যোগিনং ন ব্যথয়ন্তি, সোঽমৃতত্বায় মোক্ষায় কল্পতে যোগ্যো ভবতি॥ ১৫॥

বিশ্বনাথ।—এবং বিচারেণ তত্তৎসহনাভ্যাসে সতি তে বিষয়ানুভবাঃ কালে কিল নাপি দুঃখয়ন্তি। যদিচ ন দুঃখয়ন্তি তদায়মুক্তঃ স্বপ্রত্যাসন্নৈবেত্যাহ যমিতি। অমৃতত্বায় মোক্ষায়॥ ১৫॥

তাৎপর্য্য।—টীকাকার পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামী ও ভাষ্যকার পূজনীয় শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ এবং শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী লিখিয়াছেন,—শীতোষ্ণাদি সুখ-দুঃখপ্রদ ও অচিরস্থায়ী। তাহার প্রতীকারের চেষ্টা না

করিয়া ধীরভাবে ও অবিকৃতচিত্তে তৎসমস্ত সহ্য করিতে অভ্যাস করাই শ্রেয়স্কর এবং তাদৃশ অভ্যাস মোক্ষরূপ মহাফলপ্রদ। কষ্টসাধ্য ধর্ম্মানুষ্ঠান জনিত দুঃখ এবং আত্মীয় কুটুম্বাদি প্রিয়জনবর্গের সঙ্গজনিত সুখ উভয়ই যিনি তুল্য বলিয়া জ্ঞান করেন; অর্থাৎ দুঃখের আবির্ভাবে যাঁহার বদনকমল বিশুষ্ক না হয়, অথবা সুখের সমাগমে যাঁহার মুখমণ্ডল আনন্দোৎফুল্ল না হয়, সেই ধর্ম্মনিষ্ঠ পুরুষই মোক্ষপদের যথোপযুক্ত পাত্র।

হে হৃদয়সখে! নিদাঘের নিদারুণ তাপে স্বেদবারি-পরিপ্লুত-কলেবর এবং পিপাসায় শুষ্ককণ্ঠ হইয়া মানব যৎপরোনাস্তি যাতনা বোধ করে। আবার জলদজাল-সমাচ্ছন্ন প্রাবৃট্‌ কালীন নভোমণ্ডলের তামসী দশা সন্দর্শনে, করকাভিঘাত জনিত যাতনায়, বা বিগলিত বারিধারাসিক্তশরীর মানব নিতান্ত কাতর হইয়া থাকে। আবার হিমকণা-সম্পৃক্ত-শীতকালে কম্পিতকায় ও বিকলেন্দ্রিয় হইয়া মনুষ্য অশেষরূপে পীড়িত হয়। কালান্তরে দেখ মৃদুমন্দ মলয়মারুত স্পর্শে ঐ মানব পরমানন্দ উপভোগ করে এবং শীতকাতর-ব্যক্তি উত্তাপলাভের নিমিত্ত উৎসুক হয়। হে বিমুগ্ধ ভ্রাতঃ! এক্ষণে বিবেচনা করিয়া দেখিলেই তোমার হৃদয়ঙ্গম হইবে যে, শীতো-ত্তাপাদি বাহ্যবিষয় জনিত যে হর্ষবিষাদ তাহা আমাদিগের ইন্দ্রিয়গ্রাম কর্ত্তৃক উপভুক্ত হয় এবং ইন্দ্রিয়-বৃত্তির আধারভূত দেহই তাহাতে অভিভূত হয়। দেহস্থিত অথচ দেহাতীত আত্মরূপ যে পরম-পুরুষ, বাহ্যব্যাপার জনিত সুখ ও দুঃখ কদাচ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। জ্ঞানহীন সামান্য জনসাধারণই এই সকল ব্যাপারে বিচলিত হয়, কিন্তু যাঁহারা বিজ্ঞ ও অসামান্য মনুষ্য তাঁহারা কদাপি এবংবিধ বাহ্যবিষয়জনিত সুখদুঃখে অবসন্ন হন না। সামান্য বাহ্যব্যাপারে যাহারা বিচলিত হয়, অচিরস্থায়ী বায়ুবিকম্পনে বা শীত-গ্রীষ্মাগমে, অথবা বারি-পাতে যাহারা হৃষ্ট বা দুঃখিত হয়, তাহারা নিতান্ত অধীর ও জ্ঞানালোকবিহীন মানব। তুচ্ছ ও বিনাশশীল বাহ্যবিষয়ই তাহারা পরম পদার্থ বোধে তাহারই প্রতীকার বিধানার্থ বিঘূর্ণিত হইয়া থাকে এবং আপনাদের অধোগতির পথে অধিক-তর অগ্রসর হয় মাত্র। কিন্তু যে ধীর ব্যক্তি এই অকিঞ্চিৎকর ও অনিত্য বাহ্যবিষয় সমূহ অবজ্ঞা সহকারে উপেক্ষা করিতে সক্ষম, সুখের প্রীতিপ্রদ সংস্পর্শ ও দুঃখের পরুষ সঙ্ঘর্ষণ যিনি অবিকৃতভাবে সহ্য করিতে সমর্থ

এবং সুখ ও দুঃখ সমান বোধে, যিনি আকাঙ্ক্ষাপরিশূন্য, সেই উদারচরিত সাধু পুরুষ অবশ্যই পারলৌকিক উন্নতির পথে অগ্রসর হইয়া মুক্তপুরুষ হইবেন সন্দেহ নাই। হে সোদর-প্রতিম সুহৃদ্! তুমি ধীরকুলোত্তম ও পরম-জ্ঞানবান্; সামান্য জনগণের ন্যায় সামান্য বিষয়ে অভিভূত হইও না, এবং স্বকীয় অধোগতির পথ মুক্ত করিও না। বিজ্ঞ ও সুধীর পুরুষের ন্যায় তুচ্ছ হৃদয়াবসাদ পদবিদলিত কর এবং কেবল জগতীতলে যশোলাভ নহে পরলোকেও পরমপদ প্রাপ্তির উপায় কর।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহাশয় এই শ্লোক উপলক্ষে নিম্নলিখিতরূপ অভিপ্রায় প্রকটিত করিয়াছেন। যখন পূর্ব্বশ্লোকে অন্তঃকরণই সুখ-দুঃখাদির আশ্রয়রূপে প্রতিপাদিত হইয়াছে, তখন কর্ত্তৃত্ব, ও ভোক্তৃত্ববশতঃ তাহাকেই চৈতন্যময় স্বীকার করিতে হইবে, কিন্তু অন্তঃকরণাতিরিক্ত অথচ অন্তঃকরণ-প্রকাশকরূপ যে স্বতন্ত্র কোন আত্ম-পদার্থ আছে এরূপ কোন প্রমাণও লক্ষিত হয় না, সুতরাং অন্তঃকরণ ও আত্মা এই উভয়ের পরস্পর কেবল নামগতই বিবাদ, বাস্তবিক এই উভয়ের কোন প্রভেদ নাই। যুক্তিদ্বারা এরূপ সিদ্ধান্তই যদি সর্ব্ববাদি-সম্মত হয়, তবে যাহার বন্ধন তাহারই মুক্তি এই চিরন্তন নিয়মের ব্যাঘাত হইয়া পড়ে; কারণ সুখ-দুঃখাদির অধিষ্ঠাতা বলিয়া অন্তঃকরণই বন্ধনের আশ্রয়; জীবে তাহা লক্ষিত হয় না, অথচ মুক্তিলাভ জীবেরই হইয়া থাকে। আত্ম-বিস্মৃত অর্জ্জুনের এরূপ আশঙ্কা কল্পনা করিয়া ভগবান্ বলিতেছেন, হে পুরুষ-শ্রেষ্ঠ অর্জ্জুন! যিনি সুখ-দুঃখাদিকে সমান রূপে জানিয়াছেন এবং বুদ্ধিবৃত্তির সাক্ষিরূপে যিনি আপনাকে কল্পনা করিয়াছেন, শীতোষ্ণাদিরূপ ক্ষণিক-সুখ-দুঃখদাতা এই ইন্দ্রিয় সকল, তাদৃশ জ্ঞানবান্ পুরুষকে ব্যথিত অর্থাৎ বিকৃত করিতে সমর্থ নহে। যে হেতু বিকৃতি ভাবাপন্ন বস্তু সকল পুরুষেতেই কল্পিত, কিন্তু পুরুষ তদ্দ্বারা বিকৃত নহেন। শ্রুতিও বলিয়াছেন —"যেমন সূর্য্যদেব সর্ব্ব-লোকেরই চক্ষু অর্থাৎ চাক্ষুষজ্ঞানের প্রকাশক অথচ তিনি স্বয়ং চাক্ষুষ দোষে দূষিত নহেন, তদ্রূপ সর্ব্বভূতান্তরাত্মা একমাত্র পুরুষ লৌকিক সুখ-দুঃখাদির প্রকাশক হইলেও তিনি সুখ-দুঃখাদিতে লিপ্ত নহেন। অতএব সম দুঃখ-সুখ সেই পুরুষই "সচ্চিদানন্দময় ব্রহ্মই আমার স্বরূপ" এরূপ জ্ঞান দ্বারা সর্ব্ব দুঃখের নিদান স্বরূপ অজ্ঞানের নিবৃত্তি

পূর্ব্বক নিখিল দ্বৈতজ্ঞান বিরহিত স্বপ্রকাশরূপ পরমানন্দময় মোক্ষ পথের যোগ্য। যদি আত্মার বন্ধন স্বাভাবিকই হয়, তবে ধর্ম্মির নিবৃত্তি না হইলে স্বাভাবিক ধর্ম্ম কদাপি নিবৃত্ত হয় না; তখন স্বাভাবিক সুখ-দুঃখাদিধর্ম্মে বদ্ধ আত্মার মুক্তির কল্পনা কেবল কল্পনা রূপেই পর্য্যবসিত। শাস্ত্রান্তরেও উক্ত হইয়াছে, "যদি আত্মা কর্ত্তৃত্বাদি দ্বারা স্বভাবতঃই বদ্ধ হইয়া থাকেন, তবে তাদৃশ আত্মার মুক্তির আকাঙ্ক্ষা করা কদাপি উচিত নহে। কেন না সূর্য্যের উষ্ণতার ন্যায় স্বাভাবিক ধর্ম্ম কখনও পরিবর্ত্তিত হয় না।" অতএব কর্ত্তৃত্বাদিবশতঃ আত্মার বন্ধন স্বতঃ সিদ্ধ নহে, তাহা মন ও বুদ্ধিপ্রভৃতি উপাধিদ্বারা আরোপিত মাত্র। "মন ও ইন্দ্রিয়গণের সহিত সংযুক্ত হইয়া আত্মা সুখ-দুঃখাদি বিষয় সকল ভোগ করিতেছেন" মনীষিগণও এরূপই বলিয়াছেন।

যদি বল ধর্ম্মিসত্ত্বেও ধর্ম্ম বিনষ্ট হয়, সুতরাং আত্মা সত্ত্বেও বন্ধনাদি ধর্ম্ম সকল বিনষ্ট হইয়া আত্মার মুক্তি হইবে। হে বয়স্য অর্জ্জুন! ইহাও তোমার ভ্রান্তিমাত্র, কারণ "যে, স্বধর্ম্ম অন্যের ধর্ম্মরূপে প্রকাশিত করে, তাহার নাম উপাধি" এরূপ লক্ষণাক্রান্ত বুদ্ধ্যাদি উপাধিগণই স্বধর্ম্ম বন্ধনাদি আত্মাতে আরোপিত বা প্রকাশিত করিতেছে, আত্মার কখনও স্বাভাবিক বন্ধন নাই। যখন আত্মার বন্ধন বুদ্ধ্যাদি উপাধি দ্বারা আরোপিত তখন তাহা মিথ্যা স্বীকার করিতে হইবে। যেমন জবা পুষ্পসন্নিধানে স্ফটিকমণিতে রক্তিমা প্রতীত হয় তাহা কদাচিতও সত্য নহে, কারণ তাহা জবা কুসুমেরই ধর্ম্ম, উপাধিবশতঃ স্ফটিকে আরোপিত হয় মাত্র। তদ্রূপ সংসার-ধর্ম্মাস্পৃষ্ট আত্মার বন্ধনও বুদ্ধ্যাদি উপাধি বশতঃই প্রতীত হয়, সুতরাং তাহা ভ্রান্তি মাত্র। যখন আত্মার স্বরূপ জ্ঞান হইবে তখন বুদ্ধ্যাদি উপাধি নিবৃত্ত হইয়া তন্নিমিত্ত সুখ-দুঃখাদি রূপ নিখিল ভ্রমও নিবৃত্ত এবং স্বপ্রকাশরূপ পরমানন্দময় পূর্ণ আত্মার কৈবল্য অর্থাৎ মুক্তি স্বতঃই উৎপন্ন হইবে। অতএব অন্তঃকরণ গতবন্ধন ও জীবাত্মার মুক্তি এবংবিধ যে বৈয়ধিকরণ্যের আপত্তি উত্থাপন করিয়াছিলে তাহা সুস্পষ্টরূপে খণ্ডিত হইল এবং অন্তঃকরণ ও জীবাত্মার কেবল নাম মাত্রেই বিবাদ, তোমার এই আশঙ্কাও অপাকৃত হইল। কারণ যদি উভয়ই একই হয়, তবে ভাস্য ভাসত্বের অর্থাৎ অন্তঃকরণগত প্রকাশ্যত্ব, আত্মগত প্রকাশকত্বের অনুপপত্তি হইয়া পড়ে এবং তৎসঙ্গে কর্ম্মত্ব ও কর্ত্তৃত্ব বিঘটিত হইবে।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠ সূরি মহাশয় লিখিয়াছেন যে, ভীষ্মাদি জনিত সুখ-দুঃখাদি যদি আত্মারই স্বধর্ম্ম হইত তাহা হইলে সকল জীবেই তাহার আবির্ভাব হইত, কিন্তু দেখা যায় যে, ধীর অর্থাৎ ধ্যানশীল যোগিগণকে জাগ্রৎ, স্বপ্ন, বা সমাধিকালে বাহ্যবিষয় সমূহ অণুমাত্র বিচলিত করিতে পারে না, তাঁহারা সকল কালেই সমভাবে থাকেন, সুতরাং কেমন করিয়া বলিবে যে, তাদৃশ সুখ-দুঃখ আত্মার স্বধর্ম্ম ? অষ্টপুরে (অর্থাৎ কর্ম্মেন্দ্রিয় পঞ্চ, জ্ঞানেন্দ্রিয় পঞ্চ, মনাদি চতুষ্টয়, প্রাণাদি পঞ্চ, বিষয়াদি পঞ্চ, কাম, কর্ম্ম এবং তমঃ অর্থাৎ অবিদ্যা) ইহাতে যিনি বাস করেন তিনিই পুরুষ। তুমি পুরুষশ্রেষ্ঠ; সুতরাং সকলই হৃদয়ঙ্গম করিতে সমর্থ। প্রণিধান করিলে অবশ্যই সুখ-দুঃখে তোমার সমত্ব বোধ জন্মিবে। অতএব সাধুশীল সমাধিপ্রাপ্ত যোগির ন্যায় সুখ-দুঃখে নির্লিপ্ত হইয়া কর্ত্তব্যপরায়ণ হও এবং মুক্তিমার্গে বিচরণ কর ॥ ১৫ ॥

——০:‌:‌:‌:০——

নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ ।
উভয়োরপি দৃষ্টোঽন্তস্ত্বনয়োস্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬ ॥

অন্বয়।—অসতঃ (অবিদ্যমানস্য) ভাবঃ (সত্তা) ন বিদ্যতে সতঃ (বিদ্যমানস্য) অভাবঃ (নাশঃ) ন [বিদ্যতে] তত্ত্বদর্শিভিঃ (ব্রহ্মযাথার্থ্যবেদিভিঃ) অনয়োঃ উভয়োঃ অপি (সদসতোশ্চ) তু অন্তঃ (শেষঃ) দৃষ্টঃ (উপলব্ধঃ) ॥ ১৬ ॥

প্রতিশব্দ।—অনিত্য বস্তুর বিদ্যমানতা নাই নিত্য-বস্তুর [নাশ] নাই তত্ত্বজ্ঞানসম্পন্নগণ-কর্ত্তৃক এই দুয়ের শেষ পর্য্যালোচিত ॥ ১৬ ॥

ব্যাখ্যা।—শীতোষ্ণাদি অনিত্য বস্তুর আত্মাতে বিদ্যমানতা নাই সৎস্বরূপ আত্মার নাশ নাই। তত্ত্বদর্শী পণ্ডিতগণ শীতোষ্ণাদি অসৎ বস্তু এবং আত্মস্বরূপ সৎবস্তু এতদুভয়ের চরম অবধারণ করিয়াছেন।

অর্থাৎ আত্মা অবিনাশী এবং সুখ-দুঃখাদি অচিরস্থায়ী ইহা নিঃসন্দিগ্ধ ভাবে অবধারণ করিয়াছেন ॥ ১৬ ॥

শঙ্করাচার্য্য।— ইতশ্চ শোকমোহাবকৃত্বা শীতোষ্ণাদিসহনং যুক্তং, যস্মাৎ নাসত ইতি। নাসতোঽবিদ্যমানস্য শীতোষ্ণাদেঃ সকারণস্য ন বিদ্যতে নাস্তি ভাবো ভবনমস্তিতা। ন হি শীতোষ্ণাদি সকারণং প্রমাণৈর্নিরূপ্যমাণং বস্তু সম্ভবতি বিকারো হি সঃ বিকারশ্চ ব্যভিচরতি, যথা ঘটাদিসংস্থানং চক্ষুষা নিরূপ্যমানং মৃদ্ব্যতিরেকেণানুপলব্ধেরসৎ, তথা সর্ব্বো বিকারঃ কারণব্যতিরেকেণানুপলব্ধেরসজ্জন্মপ্রধ্বংসাভ্যাং প্রাগূর্দ্ধঞ্চানুপলব্ধেঃ, কার্য্যস্য ঘটাদের্মৃদাদি-কারণস্য, তৎকারণস্য চ তৎকারণব্যতিরেকেণানুপলব্ধেরসত্ত্বং, তদসত্ত্বে সর্ব্বাভাবপ্রসঙ্গইতি চেন্ন, সর্ব্বত্র বুদ্ধিদ্বয়োপলব্ধেঃ, সদ্বুদ্ধিরসদ্বুদ্ধিরিতি। যদ্বিষয়া বুদ্ধির্ন ব্যভিচরতি তৎ সৎ, যদ্বিষয়া ব্যভিচরতি তদসৎ, ইতি সদসদ্বিভাগে বুদ্ধিতন্ত্রে স্থিতে সর্ব্বত্র দ্বে বুদ্ধী সর্ব্বৈরুপলভ্যেতে সামানাধি-করণ্যেন নীলোৎপলবৎ। সন্ ঘটঃ সন্ পটঃ সন্ হস্তীত্যেবং সর্ব্বত্র তয়োর্বুদ্ধ্যোর্ঘটাদিবুদ্ধি-র্ব্যভিচরতি, তথা চ দর্শিতং, ন তু সদ্বুদ্ধিঃ, তস্মাৎ ঘটাদিবুদ্ধিবিষয়োঽসন্ ব্যভিচারাৎ, ন তু সদ্বুদ্ধিবিষয়োঽব্যভিচারাৎ। ঘটে বিনষ্টে ঘটবুদ্ধৌ ব্যভিচরন্ত্যাং সদ্বুদ্ধিরপি ব্যভিচরতীতি চেৎ ন, পটাদাবপি সদ্বুদ্ধিদর্শনাৎ। বিশেষণবিষয়ৈব সা সদ্বুদ্ধিরতোঽপি ন বিনশ্যতি। অথসদ্বুদ্ধি-বৎ ঘটবুদ্ধিরপি ঘটান্তরে দৃশ্যতে ইতিচেন্ন পটাদাবদর্শনাৎ, সদ্বুদ্ধিরপি নষ্টে ঘটে ন দৃশ্যতইতি চেৎ ন, বিশেষ্যাভাবাৎ। সদ্বুদ্ধিঃ বিশেষণবিষয়া সতী বিশেষ্যাভাবে বিশেষণানুপপত্তৌ কিংবিষয়া স্যাৎ, ন তু পুনঃ সদ্বুদ্ধের্ব্বিষয়াভাবাৎ একাধিকরণত্বং ঘটাদিবিশেষ্যাভাবেন যুক্তমিতি চেৎ ন, সদিদমুদকমিতি মরীচ্যাদাবন্যতরাভাবেঽপি সামানাধিকরণ্যদর্শনাৎ, তস্মাদ্দেহাদের্দ্বন্দ্বস্য চ সকারণ-স্যাসতো ন বিদ্যতে ভাব ইতি। তথা সতশ্চ আত্মনঃ অভাবোঽবিদ্যমানতা ন বিদ্যতে সর্ব্বত্রা-ব্যভিচারাদিত্যবোচাম, এবমাত্মানাত্মনোঃ সদসতোরুভয়োরপি দৃষ্টঃ উপলব্ধোঽন্তো নির্ণয় সৎ সদেব, অসদসদেবেতি তু অনয়োর্যথোক্তয়োস্তত্ত্বদর্শিভিঃ। তদিতি সর্ব্বনাম সর্ব্বঞ্চ ব্রহ্ম, তস্য নাম, তদিতি তদ্ভাবস্তত্ত্বং ব্রহ্মণো যাথার্থ্যং, তচ্ছ্রষ্টুং শীলং যেষাং তে তত্ত্বদর্শিনস্তৈস্তত্ত্বদর্শিভিঃ। ত্বমপি তত্ত্বদর্শিনাং দৃষ্টিমাশ্রিত্য শোকং মোহঞ্চ হিত্বা শীতোষ্ণাদীনি নিয়তানিয়তরূপাণি দ্বন্দ্বানি বিকারোঽয়মসন্নেব মরীচিজলবন্মিথ্যাবভাসতে ইতি মনসি ব্যস্য তিতিক্ষস্বেত্যভিপ্রায়ঃ ॥ ১৬ ॥

আনন্দগিরি।—অধিকারিবিশেষণে তিতিক্ষুত্বে হেত্বন্তরপরত্বেনোত্তরশ্লোকমব-তারয়তি ইতশ্চেতি। ইতঃশব্দার্থমেব স্ফুটয়তি যস্মাদিতি। যতঃ শীতাদেঃ ক্লেশাদি-হেতোরনাত্মনো নাস্তি বস্তুত্বং বস্তুনশ্চাত্মনো নির্ব্বিকারত্বেনৈকরূপত্বং অতো মুমুক্ষোর্ব্বিশেষণং তিতিক্ষুত্বং যুক্তমিত্যাহ নেত্যাদিনা। কার্য্যস্যাসত্ত্বেঽপি কারণস্য সত্ত্বেনাত্যন্তাসত্ত্বাসিদ্ধি-রিত্যাশঙ্ক্য বিশিনষ্টি সকারণস্যেতি। নাসত ইত্যুপাদায় পুনর্নকারানুকর্ষণমন্বয়ার্থম্। অসতঃ শূন্যস্যাস্তিত্বপ্রসঙ্গাভাবাদপ্রসক্তপ্রতিষেধপ্রসক্তিরিত্যাশঙ্ক্যাহ ন হীতি। বিমত-মতাত্বিকমপ্রামাণিকত্বাৎ। রজ্জুসর্পবৎ, ন হি ধর্ম্মিগ্রাহকস্য প্রত্যক্ষাদেস্তত্ত্বাবেদকং প্রামাণ্যং

পূর্ব্বেণ সম্বন্ধঃ। বিশেষাণাং ব্যভিচারিত্বে সতশ্চাব্যভিচারিত্বে ফলিতমুপসংহরতি তস্মাদিতি। অসত্ত্বং কল্পিতত্বম্। তচ্ছব্দার্থমেব স্ফোরয়তি ব্যভিচারাদিতি। সদ্বুদ্ধিবিষয়স্তু সতোঽকল্পিতত্বে তচ্ছব্দোপাত্তমেব হেতমাহ অব্যভিচারাদিতি। সদ্বুদ্ধিব্যভিচারদ্বারা বোধ্যস্যাপি ব্যভিচারাৎ তদব্যভিচারিত্বহেতোরসিদ্ধিরিতি শঙ্কতে ঘটে বিনষ্টইতি। সদ্বুদ্ধের্ঘটমাত্রবুদ্ধিবদ্ঘটবিষয়ত্বাভাবান্ন ঘটনাশে ব্যভিচারোঽস্তি ইতি পরিহরতি ন পটাদাবিতি। সদ্বুদ্ধেরঘটবিষয়ত্বে নিরালম্বনায়োগাৎ বিষয়ান্তরং বক্তব্যমিত্যাশঙ্ক্যাহ বিশেষণেতি। সতোঽকল্পিতত্বহেতোরব্যভিচারিত্বস্যাসিদ্ধিমুদ্ধৃত্য বিশেষাণাং কল্পিতত্বহেতোর্ব্যভিচারিত্বস্যাসিদ্ধিং শঙ্কতে সদিতি। যথা সদ্বুদ্ধির্ঘটে নষ্টে পটাদৌ দৃষ্টত্বাৎ অব্যভিচারিণী, অব্যভিচারঃ সতো দর্শিতস্তথা ঘটবুদ্ধিরপি ঘটে নষ্টে ঘটান্তরে দৃষ্টেত্যব্যভিচারাদ্ ঘটে ব্যভিচারাসিদ্ধৌ বিশেষান্তরেষ্বপি কল্পিতত্বহেতোঃ ব্যভিচারো ন সিধ্যতীত্যর্থঃ। ঘটবুদ্ধের্ঘটান্তরে দৃষ্টত্বেঽপি পটাদাবদৃষ্টত্বেন ব্যভিচারাৎ পটাদিবিশেষেষ্বপি ব্যভিচারিত্বসিদ্ধিরিত্যুত্তরমাহ ন পটাদাবিতি। বিশেষাণামেবং ব্যভিচারিত্বে সতোঽপি তদুপপত্তেরব্যভিচারিত্বহেতুসিদ্ধিতাদবস্থ্যমিতি শঙ্কতে সদ্বুদ্ধিরিতি। ঘটাদিনাশদেশে তদুপরক্তাকারেণ সত্ত্বাভানেঽপি নাসত্ত্বং ঘটাদ্যভাবাধিষ্ঠানতয়া ভানাদিত্যাহ ন বিশেষ্যেতি। যথা সর্ব্বগতা জাতিরিত্যত্র খণ্ডমুণ্ডাদিব্যক্ত্যভাবদেশে গোত্বং ব্যঞ্জকাভাবান্ন ব্যজ্যতে ন গোত্বাভাবাৎ, তথাসত্ত্বমপি ঘটাদিনাশে ব্যঞ্জকাভাবান্ন ভাতি স্বরূপাভাবাদিত্যুক্তমেব প্রপঞ্চয়তি সদিত্যাদিনা। সপ্রতিযোগিকবিশেষণত্বব্যভিচারেঽপি স্বরূপাব্যভিচারাদ্যুক্তং সতঃ সত্যত্বমিতি ভাবঃ। দ্বয়োঃ সতোরেব বিশেষণবিশেষ্যত্বদর্শনাৎ ঘটসতোরপি বিশেষণবিশেষ্যত্বে দ্বয়োঃ সত্ত্বধ্রৌব্যাৎ ঘটাদিবিকল্পিতত্বানুমানং সামানাধিকরণ্যধীবাধিতমিতি চোদয়তি একেতি। অনুভবমনুসৃত্য বাধিতবিষয়ত্বমুক্তানুমানস্য নিরস্যতি নেত্যাদিনা। ঘটাদেঃ সতি কল্পিতত্বানুমানস্য দোষরাহিত্যে ফলিতমুপসংহরতি তস্মাদিতি। প্রথমপাদব্যাখ্যানপরিসমাপ্তাবিতিশব্দঃ। ননু নেদং ব্যাখ্যানং ভাষ্যকারাভিপ্রেতং সর্ব্বদ্বৈতশূন্যত্ববিবক্ষায়াঃ শাস্ত্রতদ্ভাষ্যবিরোধাৎ, কেনাপি পুনর্দ্দুর্ব্বিদগ্ধেন স্বমনীষিকয়োৎপ্রেক্ষিতমেতদিতি চেৎ, নৈবং কিমিদং দ্বৈতপ্রপঞ্চস্য শূন্যত্বং কিং তুচ্ছত্বং কিং সদ্বিলক্ষণত্বং নাদ্যোঽনভ্যুপগমাৎ. দ্বিতীয়ানভ্যুপগমে তু তবৈব শাস্ত্রবিরোধো ভাষ্যবিরোধশ্চ সর্ব্বং হি শাস্ত্রং তদ্ভাষ্যঞ্চ দ্বৈতস্য সত্তাত্বানধিকরণত্বসাধনেনাদ্বৈতসত্যত্বে পর্য্যবসিতমিতি ত্রৈবিদ্যবৃদ্ধৈস্তত্র তত্র প্রতিষ্ঠাপিতং। তথা চ প্রক্ষেপাশঙ্কা সম্প্রদায়পরিচয়াভাবাদিতি দ্রষ্টব্যম্। অনাত্মজাতস্য কল্পিতত্বেনাবস্তুত্বপ্রতিপাদনপরতয়া প্রথমপাদং ব্যাখ্যায় দ্বিতীয়পাদমাত্মনঃ সর্ব্বকল্পনাধিষ্ঠানস্যাকল্পিতত্বেন বস্তুত্বপ্রসাধনপরতয়া ব্যাকরোতি তথেতি। নন্বাত্মনঃ সদাত্মনো বিশেষেষু বিনাশিষু তদুপরক্তস্য বিনাশঃ স্যাদিত্যাশঙ্ক্য বিশিষ্টনাশেঽপি স্বরূপানাশস্যোক্তত্বান্নৈবমিত্যাহ সর্ব্বত্রেতি। ননু কদাচিদসদেব পুনঃ সত্ত্বমাপদ্যতে প্রাগসতো ঘটস্য জন্মনা সত্ত্বাভ্যুপগমাৎ, সচ্চ কদাচিদসত্ত্বং প্রতিপদ্যতে স্থিতিকালে সতো ঘটস্য পুনর্নাশেনাসত্ত্বাঙ্গীকারাদেবং সদসতোরব্যবস্থিতত্বাবিশেষাদুভয়োরপি হেয়ত্বমুপাদেয়ত্বং বা তুল্যং স্যাদিতি তত্রাহ এবমিতি। তুবর্দ্ধো দৃষ্টশব্দেন সম্বধ্যমানো দৃষ্টিমবধারয়তি, নহি প্রাগসতো ঘটস্য সত্ত্বমসত্ত্বে স্থিতে

সতোরন্তো নির্ণয়ো দৃষ্টঃ। কৈঃ? তত্ত্বদর্শিভিঃ বস্তুযাথার্থ্যবেদিভিঃ। এবম্ভূতবিবেকেন সহস্বেত্যর্থঃ ॥ ১৬ ॥

বলদেব।—তদেবং ভগবতা পার্থস্যাত্মানশোচিকত্বেন তৎপাণ্ডিত্যমাক্ষিপ্তম্ শোকঞ্চ স্বোপাসনমেব তচ্চোপাস্যোপাসকভেদঘটিতমিত্যুপাস্যাজ্জীবাংশিনঃ স্বস্মাদুপাসকানাং জীবাংশানাং তাত্ত্বিকং দ্বৈতমুপদিষ্টম্। অথ সদাত্মকত্বেন তু ব্রহ্মতত্ত্বং দীপোপমেনেহ বুদ্ধঃ প্রপঞ্চোদিতাদাবংশস্বরূপস্থানস্যাংশিস্বরূপজ্ঞানোপযোগিত্বশ্রবণাৎ তদাদৌ সনিষ্ঠাদীন্ সর্ব্বান্ প্রত্যবিশেষেণোপদেশ্যং, তচ্চ দেহাত্মনোর্বৈধর্ম্ম্যনিয়মস্তরা ন স্যাদিতি তদ্বৈধর্ম্ম্যবোধায়ারভ্যতে নাসত ইত্যাদিভিঃ। অসতঃ পরিণামিনো দেহাদের্ভাবোঽপরিণামিত্বং ন বিদ্যতে। সতোঽপরিণামিন আত্মনস্তভাবঃ পরিণামিত্বং ন বিদ্যতে। দেহাত্মানৌ পরিণামাপরিণামস্বভাবৌ ভবতঃ। এবমুভয়োরসৎসচ্ছব্দিতয়োর্দেহাত্মনোরন্তো নির্ণয়স্তত্ত্বদর্শিভিস্তত্তত্স্বভাববেদিভিঃ পুরুষৈর্দৃষ্টোঽনুভূতঃ। অত্রাসচ্ছব্দেন বিনশ্বরং দেহাদি জড়ং সচ্ছব্দেন চ অবিনশ্বরমাত্মচৈতন্যমুচ্যতে। এবমেব শ্রীবিষ্ণুপুরাণেঽপি নির্ণীতং দৃষ্টম্। "জ্যোতীংষি বিষ্ণুর্ভুবনানি বিষ্ণুঃ" ইত্যুপক্রম্য "যদস্তি যন্নাস্তি চ বিপ্রবর্য্য" ইত্যস্তিনাস্তি শব্দবাচ্যে দেহাদ্যাত্মানৌ বস্তুস্তি কিং কুত্রচিদিত্যাদিভির্নিরূপিতং। তত্র নাস্তিশব্দবাচ্যং জড়ং অস্তিশব্দবাচ্যঞ্চ চৈতন্যমিতি স্বয়মেব বিবৃতম্। সত্, সৎকার্য্যবাদস্থাপনায়ৈতৎ পদ্যমিত্যাহুস্তন্নিরবধানম্। দেহাত্মস্বভাবানভিজ্ঞানমোহিতম্ প্রতি তন্মোহবিনিবৃত্তয়ে তৎস্বভাবাভিজ্ঞাপনস্য প্রকৃতত্বাৎ ॥ ১৬ ॥

মধুসূদন।—নন্বেবং ভবতু পূর্ব্বৈকত্বং তথাপি তস্য সত্যস্য জড়দ্রষ্টৃস্বরূপঃ সত্য এব সংসারঃ, তথাচ শীতোষ্ণাদিসুখ-দুঃখকারণে সতি তদ্ভোগস্যানশ্যকত্বাৎ সত্যস্য চ জ্ঞানাদ্বিনাশানুপপত্তেঃ কথং তিতিক্ষা, কথং বা সোঽমৃতত্বায় কল্পতে? ইতি চেৎ, ন। কৃৎস্নস্যাপি দ্বৈতপ্রপঞ্চস্যাত্মনি কল্পিতত্বেন তজ্জ্ঞানাদ্বিনাশোপপত্তেঃ, শুক্তৌ কল্পিতস্য রজতস্য শুক্তিজ্ঞানেন বিনাশবৎ, কথং পুনরাত্মানাত্মনোঃ প্রতীতাবিশেষে আত্মবদনাত্মাপি সত্যো ন ভবেৎ, অনাত্মবদাত্মাপি মিথ্যা ন ভবেৎ, উভয়োস্তুল্যযোগ-ক্ষেমত্বাদিত্যাশঙ্ক্য বিশেষমাহ ভগবান্ নেতি। যৎ কালতো দেশতো বস্তুতো বা পরিচ্ছিন্নং তদসৎ, যথা ঘটাদি জন্মবিনাশশীলং প্রাক্কালেন উত্তরকালেন চ পরিচ্ছিদ্যতে ধ্বংসপ্রাগভাবপ্রতিযোগিত্বাৎ, কদাচিৎ কালপরিচ্ছিন্নমিত্যুচ্যতে, এবং দেশপরিচ্ছিন্নমপি তদেব মূর্ত্তত্বেন সর্ব্বদেশাবৃত্তিত্বাৎ কালপরিচ্ছিন্নস্য দেশপরিচ্ছেদনিয়মেঽপি দেশপরিচ্ছিন্নত্বেনাভ্যুপগমস্য পরমাণ্বাদেস্তার্কিকৈঃ কালপরিচ্ছেদানভ্যুপগমাৎ, দেশপরিচ্ছেদোঽপি পৃথগুক্তং, স চ কিঞ্চিদ্দেশবৃত্তিরত্যন্তাভাবঃ, এবং সজাতীয়ভেদো বিজাতীয়ভেদঃ স্বগতভেদশ্চেতি ত্রিবিধো ভেদো বস্তুপরিচ্ছেদঃ। যথা, বৃক্ষস্য বৃক্ষান্তরাচ্ছিলাদেঃ পত্রপুষ্পাদেশ্চ ভেদঃ, অথবা জীবেশ্বরভেদো জীবপরস্পরভেদঃ জীবপরস্পরভেদ ঈশ্বরজগদ্ভেদো জগৎপরভেদ ইতি পঞ্চবিধো বস্তুপরিচ্ছেদঃ,

কালদেশাপরিচ্ছিন্নস্যাপ্যাকাশাদেস্তার্কিকৈর্বস্তুপরিচ্ছেদাভ্যুপগমাৎ পৃথগ্‌নির্দ্দেশঃ, এবং সাখ্যা-মতেঽপি যোজনীয়ম্। এতাদৃশস্য অসতঃ শীতোষ্ণাদেঃ কৃৎস্নস্যাপি প্রপঞ্চস্য ভাবঃ সত্তা পারমার্থিকত্বং স্বানূনসত্তাকং তাদৃশপরিচ্ছেদশূন্যত্বং ন বিদ্যতে ন সম্ভবতি, ঘটত্বাঘটত্বয়োরিব পরিচ্ছিন্নত্বাপরিচ্ছিন্নত্বয়োরেকত্র বিরোধাৎ। নহি দৃশ্যং কিঞ্চিৎক্বচিৎ কালে দেশে বস্তুনি বা নিষিধ্যতে অননুগমাৎ, নবা সদ্বস্তু ক্বচিদ্দেশে কালে বস্তুনি বা নিষিধ্যতে সর্ব্বত্রানুগমাৎ। তথাচ সর্ব্বত্রানুগতে সদ্বস্তুনি অননুগতং ব্যভিচারি বস্তু কল্পিতং রজ্জুখণ্ড ইবানুগতে ব্যভিচারি সর্প-ধারাদিকমিতি ভাবঃ। নন্বু ব্যভিচারিণঃ কল্পিতত্বং সদ্বস্তুনি কল্পিতং স্যাৎ, তস্যাপি তুচ্ছব্যাবৃত্ত-ত্বেন ব্যভিচারিত্বাদিত্যত আহ নাভাবো বিদ্যতে সত ইতি। সদধিকরণকভেদপ্রতিযোগিত্বং হি বস্তুপরিচ্ছিন্নত্বং, তচ্চ ন তুচ্ছব্যাবৃত্তত্বেন তুচ্ছশশবিষাণাদৌ সত্তাযোগাৎ, "সত্ত্যামভাবো নিরু-প্যতে" ইতি ন্যায়াৎ; একস্যৈব স্বপ্রকাশস্য নিত্যস্য বিভোঃ সতঃ সর্ব্বানুস্যূতত্বেন সদ্ব্যক্তিভেদা-নভ্যুপগমাৎ। ঘটঃ সন্নিত্যাদি প্রতীতেঃ সার্ব্বলৌকিকত্বেন সতো ঘটাদ্যধিকরণভেদপ্রতিযোগি-ত্বাযোগাৎ অভাবঃ পরিচ্ছিন্নত্বং দেশতঃ কালতো বস্তুতো বা সতঃ সর্ব্বানুস্যূতসন্মাত্রস্য ন বিদ্যতে ন সম্ভবতি পূর্ব্ববদ্বিরোধাদিত্যর্থঃ। নন্বু সন্নাম কিমপি বস্তু নাস্ত্যেব, যস্য দেশ-কাল-বস্তুপরিচ্ছেদঃ প্রতিষিধ্যতে, কিং তর্হি সত্ত্বং নাম? পরং সামান্যং। তদাশ্রয়ত্বেন দ্রব্য-গুণ-কর্ম্মসু সদ্ব্যবহারঃ, তদেকার্থসমবায়সম্বন্ধেন সামান্য-বিশেষ-সমবায়েষু, তথাচাসতঃ প্রাগভাবপ্রতিযোগিনো ঘটাদেঃ সত্ত্বং কারণব্যাপারাৎ সতোঽপি তস্যাভাবঃ কারণনাশাদ্ভবতোবেতি কথমুক্তং "নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ" ইতি এবং প্রাপ্তে পরিহরতি উভয়োরপীত্যর্দ্ধেন। উভয়োরপি সদসতোঃ সতশ্চাসতশ্চান্তো মর্য্যাদা নিয়তরূপত্বং যৎ সৎ তৎ সদেব, যদসৎ তদসদেব ইতি দৃষ্টো নিশ্চিতঃ শ্রুতিস্মৃতিযুক্তিভির্বিচারপূর্ব্বকং, কৈঃ? তত্ত্বদর্শিভির্বস্তুযাথাত্ম্যদর্শনশীলৈর্ব্রহ্মবিদ্ভিঃ নতু কুতার্কিকৈঃ, অতঃ কুতার্কিকাণাং ন বিপর্য্যয়ানুপপত্তিঃ। তুশব্দোঽবধারণে। একান্তরূপো নিয়ম এব দৃষ্টো নত্বনেকান্তরূপোঽন্যথাভাব ইতি তত্ত্বদর্শিভিরেব দৃষ্টো নাতত্ত্বদর্শিভিরিতি বা, তথাচ শ্রুতিঃ "সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্," ইত্যুপক্রম্য "ঐতদাত্ম্যমিদং সর্ব্বং তৎ সত্যং স আত্মা তৎ ত্বমসি শ্বেতকেতো!" ইত্যুপসংহরন্তী সদেকং সজাতীয়বিজাতীয়-স্বগতভেদ-শূন্যং, সত্যং দর্শয়তি। "বাচারম্ভণং বিকারো নামধেয়ং মৃত্তিকেত্যেব সত্যম্" ইত্যাদিশ্রুতিস্তু বিকার-মাত্রস্য ব্যভিচারিণো বাচারম্ভণত্বেনানৃতত্বং দর্শয়তি। "অন্নেন সোম্য শুঙ্গেনাপো মূলমন্বিচ্ছাদ্ভিঃ সোম্য শুঙ্গেন তেজো মূলমন্বিচ্ছ তেজসা সোম্য শুঙ্গেন সন্মূলমন্বিচ্ছ সন্মূলাঃ সোম্যেমাঃ সর্ব্বাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎপ্রতিষ্ঠাঃ" ইতি শ্রুতেঃ, সর্ব্বেষামপি বিকারাণাং সতি কল্পিতত্বং দর্শয়তি। সত্ত্বঞ্চ ন সামান্যং তত্রমানাভাবাৎ পদার্থমাত্রসাধারণ্যা সৎ সদিতিপ্রতীত্যা দ্রব্যগুণকর্ম্মমাত্র-বৃত্তিসত্ত্বস্য স্বানুপপাদকস্যাকল্পনাৎ বৈপরীত্যস্যাপি সুবচত্বাৎ, একরূপপ্রতীতেরেকরূপবিষয়-নির্ব্বাহ্যত্বেন সম্বন্ধভেদস্য স্বরূপস্য চ কল্পয়িতুমনুচিতত্বাৎ, বিষয়স্যানন্বুগমেঽপি প্রতীত্যনুগমে জাতিমাত্রোচ্ছেদপ্রসঙ্গাৎ, তস্মাদেকমেব সদ্বস্তু স্বতঃ স্ফুরণরূপং জ্ঞাতাজ্ঞাতাবস্থাভাসকং স্বতাদাত্ম্যাধ্যাসেন সর্ব্বত্র সদ্ব্যবহারোপপাদকং সন্ ঘট ইতি প্রতীত্যা তাবৎ সদ্ব্যক্তিমাত্রাভিন্নত্বং

ঘটে বিষয়ীকৃতং, নতু সত্তাসমর্পিতং অভেদপ্রতীতের্ভেদঘটিতসম্বন্ধানির্ব্বাহত্বাৎ, এবং দ্রব্যং সৎ গুণঃ সন্নিত্যাদিপ্রতীত্যা সর্ব্বাভিন্নত্বং সতঃ সিদ্ধং। দ্রব্যগুণাদিভেদাসিদ্ধ্যা চ ন তেষু ধর্ম্মিষু সত্ত্বং নাম ধর্ম্মঃ কল্প্যতে, কিন্তু সতি ধর্ম্মিণি দ্রব্যাত্বভিন্নত্বং লাঘবাৎ তচ্চ তত্ত্বাস্তবং ন সম্ভবতীত্যাধ্যাসিকমিত্যলং। তদুক্তং বার্ত্তিককারৈঃ, "সত্তাতোঽপি ন ভেদঃ স্যাৎদ্রব্যত্বাদেঃ কুতোঽন্যতঃ। একাকারা হি সাম্বিত্তিঃ সদ্দ্রব্যং সদ্গুণস্তথা।" ইত্যাদিঃ। সত্তাপি নাসতো ভেদিকা তস্যাঃ প্রসিদ্ধেঃ, দ্রব্যত্বাদিকন্তু সদ্ধর্ম্মত্বান্ন সতো ভেদকমিত্যর্থঃ। অতএব ঘটাদ্ভিন্নঃ পট ইত্যাদিপ্রতীতিরপি ন ভেদসাধিকা ঘটপটতদ্ভেদানাং সদ্ভেদেনৈক্যাৎ, এবং যত্রৈব ন ভেদগ্রহঃ তত্রৈব লব্ধপদা সতী সদভেদপ্রতীতির্ব্বিজয়তে, তার্কিকৈঃ কালপদার্থস্য সর্ব্বাশ্রকস্যাভ্যুপগমাৎ তেনৈব সর্ব্বব্যবহারোপপত্তৌ তদতিরিক্তপদার্থকল্পনে মানাভাবাৎ তস্যৈব সর্ব্বানুস্যূত সদ্রূপেণ স্ফুরণরূপেণ চ সর্ব্বতাদাত্ম্যেন প্রতীত্যুপপত্তেঃ, স্ফুরণস্যাপি সর্ব্বানুস্যূতত্বেনৈকত্বাৎনিত্যত্বং বিস্তরেণাগ্রিমশ্লোকে বক্ষ্যতে। তথাচ যথা কস্মিংশ্চদ্দেশে কালে বা ঘটস্য পটাদের্দেশান্তরে কালান্তরে বা ঘটত্বং এবং কস্মিংশ্চদ্দেশে কালে বা ঘটস্যাত্মত্বাঘটত্বং শক্রেণাপি ন শক্যতে সম্পাদয়িতুং পদার্থস্বভাবভঙ্গাযোগাৎ, এবং কস্মিংশ্চদ্দেশে কালে বা সতো দেশান্তরে বা সত্ত্বং, কস্মিংশ্চৎ দেশে কালে বা সতোঽপ্রসত্ত্বং ন শক্যতে সম্পাদয়িতুং যুক্তেঃ সাম্যাৎ, অত উভয়োর্নিয়তরূপত্বমেব দ্রষ্টব্যমিত্যদ্বৈতসিদ্ধৌ বিস্তরঃ। অতঃ সদেব বস্তু মায়াকাল্পতাসায়বৃত্ত্যামৃতত্বায় কল্পতে সম্যগ্দৃষ্ট্যা চ তিতিক্ষাপ্যুপপদ্যতে ইতি ভাবঃ॥ ১৬॥

নীলকণ্ঠ।—নমু সুষুপ্তিসমাধ্যাদৌ ত্যক্তোপাধেরাত্মনঃ সমদুঃখসুখত্বেঽপি সোপাধিকদশায়াং তপ্তায়ঃপিণ্ডস্য দগ্ধৃত্বমিব তস্য দুঃখিত্বং দুর্ব্বারম্, উপাধিশ্চ মূলপ্রকৃতের্ব্যাপিকায়া মাত্রারূপ ইতি তৎসত্ত্বে তু ন নির্ম্মূলোচ্ছেদমর্হতি, অতঃ "সোঽমৃতত্বায় কল্পতে" ইত্যযুক্তমিত্যাশঙ্ক্যাহ নাসত ইতি। প্রমাত্রাদেরাগমাপায়িত্বেন কাদাচিৎকত্বাৎ রজ্জুরগাদিবৎ, অসতো ভাবঃ সত্তা কালত্রয়েঽপি নাস্তি। অয়মর্থঃ, প্রমাত্রাদির্মূলাজ্ঞানেন চিদাত্মনি কল্পিতঃ, মূলাজ্ঞানস্তু চাত্মজ্ঞানেন নিবৃত্তৌ কারণাভাবান্ন পুনঃ প্রমাত্রাদ্যুদ্ভবোঽস্তীতি নিত্যমমৃতত্বং জ্ঞানাৎ সিধ্যতীতি। ননু প্রতীতিমাত্রাৎ প্রমাত্রাদের্মিথ্যাত্বোপগমে আত্মনোঽপি সুষুপ্ত্যাদাবপ্রতীয়মানত্বাবিশেষান্মিথ্যাত্বমস্তু উভয়োর্ব্বা সত্যত্বমস্তু ইত্যাশঙ্ক্যাহ নাভাবো বিদ্যতে সত ইতি। সতস্তনঃ অভাবোঽসত্ত্বং কদাচিদপি ন বিদ্যতে সুপ্ত্যাদাবপি অনুভূতয়োঃ সুখাজ্ঞানয়োঃ "সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষম্" ইতি উত্থানে পরামর্শদর্শনাৎ তদনুভবমন্তরেণ তয়োঃ পরামর্শাসম্ভবাৎ, অতঃ সতোঽসত্ত্বং নাস্তি। শ্রুতিরপি সুষুপ্তিকৈবল্যয়োঃ প্রমাত্রাদ্যভাবং দৃশো নিত্যত্বঞ্চাহ "যদ্বৈতন্ন পশ্যতি পশ্যন্ বৈ তন্ন পশ্যতি ন হি দ্রষ্টুর্দৃষ্টের্ব্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বান্ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ পশ্যেৎ" ইতি। যদি প্রমাত্রাদিঃ সত্যস্তর্হি সতোঽস্য সুষুপ্ত্যাদাবদর্শনং

দাম্বিদ্যাভাবাদ্বা দ্রষ্টুর্দৃগ্লোপাদ্বা বক্তব্যং, নাদ্যঃ আত্মনি দৃষ্টনষ্টস্বভাবত্বাহঙ্কার সত্ত্বাবকল্পনা-যোগাৎ, নান্ত্যঃ উদাহৃতয়া শ্রুত্যৈব তন্নিষেধাৎ, তস্মাৎ উভয়োরপি সত্ত্বেন মিথ্যাত্বেন বা সাম্যং দুষ্পচম্। নন্থ সত আকাশাদেঃ, ক্বচিদপি দেশে কালে চাভাবো যদ্যপি নাস্তি, তথাপি সত এব পরমাণোর্দেশান্তরেঽভাবোঽস্তি প্রাগসতোঽপি ঘটাদের্ভাবশ্চ দৃষ্টঃ তৎ কথমুচ্যতে "নাসতো বিদ্যতে ভাবো নাভাবো বিদ্যতে সতঃ" ইত্যাশঙ্ক্য বিদ্বদনুভবেন নিরস্যতি উভয়োরপি। অন্তে নাশাত্ম্যং, যথা স্বপ্নে নভঃকুসুমবজ্রবন্ধ্যাদেঃ নিত্যত্বানিত্যত্বসত্ত্বাসত্ত্বাদি-ধর্ম্মাপত্তয়া নিশ্চিতা অপি প্রবোধেন বাধ্যন্তে তদ্বজ্জাগ্রদ্দৃষ্টা অপি তে তত্ত্বজ্ঞানেন বাধ্যন্তে। নন্থ জাগ্রদ্বাসনাবশাৎ স্বপ্নগতনভআদৌ নিত্যত্বাদিনিশ্চয়ো ভ্রম ইতি চেৎ অনাদিকালপ্রবৃত্ত-প্রাগ্ভবীয়সংস্কারবশাজ্জাগ্রন্নভআদাবপি স ভ্রম এবেতি তুল্যম্। নন্থ স্বরূপতঃ সদেব রজতাদিকং শুক্ত্যাদাবধ্যস্যতে ন ত্বসৎ শশশৃঙ্গাদিকম্, গগনাদিকস্তু তদ্রীত্যা স্বরূপেণ অসদপি কথমাত্মন্যধ্যস্যত ইতি চেৎ ন, অধ্যাসে হি পূর্ব্বানুভবমাত্রমপেক্ষতে ন ত্বনুভূতস্য স্বরূপেণ সত্ত্বমপি দর্পণপ্রতিবিম্বিতে গগনেঽপি নৈল্যাধ্যাসদর্শনাৎ। ন চ গগনে নৈল্যং স্বরূপেণ সত্যমস্তি, অথ চান্যত্রাধ্যস্যতে তস্মাৎ ভ্রমপরম্পরায়াঃ সম্ভবাৎ স্বপ্নদ্রষ্টৃভিরিবাস্মাভিরদৃষ্টমপি সদসতো-র্যাথাত্ম্যং প্রবুদ্ধৈর্দ্রষ্টুং শক্যমেব। তথা চ শ্রুতয়ঃ, 'নেহ নানাস্তি কিঞ্চন, অস্তীত্যেবোপ-লব্ধব্যঃ, অতোঽন্যদার্ত্তমিত্যাদ্যাঃ" অনাত্মনোঽসত্ত্বং আত্মনশ্চ সত্ত্বং প্রতিপাদয়ন্তি, এবং সতো জ্ঞানেনাঽসতো বাধাৎ কৈবল্যং সিধ্যতীতি ভাবঃ ॥ ১৬ ॥

বিশ্বনাথ।—এতচ্চ বিবেকদশামধিকৃত্য প্রতি উক্তম্। বস্তুতস্তু "অসঙ্গো হ্যয়ং পুরুষঃ" ইতি শ্রুতের্জীবাত্মনশ্চ স্থূলসূক্ষ্মদেহাভ্যাং তদ্ধর্ম্মৈঃ শোকমোহাদিভিশ্চ সম্বন্ধো নাস্ত্যেব। তৎসম্বন্ধস্যাবিদ্যাকল্পিতত্বাদত্যন্ত নেতি। অসতঃ অনাত্মধর্ম্মত্বাদাত্মনি জীবে অবর্ত্তমানস্য শোকমোহাদেস্তদাশ্রয়স্য দেহস্য চ ভাবঃ সত্তা নাস্তি। তথা সতঃ সত্যরূপস্য জীবাত্মনোঽভাবো নাশো নাস্তি। তস্মাদুভয়োরেতয়োরসৎসতোরন্তো নির্ণয়োঽয়ং দৃষ্টঃ। তেন ভীষ্মাদিষু ত্বদাদিষু চ জীবাত্মসু সত্যত্বাদনশ্বরেষু দেহদৈহিকাবেকশোকমোহাদয়ো নৈব সন্তীতি। কথং ভীষ্মাদয়ো নঙ্ক্ষ্যন্তি, কথং বা ত্বং শোচসীতি ভাবঃ ॥ ১৬ ॥

তাৎপর্য্য।—ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য ও টীকাকার শ্রীমদানন্দগিরি এইরূপ অভিপ্রায় প্রকটিত করিয়াছেন। যদি বল, সুখ-দুঃখ অবিসংবাদিতরূপে সহন করিলেও, অতি দুঃসহ শীতোষ্ণাদি কিরূপে সহন করিব, এবং নিরতিশয় শীতোষ্ণাদি সহন করিলে হয় তো আত্ম-নাশও সঙ্ঘটিত হইতে পারে। তোমার এরূপ বাক্য নিতান্ত অবিচার-প্রণোদিত। তত্ত্ব বিচার করিয়া দেখ, দেখিবে শোক বা মোহ পরিত্যাগ

পূর্ব্বক শীতোষ্ণাদি দ্বন্দ্ব-সহনই পরম শ্রেয়স্কর ও যুক্ত্যনুমোদিত। কারণ ব্যতিরেকে কার্য্যের উৎপত্তি হয় না ; মৃত্তিকা, দণ্ড, চক্র, কুম্ভকার ইত্যাদি কারণ হইতেই ঘটরূপ কার্য্যের উৎপত্তি হয়। কার্য্যের অসত্তাতে কখনও কারণের অসত্তা সিদ্ধ হইতে পারে না। কার্য্যরূপ ঘট না থাকিলে, মৃত্তিকাদি কারণ যে থাকিবে না তাহার অর্থ কি? বরং কারণের অভাবে কার্য্যেরই অভাব হইতে পারে।

এখন দেখ, যেহেতু ঘট রহিয়াছে, ইহা চাক্ষুষ প্রত্যক্ষ প্রমাণ দ্বারা নিরূপিত হইলেও, মৃত্তিকা হইতে ভিন্নরূপে কখনও ঘটের উপলব্ধি হয় না, অতএব মৃত্তিকাই সত্য এবং মৃত্তিকার বিকার স্বরূপ ঘট অসত্য। এইরূপ কারণ ব্যতিরেকে উপলব্ধি হয় না বলিয়া, সর্ব্ববিধ বিকারই অসৎ। আর এক কথা, ঘটাদি বিকার সমূহের উৎপত্তি ও নাশ আছে; অতএব উৎপত্তির পূর্ব্বে এবং নাশের পরে তাহাদের অস্তিত্বও কোনরূপে সম্ভবপর নহে। এখন দেখ, যেরূপ কারণীভূত মৃত্তিকা ব্যতিরেকে ঘটের উপলব্ধি হয় না, সেইরূপ মৃত্তিকাদি কার্য্যও কারণ ব্যতিরেকে কখনও উপলব্ধ হইতে পারে না, ইহা অবশ্য স্বীকর্ত্তব্য; এবং মৃত্তিকাদির উপলব্ধি তৎকারণোপলব্ধির অধীন বলিয়া মৃত্তিকাদিও অসৎ। স্থূল কথায় সর্ব্ববিধ কারণের কারণই সৎ এবং তদ্ব্যতিরিক্ত সমস্তই অসৎ। এখন যদি বল যে, মৃত্তিকাদিরূপ কার্য্যের সৎ কারণরূপে কাহাকেও বরণ করিতে আমি নিতান্ত অনিচ্ছুক, তাহা হইলে সর্ব্ববিধ কার্য্যের সৎ কারণ অভাবে কাজে কাজেই সর্ব্বাভাব প্রসঙ্গ সমুপস্থিত হইবে। তাহাও বলিতে পার না, কারণ সাধারণতঃ লোকে দেখা যায়, বুদ্ধি দুই প্রকার। প্রথম সদ্বুদ্ধি, দ্বিতীয় অসদ্বুদ্ধি। যদ্বিষয়িণী বুদ্ধি ব্যভিচারবিহীনা তাহাই সৎ, এবং ব্যভিচার-বিশিষ্টা বুদ্ধি অসৎ। আমি বলিলাম, "ঘটঃ সন্" "পটঃ সন্" ইত্যাদি সর্ব্বত্র ঘটপটাদি বুদ্ধিরই ব্যভিচার হইতেছে, কিন্তু সদ্বুদ্ধির ব্যভিচার হইতেছে না ; অতএব ঘটাদি-বিষয়িণী-বুদ্ধি ব্যভিচার-দুষ্ট বলিয়া তাহা অসৎ, এবং সদ্বুদ্ধি স্বতঃ সর্ব্বত্র অব্যভিচারভাবে বর্ত্তমান।

যদি বল যে, ঘটের নাশে ঘট-বুদ্ধির ব্যভিচার হইলেও সৎ-বুদ্ধিরও ব্যভিচার হয়। তাহাও বলিতে পার না ; কারণ ঘট-নাশে, ঘটবুদ্ধির ব্যভিচার

হয়, কিন্তু পটাদিতে সদ্বুদ্ধির অভাব উপলব্ধি হয় না। আরও দেখ, সদ্বুদ্ধি বিশেষণ বিষয়িণী বলিয়া তাহার বিনাশ নাই। আর যদি বল যে, "যেরূপ সদ্বুদ্ধি ঘটাদি সর্ব্বত্রই দেখিতে পাওয়া যায়, সেইরূপ ঘট-বুদ্ধিও তৎঘটান্তরে দেখিতে পাওয়া যায়।" তাহাও বলিতে পার না; কারণ ঘট-বুদ্ধি ঘটান্তরে পরিলক্ষিত হইলেও পটাদিতে পরিলক্ষিত হয় না। আর যদি বল যে, ঘট নাশপ্রাপ্ত হইলে তাহাতে সদ্বুদ্ধি পরিলক্ষিত হয় না। তাহাও বলিতে পার না; কারণ সদ্বুদ্ধি বিশেষণ-বিষয়িণী, বিশেষ্যের অভাবে বিশেষণ কখনও উপপাদিত হইতে পারে না, সুতরাং বিশেষ্যের অভাবে বিশেষণ-বিষয়িণী সদ্বুদ্ধি বা কি বিষয়ের হইবে*? আর যদি বল যে "ঘটাদিরূপ বিশেষ্যের অভাবে বিষয়াভাব প্রযুক্ত সদ্বুদ্ধির একাধিকরণত্ব যুক্তিযুক্ত নহে। তাহাও বলিতে পার না, কারণ মরীচিকাদিতে উদকাদিরূপ বিষয়াভাবে "সৎ ইদং উদকং", "এই জল রহিয়াছে" ইত্যাদিরূপে সামানাধিকরণ্য† পরিলক্ষিত হয়। অতএব পূর্ব্বরূপ বিচার দ্বারা স্থিরীকৃত হইল যে, সদ্বুদ্ধির বিনাশ নাই, এবং অসদ্বুদ্ধির বিনাশ আছে। উক্ত রীতিতে বিচার করিলে অবগত হইবে যে, বিকারভূত সকারণ শীতোষ্ণাদি দ্বন্দ্বের বাস্তবিক ভাব অর্থাৎ সত্তা নাই, কারণ তাহারা অসৎ ও ব্যভিচার-দোষে দুষ্ট এবং সৎস্বরূপ আত্মারও অভাব অর্থাৎ অনস্তিত্বা নাই। কারণ আত্মা সর্ব্বত্র ব্যভিচার-দোষ পরিহীন। যদি জিজ্ঞাসা কর যে, আত্মাই সৎ এবং তদ্ব্যতিরিক্ত সমস্তই অসৎ, ইহা সকলে কেন উপলব্ধি করিতে পারে না? সে সন্দেহও করিতে পার না, কারণ সৎ এবং অসতের অর্থাৎ আত্মা এবং অনাত্মার নির্ণয় (সৎ পদার্থ সৎই, এবং অসৎ পদার্থ অসৎই) এইরূপ উপলব্ধি তত্ত্বদর্শীগণই করিয়া থাকেন।

"তৎ" শব্দ সর্ব্বনাম। সর্ব্ব বলিতে ব্রহ্মকেই বুঝায়। সর্ব্বের অর্থাৎ ব্রহ্মের নাম সর্ব্বনাম। সুতরাং সর্ব্বনাম বা ব্রহ্মের নামই তৎ; তত্তের ভাব বা ব্রহ্মের ভাব "তত্ত্ব" অর্থাৎ ব্রহ্মের যাথার্থ্য (প্রকৃত-স্বরূপ) যাঁহারা দেখেন, তাঁহারাই "তত্ত্বদর্শী"। তুমিও তত্ত্বদর্শীগণের দৃষ্টিরূপ আশ্রয়

* বিশেষ্য—জাতিগুণক্রিয়া দ্বারা যস্ত বিশেষঃ কথ্যতে তৎবিশেষ্যম্।
বিশেষণ—যেন বিশেষঃ কথ্যতে তৎবিশেষণম্।

† সামানাধিকরণ্যং—ভিন্নপ্রবৃত্তিনিমিত্তয়োঃ একস্মিন্ অর্থে বৃত্তিঃ।

গ্রহণ পূর্ব্বক শোকমোহ পরিত্যাগ কর এবং শীতোষ্ণাদি দ্বন্দ্বকে বিকার-মাত্রতানিবন্ধন মরীচিকা-জলবুদ্ধিবৎ অসৎ নিশ্চয় করিয়া সহন কর, অর্থাৎ তিতিক্ষু হও। তুমিও আত্মানাত্ম নির্ণয়ে সক্ষম হইবে।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহাশয় এই শ্লোকে লিখিয়াছেন। সখে! যদি বল, স্বীকার করিলাম পুরুষ এক বই দুই নাই, কিন্তু সত্যস্বরূপ তাঁহার (সেই পুরুষের) দেহ ইন্দ্রিয়াদি এবং জড়-দ্রষ্টৃত্ব অর্থাৎ জীবরূপ সংসার সত্য রূপেই প্রতীত হইতেছে। অথচ সুখ-দুঃখের কারণ শীতোষ্ণাদির সম্ভাবে তাহার ভোগও অনিবার্য্য। সত্য পদার্থ কখনও জ্ঞানদ্বারা নিবারিত হইতে পারে না। রজ্জুতে সর্প-ভ্রম হইলে, রজ্জু-জ্ঞান দ্বারা অসত্যভূত সর্পেরই নিবারণ হইয়া থাকে, সত্য রজ্জুর কখনও নিবারণ হয় না। অতএব তিতিক্ষা (শীতোষ্ণাদি দ্বন্দ্বসহন) কিরূপে সম্ভবে? আর অমৃতত্ব-লাভের অর্থাৎ মোক্ষলাভের যোগ্যতাই বা কিরূপে সম্ভবে? হে আত্মবিস্মৃত সখে! তুমি ইহাও বলিতে পার না; কারণ এই পরিদৃশ্যমান নিখিল দ্বৈতপ্রপঞ্চ, শুক্তিতে (ঝিনুকে) রজতের ন্যায়, অদ্বৈত স্বরূপ আত্মাতে কল্পিত মাত্র; অতএব অদ্বৈততত্ত্বের জ্ঞান দ্বারা তাহার নিবারণ কেন না উপপাদিত হইবে? যখন ইহা রজত নহে, বাস্তবিকই শুক্তিকা ইত্যাকার শুক্তি বিষয়ক জ্ঞান জন্মে, তখন অজ্ঞান-কল্পিত রজত-জ্ঞানের অস্তিত্ব কোথায়? আর যদি বল যে, জ্ঞান আত্মবিষয়কও হইয়া থাকে, অনাত্মবিষয়কও হইয়া থাকে; অতএব জ্ঞানবিষয়ে আত্মা ও অনাত্মায় কোনওরূপ বিশেষ পরিলক্ষিত হইতেছে না; সুতরাং অনাত্মার ন্যায় আত্মা কেন না মিথ্যা হইবে এবং অনাত্মাই বা কেন আত্মার ন্যায় সত্য না হইবে? তাহাও বলিতে পার না। কারণ জন্ম-বিনাশশীল ঘটাদির ন্যায় যাহা দেশ কাল বা বস্তুগত পরিচ্ছেদ বিশিষ্ট তাহাই "অসৎ"। এ বিষয় একটু মনঃ-সংযোগপূর্ব্বক বিচার করিয়া দেখ, সকলই অবলীলাক্রমে বুঝিতে পারিবে। আমি বলিলাম ঘট অসৎ, কারণ ঘট, প্রাগভাব ও ধ্বংসের প্রতিযোগী অর্থাৎ যাহার অভাব হয় সেই প্রতিযোগী। ঘটসৃষ্টির পূর্ব্বকালে ঘটের প্রাগভাব অর্থাৎ অস্তিত্ব থাকে না; অতএব ঘট "প্রাগভাব-প্রতিযোগী।" এবং ঘট-ধ্বংসের পরবর্ত্তিকালে ঘটের অস্তিত্ব থাকে না; অতএব ঘট ধ্বংসপ্রতিযোগী। এখন তাহা হইলে, অর্থাৎ

ঘট-সৃষ্টির পূর্ব্বে ঘটের অস্তিত্ব থাকে না এবং ঘটধ্বংসের অনন্তর ঘটের অস্তিত্ব থাকে না, কেবলমাত্র মধ্যে কিছুকালের জন্য ঘটের অস্তিত্ব থাকে বলিয়া, "ঘটকে কাল-পরিচ্ছিন্ন বুঝিতে হয়। যাহা ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই ত্রিকালেই সম অর্থাৎ অবিকৃতাদি ভাবে বর্ত্তমান থাকে তাহাই কালদ্বারা অপরিচ্ছিন্ন। বোধ হয় বুঝাইতে হইবে না যে,এতদ্ব্যতীত সমস্তই "কাল-পরিচ্ছিন্ন"। আরও দেখ "ঘট" যে কেবলমাত্র কাল-পরিচ্ছিন্ন তাহাও নহে; বিচার করিয়া দেখ ঘটে দেশ-পরিচ্ছিন্নত্বের অভাবও দেখিতে পাইবে না। ঘট "দেশপরিচ্ছিন্ন" কারণ যে যে পদার্থ মূর্ত্তিবিশিষ্ট সেই সেই পদার্থের বৃত্তি সর্ব্বদেশে নাই, অর্থাৎ ঘটের মত আর অসংখ্য ঘট সর্ব্বদেশে থাকিলেও সেই অস্তিত্ব সর্ব্বদেশে সম্ভব হইতে পারে না। "ঘট" যে দেশে যে স্থানে আছে সেই দেশটুকুই ঘটের অধিকৃত, অন্যত্র ঘটের বৃত্তি নাই, অতএব ঘট দেশ-পরিচ্ছিন্ন। যাহা সর্ব্বদেশে সমভাবে অবস্থিতি করে তাহাই দেশাপরিচ্ছিন্ন, তদ্ব্যতীত সমস্তই দেশ-পরিচ্ছিন্ন। যদি বল যে কোন কোন শাস্ত্রকারের মতে যাহা যাহা কাল-পরিচ্ছিন্ন তাহা তাহাই "দেশপরিচ্ছিন্ন" অতএব কেবলমাত্র কালপরিচ্ছিন্ন বলিলেই চলিত, তবে অনর্থক দেশপরিচ্ছিন্ন বলিবার প্রয়োজন ত কিছু দেখিতে পাইতেছি না। তাহাও বলিতে পার না; কারণ যেহেতু তার্কিকগণ পরমাণু প্রভৃতির দেশ-পরিচ্ছিন্নত্ব স্বীকার করিলেও কাল-পরিচ্ছিন্নত্ব স্বীকার করেন না, অতএব সর্ব্বমত বিরোধ-পরিহারার্থ দেশ-পরিচ্ছিন্ন ও কালপরিচ্ছিন্ন এতদুভয়ের স্বতন্ত্রভাবে প্রয়োগ সুপ্রযুক্তই হইয়াছে। তার্কিকগণের পরমাণুপ্রভৃতিকে কেবলমাত্র দেশপরিচ্ছিন্নত্বের অবরোধে অবরুদ্ধ করিবার তাৎপর্য্য এই যে, এস্থলে (দেশে) যে পরমাণুর সত্তা আছে, তৎসদৃশ হইলেও, অন্যত্র সে পরমাণুটীর সত্তা নাই; অতএব পরমাণু দেশপরিচ্ছিন্ন। তার্কিকগণের মতে পরমাণুর বিনাশ ও প্রাগভাব নাই; অতএব পরমাণু ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান ত্রিকালেই নিত্য, সুতরাং পরমাণু কালাপরিচ্ছিন্ন। এইরূপ আবার স্বজাতীয়, বিজাতীয়, ও স্বগত এই ত্রিবিধ ভেদের নাম "বস্তু-পরিচ্ছেদ"। বৃক্ষের স্বীয় পত্র, পুষ্প, ফল, অঙ্কুর প্রভৃতিগত যে ভেদ তাহার নাম স্বগত-ভেদ। আম্রবৃক্ষও বৃক্ষজাতিভুক্ত, কদম্বাদি বৃক্ষও বৃক্ষজাতিভুক্ত; আম্রবৃক্ষ এবং কদম্বাদিবৃক্ষের যে

পরস্পর ভেদ তাহার নাম স্বজাতীয় (সমানজাতীয়) ভেদ। বৃক্ষের সহিত বৃক্ষজাতি ভিন্ন প্রস্তরাদি অন্যজাতীয় পদার্থের সহিত যে ভেদ, তাহার নাম বিজাতীয় ভেদ *। এই ত্রিবিধ ভেদই বস্তুপরিচ্ছেদ অর্থাৎ প্রত্যেক বস্তুই এই ত্রিবিধ ভেদের অধিকার ভুক্ত; কোন বস্তুই এই ত্রিবিধ ভেদের সীমা অতিক্রম করিতে সক্ষম নহে। যে যে পদার্থ এই ত্রিবিধ ভেদযুক্ত তাহাই বস্তুপরিচ্ছিন্ন এবং যাহা এই ত্রিবিধ ভেদ-পরিশূন্য তাহাই "অবস্তু-পরিচ্ছিন্ন" অর্থাৎ বস্তুপরিচ্ছিন্ন নহে। যদি বল যে বস্তুপরিচ্ছিন্নের আবার পৃথক্‌রূপে নির্দ্দেশ করিবার কি প্রয়োজন ছিল? কালদেশপরিচ্ছিন্ন বলিলেই ত একপ্রকার বস্তুপরিচ্ছিন্নও বুঝিতে পারা যায়। সখে! তাহাও বলিতে পার না। কারণ তাহা হইলে সর্ব্ববিধ মত অবিসংবাদিতরূপে সমর্থিত হয় না। তার্কিকগণের মতে আকাশ, কাল, দিক্ ও আত্মা এই চতুষ্টয় বিভু বা ব্যাপক। আকাশ, দেশ কাল বা দিক্ কর্ত্তৃক অনবচ্ছিন্ন। কালও দেশ আকাশ বা দিক্ কর্ত্তৃক অনবচ্ছিন্ন। দিক্, দেশ কাল বা আকাশ কর্ত্তৃক অনবচ্ছিন্ন। আত্মা, দেশ আকাশ কাল বা দিক্ কর্ত্তৃক অনবচ্ছিন্ন। কিন্তু তার্কিকগণ আকাশাদি চতুষ্টয়ের বস্তু-পরিচ্ছিন্নত্ব স্বীকার করেন, অতএব বস্তুপরিচ্ছিন্নের পৃথক্‌রূপে উল্লেখ করা অপ্রয়োজনীয় নহে। এইরূপে সাঙ্খ্যশাস্ত্র পর্য্যালোচনা করিলেও, এই সমস্ত পরিচ্ছেদ বাদের সদ্ভাব সবিশেষ উপলব্ধি করিতে পারিবে। অধিক বলা বাহুল্য তাহা

* "বৃক্ষস্য স্বগতো ভেদঃ পত্র-পুষ্প-ফলাঙ্কুরৈঃ। বৃক্ষান্তরাৎ স্বজাতীয়ো বিজাতীয়ঃ শিলা-দিতঃ॥" পঞ্চদশী।

এই ত্রিবিধ ভেদ ব্যতীত কাহার কাহার মতে পঞ্চ প্রকার ভেদই বস্তু পরিচ্ছেদ। যথা; জীবেশ্বরভেদ, জীবজগদ্ভেদ, জীব-পরস্পরভেদ, ঈশ্বর-জগদ্ভেদ। অর্থাৎ প্রথম, জীব এবং ঈশ্বরে ভেদ। দ্বিতীয়, জীব এবং জগতে ভেদ। তৃতীয়, একজীব এবং অন্যান্য জীবে পরস্পর ভেদ। চতুর্থ, ঈশ্বর এবং জগতে ভেদ। এবং পঞ্চম, জগৎ এবং পর অর্থাৎ পরমেশ্বরে ভেদ। এস্থলে চতুর্থ ও পঞ্চম ভেদ একইরূপ বলিয়া প্রতীত হইলেও ভিন্ন ভিন্ন। তাহার তাৎপর্য্য চতুর্থে বলা হইল যে ঈশ্বর এবং জগতে পরস্পর ভেদ। এখন যদি কেহ ব্যবহারিক দশায় বলেন যে, জগৎ ঈশ্বর হইতে ভিন্নরূপে প্রতীত হইলেও ঈশ্বর ত আর জগৎ হইতে ভিন্ন নহেন। সমুদ্রের তরঙ্গ সমুদ্র হইতে ভিন্নরূপে প্রতীত হইলেও সমুদ্র ত আর তরঙ্গ হইতে ভিন্ন নহেন। এই শঙ্কা পরিহারের জন্য পঞ্চম ভেদের পৃথক্ অবতারণা। পঞ্চম ভেদে ইহাই সূচিত হইল যে, ঈশ্বরে ও জগতে যেরূপ ভেদ, জগতে ও ঈশ্বরে সেইরূপ ভেদ।

সাধারণতঃ ত্রিবিধ ভেদের উল্লেখই সর্ব্বত্র দেখিতে পাওয়া যায়। "একমেবাদ্বিতীয়ং", এই ঈশ্বরপর শ্রুতিবাক্য ত্রিবিধ ভেদশূন্যত্বের পরিচায়ক। ঈশ্বর কিরূপ? না—"একং" অর্থাৎ স্বগত-ভেদশূন্য, "এব" অর্থাৎ সজাতীয় ভেদ শূন্য, এবং "অদ্বিতীয়ং" অর্থাৎ বিজাতীয় ভেদশূন্য। স্বগত, স্বজাতীয় ও বিজাতীয় ভেদ পরিশূন্য পরমপদার্থই পরমেশ্বর। এবং তাহাই সৎ, তদ্ব্যতিরিক্ত

হইলে এখন দেখ কাল,দেশ,এবং বস্তু হইতে যাহা পরিচ্ছিন্ন তাহাই অসৎ। অতএব এতাদৃশ শীত-উষ্ণাদির অধিক কি, সমগ্র প্রপঞ্চেরই ভাব (সত্তা) অর্থাৎ পারমার্থিকত্ব বা পূর্ব্বকথিত তাদৃশ পরিচ্ছেদশূন্যত্ব কখনও সম্ভবপর নহে। ঘটত্ব এবং অঘটত্ব ধর্ম্মের কখনও একত্র সমাবেশ হইতে পারে না। পরিচ্ছিন্নত্ব এবং অপরিচ্ছিন্নত্ব ধর্ম্মের কখনও একত্র সমাবেশ হইতে পারে না। সৎ এবং অসতের একত্র সমাবেশ নিতান্ত বিরুদ্ধ।

সখে! আরও দেখ যাবতীয় দৃশ্যপদার্থ কোন কালে, কোন দেশে, বা কোন বস্তুতে নিষেধ প্রাপ্ত হয় না; কারণ দৃশ্য পদার্থের অনুগম স্বব্যতিরিক্ত অপর স্থলে নাই এবং সর্ব্বত্র অনুগত বলিয়া, সদ্বস্তুও কোন দেশ, কাল বা বস্তুতে নিষেধ প্রাপ্ত হয় না অর্থাৎ যেহেতু দৃশ্য সমূহ বা অসৎ বস্তুই স্বব্যতিরিক্ত অন্যত্র (দেশ, কাল, বা বস্তুতে) অননুগত অর্থাৎ অন্যত্র বৃত্তিশূন্য, অতএব স্বতঃ নিষেধরূপের আর নিষেধের প্রয়োজনই বা কি? অপিচ মণিমালিকাস্থ মণিগণে সূত্রের ন্যায় সর্ব্বত্র (দেশ, কাল বা বস্তুতে) অনুস্যূত বলিয়া সদ্বস্তুর নিষেধ সম্ভবপর নহে। আরও দেখ সর্ব্বত্র অনুগত সদ্বস্তুতে, রজ্জুতে সর্প বা জলধারার ন্যায়, সর্ব্বত্র অননুগত,অতএব ব্যভিচারী (ব্যভিচারশীল, অস্থির, অসৎ) বস্তু মাত্রই কল্পিত, সুতরাং অসৎ বস্তুর ভাব বা সত্তা নাই। যদি বল যে যাহা যাহা ব্যভিচারী তাহা তাহাই কল্পিত; তাহা হইলে সৎ বস্তুও কল্পিত, কারণ যেহেতু সদ্বস্তুও তুচ্ছব্যাবৃত্ত (অর্থাৎ তুচ্ছ শশবিষাণ, কাকদন্তাদি হইতে ব্যাবৃত্ত অর্থাৎ ভিন্ন) অতএব ব্যভিচারী। হে অবিবেকিন্! তাহাও বলিতে পার না, কারণ সৎ বস্তুর (ভাব বস্তুর) কখনও অভাব হয় না। বিশেষরূপে বিচার করিয়া দেখ, ক্রমশঃ এবিষয়ের রহস্যনিচয় অনায়াসে অববুদ্ধ হইতে পারিবে। শশবিষাণ, কাকদন্ত, কূর্ম্মরোম, অশ্বডিম্ব, আকাশকুসুম ইত্যাদি পদার্থের কল্পিত নাম মাত্র জন সমাজে প্রচলিত থাকিলেও, তাহার অস্তিত্ব অদ্যাবধি কেহ নয়নগোচর করেন নাই; অতএব এই সমস্ত পদার্থ তুচ্ছ অতি হেয় অর্থাৎ কিছুই নয়, সুতরাং তুচ্ছ পদার্থ সৎ নহে অসৎ। পূর্ব্বেই বলিয়াছি যাহা অসৎ তাহার ভাব অর্থাৎ সত্তা নাই। অতএব যাহা তুচ্ছ অর্থাৎ কিছুই নহে, তাহা হইতে আবার ব্যাবৃত্ত কি? মাথা নাই তার আবার মাথাব্যথা কি?

সমস্তই অসৎ। অবিদ্যা প্রভাবে ব্যবহারিক দশায় স্বপ্নসন্দর্শনের ন্যায় অসৎকে সৎ বলিয়া প্রতীতি হয় মাত্র। যেরূপ ঘুম ভাঙ্গিলে, (স্বপ্ন টুটিলে) মানুষ যে মানুষ সেই মানুষ; তাহার স্বপ্ন-দৃষ্ট সুখের রাজ্যাদি অন্তর্হিত হয়; সেইরূপ অবিদ্যার ঘুম ভাঙ্গিলে (ব্যবহারের স্বপ্ন ঘুচিলে) জীব স্বস্বরূপ প্রাপ্ত হয়, বা মতান্তরে শ্রীকৃষ্ণ সেবার অধিকারী হয়।

সদধিকরণক (যাহাদিগের সৎ আশ্রয়) ঘট-পটাদির পরস্পর ভেদ জনিত যে অভাব তাহাই বস্তুপরিচ্ছিন্নত্ব ; কিন্তু তাহা বলিয়া তুচ্ছ শশবিষাণাদির স্বতঃ অভাবরূপের (অসৎ অধিকরণকের) অভাব কখনও বস্তুপরিচ্ছিন্নত্ব রূপে স্বীকৃত হইতে পারে না। আর এক কথা, নৈয়ায়িকেরা বলেন যে, দুইটী সৎ পদার্থদ্বারা অভাব নিরূপিত হইয়া থাকে, অর্থাৎ দুইটী সৎ পদার্থ থাকিলে তবে একটীর অভাব ঘটাইতে পারা যায়, নচেৎ একটী সৎ আর একটী অসৎ পদার্থ থাকিলে আর অভাব নিরূপণ করিতে হইবে কেন ?

দেখ সখে ! সদ্বস্তু সর্ব্বানুস্যূত অর্থাৎ যেরূপ পুষ্পাদি-বিরচিত মাল্যস্থিত সূত্র মালিকাস্থ কুসুমাদিরই আধারস্বরূপ সেইরূপ কি ঘট, কি পট, কি অখিল ভুবন সর্ব্বত্রই সৎ বস্তু অনুস্যূত। সদ্বস্তু সর্ব্বত্র অনুস্যূত বলিয়া সদ্ব্যক্তির ভেদ কুত্রাপি পরিলক্ষিত হয় না। "ঘটঃ সন্, পটঃ সন্," ইত্যাদি সর্ব্বত্রই সকলেরই সমভাবে সৎ ব্যক্তি অর্থাৎ সত্তের বিকাশ প্রতীতি-বিষয়ীভূত হয়। অতএব একমাত্র স্বপ্রকাশ, নিত্য, বিভু, সৎ বস্তুর অভাব অর্থাৎ কি দেশ হইতে, কি কাল হইতে, কি বস্তু হইতে পরিচ্ছিন্নত্ব কখনও উপপাদিত হইতে পারে না।

যদি বল, যখন সৎ নামক বস্তুই নাই, তখন তাহার আবার দেশ, কাল বা বস্তুগত পরিচ্ছেদের সম্ভাবনা কোথায় ? তবে কি না সত্তা একটা পর-সামান্যমাত্র * এবং সেই পর-সামান্যের আশ্রয়ত্ব বশতঃ দ্রব্য, গুণ, এবং

* ন্যায় মতে পদার্থ সপ্তবিধ। যথা (১) দ্রব্য, (২) গুণ, (৩) কর্ম্ম, (৪) সামান্য, (৫) বিশেষ, (৬) সমবায় এবং (৭) অভাব।

(১) ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম, কাল, দিক্, দেহী (আত্মা) ও মন এই নয়টী "দ্রব্য"।

(২) রূপ, রস, গন্ধ, স্পর্শ, সংখ্যা, পরিমিতি, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, অদৃষ্ট ও শব্দ এই চতুর্ব্বিংশতি "গুণ"।

(৩) উৎক্ষেপণ (ঊর্দ্ধক্ষেপণ-ছুড়েফেলা), অপক্ষেপণ (নিম্নে ক্ষেপণ, নিচুতে ফেলা), আকুঞ্চন, প্রসারণ ও গমন এই পঞ্চ "কর্ম্ম"। ভ্রমণ, রেচন, স্পন্দন, ঊর্দ্ধজ্বলন এবং তির্য্যক্ (বক্রভাবে) গমন এই পঞ্চবিধ কর্ম্ম গমনেরই অন্তর্গত।

(৪) সামান্য দুই প্রকার। প্রথম পর সামান্য, দ্বিতীয় অপর সামান্য। পূর্ব্ব নিরূপিত দ্রব্য গুণ ও কর্ম্ম এই ত্রিবিধ পদার্থে বৃত্তি বিশিষ্ট সত্তাই "পর সামান্য"। যাহার অধিক দেশে বৃত্তি তাহাই "পর" এবং যাহার অল্প দেশে বৃত্তি তাহাই "অপর"। সকল জাতি অপেক্ষা সত্তার বৃত্তি (ব্যাপার) অধিক দেশে আছে বলিয়া সত্তাই "পর" এবং অন্যান্য জাতিসমূহের অধিক দেশে বৃত্তি নাই বলিয়া তাহারা "অপর"।

(৫) ঘটাদি দ্ব্যণুক পর্য্যন্ত পদার্থ নিচয়ের যাহার যেরূপ ভিন্ন ভিন্ন অবয়ব তদনুসারে পরস্পরের

কর্ম্ম এই ত্রিতয়ে সৎ শব্দ প্রযুক্ত হয়। দ্রব্য, গুণ এবং কর্ম্মের একাশ্রয় বলিয়া সামান্য, বিশেষ, এবং সমবায় এই ত্রিতয়েরও সত্তা উপপাদিত হয়। অথচ প্রাগভাবের প্রতিযোগী "অসৎ ঘটাদির" সত্তা কারণ-ব্যাপার হইতে অপরিচ্ছিন্নভাবে থাকিলেও,কারণ-নাশে তাহারও অভাব উপপাদিত হয় *। অতএব "অসতের ভাব এবং সতের অভাব নাই" এরূপ বাক্য কিরূপে সুসঙ্গত হইতে পারে? অর্থাৎ যেহেতু তোমাদের মতে যাহা অসৎ ঘট বলিয়া উল্লিখিত হইতেছে উক্ত অসৎ ঘটের সত্তাও কারণ কালে পরিলক্ষিত হয়। অর্থাৎ মৃত্তিকা, কুম্ভকার, দণ্ড, চক্র ইত্যাদি উপাদান ও নিমিত্ত-কারণ দেখিয়া লোকে বলে "ঘটো ভবিষ্যতি" অর্থাৎ ঘট নির্ম্মিত হইবে; অতএব ঘট-সৃষ্টির পূর্ব্বেও কারণরূপে ঘটের সত্তা উপপাদিত হয়। সুতরাং তৎকথিত "অসতের ভাব অর্থাৎ সত্তা নাই" এরূপ বাক্য নিতান্ত অশ্রদ্ধেয় এবং যেহেতু ঘটের কপালদ্বয় (গলা ও তলা) এবং কপালদ্বয় সংযোগরূপ সমবায়ী এবং অসমবায়ী কারণের নাশে কার্য্যরূপ ঘটের অভাব হয়, সুতরাং তৎকথিত "সতের অভাব নাই" এরূপ বাক্যও নিতান্ত অশ্রদ্ধেয়। হে তর্ককলুষিত-চিত্ত সখে। তুমি তাহাও বলিতে পার না। কারণ তত্ত্বদর্শীগণ অর্থাৎ কুতর্কবিরহিত বস্তু-যাথাত্ম্য-দর্শনশীল ব্রহ্মবিদ্গণ শ্রুতি, স্মৃতি ও যুক্তি দ্বারা বিচার পূর্ব্বক সৎ এবং অসতের অন্ত, (মর্য্যাদা, সীমা, নিয়তরূপ, হাঁ ইহাই ঠিক) অর্থাৎ যাহা সৎ তাহা সৎই এবং যাহা অসৎ তাহা অসৎই ইত্যাকার নিয়মে একান্তরূপ নিশ্চয় করিয়াছেন।

সখে! কেবল মাত্র তর্ক দ্বারা তত্ত্ব নির্ণয় নিতান্ত অসম্ভব, অধিক কি কখনও সংঘটিত হয় না। তর্ক স্বভাবতঃ অনবস্থিতি দোষে দুষ্ট, অর্থাৎ

ভেদই বিশেষ। বিশেষ পরমাণুগণেরও পরস্পর ভেদক। বিশেষের বৃত্তি নিত্য দ্রব্যের উপর। শাস্ত্রকারগণ "অন্ত্যকেও" বিশেষ বলেন, অর্থাৎ যাহা "অন্ত্য"(অন্তে অবসানে বর্ত্ততে ইতি অন্ত্যঃ, যদপেক্ষয়া বিশেষো নাস্তীতার্থঃ) অবসানে স্থিত অর্থাৎ যাহা অপেক্ষা আর বিশেষ নাই তাহাই "বিশেষ্য"।

(৬) সমবায় বলিতে নিত্য সম্বন্ধকে বুঝায়। অবয়ব অবয়বি, জাতি ব্যক্তি, গুণ গুণী, ক্রিয়া ক্রিয়াবান্ এবং নিত্য দ্রব্য বিশেষের যে পরস্পর সম্বন্ধ তাহাই সমবায়।

* অভাব পদার্থ দ্বিবিধ। প্রথম সংসর্গাভাব এবং দ্বিতীয় অন্যোন্যাভাব। প্রাগভাব, ধ্বংস ও অত্যন্তাভাব এই ত্রিবিধ ভেদে সংসর্গাভাব ত্রিবিধ। অন্যোন্যাভাব ভিন্ন যে অভাব তাহারই নাম সংসর্গাভাব। বিনাশী দ্রব্যের যে অভাব তাহার নাম প্রাগভাব। জন্য দ্রব্যের যে অভাব তাহার নাম ধ্বংস। নিত্য সংসর্গের যে অভাব তাহার নাম অত্যন্তাভাব।

তর্ক যে এই পর্য্যন্ত যাইয়া ক্ষান্ত হইবে তাহার কিছু স্থিরনিশ্চয়তা নাই; তর্ক কেবলমাত্র বুদ্ধির কৌশল প্রদর্শন ও আত্মাকে প্রতারিত করা। তর্ক দ্বারা ঈশ্বর-তত্ত্ব কখনও অবগত হইতে পারা যায় না; তর্কের শেষ নাই। এই নিমিত্ত মহাত্মা কৃপানিধান শাস্ত্রকারগণ সকলকেই তর্কের জটিল জাল হইতে সাবধান হইয়া শ্রুতিস্মৃত্যাদির আদেশের সরল সুগম পথে অচল অটল বিশ্বাসরূপ প্রাণের বন্ধুর সমভিব্যাহারে তত্ত্বলাভের আশায় অগ্রসর হইতে আদেশ করিয়াছেন।

সখে! তর্করূপ বালুকাস্তূপে তত্ত্বমন্দির সংস্থাপন নিতান্ত অসম্ভব; দৃঢ়বিশ্বাসের কঠিন ভূমিই তাহার পক্ষে বিশেষ উপযোগী। ভিত্তি সুদৃঢ় না হইলে মন্দির মুহূর্ত্তকালান্তেই নিপতিত হইবে। বালুকাভূমিতে ভিত্তি স্থাপন করিলে তাহা কয়দিন স্থায়ী হয়? অতএব হে সখে! তুমিও সেই তত্ত্বদর্শিগণের পদানুসরণপূর্ব্বক শ্রুতি-স্মৃত্যাদির বিচার কর—সকল তত্ত্বই অবগত হইতে পারিবে। ক্রমশঃ বুঝিবে যে তিতিক্ষুত্ব এবং অমৃতত্বলাভ উপপাদিত হইতে পারে কিনা।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠ সূরি মহাশয় আলোচ্য শ্লোকে এইরূপ অভিপ্রায় পরিব্যক্ত করিয়াছেন। সুষুপ্তি ও সমাধি কালে আত্মার বুদ্ধ্যাদি-রূপ উপাধির অভাব বশতঃ সুখ-দুঃখাদি বিষয়ে সমজ্ঞান হইলেও, সোপাধিক দশায় অর্থাৎ জাগ্রদবস্থায় সুখ-দুঃখাদির যে পার্থক্য বোধ হয়, তাহা নিতান্ত অনিবার্য্য, যেমন লৌহে স্বভাবতঃ দাহিকা শক্তি না থাকিলেও অগ্নিসান্নিধ্য বশতঃ তাহাতে অতীব দাহিকা শক্তি উৎপন্ন হয় এবং যতকাল অগ্নির সহিত লৌহের অতিশয় নৈকট্য থাকিবে ততকাল তাহার দাহিকা শক্তি কিছুতেই নিবারিত হইবে না। তদ্রূপ মূল প্রকৃতি (অবিদ্যা) জনিত বুদ্ধ্যাদি উপাধি সকল, তৎকারণ স্বরূপ সেই মূল-প্রকৃতি বর্ত্তমান থাকিতে কিছুতেই সমূলে উন্মূলিত হইবে না। অতএব উপাধি সত্ত্বে "সমদুঃখ সুখং ধীরং সোঽমৃতত্বায় কল্পতে" অর্থাৎ সুখ দুঃখে সমজ্ঞান ধীর পুরুষই মুক্তির যোগ্য ইত্যাদি পূর্ব্বশ্লোকের বাক্যার্থ কিরূপে সঙ্গত হইবে?

অর্জ্জুনের এরূপ আশঙ্কা অপনয়ন মানসে ভগবান্ বলিতেছেন। হে ভ্রান্ত বয়স্য! বিশেষাভিনিবেশ সহকারে কিঞ্চিৎ বিবেচনা করিলেই বুঝিতে পারিবে যে, যেমন ভ্রমবশতঃ সর্পরূপে রজ্জু কল্পিত হইলেও তাহা

কাদাচিৎক অর্থাৎ অচিরস্থায়ী,—রজ্জু-জ্ঞানের পর তাহার আর সত্তা থাকে না। তদ্রূপ চৈতন্যময়-আত্মাতে অজ্ঞান-কল্পিত উপাধি সকলও, বস্তুবিচার দ্বারা মূল অজ্ঞানের নিবৃত্তি হইলে,স্বয়ং নিবৃত্ত হইবে এবং অজ্ঞানরূপ কারণের অভাব হেতু প্রোক্ত উপাধিজনিত সুখ-দুঃখাদি-দ্বৈত-প্রপঞ্চে ভেদজ্ঞানও আর উৎপন্ন হইবে না। তখন সুখ-দুঃখের সমজ্ঞান হেতু আত্মা অমৃতত্ব (মুক্তি) লাভ করিবেন, তাহাতে আর কোন তর্ক সমুপস্থিত হইবে না।

অর্জ্জুন যেন পুনরায় আশঙ্কা করিয়া বলিতেছেন, "হে মধুসূদন! কালত্রয়ে সমভাবে বর্ত্তমান থাকে না বলিয়া যদি সুখ-দুঃখাদি অসৎ বা মিথ্যারূপে কল্পিত হয়, তবে সুষুপ্তিকালে আত্ম-বিষয়েও প্রতীতি না থাকায়, তাহা অসৎ বা মিথ্যারূপে কল্পিত হয় না কেন?"

ভগবান্ বলিতেছেন, "হে বিমুগ্ধ ভ্রাতঃ অর্জ্জুন। ইহা তোমার ভ্রান্তি মাত্র, কারণ সদ্বস্তু অর্থাৎ আত্মার অভাব (অননুভব) কখনও হয় না। সচ্চিদানন্দময় আত্মা ত্রিকালেই সমভাবে বিরাজমান আছেন। সুষুপ্তিকালে বাহ্য সুখ-দুঃখাদির অনুভব না থাকিলেও, আনন্দময় আত্মার অনুভব হয়; তখন কেবল জ্ঞানময় আত্মারই উপলব্ধি হইয়া থাকে।" শ্রুতি বলিয়াছেন, "সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষম্" অর্থাৎ আমি সুখে শয়ন করিয়াছিলাম, কিছুই জানি না। যদি সুষুপ্তিকালে আত্ম-বিষয়ও অনুভব না থাকে, তবে সুষুপ্তির পর গাত্রোত্থান করিয়া, "আমি কিছুই জানি না" ইত্যাদি প্রত্যুত্তর কিরূপে প্রযুজ্য হয়? অতএব সদাকাল আত্মার অনুভব হয় না বলিয়া যে আত্মাকে অসৎ বা মিথ্যারূপে কল্পনা করিয়াছিলে, তাহা এই স্থানেই দূরীভূত হইল।

অর্জ্জুন যেন পুনরায় বলিতেছেন, "হে জনার্দ্দন! আকাশ একটি সদ্বস্তু, দেশ কাল ভেদে তাহার অভাব হয় না সত্য। পরমাণুও সদ্বস্তু; কিন্তু দেশান্তরে তাহার অভাব হইয়া থাকে; সুতরাং তোমার সদ্বস্তুর অভাব হয় না, এ কথা কিরূপে সঙ্গত হইবে? আরও দেখ, ঘটাদি অসদ্বস্তু যখন বর্ত্তমান থাকে, তখন তাহার সত্তা পরিলক্ষিত হয়, সুতরাং অসতের ভাব নাই এ কথাই বা কিরূপে সঙ্গত হইতে পারে?" অর্জ্জুনের এই আশঙ্কার উত্তর স্বরূপে ভগবান্ বলিতেছেন, "হে সখে! যেমন স্বপ্নকালে মানব নভোমণ্ডলে কুম্ভ, রজ্জুতে সর্প ইত্যাদি নানাবিধ নিত্যানিত্য সত্যাসত্য,

ব্যাপার সন্দর্শন করে, কিন্তু নিদ্রাভঙ্গ মাত্র সমস্ত ব্যাপারের ভ্রমত্ব অনুভব করিতে সক্ষম হয়, তদ্রূপ তত্ত্বজ্ঞানরূপ জাগ্রতাবস্থা উপস্থিত হইলে ভ্রান্তি-রূপ স্বপ্ন অপগত হয় এবং মানব সকল বিষয়ই প্রকৃতরূপে প্রণিধান করিতে সমর্থ হয়। আমরা চিরজাত সংস্কারের বশবর্ত্তী হইয়া কোন পদার্থকে সৎ কাহাকেও বা অসৎ বলিয়া অনুমান করি এবং তুল্যতা মাত্র দেখিয়া এক বস্তুতে অন্য বস্তুর আরোপ করি। রজতের শুভ্রতা ও চাকচিক্য দর্শনে আমরা শুক্তিতে রজতারোপ করিতে প্রবৃত্ত হই। চির সংস্কারের প্রাবল্যে আমরা দর্পণে নীল প্রতিবিম্ব মাত্র দর্শন করিয়া, নভোমণ্ডলের প্রতিরূপ বলিয়া হৃদয়ঙ্গম করি। কিন্তু এ সকলই ভ্রমাত্মক। নভঃপ্রদেশের নীলিমা আমাদের সংস্কার বিষয়ীভূত হইলেও নীলবর্ণ আকাশের স্বরূপ নহে। আকাশের নীলত্ব-অনুমান ভ্রম এবং দর্পণে নীল-প্রতিবিম্ব দর্শনে আকাশানুমানও ভ্রম। অতএব তত্ত্বজ্ঞানরূপ সমুজ্জ্বল বর্ত্তিকা সাহায্যে হৃদয়ের ভ্রমান্ধকার অপগত হইলেই যথার্থ বস্তুজ্ঞান জন্মিবে এবং তখনই কৈবল্যরূপ পরমধন লাভ হইবে।

অতঃপর নিম্নে এই শ্লোকের ভাবার্থ প্রকটিত হইতেছে। হে অনিত্যা-শঙ্কাকুলচিত্ত ভ্রাতঃ! শীতোষ্ণাদি জনিত সুখ-দুঃখের ভোক্তা যে দেহ তাহা নশ্বর, কিন্তু সেই দেহ মধ্যস্থ সুখ-দুঃখাতীত আত্মা অবিনাশী। বিনাশশীল বস্তুর সত্তা কখনই বিনাশবিহীন আত্মাতে থাকিতে পারে না। যাঁহারা জ্ঞানরাজ্যে অগ্রসর হইয়া বস্তুর যথার্থ তত্ত্ব অবধারণে সক্ষম হইয়াছেন, সেই তত্ত্বদর্শী পণ্ডিতগণ অনিত্য ও নিত্য বস্তুর প্রকৃত তথ্য অবধারণ করিয়াছেন। তাদৃশ মহাজনেরা যে জ্ঞানবলে সৎ ও অসদ্বস্তুর পার্থক্য স্থিরীকৃত করিয়াছেন, তুমিও সেই জ্ঞান-বলে মোহান্ধকার বিদূরিত কর এবং তাঁহাদিগের প্রদর্শিত পথে বিচরণ করিয়া নিত্যানিত্য নির্ণয় কর। তাহা হইলে বুঝিতে পারিবে যে, সুখ-দুঃখ কেবল মাত্র ইন্দ্রিয়-গ্রাহ্য অচিরস্থায়ী পদার্থ; দেহের সহিতই তাহার সম্বন্ধ—দেহাতীত আত্মার সহিত তাহার কোনই সম্বন্ধ নাই। তখন ইহাও বুঝিতে পারিবে যে, যে ভীষ্মাদি আত্মীয়গণের বিয়োগাশঙ্কায় তুমি ব্যাকুল হইতেছ, অচিরস্থায়ী দেহনাশে তাঁহাদের নাশ হইবে না, কেহই তাঁহাদের সদাত্মার বিনাশসাধনে সক্ষম নহে। সুতরাং তজ্জন্য শোক বা উৎকণ্ঠার কোনই কারণ নাই॥ ১৬॥

অবিনাশি তু তদ্বিদ্ধি যেন সর্ব্বমিদং ততম্।
বিনাশমব্যয়স্যাস্য ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি ॥ ১৭ ॥

অন্বয়।—যেন (আত্মস্বরূপেণ) ইদং সর্ব্বং (জগৎ) ততং (ব্যাপ্তং) তৎ (আত্মানং) তু অবিনাশি (বিনাশরহিতং) বিদ্ধি (জানীহি) কশ্চিৎ অব্যয়স্য (নাশোৎপত্তিরহিতস্য) অস্য (আত্মনঃ) বিনাশং (অন্তসাধনম্) ন কর্ত্তুং অর্হতি (শক্নোতি) ॥ ১৭ ॥

প্রতিশব্দ।—যাঁহার-দ্বারা এই সকল ব্যাপিত তিনি বিনাশরহিত জানিবে, কেহই অব্যয়ের বিনাশ করিতে সমর্থ-হয় না ॥ ১৭ ॥

ব্যাখ্যা।—যে পরমাত্মা আগমাপায়ধর্ম্মাত্মক দেহাদি সমস্ত ব্যাপিয়া রহিয়াছেন, সেই আত্মস্বরূপের কখনই বিনাশ নাই। কেহই সেই সর্ব্বভাবাপন্ন আত্মস্বরূপের বিনাশ সাধন করিতে পারে না ॥ ১৭ ॥

শঙ্করাচার্য্য।—কিং পুনস্তৎ? যৎ সদেব সর্ব্বদাস্তীত্যুচ্যতে অবিনাশীতি। অবিনাশি ন বিনষ্টুং শীলং যস্যেতি। তুশব্দঃ সতো বিশেষণার্থঃ, তদ্বিদ্ধি বিজানীহি। কিং? যেন সর্ব্বমিদং জগৎ ততং ব্যাপ্তং সদাখ্যেন ব্রহ্মণা সাকাশমাকাশেনেব ঘটাদয়ঃ। বিনাশমদর্শনমভাবম্ অব্যয়স্য ন ব্যেতি উপচয়াপচয়ৌ ন যাতি ইত্যব্যয়ং, তস্যাব্যয়স্য নৈতৎ সদাখ্যং ব্রহ্ম স্বেন রূপেণ ব্যেতি ন ব্যভিচরতি নিরবয়বত্বাদ্দেহাদিবৎ, নাপ্যাত্মীয়েনাত্মীয়াভাবাৎ, যথা দেবদত্তো ধনহান্যা ব্যেতি, ন ত্বেবং ব্রহ্ম ব্যেত্যতোঽব্যয়স্যাস্য ব্রহ্মণো বিনাশং ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি, ন কশ্চিদাত্মানং বিনাশয়িতুং শক্নোতি, ঈশ্বরোঽপ্যাত্মা হি ব্রহ্ম স্বাত্মনি চ ক্রিয়াবিরোধাৎ ॥ ১৭ ॥

আনন্দগিরি।—নহু সদিতি সামান্যং স্বরূপং বা প্রথমে তস্য বিশেষসাপেক্ষতয়া, প্রলয়দশায়ামশেষবিশেষবিনাশে বিনাশঃ স্যাৎ, ন চাত্মাদয়ো বিশেষাস্তদাপি সন্তীতি বাচ্যং, আত্মাতিরিক্তানাং বিশেষাণাং কার্য্যত্বাঙ্গীকারাৎ, প্রলয়াবস্থায়ামনবস্থানাদাত্মনস্তু সামান্যাশ্রমো ধর্ম্মিত্বাদুক্তদোষাৎ, দ্বিতীয়ে তু স্বরূপস্য ব্যাবৃত্তত্বে কল্পিতত্বাদ্বিনাশিত্বমনুবৃত্তত্বেন তস্যৈব সামান্যতয়া প্রাগুক্তদোষানুবক্তিরিতি মন্বানশ্চোদয়তি কিং পুনরিতি। সামান্যবিশেষভাবশূন্যমখণ্ডৈকরসং সদেবেত্যাদিশ্রুতিপ্রমিতং সর্ব্ববিক্রিয়ারহিতং বস্তু প্রকৃতং সদ্বিবক্ষিতমিত্যুত্তরমাহ উচ্যত ইতি। আত্মনঃ সদাত্মনো বিনাশরাহিত্যবিজ্ঞানে সর্ব্বজগদ্ব্যাপকত্বং হেতুমাহ যেনেতি। অস্যাত্মনো বিনাশাভাবে যুক্তিমাহ বিনাশমিতি। আত্মনো বিনাশমিচ্ছতা স্বতো বা পরতো বা নাশস্তস্যেষ্যতে, নাদ্য ইত্যাহ অবিনাশীতি। দেহাদিদ্বৈতমসদুচ্যতে ততঃ সতো বিশেষণং স্বতো নাশরাহিত্যম্। তস্য দ্যোতকো নিপাত-

ইত্যাহ তুশব্দ ইতি। আকাঙ্ক্ষাপূর্ব্বকং বিশেষ্যং দর্শয়তি কিমিত্যাদিনা। বিমতম-বিনাশি ব্যাপকত্বাদাকাশবৎ, ন হি প্রমিতমেবোদাহরণং কিন্তু প্রসিদ্ধমপীতি ভাবঃ। ন দ্বিতীয় ইত্যাহ বিনাশমিতি। ন খলস্য বিনাশং কর্ত্তুং কশ্চিদর্হতীতি সম্বন্ধঃ। বিনাশস্য সাবশেষত্বনিরবশেষত্বাভ্যাং দ্বৈরাশ্যমাশ্রিত্য ব্যাকরোতি অদর্শনমিতি। ন কশ্চিদস্যাভাবং কর্ত্তুং শক্নোতীত্যত্র হেতুমাহ অব্যয়স্যেতি। ব্রহ্ম হি স্বরূপেণ ব্যেতি স্বসম্বন্ধিনা ব্যেতি বিকল্প্যাদ্যং দূষয়তি নৈতদিতি। ন নিরবয়বস্য স্বাবয়বাপচয়রূপব্যয়ঃ সম্ভবতীত্যত্র বৈধর্ম্ম্যং দৃষ্টান্তমাহ দেহাদিবদিতি। দ্বিতীয়ং নিরস্যতি নাপীতি। তদেব ব্যতিরেকদৃষ্টান্তেন স্পষ্টয়তি যথেতি। দ্বিবিধেঽপি ব্যয়াযোগে ফলিতমাহ অত ইতি। কিঞ্চ ব্রহ্মপরতো ন ন নশ্যত্যাত্মত্বাদ্ঘটবদিত্যাহ ন কশ্চিদিতি। আত্মত্বহেতোরসিদ্ধিমুদ্ধরতি আত্মা হীতি। তাদাত্ম্য-শ্রুতিরত্র হীতি হেতুঃ ক্রিয়তে। অস্তু তর্হি স্বয়মেব ব্রহ্ম স্বাত্মনো নাশকমুদ্বন্ধনাদিদর্শনান্নেত্যাহ স্বাত্মনীতি॥ ১৭॥

রামানুজ।—আত্মনোঽবিনাশিত্বং কথমুপপদ্যত ইত্যত আহ অবিনাশীতি। তদা-ত্মতত্ত্বমবিনাশীতি বিদ্ধি, যেনাত্মতত্ত্বেন চেতনেন তদ্ব্যতিরিক্তমিদমচেতনতত্ত্বং সর্ব্বমততং ব্যাপ্তং, ব্যাপকত্বেন নিরতিশয়সূক্ষ্মত্বাদাত্মনো বিনাশানর্হস্য তদ্ব্যতিরিক্তো ন কশ্চিৎ পদার্থো বিনাশং কর্ত্তুমর্হতি তদ্ব্যাপ্যতয়া তস্মাৎ স্থূলত্বাৎ। নাশকং শস্ত্রজলাগ্নিবাযাদিকং নাশ্যং ব্যাপ্য শিথিলী-করোতি। মুদ্গরাদয়োঽপি বেগবৎ সংযোগেন বায়ুমুৎপাদ্য তদ্দ্বারেণ নাশয়ন্তি। অত আত্মতত্ত্বং অবিনাশি॥ ১৭॥

হনুমান্।—কিং পুনস্তৎ? যদেব সর্ব্বদা সদেবেত্যুচ্যতে অবিনাশীতি। বিনষ্টুং শীলমস্যেতি অবিনাশি, তুশব্দো সতো বিশেষণার্থঃ, তদ্বিদ্ধি জানীহি, যেন সর্ব্বমিদং জগৎ ব্যাপ্তমাকাশেনেব, বিনাশমদর্শনং ঘটাদিবদস্যাব্যয়স্য ব্রহ্মণঃ বিনাশং কর্ত্তুং নার্হতীতি, ন কশ্চিদাত্মানং বিনাশয়িতুং শক্নোতি॥ ১৭॥

শ্রীধর।—তত্র সদ্ভাবমবিনাশি বস্তু সামান্যেনোক্তং বিশেষতো দর্শয়ত্যবিনাশিত্বিতি। যেন সর্ব্বমিদমাগমাপায়ধর্ম্মাত্মকং দেহাদি ততং সাক্ষিত্বেন ব্যাপ্তং, তত্ত্বাত্মস্বরূপমবিনাশি বিনাশ-শূন্যং বিদ্ধি জানীহি। তত্র হেতুমাহ বিনাশমিতি॥ ১৭॥

বলদেব।—উক্তং জীবাত্মতদ্দেহয়োঃ স্বভাবং বিশদয়ত্যবিনাশীতি দ্বাভ্যাম্। তজ্জী-বাত্মতত্ত্বমবিনাশি নিত্যং বিদ্ধি, যেন সর্ব্বমিদং শরীরং ততং ধর্ম্মভূতেন জ্ঞানেন ব্যাপ্তমস্তি। অস্যাব্যয়স্য পরমাণুত্বেন চ বিনাশানর্হস্য বিনাশং ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি স্থূলোঽর্থঃ। প্রাণস্যেব দেহঃ ইহ জীবাত্মনো দেহপরিমিতত্বং ন প্রত্যেতব্যম্। "এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশ" ইত্যাদিষু তস্য পরমাণুত্বশ্রবণাৎ। তাদৃশস্য নিখিলদেহব্যাপ্তিস্তু ধর্ম্মভূতজ্ঞানেনৈব স্যাৎ। এবমাহ ভগবান্ সূত্রকারঃ, "গুণাদ্বা লোকবৎ" ইতি। ইহাপি স্বয়ং বক্ষ্যতি "যথা প্রকাশয়ত্যেকঃ" ইত্যাদিনা॥ ১৭॥

মধুসূদন।—নম্বেতাদৃশস্য সতো জ্ঞানাদ্ভেদে পরিচ্ছিন্নত্বাপত্তের্জ্ঞানাত্মকত্বমভ্যুপেয়ং,

তচ্চানাধ্যাসিকং অন্যথা জড়ত্বাপত্তেঃ, তথাচানাধ্যাসিকজ্ঞানরূপত্বেঽস্য সতো ধাত্বর্থত্বাদুৎপত্তিবিনাশবত্ত্বং ঘটজ্ঞানমুৎপন্নং ঘটজ্ঞানং নষ্টমিতি প্রতীতেশ্চ, এবমহং ঘটং জানামীতি প্রতীতেস্তস্য সাশ্রয়ত্বং সবিষয়ত্বঞ্চেতি দেশকালবস্তুপরিচ্ছিন্নত্বাৎ স্ফুরণরূপস্য কথং তদ্রূপস্য সতো দেশকালবস্তুপরিচ্ছেদশূন্যত্বমিত্যাশঙ্ক্যাহ অবিনাশীতি। বিনাশো দেশতঃ কালতো বস্তুতো বা পরিচ্ছেদঃ, সোঽস্যাস্তীতি বিনাশি পরিচ্ছিন্নং, তদ্বিলক্ষণং অবিনাশি সর্ব্বপ্রকারপরিচ্ছেদশূন্যং, তু এব, তৎ সদ্রূপং স্ফুরণং ত্বং বিদ্ধি জানীহি। কিন্তৎ? যেন সদ্রূপেণ স্ফুরণেনৈকেন নিত্যেন বিভুনা সর্ব্বমিদং দৃশ্যজাতং স্বতঃ সত্তাস্ফূর্ত্তিশূন্যং ততং ব্যাপ্তং স্বসত্তাস্ফূর্ত্ত্যধ্যাসেন রজ্জুশকলেনেব সর্পধারাদি স্বস্মিন্ সমাবেশিতং তদবিনাশ্যেব বিদ্ধীত্যর্থঃ। কস্মাৎ? যস্মাৎ বিনাশং পরিচ্ছেদং অব্যয়স্যাপরিচ্ছিন্নস্য, অস্যাপরোক্ষস্য সর্ব্বানুস্যূতস্য স্ফুরণরূপস্য স্বতঃ কশ্চিৎ কোঽপি আশ্রয়ো বা বিষয়ো বা ইন্দ্রিয়সন্নিকর্ষাদিরূপো হেতুর্ব্বা ন কর্ত্তুমর্হতি সমর্থো ন ভবতি, কল্পিতস্যাকল্পিতপরিচ্ছেদকত্বাযোগাৎ, আরোপমাত্রে চেষ্টাপত্তেঃ, অহং ঘটং জানামীত্যত্র হি অহঙ্কার আশ্রয়তয়া ভাসতে, ঘটস্ত বিষয়তয়া, উৎপত্তিবিনাশবতী কাচিদহঙ্কারবৃত্তিস্ত সর্ব্বতো বিপ্রসৃতস্য সতঃ স্ফুরণস্য ব্যঞ্জকতয়া আত্মমনোযোগস্য পরৈরপি জ্ঞানহেতুত্বাভ্যুপগমাৎ, তদুৎপত্তিবিনাশেনৈব চ তদুপহিতে স্ফুরণরূপে সত্যুৎপত্তিবিনাশপ্রতীত্যুপপত্তেঃ, নৈকস্য স্ফুরণস্য স্বত উৎপত্তিবিনাশকল্পনাপ্রসঙ্গঃ, ধ্বন্যবচ্ছেদেন শব্দবৎ ঘটাদ্যবচ্ছেদেনাকাশবচ্চ। অহঙ্কারস্ত তস্মিন্নধ্যস্তোঽপি তদাশ্রয়তয়া ভাসতে তদ্বৃত্তিতাদাত্ম্যাধ্যাসাৎ সুষুপ্তাবহঙ্কারাভাবেঽপি তদ্বাসনাবসিতাজ্ঞানভাসকস্য চৈতন্যস্য স্বতঃ স্ফুরণাৎ, অন্যথৈতাবন্তং কালমহং কিমপি নাজ্ঞাসিষমিতি সুষুপ্তোত্থিতস্য স্মরণং ন স্যাৎ, নচোত্থিতস্য জ্ঞানাভাবানুমিতিরিয়মিতি বাচ্যং, সুষুপ্তিকালরূপপক্ষাজ্ঞানাল্লিঙ্গাসম্ভবাচ্চ অস্মরণাদের্ব্যভিচারিত্বাৎ স্মরণাজনকনির্ব্বিকল্পকাদ্যভাবাসাধকত্বাচ্চ জ্ঞানসামগ্র্যভাবস্য চান্যোন্যাশ্রয়গ্রস্তত্বাৎ। তথাচ শ্রুতিঃ "যদ্বৈতন্ন পশ্যতি পশ্যন্ বৈতৎ দ্রষ্টব্যং ন পশ্যতি নহি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতে অবিনাশিত্বাৎ" ইত্যাদিঃ, সুষুপ্তৌ স্বপ্রকাশস্ফুরণসদ্ভাবং তন্নিত্যতয়া দর্শয়তি, "এবং ঘটদির্ব্বিষয়োঽপি তদজ্ঞানাবস্থাভাসকে স্ফুরণে কল্পিতঃ, য এব প্রাগজ্ঞাতঃ স এবেদানীং ময়া জ্ঞাত ইতি প্রত্যভিজ্ঞানাৎ অজ্ঞাতজ্ঞাপকত্বং হি প্রামাণ্যং সর্ব্বতন্ত্রসিদ্ধান্তঃ যথার্থানুভবঃ প্রমেতি বদদ্ভিস্তার্কিকৈরপি জ্ঞাতজ্ঞাপিকায়াঃ স্মৃতের্ব্যাবর্ত্তকমনুভবপদং প্রযুঞ্জানৈরেতদভ্যুপগমাৎ, অজ্ঞাতত্বঞ্চ ঘটাদের্ন চক্ষুরাদিনা পরিচ্ছিদ্যতে তত্রাসমর্থাৎ, তজ্জ্ঞানোত্তরকালমজ্ঞানস্যানুবৃত্তিপ্রসঙ্গাচ্চ নাপ্যনুমানেন লিঙ্গাভাবাৎ, নহীদানীং জ্ঞাতত্বেন প্রাগজ্ঞাতত্বমনুমাতুং শক্যং, ধারাবাহিকানেকজ্ঞানবিষয়ে ব্যভিচারাৎ, ইদানীমেব জ্ঞাতত্বস্ত প্রাগজ্ঞাতত্বে সতীদানীং জ্ঞাতত্বরূপং সাধ্যাবিশিষ্টত্বাদসিদ্ধম্। নচাজ্ঞাতাবস্থাজ্ঞানমন্তরেণ জ্ঞানং প্রতি ঘটাদের্হেতুতা গ্রহীতুং শক্যতে পূর্ব্ববর্ত্তিত্বাগ্রহাৎ, ঘটং ন জানামীতি সার্ব্বলৌকিকানুভববিরোধশ্চ, তস্মাদজ্ঞাতং স্ফুরণং ভাসমানং স্বাধ্যস্তং ঘটাদিকং ভাসয়তীতি ঘটাদীনামজ্ঞানে কল্পিতত্বসিদ্ধিঃ অন্যথা ঘটাদের্জড়ত্বেনাজ্ঞাতত্ব-তজ্জ্ঞানয়োরনুপপত্তেঃ, স্ফুরণকাজ্ঞাতং

বাধ্যস্তেনৈবাজ্ঞানেনেতি স্বয়মেব ভগবান্ বক্ষ্যতি। "অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ।" ইত্যত্র এতেন বিভুত্বং সিদ্ধম্। তথাচ শ্রুতিঃ, "মহদ্ভূতমনন্তমপারং বিজ্ঞানঘন এব" ইতি, "সত্যং জ্ঞানমনন্তম্" ইতি চ জ্ঞানস্য মহত্ত্বমনন্তত্বঞ্চ দর্শয়তি। মহত্ত্বং স্বাধ্যস্ত-সর্ব্বসম্বন্ধিত্বং, অনন্তত্বং ত্রিবিধপরিচ্ছেদশূন্যত্বমিতি বিবেকঃ। এতেন শূন্যবাদোঽপি প্রত্যুক্তঃ নিরধিষ্ঠানভ্রমাযোগান্নিরবধিবাধাযোগাচ্চ। তথাচ শ্রুতিঃ, "পুরুষান্ন পরং কিঞ্চিৎ সা কাষ্ঠা সা পরাগতিঃ" ইতি সর্ব্ববাধাবধিং পুরুষং পরিশিনষ্টি। উক্তঞ্চ ভাষ্যকারৈঃ "সর্ব্বং বিনশ্যদ্বস্তু-জাতং পুরুষান্তং বিনশ্যতি পুরুষো বিনাশহেত্বভাবান্ন বিনশ্যতি" ইতি। এতেন ক্ষণিক-বাদোঽপি পরাস্তঃ। অবাধিতপ্রত্যভিজ্ঞানাদন্যদৃষ্টান্যস্মরণাদ্যনুপপত্তেশ্চ, তস্মাদেকস্য সর্ব্বানুস্যূতস্য স্বপ্রকাশস্ফুরণরূপস্য সতঃ সর্ব্বপ্রকারপরিচ্ছেদশূন্যত্বাদুপপন্নং, "নাভাবো বিদ্যতে সতঃ" ইতি ॥ ১৭ ॥

নীলকণ্ঠ।—যস্যাভাবো নাস্তি তস্য সতঃ সত্ত্বে কিং মানমিত্যাশঙ্ক্যাহ অবিনাশীতি। তচ্ছব্দেন প্রকৃতং সৎ পরামৃশ্যতে, যেন সতা ইদং সর্ব্বং বিয়দাদি ততং ব্যাপ্তং, ঘটঃ সন্ পটঃ সন্নিতি সর্ব্বস্য সদভেদানুভবাৎ, যথা ঘটো মৃৎশরাবো মৃদিতি ঘটাদীনাং মৃদভেদানুভবাৎ সদু-পাদানকত্বং, তদ্বৎ সর্ব্বস্যাপি সদুপাদানকত্বং বোধ্যম্। নমু মৃদ্বৎ সদপি কিং বিকারবত্তবতী-ত্যাশঙ্ক্যাহ অবিনাশীতি। তৎ সদবিনাশি বিদ্ধি, অয়মর্থঃ, পূর্ব্বাবস্থাপরিত্যাগোঽত্র বিনাশঃ, মৃদ্ধি পিণ্ডাকারতাং ত্যক্ত্বা ঘটো ভবতি অতঃ সা বিনাশশীলা বিকারধারাশ্রয়ত্বাৎ। ব্রহ্ম তু ন তথা, তর্হি রজ্জুবৎ স্বয়মবিনশ্যদেব কার্য্যাকারং ভবতি স্বকীয়ে চ সত্তাস্ফুরণে কার্য্যেঽর্পয়তি অতঃ অবিনাশি, তথা চ শ্রুতয়ঃ, "অজায়মানো বহুধা বিজায়তে জাত এব ন জায়তে কো ন্বেনং জনয়েৎ পুনঃ, অজায়মানো জন্মাখ্যং বিকারমলভমানোঽপি জায়তে বিয়দাদিরূপেণাবির্ভবতি।" তথা লোকদৃষ্ট্যা জাতো ঘটাদিঃ পরমার্থদৃষ্ট্যা ন জায়তে পরিণা-ম্যুপাদানস্যাভাবাৎ মৃদাদেস্তু স্বাপ্নমৃদাদিবত্তুচ্ছত্বাৎ, অতএব ঘটাদিং কো নু জনয়েৎ ন কোঽপি। কুতস্তর্হি ভাসত ইতি চেৎ রজ্জুরগাদিবদিতি দত্তোত্তরমেতৎ। তথা "প্রাণা বৈ সত্যং তেষামেষ সত্যম্. তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতীতি" সতঃ সত্যত্বেন প্রাণোপলক্ষিতস্য প্রপঞ্চস্য সত্যত্বং সত্তো ভানমেব প্রপঞ্চস্য ভানমিতি। তথাচ প্রপঞ্চগতে সত্তাস্ফূর্ত্তীঃ সতঃ সত্ত্বে প্রমাণমিত্যর্থঃ। শ্রুতিশ্চ, "অন্নেন সোম্য শুঙ্গেনাপো মূলমন্বিচ্ছ অদ্ভিঃ সোম্য শুঙ্গেন তেজোমূলমন্বিচ্ছ তেজসা সোম্য শুঙ্গেন সন্মূলমন্বিচ্ছ সন্মূলাঃ সোম্যেমাঃ প্রজাঃ সদায়তনাঃ সৎপ্রতিষ্ঠাঃ" ইতি। সতো জগদুপাদানত্বং কার্য্যলিঙ্গেন দৃঢ়য়তি সতোঽবিনাশিত্বঞ্চ বিনাশ-হেত্বভাবাদিত্যাহ বিনাশমিতি। ন ব্যেতি নাপক্ষীয়ত ইত্যব্যয়ম্. এতেন সর্ব্ববিকারশূন্যস্য বিনাশো নাস্তীত্যর্থঃ, অপক্ষয়ো হি জন্মাদিবিকারবত এব ভবতীতি স এবাত্র সর্ব্ববিকারোপ-লক্ষণতয়া বোধ্যঃ, ন কশ্চিদিত্যনেন তদন্যস্য বিনাশহেতোরভাবো দর্শিতঃ। "দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতি" ইতি শ্রুতেঃ ॥ ১৭ ॥

বিশ্বনাথ।—"নাভাবো বিদ্যতে সতঃ" ইত্যস্যার্থং স্পষ্টয়তি অবিনাশীতি। তৎ জীবা-ত্মস্বরূপং, যেন সর্ব্বমিদং শরীরং ততং ব্যাপ্তম্। নমু শরীরমাত্রব্যাপি চৈতন্যত্বে জীবাত্মনো মধ্যমপরিমাণত্বেনানিত্যত্বপ্রসক্তিঃ। নৈবং, "সূক্ষ্মাণামপ্যহংজীবঃ" ইতি ভগবদুক্তেঃ; "এষোহণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সংবিবেশ" ইতি। "বালাগ্রশতভাগস্য শতধা-কল্পিতস্য চ। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ" ইতি। "আরাগ্রমাত্রো হ্যবরোহপি দৃষ্টঃ" ইত্যাদি শ্রুতিভ্যশ্চ তস্য পরমাণুপরিমাণত্বমেব। তদপি সম্পূর্ণদেহব্যাপি শক্তিমত্বং জতুজটিতস্য মহামণের্মহৌষধখণ্ডস্য বা শিরস্যুরসি বা ধৃতস্য সম্পূর্ণদেহপুষ্টিকরণশক্তিমত্ত্বমিব নাসমঞ্জসম্। স্বর্গনরকনানাযোনিষু গমনঞ্চ তস্যোপাধিপারবশ্যাদেব। তদুক্তং প্রাণমধিকৃত্য দত্তাত্রেয়েণ, "যেন সংসরতে পুমান্" ইতি। অতএবাস্য সর্ব্বগতত্বমপ্যগ্রিমশ্লোকে বক্ষ্যমাণং নাসমঞ্জসম্। অতএবাব্যয়স্য নিত্যস্য, "নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহূনাং যো বিদধাতি কামান্" ইতি শ্রুতেঃ। যদ্বা নমু দেহো জীবাত্মা পরমাত্মা ইত্যেতদ্বস্তুত্রিকং মনুষ্যতির্য্যগাদিষু সর্ব্বত্র দৃশ্যতে। তত্রাদ্যয়োর্দেহজীবয়োস্তত্ত্বং "নাসতো বিদ্যতে ভাবঃ" ইত্যনেনোক্তম্। তৃতীয়স্য পরমাত্মবস্তুনঃ কিং তত্ত্বমিত্যত আহ অবিনাশি ত্বিতি। তু ভিন্নোপক্রমে; পরমাত্মনো মায়া-জীবাভ্যাং স্বরূপতঃ পার্থক্যাদিদং জগৎ ॥ ১৭ ॥

তাৎপর্য্য।—ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য ও পূজার্হ শ্রীমদানন্দগিরির অভিপ্রায়। যদি বল, যে সদ্বস্তুটি সর্ব্বদা সৎস্বরূপেই বর্ত্তমান আছে তাহা কি? সখে! তাহা সবিশেষ বলিতেছি অবহিত চিত্তে শ্রবণ কর। যে পদার্থ অব্যয় অর্থাৎ যাহার উপচয় (বৃদ্ধি) বা অপচয় (ক্ষয়) নাই (সর্ব্বদা একরূপ) এবংভূত পদার্থের কেহই বিনাশ সাধন করিতে সক্ষম হয় না। শ্রুতিও সামান্য বিশেষ ভারশূন্য অখণ্ডৈকরস স্বরূপ বস্তুকেই "সৎ" রূপে প্রমাণীকৃত করিয়াছেন। সদ্বস্তুই "ব্রহ্ম"। সৎস্বরূপ ব্রহ্ম অব্যয়। অর্থাৎ সন্নামক ব্রহ্মের কোনওরূপ অবয়ব নাই বলিয়া অসৎ দেহাদির ন্যায় স্বভাবতঃ উপচয় বা অপচয়রূপ প্রাপ্ত হন না। দেহিদিগের অবয়ব আছে বলিয়াই তাহাদিগের হ্রাস, বৃদ্ধি, বা নাশ উপপাদিত হয়, কিন্তু সদ্বস্তুর কোনওরূপ অবয়ব নাই; অতএব তাহা অব্যয়; অর্থাৎ সদ্বস্তুতে উপচয়, অপচয় বা বিনাশ-বত্ত্বদোষের আরোপ হইতে পারে না। সদ্বস্তু পরতঃও ব্যভিচার-প্রাপ্ত হয় না। অর্থাৎ যেরূপ মনুষ্য-স্বব্যতিরিক্ত অন্য বিষয় হইতে উপস্থিত সুখ বা দুঃখ লাভ করে, সদ্বস্তু সেরূপ নহে। ধনাদিহানি বশতঃ রামের দুঃখ হইতে পারে, কারণ রামের ধনাদির উপর আত্মীয়াভিমান আছে। কিন্তু সন্নামক ব্রহ্মের কেহই আত্মীয়

নাই, সুতরাং পরতঃও তাঁহার ব্যভিচার হইতে পারে না। অতএব স্বতঃ বা পরতঃ ব্যভিচার নাই বলিয়া সন্নামক ব্রহ্ম "অব্যয়"; এবং এই সন্নামকব্রহ্ম অব্যয় বলিয়া তাঁহার বিনাশ (অভাব) সাধনে কেহই সক্ষম নহেন। যদি বল যে অনেক ব্যক্তিকে ত উদ্বন্ধনাদির সাহায্যে আত্মহত্যা করিতে দেখা যায়, তবে আত্মা বা ব্রহ্ম নিজেই নিজের নাশক হইবে না কেন? তাহাও বলিতে পার না, কারণ ব্রহ্মই আত্মস্বরূপ। অতএব আত্মার ক্রিয়া আত্মার উপর প্রযুক্ত হওয়া নিতান্ত বিরুদ্ধ।

সদ্বস্তুর অব্যয়তা নিবন্ধন কেহই কোনমতে তাহার বিনাশসাধন করিতে পারে না বলিয়া, সদ্বস্তু "অবিনাশী।" সদ্বস্তুর অবিনাশিত্ব বিষয়ে অন্য হেতু নির্দ্দেশ করিতেছি,শ্রবণ কর। সর্ব্ব-জগদ্ব্যাপক বলিয়াও সদ্বস্তু "অবিনাশী"। যে বস্তু সর্ব্বজগদ্ব্যাপী তাহার বিনাশ (অদর্শন, অভাব) কখনও উপপাদিত হইতে পারে না। যাহার স্বরূপেই সর্ব্বব্যাপকত্ব অর্থাৎ বিভুত্ব তাহার স্বরূপের কখনও হ্রাস বৃদ্ধ্যাদিরূপ অভাব সংঘটিত হইতে পারে না। সুতরাং আগম (বৃদ্ধি) এবং অপায় (নাশ) ধর্ম্মাত্মক দেহাদি স্বরূপ সমগ্র জগতের নিত্য সাক্ষীরূপে ব্যাপ্ত সদ্বস্তু "অবিনাশী" এবং তত্ত্বদর্শীগণ এবংবিধ আত্মাকেই "সৎ" বলিয়া একান্তরূপ নিয়মে স্থিরীকৃত করিয়াছেন।

ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য লিখিয়াছেন, চেতন আত্মতত্ত্ব তদ্ব্যতিরিক্ত যাবতীয় অচেতন পদার্থে ব্যাপ্ত রহিয়াছেন। আত্মা ব্যাপক ও অতিশয় সূক্ষ্ম; এজন্য তদ্ব্যতিরিক্ত তদ্ব্যাপ্ত অন্য কোন স্থূল পদার্থই তাঁহার বিনাশসাধন করিতে অশক্ত। শস্ত্র, বায়ু, জল, অগ্নি প্রভৃতি নাশক পদার্থ সমূহ নাশ্য পদার্থকে ক্রমশঃ শিথিল করিয়া তাহার বিনাশ করে এবং মুদ্গরাদি বেগ দ্বারা বায়ু উৎপাদন করিয়া ক্রমশঃ পদার্থান্তরের নাশ করে। কিন্তু আত্মার পক্ষে এই সকল জড়পদার্থের কোন কার্য্যই সম্ভবপর নহে। তাহা সূক্ষ্মাদপি সূক্ষ্ম এবং সকল পদার্থেই ব্যাপ্ত। সুতরাং শস্ত্র বা মুদ্গর, বায়ু বা জল, অগ্নি বা তেজঃ কিছুই তাহার বিন্দুমাত্র বিচলিত করিতে পারে না।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী মহাশয় এই শ্লোক উপলক্ষে নিম্নলিখিত অভিপ্রায় পরিব্যক্ত করিয়াছেন। সখে! যদি বল যে সদ্বস্তু জ্ঞানাত্মক অর্থাৎ জ্ঞানস্বরূপ, কারণ জ্ঞান হইতে ভিন্ন হইলে পরিচ্ছিন্নত্ব দোষ তাহার উপর আরোপিত হইবে; এবং সেই জ্ঞানাত্মক সদ্বস্তু অনাধ্যাসিক অর্থাৎ পারমার্থিক, নতুবা সদ্বস্তুকে জড়ত্বদোষে দুষ্ট হইতে

হইবে। অথচ অনাধ্যাসিক জ্ঞানরূপ সদ্বস্তুর ধাত্বর্থ গ্রহণ করিলে উৎপত্তি ও বিনাশবত্ত্বরূপ দোষ আসিয়া সদ্বস্তুকে আশ্রয় করে। অর্থাৎ সদ্বস্তু অনাধ্যাসিক জ্ঞান হইতে অভিন্ন, তখন অনাধ্যাসিক জ্ঞানার্থ প্রতিপাদক "জ্ঞা" ধাতুর অর্থ গ্রহণ করিলে, তাহাতে উৎপত্তি ও বিনাশবত্ত্ব দোষ পরিলক্ষিত হয়। কারণ "ঘট জ্ঞান উৎপন্ন," "ঘটজ্ঞান নষ্ট" এইরূপ জ্ঞাধাতুনিষ্পন্ন জ্ঞানের উৎপত্তি ও বিনাশ সকলেরই বিষয়ীভূত হয়। আরও দেখ "আমি জানিতেছি" এরূপ সকলের প্রতীতি হয় বলিয়া অনাধ্যাসিক জ্ঞানে সাশ্রয়ত্ব ও সবিষয়ত্ব এই উভয়বিধ দোষও সংস্পৃষ্ট হইবে। অর্থাৎ "আমি ঘটকে জানিতেছি" এরূপ স্থলে স্পষ্টতঃই প্রতীত হয় যে, জ্ঞান আমাকে আশ্রয় করিয়া এবং ঘটকে বিষয় করিয়া উদ্বুদ্ধ হইতেছে। স্ফুরণ (জ্ঞান) দেশ, কাল এবং বস্তু পরিচ্ছেদবিশিষ্ট, অতএব এবংবিধ স্ফুরণরূপ সদ্বস্তুর দেশ, কাল ও বস্তু পরিচ্ছেদশূন্যত্ব কিরূপে সিদ্ধ হইতে পারে? তাহা বলিতে পার না। কারণ যে যে বস্তুর বিনাশ অর্থাৎ দেশ কাল ও বস্তুগত পরিচ্ছেদ আছে, সেই সেই বস্তু বিনাশী (পরিচ্ছিন্ন)। যাহা বিনাশী অর্থাৎ পরিচ্ছিন্ন নহে, তাহাই অবিনাশী অর্থাৎ অপরিচ্ছিন্ন--- সর্ব্বপ্রকার পরিচ্ছেদ শূন্য।

হে সখে! তুমি সেই সদ্রূপ স্ফুরণকে অবিনাশী বলিয়াই জান, কারণ সেই একমাত্র নিত্যসদ্রূপ স্ফুরণ এই অখিল দৃশ্য পদার্থ সমূহে পরিব্যাপ্ত আছেন। অর্থাৎ অখিল দৃশ্য প্রপঞ্চের স্বতঃ সত্তা ও স্ফূর্ত্তি নাই, কিন্তু সেই স্ফুরণরূপ বিভু সদ্বস্তুর সত্তাতেই তাহাদের সত্তা ও স্ফূর্ত্তি হইয়া থাকে। সদ্বস্তু সর্ব্বত্র পরিব্যাপ্ত বলিয়া তাহা অবিনাশী। রজ্জুর সত্তা ও স্ফুরণ আছে বলিয়াই তাহাতে সর্পের বা জলধারার সত্তা ও স্ফুরণ হইয়া থাকে। রজ্জুখণ্ডই আপনার সত্তা ও স্ফুরণাধ্যাস দ্বারা আপনাতে সর্পাদির সমাবেশ করে; অতএব দৃষ্টান্তপক্ষে রজ্জুখণ্ড অবিনাশী, দার্ষ্টান্তিক স্ফুরণরূপ সদ্বস্তুও সেইরূপ অবিনাশী। যদি বল যে, সদ্বস্তু যে অবিনাশী তাহার হেতু কি? বলিতেছি শ্রবণ কর। অব্যয় অর্থাৎ অপরিচ্ছিন্ন, অপরোক্ষ, সর্ব্বানুস্যূত, স্ফুরণরূপ সদ্বস্তুর বিনাশ অর্থাৎ পরিচ্ছেদ কেহই (আশ্রয়, বিষয়, বা ইন্দ্রিয় সন্নিকর্ষাদি হেতুই হউক) করিতে সমর্থ হয় না। কল্পিত বস্তু কখনও অকল্পিত বস্তুর পরিচ্ছেদক হইতে পারে না, কারণ কল্পিত বস্তুর চেষ্টা (অর্থাৎ ক্রিয়া) আরোপ মাত্রেই সংঘটিত হয়। "আমি ঘটকে জানি-

তেছি" এইরূপ স্থলে অহঙ্কারই জ্ঞানের আশ্রয়রূপে এবং ঘট বিষয়রূপে ভাসমান হন। অহঙ্কারবৃত্তির স্বরূপ অনির্ব্বচনীয়, এবং তাহা উৎপত্তি ও বিনাশশীল। উক্ত অনির্ব্বচনীয়া অহঙ্কার বৃত্তি সর্ব্বত্র পরিব্যাপ্ত সৎস্বরূপ স্ফুরণের ব্যঞ্জক মাত্র, অর্থাৎ উক্ত অহঙ্কারবৃত্তি সর্ব্বত্র পরিব্যাপ্ত সদ্বস্তুকে পরিচ্ছিন্নরূপে ব্যঞ্জিত অর্থাৎ প্রকাশিত করে; সেই হেতু উক্ত অহঙ্কার বৃত্তির উৎপত্তি ও বিনাশ দ্বারা অহঙ্কার বৃত্তিতে উপহিত (উপাধিরূপে স্বীকৃত)—স্ফটিকে জবা কুসুমের ন্যায় স্ফুরণরূপ সদ্বস্তুর উৎপত্তি ও বিনাশ প্রতীত হয়। তার্কিকাদিগণও আত্মা (অহঙ্কার) ও মন এতদুভয়ের সংযোগ-কেই জ্ঞানের হেতুরূপে নির্দ্দেশ করিয়া থাকেন, অতএব তাঁহাদিগের মতেও উক্ত রীতিতে অহঙ্কারবৃত্তিরই উৎপত্তি ও বিনাশ প্রতীত হয়। সুতরাং অদ্বিতীয় স্ফুরণরূপ সদ্বস্তুর উৎপত্তি ও বিনাশ কখনও কল্পিত হইতে পারে না। ধ্বনি (স্বর উৎপত্তির পূর্ব্বে উদ্ভূত সূক্ষ্ম স্বর বিশেষ) গত তারতম্য-বশতঃ বা ধ্বনির নাশবশতঃ, পূর্ব্ব নাশে পর পরের উপস্থিতিতে উদাত্ত, অনুদাত্তাদি * স্বরের নাশ ও উৎপত্তি হইলেও, স্বর বা শব্দের নাশ বা উৎপত্তি হয় না। ঘটপটাদি উপাধি নাশে ঘটপটাদিতে উপহিত আকাশের নাশ প্রতীতি বিষয়ীভূত হইলেও, বস্তুতঃ আকাশের নাশ হয় না।

হে ভ্রান্ত বয়স্য অর্জ্জুন! দেশ কাল বস্তু দ্বারা যাহার পরিচ্ছেদ হয় অর্থাৎ পরিমাণ হয়, সেই মধ্যম পরিমাণ (১৩ শ্লোকের তাৎপর্য্য ও ২৪৫ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বস্তু সকল কালে বিনাশ প্রাপ্ত হয়, আর যিনি জগদ্-ব্রহ্মাণ্ড-ব্যাপ্ত হইয়া রহিয়াছেন এবং সৎস্বরূপ রজ্জুতে সর্পের স্ফূর্ত্তি যেরূপ হয়, তদ্রূপ যাঁহার সত্তায় কল্পিত জগতের স্ফূর্ত্তি হইতেছে, এবং যিনি দেশ-কালাদি দ্বারা অপরিচ্ছিন্ন, ঈদৃশ জগদ্ব্যাপক আত্মাকে তদ্বিলক্ষণ অর্থাৎ অবিনাশী জানিবে। যেহেতু অপরিচ্ছিন্ন সর্ব্বানুভবরূপ সৎস্বরূপ আত্মাকে বিনাশ করিতে কেহই সমর্থ নহে। রজ্জুতে কল্পিত সর্পাদি যেমন রজ্জু-বিনাশক নহে, তদ্রূপ জাগতিক পদার্থপুঞ্জ দ্বারা আত্মাতে আরোপিত কল্পনাতীত অব্যয় অতি সূক্ষ্ম আত্মাও বিনাশের অযোগ্য। অতএব

---

* ধ্বনির উচ্চতা ও নীচতা হেতু স্বর উদাত্ত, অনুদাত্ত ও স্বরিত এই তিন ভাগে বিভক্ত হইয়া থাকে। বেদ-পাঠে ও সামগানে প্রচিতঃ নামে স্বরের ব্যবহার আছে। যথা;—"উদাত্তশ্চানুদাত্তশ্চ স্বরিতশ্চ স্বরাস্ত্রয়ঃ। চতুর্থঃ প্রচিতো জ্ঞেয়ো ষষ্ঠোঽন্যো হ্রস্বসঃ স্মৃতঃ।" ইতি ভরতঃ। "উচ্চৈরুদাত্তঃ, নীচৈরনুদাত্তঃ, সমাহারঃ স্বরিতঃ"। ইতি সিদ্ধান্ত কৌমুদী।

তাদৃশ আত্মার বিনাশ কল্পনা করিয়া তোমার ন্যায় ধীর ব্যক্তির অধীর হওয়া নিতান্ত অনুচিত। আরও বিবেচনা কর, ঘটশরাবাদি মৃন্ময় পাত্র সকল মৃত্তিকা হইতে উৎপন্ন এবং তাহাতেই লীন হয়, তখন উক্ত মৃন্ময় বস্তু সকলের সত্তা মৃত্তিকা হইতে স্বতন্ত্র রূপে লক্ষিত হয় না; অর্থাৎ তাদৃশ বস্তু সকলও মৃত্তিকা রূপেই প্রতীত হয়। তদ্রূপ তুমি ও তোমার পিতামহ প্রভৃতি বীরপুরুষগণ সৎস্বরূপ আত্মা হইতে আবির্ভূত ও আত্মাতেই লীন হইবে, সৎস্বরূপ আত্মার সত্তাতেই তোমাদের স্ফূর্ত্তি হইতেছে; অতএব সৎস্বরূপ সর্ব্বব্যাপক আত্মা হইতে তোমাদের পার্থক্য নাই, অর্থাৎ তোমরাও অপরিচ্ছিন্ন অব্যয় আত্মার স্বরূপ। সুতরাং যদি তোমার ও কুরুকুল-চূড়ামণি ভীষ্মদেবের সহিত কোন পার্থক্যই না থাকিল, তবে তোমরা কে কাহার শত্রু হইবে এবং কে কাহাকে বধ করিবে? তোমরা সকলেই সচ্চিদানন্দময় ব্রহ্মরূপেই বিরাজ করিবে।"

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠ সূরির অভিপ্রায়। তৎশব্দ দ্বারা প্রকৃত সৎ পদার্থই পরিব্যক্ত হইতেছে। সেই সৎ পদার্থ দ্বারা আকাশাদি যাবতীয় পদার্থ ব্যাপ্ত রহিয়াছে। ঘট রহিয়াছে, পট রহিয়াছে ইত্যাকার বাক্য সৎ পদার্থে ন্যায় পদার্থের অস্তিত্বের অনুভবাত্মক। ঘট ও পটের মৃত্তিকাই উপাদান; এ জন্য তদুল্লেখ স্থলে মৃত্তিকার অভিন্নতা উপলব্ধি হয়। মৃত্তিকা পিণ্ডাকার পরিত্যাগ করিয়া ঘটাকার ধারণ করে, অতএব মৃত্তিকা বিনাশশীলা। কিন্তু সৎস্বরূপ ব্রহ্ম কখনই সেরূপ নহেন। সর্ব্বস্ত সকলেরই উপাদান। মৃত্তিকার ন্যায় সৎ পদার্থও কি বিকার প্রাপ্ত হয়? না, তাহা সৎ ও অবিনাশী। পূর্ব্বাবস্থা পরিত্যাগ পূর্ব্বক অবস্থান্তর প্রাপ্তির নামই বিনাশ। রজ্জু সর্প-ভ্রমের উৎপাদক হইলেও, তাহার রজ্জুত্ব যেমন কখনই অপগত হয় না, তদ্রূপ আত্মা ব্রহ্মাণ্ড কার্য্যে স্বকীয় সত্তা আরোপ করিলেও, স্বয়ং বিনাশ বিরহিত থাকেন। শ্রুতি বলিয়াছেন, 'আমাদের প্রাণই সত্য, তাহারই আভায় জগতের যাবতীয় পদার্থ বিভাযুক্ত। প্রাণরূপ সত্ত্বের উপলক্ষিত জগৎপ্রপঞ্চ সত্যরূপে প্রতীত হইতেছে। এই সৎ পদার্থ অব্যয় অর্থাৎ তাহার ক্ষয় নাই; সুতরাং সেই সর্ব্ব-বিকার-শূন্য পদার্থের বিনাশও নাই।'

টীকাকার পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয়ের অভিপ্রায়। তৎ শব্দ জীবাত্মা প্রতিপাদক। এই জীবাত্মা মধ্যম পরিমাণ, ভগবদুক্তি অনুসারে অতি সূক্ষ্ম এবং শ্রুতি অনুসারে অণু পরিমাণ। তথাপি জীবাত্মা

সর্ব্বদেহ পরিব্যাপক। যেমন লাক্ষাবৃত মহামণি বা মহৌষধ মস্তক বা বক্ষ-প্রদেশে ধারণ করিলে, সমস্ত দেহের পুষ্টিসাধন হইয়া থাকে, তদ্রূপ জীবাত্মা সূক্ষ্ম ও অণু পরিমাণ হইলেও, তাঁহার সমস্ত শরীর-ব্যাপকত্ব শক্তির কোনই ব্যতিক্রম হইবার সম্ভাবনা নাই।

অতঃপর এই শ্লোকের ভাবার্থ নিম্নে প্রকটিত হইতেছে। হে মোহান্ধ বন্ধো! যে সৎস্বরূপ আত্মা জনন মরণ বিশিষ্ট দেহাদি পদার্থে পরিব্যাপ্ত রহিয়াছেন, তাঁহার কখনই বিনাশ নাই। তিনি অব্যয় অর্থাৎ তাঁহার ক্ষয় বা বিকার নাই। তাদৃশ উৎপত্তি-বিনাশ-বিরহিত আত্মার বিনাশ সাধন করিতে কাহারও যোগ্যতা নাই। তুমি অলীক মোহের বশবর্ত্তী হইয়া ও নাশশীল দেহের সহিত বিনাশ-বিহীন আত্মার সমত্ব কল্পনা করিয়া শোকাচ্ছন্ন এবং স্বকীয় অবলম্বিত ব্রত পালনে স্খলিতপদ হইতেছ। ভীষ্মাদি আত্মীয়গণের দেহ বিনাশশীল সত্য, কিন্তু তাঁহাদের দেহস্থিত অথচ দেহাতীত আত্মা মরণ-ধর্ম্ম-পরিশূন্য। দেহনাশে আত্মনাশ কখনই সঙ্ঘটিত হয় না। অতএব ভ্রাতঃ! কেন তুমি মূঢ়জনের ন্যায় আত্মানাত্ম জ্ঞান-শূন্য হইয়া চলচ্চিত্ত ও স্বধর্ম্ম-পালনে বিমুখ হইতেছ? ॥ ১৭ ॥

অন্তবন্ত ইমে দেহা নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ।
অনাশিনোঽপ্রমেয়স্য তস্মাৎ যুধ্যস্ব ভারত! ॥ ১৮ ॥

অন্বয়।—নিত্যস্য (নিত্যৈকরূপস্য) অনাশিনঃ (নাশরহিতস্য) অপ্রমেয়স্য (অপরিচ্ছেদ্যস্য) শরীরিণঃ (আত্মনঃ) ইমে দেহাঃ (স্থূলসূক্ষ্মকারণরূপা আগমাপায়ধর্ম্মকা শরীরাণি) অন্তবন্তঃ (নাশশীলাঃ) উক্তাঃ (তত্ত্বদর্শিভিরিতি যাবৎ) ভারত (হে অর্জ্জুন!) তস্মাৎ যুধ্যস্ব (যুদ্ধং কুরু—স্বধর্ম্মত্যাগং মাকার্ষীরিতি ভাবঃ) ॥ ১৮ ॥

প্রতিশব্দ।—সর্ব্বদা-একরূপ নাশ-রহিত পরিচ্ছেদ-শূন্য আত্মার এই-সকল শরীর বিনাশশীল কথিত-হয়, ভরতবংশোদ্ভব! সেই-হেতু যুদ্ধ-কর ॥ ১৮ ॥

ব্যাখ্যা।—তত্ত্বদর্শী বিবেকিগণ ব্যক্ত করিয়াছেন যে, সর্ব্বদা সম-

ভাবাপন্ন, বিনাশবিহীন,প্রত্যক্ষাদি-প্রমাণাতীত আত্মার স্থূল-সূক্ষ্ম-কারণস্বরূপ সুখ-দুঃখাদি ধর্ম্মাত্মক এই দেহ-সকল নশ্বর; অতএব সমরবিরতিরূপ স্বধর্ম্মত্যাগ না করিয়া, যুদ্ধে বিনিযুক্ত হও ॥ ১৮॥

শঙ্করাচার্য্য।—কিং পুনস্তদসৎ যৎ স্বাত্মসত্তাং ব্যভিচরতীত্যুচ্যতে অন্তবন্ত ইতি। অন্তো বিনাশো বিদ্যতে যেষাং তে অন্তবন্তঃ, যথা মৃগতৃষ্ণিকাদৌ সদ্বুদ্ধিরনুবৃত্তা প্রমাণ-নিরূপণান্তে বিচ্ছিদ্যতে, স তস্যা অন্তস্তথেমে দেহাঃ স্বপ্নমায়াদিবচ্চান্তবন্তো নিত্যস্য শরীরিণঃ শরীরবতোঽনাশিনোঽপ্রমেয়স্যাত্মনোঽন্তবন্ত ইত্যুক্তা বিবেকিভিরিত্যর্থঃ। নিত্যস্যানাশিন ইতি। ন পুনরুক্তং নিত্যস্য দ্বিবিধত্বাল্লোকে, নাশস্য চ যথা দেহো ভস্মীভূতোঽদর্শনং গতো নষ্ট উচ্যতে, বিদ্যমানোঽপি যথা—অন্যথাপরিণতো ব্যাধ্যাদিযুক্তো জাতো নষ্ট উচ্যতে, তত্রানাশিনো নিত্যস্যেতি দ্বিবিধেনাপি নাশেনাসম্বন্ধোঽস্যেত্যর্থঃ, অন্যথা পৃথিব্যাদিবদপি নিত্যত্বং স্যাদাত্মনস্তন্মাভূদিতি নিত্যস্যানাশিনো নেত্যাহ অপ্রমেয়স্য ন প্রমেয়স্য প্রত্যক্ষাদিপ্রমাণৈরপরিচ্ছেদ্যস্যেত্যর্থঃ। নম্বাগমেনাত্মা পরিচ্ছিদ্যতে প্রত্যক্ষাদিনা চ পূর্ব্বং? ন, আত্মনঃ স্বতঃ সিদ্ধত্বাৎ; সিদ্ধে হ্যাত্মনি প্রমাতরি প্রমিৎসোঃ প্রমাণান্বেষণা ভবতি, ন হি পূর্ব্বমিত্থমহমিত্যাত্মানমপ্রমায় পশ্চাৎ প্রমেয়পরিচ্ছেদায় প্রবর্ত্ততে, ন হ্যাত্মা নাম কস্যচিদপ্রসিদ্ধো ভবতি, শাস্ত্রন্ত্বন্ত্যং প্রমাণম্, অতদ্ধর্ম্মাধ্যারোপণমাত্রনিবর্ত্তকত্বেন প্রমাতৃ-ত্বমাত্মনঃ প্রতিপদ্যতে, ন ত্বজ্ঞাতার্থজ্ঞাপকত্বেন। তথাচ শ্রুতিঃ, "যৎ সাক্ষাদপরোক্ষং ব্রহ্ম য আত্মা সর্ব্বান্তরঃ" ইতি। যস্মাদেবং নিত্যোঽবিক্রিয়শ্চ আত্মা, তস্মাৎ যুধ্যস্ব যুদ্ধাদুপরমং মাকার্ষীরিত্যর্থঃ ন হ্যত্র যুদ্ধকর্ত্তব্যতা বিধীয়তে, যুদ্ধে প্রবৃত্তএব হ্যসৌ শোকমোহপ্রতিবদ্ধ-স্তূষ্ণীমাস্তেঽতস্তস্য, কর্ত্তব্যপ্রতিবন্ধাপনয়নমাত্রং ভগবতা ক্রিয়তে, "তস্মাদ্যুধ্যস্ব" ইত্যনুবাদ-মাত্রং ন বিধিঃ ॥ ১৮ ॥

আনন্দগিরি।—সদসতোরনন্তরপ্রকৃতয়োঃ স্বরূপাব্যভিচারিত্বেন পরমার্থতয়া সন্নির্দ্ধারিতমিদানীমসন্নির্দ্ধিধারয়িষয়া পৃচ্ছতি কিং পুনরিতি। অসদেবেতি নির্দ্ধারিতত্বাৎ প্রশ্নস্য নিরবকাশত্বমাশঙ্ক্য শূন্যং ব্যাবর্ত্ত্য বিবক্ষিতমসন্নির্ণারয়িতুং তস্য সাবকাশত্বমাহ যৎস্বাত্মেতি দেহাদেরনাত্মবর্গস্য প্রকৃতাসচ্ছব্দবিষয়তেত্যাহ উচ্যত ইতি। তেষাং স্বাতন্ত্র্যং ব্যুদস্যতি নিত্যস্যেতি। আকাশাদিব্যাবৃত্ত্যর্থং বিশিনষ্টি শরীরিণ ইতি। পরিণামনিত্যত্বং ব্যবচ্ছিনত্তি অনাশিন ইতি। তস্য প্রত্যক্ষাদ্যবিষয়ত্বমাহ অপ্রমেয়স্যেতি। দেহাদেরবস্তুত্বাদাত্মনশ্চৈকরূপত্বাদ্যুদ্ধে স্বধর্ম্মে প্রবৃত্তস্যাপি তব ন হিংসাদিদোষসম্ভাবনেত্যাহ তস্মাদিতি নমু দেহাদিষু সদ্বুদ্ধেরনুবৃত্তেস্তস্যাবিচ্ছেদাভাবাৎ কথমন্তবত্ত্বং তেষামিষ্যতে তত্রাহ যথেতি তথেমে দেহাঃ সদ্বুদ্ধিভাজোঽপি প্রমাণতো নিরূপণায়ামবসানে বিচ্ছেদাদন্তবন্তো ভবন্তীতি শেষঃ। দেহত্বাদিনা চ জীবদ্দেহাদেরন্তবত্ত্বং সম্প্রতিপন্নবদনুমাতুং শক্যমিত্যাহ স্বপ্নেতি শরীরাদেরন্তবত্ত্বেঽপি প্রবাহরূপেণাত্মনস্তৎসম্বন্ধস্যানন্তত্বমাশঙ্ক্যাহ নিত্যস্যেতি। প্রবাহস

প্রবাহিব্যতিরেকেণানিরূপণান্ন তথাত্মনা দেহাদ্যভাবে সম্বন্ধসিদ্ধিরিতাতিসন্ধায়োক্তঃ বিবেকিভিরিতি। পদদ্বয়স্যৈকার্থত্বমাশঙ্ক্য নিরস্যতি নিত্যস্যেত্যাদিনা। নিত্যত্বস্য দ্বৈবিধ্য-সিদ্ধ্যর্থং নাশদ্বৈবিধ্যং প্রতিজ্ঞাতং প্রকটয়তি যথেত্যাদিনা। নাশস্য নিরবশেষত্বেন সবিশেষত্বেন চ সিদ্ধে দ্বৈবিধ্যফলিতমাহ তত্রেতি। বিশেষণাভ্যাং কূটস্থনিত্যত্বমাত্মনো বিবক্ষিতমিত্যর্থঃ। অন্যতরবিশেষণমাত্রোপাদানে পরিণামিনিত্যত্বমাত্মনঃ শক্যেতেত্য-নিষ্টাপত্তিমাশঙ্ক্যাহ অন্তবন্ত ইতি। ঔপনিষদত্ববিশেষণমাশ্রিত্যাপ্রমেয়ত্বমাক্ষিপতি নম্বিতি। ইতশ্চাত্মনো নাপ্রমেয়ত্বমিত্যাহ প্রত্যক্ষাদিনেতি। তেন চাগমপ্রবৃত্ত্যপেক্ষয়া পূর্ব্বাবস্থায়া-মাত্মৈব পরিচ্ছিদ্যতে। তস্মিন্নেবাজ্ঞানত্বসম্ভবাদজ্ঞাতজ্ঞাপকং প্রমাণমিতি চ প্রমাণলক্ষণা-দিত্যর্থঃ। এতদপ্রমেয়মিত্যাদিশ্রুতিমনুস্মৃত্য পরিহরতি নেত্যাদিনা। কথং মানসমপেক্ষ্যাত্মনঃ সিদ্ধত্বমিত্যাশঙ্ক্যোক্তং বিবৃণোতি সিদ্ধে হীতি। প্রমিৎসোঃ প্রমেয়মিতি শেষঃ। তদেব ব্যতিরেকমুখেন বিশদয়তি ন হীতি। আত্মনঃ সর্ব্বলোকপ্রসিদ্ধত্বাচ্চ তস্মিন্ ন প্রমাণমন্বেষণীয়-মিত্যাহ ন হ্যাত্মেতি। প্রত্যক্ষাদেরনাত্মবিষয়ত্বাৎ, তত্র চাজ্ঞাতজ্ঞাততায়া ব্যবহারসম্ভবাৎ তৎ-প্রামাণ্যস্য চ ব্যাবহারিকত্বাদ্বিশিষ্টে তৎপ্রবৃত্তাবপি কেবলে তদপ্রবৃত্তেঃ, যদ্যপি নাত্মনি তৎ প্রামাণ্যং তথাপি তদ্ধিতশ্রুত্যা শাস্ত্রস্য তত্র প্রবৃত্তিরবশ্যম্ভাবিনীত্যাশঙ্ক্যাহ শাস্ত্রন্বিতি। শাস্ত্রেণ প্রত্যগ্ভূতে ব্রহ্মণি প্রতিপাদিকে প্রমাত্রাদিবিভাগস্য ব্যাবৃত্তত্বাদ্যুক্তমস্যাস্তম-পৌরুষেয়তয়া নির্দোষত্বাচ্চাগমস্য প্রামাণ্যমিত্যর্থঃ। তথাপি কথমস্য প্রত্যগাত্মনি প্রামাণ্যং তস্য স্বতঃ সিদ্ধত্বেনাবিষয়ত্বাদিজ্ঞাতজ্ঞাপনাযোগ্যাদিত্যাশঙ্ক্য স্বতো ভাসমানোঽপি প্রতীতৌ মনুষ্যোঽহং কর্ত্তাহমিত্যাদিনা মনুষ্যত্বকর্ত্তৃত্বাদীনামতদ্ধর্ম্মাণামধ্যারোপণেনাত্মনি প্রতীয়-মানত্বাৎ। তন্মাত্রনিবর্ত্তকত্বেনাত্মনো বিষয়ত্বমনাপাদ্যৈব শাস্ত্রং প্রামাণ্যং প্রতিপদ্যতে, সিদ্ধত্ব নিবর্ত্তকত্বাদিতি ন্যায়াদিত্যাহ অতদ্ধর্ম্মেতি। ঘটাদাবিব স্ফুরণাতিশয়জনকত্বেন কিমিত্যাত্মনি শাস্ত্রপ্রামাণ্যং নেষ্টমিত্যাশঙ্ক্য জড়ত্বাজড়ত্বাভ্যাং বিশেষাদিতি মত্বাহ নম্বিতি। ব্রহ্মাত্মনো মানাপেক্ষামন্তরেণ স্বতঃ স্ফুরণে প্রমাণমাহ তথাচেতি। সাক্ষাদন্যাপেক্ষামন্তরেণা-পরোক্ষাদপরোক্ষস্ফুরণাত্মকং যদ্ ব্রহ্ম, ন চ তস্যাত্মনোঽর্থান্তরত্বং সর্ব্বাভ্যন্তরত্বেন সর্ব্ববস্তু-সারত্বাৎ তমাত্মানং ব্যাচক্ষেতি যোজনা। অপ্রমেয়ত্বেনাবিনাশিত্বং প্রতিপাদ্য ফলিতং নিগময়তি যস্মাদিতি। স্বধর্ম্মনিবৃত্তিহেতুনিষেধে তাৎপর্য্যং দর্শয়তি যুদ্ধাদিতি। আত্মনো নিত্যত্বাদিস্বরূপমুপপাদ্য যুদ্ধকর্ত্তব্যত্ববিধানাৎ, জ্ঞানকর্ম্মসমুচ্চয়োঽত্র ভাতীত্যাশঙ্ক্যাহ ন হীতি। যুধ্যস্বেতি বচনাৎ তৎপ্রবর্ত্তকত্ববিধিরস্তীত্যাশঙ্ক্যাহ যুদ্ধ ইতি। কথং তর্হি, "কথং ভীষ্মমহম্" ইত্যাদ্যর্জ্জুনস্য যুদ্ধোপরমপরং বচনমিতি তত্রাহ শোকেতি। যদি স্বতো যুদ্ধে প্রবৃত্তিঃ, তর্হি ভগবদ্বচনস্য কা গতিরিত্যাশঙ্ক্যাহ তস্যেতি। ভগবদ্বচনস্য প্রতিবন্ধনিবর্ত্তকত্বে সত্যর্জ্জুনপ্রবৃত্তেঃ স্বাভাবিকত্বং ফলিতমাহ তস্মাদিতি ॥ ১৮ ॥

রামানুজ।—দেহানাম্ত বিনাশিত্বমেব স্বভাব ইত্যাহ অন্তবন্ত ইতি। ইহ উপচয়া-পচয়রূপা ইমে দেহা অন্তবন্তঃ বিনাশস্বভাবাঃ, উপচয়াপচয়াত্মকা হি ঘটাদয়োঽন্তবন্তো দৃষ্টাঃ।

নিত্যস্য শরীরিণঃ কর্ম্মফলভোগার্থতয়া ভূতসঙ্ঘাতরূপা দেহাঃ "পুণ্যাপুণ্যেন" ইত্যাদি শাস্ত্রৈরুক্তা কর্ম্মাবসানে বিনাশিনঃ, আত্মা ত্ববিনাশী। কুতঃ? অপ্রমেয়ত্বাৎ, নহাত্মা প্রমেয়তয়োপলভ্যতে, অপিতু প্রমাতৃতয়া। তথাচ বক্ষ্যতে, "এতদ্যোবেত্তি তং প্রাহুঃ ক্ষেত্রজ্ঞমিতি তদ্বিদঃ" ইতি। নচানেকোপচয়াত্মক আত্মোপলভ্যতে,সর্ব্বত্র দেহে অহমিদং জানামীতি দেহাদন্যস্য প্রমাতৃতয়ৈকরূপতয়ৈবোপলব্ধেঃ। নচ দেহাদেরিব প্রদেশভেদে প্রমাতুরাকারভেদ উপলভ্যতে। অত একরূপত্বেনানুপচয়াপচয়াত্মকত্বাৎ প্রমাতৃত্বাদ্ব্যাপকত্বাচ্চাত্মা নিত্যঃ, দেহস্তূপচয়াপচয়াত্মকত্বাচ্ছরীরিণঃ কর্ম্মফলভোগার্থত্বাদনেকরূপত্বাদ্ব্যাপ্যত্বাচ্চ বিনাশী তস্মাদ্দেহস্য বিনাশস্বভাবত্বাদাত্মনো নিত্যস্বভাবত্বাচ্চোভয়মপি ন শোকস্থানমিতি, শস্ত্রপাতাদিরূপ পুরুষস্পর্শান্ বর্জনীয়ান্ স্বগতান্ অন্যগতাংশ্চ ধৈর্য্যেন সহমানঃ, অমৃতত্বপ্রাপ্তয়ে অনভিসংহিতফলং যুদ্ধাখ্যং কর্ম্মারভস্ব ॥ ১৮ ॥

হনুমান্।— কিং পুনস্তদসৎ? যৎ সত্তাং ব্যভিচরতীত্যুচ্যতে অন্তবন্ত ইতি। অন্তো নাশো বিদ্যতে যেষাং তে অন্তবন্তঃ, নিত্যস্য শরীরিণঃ যথা মৃগতৃষ্ণিকাদৌ সতৃষ্ণা বুদ্ধিরনুবৃত্তা প্রমাণনিরূপণাদ্বিচ্ছিদ্যতে। স তস্যান্তঃ তথেমে দেহাশ্চান্যমায়ালব্ধদেহাদিবদন্তবন্তো নিত্যস্য শরীরিণঃ শরীরবতোঽনাশিনোঽপ্রমেয়স্যাত্মনঃ অন্তবন্তঃ ইত্যুক্তাঃ পণ্ডিতৈর্ব্রহ্মবাদিভিরিত্যর্থঃ। অপ্রমেয়স্য প্রত্যক্ষাদিপ্রমাণৈরপরিচ্ছিন্নস্য, ন হ্যাত্মা পরিচ্ছিদ্যতে। তথাচ শ্রুতিঃ, "যৎ সাক্ষাদপরোক্ষাদ্ব্রহ্মাত্মা" ইতি। যস্মাদেবং নিত্যঃ সমবিশেষশ্চাত্মা তস্মাদ্যুধ্যস্ব তদুপরমং মাকার্ষীরিত্যর্থঃ নহত্র যুদ্ধকর্ত্তব্যতা বিধীয়তে। যুদ্ধে প্রবৃত্ত এবাসৌ মোহপ্রতিবন্ধতস্তূষ্ণীমাস্তে তস্য প্রতিবন্ধাপনয়নং ভগবতা ক্রিয়তে। তস্মাদ্যুধ্যস্ব ইত্যনুবাদমাত্রং ন বিধিঃ ॥ ১৮ ॥

শ্রীধর।—আগমাপায়ধর্ম্মকং সন্দর্শয়তি অন্তবন্ত ইতি। নিত্যস্য সর্ব্বদৈকরূপস্য অতএব অনাশিনঃ অপ্রমেয়স্য অপরিচ্ছিন্নস্যাত্মন ইমে সুখদুঃখাদিধর্ম্মকা দেহা উক্তাস্তত্ত্বদর্শিভিঃ। যস্মাদেবাত্মনো ন বিনাশো ন চ সুখদুঃখাদিসম্বন্ধস্তস্মান্মোহজং শোকং ত্যক্ত্বা যুধ্যস্ব, স্বধর্ম্মং মা ত্যাক্ষীরিত্যর্থঃ ॥ ১৮ ॥

বলদেব।—অন্তবন্ত ইতি। অন্তবন্তো বিনাশিস্বভাবাঃ শরীরিণো জীবাত্মনঃ, অপ্রমেয়স্যাতিসূক্ষ্মত্বাদ্বিজ্ঞানবিজ্ঞাতৃস্বরূপত্বাচ্চ প্রমাতুমশক্যস্যেত্যর্থঃ। তথাচেদৃশস্বভাবত্বাজ্জীবতদ্দেহৌ ন শোকস্থানমিতি; জীবাত্মনো দেহো ধর্ম্মানুষ্ঠানদ্বারা তস্য ভোগায় মোক্ষায় চ পরেশেন সৃজ্যতে। স চ স চ ধর্ম্মেণ ভবেৎ, তস্মাদ্যুধ্যস্ব ভারত ॥ ১৮ ॥

মধুসূদন।—ননু স্ফুরণস্বরূপস্য সতঃ কথমবিনাশিত্বং তস্য দেহধর্ম্মিত্বাৎ দেহস্য চানুক্ষণবিনাশাদিতি ভূতচৈতন্যবাদিনস্তান্ নিরাকুর্ব্বন্ "নাসতো বিদ্যতে ভাবঃ" ইত্যেতদ্বিবৃণোতি অন্তবন্ত ইতি। অন্তবন্তো বিনাশিনঃ ইমেঽপরোক্ষাঃ দেহা উপচিতাপচিতরূপত্বাচ্ছরীরাণি, বহুবচনাৎ স্থূল-সূক্ষ্ম-কারণরূপাঃ বিরাটসূত্রাব্যাকৃতাখ্যাঃ সমষ্টিব্যষ্ট্যাত্মনঃ সর্ব্বে, নিত্যস্য অবিনাশিন এব শরীরিণঃ আধ্যাসিকসম্বন্ধেন শরীরবতঃ একস্যাত্মনঃ স্বপ্রকাশস্ফুরণরূপস্য সম্বন্ধিনঃ দৃশ্যত্বেন ভোগ্যত্বেন চোক্তাঃ শ্রুতিভির্ব্রহ্মবাদিভিশ্চ। তথাচ তৈত্তি-

রীরকে, "অন্নময়াত্তানন্দময়ান্তান্ পঞ্চকোষান্ কল্পয়িত্বা তদধিষ্ঠানমকল্পিতং ব্রহ্মপুচ্ছং প্রতিষ্ঠা" ইতি দর্শিতং, তত্র পঞ্চীকৃতপঞ্চমহাভূততৎকার্য্যাত্মকো বিরাট্ মূর্ত্তরাশিরন্নময়কোষঃ স্থূলসমষ্টিঃ, তৎকারণীভূতাপঞ্চীকৃতপঞ্চমহাভূততৎকার্য্যাত্মকো হিরণ্যগর্ভঃ সূত্রমমূর্ত্তরাশিঃ সূক্ষ্মসমষ্টিঃ, "ত্রয়ং বা ইদং নামরূপং কর্ম্ম" ইতি বৃহদারণ্যকোক্তত্রয়াত্মকঃ, সকর্ম্মাত্মকত্বেন ক্রিয়াশক্তিমাত্রমাদায় প্রাণময়কোষ উক্তঃ, নামাত্মকত্বেন জ্ঞানশক্তিমাত্রমাদায় মনোময়কোষ উক্তঃ, রূপাত্মকত্বেন তদুভয়াশ্রয়তয়া কর্তৃত্বমাদায় বিজ্ঞানময়কোষ উক্তঃ ততঃ প্রাণময় মনোময় বিজ্ঞানময়াত্মৈক এব হিরণ্যগর্ভাখ্যো লিঙ্গশরীরকোষঃ, তৎকারণীভূতস্তু মায়োপহিতচৈতন্যাত্মা সর্ব্বসংস্কারশেষোঽব্যাকৃতাখ্য আনন্দময়কোষঃ, তে চ সর্ব্বে একস্যৈবাত্মনঃ শরীরাণীত্যুক্তম্। তস্যৈব এব শারীর আত্মা যঃ পূর্ব্বস্যেতি তস্য প্রাণময়স্যৈষ এব শরীরে ভবঃ শারীর আত্মা যঃ সত্যজ্ঞানাদিলক্ষণো গুহানিহিতত্বেনোক্তঃ পূর্ব্বস্যান্নময়স্য, এবং প্রাণময়-মনোময় বিজ্ঞানময়ানন্দময়েষু যোজ্যম্। অথবা ইমে সর্ব্বে দেহাস্ত্রৈলোক্যবর্ত্তিসর্ব্বপ্রাণিসম্বন্ধিন একস্যৈবাত্মন উক্তা ইতি যোজনা। তথাচ শ্রুতি, "একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা কর্ম্মাধ্যক্ষঃ সর্ব্বভূতাধিবাসঃ সাক্ষী চেতা কেবলো নির্গুণশ্চ" ইতি সর্ব্বশরীরসম্বন্ধিনমেকমাত্মানং নিত্যং বিভুং দর্শয়তি। নমু নিত্যত্বং যাবৎকালস্থায়িত্বং তথাচাবিদ্যাদিবৎ কালেন সহ নাশেঽপি তদুপপন্নমিত্যত আহ অনাশিন ইতি। দেশতঃ কালতঃ বস্তুতশ্চ পরিচ্ছিন্নস্যাবিদ্যাদেঃ কল্পিতত্বেনানিত্যত্বেঽপি যাবৎকাল স্থায়িত্বরূপমৌপচারিকং নিত্যত্বং ব্যবহ্রিয়তে যাবদ্বিকারন্তু বিভাগো লোকবদিতি ন্যায়াৎ। আত্মনস্তু পরিচ্ছেদত্রয়শূন্যস্যাকল্পিতস্য বিনাশহেত্বভাবান্মুখ্যমেব কূটস্থনিত্যত্বং, নতু পরিণামি নিত্যত্বং যাবৎকালস্থায়িত্বঞ্চেত্যভিপ্রায়ঃ। নন্বেতাদৃশে দেহিনি কিঞ্চিৎ প্রমাণমবশ্যং বাচ্যং, অন্যথা নিষ্প্রমাণস্য তস্যালীকত্বাপত্তেঃ শাস্ত্রারম্ভবৈয়র্থ্যাপত্তেশ্চ, তথাচ বস্তু পরিচ্ছেদো দুষ্পরিহারঃ "শাস্ত্রযোনিত্বাদিতি" ন্যায়াচ্চ, অত আহ অপ্রমেয়স্যেতি। "একধৈবানুদ্রষ্টব্যমেতদপ্রমেয়ং ধ্রুবম্।" অপ্রময়মপ্রমেয়ম্। "ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা সর্ব্বমিদং বিভাতি" ইতি চ শ্রুতেঃ। স্বপ্রকাশচৈতন্যরূপ এবাত্মা অতস্তস্য সর্ব্বভাসকস্য স্বভানার্থং ন ভাস্যাপেক্ষা, কিন্তু কল্পিতাজ্ঞানতৎকার্য্যনিবৃত্ত্যর্থং কল্পিতবৃত্তিবিশেষাপেক্ষা, কল্পিতস্যৈব কল্পিতবিরোধিত্বাৎ। যক্ষানুরূপো বলিরিতি ন্যায়াৎ। তথাচ কল্পিতনিবর্ত্তকবৃত্তিবিশেষোৎপত্ত্যর্থং শাস্ত্রারম্ভঃ, তস্য তত্ত্বমস্যাদিবাক্যমাত্রাধীনত্বাৎ, স্বতঃ সর্ব্বদা ভাসমানত্বাৎ সর্ব্বকল্পনাধিষ্ঠানত্বাৎ দৃশ্যমাত্রভাসকত্বাচ্চ ন তস্য তুচ্ছত্বাপত্তিঃ। তথাচ "একমেবাদ্বিতীয়ং সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম" ইত্যাদি শাস্ত্রমেব স্বপ্রমেয়ানুরোধেন স্বস্যাপি কল্পিতত্বমাপাদয়তি, অন্যথা স্বপ্রামাণ্যানুপপত্তেঃ, কল্পিতস্য চাকল্পিতপরিচ্ছেদকত্বং নাস্তীতি প্রাক্ প্রতিপাদিতম্। আত্মনঃ স্বপ্রকাশত্ব যুক্তিতোঽপি তত্রভবৎপূজ্যপাদৈরুপপাদিতম্। তত্রাহি মম জিজ্ঞাসোঃ সংশয়বিপর্য্যয়ব্যতিরেকপ্রমাণানামন্যতমমপি নাস্তি, তত্র তদ্বিরোধি জ্ঞানমিতি সর্ব্বত্র দৃষ্টং, অন্যথা বিজ্ঞানাভ্যাং হিঃ-আত্মনি বা চাহং বা নাহং কস্যচিৎ সংশয়ঃ। নাপি নাহমিতি বিপর্য্যয়ঃ প্রত্য

বেতি তৎস্বরূপপ্রমা সর্ব্বদাস্তীতি বাচ্যং, তস্য সর্ব্বসংশয়বিপর্য্যয়ধর্ম্মিত্বাৎ, "ধর্ম্ম্যংশে সর্ব্বমভ্রান্তং, প্রকারে তু বিপর্য্যয়" ইতি ন্যায়াৎ। অতএবোক্তং "প্রমাণমপ্রমাণঞ্চ প্রমাভাসস্তথৈব চ। কুর্ব্বন্ত্যেব প্রমাং যত্র তদসম্ভাবনা কুতঃ॥" ইতি। প্রমাভাসঃ সংশয়ঃ স্বপ্রকাশে স্বরূপে ধর্ম্মিণি প্রমাণাপ্রমাণয়োর্ব্বিশেষো নাস্তীত্যর্থঃ। আত্মনোঽভাসমানত্বে চ ঘটজ্ঞানং ময়ি জাতং ন বেত্যাদিসংশয়ঃ স্যাৎ, ন চান্তরপদার্থে বিষয়স্যৈব সংশয়াদি প্রতিবন্ধকত্বস্বভাবং কল্প্যং, বাহ্যপদার্থে ক্লৃপ্তেন বিরোধিজ্ঞানেনৈব সংশয়াদিপ্রতিবন্ধসম্ভবে আন্তরপদার্থে স্বভাবভেদকল্পনায়া অনৌচিত্যাৎ, অন্যথা সর্ব্ববিপ্লবাপত্তেঃ, আত্মমনোযোগমাত্রস্যাত্মসাক্ষাৎকারে হেতুত্বে, তস্য চ জ্ঞানমাত্রে হেতুত্বাদ্ঘটাদিভানেঽপ্যাত্মভানং সমূহালম্বনন্যায়েন তার্কিকাণাং প্রবরেণাপি দুর্নিবারম্, নচ চাক্ষুষত্বমানসত্বাদিসঙ্করঃ, লৌকিকত্বালৌকিকত্ববংশভেদেনোপপত্তেঃ, সঙ্করস্যাদোষত্বাচ্চাক্ষুষত্বাদের্জ্জাতিত্বানভ্যুপগমাদ্বা ব্যবসায়মাত্র এবাত্মভানসামগ্র্যা বিদ্যমানত্বাদনুব্যবসায়োঽপ্যপাস্তঃ। নচ ব্যবসায়ভানার্থং স তস্য প্রদীপবৎ স্বব্যবহারে সজাতীয়ানপেক্ষত্বাৎ। ন হি ঘটতজ্জ্ঞানয়োরিব ব্যবসায়ানুব্যবসায়য়োরপি বিষয়ত্ববিষয়িত্বব্যবস্থাপনং বৈজাত্যমস্তি, ব্যক্তিভেদাতিরিক্তবৈধর্ম্ম্যানভ্যুপগমাৎ, বিষয়ত্বাবচ্ছেদকরূপেণৈব বিষয়ত্বাভ্যুপগমে ঘটয়োরপি তদ্ভাবাপত্তিরবিশেষাৎ। নমু যথা ঘটব্যবহারার্থং ঘটজ্ঞানমভ্যুপেয়তে, তথা ঘটজ্ঞানব্যবহারার্থং ঘটজ্ঞানবিষয়ং জ্ঞানমভ্যুপেয়ং ব্যবহারস্য ব্যবহর্ত্তব্যজ্ঞানসাধ্যত্বাদিতি চেৎ কাম্নুপপত্তিরুদ্ভাবিতা দেবানাং প্রিয়েণ, স্বপ্রকাশবাদিনঃ, ন হি ব্যবহর্ত্তব্যভিন্নত্বমপি জ্ঞানবিশেষণং ব্যবহারহেতুত্বাবচ্ছেদকং গৌরবাৎ, তথাচেশ্বরজ্ঞানবৎ যোগিজ্ঞানবৎ প্রমেয়মিতি, জ্ঞানবচ্চ স্বেনৈব স্বব্যবহারোপপত্তৌ ন জ্ঞানান্তরকল্পনাবকাশঃ, অনুব্যবসায়স্যাপি ঘটজ্ঞানব্যবহারহেতুত্বং কিং ঘটজ্ঞানজ্ঞানত্বেন, কিং বা ঘটজ্ঞানত্বেনৈবেতি বিবেচনীয়ম্, উভয়স্যাপি তত্র সত্ত্বাৎ. তত্র ঘটব্যবহারে ঘটজ্ঞানত্বেনৈব হেতুতায়াঃ ক্লৃপ্তত্বাৎ তেনৈব রূপেণ ঘটজ্ঞানব্যবহারেঽপি হেতুতোপপত্তৌ ন ঘটজ্ঞানজ্ঞানত্বং হেতুতাবচ্ছেদকং গৌরবাম্মানাভাবাচ্চ। তথাচ নানুব্যবসায়সিদ্ধিঃ. একস্যৈব ব্যবসায়স্য ব্যবসিতরি ব্যবসেয়ে ব্যবসায়ে চ ব্যবহারজনকত্বোপপত্তেরিতি ত্রিপুটীপ্রত্যক্ষবাদিনঃ প্রভাকরাঃ। ঔপনিষদাস্তু মন্যন্তে স্বপ্রকাশজ্ঞানরূপ এবাত্মা, ন স্বপ্রকাশজ্ঞানাশ্রয়ঃ কর্ত্তৃকর্ম্মবিরোধেন তজ্জ্ঞানানুপপত্তেঃ, জ্ঞানভিন্নত্বে ঘটাদিবৎ জড়ত্বেন কল্পিতাপত্তেশ্চ, স্বপ্রকাশজ্ঞানমাত্রস্বরূপোঽপ্যাত্মা বিত্তোপহিতঃ সন্ সাক্ষীত্যুচ্যতে, বৃত্তিমদন্তঃকরণোপহিতঃ প্রমাতেত্যুচ্যতে, তস্য চক্ষুরাদীনি করণানি স চক্ষুরাদিদ্বারান্তঃকরণপরিণামেন ঘটাদীনধিষ্ঠায় তদাকারো ভবতি। একস্মিংশ্চান্তঃকরণপরিণামে ঘটাবচ্ছিন্নচৈতন্যং • অন্তঃকরণাবচ্ছিন্নচৈতন্যঞ্চৈকলোলীভাবাপন্নং ভবতি, ততো ঘটাবচ্ছিন্নচৈতন্যং প্রমাত্রভেদাৎ স্বাজ্ঞানং নাশয়দপরোক্ষং ভবতি। ঘটঞ্চ স্বাবচ্ছেদকং স্বতাদাত্ম্যাধ্যাসাদ্ ভাসয়তি, অন্তঃকরণপরিণামশ্চ বৃত্ত্যাখ্যোঽতিস্বচ্ছঃ স্বাবচ্ছিন্নেনৈব চৈতন্যেন ভাস্যত ইতি অন্তঃকরণতদ্বৃত্তিঘটানামপরোক্ষতা তদাকারবৃত্ত্যবচ্ছিন্নং জানামি ঘটমিতি ভাসকচৈতন্যস্যৈকরূপত্বেঽপি ঘটং প্রতি বৃত্ত্যপেক্ষত্বাৎ প্রমাতৃতা, অন্তঃকরণতদ্বৃত্তী প্রতি তু বৃত্ত্যনপেক্ষত্বাৎ সাক্ষিতেতি বিবেকঃ। অদ্বৈতসিদ্ধৌ

সিদ্ধান্তবিন্দৌ চ বিস্তরঃ। যস্মাদেবং প্রাগুক্তন্যায়েন নিত্যো বিভুরসংসারী সর্ব্বদৈকরূপশ্চাত্মা, তস্মাৎ তন্নাশশঙ্কয়া স্বধর্ম্মে যুদ্ধে প্রাক্‌প্রবৃত্তস্য তব তস্মাদুপরতির্ন যুক্তেতি যুদ্ধাভ্যনুজ্ঞয়া ভগবানাহ "তস্মাদ্যুধ্যস্ব ভারত" ইতি। অর্জ্জুনস্য স্বধর্ম্মে যুদ্ধে প্রবৃত্তস্য তত উপরতিকারণং শোকমোহৌ, তৌ চ বিচারজনিতেন বিজ্ঞানেন বাধিতাবিত্যপবাদাপবাদে উৎসর্গস্য স্থিতিরিতি ন্যায়েন যুধ্যস্বেত্যনুবাদো ন বিধিঃ। যথা ("কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি" ইত্যুৎসর্গঃ, উভয়প্রাপ্তৌ কর্ম্মণীত্যপবাদঃ, অকাকারয়োঃ স্ত্রীপ্রত্যয়য়োঃ প্রয়োগেণেতি বক্তব্যমিতি তদপবাদঃ, তথাচ মুমুক্ষোর্ব্রহ্মণো জিজ্ঞাসেত্যত্র অপবাদাপবাদে পুনরুৎসর্গস্থিতেঃ "কর্ত্তৃকর্ম্মণোঃ কৃতি" ইত্যনেনৈব ষষ্ঠী, তথাচ কর্ম্মণি চেতি নিষেধাপ্রসরাৎ ব্রহ্মজিজ্ঞাসেতি কর্ম্মষষ্ঠীসমাসঃ সিদ্ধো ভবতি।) কশ্চিৎ তস্মাদেব বিধের্শ্লোকে জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয় ইতি প্রলপতি। তন্ন যুধ্যস্বেত্যতো মোক্ষস্য জ্ঞানকর্ম্মসমুচ্চয়সাধ্যত্বাপ্রতীতেঃ। বিস্তরেণ চৈতদগ্রে ভগবদ্গীতাবচনবিরোধেনৈব নিরাকরিষ্যামঃ॥ ১৮॥

নীলকণ্ঠ।—এবং সত আত্মনো নিত্যত্বমসতো দেহাদেরনিত্যত্বঞ্চোক্তমুপসংহরন্ এনং যুদ্ধাভিমুখং করোতি অন্তবন্ত ইতি। যদ্যপি "নাসতো বিদ্যতে ভাবঃ" ইতি অসতাং দেহাদীনাং কালত্রয়েঽপি সত্ত্বং নাস্তীতি পরমার্থদৃষ্ট্যা উক্তং, তথাপি তাং দৃষ্টিমপ্রতিপদ্যমানস্য নরকাদিভয়মনুরুধ্যমানস্য ব্যবহারাভিপ্রায়েণ নিত্যানিত্যবিভাগমভিপ্রেত্য দেহানামন্তবত্ত্বমুচ্যত ইতি ন দোষঃ। নিত্যত্বং কালাপরিচ্ছেদ্যত্বং, তচ্চ ব্যবহারে নভসোঽপ্যস্তীত্যত উক্তমনাশিন ইতি। নাশঃ অদর্শনং তদ্বান্ হি আকাশঃ, "নভঃ আত্মনি লীয়তে" ইতি স্মৃতেঃ, অয়ন্তু ন তথা ইত্যনাশী সর্ব্বদৈব প্রকাশমান ইত্যর্থঃ। এতদপি ন ঘটাদিবদ্দৃশ্যত্বেনেত্যাহ অপ্রমেয়স্যেতি। তথা চ শ্রুতিরাত্মনোঽপ্রমেয়ত্বমাহ, "এতদপ্রময়ং ধ্রুবম্" ইতি, অপ্রময়মিত্যস্যাপ্রমেয়মিত্যর্থঃ, এতচ্চাত্মনঃ প্রমাণাপ্রসরাৎ জ্ঞেয়ম্। তথা চ শ্রুতিঃ, "যেনেদং সর্ব্বং বিজানাতি তং কেন বিজানীয়াদ্বিজ্ঞাতারমরে কেন বিজানীয়াৎ" ইতি। প্রসিদ্ধিস্তস্য প্রত্যগাত্মত্বাদেব, "যৎ সাক্ষাদপরোক্ষাদ্ব্রহ্ম য আত্মা সর্ব্বান্তরঃ" ইতি শ্রুতেঃ। উক্তঞ্চ "প্রমাণমপ্রমাণঞ্চ প্রমাভাসস্তথৈব চ। যৎপ্রসাদাৎ প্রসিধ্যন্তি তদসম্ভাবনা কুতঃ" ইতি। তস্মাৎ "যুধ্যস্ব ভারত" ভীষ্মাদিদেহানাং মিথ্যাত্বাদনিত্যত্বাচ্চ, স্বয়মেব নষ্টপ্রায়তয়া হননান্নিবৃত্ত্যা ত্বয়া স্বধর্ম্মো ন নাশনীয় ইতি ভাবঃ॥ ১৮॥

বিশ্বনাথ।—"নাসতো বিদ্যতে ভাবঃ" ইত্যস্যার্থং স্পষ্টয়তি অন্তবন্ত ইতি। শরীরিণো জীবস্য অপ্রমেয়স্য অতিসূক্ষ্মত্বাদজ্ঞেয়স্য। তস্মাদ্‌যুধ্যস্বেতি শাস্ত্রবিহিতস্য স্বধর্ম্মস্য ত্যাগোঽনুচিত ইতি ভাবঃ॥ ১৮॥

তাৎপর্য্য।—ভাষ্যকার পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য ও টীকাকার পূজ্যপাদ

শ্রীমদানন্দগিরি ও পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধরস্বামী এই শ্লোক উপলক্ষে নিম্নলিখিত অভিমত পরিব্যক্ত করিয়াছেন। যদি বল, "স্বীকার করিলাম, সদ্বস্তু সর্ব্বদা বিদ্যমান আছেন, তাঁহার বিনাশ নাই, তাঁহার স্বরূপের কখনও ব্যভিচারও হয় না; কিন্তু সেই আত্মসত্তার ব্যভিচারক অসদ্বস্তুটী কি?" তাহা বলিতেছি, অবহিতচিত্ত শ্রবণ কর। তত্ত্বদর্শিগণ বলেন যে, যেরূপ মৃগতৃষ্ণিকাদিতে জলাদি বুদ্ধি বাস্তবিক সৎ নহে—ভ্রম-কল্পিত, প্রমাণদ্বারা এইরূপ নিরূপিত হইলে, সেই জলাদি বুদ্ধি হইতে সদ্বুদ্ধির বিচ্ছেদ হয়; অর্থাৎ তখন জলাদি অসৎ এইরূপ জ্ঞান হয; তাহা হইলে উক্ত বিচ্ছেদ জলাদি বুদ্ধির 'অন্ত' অর্থাৎ বাস্তবিক মরীচিকা ও আরোপিত জলের বিচ্ছেদ-জ্ঞানই (যাহাকে জল বলিয়া বুঝিতেছিলাম, তাহা জল নহে, মরীচিকা অর্থাৎ বালুকাকীর্ণ ভূখণ্ডমাত্র, এই প্রকার বিচ্ছেদ-জ্ঞানই) উক্তবিধ জ্ঞানের অন্ত, (বিনাশ) অর্থাৎ শেষসীমা। ইহা বাস্তবিক মরীচিকা এইরূপ বুদ্ধি প্রমাণীকৃত হইলেই জল-বুদ্ধির নাশ হয়। ইহা জল কি অন্য কিছু ইহা যতক্ষণ প্রমাণীকৃত না হয়, ততক্ষণই সংশয়। প্রমাণ দ্বারা 'ইহা বস্তুতঃ বালুকাময় প্রদেশ' ইত্যাকার একান্ত জ্ঞান হইলে জল-বুদ্ধির অন্ত স্বতঃই উপপাদিত হয়।

এই আত্মব্যতিরিক্ত দেহাদি অন্তবান্ (বিনাশশীল)। যদি বল যে, এই দেহাদি অনাত্মা অর্থাৎ আত্মব্যতিরিক্ত, তাহা হইলে ইহারা আত্ম হইতে স্বতন্ত্র হউক। তাহা বলিতে পার না; কারণ দেহাদি, মরীচিকায় বারিবুদ্ধির ন্যায়, আত্মাতে কল্পিত মাত্র। আরও দেখ, যেরূপ স্বপ্নকালে একই মানুষ বহুবিধ স্বপ্ন সন্দর্শন করিলেও স্বপ্নান্তে মনুষ্য একই থাকে, স্বপ্ন-দৃষ্ট পদার্থগুলির সত্তা আর পৃথক্রূপে থাকে না, (পদার্থগুলি স্বপ্নাবস্থায় আগন্তুক মাত্র। স্বপ্নান্তে তাহাদের অন্ত হয়) এবং মায়াবী (ঐন্দ্রজালিক) মায়াবলে বহুবিধ রূপ পরিগ্রহ করিলেও, মায়ানাশে তাহার মায়া-পরিগৃহীত রূপ সমূহেরও নাশ হয়, মায়াবী একাই থাকে। সেইরূপ অজ্ঞান-প্রভাবে, আত্মায় বহুবিধ দেহাদি অনাত্মধর্ম্মের আরোপ হইলেও, অজ্ঞান-নাশে তাঁহার একমাত্রই স্বরূপ প্রতীত হয়। অতএব দেহাদি, প্রকৃত তপন-তাপ-তপ্ত বালুকাভূমিতে অপ্রকৃত বারিবুদ্ধির ন্যায়, প্রকৃত একমাত্র মনুষ্যের স্বপ্নকালে অপ্রকৃত বহুবিধ দেহাদি সমাগমের ন্যায়, এবং প্রকৃত একমাত্র মায়াবীর বহুবিধ অপ্রকৃত দেহাদি পরিগ্রহের ন্যায়, মিথ্যা ও প্রকৃত আত্মায় কল্পিত মাত্র।

আরও দেখ সখে ! আত্মা শরীরী, নিত্য, অনাশী এবং অপ্রমেয়। যাঁহার শরীর আছে তিনিই শরীরী, অর্থাৎ আত্মা আকাশাদির ন্যায় শূন্য স্বরূপ নহেন—নিত্য অর্থাৎ কালত্রয়ব্যাপী (সর্ব্বদা একরূপ), অনাশী অর্থাৎ বিনাশ-রহিত। এখন যদি বল যে, যাহা কালত্রয়ব্যাপী তাহাই ত অবিনাশী, তবে "নিত্য" ও "অনাশী" রূপ পুনরুক্তি দোষদুষ্ট বিশেষণে আত্মাকে বিশেষিত করিবার প্রয়োজন কি ? হে অসূক্ষ্মদর্শিন্ ! ইহার কারণ শ্রবণ কর। "অনাশী" ও "নিত্য" এতদুভয়ের অর্থগত কোন পার্থক্য নাই বটে, কিন্তু লোকে দেখা যায় যে, নিত্য বা অনাশী পদার্থ দুই প্রকার ; নাশও আবার দুই প্রকার। অগ্নি-সংযোগে দেহ ভস্মীভূত হইলে, অর্থাৎ দেহ অদর্শন-প্রাপ্ত হইলে,লোকে বলে যে, দেহ নষ্ট হইয়াছে, অর্থাৎ নাশ প্রাপ্ত হইয়াছে। দেহ বর্ত্তমান থাকিয়াও, ব্যাধি সহযোগে অন্যরূপে পরিণত হইলেও, তাহার উপর নষ্ট শব্দের প্রয়োগ দেখা যায়, অর্থাৎ নিদারুণ পীড়ায় কাহারও শরীর কৃশ হইলেই লোকে বলে যে, ইহার শরীরটা নষ্ট হইয়া গিয়াছে। অতএব জগতে নাশ যে দুই প্রকার, তাহা অবশ্য স্বীকার্য্য। অতএব সখে ! বুঝিয়া দেখ যে, উক্ত দ্বিবিধ নাশ-পরিশূন্য বলিয়া আত্মা "নিত্য" ও "অবিনাশী" এই দুই বিশেষণে বিশেষিত হইয়াছেন। আত্মা অপ্রমেয় অর্থাৎ প্রত্যক্ষাদি প্রমাণ * দ্বারা তাঁহার পরিচ্ছেদ করিতে পারা যায় না।

এখন যদি বল যে,"যাহা অজ্ঞাত বস্তুকে জানাইয়া দেয়, তাহাই প্রমাণ, অথচ আত্মা বেদবেদ্য অর্থাৎ আগম দ্বারা আত্মা পরিচ্ছিন্ন। আগম-

---

* "মা" ধাতুর অর্থ "মান"। মানের অর্থ মাপা। "প্র" শব্দের অর্থ "প্রকৃষ্ট"। প্র+মা= "প্রমা"। তাহা হইলে "প্রমা" শব্দের অর্থ "প্রকৃষ্টরূপ মান" অর্থাৎ ইহা এই বস্তু এইরূপ যথার্থ অনুভবের নাম "প্রমা"। প্রমাকে কেহ কেহ প্রমিতি বলিয়াও উল্লেখ করেন। এই প্রমা বা প্রমিতি করণের নামই "প্রমাণ"। অর্থাৎ উক্তবিধ প্রমাজ্ঞান যাহা দ্বারা সাক্ষাৎ সম্বন্ধে সঞ্জাত হয় তাহার নাম প্রমাণ। "প্রমীয়তে অনেন ইতি প্রমাণম্"। তাহা হইলে ইহাই সিদ্ধান্তীকৃত হইল যে, যে কোন বিষয় হউক না কেন, যাহা দ্বারা মান করিতে, মাপ করিতে অর্থাৎ তাহার যথার্থ ইয়ত্তা নির্ণয় করিতে পারা যায় তাহারই নাম প্রমাণ। এখন দেখা যাউক প্রমাণ কত প্রকার। অর্থাৎ কত প্রকারে বস্তু সমূহের মান গ্রহণ করিতে পারা যায়। প্রমাণ বিষয়ে বহু মতাবলম্বির সংখ্যা-ঘটিত বহুবিধ মত পরিলক্ষিত হয়। যথা ; চার্ব্বাকগণের মতে একমাত্র প্রত্যক্ষই প্রমাণ। বৈশেষিক বা কণাদ এবং সৌগত মতে প্রত্যক্ষ ও অনুমান এই দুইটি প্রমাণ। সাংখ্য ও পাতঞ্জল মতে প্রত্যক্ষ, অনুমান ও শব্দ এই তিনটি প্রমাণ। নৈয়ায়িকগণের মতে প্রত্যক্ষ, অনুমান, উপমান ও শব্দ এই চারিটি প্রমাণ।

প্রবৃত্তি প্রত্যক্ষাদির দ্বারাই সাধিত হইয়া থাকে এবং আগম-প্রবৃত্তির পূর্ব্বাবস্থাতেই প্রত্যক্ষাদির দ্বারাও ত আত্মার পরিচ্ছেদ হইয়া থাকে। আগমাদিতে প্রবৃত্তির পূর্ব্বে আত্মবস্তু বিষয়ে সকলেরই অজ্ঞান থাকে, এবং আগম-জ্ঞান দ্বারা আত্মবস্তু বিষয়ক জ্ঞান হয়; অতএব আগম পূর্ব্বাজ্ঞাত আত্মবস্তুকে জানাইয়া দেয় বলিয়া, তাহাই প্রমাণ। তবে কেমন করিয়া বলিব যে আত্মা অপ্রমেয়? তাহাও বলিতে পার না। কারণ শ্রুতি

প্রভাকরগণের মতে প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ ও অর্থাপত্তি এই পাঁচটি প্রমাণ। ভাট্ট ও বেদান্তীগণের মতে প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, অর্থাপত্তি ও অনুপলব্ধি এই ছয়টি প্রমাণ। পৌরাণিকগণের মতে প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, অর্থাপত্তি, অনুপলব্ধি, সম্ভব ও ঐতিহ্য এই আটটি প্রমাণ। তান্ত্রিকগণের মতে প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, অর্থাপত্তি, অনুপলব্ধি, সম্ভব, ঐতিহ্য ও চেষ্টা এই নয়টি প্রমাণ।

বেদান্তকারিকা গ্রন্থেও কথিত আছে। "প্রত্যক্ষমেকং চার্ব্বাকাঃ কণাদ-সুগতৌ পুনঃ। অনুমানঞ্চ তচ্চাপি সাঙ্খ্যাঃ শব্দঞ্চ তে উভে। ন্যায়ৈকদেশিনোঽপ্যেবমুপমানঞ্চ কেবলম্। অর্থাপত্ত্যা সহৈতানি চত্বার্য্যাহুঃ প্রভাকরাঃ॥ অভাবষষ্ঠান্যেতানি ভাট্টা বেদান্তিনস্তথা। সম্ভবৈতিহ্যযুক্তানি ইতি পৌরাণিকা জগুঃ॥"

এখন দেখা যাউক প্রত্যক্ষাদি কাহাকে বলে।

(১) প্রত্যক্ষ। ইন্দ্রিয়ার্থসন্নিকর্ষোৎপন্নং জ্ঞানং সাক্ষাৎকারাত্মকং জ্ঞানং, জ্ঞানাকরণকং জ্ঞানং বা প্রত্যক্ষপ্রমিতিস্তৎকরণং "প্রত্যক্ষাখ্যং প্রমাণং" তচ্চ সন্নিকৃষ্টং ইন্দ্রিয়মেব। চক্ষুরাদি ইন্দ্রিয়-বর্গই প্রত্যক্ষ প্রমাণ, কারণ উক্ত ইন্দ্রিয়গণ দ্বারাই রূপ রসাদি বিষয়ের যথার্থ জ্ঞান বা প্রত্যক্ষ প্রমা সমুদ্ভূত হয়।

(২) অনুমান। ব্যাপ্তিবিশিষ্টপক্ষধর্ম্মতাজ্ঞানজন্যং জ্ঞানং অনুমিতিঃ, তৎকরণং অনুমানাখ্যং প্রমাণং, তচ্চ ব্যাপ্তি জ্ঞানম্। যেখানে যেখানে ধূম দৃষ্ট হয় সেখানে সেখানেই অগ্নির সত্ত্বা উপলব্ধি করিতে পারা যায় এই রকমের জ্ঞানকে ব্যাপ্তি জ্ঞান কহে। পর্ব্বতে ধূম দেখা যাইতেছে অতএব তথায় অগ্নিও আছে ইত্যাকার জ্ঞান অনুমিতি, পূর্ব্বোক্ত ব্যাপ্তি জ্ঞান দ্বারাই সংসাধিত হয় বলিয়া ব্যাপ্তি জ্ঞানই অনুমান প্রমাণ।

(৩) উপমান। সাদৃশ্যজ্ঞানকরণং জ্ঞানং উপমিতিঃ, তৎকরণং উপমানাখ্যং প্রমাণং, তচ্চ সাদৃশ্যজ্ঞানম্। সাদৃশ্যমপি "তদ্ভিন্নত্বে সতি তদ্গতভূয়োধর্ম্মবত্ত্বম্"।

এক ব্যক্তি শুনিয়াছিল যে, গবয় নামক পশু গোসদৃশ—দেখিতে গোরুর মত; পরে একদিবস অরণ্যে যাইয়া একটি গোসদৃশ পশু দেখিল; তখন তাহার পূর্ব্ব স্মৃতি জাগিয়া উঠিল, মনে হইল যে, এই পশুটি গবয়, কারণ ইহা গো-সদৃশ। গো সাদৃশ্য জ্ঞানে গবয় জ্ঞানোৎপত্তি রূপ জ্ঞানের নাম উপমিতি এবং এই উপমিতি সাদৃশ্যজ্ঞান দ্বারাই সঞ্জাত হয় বলিয়া সাদৃশ্য জ্ঞানই উপমান প্রমাণ।

(৪) শব্দ বা আগম। "পদজ্ঞানকরণকং জ্ঞানং শাব্দপ্রমিতিঃ" তৎকরণং শব্দাখ্যং প্রমাণং, তচ্চ পদজ্ঞানং, জ্ঞাতং পদং বা। সুপ্তিঙন্তং শব্দং বা পদং প্রাহুঃ।

অন্নকামী পাক করিবে, স্বর্গকামী যজ্ঞ করিবে, ইত্যাদি শাব্দ বোধ (শাব্দপ্রমিতি) পদজ্ঞান দ্বারাই সঞ্জাত হয় বলিয়া পদ জ্ঞানই শব্দপ্রমাণ। কাহারও মতে আপ্ত বাক্যই শব্দ।

(৫) অর্থাপত্তি। উপপাদ্যজ্ঞানজন্যং জ্ঞানং উপপাদকজ্ঞানং অর্থাপত্তিপ্রমিতিঃ, তৎকরণং অর্থাপত্তিপ্রমাণং, তচ্চ উপপাদ্যজ্ঞানম্। যেন বিনা যদনুপপন্নং তৎ তত্র উপপাদ্যং, যস্য অভাবে

বলিতেছেন, "ইহা (আত্মা) অপ্রমেয়" অর্থাৎ স্বতঃসিদ্ধ আত্মা, প্রমাণ-সিদ্ধ না হইয়া, কেন স্বতঃসিদ্ধ হইলেন তাহাও বলিতেছি শ্রবণ কর। স্বয়ং প্রমাতৃস্বরূপ আত্মার সিদ্ধি হইলে তবে প্রমেয় প্রমাণেচ্ছু ব্যক্তি প্রমাণ বিষয়ক অন্বেষণে সম্প্রবৃত্ত হয়; অর্থাৎ আমাকে যে প্রমেয়ের পরিচ্ছেদ করিতে হইবে—যদ্‌বিষয়ক যাথাতথ্য নিরূপণ করিতে হইবে, তাহা নিরূপণ কে করিবে? না, "আমি।" সেই "আমি" না থাকিলে ত আর বস্তু নিরূপণ

যস্য অনুপপত্তিঃ তৎ তত্র উপপাদকম্। যথা পীনোঽয়ং দেবদত্তঃ দিবা ন ভুঙ্‌ক্তে, ইত্যত্র রাত্রিভোজনাভাবে সতি পীনত্বং অনুপপন্নং, অতঃ পীনত্বজ্ঞানেন রাত্রিভোজনমাক্ষিপ্যতে। অর্থস্য আপত্তিঃ কল্পনা ইতি অর্থাপত্তিপ্রমিতিঃ। অর্থস্য আপত্তির্যস্মাদিতি অর্থাপত্তিপ্রমাণম্।

"দেবদত্ত অত্যন্ত স্থূল কিন্তু দিবসে কিঞ্চিৎ মাত্রও আহার করে না।" এইরূপ স্থলে দেবদত্ত যে রাত্রিতে ভোজন করে তাহা অর্থ দ্বারাই আপনা আপনি আসিয়া সমুপস্থিত হয়, কারণ দেবদত্ত রাত্রিতেও ভোজন না করিলে তাহার শরীর কখনও স্থূল হইতে পারে না। দেবদত্তের রাত্রি-ভোজনরূপ অর্থের কল্পনা জ্ঞান (অর্থাপত্তি প্রমিতি) দেবদত্তের পীনত্বজ্ঞান দ্বারাই সূচিত হয়; অতএব এস্থলে দেবদত্তের পীনত্বজ্ঞানই অর্থাপত্তি প্রমাণ।

(৬) অনুপলব্ধি। প্রতিযোগ্যনুপলব্ধিজন্যং প্রতিযোগ্যভাবজ্ঞানং অনুপলব্ধিপ্রমিতিঃ, তৎকরণং অনুপলব্ধিপ্রমাণং, তচ্চ প্রতিযোগিদর্শনাভাবরূপম্। যথা; যদ্যত্র ঘটঃ স্যাৎ তর্হি ঘটবত্তয়া উপলভ্যেত যতো নোপলভ্যতে অতোঽত্র ঘটাভাব ইতি নিশ্চীয়তে। যদি এখানে ঘট থাকিত তাহা হইলে পাওয়া যাইত (দেখা যাইত); এখানে যেহেতু ঘট পাওয়া যাইতেছে না, অতএব এখানে ঘটের অভাব ইহা নিশ্চয়। এইরূপ স্থলে ঘটের দর্শনাভাব দ্বারাই ঘটাভাব জ্ঞান (অনুপলব্ধি প্রমিতি) নিশ্চয়ীকৃত হইতেছে, অতএব ঘটের দর্শনাভাবই "অনুপলব্ধি প্রমাণ"।

(৭) সম্ভব। শতত্বজ্ঞানজন্যজ্ঞানং পঞ্চাশদ্‌জ্ঞানং সম্ভবপ্রমিতিঃ, তৎকরণং সম্ভবপ্রমাণং, তচ্চ শতত্বজ্ঞানম্। যথা, অয়ং পুরুষঃ শতত্বসংখ্যাবিশিষ্টমুদ্রাবান্ ইতি জ্ঞানে জাতে সতি পঞ্চাশৎ-মুদ্রিকাসম্ভবো ভবতি। এই ব্যক্তি শত টাকার মালিক এই প্রকার জ্ঞান জন্মিলেই তাহার নিকট পঞ্চাশ কি ষাইট টাকা আছে, তাহা সম্ভাবিত হয়। এইরূপ স্থলে একশত টাকার অস্তিত্ব জ্ঞান দ্বারাই পঞ্চাশ বা ষাইট টাকার অস্তিত্ব জ্ঞান সম্ভাবিত (সম্ভব প্রমিতি) হয়, অতএব একশত টাকার অস্তিত্ব জ্ঞানই সম্ভব প্রমাণ।

(৮) ঐতিহ্য। অজ্ঞাত কর্তৃক পরম্পরাজ্ঞানজন্যং জ্ঞানং ঐতিহ্যপ্রমিতিঃ, তচ্চ অজ্ঞাতকর্তৃক-পরম্পরাজ্ঞানরূপম্। যথা "ইহ বটে যক্ষঃ" ইত্যত্র ন হি কেনাপি বটে যক্ষো দৃষ্টঃ কিন্তু পরম্পরয়া উচ্যতে।

এই বট বৃক্ষে যক্ষ (ভূত, প্রেত) আছে, এইরূপ জ্ঞান ঐতিহ্যপ্রমিতি, অজ্ঞাত কর্তৃক পরম্পরা জ্ঞান দ্বারা সঞ্জাত হয়; অতএব অজ্ঞাত কর্তৃক পরম্পরা জ্ঞানই ঐতিহ্যপ্রমাণ। স্থূল কথা রাম শ্যামকে বলিল, 'ওহে! এই বটগাছে ভূত আছে।' শ্যাম আবার গোপালকে বলিল, ওহে! এই বটগাছে ভূত আছে। এইরূপ আবার গোপাল আর একজনকে বলিল, সে আবার আর একজনকে বলিল। সেই বট বৃক্ষে যক্ষের সাক্ষাৎ লাভ করুক বা নাই করুক, কিন্তু কথাটা এইরূপে লোক পরম্পরায় চলিয়া আসিতে থাকে। এইরূপ ওর এর তার কথা শুনিয়া এই বটগাছে ভূত আছে' ইত্যাদি রূপ যে জ্ঞান হয়, তাহারই নাম ঐতিহ্যপ্রমিতি।

হইতে পারে না ? তবে এখন দেখ যে সেই "আমি" (আত্মা) স্বতঃসিদ্ধ কি না এবং তাহা অপ্রমাণ-সিদ্ধ কি না। আর দেখ যাহা সর্ব্ব-লোক-প্রসিদ্ধ তাহার আবার প্রমাণানুসন্ধানের প্রয়োজন কি? আত্মা সর্ব্ব-লোকপ্রসিদ্ধ অর্থাৎ কুত্রাপি অজ্ঞাত নহেন।

আর দেখ সখে! আগমাদি শাস্ত্র অপৌরুষেয় (পুরুষ-বিরচিত নহে); অতএব দোষ-পরিহীন; এই নিমিত্তই শাস্ত্র প্রমাণরূপে পরিগৃহীত হয়। একবার সেই শাস্ত্রসাগর মন্থন করিয়া দেখ দেখি, তাহার সার কি? দেখিবে উপনিষদ্ দেবী * (শ্রুতি সমূহ) হিতৈষিণী স্নেহময়ী জননীর ন্যায় তাঁহার

(৯) চেষ্টা। ক্রিয়াবিশেষবিশিষ্টাঙ্গজ্ঞানজন্যং চেষ্টমানজ্ঞানং চেষ্টাপ্রমিতিঃ, তৎকরণং চেষ্টাপ্রমাণং তচ্চ দ্বিত্র্যঙ্গুল্যাদিদর্শনরূপম্।

কেহ আমায় কোন কথা জিজ্ঞাসা করিল, কিন্তু আমি বাক্যস্ফূর্ত্তি না করিয়া হাত বা মাথা নাড়িয়া কিংবা আঁখি ঠারিয়া তাহার কথায় প্রত্যুত্তর দিলাম। এইরূপ অঙ্গ-ভঙ্গি দর্শন করিয়া যে অভিলষিত অর্থের অবগতি হয় তাহার নাম চেষ্টাপ্রমিতি, এবং তাহা অঙ্গ-ভঙ্গি দর্শন দ্বারা সম্পাদিত হয় বলিয়া অঙ্গ-ভঙ্গ্যাদি দর্শনই "চেষ্টাপ্রমাণ"।

মহানুভব মাধ্বাচার্য্যাদি দ্বৈতবাদী বৈষ্ণবগণ কেবলমাত্র "শব্দ" প্রমাণকেই শ্রেষ্ঠত্বে বরণ করেন। তাঁহাদের মতে শব্দ বলিতে অনাদি-নিধনা ভ্রমপ্রমাদাদিদোষ-পরিহীনা অপৌরুষী বেদময়ী বাণীকেই বুঝায়। উক্ত মহাত্মগণের মধ্যে কাহাকে কাহাকে আপ্ত বাক্যকেও বেদ বাক্যার্থেই পর্য্যবসিত, করিতে দেখা যায়। তাঁহারা বলেন যে, "যে হেতু ঋষিদিগকেও পরস্পর বিরোধ করিতে দেখা যায়, অতএব তাঁহাদিগের বাক্যও (আত্মা জীবাদি) প্রমেয় নির্ণয় বিষয়ে একান্ত প্রমাণরূপে পরিগৃহীত এবং আপ্তত্বে বৃত হইতে পারে না, সুতরাং একান্ত প্রমাণ একমাত্র শব্দ বা আগম। প্রকৃত স্বতঃ প্রমাণ বেদবাক্য ব্যতীত আর কেই বা প্রমাণের স্থান অধিকার করিতে সক্ষম হইবে? শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভুও উক্তমতের পোষকতা করিয়া গিয়াছেন। —শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী।

* সহেতুসংসারনিবৃত্তিসাধনব্রহ্মাত্মৈকত্ববিদ্যা উপনিষচ্ছব্দবাচ্যা। অত্র ষদল্‌বিশরণগত্যব-সাদনেষ্বিতি স্মর্য্যতে। সদের্ধাতোরুপনিপূর্ব্বস্য ক্বিবন্তস্য সহেতুসংসারনিবর্ত্তকব্রহ্মবিদ্যার্থত্বাৎ, উপনিষচ্ছব্দবাচ্যা সা ভবতূক্তফলবতী। উপ-শব্দো হি সামীপ্যাৎ; তচ্চাসতি সঙ্কোচকে প্রতীচি পর্য্যবস্যতি। নি শব্দশ্চ নিশ্চয়ার্থঃ, তস্মাদৈকাত্ম্যং নিশ্চিতম্। তদ্বিদ্যা সহেতুং সংসারং সাদয়তি ইতি "উপনিষৎ" উচ্যতে। (বৃহদারণ্যক।) উপ+নি+সদ+ক্বিপ্=উপনিষৎ। যে বিদ্যা ব্রহ্মবস্তু সকলেরই "উপ" অর্থাৎ সমীপে (প্রতি পদার্থেই তিনি আছেন) ইহা "নি" অর্থাৎ নিশ্চয়রূপে অবগত করাইয়া সহেতু অর্থাৎ অবিদ্যার সহিত সমগ্র সংসারের (সদ) "সাদন" অর্থাৎ বিনিবৃত্তি করে, তাহারই নাম "উপনিষৎ"। ব্রহ্মবস্তু সর্ব্বত্র অনুস্যূত প্রতি বস্তুতেই তাঁহার সত্তা আছে, ইহা নিশ্চয়রূপে জানিলেই জীব ও ব্রহ্মে একত্ব সিদ্ধি সম্পাদিত হয়। শ্রুতিও বলেন যে, "ব্রহ্মবিদ্ ব্রহ্মৈব ভবতি"। সকলের যেন স্মরণ থাকে যে, উক্ত সিদ্ধান্ত অদ্বৈতবাদিগণের, কারণ দ্বৈতবাদিগণের সিদ্ধান্ত এই যে, "জীব ও ব্রহ্মে সূর্য্য ও সূর্য্যরশ্মির ন্যায় ভেদ নিত্য এবং সেব্য সেবকভাবও নিত্য এ সমস্ত বিষয় স্থানান্তরে সবিশেষ বিবৃত হইবে।—শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী।

অবোধ, আময়-প্রপীড়িত, কুপথ্য-সেবী সন্তানগণের রোগনাশ-বাসনায় সুখসেব্য সুরস ঔষধ প্রয়োগ করিতেছেন। দুর্ব্বৃত্তঃপুত্র ব্যাধি-প্রপীড়িত হইলে, জননী তাহাকে মধুর রসাচ্ছাদিত কটুতিক্তাদি ঔষধ প্রয়োগ করেন, এবং তাহাতেই তাহার রোগনাশ হয়।

জননী শ্রুতি বলিতেছেন যে, "হে পাপ-তাপ-পরিক্লিষ্ট জগদ্বাসী জীব-নিচয়! তোমরা যাঁহাকে যাঁহাকে 'তৎ' অর্থাৎ সেই (ব্রহ্ম) বস্তু বলিয়া জানিতেছ, তাহা তাহা (তৎ ন) অর্থাৎ সে বস্তু নহে। ভ্রান্ত জীব! তোমরা যে নশ্বর দেহাদির উপর আমি মনুষ্য, আমি কর্ত্তা, আমি ভোক্তা ইত্যাদি আরোপ করিতেছ, এই নশ্বর দেহাদি সে প্রকৃত আমি (আত্মা) নহে। সে পদার্থ বা সেই প্রকৃত আমি (আত্মা) এই নশ্বর দেহাদি সদৃশ দেশ-কাল-বস্তু পরিচ্ছিন্ন নহেন, তিনি অবিনাশী, দেশকাল ও বস্তু কর্ত্তৃক অপরিচ্ছিন্ন; তিনি স্বতঃ প্রকাশস্বরূপ, সকল প্রাণীর হৃদয়ে, অধিক কি সর্ব্বত্রই তিনি সম অবিকৃতভাবে নিত্য বিদ্যমান এবং সকলের অন্ত অর্থাৎ শেষ স্বরূপ। স্থূল কথা অনুসন্ধান করিলে দেখা যায়, ইহ জগতে পরিদৃশ্যমান পদার্থ নিচয়ের একটা অন্ত বা শেষ আছে, কিন্তু সেই আত্মা বা আমি সকল পদার্থেরই শেষ স্বরূপ, তাঁহার আর শেষ নাই। অজ্ঞানান্ধকারে তোমাদের নয়ন অন্ধীভূত হইয়াছে, কুসঙ্গীর কুচক্রে বুদ্ধি বিকৃত হইয়াছে। তাই আজ তোমরা আত্মস্বরূপ বা প্রকৃত আমির স্বরূপ দেখিতে পাইতেছ না। কত শত শত সহস্র সহস্র স্থলে এই আমিকে দেখি দেখি করিয়াও, কোথাও স্থির অবিকৃতভাবে দেখিতে পাইতেছ না। আয় আয় বাছা! আমার হিত কথা শোন, ছয় জন কুজনের সঙ্গ পরিত্যাগ করিয়া আমার কোলে আয় বাছা! প্রকৃত আমি কে চিন্‌তে পারবি। আর তোদের বার বার কঠোর জনন-মরণ যাতনা ভোগ করিতে হইবে না। সেই প্রকৃত আমি তোদের দূরে নাই, সে আমি সর্ব্বত্রই আছেন, তাঁহার জনন-মরণাদি নাই, এবং সেজন্য তাঁহাকে যে জানে তাহারও জনন-মরণ আর হয় না। তাঁহার শোকও নাই, মোহও নাই; অতএব তাঁহাকে যে জানে তাহার শোক ও মোহ দূরে পলায়ন করে।

তাই বলি সখে! শাস্ত্র অজ্ঞাত পদার্থ জানাইয়া প্রমাণের স্থান অধিকার করে না, কিন্তু প্রকৃত আমিকে জানাইয়া দেয় বলিয়া তাহার প্রামাণ্য

অতএব যখন তুমি জানিতেই পারিতেছ যে, আত্মা অপ্রমেয় বলিয়া তাঁহার বিনাশ নাই, তখন তোমার আর কিছু না হউক, স্বধর্ম্ম (ক্ষত্রিয়ধর্ম্ম) হইতে নিবৃত্ত হওয়া একান্ত অনুচিত। ছি সখে! যুদ্ধ হইতে উপরত হইও না।

পূজ্যপাদ ভাষ্যকার শ্রীমদ্রামানুজের অভিপ্রায় পরিব্যক্ত হইতেছে। ভগবান্ পূর্ব্বশ্লোকে আত্মার অবিনাশিত্ব প্রতিপাদন করিয়া, এই শ্লোকে দেহের বিনাশশীলতা প্রতিপাদিত করিতেছেন। হে ভারত অর্জ্জুন! যেমন উপচয়াপচয়াত্মক ঘটাদি দৃশ্যমান পদার্থ সকল অন্তবন্ত অর্থাৎ বিনাশশালী, তদ্রূপ শরীরবান্ নিত্য আত্মার পাপ-পুণ্যাদি কর্ম্মফলভোগার্থ পঞ্চ-ভূত-সমষ্টি-স্বরূপ এই দেহ-নিচয়ও অন্তবন্ত অর্থাৎ কর্ম্মফল ভোগাবসানে বিনাশ-শীল। কিন্তু কর্ম্মফল ভোক্তা আত্মা অবিনাশী; কারণ আত্মা অপ্রমেয়, অর্থাৎ কোন প্রমাণদ্বারা আত্মার উপলব্ধি করা যায় না, তিনি বিভু (সর্ব্ব-ব্যাপক) অপিচ তিনি প্রমাতৃস্বরূপে উপলব্ধ হন। গীতা শাস্ত্রে (১৩ অধ্যায়ের ১ম শ্লোকে) লিখিত আছে, "এই দেহ-সকল ক্ষেত্র স্বরূপ, ইহা যিনি জানেন তিনি ক্ষেত্রজ্ঞ, অর্থাৎ প্রমাতা ইত্যাদি। অতএব আত্মা প্রমাতৃ স্বরূপ, সর্ব্বব্যাপক ও নিত্য, এবং শরীরি আত্মার কর্ম্মফল ভোগসাধন স্বরূপ উপচয়াপচয়াত্মক এই দেহ বিনশ্বর। হে ভ্রান্ত সখে! সুতরাং অবিনাশী আত্মা ও বিনাশশীল দেহ এতদুভয়ের নিমিত্ত শোক অকর্ত্তব্য। শস্ত্রপাতাদি পুরুষ ব্যাপারের, অতীত আত্মা অনশ্বর ও চিরস্থায়ী। অতএব ধৈর্য্য সহকারে, অমরত্ব কামনায়, এই আরব্ধ মহাযুদ্ধে বিনিযুক্ত হও।

অতঃপর পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী কৃত টীকার ভাবার্থ নিম্নে পরিব্যক্ত হইতেছে। দেহাভিমানী অর্জ্জুনকে যুদ্ধে বিমুখ দেখিয়া, ভগবান্ ত্রিবিধ শরীর * হইতে আত্মার স্বাতন্ত্র্য ও নিত্যতা এবং শরীর-ত্রয়ের নশ্বরতা বিশেষ বিচারপূর্ব্বক, পূর্ব্বশ্লোকের ভাবার্থ বিবৃত করিয়া,

---

* মূল শ্লোকে "অন্তবন্ত ইমে দেহা", ইত্যাদি বাক্যে স্থূল, সূক্ষ্ম, কারণস্বরূপ সমষ্টি ও ব্যষ্টিভূত তাবৎ শরীরকে লক্ষিত করিবার অভিপ্রায়ে ভগবান্ "দেহা" এই বহুবচনান্ত পদ প্রয়োগ করিয়াছেন, শ্রুতি ও ব্রহ্মবাদিগণ একমাত্র আত্মাকেই অবিনাশী, স্বপ্রকাশ-স্ফুরণরূপ, দ্রষ্টা এবং ভোক্তা বলিয়া স্বীকার করিয়াছেন। তৈত্তিরীয় উপনিষদে অন্নময় প্রভৃতি যে পঞ্চকোষের উল্লেখ আছে, তাহা শরীরবান আত্মার ভেদ নহে, স্থূল, সূক্ষ্ম ও কারণ শরীরের প্রভেদ মাত্র। অন্নময় কোষ স্থূল সমষ্টি, প্রাণময় মনোময় ও বিজ্ঞানময় কোষ সূক্ষ্ম সমষ্টি এবং আনন্দময় কোষ কারণ সমষ্টি। (২৪২ পৃষ্ঠার টিপ্পনীতে পঞ্চকোষের বিশেষ বৃত্তান্ত দ্রষ্টব্য)।

তাঁহাকে যুদ্ধার্থ উত্তেজিত করিতেছেন। হে ভারত অর্জ্জুন! নিত্য ও স্বপ্রকাশস্বরূপ আরোপিত শরীরী আত্মার স্থূল, সূক্ষ্ম, কারণরূপ প্রত্যক্ষ দেহ সকল অন্তবন্ত অর্থাৎ বিনাশী। তুমি উক্ত নশ্বর শরীর সমূহকে পিতামহ, গুরু এবং বান্ধবাদিরূপে কল্পনা করিয়া শোক-মোহে অধীর হইয়াছ। বাস্তবিক সর্ব্বগুহাশায়ী * সর্ব্বসাক্ষী আত্মা অবিনাশী, অর্থাৎ দেশ কাল বস্তুরূপ ত্রিবিধ পরিচ্ছেদশূন্য ও কূটস্থ চৈতন্যস্বরূপ; তিনি বিভুরূপে সর্ব্বত্র বিরাজ করিতেছেন। তুমি তাদৃশ আত্মার বিনাশ আশঙ্কা করিয়া কর্ত্তব্য-বহির্ম্মুখ হইয়াছ। তুমি বিবেকালোক দ্বারা মানসিক তিমিররাশি বিদূরিত করিয়া আত্ম সাক্ষাৎকার কর, তবে সহজেই বুঝিতে পারিবে, কে তোমার পিতামহ, কেবা তোমার গুরু এবং দুর্য্যোধনাদির সহিত বা তোমার কি সম্বন্ধ। হে বিমুগ্ধ ভ্রাতঃ অর্জ্জুন! তুমি আমার বাক্যে বিশ্বস্ত হইয়া কর্ত্তব্য-পরায়ণ হও, অর্থাৎ যুদ্ধার্থ গাত্রোত্থান কর।

অর্জ্জুন যেন সন্দিহান হইয়া পুনর্ব্বার বলিতেছেন, হে অভ্রান্ত হরে! আপনি বলিয়াছেন, দেহবান্ আত্মা ত্রিবিধ-পরিচ্ছেদ-শূন্য সুতরাং নিত্য, কিন্তু কোন প্রমাণ দ্বারা তাহা প্রমাণীকৃত করেন নাই; অতএব এতৎ সম্বন্ধে বিশেষ প্রমাণ দেখাইয়া আমার হৃদয়-জাত সংশয়ের নিবারণ করুন; নতুবা কিরূপে আপনার ঈদৃশ জটিল বাক্যে আমি বিশ্বাস স্থাপন করিব? অর্জ্জুনের এই আশঙ্কা পরিহারার্থ ভগবান্ বলিতেছেন, স্বপ্রকাশ চৈতন্যময় আত্মা অপ্রমেয় অর্থাৎ প্রত্যক্ষাদি প্রমাণ দ্বারা তাঁহার অবধারণ হয় না। শ্রুতি বলিয়াছেন, "ন তত্র সূর্য্যো ভাতি ন চন্দ্রতারকং নেমা বিদ্যুতো ভান্তি কুতোঽয়মগ্নিঃ। তমেব ভান্তমনুভাতি সর্ব্বং তস্য ভাসা

* দেহাদভ্যন্তরঃ প্রাণঃ প্রাণাদভ্যন্তরং মনঃ। ততঃ কর্ত্তা ততো ভোক্তা গুহা সেয়ং পরম্পরা॥ ২॥ পঞ্চদশী—পঞ্চকোষ বিবেক। দেহের অর্থাৎ অন্নময়-কোষের অভ্যন্তরে প্রাণময়-কোষ অবস্থিত, প্রাণময়-কোষের অভ্যন্তরে মন অর্থাৎ মনোময় কোষ অবস্থিত, মনোময়-কোষের অভ্যন্তরে কর্ত্তা অর্থাৎ বিজ্ঞানময়-কোষ অবস্থিত, এবং বিজ্ঞানময়-কোষের অভ্যন্তরে ভোক্তা অর্থাৎ আনন্দময় কোষ অবস্থিত আছে। অন্নময় হইতে আনন্দময় পর্য্যন্ত পঞ্চকোষের (বিবর ২৪৫ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) এবংবিধ পরম্পরাই গুহা শব্দে অভিহিত হয়। এই গুহার অভ্যন্তরেই সেই তত্ত্ব-বস্তু অবস্থিত আছেন বলিয়াই বোধ হয়, লোকে বলে "ধর্ম্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াম্।" সাধারণতঃ 'গুহা'শব্দে পার্ব্বত্য অকৃত্রিম গহ্বর বিশেষকেই বুঝায়। বাস্তবিক গিরিগুহাস্থিত কোন বস্তু লাভ করা যেরূপ দুঃখ-সাধ্য এই পঞ্চকোষ পরম্পরারূপ গুহার অভ্যন্তরস্থিত তত্ত্ববস্তু লাভ করাও সেইরূপই দুঃখসাধ্য।

শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী।

সর্ব্বমিদং বিভাতি।" অর্থাৎ "চন্দ্র, সূর্য্য, নক্ষত্রগণ ও বিদ্যুন্মালা তাঁহাকে প্রকাশ করিতে সমর্থ নহে, অগ্নি আবার তাঁহাকে কি আলোক দান করিবে? তিনি প্রকাশিত আছেন বলিয়া জগৎ প্রকাশিত এবং তাঁহার আলোক দ্বারা নিখিল জগৎ আলোকিত," জগদুদ্দীপক ভগবান্ দিননাথ সমুদিত হইলে, যামিনীর ঘোর তিমিরজালাবৃত নিখিল জগৎ আলোকিত হয়, কিন্তু সর্ব্বাবভাসক জ্যোতির্ম্ময় ভগবান্ মরীচিমালী অন্যের আলোকের সাহায্যে আলোকিত হন না। যদি বল সূর্য্যদেব আলোকান্তরের সাহায্য গ্রহণ করিয়া প্রকাশিত হন, তাহা হইলে সেই আলোক প্রকাশের নিমিত্ত আবার আলোকান্তরের আবশ্যক হয়,এরূপ ক্রমে যদি সাহায্যের প্রয়োজন হয়, তবে আর আলোকদাতার সীমা থাকে না। তখন সেই স্থানে অনবস্থাদোষ আসিয়া উপস্থিত হয়। অতএব স্বপ্রকাশরূপ সূর্য্যের ন্যায় সর্ব্বপ্রকাশক আত্মা স্বপ্রকাশের নিমিত্ত অন্য কোন কারণান্তরের অপেক্ষা করেন না, যেহেতু তিনি স্বয়ংই প্রকাশিত। কিন্তু যখন কাল্পনিক ও অজ্ঞ-জীববৃন্দকে বুঝাইবার নিমিত্ত শ্রোতৃগণের হিতৈষী শ্রুতি সকল সেই কল্পনাতীত পরমপদার্থকে (আত্মাকে) সচ্চিদানন্দরূপে কল্পনা করিয়াছেন, তখন উক্ত অলীক কল্পনা নিবারণার্থ এবং সকল কল্পনার মূল কারণ স্বরূপ অজ্ঞান ও তৎকার্য্যনিচয় নিবৃত্তিপূর্ব্বক তত্ত্বজ্ঞান লাভার্থ,কল্পিত অন্তঃকরণ-বৃত্তি-বিশেষের আবশ্যক। কারণ কল্পিত পদার্থের নিবৃত্তি কল্পিত বিষয় হইতেই হইয়া থাকে। অর্থাৎ মোহান্ধজীবগণের সুখ, দুঃখ, শীত ও উষ্ণ এবং স্রক্, চন্দন, বনিতা প্রভৃতি বিষয় সকল যেরূপ কল্পিত, তদ্রূপ তত্ত্ব-জ্ঞানার্থ অন্তঃকরণ বৃত্তিও কল্পিত। লোকে বলে যেমন যক্ষ দেবতা তাহার পূজার উপকরণও তদ্রূপ। এরূপ অলীক কল্পনাবদ্ধ জীবগণের স্বরূপ প্রদর্শনার্থ "তত্ত্বমসি"ইত্যাদি শ্রুতিবাক্য সকলও আরব্ধ হইয়াছে।

জীবগণ সংসার-দশা সমুত্তীর্ণ হইয়া স্বস্বরূপে উপনীত হইলে, তখন আর তাহাদের হৃদয়-কন্দরে কোন কল্পনাই প্রবেশ করিতে সমর্থ হয় না; কারণ যখন কি তুমি, কি আমি, কি ভীষ্মাদি মহাবীরবৃন্দ সকলেই সর্ব্বময় ব্রহ্মস্বরূপ, তখন আর কে কাহাকে কল্পনা করিবে? অর্থাৎ সর্ব্বকল্পনার আশ্রয় স্বরূপ অন্তঃকরণ তখন একেবারে বিলীন হইয়া যাইবে। তখন উপদেষ্টা গুরু, উপদেশার্হ বেদাদি শাস্ত্র উপদেশাধিকারী শিষ্য এবং পূজ্যাপূজক

ভাবাদি কোন পার্থক্যই পরিলক্ষিত হইবে না, কেবল মাত্র অদ্বয় ব্রহ্মস্বরূপে ভাসমান হইবে। কোন আচার্য্য বলিয়াছেন, "অবিজ্ঞাতে তত্ত্বে পরিগণনমাসীৎ প্রথমতঃ শিবোঽয়ং পূজেয়ং গুরুরয়মহং পূজক ইতি। ইদানীমদ্বৈতং কলয়তি গুণাতীতমনঘং শিবঃ কঃ পূজা কা গুরুরপিচ কঃ কোঽহমিতি চ।" অর্থাৎ তত্ত্বজ্ঞানের পূর্ব্বে ইনি আরাধ্য দেব শিব, ইনি তত্ত্বোপদেষ্টা গুরু, আরাধ্য দেবের ইহাই পূজা এবং আমি পূজক, প্রথমতঃ এইরূপ চতুর্ব্বিধভেদের গণনা হইয়া থাকে। কিন্তু গুরুর সমীপে উপদেশ গ্রহণের পর উপদিষ্ট বিষয়ের মনন ও নিদিধ্যাসন করিতে করিতে, তত্ত্বজ্ঞান সমুদিত হইলে, অদ্বৈত ও গুণাতীত ব্রহ্মরূপ প্রকাশমান হইবেন। তখন শিবই বা কে, পূজাই বা কি, গুরুই বা কে, আর আমিই বা কে? তখন আর অন্য কোন ভাবের উদয় হইবে না, কেবল মাত্র তূষ্ণীম্ভাব আসিয়া জীবকে আশ্রয় করিবে। সেই সময় জীব, সকল ব্যাপার শূন্য হইয়া স্থাণুর ন্যায় অচলভাবে অবস্থিতি করিবে। অতএব হে বয়স্য অর্জ্জুন! তুমি কল্পনার বশবর্ত্তী হইয়া, সর্ব্বদা ভাসমান, সর্ব্ব কল্পনার অধিষ্ঠান স্বরূপ, দৃশ্য মাত্রের প্রকাশক আত্মাকে শশ-বিষাণাদির ন্যায় তুচ্ছ মনে করিও না। তিনি স্বসংবেদ্য, অর্থাৎ জ্ঞান, জ্ঞেয়, জ্ঞাতা—তিনি এতৎ ত্রিতয়স্বরূপ। ঘট-পটাদি জ্ঞানের ন্যায় ব্রহ্ম-যাথার্থ্য প্রতীতিকালে এতৎ ত্রিতয়ের পার্থক্য থাকে না। ঘটাদি জ্ঞানকালে প্রথমতঃ মন আত্মার সহিত সংযুক্ত হইয়া চক্ষুরাদি ইন্দ্রিয়ের সহিত মিলিত হয়, পরে ঐ মন ইন্দ্রিয় দ্বারা বিষয়ে যাইয়া তদাকার ধারণ পূর্ব্বক আত্মাতে বিষয় সকল প্রত্যক্ষ করাইয়া দেয়, কিন্তু আত্মজ্ঞান তদ্রূপ নহে। যেহেতু সেই খানে মনের কোন কর্ত্তৃত্ব নাই। শ্রুতি বলিয়াছেন, "যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ।" অর্থাৎ যাহা হইতে বাক্য ও মন উভয় নিবৃত্ত হইয়াছে। তিনি কেবল মাত্র স্বজ্ঞান-গম্য, কিংবা স্বপ্রমাণ-সিদ্ধ বা স্বতঃসিদ্ধ। "আত্মা একমাত্র অদ্বিতীয় সত্য, জ্ঞান ও অনন্ত ব্রহ্মস্বরূপ" ইত্যাদি শ্রুতি সকলও তাঁহার স্বতঃ প্রামাণ্যই সিদ্ধ করিয়াছেন এবং পূজ্যপাদ ভগবান্ আচার্য্য মহাশয়ও যুক্তি দ্বারা আত্মার স্বপ্রকাশকত্ব উপপাদিত করিয়াছেন।

হে শোক-বিমুগ্ধ অর্জ্জুন! পূর্ব্বোক্ত নানা যুক্তি ও দৃষ্টান্তানুশীলন দ্বারা

"আত্মা, নিত্য, বিভু, অসংসারী, অর্থাৎ জন্ম-মরণ-শূন্য ও সর্ব্বদা একরূপ"; ইহা দৃঢ় নিশ্চয় করিয়া তাঁহার বিনাশ-শঙ্কা পরিহার কর এবং প্রভূত আয়োজন সহকৃত প্রবৃত্ত-স্বধর্ম্মে (যুদ্ধে) বিরতি অর্থাৎ অনুৎসাহ পরিত্যাগ কর। একবার নেত্রোন্মীলন পূর্ব্বক চতুর্দ্দিক অবলোকন করিয়া দেখ, ঐ তোমার ভ্রাতৃগণ উপস্থিত সংগ্রামে তোমাকে নিরুৎসাহ দেখিয়া, চির-বৈর-নির্যাতন ও কাঙ্ক্ষিত রাজৈশ্বর্য্যে ভগ্ন-সঙ্কল্প হইয়া, অনিমিষলোচনে তোমার মুখাবলোকন করিয়া রহিয়াছেন। অতএব হে প্রাণাধিক সখে অর্জ্জুন! তুমি পুনর্ব্বার কর্ত্তব্য কার্য্যে প্রোৎসাহিত হইয়া তাঁহাদিগের চির মনোরথ পূর্ণ কর ॥ ১৮ ॥

——(:০:)——

য এনং বেত্তি হন্তারং যশ্চৈনং মন্যতে হতম্।
উভৌ তৌ ন বিজানীতো নায়ং হন্তি ন হন্যতে ॥১৯॥

অন্বয়।—যঃ (পুরুষঃ) এনং (আত্মানং) হন্তারং (বধকর্ত্তারং) বেত্তি (বিজানাতি) যঃ চ এনং হতং (দেহনাশেন সহ অহমপি নষ্ট ইতি) মন্যতে (চিন্তয়তি) তৌ উভৌ (বধকর্ত্তারং বধ্যভূতমিতিবোধ সম্পন্নৌ পুরুষৌ) ন বিজানীতঃ (প্রকৃততত্ত্ববিষয়ে অজ্ঞানবন্তৌ বর্ত্তেতে ইতি-শেষঃ) [যস্মাৎ] অয়ং (আত্মা) ন কঞ্চন হন্তি (ন বধকর্ত্তা ভবতি) [তথাচ] ন [কেনাপি] হন্যতে (হননকর্ম্মভূতো ভবতি) ॥ ১৯ ॥

প্রতিশব্দ।—যে-ব্যক্তি এই আত্মাকে হননকর্ত্তা জানে এবং যে ইহাঁকে হত মনে-করে, সেই উভয়েই জানে না [যেহেতু] ইনি (কাহাকে) হনন-করেন না [সেইরূপ] [কাহার দ্বারা] হত-হন না ॥ ১৯ ॥

ব্যাখ্যা।—যে অজ্ঞানান্ধ ব্যক্তি আত্মাকে বধকর্ত্তা বলিয়া মনে করে বা দেহনাশে আত্মনাশ হইবে বলিয়া বোধ করে, তাহারা উভয়েই প্রকৃততত্ত্ববিষয়ে নিতান্ত অনভিজ্ঞ; কারণ আত্মা কখন কাহাকে বধ করেন না এবং কাহারও কর্ত্তৃক হতও হন না ॥ ১৯ ॥

শঙ্করাচার্য্য।—শোকমোহাদিসংসারকারণনিবৃত্ত্যর্থং গীতাশাস্ত্রং ন প্রবর্ত্তকমিত্যেতৎ পার্থস্য সাক্ষীভূতে ঋচাবানিনায় ভগবান্। যত্তু মন্যসে যুদ্ধে ভীষ্মাদয়ো ময়া হন্যন্তে অহমেব তেষাং হন্তেত্যেষা বুদ্ধির্মৃষৈব তে, কথং? য এনমিতি। য এনং প্রকৃতং দেহিনং বেত্তি

বিজানাতি হন্তারং হননক্রিয়ায়াঃ কর্ত্তারম্। যশ্চৈনমন্যো মন্যতে, হতং দেহহননেন হতোঽহমিতি হননক্রিয়ায়াঃ কর্ম্মভূতং, তাবুভৌ ন বিজানীতো ন জ্ঞাতবন্তৌ, অবিবেকেনাত্মানমহংপ্রত্যয়বিষয়ং হন্তাহং হতোঽস্ম্যহমিতি দেহহননেন আত্মানং যৌ বিজানীতস্তাবাত্মস্বরূপানভিজ্ঞাবিত্যর্থঃ, যস্মান্নায়মাত্মা ন হন্তি ন হননক্রিয়ায়াঃ কর্ত্তা ভবতি, ন চ হন্যতে নচ কর্ম্ম ভবতীত্যর্থঃ অবিক্রিয়ত্বাৎ ॥ ১৯ ॥

বলদেব।—এবং স্বোক্তস্য জীবাত্মনোহশোচ্যত্বমুক্ত্বা পরোক্তস্যাপি তস্য তদুচ্যতে পরমতজ্ঞানায়। তদভিজ্ঞঃ খলু শিষ্যস্তদবরৈস্তন্নিরস্য বিজয়ী সন্ স্বমতে স্থৈর্য্যমাসীৎ। তথাহি—মনুষ্যত্বাদিবিশিষ্টে ভূম্যাদিভূতচতুষ্টয়ে তাম্বূলরাগবৎ মদশক্তিবচ্চ চৈতন্যমুৎপ-দ্যতে, তাদৃশভূতচতুষ্টয়ভূতো দেহ এব আত্মা স চ স্থিরোঽপি প্রতিক্ষণপরিণামাৎ উৎপত্তিবিনাশযোগীতি লোকপ্রত্যক্ষসিদ্ধমিদমিতি লোকায়তিকা মন্যন্তে। দেহাভিন্নো বিজ্ঞানস্বরূপোঽপ্যাত্মা প্রতিক্ষণবিনাশীতি বৈভাষিকাদয়ো বৌদ্ধা বদন্তি। তদেতদুভয়মতেঽ-প্যাত্মনঃ শোচ্যত্বং প্রতিষেধতি অথেতি। অথেতি পক্ষান্তরে, চোঽপার্থে। ত্বং চেন্মদুক্তজীবাত্ম-যাথাত্ম্যাবগাহনাসমর্থো লোকায়তিকাদিপক্ষমালম্বসে, তত্র দেহাত্মপক্ষে এনং দেহলক্ষণ-মাত্মানং নিত্যং জাতং নিত্যং বা মৃতং মন্যসে। ক্ষণিকবিজ্ঞানপক্ষে চ নিত্যং প্রতিক্ষণং তং তথা তথা মন্যসে। বাশব্দশ্চার্থে। তথাপি ত্বমেনম্, "অহো বত মহৎ পাপম্" ইত্যাদি বচনৈঃ শোচিতুং নার্হসি। পরিণামস্বভাবস্য তস্য চাত্মনো জন্মবিনাশয়োরনিবার্য্যত্বাজ্জন্মান্তরা-ভাবেন পাপভয়াসম্ভবাচ্চ। হে মহাবাহো ইতি সোপহাসং সম্বোধনং ক্ষত্রিয়বর্য্যস্য বৈদি-কস্য চ তে নেদৃশং কুমতং ধার্য্যমিতি ভাব ॥ ২৫। ২৬ ॥

মধুসূদন।—এবমাত্মনো নির্ব্বিকারত্বেনাশোচ্যত্বমুক্তং, ইদানীং বিকারবত্ত্বমভ্যুপে-ত্যাপি শ্লোকদ্বয়েনাশোচ্যত্বং প্রতিপাদয়তি ভগবান্, তত্রাত্মা জ্ঞানস্বরূপঃ প্রতিক্ষণবিনাশীতি সৌগতাঃ, দেহএবাত্মা স চ স্থিরোঽপ্যনুক্ষণপরিণামী জায়তে নশ্যতি চেতি প্রত্যক্ষ-সিদ্ধমেবৈতদিতি লোকায়তিকাঃ দেহাতিরিক্তোঽপি দেহেন সহৈব জায়তে নশ্যতি চেত্যন্যে, সর্গাদ্যকাল এবাকাশবজ্জায়তে দেহভেদেঽপ্যনুবর্ত্তমান এবাকল্পস্থায়ী নশ্যতি প্রলয় ইত্যপরে, নিত্যএবাত্মা জায়তে ম্রিয়তে চেতি তার্কিকাঃ, তথাহি প্রেত্যভাবো জন্ম সচাপূর্ব্বদেহেন্দ্রিয়াদিসম্বন্ধঃ এবং মরণমপি পূর্ব্বদেহেন্দ্রিয়াদিবিচ্ছেদঃ ইদঞ্চোভয়ং ধর্ম্মাধর্ম্মনিমিত্তত্বাৎ তদাধারস্য নিত্যস্যৈব মুখ্যং, অনিত্যস্য তু দেহস্য কৃতহাস্যকৃতাভ্যাগম-প্রসঙ্গেন ধর্ম্মাধর্ম্মাধারত্বানুপপত্তেঃ। নচ জন্মমরণে মুখ্যে ইতি চ বদন্তি নিত্যস্যাপ্যাত্মনঃ কর্ণশষ্কুলীজন্মনাকাশস্যেব দেহজন্মনা জন্ম তন্নাশাচ্চ মরণং, তদুভয়মৌপাধিকমমুখ্যমেবেত্যন্যে, তত্রানিত্যত্বপক্ষেঽপি শোচ্যত্বমাত্মনো নিষেধয়তি অথ চৈনমিতি। অথেতি পক্ষান্তরে, চোঽ-প্যর্থে। যদি দুর্ব্বোধত্বাদাত্মবস্তুনোঽসকৃৎশ্রবণেঽপ্যবধারণাসামর্থ্যাদনুক্তপক্ষানঙ্গীকারেণ পক্ষান্তরমভ্যুপৈষি তত্রাপ্যনিত্যত্বপক্ষমেবাশ্রিত্য যদ্যেনমাত্মানং নিত্যং জাতং নিত্যং মৃতং বা মন্যসে, বাশব্দশ্চার্থে। ক্ষণিকত্বপক্ষে নিত্যং প্রতিক্ষণং, পক্ষান্তরে আবশ্যকত্বান্নিত্যং নিয়তং জাতোঽয়ং মৃতোঽয়মিতি লৌকিকপ্রত্যয়বশেন যদি করয়সি তথাপি হে মহাবাহো পুরুষধৌরেয় ইতি সোপহাসং কুমতাভ্যুপগমাৎ, ত্বয়োতাদৃশী কুদৃষ্টির্ন কর্ত্তব্যেতি নায়কস্যাং

বা, এবং "অহো বত মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্" ইত্যাদি যথা শোচসি এবং প্রকারম্ অনুশোকং কর্ত্তুং স্বয়মপি ত্বং তাদৃশ এব সন্ নার্হসি যোগ্যো ন ভবসি। ক্ষণিকত্বপক্ষে, দেহাত্মবাদপক্ষে, দেহেন সহ জন্মবিনাশপক্ষে চ জন্মান্তরাভাবেন পাপভয়াসম্ভবাৎ। পাপভয়েনৈব খলু ত্বমনুশোচসি, তচ্চৈতাদৃশে দর্শনে ন সম্ভবতীত্যর্থঃ। ক্ষণিকত্বপক্ষে চ দৃষ্টমপি দুঃখং ন সম্ভবতি বন্ধুবিনাশদর্শিত্বাভাবাদিত্যধিকম্। পক্ষান্তরে দৃষ্টদুঃখনিমিত্তং শোকমভ্যনুজ্ঞাতমেবকারঃ, দৃষ্টদুঃখনিমিত্তশোকসম্ভবেঽপ্যদৃষ্টদুঃখনিমিত্তঃ শোকঃ সর্ব্বথা নোচিত ইত্যর্থঃ, প্রথমশ্লোকস্য ॥ ২৬ ॥

নীলকণ্ঠ।—এবং তত্ত্বদৃষ্ট্যা শোকো নোচিত ইত্যুক্তম্, ইদানীং প্রাকৃতজনদৃষ্ট্যাপি শোকো নোচিত ইত্যাহ অথ চেত্তি। নিত্যং নিয়মেন জাতং নিত্যজাতমিতি চার্ব্বাকপক্ষঃ, নিত্যং সর্ব্বদা জাতমিতি ক্ষণিকবিজ্ঞানবাদিপক্ষঃ, নিত্যশ্চাসৌ অপূর্ব্বদেহেন্দ্রিয়সম্বন্ধাজ্জাতশ্চেতি তার্কিকাদিপক্ষঃ, এবং নিত্যং বা মন্যসে মৃতমিত্যপি যোজ্যম্। পক্ষত্রয়েঽপি শোকো ন যুক্তঃ, মহাবাহো ইতি যুদ্ধার্থমুৎসাহয়তি ॥ ২৬ ॥

বিশ্বনাথ।—তদেবং শাস্ত্রীয়তত্ত্বদৃষ্ট্যা ত্বামহং প্রবোধয়ন্ ব্যবহারিকতত্ত্বদৃষ্ট্যাপি প্রবোধয়াম্যবধেহীত্যাহ অথেত্তি। নিত্যজাতং দেহে জাতে সত্যেব নিত্যং নিয়তং জাতং মন্যসে, তথা দেহএব মৃতে মৃতং নিত্যং নিয়তং মন্যসে। মহাবাহো ইতি পরাক্রমবতঃ ক্ষত্রিয়স্য তব তদপি যুদ্ধমাবশ্যকং স্বধর্ম্মঃ। যদুক্তং "ক্ষত্রিয়াণাময়ং ধর্ম্মঃ প্রজাপতিবিনির্ম্মিতঃ। ভ্রাতাপি ভ্রাতরং হন্যাদ্যেন ঘোরতরস্ততঃ।" ইতি ভাবঃ ॥ ২৫। ২৬ ॥

তাৎপর্য্য।—আত্মার অজত্ব ও নিত্যত্বাদি সম্বন্ধে বিবিধ জ্ঞানগর্ভ উপদেশ এবং যুক্তি ও প্রমাণাদি প্রযোগ করিয়া অধুনা ভগবান্ অন্যরূপ যুক্তি পথে যুদ্ধের বৈধতা ও হনন-ক্রিযার নির্দ্দোষিতা সপ্রমাণ করিবার প্রয়াস করিতেছেন। আত্মতত্ত্ব সম্বন্ধে যেরূপ সাধারণ বিশ্বাস প্রচলিত আছে, এ স্থলে ভগবান্ তাহাই উত্থাপিত করিতেছেন। সাধারণতঃ লোকে মনে করে, দেহের সহিত আত্মা জন্ম পরিগ্রহ করে এবং দেহনাশেই আত্মনাশ সংঘটিত হয়। ভগবান্ বলিতেছেন, হে বিপুল-বাহু-বল-সম্পন্ন বীরোত্তম অর্জ্জুন। যদি তুমিও সাধারণ লোকের ন্যায় উল্লিখিত ভ্রমাত্মক বিশ্বাসের বশবর্ত্তী এবং শোকাচ্ছন্ন হইয়া সমরে পশ্চাৎপদ হও, তাহা হইলে তোমার সর্ব্বজন-সমাদৃত বীরত্ব লোকসমাজে নিন্দাস্পদ হইয়া উঠিবে। অতএব তাদৃশ ব্যবহার তোমার পক্ষে কখনই উচিত নহে। তুমি মহাবাহু ক্ষত্রিয়, যুদ্ধই তোমার প্রিয়কার্য্য, অনর্থক শোকোচ্ছ্বাস তোমার ধর্ম্ম-বিরুদ্ধ।

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি, শ্রীমদ্ধনুমানের অভিপ্রায়।

যদি তুমি লোকায়তগণের (২৪৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) মতানুসারে শরীরের জন্মে আত্মার জন্ম এবং শরীরের নাশে আত্মার নাশ হয় মনে কর, তাহা হইলেও জন্মশীল পদার্থের নাশ এবং নাশশীল পদার্থের জন্ম অবশ্যম্ভাবী এই কথা বিচার করিয়া তোমার শোক করা উচিত হয় না।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। যদি তুমি আত্মাকে দেহাতিরিক্ত মুক্ত-লক্ষণ-পুরুষ স্বীকার না করিয়া, দেহের ন্যায় নিত্যজাত ও নিত্য মৃত মনে কর তাহা হইলেও তোমার শোক করা উচিত নহে। কারণ দেহ পরিণাম ধর্ম্মাক্রান্ত, সুতরাং তাহার উৎপত্তি ও বিনাশ অপরিহার্য্য, অতএব এক দেহনাশে তৎসহ আত্মনাশ হইলেও, অন্য দেহোৎপত্তির সহিত আত্মোৎপত্তি অবশ্যই হইবে।

পূজ্যপাদ শ্রীমৎশ্রীধরস্বামীর অভিপ্রায়। আত্মাকে যদি পুণ্য ও পাপের ফলভূত জন্ম মরণের অনুগামী বলিয়া জ্ঞান কর, তাহা হইলেও তজ্জন্য শোকের কোনই অবসর থাকিতেছে না। কারণ জন্ম-মরণ-ধর্ম্মাক্রান্ত দেহের সহিত আত্মারও পুনঃ পুনঃ জন্ম-মরণ হইবে

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব বিদ্যাভূষণ মহাশয়ের অভিপ্রায়। জীবাত্মা অশোচ্য এই তত্ত্ব পূর্ব্বে নিজ বাক্যে প্রতিপাদন করিয়া অধুনা ভগবান্ ভিন্ন মতাবলম্বী সাম্প্রদায়িকগণের মত উত্থাপন করিয়া আত্মার অশোচ্যত্ব প্রতিপাদন ব্যপদেশে শিষ্যকে উপদেশ প্রদান করিতেছেন। ভূম্যাদি ভূত চতুষ্টয়(নাস্তিকগণ আকাশকে ভূত বলিয়া স্বীকার করেন না) সমষ্টিস্বরূপ মনুষ্যের দেহাদিতে তত্তদ্ভৌতিক পদার্থের সমাবেশ হেতু অপূর্ব্ব বস্তু-শক্তি বশতঃ চৈতন্য সঞ্জাত হয়। তাম্বূল,খদির ও চূর্ণ সংযুক্ত হইয়া অপূর্ব্ব রক্তিমা উৎপাদন করে। সুরা মানবের উদরে প্রবেশ করিয়া তাহাকে অপূর্ব্ব মত্ততার আস্পদ করে। সেইরূপ ভূতচতুষ্টয় (ক্ষিতি, জল, বায়ু, তেজ) সম্মিলিত হইয়া এই চৈতন্যময় দেহ সংঘটিত করে,সেই দেহই আত্মা। কিন্তু পরিণাম-ধর্ম্মাক্রান্ত ভূত-চতুষ্টয় স্বরূপ আত্মা ক্ষণে ক্ষণে উৎপত্তিবিনাশ-বিশিষ্ট। বৈভাষিক অর্থাৎ বৌদ্ধমতে আত্মা বিজ্ঞানস্বরূপ এবং দেহ হইতে ভিন্ন। সুতরাং এই উভয় মতে আত্মা কদাপি শোকের বিষয়ীভূত হইতে পারেন না।"মহাবাহো" উপহাসসূচক সম্বোধন বাক্য। তুমি ক্ষত্রিয়শ্রেষ্ঠ, এবং বেদান্তিজ্ঞ, এতাদৃশ কুমত পোষণ করা তোমার কখনই উচিত নহে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। যদি তুমি মদুক্ত আত্মার নিত্যত্ববিষয়ক বাক্যে আস্থা স্থাপন না করিয়া আত্মাকে অনিত্য বোধ কর এবং তাঁহার বারংবার জন্ম ও বারংবার মৃত্যু হয় মনে কর, অথবা ক্ষণিকবাদিগণের (২৪৬ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) মতানুসারে আত্মাকে ক্ষণস্থায়ী বলিয়া কল্পনা কর, কিংবা লোকায়তগণের মতানুসারে আত্মাকে নিয়তজাত ও নিয়ত মৃত বলিয়া বিবেচনা কর, তাহা হইলেও তোমার ন্যায় মহাবীরের অধুনা যে কুমত-প্রণোদিত কাতরতা পরিদৃষ্ট হইতেছে, তাহা নিতান্ত হাস্যজনক বলিতে হইবে। তোমার "অহো বত মহৎপাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ম্" (১ম অধ্যায় ৪৪ শ্লোক) ইত্যাদি অনুকম্পা-পরিপূরিত কাতরবাক্য নিতান্ত অসঙ্গত ও অযোগ্য। যদি তুমি দেহকেই আত্মা বলিয়া মনে কর, তাহা হইলে দেহনাশে সংসারের সম্বন্ধ সমাপ্ত হইবে, পুনর্জ্জন্ম হইবে না, সুতরাং পাপের নিমিত্ত কোন ভয়ের কারণ নাই; অথচ তুমি পাপভয়েই শোকাচ্ছন্ন ও সমর-বিমুখ হইতেছ। বস্তুতঃ তোমার এ বিচার যৎপরোনাস্তি অসঙ্গত। ক্ষণিকত্বপক্ষে, দুঃখকে সমুপস্থিত দেখিয়াও তজ্জন্য শোক প্রকাশ করা অসম্ভব; কারণ আত্মার ক্ষণোৎপত্তি ও ক্ষণবিনাশ-শীলতাহেতু বর্ত্তমান ক্ষণদৃষ্ট পদার্থ বা অনুভূত বিষয় আত্মার ক্ষণে ক্ষণে তিরোধানের সহিত তিরোহিত হয়। অতএব দর্শিত্বের অভাব বশতঃ বন্ধু-বিনাশ কে প্রত্যক্ষ করিবে? পক্ষান্তরে দৃষ্ট দুঃখের নিমিত্ত শোক সম্ভব হই-লেও, অদৃষ্ট দুঃখের নিমিত্ত কাল্পনিক শোক নিতান্ত এবং সর্ব্বথা অনুচিত।

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তি-মহাশয়ের অভিপ্রায়। "মহাবাহো" এই সম্বোধন দ্বারা তোমার ন্যায় পরাক্রমবান্ ক্ষত্রিয়ের যুদ্ধরূপ স্বধর্ম্ম পরিপালন অত্যাবশ্যক ইহাই সূচিত হইতেছে। শাস্ত্রে উক্ত আছে, "ব্রহ্মা কর্ত্তৃক ক্ষত্রিয়দিগের এরূপ ধর্ম্ম নিরূপিত হইতেছে যে, ভ্রাতাও ভ্রাতাকে বধ করিতে পারে'॥ ২৬॥

——•:):•:(:•——

জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি॥ ২৭॥

অন্বয়।—হি (যস্মাৎ) জাতস্য (লব্ধজন্মনঃ প্রাণিনঃ) মৃত্যুঃ

(মরণং) ধ্রুবঃ (নিশ্চিতঃ) মৃতস্য (বিগতজীবস্য) চ জন্ম (দেহান্তরলাভঃ) ধ্রুবং তস্মাৎ ত্বং (অর্জ্জুনঃ) অপরিহার্য্যে-অর্থে (অপ্রতিবিধেয়বিষয়ে) শোচিতুং (শোকং কর্ত্তুং) ন অর্হসি (যোগ্যো ভবসি) ॥ ২৭ ॥

প্রতিশব্দ।—যেহেতু প্রাপ্ত-জন্ম-প্রাণীর মরণ নিশ্চিত এবং বিগত-প্রাণের জন্ম নিশ্চিত, সেই-হেতু তুমি অবশ্যম্ভাবী-বিষয়ে শোক-করিতে যোগ্য নহ ॥ ২৭ ॥

ব্যাখ্যা।—যে জন্ম গ্রহণ করিয়াছে, তাহাকে অবশ্যই মৃত্যুমুখে পতিত হইতে হইবে এবং যে কালগ্রাসে নিপতিত হইয়াছে, তাহাকে অবশ্যই পুনরায় জন্ম পরিগ্রহ করিতে হইবে। এই সত্য অব্যভিচারী। সুতরাং হে অর্জ্জুন! জন্ম মরণরূপ অবশ্যম্ভাবী ও অপ্রতিবিধেয় ঘটনার নিমিত্ত শোকাচ্ছন্ন হওয়া তোমার কখনই উচিত হয় না ॥ ২৭ ॥

শঙ্করাচার্য্য।—তথা চ সতি জাতস্যেতি। জাতস্য হি লব্ধজন্মনো ধ্রুবোঽব্যভিচারী মৃত্যুর্ম্মরণং, ধ্রুবং জন্ম মৃতস্য চ, তস্মাদপরিহার্য্যোঽয়ং জন্মমরণলক্ষণোঽর্থস্তস্মিন্নপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥ ২৭ ॥

আনন্দগিরি।—তয়োরবশ্যং ভাবিত্বে সত্যনুশোকস্যাকর্ত্তব্যত্বে হেত্বন্তরমাহ তথাচেতি ॥ ২৭ ॥

রামানুজ।—উৎপন্নস্য হি বিনাশো ধ্রুবঃ, অবর্জনীয় উপলভ্যতে, তথা বিনষ্টস্যাপি জন্মাবর্জ্জনীয়ম্। কথমিদমুপলভ্যতে বিনষ্টস্যোৎপত্তিরিতি? সত এবোৎপত্তেরুপলব্ধেঃ, অসতশ্চানুপলব্ধেঃ, সত্যমুচ্যতে, উৎপত্তিবিনাশাদয়ঃ সতো দ্রব্যস্যাবস্থাবিশেষাঃ। তন্তুপ্রভৃতিদ্রব্যাণি সন্ত্যেব রচনাবিশেষবুক্তানি পটাদীনীত্যুচ্যন্তে। অসৎকার্য্যবাদিনাং চৈতদুপলভ্যতে; নহি তত্র তন্তুসংস্থানবিশেষাতিরেকেণান্যৎ দ্রব্যান্তরং প্রতীয়তে, কারকব্যাপারনামান্তরভজনব্যবহারবিশেষাণামেতাবতৈবোপপত্তেঃ, নচ দ্রব্যান্তরকল্পনা যুক্তা, অত উৎপত্তিবিনাশাদয়ঃ সতো দ্রব্যস্যাবস্থাবিশেষাঃ। উৎপত্ত্যাখ্যামবস্থামাপন্নস্য দ্রব্যস্য তদ্বিরোধ্যবস্থান্তরপ্রাপ্তির্ব্বিনাশ ইত্যুচ্যতে, মৃদ্দ্রব্যস্য পিণ্ডত্ব-ঘটত্ব-কপালত্ব-চূর্ণত্বাদিবৎ পরিণামিদ্রব্যস্য পরিণামপরম্পরা অবর্জনীয়া। তত্র পূর্ব্বাবস্থস্য দ্রব্যস্যোত্তরাবস্থাপ্রাপ্তির্ব্বিনাশঃ, সৈব তদবস্থস্যোৎপত্তিঃ। এবমুৎপত্তিবিনাশাখ্যপরিণামপরম্পরা পরিণামিনো দ্রব্যস্যাপরিহার্য্যেতি ন তত্র শোচিতুমর্হসি ॥ ২৭ ॥

হনুমান্।—তদেব দর্শয়তি জাতস্যেতি। জন্মবতো নাশঃ নাশবতো জন্ম স্বাভাবিক-শ্চেদপরিহার্য্যোঽয়ং, তস্মাদপরিহার্য্যেঽর্থে ন ত্বং শোচিতুমর্হসি ॥ ২৭ ॥

শ্রীধর।—কুত ইত্যত আহ জাতস্য হীতি। হি যস্মাজ্জাতস্য স্বারম্ভককর্ম্মক্ষয়ে মৃত্যু-র্ধ্রুবো নিশ্চিতঃ, মৃতস্য চ তত্তদ্দেহকৃতেন কর্ম্মণা জন্মাপি ধ্রুবমেব, তস্মাদেবমপরিহার্য্যেঽর্থে-ঽবশ্যম্ভাবিনি জন্মমরণলক্ষণে অর্থে ত্বং বিদ্বান্ শোচিতুং যোগ্যো ন ভবসি ॥ ২৭ ॥

বলদেব।—অথ শরীরাতিরিক্তো নিত্য আত্মা, তস্যাপূর্ব্বশরীরেন্দ্রিয়যোগো জন্ম, পূর্ব্বশরীরেন্দ্রিয়বিয়োগস্তু মরণং, তদুভয়ঞ্চ ধর্ম্মাধর্ম্মহেতুকত্বাৎ তদাশ্রয়স্য নিত্যস্যাত্মনো মুখ্যম্। তদতিরিক্তস্য শরীরস্য তু গৌণম্। তস্যানিত্যস্য কৃতহান্যকৃতাভ্যাগমপ্রসঙ্গেন তদাশ্রয়ত্বানু-পপত্তেরিতি তার্কিকা মন্যন্তে। তৎপক্ষেঽপ্যাত্মনঃ শোচ্যত্বং পরিহরতি জাতস্যেতি। হির্হেতৌ। জাতস্য স্বকর্ম্মবশাৎ প্রাপ্তশরীরাদিযোগস্য নিত্যস্যাপ্যাত্মনস্তদারম্ভককর্ম্মক্ষয়-হেতুকো মৃত্যুর্ধ্রুবো নিশ্চিতঃ, মৃতস্য তচ্ছরীরকৃতকর্ম্মহেতুকং জন্ম চ ধ্রুবং স্যাৎ। তস্মা-দেবমপরিহার্য্যো পরিহর্ত্তুমশক্যে জন্মমরণাত্মকেঽর্থে ত্বং বিদ্বান্ শোচিতুং নার্হসি। ত্বয়ি যুদ্ধান্নিবৃত্তেঽপ্যেতে স্বারম্ভকে কর্ম্মণি ক্ষীণে সতি মরিষ্যন্ত্যেব। তব তু স্বধর্ম্মাদ্বিচ্যুতির্ভাবি-নীতি ভাবঃ ॥ ২৭ ॥

মধুসূদন।—নন্বাত্মন আভূতসংপ্লবস্থায়িত্বপক্ষে নিত্যত্বপক্ষে চ দৃষ্টাদৃষ্টদুঃখসম্ভবাৎ তত্তয়েন শোচামীত্যত আহ জাতস্যেতি দ্বিতীয় শ্লোকেন। হি যস্মাৎ জাতস্য স্বকৃতধর্ম্মাধর্ম্মাদি-বশাল্লব্ধশরীরেন্দ্রিয়াদিসম্বন্ধস্য স্থিরস্যাত্মনো ধ্রুব আবশ্যকো মৃত্যুস্তচ্ছরীরাদিবিচ্ছেদঃ, তদারম্ভককর্ম্মক্ষয়নিমিত্তঃ সংযোগস্য বিয়োগাবসানত্বাৎ, তথা ধ্রুবং জন্ম মৃতস্য চ প্রাগ্দেহকৃত-কর্ম্মফলোপভোগার্থং সানুশয়স্যৈব প্রস্থিতত্বান্ন জীবন্মুক্তের্ব্যভিচারঃ। তস্মাদেবমপরিহার্য্যো পরিহর্ত্তুমশক্যোঽস্মিন্ জন্মমরণলক্ষণেঽর্থে বিষয়ে ত্বমেবং বিদ্বান্ ন শোচিতুমর্হসি। তথাচ বক্ষ্যতি "ঋতেঽপি ত্বাং ন ভবিষ্যন্তি সর্ব্বে" ইতি, যদি হি ত্বয়া যুদ্ধেনাহন্যমানা এতে জীবেয়ুরেব তদা যুদ্ধায় শোকস্তবোচিতঃ স্যাৎ, এতে তু কর্ম্মক্ষয়াৎ স্বয়মেব ম্রিয়ন্তে ইতি তৎপরিহারাসমর্থস্য তব দৃষ্টদুঃখানিমিত্তঃ শোকো নোচিত ইতি ভাবঃ। এবমদৃষ্টদুঃখনিমিত্তেঽপি শোকে তস্মাদ-পরিহার্য্যেঽর্থে ইত্যেবোত্তরম্। যুদ্ধাখ্যং হি কর্ম্ম ক্ষত্রিয়স্য নিয়তং অগ্নিহোত্রাদিবৎ, যচ্চ "যুধ সংপ্রহারে" ইত্যস্মাদ্ধাতোর্নিষ্পন্নং শত্রুপ্রাণবিয়োগানুকূলশস্ত্রপ্রহাররূপং বিহিতত্বাদগ্নীষোমী-য়াদিহিংসাবন্ন প্রত্যবায়জনকম্। তথাচ গৌতমঃ স্মরতি, "ন দোষো হিংসায়ামাহবেঽন্যত্র ব্যশ্বাসারথ্যনাযুধকৃতাঞ্জলিপ্রকীর্ণকেশপরাঙ্মুখোপবিষ্টস্থলবৃক্ষারূঢ়দূতগোব্রাহ্মণবাদিভ্যঃ" ইতি। ব্রাহ্মণশব্দগ্রহণঞ্চাত্রাযোদ্ধৃব্রাহ্মণবিষয়ং, গবাদিপ্রায়প্রপাঠাদিতি স্থিতম্। এতচ্চ সর্ব্বং "স্বধর্ম্মমপি চাবেক্ষ্য" ইত্যত্র স্পষ্টীকরিষ্যতে। তথাচ যুদ্ধলক্ষণেঽর্থেঽগ্নিহোত্রাদিবদ্বিহিতত্বাদপরিহার্য্যে পরিহর্ত্তুমশক্যে তদকরণে প্রত্যবায়প্রসঙ্গাৎ, ত্বমদৃষ্টদুঃখভয়েন শোচিতুং নার্হসীতি পূর্ব্ববৎ। যদি তু যুদ্ধাখ্যং কর্ম্ম কাম্যমেব, "য আহবেষু যুধ্যন্তে ভূম্যর্থমপরাঙ্মুখাঃ। অকূটৈরায়ুধৈর্যান্তি

স্তে স্বর্গং যোগিনো যথা॥" ইতি যাজ্ঞবল্ক্যবচনাৎ, "হতো বা প্রাপ্স্যসে স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্" ইতি ভগবদ্বচনাচ্চ। তদাপি প্রারব্ধস্য কাম্যস্যাপি অবশ্যপরিসমাপনীয়ত্বেন নিত্যতুল্যত্বাৎ; ত্বয়া যুদ্ধস্য প্রারব্ধত্বাদপরিহার্য্যত্বং তুল্যমেব। অথবা আত্মনিত্যত্বপক্ষ এব শ্লোকদ্বয়মর্জ্জুনস্য পরমাস্তিকস্য বেদবাহ্যমতাভ্যুপগমাসম্ভবাৎ। অক্ষরযোজনা তু নিত্যশ্চাসৌ দেহেন্দ্রিয়াদিসম্বন্ধবশাৎ জাতশ্চেতি নিত্যজাতস্তং এনমাত্মানং নিত্যমপি সন্তং জাতঞ্চেন্মন্যসে, তথা নিত্যমপি সন্তং মৃতঞ্চেন্মন্যসে তথাপি ত্বং নানুশোচিতুমর্হসীতি প্রতিজ্ঞায় হেতুমাহ জাতস্য হীত্যাদিনা। নিত্যস্য জাতত্বং মৃতত্বঞ্চ প্রাগ্ব্যাখ্যাতং, স্পষ্টমন্যৎ, ভাষ্যমপ্যস্মিন্ পক্ষে যোজনীয়ম্॥ ২৭॥

নীলকণ্ঠ।—শোচিতুং নার্হসীত্যুক্তং তত্র হেতুমাহ জাতস্যেতি। ধ্রুবোঽপরিহার্য্যঃ মৃত্যুর্ম্মরণম্. অপরিহার্য্যেঽর্থে মরণাখ্যে স্বদুদ্যোগং বিনাপি অবশ্যং ভাবিনি বিষয়ে ন ত্বং শোচিতুমর্হসি। বক্ষ্যতি চ, "ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব" ইতি॥ ২৭॥

বিশ্বনাথ।—জাতস্যেতি। হি যস্মাৎ তস্য আরম্ভককর্ম্মক্ষয়ে মৃত্যুর্ধ্রুবো নিশ্চিতঃ। মৃতস্য তদ্দেহকৃতেন কর্ম্মণা জন্মাঽপি ধ্রুবমেব। অপরিহার্য্যেঽর্থে ইতি মৃত্যুর্জন্ম চ পরিহর্ত্তুমশক্যমেবেত্যর্থঃ॥ ২৭॥

তাৎপর্য্য।—সংসারে যে কেহ একবার জন্ম পরিগ্রহ করিয়াছে,অখণ্ডনীয় নিয়ম-প্রভাবে তাহাকে নিশ্চয়ই কালগ্রাসে পতিত হইতে হইবে,এবং পুনরায় রূপান্তর ধারণ করিয়া আবির্ভূত হইতে হইবে। শীঘ্র বা বিলম্বে—অদ্যই হউক বা দশদিন পরেই হউক,জাত জীবমাত্রই মরণ নামক অপ্রতিবিধেয় ধর্ম্মের অধীন হইবে এবং মরণান্তে পুনরায় জন্ম গ্রহণ করিবে। যে মানব, মৃত্যুর পক্ষপাত-বিবর্জ্জিত শাসন স্মরণ না করিয়া, প্রতিনিয়ত বিলাসোন্মত্ত ও ভোগসুখাসক্ত ভাবে কালাতিপাত করিতেছে,এবং যে ব্যক্তি অবিরত সাংসারিক অশেষ দুঃখের কঠোর আঘাতে ব্যথিত ও বিধ্বস্তহৃদয় হইয়া নিরন্তর শমন-সমাগম কামনা করিতেছে; তাহাদের উভয়কেই যথাকালে মৃত্যুমুখে পতিত হইতে হইবে। মরণ হইবে না মনে করিয়া আশ্বস্ত হৃদয়ে নিরুদ্বিগ্ন চিত্তে কালপাত কর,বা মরণ অবশ্যম্ভাবী জানিয়া প্রতিনিয়ত তাহার নিমিত্ত প্রস্তুত হইয়া থাক; যথাকালে মৃত্যু তোমাকে অবশ্যই গ্রহণ করিবে। সুরভি-কুসুম-সমাচ্ছন্ন সুখসৌধ, বা ক্লেশ-কণ্টকাকীর্ণ দুঃখকুটীর উভয়ত্রই মৃত্যুর অব্যাহত গতি। কিন্তু মৃত্যুই চরম গতি নহে। কর্ম্মফলানুসারে মরণান্তে আবার নবরূপ ধারণ করিয়া জীবমাত্রকেই ভব-রঙ্গভূমিতে প্রবেশ করিতে হইবে। মোহাচ্ছন্ন জীবগণ, মরণই সমাপ্তি জ্ঞান

করিয়া, ভীতি-বিকলিত হৃদয়ে মরণের কথা স্মরণ করে এবং জীবনকে চিরস্থায়ী করিবার বাসনায় বিবিধ প্রযত্ন-পরতন্ত্র হয়। কিন্তু হায়! জীবন ও মৃত্যু উভয়ই সমভাবে স্ব স্ব নির্দ্দিষ্ট কার্য্য সম্পন্ন করিতে করিতে পর্য্যায়-ক্রমে পর্য্যটন করিতেছে। ঊষার হৈমময়ী দ্যুতি জগতকে মনোহরালোকে বিভাসিত করে, কিন্তু অচিরকাল মধ্যে তামসী নিশার তিমিরজালে বসুন্ধরা অন্ধকারাচ্ছন্ন হয়; পুনরায় প্রভাতের বিহঙ্গম-কাকলী সহকারে দিবার আবির্ভাব হইয়া জগৎকে পুলকিত করে। দিবার পর রাত্রি, এবং রাত্রির পর দিবা যেরূপ অব্যাহতভাবে বিশ্ব-রাজ্যে বিচরণ করিতেছে, জন্মের পর মৃত্যু এবং মৃত্যুর পর জন্মও তদ্রূপ অবিসংবাদিতভাবে পৃথ্বিরাজ্যে প্রতিনিয়ত পরিভ্রমণ করিতেছে। অতএব হে শোকবিমুগ্ধ সখে! জন্ম ও মরণ কদাপি শোকজনক নহে। তুমি এই অপ্রতিবিধেয় বিষয়ের নিমিত্ত শোকাচ্ছন্ন হইয়া মূঢ়-জনোচিত ব্যবহার করিতেছ মাত্র *।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য লিখিয়াছেন।: উৎপত্তি ও বিনাশ অর্থাৎ জন্ম ও মৃত্যু দ্রব্যের অবস্থা বিশেষ মাত্র। দ্রব্যের উৎপত্তি নামক অবস্থা প্রাপ্তির পর, সেই অবস্থায় যে বিরোধী অবস্থা আবির্ভূত হয়, তাহার নাম বিনাশ। মৃদ্দ্রব্যের পিণ্ডত্ব, ঘটত্ব, কপালত্ব, চূর্ণত্ব প্রভৃতি পরিণাম স্থলে পূর্ব্ব অবস্থার অবসানের নাম বিনাশ এবং উত্তর অবস্থা প্রাপ্তির নাম উৎপত্তি। অর্থাৎ ঘট ভগ্ন হইয়া কপালে (খর্পর বা খোলায়) পরিণত হইল; ঘটত্বের বিনাশ হইয়া কপালত্বের উৎপত্তি হইল। পরিণামি পদার্থ মাত্রেরই ইত্যাকার পরিণাম-পরম্পরা অপরিহার্য্য, অতএব সে জন্য শোক করা উচিত নহে।

পূজ্যপাদ শ্রীমৎ শ্রীধর স্বামী লিখিয়াছেন। আরব্ধ কর্ম্মক্ষয়ে জাত জীবমাত্রেরই মরণ অবশ্যম্ভাবী। পরিগৃহীত শরীরে যে যেরূপ কর্ম্ম করিয়াছে, তাহার ফলানুসারে তাহার পুনর্জ্জন্মও অবশ্যম্ভাবী।: হে অর্জ্জুন! তুমি বিদ্বান্; জন্ম-মরণ হেতু শোক করা তোমার অযোগ্য।

পূজ্যপাদ শ্রীমদ্বলদেব গোস্বামীর অভিপ্রায়। আত্মা শরীরের অতিরিক্ত

* ভাষ্যকার পূজ্যপাদ আচার্য্য মহাশয় এই ভাবের একটী সুন্দর শ্লোক রচনা করিয়াছেন। যথা; যাবজ্জননং তাবন্মরণং তাবজ্জননীজঠরে শয়নম্। মোহমুদ্গর। শ্রীমদ্ভাগবতেও এই ভাব বিবৃত হইয়াছে। যথা; মৃত্যু র্জন্মবতাং বীর দেহেন সহ জায়তে। অদ্য বাব্দশতান্তে বা মৃত্যুর্বৈ প্রাণিনাং ধ্রুবঃ। ১০।১।৩৮।

এবং নিত্য"। আত্মাতে "অপূর্ব্ব-শরীর ও ইন্দ্রিয়-যোগের নাম জন্ম এবং পূর্ব্ব শরীর ও ইন্দ্রিয়ের বিয়োগের নাম মৃত্যু। এই উভয় অবস্থাই ধর্ম্মা-ধর্ম্মের হেতুভূত এবং নিত্য আত্মা তাহার আশ্রয় স্বরূপ। এই জন্যই আত্মার পক্ষে শরীরাদি যোগ-জনিত জন্ম এবং বিয়োগ-জনিত মৃত্যু মুখ্য এবং শরীরের পক্ষে তদুভয় গৌণ। নৈয়ায়িক পণ্ডিতগণ এ স্থলে কৃতহানি এবং অকৃতাভ্যাগম (২৩১ পৃষ্ঠা দ্রষ্টব্য) প্রসঙ্গের উত্থাপন করিয়া আত্মার আশ্রয়ত্ব সম্বন্ধে তর্ক উপস্থিত করেন। সেরূপ স্থলেও আত্মার নিমিত্ত শোকের কোন কারণ নাই। তুমি যুদ্ধে বিরত হইলেও, তোমার প্রতিযোগিবর্গ স্ব স্ব আরব্ধ কর্ম্মফলের অবসানে নিশ্চয়ই মৃত্যুগ্রাসে পতিত হইবে। সুতরাং যুদ্ধ না করিলে কেবল অনর্থক তোমার স্বধর্ম্মচ্যুতি সঙ্ঘটিত হইবে মাত্র।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। স্বকৃত ধর্ম্মাধর্ম্মানুসারে নিত্য আত্মার শরীরেন্দ্রিয়াদি সম্বন্ধরূপ জন্ম এবং শরীরাদি বিচ্ছেদরূপ মৃত্যু অবশ্যম্ভাবী। আরব্ধ কর্ম্মক্ষয় নিমিত্ত বিয়োগের অবসানে অর্থাৎ মৃত্যুর পর সংযোগ অর্থাৎ জন্ম হয়। তদ্রূপ পূর্ব্বদেহকৃত কর্ম্মফল ভোগের নিমিত্ত, জন্মও অপরিহার্য্য। তপশ্চর্য্যাদি দ্বারা জীবন্মুক্তি লাভ করিতে না পারিলে জন্ম ও মৃত্যুর হস্ত হইতে অব্যাহতি লাভের কোনই সম্ভাবনা নাই। অতএব তোমার ন্যায় বিদ্বান্ ব্যক্তির এরূপ অবশ্যম্ভাবী ব্যাপারের নিমিত্ত শোক করা শোভা পায় না। যদি তুমি যুদ্ধে বিরত হইলে এই যোদ্ধৃবর্গ চিরজীবী হন, তাহা হইলে তোমার কাতরতা অবশ্যই সুসঙ্গত। কর্ম্মক্ষয় হইলে ইঁহারা সকলেই স্বভাবতঃ প্রাণত্যাগ করিবেন, তৎপক্ষে কোনই সন্দেহ নাই; সুতরাং আত্মীয় বিয়োগজনিত দৃষ্টদুঃখ অর্থাৎ উপস্থিত ক্লেশ নিতান্ত অনাবশ্যক এবং পরিণামে কি হইবে ইত্যাকার চিন্তাসম্ভূত যে অদৃষ্ট দুঃখ তাহাও নিতান্ত অমূলক; কারণ তাঁহাদের ভবিষ্যৎ সম্বন্ধে তোমার কোনই কর্ত্তৃত্ব নাই। অগ্নিহোত্রাদি যজ্ঞ কর্ম্মের ন্যায় যুদ্ধ ক্ষত্রিয়ের অবশ্য করণীয় কর্ম্ম। যুধ্ (সংহার) এই ধাতু নিষ্পন্ন যুদ্ধে শত্রুসংহারের অনুকূল অস্ত্রক্ষেপণ ক্ষত্রিয়ের পক্ষে বিহিত কার্য্য; সুতরাং অগ্নীষোমীয়াদি যজ্ঞে প্রাণিহিংসা যেরূপ প্রত্যবায়জনক নহে, যুদ্ধে শত্রু-হননও ক্ষত্রিয়ের পক্ষে সেইরূপ প্রত্যবায়জনক নহে। গৌতম বলিয়াছেন, যুদ্ধে হিংসাজনিত দোষ হয় না, অন্যত্র অশ্ববিহীন, সারথিশূন্য, অস্ত্রহীন, কৃতাঞ্জলি, প্রকীর্ণ-

কেশ, পরাঙ্মুখোপবিষ্ট, বৃক্ষারূঢ়, দূত, গো, ব্রাহ্মণাদি বধে দোষ হয়।" "স্বধর্ম্মমপি চাবেক্ষ্য" ইত্যাদি পরবর্ত্তী শ্লোকে এই সকল বিষয় অধিকতর পরিস্ফুট হইবে। ক্ষত্রিয়ের যুদ্ধ-কার্য্য অগ্নিহোত্রাদির ন্যায় বিহিত, সুতরাং অপরিহার্য্য; কারণ তাহা না করিলে প্রত্যবায় ঘটে। সত্য বটে যুদ্ধ কাম্য-কর্ম্ম-বিশেষ। যোগী যাজ্ঞবল্ক্য বলিয়াছেন, "যে সকল ব্যক্তি ভূমি ও অর্থ কামনায় অস্ত্রশস্ত্রাদি সহকারে অকপট চিত্তে যুদ্ধ করিতে পরাঙ্মুখ না হন, তাঁহারা যোগিগণের ন্যায়, স্বর্গধামে গমন করেন।" শ্রীভগবান্ও এই গ্রন্থের স্থানান্তরে বলিয়াছেন, "যুদ্ধে হত হইয়া স্বর্গ লাভ কর, বা জয়ী হইয়া অবনীমণ্ডলের আধিপত্য উপভোগ কর।" (২ অধ্যায় ৩৭ শ্লোক) এই সকল প্রমাণে যুদ্ধ কাম্যকর্ম্মরূপে পরিগণিত হইলেও, প্রারব্ধ কাম্যকর্ম্মও অবশ্য পরিসমাপনীয়। এই যুদ্ধে তুমি পূর্ব্ব হইতে প্রবৃত্ত হইয়াছ; সুতরাং এই প্রারব্ধ কর্ম্ম পরিসমাপ্ত করিতে তুমি বাধ্য। তুমি পরম ধার্ম্মিক, তোমার ন্যায় ব্যক্তির পক্ষে বেদবিহিত কর্ত্তব্য কর্ম্মের অপরিপালন অসম্ভব।

পূজ্যপাদ শ্রীমন্নীলকণ্ঠ সূরির অভিপ্রায়। শ্রীভগবান্ এই গ্রন্থের স্থানান্তরে বলিয়াছেন, "আমার দ্বারা ইহারা পূর্ব্বেই নিহত হইয়াছে" (১১ অধ্যায় ৩৩ শ্লোক)। সুতরাং মৃত্যু অবশ্যম্ভাবী। তাদৃশ অপরিহার্য্য বিষয়ের নিমিত্ত শোক-মুগ্ধ হওয়া অনুচিত ॥ ২৭ ॥

—•:•:•—

অব্যক্তাদীনি ভূতানি ব্যক্তমধ্যানি ভারত!
অব্যক্তনিধনান্যেব তত্র কা পরিদেবনা ॥ ২৮ ॥

অন্বয়।—ভারত (ভরতকুলজাত অর্জ্জুন) ভূতানি (প্রাণিনঃ) অব্যক্ত-আদীনি (অজ্ঞাতঃ আদিকালো যেষাং) ব্যক্তমধ্যানি (পরিদৃশ্যমানো মধ্যকালো যেষাং) অব্যক্ত-নিধনানি (অজ্ঞাতো মরণাদুত্তরকালো যেষাং) এব তত্র (তদ্বিষয়ে) কা পরিদেবনা (দুঃখোচ্ছ্বাসঃ) ॥ ২৮ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন! প্রাণিবর্গের আদিকাল-অজ্ঞাত, মধ্যকাল-জ্ঞাত, মরণোত্তরকালও অজ্ঞাত; তদ্বিষয়ে শোক-বিলাপ কি? ॥ ২৮ ॥

ব্যাখ্যা।—হে অর্জ্জুন! বুঝিয়া দেখ, এই জীবগণ জন্মের পূর্ব্বে

অর্থাৎ আদিতে কি ছিল, তাহা কেহই জানে না; জন্মের পর অর্থাৎ মধ্যকালে তাহারা আত্মীয় বন্ধু ইত্যাদি সম্বন্ধে সম্বদ্ধ হয়, কিন্তু মরণের পর আবার তাহাদের কি হয়, তাহাও কেহ জানে না; সুতরাং এরূপ বিষয়ের নিমিত্ত শোকের কারণ কি আছে? ॥ ২৮ ॥

শঙ্করাচার্য্য।—কার্য্যকারণসংঘাতাত্মকান্যপি ভূতান্যুদ্দিশ্য শোকো ন যুক্তঃ কর্ত্তুং, যতঃ অব্যক্তাদীনীতি। অব্যক্তাদীন্যব্যক্তমদর্শনমনুপলব্ধিরাদির্যেষাং ভূতানাং পুত্রমিত্রাদিকার্য্য-কারণসংঘাতাত্মকানাং তানি অব্যক্তাদীনি ভূতানি প্রাগুৎপত্তেঃ, উৎপন্নানি চ প্রাক্ মরণাৎ ব্যক্তমধ্যানি, অব্যক্তনিধনান্যেব পুনরব্যক্তমদর্শনং নিধনং মরণং যেষাং তানি অব্যক্তনিধ-নানি, মরণাদূর্দ্ধমব্যক্ততামেব প্রতিপদ্যন্তে ইত্যর্থঃ। তথাচোক্তং "অদর্শনাদাপতিতঃ পুনশ্চা-দর্শনং গতঃ। নাসৌ তব ন তস্য ত্বং বৃথা কা পরিদেবনা" ইতি। তত্র কা পরিদেবনা কো বা প্রলাপঃ, অদৃষ্টদৃষ্টপ্রনষ্টভ্রান্তিভূতেম্বিত্যর্থঃ ॥ ২৮ ॥

আনন্দগিরি।—আত্মানমুদ্দিশ্যানুশোকস্য কর্ত্তুমযোগ্যত্বেঽপি ভূতসংঘাতাত্মকানি ভূতান্যুদ্দিশ্য তস্য কর্ত্তব্যত্বমাশঙ্ক্যাহ কার্য্যেতি। সমনন্তরশ্লোকস্তত্র হেতুরিত্যাহ যত ইতি। চাক্ষুষদর্শনমাত্রবৃত্তিং ব্যাবর্ত্তয়তি অনুপলব্ধিরিতি। ন হি যথোক্তসংঘাতরূপাণি ভূতানি পূর্ব্বমুৎপত্তেরুপলভ্যন্তে, তেন তথা ব্যপদেশভাঞ্জি ভবন্তীত্যর্থঃ। কিং তন্মধ্যং যদেষাং ব্যক্তমিষ্যতে তদাহ উৎপন্নানীতি। উৎপত্তেরূর্দ্ধং মরণাচ্চ পূর্ব্বং ব্যবহারিকং সত্ত্বং মধ্যমেষাং ব্যক্তমিতি, তথোচ্যতে জন্মানুসারিত্বং বিলয়স্য যুক্তমিতি মত্বা তাৎপর্য্যার্থমাহ মরণাদিতি। উক্তেঽর্থে পৌরাণিকসম্মতিমাহ তথাচেতি। তত্রেত্যস্যার্থমাহ অদৃষ্টেতি। পূর্ব্বমদৃষ্টানি সন্তি পুনর্দৃষ্টানি তান্যেব পুনর্নষ্টানি তদেবং ভ্রান্তিবিষয়তয়া ঘটিকাযন্ত্রবৎ চক্রী-ভূতেষু ভূতেষু শোকনিমিত্তস্য প্রলাপস্য নাবকাশোঽস্তীত্যর্থঃ ॥ ২৮ ॥

রামানুজ।—সতো দ্রব্যস্য পূর্ব্বাবস্থাবিরোধ্যবস্থান্তরপ্রাপ্তিদর্শনেন যোঽল্পীয়ান্ শোকঃ সোঽপি মনুষ্যাদিভূতেষু ন সম্ভবতীত্যাহ অব্যক্তাদীনীতি। মনুষ্যাদিভূতানি সন্ত্যেব দ্রব্যাণ্যনুপলব্ধপূর্ব্বাবস্থান্যুপলব্ধমনুষ্যত্বাদিমধ্যমাবস্থানি অনুপলব্ধোত্তরাবস্থানি স্বেষু স্বভাবেষু বর্ত্তন্তে ইতি ন তত্র পরিদেবনানিমিত্তমস্তি ॥ ২৮ ॥

হনুমান্।—কার্য্যকারণধর্ম্মকাণ্যপি এতান্যুদ্দিশ্য শোকো ন যুক্তঃ কর্ত্তুং, যতঃ অব্যক্তমদর্শনমনুপলব্ধির্যেষাং ভূতানাং তান্যব্যক্তাদীনি প্রাগুৎপত্তেঃ, উৎপন্নানি চ প্রাগ্-বিনাশাৎ ব্যক্তমধ্যানি ব্যক্তান্তরালানি, অব্যক্তনিধনান্যেব পুনরপ্যদর্শনং মরণং যেষাং তান্যব্যক্তনিধনানি, মরণাদূর্দ্ধমব্যক্ততামেব প্রতিপদ্যন্তে ইত্যর্থঃ। তথাচোক্তং "অদর্শনাদি-হায়তঃ পুনশ্চাদর্শনং গতঃ" ইতি। তত্র কা পরিদেবনা কো বা বিপ্রলাপঃ, দৃষ্টনষ্টভ্রান্তি-ভূতেষু ভূতেষ্বিত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীধর।—কিঞ্চ দেহাদীনাং স্বভাবং পর্য্যালোচ্য তদুপাধিকে আত্মনো জন্মমরণে

শোকো ন কার্য্য ইত্যাহ অব্যক্তাদীনীতি। অব্যক্তং প্রধানং তদেবাদি উৎপত্তেঃ পূর্ব্বরূপং যেষাং তানি অব্যক্তাদীনি ভূতানি শরীরাণি কারণাত্মনা স্থিতানামেবোৎপত্তেঃ, তথা ব্যক্তমভিব্যক্তং মধ্যং জন্মমরণান্তরালং স্থিতিলক্ষণং যেষাং তানি ব্যক্তমধ্যানি অব্যক্তে নিধনং লয়ো যেষাং তানীমান্যেবম্ভূতান্যেব, তত্র তেষু কা পরিদেবনা কঃ শোকনিমিত্তো বিলাপঃ, প্রতিবুদ্ধস্য স্বপ্নদৃষ্টবস্তুম্বিব শোক ন যুজ্যত ইত্যর্থঃ ॥ ২৮ ॥

বলদেব।—অথ দেহাত্মপক্ষে আত্মাতিরিক্তদেহপক্ষে চ দেহবিনাশহেতুকঃ শোকো ন যুক্তস্তদারম্ভকাণাং ভূতমাত্রাণামবিনাশাদিত্যাহ অব্যক্তাদীনীতি। অব্যক্তং নামরূপবিরহাৎ সূক্ষ্মং প্রধানমাদি আদিরূপং যেষাং তানি ভূতানি পৃথিব্যাদিভূতময়ানি শরীরাণি, ব্যক্তমধ্যানি ব্যক্তং নামরূপযোগাৎ স্থূলং মধ্যং জন্মবিনাশান্তরালস্থিতিলক্ষণং যেষাং তানি। অব্যক্তনিধনানি অব্যক্তে তাদৃশি প্রধানে নিধনং নামরূপবিমর্দ্দনলক্ষণো নাশো যেষাং তানি। মৃদাদিকে সদ্রূপে দ্রব্যে কম্বুগ্রীবাদ্যবস্থাযোগো ঘটস্যোৎপত্তিস্তদ্বিয়োধিকপালাদ্যবস্থাযোগস্তু তস্য বিনাশঃ কথ্যতে। সদ্দ্রব্যং সর্ব্বদা স্থায়ীতি। এবমেবাহ ভগবান্ পরাশরঃ, "মহী ঘটত্বং ঘটতঃ কপালিকা কাপালিকা চূর্ণরজস্ততোঽণুঃ" ইতি। এবং শরীরাণ্যাদ্যন্তয়োর্নামরূপবিয়োগাদব্যক্তিমন্তি, মধ্যে তু তদ্যোগাদ্ব্যক্তিমন্তি। তদারম্ভকাণি ভূতানি তু সর্ব্বদা সন্তীতি তেষু বস্তুতঃ সৎসু বা কা পরিদেবনা কঃ শোকনিমিত্তবিলাপ ইত্যর্থঃ। দেহাত্মনিত্যাত্মপক্ষে তু বাসাংসীত্যাদিকং ন বিস্মর্ত্তব্যম্। যদ্বাদ্যন্তয়োরসত্ত্বান্মধ্যেঽপি ভূতান্যসন্ত্যেবাতঃ স্বাপ্নিকরথাশ্বাদিপ্রখ্যানি মৃষাভূতান্যেব, তেন তদ্বিয়োগহেতুকঃ শোকঃ প্রতিবুদ্ধস্য ন দৃষ্ট ইতি দৃষ্টিসৃষ্টিমভ্যুপেত্যাহস্তন্মন্দম্। তদভ্যুপগমে বৈদিকাসৎকার্য্যবাদাপত্তেঃ। তদেবং মতদ্বয়েঽপি দেহবিনাশহেতুকঃ শোকো নাস্তীতি সিদ্ধম্ ॥ ২৮ ॥

মধুসূদন।—তদেবং সর্ব্বপ্রকারেণাত্মনোঽশোচ্যত্বমুপপাদিতং, অথেদানীমাত্মনোঽশোচ্যত্বেঽপি ভূতসংঘাতকাত্মকানি শরীরাণ্যুদ্দিশ্য শোচামীত্যর্জ্জুনাশঙ্কামপনুদতি ভগবান্ অব্যক্তাদীনীতি। আদৌ জন্মনঃ প্রাক্ অব্যক্তানি অনুপলব্ধানি ভূতানি পৃথিব্যাদিভূতময়ানি শরীরাণি, মধ্যে জন্মানন্তরং মরণাৎ প্রাক্ ব্যক্তানি উপলব্ধানি সন্তি, নিধনে পুনরব্যক্তান্যেব ভবন্তি। যথা স্বপ্নেন্দ্রজালাদৌ প্রতিভাসমাত্রজীবনানি শুক্তিরূপ্যাদিবৎ নতু জ্ঞানাৎ প্রাগূর্দ্ধং বা স্থিতানি দৃষ্টিসৃষ্ট্যভ্যুপগমাৎ। তথাচ "আদাবন্তে চ যন্নাস্তি বর্ত্তমানেঽপি তৎ তথা" ইতি ন্যায়েন মধ্যেঽপ্য ন সন্ত্যেবৈতানি "নাসতো বিদ্যতে ভাবঃ" ইতি প্রাগুক্তেশ্চ, এবং সতি তত্র তেষু মিথ্যাভূতেষত্যন্ততুচ্ছেষু ভূতেষু কা পরিদেবনা কো বা দুঃখপ্রলাপঃ ন কোঽপ্যুচিত ইত্যর্থঃ। ন হি স্বপ্নে বহুবিধান্ বন্ধূনুপলভ্য প্রতিবুদ্ধস্তদ্বিচ্ছেদেন শোচতি পৃথগ্জনোঽপি, এতদেবোক্তং পুরাণে, "অদর্শনাদাপতিতঃ পুনশ্চাদর্শনং গতঃ। ভূতসংঘঃ" ইতিশেষঃ। তথাচ শরীরাণ্যুদ্দিশ্য শোকো নোচিত ইতি ভাবঃ। আকাশাদিমহাভূতাভিপ্রায়েণ বা শ্লোকো যোজ্যঃ। অব্যক্তমব্যাকৃতমবিদ্যোপহিতচৈতন্যমাদিঃ প্রাগবস্থা যেষাং তানি, তথা ... নামরূপাভ্যামেবাবিষ্কৃতাভ্যাং প্রকটীভূতং ন তু যেন পরমার্থসদাত্মনা মধ্যং স্থিত্যবস্থা

যেষাং তাদৃশানি ভূতান্যাকাশাদীনি, অব্যক্তনিধনান্যেব অব্যক্তে স্বকারণে মৃদীব ঘটাদীনাং নিধনং প্রলয়ো যেষাং, তেষু ভূতেষু কা পরিদেবনেতি পূর্ব্ববৎ। তথাচ শ্রুতিঃ, "তদ্ধেদং তর্হ্যব্যাকৃতমাসীৎ তন্নামরূপাভ্যামেব ব্যাক্রিয়তে" ইত্যাদিরব্যক্তোপাদানত্বং সর্ব্বস্য প্রপঞ্চস্য দর্শয়তি। লয়স্থানত্ব তস্যার্থসিদ্ধং কারণ এব কার্য্যলয়স্য দর্শনাৎ গ্রন্থান্তরে বিস্তরঃ। তথাচ অজ্ঞানকল্পিতত্বেন তুচ্ছান্যাকাশাদিভূতান্যপ্যাদ্দিশ্য শোকো নোচিতশ্চেৎ তৎকার্য্যাণ্যুদ্দিশ্য নোচিত ইতি কিমুবক্তব্যমিতি ভাবঃ। অথবা সর্ব্বদা তেষামব্যক্তরূপেণ বিদ্যমানত্বাদিব ছেদাভাবেন তন্নিমিত্তঃ প্রলাপো নোচিত ইত্যর্থঃ। ভারত ইত্যনেন সম্বোধয়ন্ শুদ্ধবংশোদ্ভবত্বেন শাস্ত্রীয়মর্থং প্রতিপত্তুমর্হসি কিমিতি ন প্রতিপদ্যসে ইতি সূচয়তি ॥ ২৮ ॥

নীলকণ্ঠ।—অস্ত্বাত্মনোঽশোচ্যত্বং তথাপি ইষ্টদেহবিনাশজঃ শোকো ভবতীত্যাশঙ্ক্য সকারণস্য দেহাদের্মিথ্যাত্বং সাধয়তি অব্যক্তাদীনীতি। ভূতানি বিয়দাদীনি তদ্বিকার-ভূতানি জরায়ুজাদীনি চ, ন ব্যক্তমব্যক্তমজ্ঞানং তদেব আদির্যেষাং তথাবিধানি, ব্যক্তঃ স্পষ্টঃ মধ্য উৎপত্তিমারভ্য মরণাৎ প্রাগবস্থা যেষাং, অব্যক্তে এব নিধনং লয়ো যেষামিত্যর্থঃ। অয়মর্থঃ রজ্জুরগাদিকারণমজ্ঞানঞ্চ রজ্জুবৎ উরগবদ্বা ব্যক্তমস্তি, পরীক্ষ্যমাণঞ্চ ন দৃষ্টিপথ-মবতরতি অতস্তদব্যক্তং, তত উৎপন্নঃ সর্পস্তত্রৈব লীয়তে ন রজ্জ্বাম্, এবং আত্মনি কল্পিতানাং ভূতানাং আদিরন্তশ্চাব্যক্তমেব, তেন "আদাবন্তে চ যন্নাস্তি বর্ত্তমানেঽপি তৎ তথা" ইতি ন্যায়েন মধ্যে ভাসমানান্যপি তানি রজ্জুরগবৎ অসন্ত্যেব, এবংবিধে তত্র তস্মিন্ বিষয়ে কা পরিদেবনা কো বা বিলাপঃ, ন হি মরুমরীচিকাহ্রদো নষ্ট ইতি কশ্চিৎ ভদ্রাবদ্যাবিলপতি। অতএব ভূতানাং রজ্জুরগাদীনামিব প্রতীতিসমকালিকীং সৃষ্টিমভিপ্রেত্য কৌষীতকি-ব্রাহ্মণে স্বাপপ্রবোধয়োর্জগল্লয়োদয়ৌ পঠ্যেতে "স যদা স্বপিতি তদৈনং বাব সর্ব্বৈর্নামভিঃ সহাপ্যেতি চক্ষুঃ সর্ব্বৈরূপৈঃ সহাপ্যেতি শ্রোত্রং সর্ব্বৈঃ শব্দৈঃ সহাপ্যেতি মনঃ সর্ব্বৈর্ধ্যানৈঃ সহাপ্যেতি স যদা প্রবুধ্যতে তথৈতস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণা যথায়তনং বিপ্রতিষ্ঠন্তে প্রাণেভ্যো দেবা দেবেভ্যো লোকাঃ" ইতি, প্রাণাশ্চক্ষুরাদীন্দ্রিয়াণি, দেবাস্তদনুগ্রাহকাঃ সূর্য্যাদয়ঃ। নন্বিহা-ন্যত্র চ আত্মৈব সর্ব্বভূতানাং লয়োদয়স্থানমভ্যুচ্যতে নাজ্ঞং, তৎকথমেষামব্যক্তং লয়োদয়স্থান-মিত্যুচ্যতে, সত্যমজ্ঞানাশ্রয়ত্বাৎ। ব্রহ্মণি তথাত্বব্যপদেশো ন বস্তুগত্যা, ন হি অপরিণামিনঃ কূটস্থস্য মৃদ্বৎ কার্য্যপ্রবিলয়োদয়স্থানত্বং সম্ভবতি। যথোক্তম্, "অস্য দ্বৈতেন্দ্রজালস্য যদুপাদান-কারণম্। অজ্ঞানং তদুপাশ্রিত্য ব্রহ্ম কারণমুচ্যতে" ইতি ॥ ২৮ ॥

বিশ্বনাথ।—তদেবং জীবপক্ষে "ন জায়তে ম্রিয়তে" ইত্যাদিনা দেহপক্ষে চ "জাতস্য হি ধ্রুবো মৃত্যুঃ" ইত্যনেন শোকবিষয়ং নিরাকৃত্য ইদানীমুভয়পক্ষেঽপি নিরাকরোতি অব্যক্তেতি। ভূতানি দেবমনুষ্যতির্য্যগাদীনি, অব্যক্তানি ন ব্যক্তং ব্যক্তিরাদৌ জন্মপূর্ব্বকালে যেষাং কিন্তু তদানীমপি লিঙ্গদেহঃ স্থূলদেহশ্চ স্বারম্ভকপৃথিব্যাদিদ্রব্যসত্ত্বাৎ কারণাত্মনা বর্ত্তমানোঽস্পষ্টমাসীদেবেত্যর্থঃ। ব্যক্তং ব্যক্তির্মধ্যে যেষাং তানি, ন ব্যক্তির্নিধনাদনন্তরং যেষাং

ন্তানি, মহাপ্রলয়েঽপি কর্ম্মমাত্রাদীনাং সত্ত্বাৎ সূক্ষ্মরূপেণ ভূতানি সন্ত্যেব, তস্মাৎ সর্ব্বভূতান্যাদ্যন্ত যোরব্যক্তানি মধ্যে ব্যক্তানীত্যর্থঃ। যদুক্তং শ্রুতিভিঃ, "স্থিরচরজাতয়ঃ স্যুরজয়োত্থনিমিত্তযুজঃ" ইতি। কা পরিদেবনা কঃ শোকনিমিত্তো বিলাপঃ। তথাচোক্তং নারদেন, "যন্মন্যসে, ধ্রুবং লোকমধ্রুবং বা ন চোভয়ম্। সর্ব্বথা হি ন শোচ্যাস্তে স্নেহাদন্যত্র মোহজাৎ॥" ॥ ২৮ ॥

তাৎপর্য্য।—হে বিয়োগাশঙ্কা-ব্যাকুলিত সখে! মানবকুলের মোহের বিষয় আলোচনা করিলে বিস্ময়াবিষ্ট হইতে হয়। মনুষ্য নারী-বিশেষের প্রেমে উন্মত্ত হইয়া তাহাকে আপনার হৃদয়সর্ব্বস্ব বোধ করিতেছে, স্বকীয় জীবন ও মন অকপট চিত্তে তদীয় চরণ-তলে উৎসর্গীকৃত করিতেছে, তাহার সন্তোষ-সাধন ও প্রসাদন জীবনের একান্ত ব্রতস্বরূপে পরিণত করিয়াছে, তাহার সহিত স্বকীয় সম্বন্ধ অবিচ্ছেদ্য জ্ঞান করিয়া পরমানন্দ উপভোগ করিতেছে এবং তদীয় বিরহে পলকে প্রলয় জ্ঞান করিয়া মর্ম্মাহত ও অবসন্ন হইতেছে। কিন্তু সেই প্রেমান্ধকে একবার জিজ্ঞাসা কর দেখি, 'এই রমণী জন্মের পূর্ব্বে তোমার কে ছিল, কোথায় ছিল?' এ প্রশ্নের কোন উত্তরই সে দিতে পারিবে না। সেই সুদূর অতীতের সুস্থূল যবনিকা ভেদ করিতে তাহার নয়নের সাধ্য নাই। তদ্রূপ মরণোত্তরকালে তাহার সেই লোচনানন্দদায়িনী কোথায় যাইবে, কি হইবে, তাহাও সে জানে না। ভবিষ্যৎ গিরির তমসাচ্ছন্ন গহ্বরে কি ব্যবস্থা নিহিত আছে, তাহাও নির্ণয় করিতে তাহার দুর্ব্বল দৃষ্টির সামর্থ্য নাই। কেবল বর্ত্তমানই আমরা দেখিতে পাই এবং পুত্র, কন্যা, জনক, জননী, মিত্র, কলত্রাদি সম্বন্ধ সংস্থাপন করিয়া পরস্পরকে চিরাত্মীয় জ্ঞান করি। কিন্তু যাহার আদি জানি না, অবসান জানি না, তাহার বিয়োগে শোকোচ্ছ্বাস নিতান্ত উন্মত্ত-প্রলাপবৎ অনর্থক। ক্ষণিক সম্বন্ধে আকৃষ্ট, অত্যল্পকাল স্থায়ী প্রেমে বিমুগ্ধ এবং বর্ত্তমান সুখে বিমোহিত হইয়া আমরা চিরদিনের অপরিচিত, অজ্ঞাতপূর্ব্ব এবং অনিশ্চিত-শেষ ব্যক্তিবর্গকে আমার আমার করিয়া মৃতকল্প হই, তাহাদিগকে কণ্ঠহারতুল্য করিয়া হৃদয়ে ধারণ করি। এতদপেক্ষা ভ্রান্তি ও মূঢ়তা আর কি হইতে পারে?

পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি, শ্রীমদ্ধনুমান্ ও শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। শরীরের প্রকৃতি পর্য্যালোচনা করিয়া আত্মার জন্ম-মরণে শোক প্রকাশ করা অসঙ্গত। কেননা, ভূতসমূহ পুত্রমিত্রাদিরূপ

কার্য্য-কারণ-সূত্রে আবদ্ধ হইবার পূর্ব্বে, তাহাদের আদিকালের বৃত্তান্ত অদর্শন হেতু অনুপলব্ধ থাকে। উৎপত্তির পর মৃত্যু পর্য্যন্ত জন্ম ও মরণের অন্তরাল স্বরূপ মধ্যকাল মাত্র ব্যক্ত। পুনরায় মৃত্যুর পর তাহারা অদর্শন হেতু অনুপলব্ধ হয়। পূজনীয় আচার্য্য মহোদয় এস্থলে মূলের অনুরূপ একটী পৌরাণিক বচন উদ্ধৃত করিয়াছেন। তাহার মর্ম্মার্থ যথা; "অদর্শন হইতে আসিয়াছে; পুনরায় অদর্শনে গমন করিয়াছে। সে তোমার নয়, তুমিও তাহার নহ. বৃথা কেন ভাবনা?" সুতরাং যাহা পূর্ব্বে অদৃষ্ট ছিল, পুনরায় দৃষ্ট হইয়াছে, এবং পুনরায় প্রণষ্ট হইবে, এরূপ ভ্রান্তিজনক, ঘটিকা যন্ত্রের ন্যায় অবিরত ঘূর্ণ্যমান প্রাণীর নিমিত্ত শোকের কোনই কারণ নাই।

পূজ্যপাদ শ্রীমদ্রামানুজাচার্য্য লিখিয়াছেন। দ্রব্যের পূর্ব্বাবস্থা বিগত হইলে অবস্থান্তর উপস্থিত হয়। তদ্দর্শনে যদিবা সামান্য শোক সম্প্রাপ্ত হয়, তথাপি মনুষ্যাদি ভূতের নিমিত্ত তাদৃশ শোক কখনও সম্ভব নহে। কারণ ভৌতিক পদার্থের সম্মিলনে তাহাদের পূর্ব্বাবস্থা বিগত হইয়া মনুষ্যত্বাদি মধ্যমাবস্থা সমুপস্থিত হয় এবং উত্তরকালেও উক্ত পদার্থপুঞ্জ স্ব স্ব ভাবে বর্ত্তমান থাকে। সুতরাং ইহাতে শোকের কারণ কিছুই নাই।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী লিখিয়াছেন। সর্ব্বপ্রকারে আত্মার অশোচ্যত্ব প্রতিপাদিত করা হইল; কিন্তু আত্মা শোক-বিষয়ীভূত না হইলেও, ভূতসমষ্টিস্বরূপ শরীরের নিমিত্ত অর্জ্জুন যদি শোকমুগ্ধ হন, এই আশঙ্কায় শ্রীভগবান্ নিম্নলিখিত রূপ যুক্তিপরম্পরা অবতারিত করিতেছেন। পৃথিব্যাদি ভূতময় শরীর অনুপলব্ধ থাকে. জন্মের পর মরণ পর্য্যন্ত তাহার উপলব্ধি হয়, মরণান্তে পুনরায় অনুপলব্ধিই হইয়া থাকে। যেমন স্বপ্নকালে ও ইন্দ্রজালাদি ব্যাপারে শুক্তিতে রৌপ্য-বিভ্রমের ন্যায় নানা ব্যাপারের প্রতিভাস উপস্থিত হয়, শরীরের ব্যাপারও তদ্রূপ। ন্যায়শাস্ত্রে প্রতিপাদিত হইয়াছে যে, যাহা আদিতে নাই, অন্তেও নাই, তাহা মধ্যেও থাকিতে পারে না। ভগবদ্বিবৃত "নাসতো বিদ্যতে ভাবঃ" ইত্যাদি প্রাগুক্ত শ্লোকে (২য় অঃ ১৬ শ্লোক) এই অভিপ্রায় পরিব্যক্ত হইয়াছে। সুতরাং অতি তুচ্ছ মিথ্যাভূত ভূত দেহের নিমিত্ত কেনই বা পরিদেবনা, কেনই বা দুঃখ-প্রলাপ? আকাশাদি পঞ্চ মহাভূত এই শ্লোকের লক্ষিত, এরূপ মনে করিলেও কোন অসঙ্গতি

করিলেও কোন অসঙ্গতি ঘটে না। যথা; যাহাদের প্রাগবস্থা অব্যক্ত, অব্যাকৃত, অবিদ্যা কর্তৃক উপহিত-চৈতন্য ছিল, তদনন্তর নাম ও রূপ প্রাপ্ত হইয়া যাহারা প্রকটীভূত হইল; এবং পরিণামেও মৃদ্ঘটাদির ন্যায় অব্যক্তভাবে পর্য্যবসিত হইবে, তাদৃশ ভূতের নিমিত্ত পরিদেবনা কি? শ্রুতিও* এই কথার সমর্থন করিয়াছেন। সুতরাং অজ্ঞান-কল্পিত তুচ্ছ আকাশাদি ভূতের নিমিত্ত শোক অনুচিত। "ভারত" এই সম্বোধন পদ-দ্বারা অর্জ্জুনের শুদ্ধ বংশোদ্ভবত্ব সূচিত হইতেছে। এইরূপ বিশুদ্ধ ও সুপণ্ডিতের বংশে যাঁহার জন্ম, তিনি অবশ্যই শাস্ত্রের মর্ম্ম প্রণিধান করিতে সম্পূর্ণরূপ সক্ষম। তথাপি কেন অর্জ্জুন! যুদ্ধরূপ শাস্ত্রসঙ্গত কর্ম্ম পালনে ইতস্ততঃ করিতেছ? ॥ ২৮ ॥

——•:):*:(:•——

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেন-
মাশ্চর্য্যবদ্ বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি
শ্রুত্বাপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ॥ ২৯ ॥

অন্বয়।—কশ্চিৎ এনং (আত্মানং) আশ্চর্য্যবৎ (বিস্ময়াবহং) পশ্যতি তথৈব চ অন্যঃ আশ্চর্য্যবৎ বদতি অন্যঃ চ এনং আশ্চর্য্যবৎ শৃণোতি কশ্চিৎ চ শ্রুত্বা অপি এনং ন বেদ (জানাতি) এব ॥ ২৯ ॥

প্রতিশব্দ।—কেহ ইহাঁকে বিস্ময়জনকভাবে দেখেন এবং সেইরূপ অন্যেও বিস্ময়জনকভাবে বলেন এবং অন্য ইহাঁকে বিস্ময়জনকভাবে শুনেন এবং কেহ শুনিয়াও ইহাঁকে জানেনও না ॥ ২৯ ॥

ব্যাখ্যা।—আত্মতত্ত্ব এতই দুর্জ্ঞেয় যে কেহই সহজে ইহার যথার্থ স্বরূপ প্রণিধান করিতে পারে না। বিবিধ বিধানে উপদেশ লাভ করিয়াও কেহ কেহ ইহাঁকে বিস্মিতভাবে দর্শন করেন; কেহবা সবিস্ময়ে ইহাঁর কথা আলোচনা করেন; কেহবা অত্যদ্ভুত জ্ঞানে

ইঁহার কথা শ্রবণ করেন এবং কেহবা নানারূপে আত্মতত্ত্ব শ্রবণ করিয়াও ইহাকে ধারণা করিতে পারেন না ॥ ২৯ ॥

শঙ্করাচার্য্য।—দুর্ব্বিজ্ঞেয়োঽয়ং প্রকৃতাত্মা কিং ত্বামেবৈকং উপালভেৎ সাধারণে ভ্রান্তিনিমিত্তে, কথং দুর্ব্বিজ্ঞেয়োঽয়মাত্মেত্যত আহ আশ্চর্য্যবদিতি। আশ্চর্য্যবদাশ্চর্য্যং অদৃষ্টপূর্ব্বমদ্ভুতমকস্মাদ্দৃশ্যমানং তেন তুল্যমাশ্চর্য্যবদাশ্চর্য্যমিবৈনমাত্মানং পশ্যতি, কশ্চিৎ, আশ্চর্য্যবদেনং বদতি তথৈব চান্যঃ, আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি, শ্রুত্বা দৃষ্ট্বোক্ত্বাপ্যাত্মানং বেদ ন চৈব কশ্চিৎ। অথবা যোঽয়ং আত্মানং পশ্যতি স আশ্চর্য্যতুল্যঃ, যো বদতি যশ্চ শৃণোতি সোঽনেকসহস্রেষু কশ্চিদেব ভবতি, অতঃ দুর্ব্বোধ আত্মেত্যভিপ্রায়ঃ ॥ ২৯ ॥

আনন্দগিরি।—অর্জ্জুনং প্রত্যুপালম্ভং দর্শয়িত্বা প্রকৃতস্যাত্মনো দুর্ব্বিজ্ঞেয়ত্বাৎ তং প্রত্যুপালম্ভো ন সম্ভবতীতি মন্বানঃ সন্নাহ দুর্ব্বিজ্ঞেয় ইতি। তথা চাত্মাজ্ঞাননিমিত্তবিপ্রলম্ভস্য সাধারণত্বাদসাধারণোপালম্ভস্য নিরবকাশতেত্যাহ কিং ত্বামেবেতি। অহম্প্রত্যয়বেদ্যত্বাদাত্মনো দুর্ব্বিজ্ঞেয়ত্বমসিদ্ধমিতি শঙ্কতে কথমিতি। বিশিষ্টস্যাত্মনোঽহং প্রত্যয়স্য দৃষ্টত্বেঽপি কেবলস্য তদভাবাদস্তি দুর্ব্বিজ্ঞেয়তেতি শ্লোকমবতারয়তি আহেতি। আশ্চর্য্যবদিতি আদ্যেন পাদেনাত্মবিষয়দর্শনস্য দুর্লভত্বং দর্শয়তা দ্রষ্টুর্দৌর্লভ্যমুচ্যতে, দ্বিতীয়েন চ তদ্বিষয়বদনস্য দুর্লভত্বোক্ত্যেস্তদুপদেষ্টু-স্তথাত্বং কথ্যতে, তৃতীয়েন তদীয়শ্রবণস্য দুর্লভত্বদ্বারা শ্রোতুর্বিরলতা বিবক্ষিতা, শ্রবণদর্শনোক্তীনাং ভাবেঽপি তদ্বিষয়সাক্ষাৎকারস্যাত্যন্তায়াসলভ্যত্বং, চতুর্থেনাভিমতমিতি বিভাগঃ, আত্মগোচর-দর্শনাদিদুর্লভত্বদ্বারা দুর্ব্বোধত্বমাত্মনঃ সাধয়তি আশ্চর্য্যবদিতি। সংপ্রত্যাত্মনি দ্রষ্টুর্ব্বক্তুঃ শ্রোতুঃ সাক্ষাৎকর্তুশ্চ দুর্লভত্বাভিধানেন তদীয়ং দুর্ব্বোধত্বং কথয়তি অথবেতি। ব্যাখ্যান-দ্বয়েঽপি ফলিতমাহ অত ইতি ॥ ২৯ ॥

রামানুজ।—এবং শরীরাত্মবাদেঽপি নাস্তি শোকনিমিত্তমিত্যুক্ত্বা শরীরাতিরিক্তে আশ্চর্য্যস্বরূপে আত্মনি দ্রষ্টা বক্তা শ্রোতা শ্রাবয়িতা আত্মনশ্চ যঃ স দুর্লভ ইত্যাহ আশ্চর্য্য-বদিতি। এবমুক্তস্বভাবং স্বেতরসমস্তবস্তু বিসদৃশজাতীয়তয়া যথাবদবস্থিতমনন্তেষু জন্তুষু মহতা তপসা ক্ষীণপাপ উপচিতপুণ্যস্তথাবিধঃ কশ্চিৎ পশ্যতি, তথাবিধঃ কশ্চিৎ পরস্মৈ বদতি। এবং কশ্চিদেব শৃণোতি। শ্রুত্বাপ্যেনং যথাবদবস্থিতং তত্ত্বতো বচনং তত্ত্বতঃ শ্রবণং দুর্লভ-মিত্যুক্তং ভবতি ॥ ২৯ ॥

হনুমান।—দুর্ব্বোধোঽয়ং প্রকৃত আত্মা কিং ত্বামেবৈকমুপালভে সাধারণে ভ্রান্তি-নিমিত্তে। কথং দুর্ব্বিজ্ঞেয় আত্মেতি তত্রাহ আশ্চর্য্যবদিতি। আশ্চর্য্যবদাশ্চর্য্যমদ্ভুতং (স্বার্থে বতিপ্রত্যয়ঃ) আশ্চর্য্যমেব আশ্চর্য্যবদ্দৃষ্টমননুভূতমকস্মাদ্দৃশ্যমানমাশ্চর্য্যমেনমাত্মানং কশ্চিৎ পশ্যতীত্যাশ্চর্য্যং তথৈব এনমাত্মানমন্যঃ কশ্চিদ্বদতীত্যেতদাশ্চর্য্যম্। শ্রুত্বা দৃষ্ট্বা উক্ত্বাপ্যেনং নচ বেদেত্যাশ্চর্য্যং, অতঃ দুর্ব্বোধ আত্মেত্যভিপ্রায়ঃ ॥ ২৯ ॥

শ্রীধর।—কুতস্তর্হি বিদ্বাংসোঽপি লোকে শোচন্তি, আত্মাজ্ঞানাদেব ইত্যাশয়েনাত্মনো দুর্জ্ঞেয়তামাহ আশ্চর্য্যবদিতি। কশ্চিদেনমাত্মানং শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং পশ্যন্নাশ্চর্য্যবৎ

পশ্যতি, সর্ব্বগতস্য নিত্যজ্ঞানানন্দস্বভাবস্যাত্মনোঽলৌকিকত্বাদৈন্দ্রজালিকবদঘটমানং পশ্যন্নিব বিস্ময়েন পশ্যতি অসম্ভাবনাভিভূতত্বাৎ। তথাশ্চর্য্যবদেবান্যো বদতি, শৃণোতি চান্যঃ, কশ্চিৎ পুনর্বিপরীতভাবনাভিভূতঃ শ্রুত্বাপি নৈব বেদ, চশব্দাদুক্ত্বাপি দৃষ্ট্বাপি ন সম্যগ্বেদেতি দ্রষ্টব্যম্ ॥ ২৯ ॥

বলদেব।—নম্ন সর্ব্বজ্ঞেন ত্বয়া বহুপদিশ্যমানোঽপ্যহং শোকনিবারকমাত্মযাথাত্ম্যং ন বুধ্যে কিমেতদিতি চেৎ তত্রাহ আশ্চর্য্যবদিতি। বিজ্ঞানানন্দোভয়স্বরূপত্বেঽপি তদ্দেহ-প্রতিযোগিনং বিজ্ঞানস্বরূপত্বেঽপি বিজ্ঞাতৃতয়া সন্তং পরমাণুত্বেঽপি ব্যাপ্তবৃহৎকায়ং নানা কায়সম্বন্ধেঽপি তত্তদ্বিকারৈরস্পৃষ্টমেবমাদিবহুবিরুদ্ধধর্ম্মতয়াশ্চর্য্যবদদ্ভুতসাদৃশ্যেন স্থিতমেনং মদুপ-দিষ্টং জীবং কশ্চিদেব স্বধর্ম্মানুষ্ঠানেন সত্যতপোজপাদিনা চ বিমৃষ্টহৃদ্ গুরুপ্রসাদলব্ধতাদৃশজ্ঞানঃ পশ্যতি যাথাত্ম্যেনানুভবতি। (আশ্চর্য্যবদিতি ক্রিয়াবিশেষণং বা কর্ত্তৃবিশেষণং বেতি ব্যাখ্যাতারঃ)। কশ্চিদেনং যৎ পশ্যতি তদাশ্চর্য্যবৎ। যঃ কশ্চিৎ পশ্যতি সোঽপ্যাশ্চর্য্য-বদিত্যর্থঃ। এবমগ্রেঽপি। শ্রুত্বাপ্যেনমিতি। কশ্চিৎ সম্যগ্ মৃষ্টহৃদিত্যর্থঃ। তথাচ দুরধিগমং জীবাত্মযাথাত্ম্যম্। শ্রুতিরপ্যেবমাহ, "শ্রবণয়াপি বহুভির্যো ন লভ্যঃ শৃণ্বন্তোঽপি বহবো যং ন বিদুঃ। আশ্চর্য্যোঽস্য বক্তা কুশলোঽস্য লব্ধা আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ" ইতি ॥ ২৯ ॥

মধুসূদন।—নম্ন বিদ্বাংসোঽপি বহবঃ শোচান্ত, তৎ কিং মামেব পুনঃ পুনরেবমুপা-লভসে? অন্যচ্চ "বক্তুরেব হি তজ্জাড্যং শ্রোতা যত্র ন বুধ্যতে" ইতি ন্যায়াৎ ত্বদ্বচনার্থাপ্রতি-পত্তিরপি মম ন দোষঃ। তত্রান্যেষামপি তদেবাত্মাপরিজ্ঞানাদেব শোকঃ আত্মপ্রতিপাদক-শাস্ত্রার্থাপ্রতিপত্তিশ্চ তবাপ্যন্যেষামিব স্বাশয়দোষাদিতি নোক্তদোষদ্বয়মিত্যভিপ্রেত্যাত্মনো দুর্ব্বিজ্ঞেয়তামাহ আশ্চর্য্যবদিতি। এনং প্রকৃতং দেহিনং আশ্চর্য্যেণাদ্ভুতেন তুল্যতয়া বর্ত্তমানম্ আবিদ্যকনানাবিধবিরুদ্ধধর্ম্মবত্তয়া সন্তমপ্যসন্তমিব, স্বপ্রকাশচৈতন্যরূপমপি জড়মিব, আনন্দ-ঘনমপি দুঃখিনমিব, নির্ব্বিকারমপি সবিকারমিব, নিত্যমপ্যনিত্যমিব, প্রকাশমানমপ্যপ্রকাশ-মানমিব, ব্রহ্মাভিন্নমপি তদ্ভিন্নমিব, মুক্তমপি বদ্ধমিব, অদ্বিতীয়মপি সদ্বিতীয়মিব, অসম্ভাবিত-বিচিত্রানেকাকারপ্রতীতিবিষয়ং পশ্যতি শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং আবিদ্যকসর্ব্বদ্বৈতনিষেধেন পরমাত্মস্বরূপমাত্রাকারায়াং বেদান্তমহাবাক্যজন্যায়াং সর্ব্বসুকৃতফলভূতায়ামন্তঃকরণবৃত্তৌ প্রতি-ফলিতং সমাধিপরিপাকেণ সাক্ষাৎকরোতি কশ্চিৎ শমদমাদিসাধনসম্পন্নচরমশরীরঃ কশ্চিদেব, নতু সর্ব্বঃ, তথা কশ্চিদেনং যৎ পশ্যতি তৎ (আশ্চর্য্যবদিতিক্রিয়াবিশেষণম্) আত্মদর্শন-মপ্যাশ্চর্য্যবদেব, যৎ স্বরূপতো মিথ্যাভূতমপি সত্যস্য ব্যঞ্জকং আবিদ্যকমপ্যবিদ্যায়া বিঘাত-কমবিদ্যামুপঘ্নং তৎকার্য্যতয়া স্বাত্মানমপ্যুপহন্তীতি, তথা যঃ কশ্চিদেনং পশ্যতি স আশ্চর্য্যবদিতি, কর্ত্তৃবিশেষণম্, যতোঽসৌ নিবৃত্তাবিদ্যাতৎকার্য্যোঽপি প্রারব্ধকর্ম্মপ্রাবল্যাৎ তদ্বানিব ব্যবহরতি সর্ব্বদা সমাধিনিষ্ঠোঽপি ব্যুত্তিষ্ঠতি, ব্যুত্থিতোঽপি সমাধিমনুভবতীতি প্রারব্ধকর্ম্মবৈচিত্র্যাদ্বিচিত্রচরিত্রঃ প্রাপ্তদুষ্প্রাপজ্ঞানত্বাৎ সকললোকস্পৃহনীয়োঽত আশ্চর্য্যমেব ভবতি, তদেতদত্রয়মাশ্চর্য্যমাত্মা তজ্জ্ঞানং তজ্জ্ঞাতা চেতি পরমদুর্ব্বিজ্ঞেয়মাত্মানং যৎ

কথমনায়াসেন জানীয়াঃ? ইত্যভিপ্রায়ঃ। এবমুপদেষ্টুরভাবাদপ্যাত্মা দুর্বিজ্ঞেয়ঃ, যো হ্যাত্মানং জানাতি স এব তমন্যস্মৈ প্রক্রুবন্ ব্রূয়াৎ অজ্ঞস্যোপদেষ্টৃত্বাসম্ভবাৎ, জানংস্তু সমাহিতচিত্তঃ প্রায়েণ কথং ব্রবীতুং? ব্যুত্থিতচিত্তোঽপি পরেণ জ্ঞাতুমশক্যঃ, যথাকথঞ্চিৎ জ্ঞাতোঽপি লাভপূজাখ্যাত্যাদিপ্রয়োজনানপেক্ষত্বান্ন ব্রবীত্যেব, কথঞ্চিৎ কারুণ্যমাত্রেণ ব্রুবংস্তু পরমেশ্বরবদত্যন্তদুর্লভ এবেত্যাহ আশ্চর্য্যবদ্বদতি তথৈব চান্য ইতি। যথা জানাতি, তথৈব বদতি এনমিত্যনুকর্ষণার্থশ্চকারঃ, স চান্যঃ সর্ব্বজনবিলক্ষণঃ, ন তু যঃ পশ্যতি ততোঽন্য ইতি ব্যাঘাতাৎ, অত্রাপি কর্ম্মণি ক্রিয়ায়াং কর্ত্তরি চাশ্চর্য্যবদিতি যোজ্যম্। তত্র কর্ম্মণঃ কর্ত্তুশ্চ প্রাগাশ্চর্য্যত্বং ব্যাখ্যাতং, ক্রিয়ায়াস্তু ব্যাখ্যায়তে, সর্ব্বশব্দাবাচ্যস্য শুদ্ধস্যাত্মনো যদ্বচনং তদাশ্চর্য্যবৎ। তথাচ শ্রুতিঃ, "যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ" ইতি কেনাপি শব্দেনাবাচ্যস্য শুদ্ধস্যাত্মনো বিশিষ্টশক্তেন পদেন জহদজহৎস্বার্থলক্ষণয়া কল্পিতসম্বন্ধেন লক্ষ্যতাবচ্ছেদকমন্তরেণৈব প্রতিপাদনং, তদপি নির্ব্বিকল্পকসাক্ষাৎকাররূপমত্যাশ্চর্য্যমিত্যর্থঃ। অথবা বিনা শক্তিং বিনা লক্ষণাং বিনা সম্বন্ধান্তরং সুষুপ্তোত্থাপকবাক্যবৎ তৎত্বমস্যাদিবাক্যেন যদাত্মতত্ত্বপ্রতিপাদনং তদাশ্চর্য্যবৎ শব্দশক্তেরচিন্ত্যত্বাৎ। ন চ বিনা সম্বন্ধং বোধনেতি প্রসঙ্গঃ, লক্ষণাপক্ষেঽপি তুল্যত্বাৎ শক্যসম্বন্ধস্যানেকসাধারণত্বাৎ তাৎপর্য্যবিশেষান্নিয়ম ইতি চেৎ, তস্যাপি সর্ব্বান্ প্রত্যবিশেষাৎ। কশ্চিদেব তাৎপর্য্যবিশেষমবধারয়তি ন সর্ব্ব ইতি চেৎ হন্ত তর্হি পুরুষগত এব কশ্চিদ্বিশেষো নির্দ্দোষত্বরূপো নিয়ামকঃ, সচাস্মিন্ পক্ষেঽপি ন দণ্ডবারিতঃ। তথাচ যাদৃশস্য শুদ্ধান্তঃকরণস্য তাৎপর্য্যানুসন্ধানপুরঃসরং লক্ষণয়া বাক্যার্থবোধো ভবদ্ভিরঙ্গীক্রিয়তে, তাদৃশস্যৈব কেবলঃ শব্দবিশেষো, অখণ্ডসাক্ষাৎকারং বিনাপি সম্বন্ধেন জনয়তীতি কিমনুপপন্নম্। এতস্মিন্ পক্ষে শব্দবৃত্ত্যবিষয়ত্বাৎ, "যতো বাচো নিবর্ত্তন্তে" ইতি সুতরামুপপন্নম্। অয়ঞ্চ ভগবদভিপ্রায়ো বার্ত্তিককারৈঃ প্রপঞ্চিতঃ। "দুর্ব্বলত্বাদবিদ্যায়া আত্মত্বাদ্বোধরূপিণঃ। শব্দশক্তেরচিন্ত্যত্বাদ্বিদ্মস্তন্মোহহানতঃ॥ অগৃহীত্বৈব সম্বন্ধমভিধানাভিধেয়য়োঃ। হিত্বা নিদ্রাং প্রবুধ্যন্তে সুষুপ্তৌ বোধিতাঃ পরৈঃ॥ জাগ্রদ্বন্ন যতঃ শব্দং সুষুপ্তৌ বেত্তি কশ্চনঃ। ধ্বস্তেঽতো জ্ঞানতোঽজ্ঞানে ব্রহ্মাস্মীতি ভবেৎ ফলম্॥ অবিদ্যাঘাতিনঃ শব্দাদযাহংব্রহ্মেতি ধীর্ভবেৎ। নশ্যত্যবিদ্যয়া সার্দ্ধং হত্বা রোগমিবৌষধম্॥" ইত্যাদিনা গ্রন্থেন তদেবং বচনবিষয়স্য বক্তুর্ব্বচনক্রিয়ায়াশ্চাত্যাশ্চর্য্যরূপত্বাদাত্মনো দুর্ব্বিজ্ঞানত্বমুক্ত্বা শ্রোতুর্দুর্লভত্বাদপি তদাহ আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি। শ্রুত্বাপ্যেনং বেদেতি অন্যো দ্রষ্টুর্ব্বক্তুশ্চ মুক্তাদ্বিলক্ষণো মুমুক্ষুর্ব্রহ্মবিদং বিধিবদুপসৃত্য এনং শৃণোতি শ্রবণাখ্যবিচারবিষয়ীকরোতি বেদান্তবাক্যতাৎপর্য্যনিশ্চয়েনাবধারয়তীতি যাবৎ। শ্রুত্বা চৈনং মনননিদিধ্যাসনপরিপাকাদ্বেদাপি সাক্ষাৎকরোত্যপি আশ্চর্য্যবৎ তথাচাশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেনমিতি ব্যাখ্যাতম্। তত্রাপি কর্ত্তুরাশ্চর্য্যরূপত্বমনেকজন্মানুষ্ঠিতসুকৃতক্ষালিতমনোমলতয়াতিদুর্লভত্বাৎ। তথাচ বক্ষ্যতি, "মনুষ্যাণাং সহস্রেষু কশ্চিদ্যততি সিদ্ধয়ে। যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ" ইতিঃ॥ "শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ, শৃণ্বন্তোঽপি বহবো যং ন বিদ্যুঃ, আশ্চর্য্যোঽস্য বক্তা কুশলোঽস্য লব্ধা আশ্চর্য্যো জ্ঞাতা

কুশলাঽস্য লব্ধা কুশলানুশিষ্টঃ" ইতি শ্রুতেশ্চ এবং শ্রবণশ্রোতব্যয়োরাশ্চর্য্যত্বং প্রাপ্তব্যাখ্যেয়ম্। নম্ন যঃ শ্রবণমননাদিকং করোতি স আত্মানং বেদেতি কিমাশ্চর্য্যমত আহ নচৈব কশ্চিদিতি। চকারঃ ক্রিয়াকর্ম্মপদয়োরনুসঙ্গার্থঃ, কশ্চিদেনং নৈব বেদ শ্রবণাদিকং কুর্ব্বন্নপি, তদকুর্ব্বংস্তু ন বেদেতি কিমু বক্তব্যং, ঐহিকমপ্যপ্রস্তুতপ্রতিবন্ধে তদ্দর্শনাদিতি ন্যায়াৎ। উক্তঞ্চ বার্ত্তিককারৈঃ "কুতস্তজ্জ্ঞানমিতি চেৎ তদ্ধি বন্ধপরিক্ষয়াৎ। অসাবপি চ ভূতো বা ভাবী বা বর্ত্ততেঽথবে"তি শ্রবণাদি কুর্ব্বতামপি প্রতিবন্ধপরিক্ষয়াদেব জ্ঞানং জায়তে, অন্যথা তু ন, সচ প্রতিবন্ধপরিক্ষয়ঃ কস্যচিদ্ভূত এব, যথা হিরণ্যগর্ভস্য কস্যচিৎ ভাবী যথা বামদেবস্য কস্যচিদ্বর্ত্ততে যথা শ্বেতকেতোঃ। তথাচ প্রতিবন্ধক্ষয়স্যাতিদুর্লভত্বাৎ "জ্ঞানমুৎপদ্যতে পুংসাং ক্ষয়াৎ পাপস্য কর্ম্মণঃ" ইতি স্মৃতেশ্চ, দুর্বিজ্ঞেয়োঽয়মাত্মেতি নিগলিতোঽর্থঃ। যদি তু শ্রুত্বাপ্যেনং বেদ নচৈব কশ্চিদিত্যেব ব্যাখ্যায়েত তদা "আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ" ইতিশ্রুত্যৈকবাক্যতা ন স্যাৎ "যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ" ইতি ভগবদ্বচনবিরোধাচ্চেতি বিস্তরবিস্তরঃ ক্ষন্তব্যঃ। অথবা নচৈব কশ্চিদিত্যস্য সর্ব্বত্র সম্বন্ধঃ কশ্চিদেনং ন পশ্যতি ন বদতি ন শৃণোতি শ্রুত্বাপি ন বেদেতি পঞ্চ প্রকারা উক্তাঃ। কশ্চিৎ পশ্যতি ন বদতি, কশ্চিৎ পশ্যতি চ বদতি চ, কশ্চিৎ তদ্বচনং শৃণোতি চ তদর্থং জানাতি চ, কশ্চিৎ শ্রুত্বাপি ন জানাতি, কশ্চিত্তু সর্ব্বথাঽন্ভূত ইতি। অবিদ্বৎপক্ষে তু অসম্ভাবনাবিপরীতভাবনাভিভূতত্বাদাশ্চর্য্যতুল্যত্বং দর্শনবদনশ্রবণেষ্বিতি নিগদব্যাখ্যাতঃ শ্লোকঃ। চতুর্থপাদে তু দৃষ্টৈবোক্তা শ্রুত্বাপীতি যোজনা ॥ ২৯ ॥

নীলকণ্ঠ।—নম্ন বজ্রপঞ্জরতুল্যস্য সর্ব্বপ্রমাণসিদ্ধস্য বিয়দাদিপ্রপঞ্চস্য কথং রজ্জুরগাদিবদজ্ঞানপ্রভবত্বেনাত্যন্ততুচ্ছত্বমুচ্যতে কথং বা কর্ম্মজ্ঞানকাণ্ডাপেক্ষিতমাত্মনো যজ্ঞাদিকর্ত্তৃত্বং শ্রবণাদিকর্ত্তৃত্বঞ্চাপহ্নূয়তে ইত্যাশঙ্ক্যাহ আশ্চর্য্যবদিতি। কশ্চিৎ জ্ঞাতাত্মতত্ত্বঃ এনং, অতীতানন্তরশ্লোকোক্তং ভূতগ্রামং আশ্চর্য্যবৎ আশ্চর্য্যং অদ্ভুতং স্বপ্নমায়েন্দ্রজালাদিকং তেন তুল্যং আশ্চর্য্যবৎ তথাভূতং পশ্যতি, তথা কশ্চিদেনং আশ্চর্য্যবৎ বদতি, সত্ত্বেন অসত্ত্বেন বা নিরূপয়িতুমশক্যমপি অনির্ব্বচনীয়েনৈব লোকপ্রসিদ্ধেন রূপেণোপপাদয়তি। তথা হি, রজ্জুরগবৎ প্রপঞ্চঃ সংশ্চেৎ "নেহ নানাস্তি কিঞ্চন" ইতি শ্রুত্যা ন বাধ্যেত, অসংশ্চেন্ন প্রতীয়েত, তস্মাদনির্ব্বচনীয়োঽয়মিতি, তাদৃশং, সর্ব্বব্যবহারাস্পদত্বেঽপি প্রপঞ্চস্য মিথ্যাত্বোপপাদনমত্যাশ্চর্য্যমিত্যর্থঃ। তথা এনং প্রপঞ্চং অন্যঃ আশ্চর্য্যবৎ শৃণোতি, ইমে লোকা ইমে দেবা ইমে বেদা ইদং সর্ব্বং যদয়মাত্মেতি প্রত্যক্ষেণ অনাত্মত্বেন উপলভ্যমানস্যাপি প্রপঞ্চস্য যৎ প্রত্যগাভিন্নত্বেন শ্রবণং তদত্যন্তম্ আশ্চর্য্যম্, নহীয়ং শ্রুতিঃ যজমানঃ প্রস্তর ইত্যাদিবদুপচরিতার্থা, প্রপঞ্চস্যাত্মনঃ পৃথক্ত্বে আত্মনো বা অরে দর্শনেন শ্রবণেন, মত্যা বিজ্ঞানেনেদং সর্ব্বং বিদিতং ভবতীত্যেকবিজ্ঞানাৎ সর্ব্ববিজ্ঞানপ্রতিজ্ঞোপরোধাপত্তেঃ। ন চ প্রতিজ্ঞাপ্যৌপচারিকী প্রদেশান্তরে স্থিতস্য যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন সর্ব্বং মৃণ্ময়ং বিজ্ঞাতং স্যাদিতি দৃষ্টান্তস্যোপরোধাপত্তেঃ, তস্মাৎ প্রতিজ্ঞাদৃষ্টান্তনিগমনানামেকবাক্যত্বাৎ ন প্রপঞ্চাত্মাত্মতত্ত্বম্। তচ্চ ভেদগ্রাহিপ্রত্যক্ষবিরোধাদাশ্চর্য্য-

মিব শৃণোতি, তথা কশ্চিদেনং প্রপঞ্চং, প্রত্যাগনন্তত্বেন শ্রুত্বা অপিশব্দাৎ উক্ত্বা স্বপ্নাদি-দৃষ্টান্তৈস্তদ্রূপপাস্য দৃষ্ট্বা ধ্যানেন চ সাক্ষাৎ কৃত্বা অপি তত্ত্বতো ন বেদ ন জানাতি। তথাহি পাপ্যাপি প্রজ্ঞা তীব্রবিক্ষেপবতঃ পরিক্ষীয়তে ইতি বক্ষ্যতি, তস্মাদাত্মৈক্যাৎ সম্ভবত্যেব প্রপঞ্চস্য রজ্জুরগাদিতুল্যত্বেন তুচ্ছত্বম্। যদ্বা এনং আত্মানং কর্ত্তৃত্বভোক্তৃত্বদুঃখিত্বানিত্যত্ব-জড়ত্বসাঙ্গত্বপরিচ্ছিন্নত্বাদিধর্ম্মবত্তয়া প্রসিদ্ধমপি তত্ত্বমসীত্যাগমোত্থয়া ব্রহ্মাকারান্তঃকরণবৃত্ত্যা ব্রহ্মবিদ্যাখ্যয়া অকর্ত্তারমভোক্তারমানন্দঘনং সত্যচিদ্রূপমসঙ্গমনন্তমপরোক্ষীকরোতীতি মহদাশ্চর্য্যম্, যতঃ পশ্যতি তদাশ্চর্য্যবদিতি ক্রিয়াবিশেষণং বা, অনিত্যমকমপি দর্শনমবিদ্যা-স্বাত্মানঞ্চ কতকরজোবন্নিবর্ত্তয়তীতি, যদ্বা যঃ পশ্যতি স আশ্চর্য্যবদিতি কর্ত্তৃবিশেষণম্, যত এক এব বিদ্বান্ সমাধিব্যুত্থানয়োঃ পরস্পরবিরুদ্ধমাত্মনো ব্রহ্মভাবং জীবভাবঞ্চ যাবদারব্ধ-ক্ষয়মনুভবতীতি তথা বাঙ্মনসাতীতমপ্যাত্মানং যদ্বাচা বদতি তদপ্যাশ্চর্য্যম্, অগৃহীতসঙ্গতিকেনাপি শব্দেন যথা সুপ্তঃ প্রবোধ্যতে তদ্বৎ। যথোক্তং বার্ত্তিকে, "অগৃহীত্বৈব সম্বন্ধমভিধানাভিধেয়য়োঃ। হিত্বা নিদ্রাং প্রবুধ্যন্তে সুষুপ্তে বোধিতাঃ পরৈঃ॥ জাগ্রদ্বন্ন যতঃ শব্দং সুষুপ্তে বেত্তি কশ্চন। ধ্বস্তেঽতো জ্ঞানতোঽজ্ঞানে ব্রহ্মাস্মীতি ভবেৎ ফলম্॥ অবিদ্যাঘাতিনঃ শব্দাৎ যাঽহংব্রহ্মেতি ধীর্ভবেৎ। নশ্যত্যবিদ্যয়া সার্দ্ধং হত্বা রোগমিবৌষধম্॥" ইতি। তথা যঃ শৃণোতি সোঽপি আশ্চর্য্যবৎ, অতিদুর্ল্লভ ইত্যর্থঃ। "শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ" ইতি শ্রুতেঃ, "শৃণ্বন্তোঽপি বহবো যন্নঃ বিদ্যুঃ" ইতি শ্রুতির্দ্বিতীয়পাদার্থং সংগৃহ্লাতি। শ্রুত্বাপ্যেনমিতি "আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্য লব্ধা আশ্চর্য্যো জ্ঞাতা কুশলেনানুশিষ্টঃ" ইতি উত্তরার্দ্ধস্য শ্লোকপূর্ব্বার্দ্ধেন সংগৃহীত ইতি জ্ঞেয়ম্। দুর্ব্বিজ্ঞেয়োঽয়মাত্মা অতস্ত্বং তজ্জ্ঞানার্থং যতস্বেতি ভাবঃ॥ ২৯॥

বিশ্বনাথ।—নম্ন কিমিদং আশ্চর্য্যং ব্রূষে। কিঞ্চৈতদপ্যাশ্চর্য্যং যদেবং প্রবোধ্য-মানস্যাপ্যবিবেকো নাপযাতি ইতি তত্র সত্যমেবমেবেত্যাহ আশ্চর্য্যবদিতি। এনং আত্মানং দেহঞ্চ তদুভয়রূপং সর্ব্বলোকং॥ ২৯॥

তাৎপর্য্য।—হে ভ্রাতঃ অর্জ্জুন! কেবল যে তুমিই দুরবগম্য রহস্যপূর্ণ আত্মতত্ত্ব বিষয়ক বিবিধ তত্ত্বকথা ও উপদেশ-বাক্য শ্রবণ করিয়া, আত্মার যথার্থ ভাব সম্যগ্‌রূপে প্রণিধান করিতে অক্ষম হইতেছ এবং মদীয় বাক্যা-বলী নিরতিশয় অসম্ভব জ্ঞান করিয়া বিস্ময়-স্তিমিত-নেত্রে আমার প্রতি চাহিয়া রহিয়াছ, এরূপ নহে। এই আত্মতত্ত্ব এরূপ রহস্যজালে বিজড়িত, যে কেহই তাহার মর্ম্ম সহসা ধারণা করিতে সক্ষম হন না। গুরূপদেশে যাঁহার হৃদয়-কন্দরস্থ অন্ধকার রাশি বিগত হইয়াছে, এবং আত্ম-দর্শনরূপ অপরিসীম সৌভাগ্য সংঘটিত হইয়াছে, তিনিও বিস্ময়-পরিপ্লুত ভাবে আত্মাকে দর্শন করেন। যে ব্যক্তি আত্মতত্ত্ব পর্য্যালোচনারূপ প্রসঙ্গে

নিমগ্ন থাকেন,তিনিও ইহাঁকে অদ্ভুতের একশেষ বলিয়া বর্ণনার উপসংহার করেন। যে ব্যক্তি আত্মতত্ত্ববিষয়ক অসম্ভববৎ বৃত্তান্ত সমূহ আকর্ণন করিতে প্রবৃত্ত হন, তিনিও সকলই অলৌকিক কথা মনে করিয়া অভিভূত হন এবং কোনমতেই ইহাঁকে হৃদয়ঙ্গম করিতে না পারিয়া অবসন্ন হৃদয়ে নিবৃত্ত হন। ফলতঃ এতদপেক্ষা অত্যদ্ভুত তত্ত্ব আর কিছুই দেখা যায় না। যিনি সংসারের সর্ব্ব বস্তুতে অনুস্যূত রহিয়াছেন, যিনি স্থাবর ও জঙ্গমাদি যাবতীয় ভৌতিক পদার্থে বিনিবিষ্ট রহিয়াছেন, যিনি আমাদের অন্তরে ও বাহ্যে নিরন্তর বিরাজ করিতেছেন এবং যাঁহার অপ্রতিহত প্রভাব-পরতন্ত্র হইয়া বিশ্বব্যাপার নির্ব্বাহিত হইতেছে, সেই সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, মঙ্গলময় আত্মাকে লোকে দেখিয়াও দেখিতে পায় না, শুনিয়াও তাঁহার কথা ধারণা করিতে পারে না। এতদপেক্ষা অদ্ভুততর প্রহেলিকা আর কিছুই নাই। মনুষ্য ধনলোভে দুস্তর সাগর অতিক্রম করিয়া বণিগ্‌রূপে পণ্যভারসহ দেশান্তরে উপনীত হয়, বসুন্ধরার বক্ষঃ বিদারণ করিয়া তিমিরাচ্ছন্ন খনি-মধ্য হইতে রত্নরাজি সমুত্তোলন করে এবং জলধির বিপুল গহ্বরে নিমজ্জিত হইয়া মুক্তালাভার্থ শুক্তি সঞ্চয় করে; কিন্তু যে অমূল্য ধন তাহার নিয়ত করায়ত্ত,যে অতুলনীয় রত্ন তাহার অনায়াসলভ্য, যে শ্রেষ্ঠতম মুক্তামালা তাহার সম্মুখে বিরাজিত, সকল সম্পদের সারভূত সেই জ্ঞান ও আনন্দময় আত্মতত্ত্ব বিনির্ণয়ে সে সতত উদাসীন। সে তাঁহাকে দেখিয়াও দেখিতে পায় না এবং তাঁহার কথা শুনিয়াও শুনিতে পায় না; অনাবশ্যক ও হীন প্রসঙ্গের আলোচনায় সে স্বচ্ছন্দে সময়পাত করিবে, প্রতিনিয়ত সংসারের পরুষ সংঘর্ষণে ভগ্ন-মনোরথ ও মৃতকল্প হইবে, সুখের লালসায় সে দুঃখজনক বিবিধ বিষয়ের অনুসরণ করিবে এবং অলীক, অসার, অকর্ম্মণ্য ব্যাপারে জীবনকে বিনিযোজিত করিবে; তথাপি সকল সুখের সারভূত, জ্ঞানানন্দের উৎসস্বরূপ আত্মতত্ত্বের পর্য্যালোচনা করিতে হইলে, সে তাহা ঐন্দ্রজালিকবৎ অসম্ভব ব্যাপার বোধে বিরত হইবে।

এই শ্লোক কঠোপনিষদের দ্বিতীয় প্রপাঠকের সপ্তমমন্ত্রের ছায়া মাত্র। যদিও এই শ্লোকের সহিত তাহার ভাষার সাম্য নাই,তথাপি ভাবগত সাম্য যথেষ্টই পরিদৃষ্ট হয়। ভাষ্য ও টীকাকারগণ উক্ত শ্রৌতমন্ত্র সমুদ্ধৃত করিয়া, বিশেষরূপে আলোচনা করিয়াছেন; সুতরাং এস্থলে তাহার পুনরুল্লেখ

নিষ্প্রয়োজন। পাঠকগণ পশ্চাল্লিখিত তাৎপর্য্য মধ্যে তাহার আলোচনা দেখিতে পাইবেন। অন্যান্য উপনিষদেও এই ভাব বিশেষরূপে পরিব্যক্ত আছে, আমরা পাঠকগণের অবগতির নিমিত্ত কয়েকটী এস্থলে উদ্ধৃত করিতেছি। যথা; বাজসনেয় উপনিষৎ—"অনেজদেকং মনসো জবীয়ো নৈনদ্দেবা আপ্নুবন্ পূর্ব্বমর্ষৎ। তদ্ধাবতোঽন্যানত্যেতি তিষ্ঠৎ তস্মিন্নপো মাতরিশ্বা দধাতি॥ তদেজতি তন্নৈজতি তদ্দূরে তদ্বন্তিকে। তদন্তরস্য সর্ব্বস্য তদু সর্ব্বস্যাস্য বাহ্যতঃ॥" ১ প্রপাঠক। ৪।৫ সূত্র। অর্থাৎ তিনি অচল হইলেও সর্ব্বত্র বিদ্যমান, মনের অপেক্ষাও বেগবান্, ইন্দ্রিয় সকলের অগ্রগামী, এজন্য তাহারা তাঁহাকে ধারণ করিতে পারে না, তিনি স্থির হইলেও সর্ব্বাপেক্ষা দ্রুতগামী, তাঁহারই প্রভাবে বায়ু ভৌতিক কর্ম্ম সম্পন্ন করিতেছে। তিনি চলেন, তিনি চলেনও না, তিনি দূরে আছেন, তিনি নিকটেও আছেন, তিনি সকলের অন্তরে আছেন, বাহ্যেও আছেন। কঠোপনিষদে—"তন্দুর্দর্শং গূঢ়মনুপ্রবিষ্টং গুহাহিতং গহ্বরেষ্ঠং পুরাণম্।" ২ প্র। ১২ সূ। অর্থাৎ সেই ক্লেশদর্শনীয়, গূঢ়, সূক্ষ্মপ্রবিষ্ট, হৃদয়স্থিত, দুর্গম স্থানাবস্থিত পুরাতন দেবকে অধ্যাত্মযোগে জানিয়া ধীর ব্যক্তি হর্ষশোক ত্যাগ করেন। অপিচ অন্যত্র "ধর্ম্মাদন্যত্রাধর্ম্মাদন্যত্রাস্মাৎ কৃতাকৃতাৎ। অন্যত্র ভূতাচ্চ ভাব্যাচ্চ যত্তৎ পশ্যসি তদ্বদ॥" ২ প্র। ১৪ সূ। অর্থাৎ ধর্ম্ম হইতে স্বতন্ত্র, অধর্ম্ম হইতে স্বতন্ত্র, এই কার্য্যকারণরূপ জগৎ হইতে স্বতন্ত্র, এবং ভূত ও ভবিষ্যৎ হইতে স্বতন্ত্র, যাহা দেখিতে পাইতেছ, তাহা বল। অপিচ—"নৈব বাচা ন মনসা প্রাপ্তুং শক্যো ন চক্ষুষা।" ৬ প্র। ১২ সূ। অর্থাৎ তাঁহাকে বাক্য দ্বারা পাওয়া যায় না, মন দ্বারা পাওয়া যায় না, এবং চক্ষু দ্বারাও পাওয়া যায় না। মুণ্ডকোপনিষৎ—"ন চক্ষুষা গৃহ্যতে নাপি বাচা নান্যৈর্দেবৈস্তপসা কর্ম্মণা বা।" ৩য়। ১ম। ৮। অর্থাৎ চক্ষু, বাক্য, অন্যান্য ইন্দ্রিয়, তপ বা কর্ম্ম কিছুতেই তাঁহাকে পায় না। অপিচ—"নায়মাত্মা, প্রবচনেন লভ্যো ন মেধয়া ন বহুনা শ্রুতেন।" ৩য়। ২য়। ৩। অর্থাৎ এই আত্মা বেদাধ্যাপন বা মেধা বা বহু শাস্ত্রজ্ঞান দ্বারাও লভ্য নহেন। মাণ্ডুক্যোপনিষদে—"নান্তঃপ্রজ্ঞং ন বহিঃপ্রজ্ঞং নোভয়তঃ প্রজ্ঞং ন প্রজ্ঞানঘনং ন প্রজ্ঞং নাপ্রজ্ঞম্। অদৃষ্টমব্যবহার্য্যমগ্রাহ্যমলক্ষণমচিন্ত্যমব্যপদেশ্যমেকাত্ম্যপ্রত্যয়সারং প্রপঞ্চোপশমং শান্তং শিবমদ্বৈতং স আত্মা স বিজ্ঞেয়ঃ।" ৭।

অর্থাৎ আত্মা অন্তঃপ্রজ্ঞ (মনের দ্বারা যাহা জানা যায়, তাহাই যে জানে) নহেন, বহিঃপ্রজ্ঞ (বাহ্যবিষয় যে জানে) নহেন, উভয়প্রজ্ঞ নহেন, প্রজ্ঞানঘন নহেন, প্রজ্ঞ নহেন, অপ্রজ্ঞ নহেন, তিনি অদৃষ্ট, অব্যবহার্য্য, অগ্রাহ্য, অলক্ষণ, অচিন্ত্য, অব্যপদেশ্য, একাত্ম্য প্রত্যয়রূপ, প্রপঞ্চাতীত, শান্ত, মঙ্গলময়, অদ্বৈত সেই আত্মা বিশেষ জ্ঞাতব্য'। উল্লিখিত শ্রৌত বচন সমূহোক্ত আত্ম-বিবরণ পাঠ করিয়া সকলেই বুঝিবেন যে, এরূপ আত্মার সকলই আশ্চর্য্যবৎ, সন্দেহ নাই। দেবরাজ ইন্দ্র, ঋষিরাজ নারদ ইত্যাদি সর্ব্বজ্ঞানসম্পন্ন বন্দনীয় ব্যক্তিগণও আত্ম-তত্ত্ব বিষয়ে অমাচ্ছন্ন হইয়াছিলেন এবং বহু জ্ঞানোপদেশ লাভ করিয়াও আত্ম-যাথাত্ম্য সহজে ধারণা করিতে পারেন নাই।

পূজ্যপাদ বলদেব বিদ্যাভূষণ ও নীলকণ্ঠ সুরি মহাশয়ের অভিপ্রায়। "ভগবন্! আপনি সর্ব্বজ্ঞ, স্বীয় বিদ্যাবলে আপনি আত্ম-তত্ত্ব সকল অবগত আছেন; সুতরাং আপনাকে শোক মোহ অভিভূত করিতে সমর্থ হয় না। আমি অল্পদর্শী ও অল্পজ্ঞ এবং আমার হৃদয় অজ্ঞানে পরিপূরিত; শোক নিবারণার্থ আত্ম-তত্ত্ববিষয়ে যে সকল উপদেশ প্রদান করিয়াছেন, তাহা আমার হৃদয়ে অলব্ধপদ হইয়া অপসৃত হইয়াছে, অর্থাৎ আপনার বাক্য পুনরায় আপনাতেই প্রত্যাগত হইয়াছে; আমি কিছুই ধারণা করিতে পারি নাই। অতএব হে করুণাময়! দয়া করিয়া সদুপদেশ প্রদান পূর্ব্বক আমার শোক-মোহ বিদূরিত করুন। পক্ষান্তরে সর্ব্ব-প্রমাণ-সিদ্ধ এবং বজ্র-নির্ম্মিত পঞ্জরের ন্যায় অখণ্ডনীয় পৃথিব্যাদি ভূত-নিচয়কে আমি কিরূপে রজ্জুতে কল্পিত সর্পের ন্যায় মিথ্যা জ্ঞান করিব? আমি চির-সংস্কারের বশীভূত হইয়া কর্ম্মকাণ্ডোক্ত ক্রিয়াকলাপের অনুষ্ঠান করিয়া আসিতেছি, শত্রু-জয়-লালসায় কঠোর ব্রত ধারণপূর্ব্বক হিমালয়-শিখরে পার্ব্বতী-পতিকে বহুদিন আরাধনা করিয়াছি, স্বর্গধামে সুরপতি ইন্দ্রের এবং ধরাতলে ত্রিলোক-পতি আপনার উপাসনা করিতেছি। আমি আপনার চরণপ্রসাদে সাগরাম্বরা বসুন্ধরাকে জয় করিয়া ধনরাশি আহরণ পূর্ব্বক রাজসূয়াদি যজ্ঞকার্য্য সম্পন্ন করিয়াছি। এইক্ষণে তৎসমস্ত কর্ম্ম আমি করি নাই, ইহা কিরূপে স্থির করিব? কিরূপেই বা দৃঢ়-বদ্ধমূল সংস্কার সকল উন্মূলিত করিয়া স্বকৃত ক্রিয়াকলাপের কর্তৃত্ব আত্মা হইতে অপনীত

করিব ?" অর্জ্জুনের এবংবিধ প্রশ্নের উত্তর স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন। হে অজ্ঞানান্ধ অর্জ্জুন। আত্ম-তত্ত্ব অতীব গূঢ়, ইহা প্রত্যক্ষ বস্তুর ন্যায় সৎ কিম্বা আকাশকুসুমের ন্যায় অসৎ তাহা স্থির করা যায় না। মানব ত দূরের কথা, নারদাদি দেবর্ষিগণ ও ব্রহ্মাদি দেবগণও এই বিষয়ের সম্যক্ তথ্য অবগত নহেন, আত্ম-তত্ত্ব বিষয়ক সকলই আশ্চর্য্য। আত্মা বিকারক পদার্থ দ্বারা অস্পৃষ্ট হইলেও, বিরুদ্ধ ধর্ম্মবিশিষ্ট, পরমাণুর ন্যায় অণু হইলেও, বৃহৎ পদার্থের ন্যায় জগদ্ব্যাপক; অতএব আত্ম-বিষয়ে উপদেশ প্রদান করাও দুরূহ ব্যাপার। কোন ভাগ্যবান্ আত্ম-তত্ত্ব-জিজ্ঞাসু মানব, জন্মান্তরীণ কর্ম্ম দ্বারা ক্ষীণপাপ ও স্বধর্ম্মানুষ্ঠানের দ্বারা বিশুদ্ধ-হৃদয় হইয়া ভগবৎ-কৃপায় সদ্গুরুর প্রসাদ লাভ করতঃ, আত্ম-তত্ত্ব বিষয় কথঞ্চিৎ অনুভব করিয়া থাকেন। আবার কোন কোন অতত্ত্ববিৎ পুরুষ বলেন যে, এই প্রপঞ্চ জগৎ যেহেতু ব্যবহার যোগ্য, অতএব তাহা রজ্জুতে কল্পিত সর্পের ন্যায় মিথ্যা, ইহা কিরূপে সম্ভবপর হইবে? সুতরাং আত্মতত্ত্ব অতীব আশ্চর্য্য। কোন কোন অল্পদর্শী মানব শ্রীগুরুর নিকটে এই প্রপঞ্চ জগৎ আত্মা হইতে স্বতন্ত্র, এরূপ শ্রবণ ও নানা দৃষ্টান্ত দ্বারা তাহা প্রমাণীকৃত করিয়া এবং ধ্যান দ্বারা সাক্ষাৎকার করিয়াও আত্মতত্ত্ব জানিতে সক্ষম হন না। কারণ গুরূপদেশ দ্বারা আত্মজ্ঞান কিঞ্চিৎ প্রাপ্ত হইলেও, প্রাক্তন সংস্কারের প্রাবল্য হেতু তাহা পরিক্ষীণ হয়। অতএব রজ্জুতে কল্পিত সর্প যেমন রজ্জুতত্ত্ব জ্ঞানে তুচ্ছ (মিথ্যা) বোধ হয়, তদ্রূপ একই আত্মা সর্ব্বত্র বিরাজ করিতেছে, এবংবিধ আত্মযাথার্থ্যানুভব দ্বারা নিখিল দ্বৈত প্রপঞ্চের তুচ্ছত্ব প্রতীতি হয়। আর ইহাও বুঝিবে যে, আত্মা কর্তৃত্ব, ভোক্তৃত্ব, জড়ত্বাদি ধর্ম্মবান্ বলিয়া প্রসিদ্ধ হইলেও "তত্ত্বমসি" প্রভৃতি মহাবাক্যোৎপন্ন ব্রহ্মাকার অন্তঃকরণ বৃত্তিরূপ ব্রহ্মবিদ্যা দ্বারা আত্মার কর্তৃত্ব, ভোক্তৃত্ব ধর্ম্ম সকল নিবৃত্ত হইবে এবং সচ্চিদানন্দময়, সৎস্বরূপের স্ফূর্ত্তি হইবে। অতএব ইহা হইতে আর মহদাশ্চর্য্য কি? যেমন কতক অর্থাৎ নির্ম্মলি সংসর্গে জলের মালিন্য নিবৃত্ত হইয়া স্বচ্ছতা আসিয়া উপস্থিত হয়, তদ্রূপ ব্রহ্মবিদ্যা প্রভাবে অবিদ্যাদি বিলসিত দ্বৈতরাজ্যে জীবভাব অপগত হইয়া জরা-মরণ-রহিত, অদ্বৈত ও সদানন্দময় ব্রহ্মভাব সমুপস্থিত হয়। অতএব হে বয়স্য অর্জ্জুন! আত্মতত্ত্ব অতিশয় দুরধিগম্য বলিয়া

তুমি নিরুৎসাহ হইও না, তত্ত্বজ্ঞানার্থ যত্ন করিলে তুমি আত্মসাক্ষাৎকার করিবে এবং ক্রমে দুস্তর শোকসাগরও উত্তীর্ণ হইবে। এই বিষয় নিম্নে পূজ্যপাদ মধুসূদনের তাৎপর্য্যে বিশেষরূপে বিবৃত হইবে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। সখে! যদি বল যে "আমি তো আমি, কত শত শত বিদ্বান্ ব্যক্তিও তো শোক প্রকাশ করিয়া থাকেন, তবে কেন বৃথা আমাকে বারংবার তিরস্কার করিতেছ? আর আমি যে তোমার কথার কিছু অর্থ বুঝিতে পারিতেছি না, তাহাতে আমার অণুমাত্র দোষ নাই, দোষ তোমারই; কারণ ন্যায় শাস্ত্রে কথিত আছে, "যেখানে শ্রোতা বুঝিতে না পারে, সেখানে বক্তারই দোষ।"

এই কল্পিত বাক্যের উত্তর স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন, 'তোমার এই দুইটী আশঙ্কাই অমূলক; কারণ তুমি যাঁহাদিগকে বিদ্বান্ বলিয়া মনে করিতেছ, তাঁহারা তোমারই মত আত্ম-তত্ত্ব-জ্ঞান-দরিদ্র বলিয়াই শোক করিয়া থাকেন। আরও দেখ, ক্ষেত্র উত্তম না হইলে তাহাতে উপ্ত বীজ কোনরূপ ফলদায়ক হয় না; সেইরূপ অন্তঃকরণ সুনির্ম্মল না হইলে তাহাতে শাস্ত্রোপদেশ স্বরূপ বীজও ফলদায়ক হয় না। যে ব্যক্তির অন্তঃকরণ মলিন, সে ব্যক্তি আত্মপ্রতিপাদক শাস্ত্রের সার মর্ম্ম হৃদয়ঙ্গম করিতে সক্ষম হয় না। তোমার বিদ্বানুবর্গেরও যেরূপ অন্তঃকরণ সুবিমল, তোমার নিজেরও তদ্রূপ; সুতরাং আত্মপ্রতিপাদক শাস্ত্রের মর্ম্মও সেইরূপই হৃদয়ঙ্গম করিয়াছ! হে অসূক্ষ্মদর্শিন্! আত্মপদার্থ সহজে জানা যায় না, আত্মা দুর্ব্বিজ্ঞেয়। কেন যে আত্মা দুর্ব্বিজ্ঞেয় তাহা বলিতেছি, শ্রবণ কর। যেরূপ বহুরূপী নামক সরীসৃপ-বিশেষের রূপ নির্ণয় করা সমস্যা বিশেষ, আত্মস্বরূপ-বিনির্ণয়ও তদ্রূপ। আত্মা সর্ব্বাশ্চর্য্যময়। আত্ম-যাথাত্ম্য নির্ণয়ের সমস্তই আশ্চর্য্যময়। আত্মার দর্শনকর্ত্তা আশ্চর্য্যময়; যে আত্মাকে দর্শন করিতে হইবে, সেই দর্শনক্রিয়ার কর্ম্মস্বরূপ আত্মা আশ্চর্য্যময়, আত্মাকে দর্শনরূপ ক্রিয়াও আশ্চর্য্যময়। আত্মবিষয়ক সকলই আশ্চর্য্যময়। আত্ম-সাক্ষাৎকার সকলের অদৃষ্টে সংঘটিত হয় না। শম-দমাদি সাধন-সম্পন্ন সন্ন্যাসীবর্গের মধ্যেও কোন কোন ভাগ্যবানের ভাগ্যেই ইহা সংঘটিত হয়। তাদৃশ পরমানন্দ লাভ করাও সহজ-সাধ্য নহে। আত্ম-তত্ত্ব জিজ্ঞাসুকে প্রথমতঃ অধিকারী (১০৭ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) হইতে

হইবে, পরে সদ্‌গুরুর (৫৬ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) নিকট গমন করিয়া দীক্ষিত হইতে হইবে ; পরে তিনি কৃপা করিয়া অধ্যারোপ ও অপবাদ * ন্যায়ে (যুক্তিমূলক দৃষ্টান্ত-বিশেষের নাম ন্যায়) যে সমস্ত তত্ত্বকথা বুঝাইয়া দিবেন, সেই গুলির শ্রবণ, মনন ও নিদিধ্যাসন † করিতে হইবে। ইহার সঙ্গে সঙ্গে

* "অসর্পভূতে রজ্জৌ সর্পারোপবৎ বস্তুন্যবস্ত্বারোপঃ অধ্যারোপঃ। বস্তু সচ্চিদানন্দমদ্বয়ং ব্রহ্ম, অজ্ঞানাদিসকলজড়সমূহঃ অবস্তু। অপবাদো নাম রজ্জুবিবর্ত্তস্য সর্পস্য রজ্জুমাত্রত্ববৎ বস্তুবিবর্ত্তস্য অবস্তুনঃ অজ্ঞানাদেঃ প্রপঞ্চস্য বস্তুমাত্রত্বম্। তদুক্তং—"সতত্ত্বতোঽন্যথা প্রথা বিকার ইত্যুদীরিতঃ। অতত্ত্বতোঽন্যথা প্রথা বিবর্ত্ত ইত্যুদীরিতঃ॥" বেদান্তসার। যেরূপ রজ্জু প্রকৃত সর্প না হইলেও তাহাতে ভ্রমক্রমে অজ্ঞানবশতঃ সর্প আরোপিত হয়, অর্থাৎ সেই রজ্জুকে সর্প বলিয়া বোধ হয়, সেইরূপ সচ্চিদানন্দ অদ্বয় ব্রহ্মবস্তুতে অবস্তুভূত অজ্ঞানাদি সমস্ত জড় সমূহের আরোপের নাম অধ্যারোপ।

যেরূপ রজ্জুবিবর্ত্ত সর্পের রজ্জুত্বই অপবাদ, সেইরূপ বস্তুবিবর্ত্ত অজ্ঞানাদি সমস্ত অবস্তু প্রপঞ্চের বস্তুত্বই অপবাদ। অপবাদ শব্দের মৌলিক অর্থ নাশ। যাহার যাহা প্রকৃত স্বরূপ তাহার সেই স্বরূপ হইতে অন্যস্বরূপ প্রাপ্তির নাম "বিবর্ত্ত"। বিবর্ত্ত, অধ্যাস, ভ্রম ইত্যাদি শব্দ প্রায় একার্থ প্রতিপাদক। অর্থাৎ রজ্জুর প্রকৃত স্বরূপ যে রজ্জু সেই যে সর্পরূপ হইয়াছিল, বিচার দ্বারা উক্ত সর্পের অপবাদে রজ্জু স্বরূপ সম্প্রাপ্ত হয়। বিবর্ত্তাধিষ্ঠিত সর্পের অপবাদেই রজ্জুর রজ্জুত্ব সিদ্ধ হয়। এইরূপ ব্রহ্মে বিবর্ত্তাধিষ্ঠিত বহুবিধ অনাত্মধর্ম্মের অপবাদেই ব্রহ্মের ব্রহ্মত্ব সিদ্ধ হয়, ইহারই নাম অপবাদ ন্যায়। অর্থাৎ আচার্য্য শিষ্যকে এইরূপ উপদেশ প্রদান করেন যে, যেরূপে রজ্জুতে অধ্যারোপিত সর্পের অপবাদে রজ্জুর রজ্জুত্ব সিদ্ধ হয়, সেইরূপ ব্রহ্ম বস্তুতে অধ্যারোপিত অবস্তুর অপবাদে ব্রহ্মের ব্রহ্মত্ব সিদ্ধ হয়।—অ, কৃ, গো।

† আচার্য্য প্রথমতঃ তত্ত্বজিজ্ঞাসুকে বুঝাইয়া দেন, যেরূপ অজ্ঞান বশতঃ অসর্পভূত রজ্জুতে সর্প আরোপিত হয়, সেইরূপ জীবগণ অজ্ঞান বশতঃ বস্তুতে অবস্তুর আরোপ করে। আত্মা বা ব্রহ্মবস্তু অদ্বিতীয় ও সচ্চিদানন্দ স্বরূপ ; সুতরাং তাঁহার বিনাশ, জ্ঞানাভাব বা আনন্দাভাব হইতে পারে না। এই পরিদৃশ্যমান্ পদার্থ নিচয় জড় ও অজ্ঞানবিজৃম্ভিত, এতৎ সমূহ (অজ্ঞান, ইন্দ্রিয়, দেহাদি) আত্মা নহে ; কারণ এতৎ সমস্ত নশ্বরতাদিদোষ-দুষ্ট ও অনাত্মধর্ম্মে পরিপূরিত। (তৎ ত্বমসি) তুমি সেই ব্রহ্ম স্বরূপ। অতএব তোমারও বিনাশ নাই। ইত্থং বাক্যোত্তদর্থানুসন্ধানং শ্রবণং ভবেৎ। যুক্ত্যা সম্ভাবিতত্বানুসন্ধানং মননন্তু তৎ॥ তাভ্যাং নির্ব্বিচিকিৎসেঽর্থে চেতসঃ স্থাপিতস্য যৎ। একতানত্বমেতদ্ধি নিদিধ্যাসনমুচ্যতে॥ ধ্যাতৃধ্যানে পরিত্যজ্য ক্রমাদ্ধ্যেয়ৈকগোচরম্। নির্বাতদীপবচ্চিত্তং সমাধিরভিধীয়তে॥ পঞ্চদশী—তত্ত্ব-বিবেকঃ। আচার্য্যোপদিষ্ট পূর্ব্বোক্তরূপ জীবব্রহ্মৈক্য বিধায়ক তত্ত্বমসি প্রভৃতি বাক্য সমূহ দ্বারা (অর্থাৎ তত্ত্বমসি প্রভৃতি বাক্যের উপদেশ আচার্য্যের নিকট লাভ করিয়া) সেই তত্ত্বমস্যাদি বাক্যের যে অর্থানুসন্ধান অর্থাৎ জীব ও ব্রহ্মের একত্ব লক্ষণের অনুসন্ধান, তাহারই নাম "শ্রবণ"। বহুবিধ যুক্তি দ্বারা যে সম্ভাবিতত্বের অনুসন্ধান তাহার নাম "মনন"। অর্থাৎ শ্রবণানন্তর প্রথমতঃ দেখিতে হইবে যে আচার্য্য বলিলেন, আত্মা সচ্চিদানন্দ, কিন্তু বাস্তবিক আত্মা সচ্চিদানন্দ কি না। সৎশব্দের অর্থ নিত্য, চিৎ শব্দের অর্থ জ্ঞান, এবং আনন্দ অর্থাৎ সুখস্বরূপ। জাগ্রদবস্থায় নানাবিধ (রূপরসাদি) বিষয়ের জ্ঞান হইয়া থাকে বটে কিন্তু বিচার করিয়া দেখিলে জানা যায় যে, কেবল বিষয় ভিন্ন ভিন্ন, জ্ঞান একই। স্বপ্নাবস্থাতেও পরিদৃশ্যমান

বেদান্তাদি শাস্ত্রের উপদেশও গ্রহণ করিতে হইবে। দীর্ঘকাল এইরূপ করিতে করিতে অবিদ্যাকল্পিত সমস্ত দ্বৈত বস্তুরই নিষেধ হইবে। এই

বিষয় ভিন্ন ভিন্ন কিন্তু জ্ঞান একই। স্বপ্ন ও জাগ্রদবস্থার মধ্যে প্রভেদ এই যে, জাগ্রদবস্থায় বিষয় স্থির (অন্য সময়ে দেখিলেও দেখিতে পারা যায়) কিন্তু স্বপ্নাবস্থায় বিষয় স্থির নহে। সুষুপ্তি অবস্থাতেও জ্ঞানের অবস্থিতি দেখিতে পাওয়া যায়; যেহেতু দেখিতে পাওয়া যে, পূর্ব্বে কোন পদার্থ দেখিলে বা শুনিলে অন্য সময়ে তাহার স্মরণ হইতে পারে; অতএব সুষুপ্ত অবস্থায় সুখানুভব জ্ঞান না হইলে সুপ্তোত্থিত পুরুষের, "আমি সুখে নিদ্রা গিয়াছিলাম, কিছুই জানিতে পারি নাই," এইরূপ স্মৃতি হইতে পারিত না; সুতরাং সুষুপ্তি অবস্থাতেও যে জ্ঞান থাকে, তাহা অবশ্য স্বীকার্য্য। অতএব দেখা যাইতেছে যে, যেরূপ জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এই ত্রিবিধ অবস্থাতেই এক জ্ঞানেরই অস্তিত্ব, সেইরূপ অতীত, আগামী ও বর্ত্তমান অন্য দিন, মাস, বৎসর, যুগ, কল্পাদিতেও একই জ্ঞানেরই অস্তিত্ব, ইহা স্বীকার করিতে হয়। গুরুদেব বলিয়াছেন, নিত্য বস্তু ব্রহ্ম; এখন দেখা যাইতেছে, জ্ঞানও নিত্য অতএব জ্ঞান ব্রহ্মের স্বরূপ। শাস্ত্র বলেন, যাহা যাহা নিত্য, তাহা তাহা সৎ; এখন দেখা যাইতেছে ব্রহ্মবস্তু নিত্য, অতএব তাহা "সৎ"। এবং ব্রহ্মবস্তু পরম প্রেমের (ভালবাসার) আস্পদ বলিয়া আনন্দ স্বরূপ; যেহেতু দেখিতে পাওয়া যায় যে মনুষ্য আপনাকে আপনি যেরূপ ভালবাসে, এরূপ আর (পুত্রকলত্রাদি) কাহাকেও ভালবাসে না। স্ত্রীপুত্রাদিকে ভালবাসিয়া সুখ পায় বলিয়াই মনুষ্য তাহাদিগকে ভালবাসে। বিচার করিয়া দেখিলে জানা যায় যে, আত্মসুখেচ্ছাই সর্ব্বত্র অনুস্যূত ও সেই নিমিত্তই জানিতে পারা যায় যে, আত্মা সুখময়; মনুষ্য কেহ মরিতে চাহে না; চিরকাল বাঁচিয়া থাকিতেই মনুষ্যের সাধ; ইহাও আত্মার আনন্দস্বরূপত্ব প্রতিপাদনের অন্যতম দৃষ্টান্ত। আর কোন কোন মনুষ্য যে আত্মহত্যাদি করে বা মরিতে ইচ্ছা করে, তাহাও আত্মসুখোদ্দেশে, কারণ তাহাদের ইচ্ছা যে "মরিলেই বাঁচি" অর্থাৎ মরিলেই সুখ পাইব; এ যাতনার হস্ত হইতে নিষ্কৃতিলাভ করিব। ইত্যাদি বহুবিধ বিষয় দ্বারা আত্মার পরম প্রেমাস্পদত্ব বা আনন্দত্ব প্রতিপাদিত হয়। অতএব আত্মা আনন্দস্বরূপ।" ইত্যাদি বহুবিধ যুক্তিবলে যে আচার্য্যোপদিষ্ট বাক্যের সম্ভাবিতত্ব (হইতে পারে, ইহা ঠিক বটে,) জ্ঞান তাহার নাম "মনন"। শ্রবণ ও মনন দ্বারা আচার্য্যোপদিষ্ট বিষয়গত সংশয়রাশি বিদূরিত হইলে, উক্ত বিষয়ে ধারণাবিশিষ্ট চিত্তের যে একতানতা, তাহার নাম নিদিধ্যাসন বা ধ্যান। বহুবিধ বাদ্যযন্ত্র একস্বরে বাজিলে তাহাকে একতান বা ঐক্যতানবাদন বলে। এখানেও সেইরূপ। স্বভাবতঃ চিত্ত নানাবিধ বিষয়ে আকৃষ্ট থাকে, কিন্তু যখন সকল বিষয়ে আকৃষ্টচিত্ত একত্রিত হইয়া একতানে সেই শ্রবণ মননাদি সাধন দ্বারা সংশয়পরিহীন ব্রহ্মবিষয়েই আকৃষ্ট বা সংলগ্ন হয়, উক্ত অবস্থার নাম নিদিধ্যাসন। যোগশাস্ত্রে কথিত আছে, "তৎপ্রত্যয়ৈকতানতা ধ্যানম্" সেই ব্রহ্মবস্তুতে বিশ্বাস স্থাপন করিয়া অর্থাৎ সেই সর্ব্ব সংশয়-পরিশূন্য ব্রহ্মবিষয়ে যে একতানতা—একাকার বৃত্তি-প্রবাহ তাহারই নাম ধ্যান; সুতরাং পূর্ব্বাপর পর্য্যালোচনা করিয়া দেখা যায় যে, ধ্যান ও নিদিধ্যাসন এতদুভয়ই একার্থ প্রতিপাদক। মহাত্মা পতঞ্জলির মতে "দেশ-সম্বন্ধশ্চিত্তস্য ধারণা", "য এব নির্ব্বিচিকিৎসোঽর্থঃ স এব দেশঃ।" সংশয়-পরিহীন বিষয়ে চিত্তের যে সম্বন্ধ, তাহারই নাম ধারণা। নিদিধ্যাসনের পরিপাকদশাতেই সমাধির আবির্ভাব হয়। নিদিধ্যাসন সময়ে ধ্যাতা (ধ্যানকর্ত্তা), ধ্যান ও ধ্যেয় এতৎ ত্রিতয় অবভাসিত হয় কিন্তু সমাধি অবস্থায় ধ্যাতা ও ধ্যান ক্রিয়া আর অবভাসিত হয় না, তাহার লোপ হয়। তখন ধ্যাতা, ধ্যান ও ধ্যেয় এই তিন মিলিয়া এক হইয়া যায়। কেবলমাত্র ধ্যেয় বিষয় থাকিয়া যায়। সুতরাং

সময় "তৎ ত্বমসি" প্রভৃতি বেদান্ত মহাবাক্যের * বিচার দ্বারা অতি সুনির্ম্মল সর্ব্ববিধ সৎকর্ম্মের ফলস্বরূপ অন্তঃকরণ বৃত্তিতে আত্মস্বরূপ প্রতিফলিত হইবে এবং অন্তঃকরণ বৃত্তি তখন পরমাত্মস্বরূপ-মাত্র আকৃতি-বিশিষ্ট হইবে (৪৪ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য)। নির্ব্বিকল্প সমাধির পরিপাক দশাতেই সাধক এই ভাগ্যে ভাগ্যবান্ হন।

পূর্ব্বোক্ত ভাগ্যবান্ সাধকও এই প্রকৃত দেহী আত্মাকে আশ্চর্য্যের তুল্য দর্শন করেন, অর্থাৎ আত্মাতে অবিদ্যা-কল্পিত (২০১ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বহুবিধ বিরুদ্ধ ধর্ম্ম আছে বলিয়া, তাঁহাতে অনেকরূপ বিচিত্র

সমাধিকালে চিত্ত বায়ুশূন্য প্রদেশস্থ দীপ কলিকার ন্যায় নিশ্চল অবস্থা সম্প্রাপ্ত হয়। উক্তবিধ সমাধির পরিপাক অবস্থাতেই জীব স্বস্বরূপ সম্প্রাপ্ত হয়, বা জীব ব্রহ্মে একত্ব সংসিদ্ধ হয়। তখন জীবের সর্ব্ববিধ অজ্ঞানের নাশ হয়। রজ্জুর প্রকৃত স্বরূপই রজ্জু, কিন্তু সর্পজ্ঞান তাহাতে ভ্রম ক্রমেই আরোপিত বা কল্পিত হয়। বিচার দ্বারা ইহা সর্প নহে রজ্জু ইত্যাকার জ্ঞান দ্বারা যেরূপ সর্প জ্ঞান বা প্রকৃত রজ্জুবিষয়ক অজ্ঞানের নাশ হয়, সেইরূপ বিচার দ্বারা প্রকৃত সদ্বস্তু ব্রহ্মে আরোপিত বহুবিধ অনাত্মধর্ম্মের নাশ হইলে জীব প্রকৃত ব্রহ্মস্বরূপ সম্প্রাপ্ত হয়, বা জীব ও ব্রহ্মে এক হইয়া যায়।—পণ্ডিত শ্রীঅতুলকৃষ্ণ গোস্বামী।

* চারি বেদরূপ সমুদ্র হইতে চারিটী মহাবাক্যরূপ পরম ধন উত্থিত হইয়াছে। প্রত্যেক মহাবাক্য তিনটী স্বতন্ত্র মহাবাক্যের সমষ্টি; সুতরাং মহাবাক্য দ্বাদশটী। প্রথম ঋক্‌বেদীয় মহাবাক্য। যথা; "প্রজ্ঞানমানন্দং ব্রহ্ম"। দ্বিতীয় যজুর্ব্বেদীয় মহাবাক্য। যথাঃ "অহং ব্রহ্মাস্মি"। তৃতীয় সামবেদীয় মহাবাক্য। যথা; "তত্ত্বমসি"। চতুর্থ, অথর্ব্ববেদীয় মহাবাক্য। যথা; "অয়মাত্মা ব্রহ্ম"। এই মহাবাক্য সমূহের অবান্তর ভাগ যথা; (১) প্রজ্ঞান, (২) আনন্দ, (৩) ব্রহ্ম, (৪) অহং, (৫) ব্রহ্ম, (৬) অস্মি, (৭) তৎ, (৮) ত্বম্, (৯) অসি, (১০) অয়ম্, (১১) আত্মা, (১২) ব্রহ্ম। অতঃপর নিম্নে প্রত্যেক মহাবাক্যের অর্থ নির্দ্দিষ্ট হইতেছে।

(১) প্রজ্ঞান।—যিনি যাবতীয় প্রাণীর আত্মস্বরূপ এবং কর্ম্মেন্দ্রিয় জ্ঞানেন্দ্রিয় স্বরূপ, যিনি দর্শন শাস্ত্র নির্দ্দিষ্ট মহদাদি তত্ত্বস্বরূপ, যিনি ক্ষিত্যপতেজঃমরুদ্ব্যোম স্বরূপ, যিনি দেশকাল পাত্রভেদে নানারূপে সর্ব্বত্র বিরাজমান, যিনি নির্গুণ ও নির্ব্বিকার, যিনি স্বয়ং উপাস্য ও উপাসক, সেই আনন্দময় সৎ স্বরূপ পরমাত্মা বাসুদেবই প্রজ্ঞান। যখন আত্মা নির্লিপ্ত শান্ত আনন্দময় নিরুপমরূপে উপনীত হইয়া অবিকৃত সমভাবে অবস্থিত হন, তখনই তাঁহার প্রজ্ঞান অবস্থা হয়।

(২) আনন্দ।—যিনি দেশাবচ্ছেদে ও কালাবচ্ছেদে নিরুপাধিকরূপে বিশ্ব ব্যাপারে বিনিবিষ্ট রহিয়াছেন এবং নিরন্তর আনন্দ বিতরণ করিয়া জগৎকে আনন্দময় করিতেছেন, যাঁহার সত্তায় আত্মানন্দের উদ্ভব হইতেছে, সেই পরমাত্মা ব্রহ্মই আনন্দ। তাঁহারই বাসনায় প্রকৃতি ও পুরুষের উদ্ভব হইয়াছে এবং লোক সকলে জীবসত্ত্ব স্ত্রী পুরুষরূপে মিলিত হইয়া সৃষ্টি-স্রোত নির্ব্বাহিত করিতেছে। পুষ্পসংযুক্ত তিলে যেমন গন্ধের আবির্ভাব হয়, আনন্দস্বরূপ ব্রহ্মের সংস্থিতে সেইরূপ এই বিশ্ব আনন্দময় হয়। তিনি সর্ব্বভূতে সমভাবে ভ্রমণ করেন।

প্রতীতি-বিষয়ের কল্পনা করিয়া বিচিত্রভাবে দর্শন করেন। অর্থাৎ আত্মা প্রকৃত "সৎ"; কিন্তু অবিদ্যা প্রভাবে তাঁহার উপর বিরুদ্ধ "অসৎ" রূপ বিচিত্র প্রতীতি বিষয়ের (বিচিত্র স্ফুরণ বিষয়ের) সম্ভাবনা করিয়া আশ্চর্য্যরূপে দর্শন করেন। স্থূল কথা, সেই আত্মার স্বরূপ সৎ, স্বপ্রকাশ, চৈতন্যরূপ, আনন্দঘন, নির্ব্বিকার, নিত্য, প্রকাশমান, ব্রহ্মাভিন্ন, মুক্ত, অদ্বিতীয় হইলেও, অবিদ্যা প্রভাবে তাঁহাকে অসৎ, জড়, দুঃখিত, সবিকার, অনিত্য, অপ্রকাশমান, ব্রহ্মভিন্ন, বদ্ধ, সদ্বিতীয় প্রভৃতির তুল্য দর্শন করেন। অতএব দর্শনক্রিয়ার কর্ম্মভূত আত্মা আশ্চর্য্যবৎ—আশ্চর্য্যের তুল্য।

(৩) ব্রহ্ম।—যাঁহার জন্ম নাই, মৃত্যু নাই, আদি নাই, অন্ত নাই, সেই অব্যক্ত, অদ্বৈত, অচিন্ত্য, অখণ্ড স্বপ্রকাশস্বরূপ ব্রহ্ম সর্ব্বত্র জগৎ প্রপঞ্চের অন্তরাত্মরূপে বিরাজমান। যেমন সূত্র বহু রত্নের অন্তর প্রদেশে অদৃশ্যভাবে অবস্থিত থাকিয়া হাররূপে গ্রথিত করে, যেমন আকাশ সর্ব্বব্যাপী হইয়া নির্লিপ্তভাবে অবস্থিতি করে, পরব্রহ্মও সেইরূপ আশ্রয় অথচ অদৃশ্য, সর্ব্বত্র অনুস্যূত অথচ নির্লিপ্ত। তিনি আছেন বলিয়া এই মায়াময় জগৎ প্রপঞ্চ প্রতিভাসিত হয়। তিনি কূটস্থ চৈতন্যস্বরূপ, অজ্ঞতাহেতু তাঁহাতে মায়া আরোপিত হয়।

(৪) অহং।—বিশুদ্ধ জ্ঞান স্বরূপ পরমাত্মাই অহং। এই সৃষ্টির আদি, মধ্য ও অন্তকালে কেবল অহং শব্দবাচ্য পরব্রহ্মই বিরাজিত। উপনিষদে ও শ্রীমদ্ভগবদ্গীতায় অহংশব্দের পরব্রহ্মত্ব প্রতিপাদক বহুতর প্রমাণ আছে। এই ব্রহ্মবাচক অহং ত্রিগুণাত্মক হইয়া সৃজন, পালন ও সংহার করেন। ব্রহ্মাণ্ডের যাবতীয় জীব ও স্থাবর জঙ্গম পদার্থ সকলই অহং শব্দাখ্য ব্রহ্মাত্মক। আত্মাভিমান শূন্য হইলে সকলেই মৃতবৎ জড়রূপে পরিণত হয়; তাহাদের অহং আত্মাভিমান প্রবর্ত্তক। সেই অহংশব্দাখ্য পরব্রহ্ম সাক্ষীস্বরূপে সর্ব্বত্র বিরাজমান হইয়া জগৎ প্রপঞ্চকে আত্মাভিমানী করিয়াছেন।

(৫) ব্রহ্ম।—(৩ দেখুন) যেমন বৃক্ষ থাকাতেই বৃক্ষের ছায়া পরিদৃষ্ট হয় সেইরূপ ব্রহ্মের সত্তায় জগৎ প্রতীয়মান হইতেছে। সেই ব্রহ্ম পূর্ণ, সর্ব্বানুস্যূত সুলক্ষণি গুণরহিত এবং দেশ-কাল দ্বারা অপরিচ্ছিন্ন। তিনি মোক্ষস্বরূপ এবং হস্তী ও মশকে সমভাবে অবস্থিত।

(৬) অস্মি। অহংশব্দ না বলিলেও কেবল অস্মিশব্দ দ্বারা অহংশব্দের বোধ জন্মে। অতএব অস্মিশব্দ অহংশব্দের ন্যায় আত্মারই প্রতিপাদক। পরমহংস মহাপুরুষগণ অস্মিশব্দ দ্বারা আমিই ব্রহ্ম এইরূপ অর্থ স্থিরীকৃত করেন। ব্রহ্ম চৈতন্য ও জীব চৈতন্য অভিন্ন, কেবল মায়া দ্বারা বিলুপ্ত জ্ঞান হইয়া অহংশব্দবাচ্য ব্রহ্ম চৈতন্যকে মানবেরা জীবচৈতন্য বলিয়া মনে করে। মায়া অপগত হইলে অহংশব্দাখ্য জীবচৈতন্য ও ব্রহ্মচৈতন্য অভিন্নরূপে প্রতীত হয়। আত্মা এবং প্রকৃতি এতদুভয়ের মধ্যে অস্মিশব্দ আত্মার প্রতিপাদক রূপে অবস্থিত। মীমাংসাদি শাস্ত্রে অস্মিশব্দ দ্বারা অব্যক্তস্বরূপ পরব্রহ্মই প্রতিপাদিত হইয়াছেন।

(৭) তৎ।—তৎপদের অর্থ ব্রহ্ম। শ্রুতিতে যে সহস্র মস্তক, সহস্র নেত্র, সহস্রপাত ভগবানের উল্লেখ আছে তিনিই তৎ। সেই তৎ পদার্থ মায়াকে অধিকার করিয়া, সর্ব্বত্র পরিব্যাপ্ত রহিয়াছেন। তিনি জগতের উপাদান স্বরূপ হইয়া সৃষ্টি করেন, পালন করেন, এবং সংহার করেন। পুরুষোত্তম বিষ্ণু তাঁহারই সত্ত্বগুণাত্মক, লোকাধিপতি ব্রহ্মা তাঁহারই রজো-গুণাত্মক এবং কৈলাসাধিপতি রুদ্র তাঁহারই তমোগুণাত্মক, মৎস্য কূর্ম্মাদি অবতার সমূহ তাঁহারই

ঐন্দ্রজালিক প্রদর্শিত ইন্দ্রজাল সন্দর্শনে অজ্ঞান ব্যক্তিরই সত্য-প্রতীতি হয়; কিন্তু যে ব্যক্তি জানেন, ইহা বাস্তব নহে—ইন্দ্রজাল, তাঁহার আশ্চর্য্য বলিয়াই প্রতীতি হয়। অর্থাৎ যে ব্যক্তির ইহা ঐন্দ্রজালিক প্রদর্শিত ইন্দ্রজাল—বাস্তব নহে, এইরূপ জ্ঞান নাই, সে ব্যক্তি ঐন্দ্রজালিক প্রদর্শিত সমস্ত বস্তুকেই বাস্তব বলিয়া বোধ করে; কিন্তু যে ব্যক্তি প্রকৃত তথ্য জানেন, তিনি দেখেন যে, অহো! ইহা কি আশ্চর্য্য যে সম্পূর্ণ মিথ্যা পদার্থ গুলি সত্যবৎ প্রতীত হইতেছে! জ্ঞানী ব্যক্তিও তদ্রূপ আত্মাকে আশ্চর্য্য রূপেই দেখিয়া থাকেন।

অংশ। সাধুদিগের পরিত্রাণ দুর্জ্জনদিগের দমন এবং ধর্ম্মের সংস্থাপনার্থ তিনি যুগে যুগে আবির্ভূত হন।

(৮) ত্বম্।—ত্বম্‌পদের অর্থ জীব। তৎশব্দবাচ্য পরমাত্মা কারণোপাধি এবং মায়ার অধীন নহেন। ত্বম্‌পদবাচ্য জীব কার্য্যোপাধি এবং অবিদ্যার অধীন হইয়াও আত্মা ত্বম্ অর্থাৎ সুখদুঃখাদি ভোগী জীব বলিয়া পরিচিত হন। ব্রহ্মাণ্ডের জীব ও স্থাবর জঙ্গমাত্মক শরীরসমূহে চৈতন্য উপস্থিত হইলে তৎসমস্তের স্বতন্ত্র স্বতন্ত্র দেহাভিমান হয় এবং তখন তৎসমস্ত জীবরূপে পরিচিত হয়। কিন্তু যেমন এক মৃত্তিকা হইতে ঘট প্রস্তুত হয় এবং সুবর্ণ হইতে বহুসংখ্যক অলঙ্কার নির্ম্মিত হয়, এক চন্দ্রমা হইতে অসংখ্য জ্যোৎস্না নিঃসৃত হয়, সেইরূপ একই অনন্ত পরমাত্মার উপাধিভেদে জীবও অনন্তরূপে প্রতীত হন।

(৯) অসি।—অসিশব্দ দ্বারা ঈশ্বর ও জীবের অভেদত্ব প্রতিপাদিত হইয়াছে। জীব ও ব্রহ্ম একই বস্তু কেবল উপাধিভেদে বিভিন্নরূপে কীর্ত্তিত হইয়া থাকেন। কার্য্যোপাধি জীব ত্বম্‌পদবাচ্য এবং কারণোপাধি চৈতন্য তৎপদবাচ্য। এতদুপাধিদ্বয়-বিরহিত অবিদ্যার প্রবর্ত্তক ব্রহ্ম অসি পদবাচ্য। উপাধি দ্বয়ের নাশ হইলে তাঁহার নাশ হয় না, তিনি স্বপ্রকাশ জগৎ প্রপঞ্চের আধারস্বরূপ এবং সর্ব্বব্যাপী।

(১০) অয়ম্।—যিনি বাক্য মনের অগোচর একমাত্র সৎস্বরূপে আদিকাল হইতে বর্ত্তমান নামরূপ বিরহিত, ভূত ভবিষ্যৎ বর্ত্তমান ত্রিকালসম সেই পরম পুরুষই অয়ম্।

(১১) আত্মা।—সর্ব্বব্যাপি, সর্ব্বগত, অচল, অনন্ত পুরুষ আত্মা এবং এই আত্মা ব্রহ্ম।

(১২) ব্রহ্ম।—(৩ ও ৫ দেখ) (শঙ্করাচার্য্য বিরচিত মহাবাক্য বিবরণ গ্রন্থ হইতে উদ্ধৃত।)

মহাবাক্য সম্বন্ধে পঞ্চদশীতে এইরূপ লিখিত আছে।—যেনেক্ষতে শৃণোতীদং জিঘ্রতি ব্যাকরোতি চ। স্বাদ্বস্বাদু বিজানাতি তৎ প্রজ্ঞানমুদীরিতম্॥ ১॥ চতুর্ম্মুখেন্দ্রদেবেষু মনুষ্যাশ্বগবাদিষু। চৈতন্যমেকং ব্রহ্মাতঃ প্রজ্ঞানং ব্রহ্ম মধ্যপি॥ ২॥ পরিপূর্ণঃ পরাত্মাস্মিন্ দেহে বিদ্যাধিকারিণি। বুদ্ধেঃ সাক্ষিতয়া স্থিত্বা স্ফুরন্নহমিতীর্য্যতে॥ ৩॥ স্বতঃপূর্ণঃ পরাত্মাত্র ব্রহ্মশব্দেন বর্ণিতঃ। অস্মীত্যৈক্যপরামর্শস্তেন ব্রহ্ম ভবাম্যহম্॥ ৪॥ একমেবাদ্বিতীয়ং সৎ নামরূপবিবর্জ্জিতম্। সৃষ্টেঃ পুরাধুনাপ্যস্য তাদৃক্ত্বং তদিতীর্য্যতে॥ ৫॥ শ্রোতুর্দেহেন্দ্রিয়াতীতং বস্ত্বত্র ত্বম্পদেরিতম্। একতা গ্রাহ্যতেঽসীতি তদৈক্যমনুভূয়তাম্॥ ৬॥ স্বপ্রকাশাপরোক্ষত্বময়মিত্যুক্তিতো মতম্। অহঙ্কারাদিদেহান্তাৎ প্রত্যগাত্মেতি গীয়তে॥ ৭॥ দৃশ্যমানস্য সর্ব্বস্য জগতস্তত্ত্বমীর্য্যতে। ব্রহ্মশব্দেন তদ্ ব্রহ্ম স্বপ্রকাশাত্মরূপকম্॥ পঞ্চদশী—মহাবাক্যবিবেক।

পূর্ব্বে বলা হইয়াছে, আত্মাকে দর্শনরূপ ক্রিয়াও আশ্চর্য্যতুল্য। কারণ যতক্ষণ পর্য্যন্ত জীব ও ব্রহ্মের একত্ব-সিদ্ধি না হয়, ততক্ষণ অদ্বৈত-সিদ্ধি হয় না; অবিদ্যা বা দ্বৈতরাজ্য তখনও সম্যক্ ধ্বংস-দশায় উপনীত হয় না। সুতরাং আত্মদর্শনও আবিদ্যক ও মিথ্যাভূত। আত্মদর্শন সময়ে দ্রষ্টা ও দৃশ্যে ভেদরূপ দ্বৈতের নিবৃত্তি হয় না। দ্রষ্টা ও দৃশ্যের একত্ব-সিদ্ধি হইলেই অবিদ্যা ও অবিদ্যা-বিলসিত সমগ্র দ্বৈতরাজ্যের ধ্বংস হয়। সুতরাং আত্ম-দর্শন ক্রিয়াও আশ্চর্য্যবৎ। যাহা বাস্তবিক মিথ্যাভূত হইয়াও সত্য বস্তুকে প্রকাশিত করে, যাহা আবিদ্যক (অবিদ্যা-বিলসিত) হইয়াও অবিদ্যাকে নাশ করে এবং যাহা সুন্দোপসুন্দ ন্যায়ে * অবিদ্যার বধ সাধন করিয়া স্বয়ংও নাশ প্রাপ্ত হয়, সেই আত্ম-দর্শন অপেক্ষা আশ্চর্য্যের বিষয় আর কি হইতে পারে।

আত্ম-দর্শন ক্রিয়ার কর্ত্তা বা আত্ম-দর্শকও (যিনি এই আত্মাকে দর্শন করেন তিনিও) আশ্চর্য্যবৎ। কারণ যেরূপ কোন মদিরামদান্ধ ব্যক্তি স্বকৃত বা পরকৃত কোনরূপ কর্ম্মই উপলব্ধি করিতে পারে না, তাহার পরিহিত বসন স্খলিত হইলেও তাহার সংজ্ঞা থাকে না, কেহ তাহাকে বহু-

* হিরণ্যাক্ষ নামক দৈত্যরাজের ঔরসে সুন্দ ও উপসুন্দ নামে অতি দুর্দ্দান্ত দুই অসুর জন্মগ্রহণ করে। এই দুই ভ্রাতা পরস্পর অতিশয় সখ্যসূত্রে আবদ্ধ ছিল এবং তাহাদের ব্যবহার নিরতিশয় সৌভ্রাত্রের পরিচায়ক ছিল। সুন্দ ও উপসুন্দ ব্রহ্মার নিকট হইতে অমর বর লাভ করিবার জন্য হিমালয় পর্ব্বতে কঠোর তপস্যায় প্রবৃত্ত হইলে, ব্রহ্মা তাহাদিগকে এই বর দিয়াছিলেন যে, যতদিন তোমাদের মধ্যে ভ্রাতৃবিরোধ উপস্থিত না হইবে, ততদিন তোমরা অমর থাকিবে। ভ্রাতৃবিরোধের কখনই কোন সম্ভাবনা নাই জানিয়া, তাহারা সন্তুষ্টমনে গৃহাগত হইল এবং বিবিধ অত্যাচারে দেব ও মানব-কুলকে প্রপীড়িত করিতে আরম্ভ করিল। তাহাদের দৌরাত্ম্যে দেবগণ অস্থিরপ্রায় হইয়া ব্রহ্মার নিকট তাহাদের উচ্ছেদ সাধনার্থ আবেদন করিলেন। ব্রহ্মা বিশ্বকর্ম্মার দ্বারা তিলোত্তমা নাম্নী এক অসদৃশী রূপবতী যুবতীর সৃষ্টি করিলেন। সেই সুন্দরীশিরোমণিস্বরূপা কামিনী সুন্দ ও উপসুন্দের নেত্রগোচর হইবা মাত্র, সৌন্দর্য্যসম্ভোগ-লোলুপ সুন্দ আসিয়া সুন্দরীর দক্ষিণ হস্ত ধারণ করিল এবং উপসুন্দ বাম হস্ত ধারণ করিল। প্রত্যেক ভ্রাতা অপরকে সুন্দরীর হস্ত ত্যাগ করিতে অনুরোধ করিল এবং পরস্পর পরস্পরের ব্যবহারের অবৈধতা প্রতিপাদন করিল। অবশেষে তাহাদের বিরোধ উপস্থিত হইল এবং সুন্দরীর হস্ত ত্যাগ করিয়া উভয়ে গদাযুদ্ধে প্রবৃত্ত হইল। উভয়েই পরস্পরের গদাঘাতে প্রাণশূন্য হইয়া ধরাশায়ী হইল। সুন্দ ও উপসুন্দের এই পরিণাম ন্যায়শাস্ত্রে অপরের নাশ সহিত নিজনাশ বিষয়ক দৃষ্টান্ত স্বরূপে উল্লিখিত হয়। এইরূপে আত্মদর্শন দ্বারা ক্রমশঃ অবিদ্যার নাশ হয় এবং অবিদ্যার নাশ হইলে, ক্রমশঃ দ্বৈতদর্শনের অভাবহেতু আত্মদর্শনও তিরোহিত হয়।

মূল্য ভূষণে ভূষিত করিলেও তাহার সংজ্ঞা হয় না, সে নিজে কি করে, কাহাকে কি বলে, তাহাকেই বা কে কি বলে, এ সমস্ত বিষয়েও তাহার আদৌ সংজ্ঞা থাকে না ; জীবন্মুক্ত পুরুষ বা আত্ম-দর্শকেরও দশা এইরূপ।

আত্ম বস্তুর জন্ম নাই, সেই জন্য যে ব্যক্তি আত্ম-সাক্ষাৎকার লাভ করেন, তাঁহার আর পুনর্জ্জন্ম হয় না ; তাঁহার শুভাশুভ সমস্ত কর্ম্মই আত্ম-জ্ঞানাগ্নিতে ভস্মীভূত হয় ; কিন্তু তাঁহাকে পূর্ব্বজন্মানুষ্ঠিত কর্ম্মের ফল ভোগ করিতে হয়। জীবন্মুক্ত পুরুষের অবিদ্যা এবং অবিদ্যার কার্য্যভূত সমগ্র দ্বৈতপ্রপঞ্চ নিবৃত্ত হইলেও, অর্থাৎ তিনি ব্রহ্মস্বরূপ সম্প্রাপ্ত হইলেও কেবলমাত্র প্রারব্ধ কর্ম্মপ্রাবল্যে বা পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফল প্রাবল্যে অবিদ্যাধিকৃত পুরুষের ন্যায় ব্যবহার করেন। তিনি সর্ব্বদা সমাধিনিষ্ঠ (৪৪-পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) হইলেও (তাঁহার চিত্ত সতত অবিচ্ছিন্ন ভাবে ব্রহ্মে সংলগ্ন থাকিলেও) তাহা হইতে ব্যুত্থিত হন, আবার ব্যুত্থিত (সমাধিভঙ্গ) হইলেও পুনর্ব্বার সমাহিত হন। অর্থাৎ যেরূপ মদিরামত্ত পুরুষের দশা লোকে দেখে, সে নিজে কিছু জানিতে পারে না ; সেইরূপ জীবন্মুক্ত পুরুষ নিজে নিজের ভাব কিছুই জানিতে না পারিলেও, লোকে তাঁহার সমাধি, সমাধি হইতে উত্থান, পুনঃ সমাধি, ইত্যাদি বহুবিধ শারীরিক চেষ্টা অবলোকন করে। অতএব প্রারব্ধ কর্ম্মের বিচিত্রতা নিবন্ধন বিচিত্র চরিত্র এবং অতি দুষ্প্রাপ্য আত্ম-জ্ঞান-লাভবান্ ও তন্নিবন্ধন সর্ব্ব লোকের স্পৃহনীয় সেই আত্ম-সাক্ষাৎকার কর্ত্তা আশ্চর্য্যবৎ। যাঁহার চরিত্র বিচিত্র—সাধারণ জন-গম্য নহে, তিনিও আশ্চর্য্যতুল্য।

শ্রবণ ক্রিয়ার কর্ম্মভূত আত্মাও পূর্ব্ববৎ আশ্চর্য্যের তুল্য এবং শ্রবণ ক্রিয়াও পূর্ব্ববৎ আশ্চর্য্যের তুল্য। অবশ্য তোমার মনে এরূপ আশঙ্কা হইতে পারে যে, "যিনি শ্রবণ মননাদির অনুষ্ঠান করেন, তিনিই আত্মাকে জানিতে পারেন, এরূপ স্থলে আর আশ্চর্য্যের বিষয় কি ?" সখে ! তাহা বলিতেছি শ্রবণ কর। ন্যায় শাস্ত্রে কথিত আছে, "ঐহিক বস্তুর কোনরূপ প্রতিবন্ধ উপস্থিত নাই বলিয়া তাহা দেখিতে পাওয়া যায়। কিন্তু পারলৌকিক বস্তুর প্রতিবন্ধ আছে বলিয়া তাহা দেখিতে পাওয়া যায় না !" অর্থাৎ প্রতিবন্ধের পরিক্ষয় হইলেই জ্ঞান হয় বা পারলৌকিক পদার্থ দেখিতে পাওয়া যায়। এই নিমিত্ত যাঁহারা শ্রবণাদির সাধন করিয়া থাকেন,

তাঁহারা সেই আত্মবস্তুকে জানিতে পারেন না; যাঁহারা শ্রবণাদির অনুষ্ঠান করেন না, তাঁহারাও যে জানিতে পারেন না ইহা বলাই বাহুল্য; কিন্তু প্রতিবন্ধ ক্ষয় হইলেই সেই আত্মবস্তুকে জানিতে পারা যায়। প্রতিবন্ধ পরিক্ষয় কাহারও হইয়া গিয়াছে, কাহারও হইবে, এবং কাহারও হইতেছে। অর্থাৎ শ্রবণাদি অনুষ্ঠানকারীরও প্রতিবন্ধ পরিক্ষয়েই জ্ঞানলাভ হইয়া থাকে, অন্যথা হয় না। সেই প্রতিবন্ধ পরিক্ষয় কাহারও হইয়াছে অর্থাৎ যেরূপ হিরণ্যগর্ভের প্রতিবন্ধ পরিক্ষয় হইয়াছে, কাহারও হইবে অর্থাৎ যেরূপ বামদেবের, কাহারও হইতেছে অর্থাৎ যেরূপ শ্বেত-কেতুর *। আরও দেখ প্রতিবন্ধ পরিক্ষয়ও অতিদুর্লভ। পাপকর্ম্মই প্রতিবন্ধ, সেই পাপ কর্ম্মের ক্ষয় না হইলে জ্ঞান সমুৎপন্ন হয় না; অতএব এই আত্মা অতি দুর্ব্বিজ্ঞেয়। তুমি সেই অতি দুর্ব্বিজ্ঞেয় আত্মাকে কিরূপে অনায়াসে জানিবে?

(পূজ্যপাদ টীকাকার সরস্বতী মহোদয় এই শ্লোকের তৃতীয় ও চতুর্থ পাদের এইরূপ ছেদ করিয়া লইয়াছেন। "আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি, শ্রুত্বাপ্যেনং বেদ" ইহার অর্থ উপরে বলা হইয়াছে। আর একটি ছেদ করিয়াছেন "ন চৈব কশ্চিৎ" ইতি, চকারঃ ক্রিয়াকর্ম্মপদয়োরনুসঙ্গার্থঃ। তাঁহার এরূপ ছেদ করিবার তাৎপর্য্য এই যে, যদি তৃতীয় ও চতুর্থ পাদের ব্যাখ্যা একত্র করা হয়, অর্থাৎ অন্য কোন ভাগ্যবান্ এই আত্মাকে আশ্চর্য্য-তুল্য শ্রবণ করেন এবং শ্রবণ করিয়াও ইহাঁকে কেহই জানিতে পারেন না," এরূপ অর্থ করিলে "আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ" এই শ্রুতি বাক্যের সহিত একবাক্যতা হয়না, এবং "যততামপি সিদ্ধানাং কশ্চিন্মাং বেত্তি তত্ত্বতঃ" এই বক্ষ্যমাণ ভগবদ্বাক্যের বিরোধ সমুপস্থিত হয়।)

এখন দেখ স্বয়ং আত্মা, আত্ম-বিষয়ক জ্ঞান, বা আত্ম-দর্শন, এবং আত্ম-জ্ঞাতা বা আত্মদর্শনকর্ত্তা এতৎ ত্রিতয়ই আশ্চর্য্য। তুমি সেই পরমদুর্ব্বিজ্ঞেয় আত্মাকে অনায়াসে কিরূপে জানিবে?

দ্বিতীয়তঃ সদুপদেষ্টার অভাবেও আত্মা নিতান্ত দুর্ব্বিজ্ঞেয়। যিনি আত্মার স্বরূপ নিশ্চয় রূপে অবগত হইয়াছেন তিনিই অন্যকে নিশ্চয়রূপে বুঝাইয়া দিতে পারেন। যিনি জানেন না তিনি যে অন্যকে উপদেশ

* ছান্দোগ্য উপনিষদে এইরূপ লিখিত আছে।

দিবেন, ইহাও নিতান্ত অসম্ভব। আবার যিনি জানিয়াছেন, তিনি প্রায় চিত্তসমাহিত করিয়াই আছেন, সুতরাং তিনি বা কিরূপে উপদেশ প্রদান করিবেন? উপদেশ প্রদান করা প্রায় তাঁহার ঘটিয়াই উঠে না। সমাধি হইতে ব্যুত্থিত হইলেও, তিনি যে তৎকালে সমাধিস্থ নহেন, ইহাও সকল লোকে জানিতে পারে না; যদি কেহ কোনরূপে জানিতে পারেন, তাহা হইলেও তাঁহার উপদেশ লাভের আশা অতি অল্প; কারণ আত্মতত্ত্বজ্ঞানী কাহারও নিকট হইতে কোনও রূপ লাভ, পূজা বা খ্যাতি প্রভৃতি প্রাপ্তির আশা রাখেন না—তাঁহার কোনও রূপ প্রয়োজন নাই, অতএব নিরপেক্ষ, সুতরাং কাহাকে কিছু বলিবারও তাঁহার প্রয়োজন হয় না ও বলেন না। আর যদি কোন ভাগ্যবানের প্রতি কৃপা করিয়া কিছু বলেন (উপদেশ প্রদান করেন) তাহাও অত্যন্ত দুর্লভ। ঈশ্বর যেরূপ দুর্লভ, মহাত্মা ও মহাত্মগণের নিরপেক্ষ কারুণ্যোক্তিও সেইরূপই দুর্লভ। যিনি আত্মাকে বলেন অর্থাৎ আত্মবিষয়ক উপদেশ প্রদান করেন, সেই আত্মোপদেশকর্ত্তা আশ্চর্য্যবৎ; কথনক্রিয়ার কর্ম্মভূত আত্মা আশ্চর্য্যবৎ; এবং আত্মার কথনরূপ ক্রিয়াও আশ্চর্য্যবৎ।

কথন ক্রিয়ার কর্ত্তৃভূত আত্মবক্তা এবং কর্ম্মভূত আত্মা, দর্শনক্রিয়ার কর্ত্তৃভূত আত্মদ্রষ্টা এবং কর্ম্মভূত আত্মার তুল্য আশ্চর্য্যবৎ। অতএব তাহার পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। কথন ক্রিয়া (আত্মবিষয়ক উপদেশ প্রদান করা) কি জন্য আশ্চর্য্যবৎ হইল তাহা বলিতেছি। শ্রুতি বলেন, "যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহ," অর্থাৎ বাক্য মনের সহিত যে স্থান হইতে (যে আত্মবস্তু হইতে প্রতিনিবৃত্ত হয়।" আত্মবস্তুর স্বরূপ বাক্যে বলা যায় না, তাহার ভাষা নাই এবং মনেও তাঁহার স্বরূপ ধারণা করা যায় না। আত্মা বাক্য ও মনের অগোচর। এই শ্রুতির আদেশ মানিতে হইলে দেখা যায় যে, সেই শুদ্ধ আত্মা সর্ব্বশব্দাবাচ্য অর্থাৎ এরূপ কোন শব্দ নাই যাহা দ্বারা তাঁহার স্বরূপ বলিতে পারা যায়, সুতরাং সেই সর্ব্বশব্দাবাচ্য আত্মার যে বচন তাহা আশ্চর্য্যবৎ হইবে তদ্বিষয়ে আর সন্দেহ কি?

আরও দেখ, সেই সর্ব্বশব্দাবাচ্য শুদ্ধ আত্মার জহদজহৎস্বার্থ * লক্ষণা-

* বাক্য বা শব্দ।—"বাক্যং স্যাদ্‌যোগ্যতাকাঙ্ক্ষাসত্তিযুক্তপদোচ্চয়ঃ॥" ইতি। অর্থাৎ

দ্বারা কল্পিত সম্বন্ধ বিশিষ্ট শব্দপদ দ্বারা লক্ষতবিচ্ছেদক ব্যতিরেকেই যে প্রতিপাদন তাহাও আবার নির্বিকল্পসাক্ষাৎকারিরূপ, অতএব অতিশয় আশ্চর্য্যের বিষয়! অথবা শক্তিব্যতিরেকে, লক্ষণা ব্যতিরেকে, কিংবা সম্বন্ধান্তর ব্যতিরেকে, সুষুপ্তোত্থাপকবাক্যবৎ তত্ত্বমস্যাদি মহাবাক্য দ্বারা যে আত্মতত্ত্ব প্রতিপাদন তাহা আশ্চর্য্যবৎ; কারণ আত্মতত্ত্ব শব্দশক্তির অবিষয়। হে অভিন্নহৃদয় বান্ধব! এই বিষয়গুলি বিশেষ মনোযোগ সহকারে বিচার করিয়া দেখ। মনে কর এক ব্যক্তি গাঢ় নিদ্রায় অভিভূত (সুষুপ্ত), এমত সময়ে এক ব্যক্তি তাহাকে আসিয়া বলিল, "ওহে!

একত্রিত পদ সমূহই "বাক্য"। যদিও পদ সমূহই বাক্য, তথাপি একত্রিত পদ সমূহের মধ্যে এরূপ পদের সমাবেশ চাই যে, পদের পরস্পর যোগ্যতা, আকাঙ্ক্ষা ও আসত্তি (নৈকট্য) থাকে। কেহ যদি বলে "অনল দ্বারা স্নান করাইতেছে"। এরূপস্থলে পদের পরস্পর যোগ্যতা নাই, কারণ অগ্নির দ্বারা কখনও স্নান করাইতে পারা যায় না, অতএব এরূপ পদসমুচ্চয় বাক্য নহে। যোগ্যতা শব্দের স্থূল অর্থ "পরস্পর সম্বন্ধ বিষয়ে বাধার অভাব"। নিরাকাঙ্ক্ষ পদসমুচ্চয়ও বাক্য নহে যেরূপ কেহ যদি বলে "গো, অশ্ব, পুরুষ, হস্তী।" এরূপস্থলে পদের পরস্পর আকাঙ্ক্ষা নাই। কারণ গোপদ উচ্চারণ করিলেই, তাহার সঙ্গে সঙ্গেই স্বতঃ এইরূপ প্রশ্ন আসিয়া উপস্থিত হয় যে—"গো কি বা কোথায়, বা কিরূপ?" ইত্যাদি। যে পদটী গোপদের সহিত না থাকিলে তাহার অর্থবোধের অবসান হয় না, তাহাই গো-পদের আকাঙ্ক্ষা। "গো, অশ্ব, পুরুষ, হস্তী" ইত্যাদি স্থলে কোন পদ দ্বারাই কোন পদেরই অর্থবোধের অবসান হয় না, সকলেই এস্থলে অপূর্ণ আকাঙ্ক্ষা বিশিষ্ট সুতরাং বাক্য নহে। অতএব পদসমুচ্চয় আকাঙ্ক্ষা বিশিষ্ট হইলেই বাক্য নচেৎ নহে। আসত্তিশূন্য পদসমুচ্চয়ও বাক্য নহে, কারণ এরূপ স্থলে পদের পরস্পর নৈকট্য সম্বন্ধ বা আসত্তি নাই। আসত্তিশব্দের অর্থ বুদ্ধির অবিচ্ছেদ। আজ এককথা বলিয়া ছয় মাস পরে তাহার আকাঙ্ক্ষা পূরণ করিতে হইলে বুঝিবার বিচ্ছেদ ঘটিয়া যায়। স্থূল কথা—যোগ্যতা, আকাঙ্ক্ষা ও আসত্তিযুক্ত পদসমূহই "বাক্য"।

• শব্দশক্তি—শব্দের অর্থ তিন প্রকার। বাচ্য, লক্ষ্য ও ব্যঙ্গ্য। তন্মধ্যে "বাচ্যোঽর্থোঽভিধয়া বোধ্যো লক্ষ্যো লক্ষণয়া মতঃ। ব্যঙ্গ্যো ব্যঞ্জনয়া তাঃ স্যুঃ তিস্রঃ শব্দস্য শক্তয়ঃ॥ অভিধাশক্তি দ্বারা বোধ্য অর্থ বাচ্য, লক্ষণাশক্তির দ্বারা বোধ্য অর্থ লক্ষ্য এবং ব্যঞ্জনাশক্তির দ্বারা বোধ্য অর্থ ব্যঙ্গ্য। "তত্র সঙ্কেতিতার্থস্য বোধনাদগ্রিমাভিধা॥" "সঙ্কেতিতং অর্থং বোধয়ন্তী শব্দস্য শক্ত্যন্তরানন্তরিতা শক্তিরভিধা নাম।" একটি বাক্য উচ্চারণ করিলেই যে শক্তি প্রভাবে তাহাতে সঙ্কেতিত অর্থের (মুখ্য অর্থের) বোধ হয় তাহার নাম অভিধাশক্তি। অর্থাৎ একটি বাক্য উচ্চারণ করিলেই লক্ষণাশক্তি বা ব্যঞ্জনাশক্তির অপেক্ষা না করিয়াই যে শক্তি মুখ্য অর্থকে প্রথমে উপস্থিত করিয়া দেয় সেই শক্তিরই নাম অভিধাশক্তি। সঙ্কেতিত অর্থের বোধ পরম্পরা ক্রমে সঞ্জাত হয়। যেরূপ একজন প্রবীণ এক নবীনকে বলিলেন "ওহে একটী গাভী লইয়া আইস" তখন নবীন একটি সাস্নাদিবিশিষ্ট চতুষ্পদ পশুকে লইয়া আসিল, ইহা একজন বালক দেখিতে পাইল। দেখিয়া বালক "ওহে একটি গাভী লইয়া আইস" এই বাক্যের অর্থ

নিদ্রা পরিত্যাগ কর, জাগরিত হও।" উক্ত নিদ্রোত্থাপকের বাক্যে সুষুপ্ত ব্যক্তির নিদ্রা ভঙ্গ হইলে সে জাগরিত হইল। নিদ্রাকালে (সুষুপ্তি অবস্থায়) মনুষ্যের জাগ্রৎ অবস্থার ন্যায় শব্দ বোধ থাকে না, অতএব সুষুপ্তোত্থাপক কর্তৃক উচ্চারিত নিদ্রাভঙ্গ কারক বাক্যের অর্থবোধ করিতে পারে না। এ স্থলে কোন্ শব্দে কোন্ শক্তি নিহিত আছে, অর্থাৎ তাহার শক্যার্থ কি, তাহার লক্ষ্যার্থই বা কি, এবং শব্দের পরস্পর (অভিধান ও অভিধেয়ের) সম্বন্ধই বা কি সুষুপ্ত ব্যক্তি এই সকল বিচার করিতে পারে না; কিন্তু সুষুপ্ত ব্যক্তি শব্দ বোধ না করিয়াই সুষুপ্তোত্থাপক ব্যক্তির বাক্যে নিদ্রা ত্যাগ করিয়া জাগরিত হয়। সুষুপ্ত ব্যক্তি জাগ্রৎ রাজ্যের কোনও সংবাদ

বুঝিল যে, একটি সাস্নাদিবিশিষ্ট চতুষ্পদের আনয়ন। কিন্তু কোন্ পদের কোন্ অর্থ তাহা তখন বুঝিতে পারিল না। পরে যখন প্রবীণ নবীনকে বলিলেন যে, "ওহে গাভীটিকে লইয়া যাও, একটি অশ্ব লইয়া আইস"। তখন নবীন গাভীটিকে রাখিয়া আসিয়া একটি অশ্ব লইয়া আসিল। বালক ইহা দেখিল। তখন বালক বুঝিল যে, গাভীপদের অর্থই সাস্নাদিবিশিষ্ট চতুষ্পদ পশুবিশেষ এবং আনয়ন পদের অর্থ আহরণ করা। এইরূপে বালক বয়সের আধিক্যের সহিত অর্থবোধ লাভ করে। বিচার করিলে দেখা যে নৈয়ায়িকগণ এই অভিধাশক্তিকেই "শক্তি" বলিয়া থাকেন। যথা—ঈশ্বরসঙ্কেতঃ শক্তিঃ, তত্রাপি নব্যনৈয়ায়িকানাং মতে সঙ্কেতমাত্রং শক্তিঃ।

লক্ষণা—মুখ্যার্থবাধে তদ্যুক্তো যয়াঽন্যোঽর্থঃ প্রতীয়তে। রূঢ়েঃ প্রয়োজনাদ্বাসৌ লক্ষণা শক্তিরর্পিতা॥ যেস্থলে মুখ্যার্থ বা অভিধেয়ার্থ দ্বারা শব্দসমূহের পরস্পর অন্বয়বোধ না হইবে সেস্থলে যে শক্তি মুখ্যার্থযুক্ত অন্য অর্থ সমুদ্ভাসিত করিয়া অন্বয়বোধ করিয়া দেয় উক্ত শক্তির নাম লক্ষণা, কেহ কেহ সামান্য শব্দের বিশেষ জ্ঞানকে, কেহ বা প্রয়োজনের বিশেষ জ্ঞানকেই লক্ষণা বলিয়া থাকেন। আলঙ্কারিকোক্ত লক্ষণার বহুবিধ ভেদ থাকিলেও এস্থলে তাহার উল্লেখ নিষ্প্রয়োজন। এস্থলে কেবলমাত্র "জহৎস্বার্থ, অজহৎস্বার্থ ও জহদজহৎস্বার্থ" এই ত্রিবিধ লক্ষণার বিচার করা যাইতেছে। জহৎস্বার্থ লক্ষণা—যেরূপ "গঙ্গায়াং ঘোষঃ" অর্থাৎ "গঙ্গায় ঘোষপল্লী"। এরূপ স্থলে গঙ্গাপদের শক্তি বা সঙ্কেত (মুখ্যার্থ) জলপ্রবাহে, এবং ঘোষপদের শক্তি বা সঙ্কেত ঘোষ পল্লীতে, অথচ জলপ্রবাহ মধ্যে কখনও ঘোষপল্লী সংস্থিত হইতে পারে না, সুতরাং মুখ্যার্থের বাধা হইল। এরূপ স্থলে গঙ্গায় ঘোষপল্লী বলিতে গঙ্গাতীরে ঘোষপল্লী এইরূপ অন্য অর্থ যে শক্তিপ্রভাবে সমুদ্ভাসিত হয় সেই শক্তির নাম লক্ষণা; পরন্তু এস্থলে গঙ্গাপদ নিজ জলপ্রবাহরূপ অর্থ ত্যাগ করিয়া তীররূপ অর্থ গ্রহণ করিয়াছে, অতএব "জহৎস্বার্থ"। অজহৎস্বার্থ লক্ষণা।—যেরূপ কেহ বলিল, "ওহে! ওখানে ভারি লাঠি চলছে।" এরূপ স্থলে দেখা যাইতেছে যে লাঠি জড় পদার্থ, তাহার চলন অসম্ভব, কিন্তু সেই ঈশ্বরনিহিতা লক্ষণাশক্তি বলিয়া দিতেছে যে, এখানে লাঠির অর্থ যষ্টিধারী পুরুষ। এস্থলে "লাঠি" নিজের অর্থ ত্যাগ না করিয়া একজন পুরুষকে আনিয়া উপস্থিত করিল বলিয়া "অজহৎস্বার্থ"। জহদজহৎস্বার্থ লক্ষণা বা ভাগলক্ষণা।—যেরূপ কেহ বলিল, "কাকেভ্যো দধি রক্ষতাং" অর্থাৎ "কাকসকল হইতে দধি রক্ষা কর।" এরূপ স্থলে এরূপ অর্থ বুঝাইতেছে যে কেবল কাক নহে মার্জ্জারাদি হইতেও দধি রক্ষা কর। এখানে কাকাংশের ত্যাগ ও মার্জ্জারাদির গ্রহণ হইতেছে।

প্রদান করিতে পারে না ; কিন্তু সুষুপ্তোত্থিত ব্যক্তি জাগ্রৎ রাজ্যের সমাচার তো সমবগত হয়ই, অধিকন্তু সুষুপ্তি-রাজ্যেরও সমাচার প্রদান করিতে সক্ষম হয়। সুষুপ্তোত্থিত পুরুষ বলে, "আহা আমি এতক্ষণ সুখে নিদ্রা যাইতে-ছিলাম; কিছুই জানিতে পারি নাই।" তবে এখন দেখ, যেরূপ সুষুপ্ত ব্যক্তি সুষুপ্তোত্থাপক ব্যক্তি কর্ত্তৃক প্রযুক্ত বাক্যের অর্থ অবগত না হইয়াই জাগরিত হয় এবং জাগরিত হইবার অনন্তর সমস্ত জানিতে পারে, ইহা অত্যন্ত আশ্চর্য্যের বিষয় ; অর্থাৎ যেহেতু দেখা যাইতেছে, না জাগিলে জানা যায় না এবং না জানিলে জাগা হয় না, অথচ সুষুপ্তোত্থাপকের বাক্যের

সুতরাং একাধারে ত্যাগ ও গ্রহণ উভয়ই হইতেছে বলিয়া "জহদজহৎস্বার্থ"। অথবা যেরূপ "সোঽয়ং দেবদত্তঃ"। এরূপ স্থলে "সেই" অর্থাৎ পূর্ব্বদৃষ্ট, এবং "এই" অর্থাৎ এতৎকালে বর্ত্তমান এই দুই অংশের ত্যাগ হইয়া একমাত্র দেবদত্তেই পর্য্যবসিত হইতেছে ; সুতরাং "সেই এই" ভাগের ত্যাগ ও দেবদত্ত ভাগের গ্রহণ হইতেছে বলিয়া ইহা "জহদজহৎস্বার্থ"। এক ভাগ ত্যাগ ও অপর ভাগ গ্রহণ করা হয় বলিয়াই ইহার নামান্তর "ভাগলক্ষণা"।

নৈয়ায়িকগণের মতে শক্য সম্বন্ধই লক্ষণা। গঙ্গাশব্দের শক্তি জলপ্রবাহে ; এবং শক্য অর্থ জলপ্রবাহ। শক্তি প্রতিপাদ্য শক্য। সেই শক্যের যে সম্বন্ধ তাহার নাম শক্য সম্বন্ধ। যেরূপ "গঙ্গায় ঘোষ" এরূপ স্থলে গঙ্গাশব্দের শক্য অর্থ হইল ভগীরথখাতাবচ্ছিন্ন জলপ্রবাহ, তাহার যে সম্বন্ধ অর্থাৎ তীরের সহিত নৈকট্যাদিরূপ যে সম্বন্ধ তাহাই লক্ষণা। লক্ষণা আবার কোন লক্ষ্যকে উদ্দেশ করিয়াই সম্প্রবৃত্ত হয়। গঙ্গাপদের লক্ষ্য তীর। সকল পদার্থেরই এক একটি অসাধারণ (যাহা অন্য কিছুতে নাই এইরূপ) ধর্ম্ম আছে। অসাধারণ ধর্ম্মেরই নামান্তর অবচ্ছেদক বা ইতর ব্যাবর্ত্তক। গঙ্গাশব্দের যে লক্ষ্যার্থ তীর তাহাতে তীরত্ব রূপ একটি অসাধারণ ধর্ম্ম আছে লক্ষ্যার্থবৃত্তি, এইরূপ অসাধারণ ধর্ম্মেরই নামান্তর লক্ষ্যতাবচ্ছেদক। গঙ্গাশব্দের লক্ষ্যতাবচ্ছেদক তীরত্ব ধর্ম্ম এবং লক্ষ্যতাবচ্ছিন্ন হইল তীর। অর্থাৎ তীরে যে একটি অসাধারণ ধর্ম্ম থাকিয়া অন্য পদার্থ হইতে তাহার (তীরত্ব) বিশিষ্টত্ব সম্পাদন করিতেছে সেই ধর্ম্ম হইল তীরত্ব। তীরত্ব তীরেই আছে, ঘটে বা পটে অন্য কিছুতেই নাই। তার সেই তীরত্বধর্ম্মাবচ্ছিন্ন অর্থাৎ তীরই সেই তীরত্বরূপ অসাধারণ ধর্ম্ম বিশিষ্ট। লক্ষ্যভূত তীরের সেই তীরত্বরূপ অসাধারণ ধর্ম্ম আছে বলিয়াই তাহার সহিত গঙ্গাপদের সম্বন্ধ বা লক্ষণা হইয়াছে। "সোঽয়ং দেবদত্তঃ" ইত্যাদি স্থলেও লক্ষ্যভূত দেবদত্তপিণ্ডের একটি অসাধারণ ধর্ম্ম আছে বলিয়াই "সোঽয়ং" পদের সম্বন্ধ তাহার সহিতই হইল। দেবদত্তের অসাধারণ ধর্ম্ম দেবদত্তত্ব। কিন্তু সেই দেবদত্তত্ব ধর্ম্ম দেবদত্ত ব্যতীত অন্য জনে নাই ; রামেও নাই আর শ্যামেও নাই বা অন্য কোন জনেও নাই। "তত্ত্বমসি" "সেই তুমি হইতেছ" এই মহাবাক্যে যদিও "সোঽয়ং দেবদত্তঃ" এই বাক্যের ন্যায় জহদজহৎস্বার্থ লক্ষণা দ্বারা অর্থ নিষ্পত্তি হইতেছে, তথাপি এস্থলে "সোঽয়ং দেবদত্তঃ" এই বাক্যের লক্ষ্য দেবদত্তপিণ্ডের লক্ষ্যতাবচ্ছেদক দেবদত্তত্বরূপ অসাধারণ ধর্ম্মের ন্যায় "তত্ত্বমসি" বাক্যের লক্ষ্য ব্রহ্মে লক্ষ্যতাবচ্ছেদক কোন অসাধারণ ধর্ম্ম নাই। কারণ ব্রহ্মবস্তু শুদ্ধ, তাঁহাতে কোনও রূপ অসাধারণ ধর্ম্ম নাই। ব্রহ্মবস্তুতে কোন রূপ ধর্ম্ম থাকিলে ব্রহ্মবস্তুকে ধর্ম্মী হইতে হয়। সেই নিরঞ্জন বস্তুকে ধর্ম্মী বলিলে বহুবিধ নশ্বরত্বাদি দোষ আসিয়া আক্রমণ

অর্থাদি বোধ না হইয়াই সুষুপ্ত ব্যক্তি প্রতিবোধিত হয়, অতএব ইহা যেরূপ অতীব আশ্চর্য্যের বিষয়; সেইরূপ তত্ত্বমসি প্রভৃতি মহাবাক্য দ্বারা আত্মতত্ত্ব প্রতিপাদনও আশ্চর্য্যবৎ। এ স্থলে মনে কর আবিদ্যক অবস্থাই সুষুপ্তি; মহাবাক্য স্বরূপ সুষুপ্তোত্থাপক বাক্যে ঐ সুষুপ্তির নাশ করিয়া মনুষ্যকে জাগরিত করে, অর্থাৎ ব্রহ্মস্বরূপ সম্প্রাপ্ত করে, অর্থাৎ ব্রহ্মবস্তু শব্দশক্তির অবিষয় বলিয়া অজ্ঞান বা মোহ নাশ হইলেই তাঁহাকে জানা যায়। অথচ মহাবাক্য বিচারজনিত জ্ঞান দ্বারাই মোহনিদ্রার অবসান হইয়া থাকে, অতএব পূর্ব্বাপর পর্য্যালোচনা করিয়া দেখ মহাবাক্য দ্বারা আত্মতত্ত্ব প্রতিপাদন আশ্চর্য্যবৎ কি না? এই নিমিত্তই (অন্য) সর্ব্বজ্ঞ কোন কোন সাধারণ-জন-বিলক্ষণ ব্যক্তি আত্মার স্বরূপ কথনকে (আত্ম-স্বরূপ ক্রিয়াকে) আশ্চর্য্যের তুল্য বলেন। (মূলে "আশ্চর্য্যবদ্বদতি তথৈবচান্যঃ" ইহার মধ্যে যে অন্য শব্দ প্রযুক্ত হইয়াছে, তাহাতে কেহ যেন আত্মদ্রষ্টা হইতে বিলক্ষণ বলিয়া বিবেচনা না করেন। অন্য অর্থাৎ সাধারণজন-বিলক্ষণ কোন সর্ব্বজ্ঞ ব্যক্তি। এবং "চ" কারের অর্থ তিনি যেরূপ জানেন সেইরূপই বলেন।)

তাহা হইলে এখন দেখ যে, স্বয়ং আত্মা, আত্মবিষয়ক উপদেশ এবং আত্মোপদেশকর্ত্তা এতৎ ত্রিতয়ই আশ্চর্য্যবৎ! অতএব তুমি সেই পরম দুর্ব্বিজ্ঞেয় আত্মাকে অনায়াসে কিরূপে জানিবে? তৃতীয়তঃ আত্মার

করে'। স্থূল কথা ব্রহ্মবস্তু সর্ব্বশব্দাবাচ্য কারণ তিনি শুদ্ধ অর্থাৎ তাঁহাতে কোনও রূপ বিকার বা বিকল্প বা ধর্ম্ম বা পরিচ্ছেদের আরোপ হইতে পারে না। অথচ যেরূপ "সোঽয়ং দেবদত্তঃ" ইত্যাদি স্থলে জহদজহৎস্বার্থ লক্ষণা দ্বারা তৎকালবিশিষ্ট ও এতৎকালবিশিষ্ট দেবদত্তের অর্থ একমাত্র দেবদত্তপিণ্ডেই পর্য্যবসিত হয়, এইরূপ "তৎত্বমসি" এই মহাবাক্যেও "তৎত্বং" এর (পরোক্ষত্ব অপরোক্ষত্বাদি বিশিষ্টরূপ) অর্থ একমাত্র সৎস্বরূপ ব্রহ্মেই পর্য্যবসিত হয়। যেরূপ "সোঽয়ং দেবদত্তঃ" এস্থলে "সেই এই" পদের শক্য অর্থের সম্বন্ধ দেবদত্তে, অথবা যেরূপ গঙ্গা-পদের ভাগীরথধাতাবচ্ছিন্ন জলপ্রবাহরূপ শক্য অর্থের সম্বন্ধ তীরে, এইরূপ "তৎত্বং" পদের শক্য অর্থের সম্বন্ধ ব্রহ্মে। পরন্তু ব্রহ্ম সর্ব্বশব্দাবাচ্য, অতএব তাঁহার সহিত প্রকৃত পদ সম্বন্ধ হইতে পারে না বলিয়া সম্বন্ধাদি সমস্তই তাঁহাতে কল্পিত বলিতে হয়।" আরও এক কথা ব্রহ্মবস্তু সর্ব্ব-ধর্ম্মশূন্য, অতএব শুদ্ধ ও নির্ব্বিকল্প, সুতরাং যাহা লক্ষ্যতাবচ্ছেদক ব্রহ্মত্বাদিরূপ অসাধারণ ধর্ম্ম পরিহীন ও নির্ব্বিকল্প তাঁহার (সেই শুদ্ধ আত্মা বা ব্রহ্মবস্তুর) যে লক্ষণাবিশিষ্ট পদ দ্বারা প্রতি-পাদন ও সাক্ষাৎকার তাহা অতিশয় আশ্চর্য্যজনক।—অ, কৃ, গো।

(আত্মোপদেশের) শ্রোতাও অত্যন্ত দুর্লভ। আত্মদ্রষ্টা, আত্মবক্তা এবং মুক্ত এই ত্রিবিধ পুরুষ হইতে অন্য কোন মুমুক্ষু ব্যক্তি কোন ব্রহ্মবিৎ বক্তার নিকট যথাবিধি গমন করেন ও এই আত্মাকে শ্রবণ করেন, অর্থাৎ শ্রবণাখ্য বিচারের বিষয়ীভূত করেন—বেদান্ত বাক্যের তাৎপর্য্য নিশ্চয়রূপে অবধারিত করেন। শ্রবণের অনন্তর মনন ও নিদিধ্যাসন করিতে করিতে তাহার পরিপাক অবস্থায়, আত্মাকে জানিতে পারেন, অর্থাৎ আত্ম-সাক্ষাৎকার লাভও করিয়া থাকেন। কিন্তু সাক্ষাৎকার লাভ যে আশ্চর্য্যবৎ তাহা পূর্ব্বেই বলিয়াছি। এক্ষণে দেখ আত্ম-শ্রবণ কর্ত্তাও আশ্চর্য্যবৎ; কারণ তিনি অনেক জন্মানুষ্ঠিত সুকৃতবারিদ্বারা নিজের মনোমালিন্য প্রক্ষালিত করিয়াছেন এবং এই নিমিত্তই তিনি অতিশয় দুর্ল্লভ, অতএব আশ্চর্য্যবৎ। (এ বিষয় অগ্রে বিশেষরূপে বিবৃত হইবে) সহস্র সহস্র মনুষ্যের মধ্যে কোন ভাগ্যবান্ সিদ্ধিলাভের নিমিত্ত যত্ন করেন, এবং যত্নবান্ সিদ্ধগণের মধ্যেও দৈবাৎ কোন ভাগ্যবান্ আত্মার বাস্তবস্বরূপ দেখিতে ও জানিতে সক্ষম হন। শ্রুতিও বলিয়াছেন যে, "শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ শৃণ্বন্তোঽপি বহবো যন্ন বিদ্যুঃ, আশ্চর্য্যোঽস্য বক্তা কুশলোঽস্য লব্ধা, আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ।" যাঁহার শ্রোতা (উপদেশগৃহীতা) অতি অল্প, শ্রোতৃবর্গের অধিকাংশই যাঁহাকে জানিতে পারে না, যাঁহার বক্তা (উপদেষ্টা) আশ্চর্য্যবৎ, (কারণ অনেকের মধ্যে দৈবাৎ কোন ভাগ্যবান্ বক্তিই উপদেষ্টার আসন গ্রহণ করিতে সক্ষম হন); এইরূপ আবার অনেক শ্রোতৃবর্গের মধ্যে কোন কুশল অর্থাৎ নিপুণ ব্যক্তিই তাঁহার লব্ধা হন। অর্থাৎ তাঁহাকে লাভ করেন, যেহেতু কোন নিপুণ আচার্য্য কর্ত্তৃক অনুশিষ্ট অর্থাৎ উপদিষ্ট হইয়াই কোন ভাগ্যবান্ ব্যক্তি তাঁহার জ্ঞাতা হন, অর্থাৎ তদ্বিষয়ক জ্ঞানলাভ করেন এবং সেই হেতু আশ্চর্য্যবৎ অর্থাৎ অতি দুর্ল্লভ।

তাহা হইলে এখন দেখ, শ্রবণ ক্রিয়ার কর্ত্তৃভূত আত্ম-শ্রবণ কর্ত্তা আশ্চর্য্যবৎ। অতএব যেরূপেই কেন বিচার করিয়া দেখ না, দেখিবে আত্মসংসৃষ্ট সকল ব্যাপারই নিরতিশয় আশ্চর্য্যবৎ॥ ২৯॥

——o:*:o——

দেহী নিত্যমবধ্যোঽয়ং দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভুতানি ন ত্বং শোচিতুমর্হসি ॥ ৩০ ॥

অন্বয়।—ভারত (অর্জ্জুন) অয়ং দেহী (আত্মা) সর্ব্বস্য (ভূতজাতস্য) দেহে নিত্যং (নিয়তং) অবধ্যঃ তস্মাৎ ত্বং সর্ব্বাণি ভূতানি শোচিতুং ন অর্হসি ॥ ৩০ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন্ ! এই আত্মা সকলের শরীরে সকল সময়েই অবধ্য এই জন্য তুমি সকল ভূতের নিমিত্ত শোক করিতে যোগ্য নহ ॥ ৩০ ॥

ব্যাখ্যা।—হে অর্জ্জুন ! সর্ব্বপ্রকার বিচারেই দেখা যাইতেছে যে আত্মা সকল সময়েই সর্ব্ব শরীরে অবধ্যরূপে বিরাজিত ; সুতরাং তাদৃশ আত্মার নিমিত্ত শোক করিতে হইলে সকল ভূতের নিমিত্ত শোক করিতে হয়। সেরূপ শোক কখনই উচিত নহে ॥ ৩০ ॥

শঙ্করাচার্য্য।—অথেদানীং প্রকৃতার্থমুপসংহরন্ ব্রূতে দেহীতি। যস্মাদ্দেহী শরীরী নিত্যং সর্ব্বাবস্থাস্ববধ্যো নিরবয়বত্বান্নিত্যত্বাচ্চ, তত্রাবধ্যোঽয়ং দেহে শরীরে সর্ব্বস্য সর্ব্বগতত্বাৎ, স্থাবরাদিষু স্থিতোঽপি সর্ব্বস্য প্রাণিজাতস্য দেহে বধ্যমানেঽপি অয়ং দেহী ন বধ্যো যস্মাৎ তস্মাদ্ভীষ্মাদীনি সর্ব্বাণি ভূতান্যুদ্দিশ্য ন ত্বং শোচিতুমর্হসি ॥ ৩০ ॥

আনন্দগিরি।—শ্লোকান্তরমুখাপয়তি অথেতি। আত্মনো দুর্জ্ঞানত্বপ্রদর্শনানন্তরমিতি যাবৎ, বস্তুবৃত্তাপেক্ষয়া শোকমোহয়োরকর্ত্তব্যত্বং প্রকরণার্থঃ। দেহে বধ্যমানেঽপি দেহিনো বধ্যত্বাভাবে ফলিতমাহ যস্মাদিতি। হেতুভাগং বিভজতে সর্ব্বস্যেতি। ফলিতপ্রদর্শনপরং শ্লোকার্দ্ধং ব্যাচষ্টে তস্মাদ্ভীষ্মাদীনীতি ॥ ৩০ ॥

রামানুজ।—সর্ব্বস্য দেবাদিদেহিনো দেহে বধ্যমানেঽপ্যয়ং দেহী নিত্যমবধ্য ইতি মন্তব্যঃ। তস্মাৎ সর্ব্বাণি দেবাদিস্থাবরান্তানি ভূতানি বিষমাকারাণ্যপ্যুক্তেন স্বভাবেন স্বরূপতঃ সমানানি নিত্যানি চ দেহস্যৈব বৈষম্যং অনিত্যত্বঞ্চ। ততো দেবাদীনি সর্ব্বাণি ভূতানি উদ্দিশ্য ন শোচিতুমর্হসি ন কেবলং ভীষ্মাদীন্ প্রতি ॥ ৩০ ॥

হনুমান্।—ইদানীং প্রকরণাদুপসংহ্রিয়তে তস্মাদ্ভীষ্মাদীনি সর্ব্বাণি ভুতানি উদ্দিশ্য ন ত্বং শোচিতুমর্হসি ॥ ৩০ ॥

শ্রীধর।—তদেবমবধ্যত্বমাত্মনঃ সংক্ষেপেণোপদিশন্নশোচ্যত্বমুপসংহরতি দেহীতি। স্পষ্টার্থঃ ॥ ৩০ ॥

বলদেব।—তদেবং দুরধিগমং জীবযাথাত্ম্যং সমাসেনোপদিশন্নশোচ্যত্বমুপসংহরতি দেহীতি। সর্ব্বস্য জীবগণস্য দেহে হন্যমানেঽপ্যয়ং দেহী জীবো নিত্যমবধ্যো যস্মাৎ তস্মাৎ ত্বং সর্ব্বাণি ভূতানি ভীষ্মাদিভাবাপন্নানি শোচিতুং নার্হসি। আত্মনাং নিত্যত্বাদশোচ্যত্বং তদ্দেহানাঞ্চবশ্যবিনাশত্বাৎ তত্ত্বমিত্যর্থঃ॥ ৩০॥

মধুসূদন।—ইদানীং সর্ব্বপ্রাণিসাধারণভ্রমনিবৃত্তিসাধনমুক্তমুপসংহরতি দেহীতি। সর্ব্বস্য প্রাণিজাতস্য দেহে বধ্যমানেঽপ্যয়ং দেহী লিঙ্গদেহোপাধিরাত্মা বধ্যো ন ভবতীতি, নিত্যং নিয়তং, যস্মাৎ তস্মাৎ সর্ব্বাণি ভূতানি স্থূলানি সূক্ষ্মাণি চ ভীষ্মাদিভাবাপন্নান্যুদ্দিশ্য ত্বং ন শোচিতুমর্হসি স্থূলদেহস্যাশোচ্যত্বমপরিহার্য্যত্বাৎ, লিঙ্গদেহস্যাশোচ্যত্বমাত্মবদেবাবধ্যত্বাদিতি ন স্থূলদেহস্য লিঙ্গদেহস্যাত্মনো বাশোচ্যত্বং যুক্তমিতিভাবঃ॥ ৩০॥

নীলকণ্ঠ।—প্রকৃতমর্থমুপসংহরতি দেহীতি। সর্ব্বাণি ভূতানি কথমেতে দীনা অল্পবলাঃ বলবত্তরেণ ময়া হন্তব্যাঃ কথমেষাং পুত্রাদয় এতৈর্বিনা জীবিষ্যন্তি কথং বাহং ভীষ্মাদিভিগুরুভির্বিনা জীবিষ্যামীতি শোচিতুং নার্হসীত্যর্থঃ॥ ৩০॥

বিশ্বনাথ।—তর্হি নিশ্চিত্য ব্রূহি কিমহং কুর্য্যাং কিং বা ন কুর্য্যামিতি, তত্র শোকং মা কুরু, যুদ্ধন্তু কুর্ব্বিত্যাহ দেহীতি দ্বাভ্যাম্॥ ৩০॥

তাৎপর্য্য।—হে ভরত কুলোত্তম অর্জ্জুন! দেহী অর্থাৎ আত্মা নিরবয়বত্বহেতু নিত্য এবং সর্ব্ব পদার্থে অনুস্যূত, এজন্য অবধ্য। অতিকায় হস্তি হইতে চক্ষুর অগোচর কীটাণু পর্য্যন্ত সকল দেহ বধ্য হইলেও, আত্মা কখনও বধ্য নহেন। অতএব ভীষ্ম দ্রোণাদি আত্মীয়গণের বিয়োগাশঙ্কায় ব্যাকুল হওয়া তোমার কখনও উচিত হয় না। স্থূল দেহের নিমিত্ত শোকের কোন কারণ নাই; কারণ তাহা অনিত্য এবং বিনাশশীল সুতরাং তাহার ধ্বংস অপরিহার্য্য কিন্তু লিঙ্গ দেহ আত্মার ন্যায় অবধ্য, অতএব তুমি কাহার নিমিত্ত শোক করিবে? ॥ ৩০॥

স্বধর্ম্মমপি চাবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে॥৩১॥

অন্বয়।—অপি স্বধর্ম্মং (ক্ষত্রিয়স্য জাতিধর্ম্মং) চ অবেক্ষ্য (পর্য্যালোচ্য) [ত্বং] বিকম্পিতুং (বিচলিতুং) ন অর্হসি হি (যস্মাৎ) ক্ষত্রিয়স্য ধর্ম্ম্যাৎ (ন্যায্যাৎ) যুদ্ধাৎ অন্যৎ শ্রেয়ঃ (মঙ্গলসাধনং) ন বিদ্যতে॥ ৩১॥

প্রতিশব্দ।—আর স্বধর্ম্মও আলোচনা করিয়া [তুমি] কম্পিত হইতে যোগ্য নহ যেহেতু ক্ষত্রিয়ের ন্যায়-যুদ্ধ অপেক্ষা অন্য মঙ্গল-সাধন নাই॥ ৩১॥

ব্যাখ্যা।—স্বকীয় জাতিধর্ম্মের কথা আলোচনা করিলেও তোমার কম্পান্বিত হওয়া উচিত হয় না। কারণ ন্যায়যুদ্ধ অপেক্ষা ক্ষত্রিয়ের জীবনে অধিকতর শ্রেয়স্কর কার্য্য আর কিছুই নাই॥ ৩১॥

শঙ্করাচার্য্য।—ইহ পরমার্থতত্ত্বাপেক্ষায়াং শোকো বা মোহো বা ন সম্ভবতীত্যুক্ত্যং, ন কেবলং পরমার্থতত্ত্বাপেক্ষায়ামেব কিন্তু স্বধর্ম্মমিতি। স্বধর্ম্মমপি স্বো ধর্ম্মঃ ক্ষত্রিয়স্য ধর্ম্মঃ যুদ্ধং, তমপ্যবেক্ষ্য ত্বং ন বিকম্পিতুং প্রচলিতুং অর্হসি, ক্ষত্রিয়স্য স্বাভাবিকাদ্ধর্ম্মা-দাত্মস্বাভাব্যাদিত্যভিপ্রায়ঃ, তচ্চ যুদ্ধং পৃথিবীজয়দ্বারেণ ধর্ম্মার্থং প্রজারক্ষণার্থঞ্চেতি, ধর্ম্মাদ-নপেতং পরং ধর্ম্ম্যং, তস্মাৎ ধর্ম্মাৎ যুদ্ধাৎ শ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে হি যস্মাৎ॥ ৩১॥

আনন্দগিরি।—শ্লোকান্তরমবতারয়ন্ বৃত্তং কীর্ত্তয়তি ইহেতি। পূর্ব্বশ্লোকঃ সপ্তম্যর্থঃ, যৎ পারমার্থিকং তত্ত্বং তদপেক্ষায়ামেব কেবলং শোকমোহয়োরসম্ভবো ন ভবতি কিন্তু স্বধর্ম্মমপি চাবেক্ষ্যেতি সম্বন্ধঃ, স্বকীয়ং ক্ষাত্রধর্ম্মমনুসন্ধায় ততশ্চলনং পরিহর্ত্তব্যমিত্যর্থঃ। যদ্ধি ক্ষত্রিয়স্য ধর্ম্মাদনপেতং শ্রেয়ঃসাধনং তদেব ময়ানুবর্ত্তিতব্যমিত্যাশঙ্ক্যাহ ধর্ম্ম্যাদিতি। জাতিপ্রযুক্তং স্বাভাবিকং স্বধর্ম্মমেব বিশিনষ্টি ক্ষত্রিয়স্যেতি। পুনর্নকারোপাদানমন্বয়ার্থং, প্রচলিতুময়োগ্যত্বে প্রতিযোগিনং দর্শয়তি স্বাভাবিকাদিতি। স্বাভাবিকত্বমশাস্ত্রীয়ত্ব মিতিশঙ্কাং বারয়িতুং তাৎপর্য্যমাহ আত্মেতি। আত্মনঃ স্বস্যার্জ্জুনস্য স্বাভাব্যং ক্ষত্রিয়স্বভাবপ্রযুক্তং বর্ণাশ্রমোচিতং কর্ম্ম তস্মাদিত্যর্থঃ। ধর্ম্মার্থং প্রজাপরিপালনার্থঞ্চ প্রযতমানস্য যুদ্ধাদুপরিরংসা শ্রদ্ধাতব্যেত্যাশঙ্ক্যাহ তচ্চেতি। ততোঽপি শ্রেয়স্করং কিঞ্চিদনুষ্ঠাতুং যুদ্ধাদুপরতিরুচিতেত্যাশঙ্ক্যাহ তস্মাদিতি। তস্মাদযুদ্ধাৎ প্রচলনমনুচিতমিতি শেষঃ॥ ৩১॥

রামানুজ।—অপি চেদং প্রারব্ধং যুদ্ধং প্রাণিমারণমপি অগ্নীষোমীয়াদিবৎ স্বধর্ম্মমবেক্ষ্য ন বিকম্পিতুমর্হসি। ধর্ম্ম্যাৎ ন্যায়তঃ প্রবৃত্তাৎ যুদ্ধাদন্যন্ন হি ক্ষত্রিয়স্য শ্রেয়ো বিদ্যতে। "শৌর্য্যং তেজো ধৃতির্দাক্ষ্যং যুদ্ধে চাপ্যপলায়নম্। দানমীশ্বরভাবশ্চ ক্ষাত্রং কর্ম্ম স্বভাবজম্" ইতি বক্ষ্যতে। অগ্নীষোমীয়াদিষু চ ন হিংসা পশোর্হীনতরছাগাদিদেহপরিত্যাগপূর্ব্বককল্যাণদেহ-স্বর্গাদিপ্রাপকত্বশ্রুতেঃ, "তেষু সংজ্ঞপনস্য ন বা উবেত তত্র ম্রিয়সে তন্নিষ্যসি দেবান্ ইদেষি পথিভিঃ। স্বর্গিভিঃ যত্র যন্তি সুকৃতো নাপি দুষ্কৃতস্তত্রত্বো দেবঃ সবিতা দধাতু" ইতি হি শ্রূয়তে। ইহ চ যুদ্ধে মৃতানাং কল্যাণতরদেহাদিপ্রাপ্তিরুক্তা "বাসাংসি জীর্ণানি" ইত্যাদিনা। অতশ্চিকিৎসক-শল্যাদিকরণমাতুরস্যেবাস্য রক্ষণমেবাগ্নীষোমীয়াদি কর্ম্মসু সংজ্ঞপনম্ ('অগ্নীষোমীয়াদিষু—প্রাপকত্বশ্রুতেঃ ইত্যনন্তরং, "সংজ্ঞপনস্য ন বা উবেত ম্রিয়সে ন রিষ্যসি দেবাং ইদেষি পথিভিঃ

সুগেভিঃ যত্র যন্তি সুকৃতো নাপি দুষ্কৃতস্তত্রত্বা দেবঃ সবিতা দধাত্বিতি হি শ্রূয়তে ইহ চ যুদ্ধে কল্যাণতরদেহপ্রাপ্তিরুক্তা বাসাংসি জীর্ণানীত্যাদিনা, অতশ্চিকিৎসককর্ম্মাতুরস্যেব অস্য রক্ষণমেব অগ্নীষোমীয়াদিষু সংজ্ঞপনং" ইতি বা পাঠঃ কুত্রচিৎ দৃশ্যতে) ॥ ৩১ ॥

• শ্রীধর।—যচ্চোক্তমর্জ্জুনেন "বেপথুশ্চ শরীরে মে" ইত্যাদি তদপ্যযুক্তমিত্যাহ স্বধর্ম্মমপীতি। আত্মনো নাশাভাবাদেবৈতেষাং হননেঽপি বিকম্পিতুং নার্হসি, কিঞ্চ স্বধর্ম্মমপ্যবেক্ষ্য বিকম্পিতুং নার্হসীতি সম্বন্ধঃ। যচ্চোক্তং "ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে" ইতি, তত্রাহ ধর্ম্ম্যাদিতি। ধর্ম্মাদনপেতান্ন্যায্যাদ্যুদ্ধাদন্যৎ ॥ ৩১ ॥

বলদেব।—এবং পরমাত্মজ্ঞানোপযোগিত্বাদাদৌ জীবাত্মজ্ঞানং সর্ব্বান্ প্রতি তৌল্যেনোপদিশ্য সনিষ্ঠান্ প্রতি নিষ্কামতয়ানুষ্ঠিতানি কর্ম্মাণি হৃদ্বিশুদ্ধিসহকৃতামাত্মজ্ঞাননিষ্ঠাং নিষ্পাদয়ন্তীতি বদিষ্যন্ তস্যাং প্রতীতিমুৎপাদয়িতুং সকামতয়ানুষ্ঠিতানাং কর্ম্মণাং কাম্যফলপ্রদত্বমাহ দ্বাভ্যাং স্বধর্ম্মপীতি। ন কেবলং দেহাত্ম স্বভাবং নিভাল্যং কিন্তু স্বধর্ম্মমপীতি। যুদ্ধং খলু ক্ষত্রিয়স্য নিয়তমগ্নিহোত্রাদিবদ্বিহিতম্। তচ্চ শত্রুপ্রাণবিহিংসনরূপমগ্নিষ্টোমাদিপশুহিংসনবন্ন প্রত্যবায়নিমিত্তম্। উভয়ত্র হিংসেয়মুপকৃতিরূপৈব। হীনয়োর্দেহলোকয়োস্ত্যাগেন দিব্যয়োস্তয়োর্লাভাৎ। আহ চৈবং স্মৃতিঃ, "আহবেষু মিথোঽন্যোন্যং জিঘাংসন্তো মহীক্ষিতঃ। যুদ্ধমানাঃ পরং শক্ত্যা স্বর্গং যান্ত্যপরাঙ্মুখাঃ। যজ্ঞেষু পশবো ব্রহ্মন্ হন্যন্তে সততং দ্বিজৈঃ। সংস্কৃতাঃ কিল মন্ত্রৈশ্চ তেঽপি স্বর্গমবাপ্নুবন্" ইত্যাদ্য। এবং নিজধর্ম্মমবেক্ষ্য বিকম্পিতুং ধর্ম্মাৎ প্রচলিতুং নার্হসি। যত্তু "ন চ শ্রেয়োঽনুপশ্যামি" ইত্যাদিনা "নরকে নিয়তং বাসো ভবতি" ইত্যন্তেন যুদ্ধস্য পাপহেতুত্বং ত্বয়োক্তং তচ্চাজ্ঞানাদেবেত্যাহ ধর্ম্ম্যাদিতি। যুদ্ধমেব ভূমিজয়দ্বারা প্রজাপালনগুরুবিপ্রসংসেবনাদিক্ষাত্রধর্ম্মনির্ব্বাহীতি। এবমাহ ভগবান্ পরাশরঃ। "ক্ষত্রিয়ো হি প্রজা রক্ষন্ শস্ত্রপাণিঃ প্রদণ্ডয়ন্। নির্জ্জিত্য পরসৈন্যাদি ক্ষিতিং ধর্ম্মেণ পালয়েৎ॥" ইতি ॥ ৩১ ॥

যদি পুনরেবং ময়োক্তাপি তবৈষা বুদ্ধির্নোদেতি চিত্তদোষাৎ, তদা তদপনয়নেনাত্মতত্ত্বসাক্ষাৎ-কারায় কর্ম্মযোগ এব ত্বয়া অনুষ্ঠেয়ঃ, কর্ম্মযোগে করণীয়াং ইমাং "সুখদুঃখে সমে কৃত্বা" ইত্যত্র প্রোক্তাং ফলাভিসন্ধিত্যাগলক্ষণাং বুদ্ধিং বিস্তরেণ ময়া বক্ষ্যমাণাং শৃণু। তুশব্দঃ পূর্ব্ববুদ্ধের্যোগ-বিষয়ত্বব্যতিরেকসূচনার্থঃ, তথাচ শুদ্ধান্তঃকরণং প্রতি জ্ঞানোপদেশঃ, অশুদ্ধান্তঃকরণং প্রতি কর্ম্মোপদেশঃ ইতি কুতঃ সমুচ্চয়শঙ্কয়া বিরোধাবকাশ ইত্যভিপ্রায়ঃ। যোগবিষয়াং বুদ্ধিং ফল-কথনেন স্তৌতি, যয়া ব্যবসায়াত্মিকয়া বুদ্ধ্যা কর্ম্মসু যুক্তস্ত্বং কর্ম্মনিমিত্তং বন্ধং আশয়াশুদ্ধিলক্ষণং জ্ঞানপ্রতিবন্ধপ্রকর্ষেণ পুনঃ প্রতিবন্ধানুৎপত্তিরূপেণ হাস্যসি ত্যক্ষ্যসি। অয়ম্ভাবঃ কর্ম্মনিমিত্তো জ্ঞানপ্রতিবন্ধঃ কর্ম্মণৈব ধর্ম্মাখ্যেনাপনেতুং শক্যতে "ধর্ম্মেণ পাপমপনুদতি" ইতি শ্রুতেঃ, শ্রবণাদি-লক্ষণো বিচারস্তু কর্ম্মাত্মকপ্রতিবন্ধরহিতস্যাসম্ভাবনাদিপ্রতিবন্ধং দৃষ্টদ্বারেণাপনয়তীতি ন কর্ম্মবন্ধ-নিরাকরণায়োপদেষ্টুং শক্যতে, অতোঽত্যন্তমলিনান্তঃকরণত্বাদ্বহিরঙ্গং সাধনং কর্ম্মৈব ত্বয়ানুষ্ঠেয়ং নাধুনা শ্রবণাদি যোগ্যতাপি তব জাতা, দূরে তু জ্ঞানযোগ্যতেতি, তথাচ বক্ষ্যতি, "কর্ম্মণ্যেবাধি-কারস্তে মা ফলেষু" ইতি এতেন সাঙ্খ্যবুদ্ধেরন্তরঙ্গসাধনং শ্রবণাদি বিহায় বহিরঙ্গসাধনং কর্ম্মৈব ভগবতা কিমিতি অর্জ্জুনায়োপদিশ্যত ইতি নিরস্তং, কর্ম্মবন্ধং সংসারমীশ্বর প্রসাদনিমিত্তজ্ঞানপ্রাপ্ত্যা প্রহাস্যসীতি প্রাচাং ব্যাখ্যানে ত্বধ্যাহারদোষঃ কর্ম্মপদবৈয়র্থ্যঞ্চ পরিহর্ত্তব্যম্॥ ৩৯॥

নীলকণ্ঠ।—এবমর্জ্জুনস্য পূর্ব্বোক্তৌ দ্বাবপি মোহাবপনীতৌ তত্র "কং ঘাতয়তি হন্তি কম্" ইতি কর্ত্তৃত্বকারয়িতৃত্বয়োরাত্মন্যসম্ভব উক্তঃ, ততো যুদ্ধায় যুজ্যস্বেতিঃ নিয়োগশ্চোক্তঃ, ন হ্যকর্ত্তুরাকাশবৎ সর্ব্বগতস্য নিয়োজ্যত্বং সম্ভবতীতি পরস্পরব্যাহতমেতদিতীমামাশঙ্কাং অধিকারিভেদেন উভয়ং ব্যবস্থাপয়ন্ পরিহরতি এষা তে ইতি। এষা তে তুভ্যম্, অভিহিতা "অশোচ্যানন্বশোচস্ত্বম্" ইত্যাদিনা "স্বধর্ম্মমপি চাবেক্ষ্য" ইত্যন্তঃ প্রাক্তনেন সন্দর্ভেণ উক্তা, সাংখ্যে সম্যক্ খ্যায়তে প্রকথ্যতে বস্তুতত্ত্বমনয়েতি সংখ্যা উপনিষৎ তত্র বিদিতে সাংখ্যে ঔপনিষদে ব্রহ্মণি বিষয়ে বুদ্ধির্জ্ঞানং সংসারনিবর্ত্তকম্. এষা তে সাংখ্যে বুদ্ধিরভিহিতেতি সম্বন্ধঃ। যোগে "সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে" ইতি বক্ষ্যমাণলক্ষণে বিষয়ে, তুশব্দঃ পূর্ব্ববৈলক্ষণ্যদ্যোতনার্থঃ, বক্ষ্যতি চ জ্ঞানকর্ম্মনিষ্ঠয়োর্ব্বিভিন্নাধিকারিকত্বম্, "লোকেঽস্মিন দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ। জ্ঞানযোগেন সাংখ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্॥" ইতি, এতেন জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয়শঙ্কাপ্যপাস্তা, ইমাং "স্বধর্ম্মমপি চাবেক্ষ্য" ইত্যাদিনানন্তর-গ্রন্থেনোক্তামপি বিস্তরেণাভিধীয়মানাং শৃণু। ইমামেব বুদ্ধিং স্তৌতি সার্দ্ধেন বুদ্ধ্যোত্যাদিনা। ননু কর্ম্মবন্ধপ্রহাণমাত্মজ্ঞানেনৈব শ্রূয়তে "তপসৈবাত্মপদং বিদিত্বা ন লিপ্যতে কর্ম্মণা পাতকেন" ইতিশ্রুতেঃ। কর্ম্মযোগস্তু কর্ম্মবন্ধং দৃঢ়ীকরিষ্যত্যেবেতি কথমুচ্যতে কর্ম্মবন্ধং প্রহাস্যসীতি চেৎ, শ্রুতিবলাদিতি ব্রূমঃ, তথাহি "ঈশা বাস্যমিদং সর্ব্বং যৎ কিঞ্চিজ্জগত্যাং জগৎ। তেন ত্যক্তেন ভুঞ্জীথা মা গৃধঃ কস্য স্বিদ্ধনং। কুর্ব্বন্নেবেহ কর্ম্মাণি জিজীবিষেচ্ছতং সমাঃ। এবং ত্বয়ি

মান্যপেক্ষোহস্তি ন কর্ম্ম লিপ্যতে নরে॥" ইতিশ্রুতিরীশ্বরেণেদং সর্ব্বং স্তম্ভিতমস্তীতি ন কশ্চিৎ কিঞ্চিৎ স্বেচ্ছয়া কর্ত্তুং প্রভবতি, অতঃ "সর্ব্বত্র মমতাহীনঃ সন্ ভোক্তৃত্বকর্তৃত্বাভিমানত্যাগেনৈব ভোগান্ ভুঙ্ক্ষ্ব কর্ম্মাণি চ কুরু, এবং কুর্ব্বতি ত্বয়ি কর্ম্মলোপো নাস্তি ইতোঽন্যদুপায়ান্তরঞ্চ নাস্তীতি বদতি। তস্মাৎ কনককাঞ্চায়সাদিবৎ কেনচিদ্বিশেষরূপেণোপেতং কর্ম্মৈব সজাতীয়োচ্ছেদনিমিত্তং ভবিষ্যতীতি যুক্তমুক্তং কর্ম্মযোগেনাপি কর্ম্মবন্ধং প্রহাস্যসীতি ॥ ৩৯ ॥

বিশ্বনাথ।—উপদিষ্টং জ্ঞানযোগমুপসংহরতি এষেতি। সম্যক্ খ্যায়তে প্রকাশ্যতে বস্তুতত্ত্বমনয়েতি সাঙ্খ্যং সম্যক্ জ্ঞানম্। তস্মিন্ করণীয়া বুদ্ধিরেষা কথিতা। অধুনা যোগে ভক্তিযোগে ইমাং বক্ষ্যমাণাং বুদ্ধিং করণীয়াং শৃণু। যয়া ভক্তিবিষয়িণ্যা বুদ্ধ্যা যুক্তঃ সহিতঃ কর্ম্মবন্ধং সংসারম্॥ ৩৯ ॥

তাৎপর্য্য।—পূজ্যপাদ শঙ্করাচার্য্য, আনন্দগিরি, রামানুজ, হনুমান্, শ্রীধর ও নীলকণ্ঠের অভিপ্রায়। শৈশবাবধি বনবাসাদি দুঃখে প্রপীড়িত এবং পতিপ্রাণা প্রাণেশ্বরী দ্রৌপদীর কেশাকর্ষণ দর্শনে মর্ম্মাহত অর্জ্জুন, বদ্ধপরিকর ও কৃপাণপাণি হইয়া, চির বৈরি-নির্য্যাতনাভিলাষে সমরক্ষেত্রে সমুপস্থিত হইলেন, কিন্তু বন্ধুজনের বিনাশাশঙ্কাজনিত অসাময়িক শোক-মোহে অভিভূত হইয়া কর্ত্তব্যপালনে বিমুখ হইলেন। তখন সর্ব্বনিয়ন্তা ভগবান্ শ্রীহরি, স্বীয় বুদ্ধি-কৌশলে উপনিষদাদি অসীম শাস্ত্র-সমুদ্র মন্থন করিয়া, সকল শাস্ত্রের সার, সকল উপদেশের মূলীভূত এবং অজ্ঞান-জনিত শোকমোহের অমোঘ ভেষজস্বরূপ জ্ঞান ও কর্ম্মরূপ নিষ্ঠাদ্বয় উদ্ধৃত করিলেন। ভিষগ্‌বর যেমন যন্ত্রণাভিভূত রোগীর অবস্থা বিচারপূর্ব্বক অচিরে রোগ-মুক্তির নিমিত্ত যথোপযুক্ত মহৌষধ প্রয়োগ করেন, তদ্রূপ পরম-কারুণিক শ্রীভগবান্ বন্ধুগণ-বিনাশ ভয়ে প্রপীড়িত বয়স্য অর্জ্জুনের অবিলম্বে শোক মোহ নিবারণ করিবার অভিপ্রায়ে প্রথমতঃ "অশোচ্যানন্বশোচস্তম্" ইত্যাদি (২য়। ১১ শ্লোক) হইতে "দেহী নিত্যমবধ্যোঽয়ম্" ইত্যাদি (২য়। ৩০ শ্লোক) দ্বারা আত্মার নিত্যত্ব ও অবধ্যত্বাদি ধর্ম্মের উল্লেখ করিয়া, নিবৃত্তি ধর্ম্মানুসারে জ্ঞাননিষ্ঠা বা জ্ঞানযোগের উপদেশ প্রদান করিলেন; তাহাতে সফলমনোরথ হইতে না পারিয়া পুনর্ব্বার "স্বধর্ম্মমপি চাবেক্ষ্য" ইত্যাদি (২য়। ৩১ শ্লোক) হইতে "হতো বা প্রাপ্স্যসি স্বর্গং জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্" (২য়। ৩৭ শ্লোক) দ্বারা লৌকিক দৃষ্টান্তানু

সারে অর্জ্জুনের শোক-মোহাপনয়নে বিশেষ যত্ন করিলেন; কিন্তু তাহাতেও তিনি পূর্ণমনোরথ হইতে পারিলেন না। তখন শ্রীভগবান্ স্থির করিলেন, জ্ঞান ব্যতীত অজ্ঞানজনিত শোকমোহ কিছুতেই নিবারিত হইবে না। অর্জ্জুনের হৃদয় অধুনা অজ্ঞানে পরিপূরিত; সুতরাং এক্ষণে অর্জ্জুনের প্রতি জ্ঞানোপদেশ ভস্মাহুতির ন্যায় নিষ্প্রয়োজন বোধ হইতেছে। সদুপদেষ্টা গুরুগণ অধিকারীর তারতম্য বিবেচনা করিয়া জ্ঞান ও কর্ম্মের উপদেশ প্রদান করিয়া থাকেন। যাঁহারা শিষ্যের অধিকারিতা বিবেচনা না করিয়া উপদেশ প্রদান করেন, তাঁহাদের উপদেশ মরুভূমিতে উপ্ত বীজের ন্যায় নিষ্ফল হয়। অর্জ্জুনও এক্ষণে জ্ঞানের অনধিকারী; অতএব তাঁহাকে প্রথমতঃ জ্ঞানোপদেশ প্রদান করা আমার পক্ষে নিতান্ত অনুচিত হইয়াছে। যেহেতু চিত্তশুদ্ধি ব্যতীত অতি সূক্ষ্ম জ্ঞানোপদেশ কখনই হৃদয়ে বদ্ধমূল হইয়া অবস্থিতি করিতে সমর্থ হয় না; অতএব অর্জ্জুনকে সর্ব্বাগ্রে চিত্তশুদ্ধির নিমিত্ত ক্রিয়া যোগের উপদেশ প্রদান করাই কর্ত্তব্য। এইরূপ চিন্তা করিয়া শ্রীভগবান্ অর্জ্জুনকে ভক্তিসহকৃত ক্রিয়াযোগের উপদেশ প্রদান করিতে প্রবৃত্ত হইলেন। শ্রীভগবান্ বলিতেছেন, হে বয়স্য অর্জ্জুন! তোমাকে শোকমোহরূপ সংসার-দুঃখের কারণভূত অজ্ঞানের নিবৃত্তির নিমিত্ত পরমার্থ-বস্তু-জ্ঞান বিষয়ে অর্থাৎ ব্রহ্মজ্ঞান-বিষয়ে জ্ঞানোপদেশ প্রদান করিয়াছি। অধুনা ব্রহ্ম-জ্ঞান-প্রাপ্তির উপায়স্বরূপ কর্ম্মযোগের অর্থাৎ আসক্তি বা ফলকামনাশূন্য হইয়া জয়পরাজয়ের ফলরূপ সুখ-দুঃখ-দ্বন্দ্ব পরিত্যাগপূর্ব্বক কেবল ঈশ্বরারাধনার্থ, অনুষ্ঠানের বিষয় বা সমাধির বিষয় বলিতেছি, শ্রবণ কর। হে পার্থ! তুমি সেই নিষ্কাম ক্রিয়ার অনুষ্ঠান করিলে ভগবৎপ্রসাদে জ্ঞানলাভ করিয়া, ধর্ম্মাধর্ম্মরূপ কর্ম্ম-বন্ধন হইতে বিমুক্ত হইবে।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। বুঝিলাম, আমি ক্ষত্রিয়; যুদ্ধই আমার ধর্ম্ম, অতএব স্বধর্ম্ম পরিপালনার্থ যুদ্ধ আমার অবশ্য কর্ত্তব্য এবং এইরূপ বুঝিয়া যুদ্ধ করিলে, আমাকে পাপে লিপ্ত হইতে হইবে না; কিন্তু তাহা হইলেও "যুদ্ধ তোমার অবশ্য কর্ত্তব্য" আমাকে এইরূপ উপদেশ প্রদান করা তোমার নিতান্ত অন্যায়। কেননা, তুমি আমাকে যে সমস্ত ('য এনং বেত্তি হন্তারং' ইত্যাদি শ্লোক হইতে 'কথং স পুরুষঃ পার্থ

কং) যাতয়তি হন্তি কম্' এই শ্লোক পর্য্যন্ত) উপদেশ প্রদান করিলে তাহার সার অংশ হৃদয়ঙ্গম করিলে দেখা যায় যে, বিদ্বান্ ব্যক্তির (তত্ত্বজ্ঞানীর) কোন কর্ম্মেই অধিকার নাই এবং তত্ত্বজ্ঞানী কোন কর্ম্মেরই ফল ভোগ করেন না। এখন আমিও যদি তোমার উপদেশ বশে সেই তত্ত্বজ্ঞানীর পদ অধিকার করি, তবে সেই কর্ম্মফলের অভোক্তা শুদ্ধস্বরূপ আমি আবার যুদ্ধরূপ কর্ম্ম করিয়া কিরূপে তাহার ফল ভোগ করিব ? পরস্পর বিরুদ্ধ আলোক এবং অন্ধকার কখনও পরস্পর সম্মিলিত হইয়া একত্র অবস্থিত হইতে পারে না। এইরূপ পরস্পর বিরোধী কর্ম্ম ও জ্ঞানের একাধারে অবস্থিতি (জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয়) অসম্ভব। অতএব আমার প্রতি জ্ঞান ও কর্ম্মের যুগপৎ উপদেশ কখনও উপপাদিত হইতে পারে না। (অর্জ্জুনের এই অভিপ্রায় "জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে" এই শ্লোকে স্ফুটীকৃত হইবে।)

অর্জ্জুনের পূর্ব্বোক্ত আশঙ্কা নিরাশের নিমিত্ত ভগবান্ বলিতেছেন।— সখে! জ্ঞান এবং কর্ম্মের উপদেশ বিদ্বৎ এবং অবিদ্বৎ অবস্থা ভেদেই উপপাদিত হয়, অর্থাৎ যে ব্যক্তি বিদ্বান্ তাহাকে জ্ঞানের উপদেশ প্রদান করিতে হয় এবং যে ব্যক্তি অবিদ্বান্, তাহাকে কর্ম্মের উপদেশ প্রদান করিতে হয়। ইহার পরিস্ফুটার্থ এই যে, যাহার অন্তঃকরণ অতি সুনির্ম্মল হইয়াছে, সেই ব্যক্তিই যথার্থ জ্ঞানোপদেশে অধিকারী এবং যাহার অন্তঃকরণ মলিন, সেই ব্যক্তিই কর্ম্মোপদেশের অধিকারী। আমি পূর্ব্বে ('নত্বেবাহং জাতু নাসং' ইত্যাদি একবিংশতি শ্লোকে) তোমাকে যে সমস্ত কথা বলিয়াছি, এতৎসমূহ সাংখ্য বুদ্ধি। যাহা দ্বারা পরম আত্মতত্ত্ব সর্ব্বোপাধি শূন্যরূপে প্রতিপাদিত হয়, তাহার নাম সংখ্যা ; অর্থাৎ উপনিষৎ। (সম্যক্ খ্যায়তে সর্ব্বোপাধিশূন্যতয়া প্রতিপাদ্যতে পরমাত্মতত্ত্বমনয়েতি সংখ্যা) যে বস্তু সেই সংখ্যা বা উপনিষৎ দ্বারাই সর্ব্ববিধ তাৎপর্য্যের পরিসমাপ্তি-রূপে প্রতিপাদিত হয়, তাহারই নাম সাংখ্য অর্থাৎ ঔপনিষদ পুরুষ। সেই ঔপনিষদ পুরুষে যা সাংখ্য বুদ্ধি অর্থাৎ সেই ঔপনিষদ পুরুষমাত্র বিষয়ক সর্ব্ববিধ অনর্থের নিবৃত্তি কারণ জ্ঞান। স্থূল কথা, যে জ্ঞান অন্য ঘটপটা-দিতে বিষয় না করিয়া কেবলমাত্র সেই ঔপনিষদ পুরুষকে (স্বয়ং ব্রহ্মকে) বিষয় করে (তাঁহাকে জানাইয়া দেয়) সেই (শোকমোহ সুখদুঃখাদি) সর্ব্ববিধ অনর্থের নিবারক জ্ঞানের বিষয়ই আমি পূর্ব্বে তোমায় বলিয়াছি।

এই প্রকার জ্ঞান যাহার আছে, তাহাকে কখনও কর্ম্মমার্গ-প্রবর্ত্তক উপদেশ প্রদত্ত হয় না। (ভগবান্ অগ্রেই বলিবেন, "তস্য কার্য্যং ন বিদ্যতে") এখন যদি চিত্তের মালিন্য-নিবন্ধন মৎকথিত এই (ঔপনিষদ পুরুষের) জ্ঞান তোমার চিত্তে উদিত না হয়, তাহা হইলে সেই চিত্তের মালিন্য দূরীকরণ পূর্ব্বক আত্মতত্ত্ব সাক্ষাৎকার করিবার নিমিত্ত, তোমার কর্ম্মযোগ অনুষ্ঠান করাই উচিত।

আমি পূর্ব্বে ("সুখদুঃখে সমে কৃত্বা" এই শ্লোকে) তোমাকে যে কর্ম্ম-যোগে করণীয় ফলাভিসন্ধি ত্যাগরূপ বুদ্ধির কথা বলিয়াছি, সেই বুদ্ধির বিষয় এক্ষণে বিস্তৃতরূপে বর্ণনা করিতেছি, শ্রবণ কর। (মূল শ্লোকস্থিত "তু"শব্দ কর্ম্মযোগে বুদ্ধির সহিত পূর্ব্বপ্রস্তাবিত বুদ্ধির অর্থাৎ সাংখ্যে বুদ্ধির ব্যতিরেক সূচিত করিতেছে) এখন যদি বল যে, আমি কর্ম্মযোগে কর্ত্তব্য ফলকামনা ত্যাগরূপ বুদ্ধির বিষয় বিস্তৃতরূপে শ্রবণ করিয়া কি ফললাভ করিব? তাহা বলিতেছি, শ্রবণ কর। হে পৃথা-নন্দন! তুমি সেই ব্যব-সায়াত্মিকা (নিশ্চয়-স্বরূপা) বুদ্ধির সহিত কর্ম্মে নিযুক্ত হইলে কর্ম্ম নিমিত্ত বন্ধকে প্রকৃষ্টরূপে ত্যাগ করিবে; অর্থাৎ তুমি সেই নিশ্চয়াত্মিকা বুদ্ধির সহিত কর্ম্মে নিযুক্ত হইলে, আশয়ের (চিত্তের) অশুদ্ধিলক্ষণ (মালিন্যরূপ) জ্ঞানের প্রতিবন্ধকে এরূপ ভাবে ত্যাগ করিবে যে, সেই প্রতিবন্ধ আর কখনও উৎপন্ন হইতে পারিবে না। শ্রুতিও বলিয়াছেন যে, "ধর্ম্মানুষ্ঠান দ্বারা পাপ দূরীকৃত হয়।" ধর্ম্মেরই নামান্তর কর্ম্ম। সেই ধর্ম্মাখ্য কর্ম্ম দ্বারাই কর্ম্ম নিমিত্ত জ্ঞানের প্রতিবন্ধ বিদূরিত করিতে পারা যায়; কারণ ধর্ম্মাখ্য কর্ম্ম নিষ্কাম। কিন্তু চিত্ত কামনাবিহীন না হইলে কখনই নির্ম্মল হয় না। যাহার মলিন চিত্ত, সে ব্যক্তি ইহা কর্ত্তব্য অকর্ত্তব্য, সম্ভাবনা অসম্ভাবনা ইত্যাদিরূপ বহুবিধ বিচারে সম্প্রবৃত্ত হয় ও স্বর্গাদিরূপ বহুবিধ নশ্বর সামগ্রী লাভে সমুৎসুক হয়। সুতরাং এবংবিধ কর্ম্ম দ্বারা তাহার চিত্ত সুবিমল না হইয়া অধিকতর মলিন হয়; কিন্তু ইহাই আমার ধর্ম্ম, ইহাই আমার অবশ্যকর্ত্তব্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছে, ইহার ভালমন্দ বিচার করিবার অধিকার বা প্রয়োজন আমার নাই ইত্যাকার বুদ্ধির বশবর্ত্তী হইয়া যিনি কর্ম্মে প্রবৃত্ত হন, তাঁহার সেই স্বধর্ম্মানুষ্ঠানই তদীয় জ্ঞান-প্রতি-বন্ধরূপ মলিন চিত্তকে সুবিমল করে। পূর্ব্বকথিত শ্রবণ-মননাদি বিচার

জনিত সুবিমল-চিত্ত ব্যক্তিরই অসম্ভাবনাদি (আত্মা আছেন কি না? ইত্যাদি) প্রতিবন্ধ সমূহ প্রত্যক্ষরূপে দূরীকৃত হয়; অতএব কর্ম্মবন্ধ নিরাকরণের নিমিত্ত শ্রবণ-মননাদি উপদিষ্ট হইতে পারে না।

এখন বোধ হয় বুঝিতে পারিয়াছ যে, অধিকারী ভেদেই জ্ঞান ও কর্ম্মের উপদেশ প্রদত্ত হইয়াছে, সুতরাং জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয়-বাদ স্থাপন আমার অভিপ্রেত নহে। তোমার অন্তঃকরণ নিতান্ত মলিন; অতএব জ্ঞানলাভের বহিরঙ্গ সাধনরূপ কর্ম্মই তোমার অনুষ্ঠেয়। তুমি এখন শ্রবণাদি বিচারেরই অধিকারী হইতে পার নাই, জ্ঞানলাভ তো বহু দূরের কথা। ("কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইত্যাদি শ্লোকে এ সমস্ত বিষয় সবিশেষ বর্ণিত হইবে ॥ ৩৯ ॥

—•:*:•—

নেহাভিক্রমনাশোঽস্তি প্রত্যবায়ো ন বিদ্যতে।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ ॥ ৪০ ॥

অন্বয়।—ইহ (নিষ্কামকর্ম্মযোগে) অভিক্রমনাশঃ (আরব্ধকর্ম্মণো নিষ্ফলত্বং) ন অস্তি প্রত্যবায়ঃ (পাতকং) ন বিদ্যতে। অস্য ধর্ম্মস্য (নিষ্কামকর্ম্মযোগরূপস্য) স্বল্পং (যৎসামান্যং) অপি মহতঃ ভয়াৎ (জন্মমরণলক্ষণাৎ সংসারভয়াৎ) ত্রায়তে (রক্ষতি) ॥ ৪০ ॥

প্রতিশব্দ।—নিষ্কাম-কর্ম্মযোগে প্রারম্ভের নাশ নাই পাতক হয় না, এই ধর্ম্মের অত্যল্পও সংসার-ভয়-হইতে ত্রাণ-করে ॥ ৪০ ॥

ব্যাখ্যা।—নিষ্কাম কর্ম্মযোগে আরব্ধ কর্ম্মের কোনরূপ বিঘ্নাদি হেতু নিষ্ফলত্ব কখনই ঘটে না এবং তজ্জন্য কদাপি পাপও হয় না; এই নিষ্কাম ধর্ম্মের কিঞ্চিন্মাত্রও অনুষ্ঠিত হইলে জন্ম মরণ-রূপ নিদারুণ সংসার ভয় হইতে মুক্তি লাভ করা যায় ॥ ৪০ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চান্যৎ নেহাভীতি। নেহ মোক্ষমার্গে কর্ম্মযোগে অভিক্রমনাশোঽভিক্রমণমভিক্রমঃ প্রারম্ভস্তস্য নাশো নাস্তি যথা কৃষ্যাদের্যোগবিষয়ে প্রারম্ভস্য নানৈকান্তিকফলত্বমিত্যর্থঃ। কিঞ্চ নাপি চিকিৎসাবৎ প্রত্যবায়ো বিদ্যতে, কিন্তু ভবতি স্বল্পমপ্যস্য যোগধর্ম্মস্যানুষ্ঠিতং ত্রায়তে রক্ষতি মহতঃ সংসারভয়াৎ জন্মমরণাদিলক্ষণাৎ ॥ ৪০ ॥

আনন্দগিরি।—নমু কর্ম্মানুষ্ঠানস্যানৈকান্তিকফলত্বেনাকিঞ্চিৎকরত্বাদনৈকানর্থকলুষিতত্বেন দোষবত্ত্বাচ্চ যোগবুদ্ধিরপি ন শ্রদ্ধেয়েতি তত্রাহ কিঞ্চেতি। অন্যচ্চ কিঞ্চিদুচ্যতে কর্ম্মানুষ্ঠানস্যাবশ্যকত্বে তৎকারণমিতি যাবৎ। কর্ম্মণা সহ সমাধেরনুষ্ঠাতুমশক্যত্বাদনেকান্তরায়সম্ভবাৎ তৎফলস্য চ সাক্ষাৎকারস্য দীর্ঘকালাভ্যাসসাধ্যস্যৈকস্মিন্ জন্মন্যসম্ভবাদর্থাদ্যোগী ভ্রংশেতানর্থে চ নিপতেদিত্যাশঙ্ক্যাহ নেহেতি। প্রতীকত্বেনোপাত্তস্য নকারস্য পুনরন্বয়ানুগুণত্বেন নাস্তীত্যনুবাদঃ। যত্তু কর্ম্মানুষ্ঠানস্যানৈকান্তিকফলত্বেনাকিঞ্চিৎকরত্বমুক্তং তদ্ দূষয়তি যথেতি। কৃষিবাণিজ্যাদেরারব্ধস্যানিয়তফলং সম্ভাবনামাত্রোপনীতত্বান্ন তথা কর্ম্মণি বৈদিকে প্রারব্ধস্য ফলমনিয়তং যুজ্যতে শাস্ত্রবিরোধাদিত্যর্থঃ। যত্তূক্তমনেকানর্থকলুষিতত্বেন দোষবদনুষ্ঠানমিতি তত্রাহ কিঞ্চেতি। ইতোঽপি কর্ম্মানুষ্ঠানমাবশ্যকমিতি প্রতিজ্ঞায় হেত্বন্তরমেব স্ফুটয়তি নাপীতি। চিকিৎসায়াং হি ক্রিয়মাণায়াং ব্যাধ্যতিরেকো বা মরণং বা প্রত্যবায়োঽপি সম্ভাব্যতে কর্ম্মপরিপাকস্য দুর্ব্বিবেকত্বান্ন তথা কর্ম্মানুষ্ঠানে দোষোঽস্তি বিহিতত্বাদিত্যর্থঃ। সম্প্রতি কর্ম্মানুষ্ঠানস্য ফলং পৃচ্ছতি কিন্তিতি। উত্তরার্দ্ধং ব্যাকুর্ব্বন্ বিবক্ষিতং ফলং কথয়তি স্বল্পমপীতি। সম্যগ্‌জ্ঞানোৎপাদনদ্বারেণ রক্ষণং বিবক্ষিতং, "সর্ব্বপাপপ্রসক্তোঽপি ধ্যায়ন্নিমিষমচ্যুতম্। ভূয়স্তপস্বী ভবতি পংক্তিপাবনপাবনঃ" ইতি স্মৃতেরিত্যর্থঃ॥ ৪০॥

রামানুজ।—বক্ষ্যমাণবুদ্ধিযুক্তস্য কর্ম্মণো মাহাত্ম্যমাহ নেহাভীতি। ইহ কর্ম্মযোগে নাভিক্রমনাশোঽস্তি। অভিক্রম আরম্ভঃ নাশঃ ফলসাধনভাবনাশঃ। আরব্ধস্যাসমাপ্তস্য বিচ্ছিন্নস্যাপি ন নিষ্ফলত্বমারব্ধস্য বিচ্ছেদে প্রত্যবায়োঽপি ন বিদ্যতে। অস্য কর্ম্মযোগাখ্যস্য স্বধর্ম্মস্য স্বল্পাংশোঽপি মহতো ভয়াৎ সংসারাৎ ত্রায়তে। অয়মর্থঃ, "পার্থ নৈবেহ নামুত্র বিনাশস্তস্য বিদ্যতে।" ইত্যুত্তরত্র প্রপঞ্চয়িষ্যতে। অন্যানি হি লৌকিকানি বৈদিকানি চ সাধনানি বিচ্ছিন্নানি, নহি ফলপ্রসবায় ভবন্তি। প্রত্যবায়ায় চ ভবন্তি॥ ৪০॥

হনুমান্।—কিঞ্চ নেহেতি। ইহ মোক্ষমার্গে অভিক্রমনাশঃ অভিক্রমণমভিক্রমঃ যথা কৃষ্যাদেঃ প্রারব্ধস্যন্নাশোঽস্তি মোক্ষবিষয়ে আরব্ধস্য নানৈকান্তকফলত্বমিত্যর্থঃ। কিঞ্চ চিকিৎসাবৎ প্রত্যবায়ো ন বিদ্যতে কিন্তু ভবতি স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য মোক্ষসাধনানুষ্ঠিতং ত্রায়তে রক্ষতি সংসারভয়াজ্জন্মমরণাদিলক্ষণাৎ॥ ৪০॥

শ্রীধর।—নমু কৃষ্যাদিবৎ কর্ম্মণাং কদাচিদ্বিঘ্নবাহুল্যেন ফলে ব্যভিচারান্মন্ত্রাদ্যঙ্গবৈগুণ্যেন চ প্রত্যবায়সম্ভবাৎ কুতঃ কর্ম্মযোগেন কর্ম্মবন্ধপ্রহাণম্? তত্রাহ নেহেতি। ইহ নিষ্কামকর্ম্মযোগেঽভিক্রমস্য প্রারম্ভস্য নাশো নিষ্ফলত্বং নাস্তি প্রত্যবায়শ্চ ন বিদ্যতে ঈশ্বরোদ্দেশেনৈব বিঘ্নবৈগুণ্যাদ্যসম্ভবাৎ। কিঞ্চাস্য ধর্ম্মস্য ঈশ্বরারাধনার্থকর্ম্মযোগস্য স্বল্পমপি কৃতং মহতো ভয়াৎ সংসারলক্ষণাৎ ত্রায়তে রক্ষতি, ন তু কাম্যকর্ম্মবৎ কিঞ্চিদঙ্গবৈগুণ্যাদিনা নৈষ্ফল্যমস্তেত্যর্থঃ॥৪০॥

বলদেব।—বক্ষ্যমাণয়া বুদ্ধ্যা যুক্তং কর্ম্মযোগং স্তৌতি নেহেতি। ইহ তমেস্ত-

মিত্যাদিবাক্যোক্তেঃ, নিষ্কামকর্ম্মযোগেঽভিক্রমস্যারম্ভস্য ফলোৎপাদকত্বনাশো নাস্তি। আরব্ধস্যা-সমাপ্তস্য বৈফল্যং ন ভবতীত্যর্থঃ। মন্ত্রাদ্যঙ্গবৈকল্যে চ প্রত্যবায়ো ন বিদ্যতে। আত্মোদ্দেশ-মহিম্না ওঁ তৎসদিতি ভগবন্নাম্না চ তস্য বিনাশাৎ। ইহ ভগবদর্পিতস্য নিষ্কামকর্ম্মলক্ষণধর্ম্মস্য কিঞ্চিদপ্যনুষ্ঠিতং মহতো ভয়াৎ সংসারাৎ ত্রায়তে অনুষ্ঠাতারং রক্ষতি। বক্ষ্যতি চৈবং "পার্থ নৈবেহ নামুত্র" ইত্যাদিনা। কাম্যকর্ম্মাণি সর্ব্বাঙ্গোপসংহারেণানুষ্ঠিতান্যুক্তফলায় কল্পন্তে। মন্ত্রাদ্যঙ্গবৈকল্যে তু প্রত্যবায়ং জনয়ন্তীতি। নিষ্কামকর্ম্মাণি তু যথাশক্ত্যনুষ্ঠিতানি জ্ঞাননিষ্ঠা লক্ষণং ফলং জনয়ন্ত্যেবোক্তহেতুতঃ প্রত্যবায়ং নোৎপাদয়ন্তীতি ॥ ৪০ ॥

মধুসূদন।—ননু "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেন" ইতি শ্রুত্যা বিবিদিষাং জ্ঞানঞ্চোদ্দিশ্য সংযোগপৃথক্ত্বন্যায়েন সর্ব্বকর্ম্মণাং বিনিয়োগাৎ তত্র চান্তঃকরণশুদ্ধের্দ্বারত্বাৎ মাং প্রতি কর্ম্মানুষ্ঠানং বিধীয়তে তদ্ "তদ্যথেহ কর্ম্মজিতো লোকঃ ক্ষীয়ত এবমেবামুত্র পুণ্যজিতো লোকঃ ক্ষীয়তে" ইতি শ্রুতিবোধিতস্য ফলনাশস্য সম্ভবাৎ জ্ঞানং বিবিদিষাং বা উদ্দিশ্য ক্রিয়মাণস্য যজ্ঞাদেঃ কাম্যত্বাৎ সর্ব্বাঙ্গোপসংহারেণানুষ্ঠেয়স্য যৎকিঞ্চিদঙ্গা-সম্পত্তাবপি বৈগুণ্যোপপত্তেঃ, যজ্ঞেনেত্যাদিবাক্যে বিহিতানাঞ্চ সর্ব্বেষাং কর্ম্মণামেকেন পুরুষায়ুষ-পর্য্যবসানেঽপি কর্ত্তুমশক্যত্বাৎ কুতঃ "কর্ম্মবন্ধং প্রহাস্যসি" ইতি ফলং প্রত্যাশেত্যত আহ ভগবান্ নেহেতি। অভিক্রমাতে কর্ম্মণা প্রারভ্যতে যৎ ফলং সোঽভিক্রমস্তস্য নাশস্তদ্যথেহ ইত্যাদিনা প্রতিপাদিতঃ, ইহ নিষ্কামকর্ম্মযোগে নাস্তি এতৎফলস্য শুদ্ধেঃ পাপক্ষয়রূপত্বেন লোকশব্দবাচ্যভোগ্যত্বাভাবেন চ ক্ষয়াসম্ভবাৎ, বেদনাপর্য্যন্তায়া এব বিবিদিষায়াঃ কর্ম্ম-ফলত্বাদ্বেদনস্য চাব্যবধানেনাজ্ঞাননিবৃত্তিফলজনকস্য ফলমজনয়িত্বা নাশাসম্ভবাৎ, ইহ ফলনাশো নাস্তীতি সাধূক্তম্। তদুক্তং তদ্যথেহেতি যা নিন্দা সা ফলে ন তু কর্ম্মণি। "ফলেচ্ছান্তু পরিত্যজ্য কৃতং কর্ম্ম বিশুদ্ধিকৃৎ" ইতি। তথা প্রত্যবায়ঃ অঙ্গবৈকল্যনিবন্ধনবৈগুণ্যমিহ ন বিদ্যতে। তমেতমিতি বাক্যেন, নিত্যানামেবোপাত্তদুরিতক্ষয়দ্বারেণ বিবিদিষায়াং বিনিয়োগাৎ তত্র চ সর্ব্বাঙ্গোপসংহারনিয়মাভাবাৎ কাম্যানামপি সংযোগপৃথক্ত্বন্যায়েন বিনিয়োগ ইতি পক্ষেঽপি ফলাভিসন্ধিরহিতত্বেন তেষাং নিত্যতুল্যত্বাৎ, ন হি কাম্যনিত্যাগ্নিহোত্রয়োঃ স্বতঃ কশ্চিদ্বিশেষোঽস্তি ফলাভিসন্ধিতদভাবাভ্যামেব তু কাম্যনিত্যত্বব্যপদেশঃ। ইদঞ্চ পক্ষদ্বয়মুক্তং বার্ত্তিকে, "বেদানুবচনাদীনামৈকাত্ম্যজ্ঞানজন্মনে। তমেতমিতি বাক্যেন নিত্যানাং বক্ষ্যতে বিধিঃ।" "যদ্বা বিবিদিষার্থত্বং কাম্যানামপি কর্ম্মণাম্। তমেতমিতি বাক্যেন সংযোগস্য পৃথক্ত্বতঃ।" ইতি, তথাচ ফলাভিসন্ধিনা ক্রিয়মাণ এব কর্ম্মণি সর্ব্বাঙ্গোপসংহারনিয়মাৎ তদ্বিলক্ষণে শুদ্ধ্যর্থে কর্ম্মণি প্রতিনিধ্যাদিনা সমাপ্তিসম্ভবান্নাঙ্গবৈগুণ্যনিমিত্তঃ প্রত্যবায়োঽস্তীত্যর্থঃ। তথা অস্য শুদ্ধ্যর্থস্য ধর্ম্মস্য তমেতমিত্যাদিবাক্যবিহিতস্য মধ্যে স্বল্পমপি সম্ভাব্যেতি কর্ত্তব্যতয়া বা যথাশক্তি ভগবদারাধনার্থং কিঞ্চিদপ্যনুষ্ঠিতং মহতঃ সংসারভয়াৎ ত্রায়তে ভগবৎপ্রসাদ-সম্পাদনেন অনুষ্ঠাতারং রক্ষতি। "সর্ব্বপাপপ্রসক্তোঽপি ধ্যায়ন্নিমিষমচ্যুতম্। ভূয়স্তপস্বী

ভবাত পংক্তিপাবনপাবনঃ" ইত্যাদি স্মৃতেঃ। তমেতমিতি বাক্যে সমুচ্চয়বিধায়কাভাবাচ্চ, অশুদ্ধিতারতম্যাদেবানুষ্ঠানতারতম্যোপপত্তের্যুক্তমুক্তং "কর্ম্মবন্ধং প্রহাস্যসি" ইতি ॥ ৪০ ॥

নীলকণ্ঠ।—এতদেবোপপাদয়তি নেহেতি। ইহ কর্ম্মবন্ধপ্রহাণার্থং কর্ম্মযোগেঽনুষ্ঠীয়মানে অভিক্রমঃ আরব্ধস্য ত্যাগঃ ইত্যাভক্রমঃ কর্ম্মারম্ভঃ কর্ম্মৈব বা তস্য নাশো নাস্তি অকৃতস্য ফলং দত্ত্বা নশ্যতি ন ছিন্নমিষ্টফলস্যাজননাৎ। নবেত্তথাপি কাম্যান্তঃপাতিতয়া নিত্যাকরণজনিতঃ প্রত্যবায় উৎপদ্যতে এব, সর্ব্বদণ্ডিত্বস্য বন্ধপ্রহাণপ্রত্যনপায়িত্বাবাধ্যফলদ্বয়হেতুত্বাযোগাদিত্যাশঙ্ক্যাহ প্রত্যবায়ো ন বিদ্যত ইতি। "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেন" ইতি শ্রুত্যা সংযোগপৃথক্ত্বন্যায়েন দধ্নেন্দ্রিয়কামস্য জুহুয়াদিত্যনেন নিত্যস্য দধ্নো বীর্য্যার্থত্বমিব নিত্যানামপি কর্ম্মণাং বিবিদিষার্থত্বং বিনিয়োগবলাৎ সিধ্যতি, ততশ্চ কাম্যেনৈব প্রয়োগেণ নিত্যস্যাপি সিদ্ধের্ন নিত্যাকরণনিমিত্তো বা কাম্যত্বাৎ সর্ব্বাঙ্গানুপসংহারনিমিত্তো বা প্রত্যবায়ো বিদ্যতে, নিত্যানামেব বিনিয়োগাৎ, নিত্যেষু চ যথাশক্ত্যুপবন্ধস্যানুজ্ঞানাৎ। বার্ত্তিকেতু কাম্যানামপ্যত্র বিনিয়োগো দৃষ্টঃ, যথা "বেদানুবচনাদীনামৈকাত্ম্যজ্ঞানজন্মনে। তমেতমিতি বাক্যেন নিত্যানাং বক্ষ্যতে বিধিঃ।" "যদ্বা বিবিদিষার্থত্বং কাম্যানামপি কর্ম্মণাম্। তমেতমিতি বাক্যেন সংযোগস্য পৃথক্ত্বতঃ।" ইতি, অস্মিন্ পক্ষে কাম্যানামপি তুল্যফলত্বাৎ নিত্যবদ্যথাশক্ত্যুপবন্ধো ভবিষ্যতীতি, ন সর্ব্বাঙ্গানুপসংহারজনিতঃ প্রত্যবায়ো বিদ্যতে, স্বল্পমপি অস্য যোগধর্ম্মস্যানুষ্ঠিতং অনুপভুক্তবীজকম্। "জন্মজন্মান্তরাভ্যস্তং দানমধ্যয়নং তপঃ। তেনৈবাভ্যাসযোগেন তচ্চৈবাভ্যস্যতে পুনঃ"। ইতি স্মৃতেরুত্তরোত্তরসংস্কারাধানদ্বারা স্বসজাতীয়বুদ্ধেনির্মিত্তং সৎ কামাদিদোষক্ষপণদ্বারা মহতো ভয়াৎ সংসারাৎ ত্রায়তে, তস্মাৎ সাংখ্যানধিকারিণা কর্ম্মযোগ এবানুষ্ঠেয় ইতি ভাবঃ ॥ ৪০ ॥

বিশ্বনাথ।—অত্র যোগো দ্বিবিধঃ। শ্রবণকীর্ত্তনাদিভক্তিরূপঃ শ্রীভগবদর্পিতনিষ্কামকর্ম্মরূপশ্চ। তত্র "কর্ম্মণ্যেবাধিকারঃ" ইত্যতঃ প্রাগ্‌ভক্তিযোগএব নিরূপ্যতে "নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন" ইত্যুক্তেঃ, ভক্তেরেব ত্রিগুণাতীতত্বাৎ, তয়ৈব পুরুষো নিস্ত্রৈগুণ্যো ভবতীত্যেকাদশস্কন্ধে প্রসিদ্ধেঃ। জ্ঞানকর্ম্মণোস্তু সাত্ত্বিকরাজসত্বাভ্যাং নিস্ত্রৈগুণ্যানুপপত্তেঃ, ভগবদর্পিতলক্ষণা ভক্তিস্তু কর্ম্মণো নৈষ্ফল্যাভাবমাত্রং প্রতিপাদয়তি ; নতু স্বস্য ভক্তিব্যপদেশং প্রাধান্যাভাবাদেব। যদিচ ভগবদর্পিতং কর্ম্মাপি ভক্তিরেবেতি মতং তদা কর্ম্ম কিং স্যাৎ? যদভগবদর্পিতং কর্ম্ম, তদেব কর্ম্ম ইতি চেন্ন, "নৈষ্কর্ম্ম্যমপ্যচ্যুতভাববর্জ্জিতং ন শোভতে জ্ঞানমলং নিরঞ্জনম্। কুতঃ পুনঃ শশ্বদভদ্রমীশ্বরে নচার্পিতং কর্ম্ম যদপ্যকারণম্॥" ইতি নারদোক্ত্যা তস্য বৈয়র্থ্যপ্রতিপাদনাৎ। তস্মাদত্র ভগবচ্চরণমাধুর্য্যপ্রাপ্তিসাধনীভূতা কেবলশ্রবণকীর্ত্তনাদিলক্ষণৈব ভক্তির্নিরূপ্যতে, যথা নিষ্কামকর্ম্মযোগোঽপি নিরূপয়িতব্যঃ। উভাবপ্যেতৌ বুদ্ধিযোগশব্দবাচ্যৌ জ্ঞেয়ৌ। "দদামি বুদ্ধিযোগং তং যেন মামুপযান্তি তে" ইতি "দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়" ইতি চোক্তেঃ। অথ নির্গুণশ্রবণকীর্ত্তনাদিভক্তিযোগস্য মাহাত্ম্যমাহ নেহেতি। ভক্তিযোগে

অতিক্রমে আরম্ভমাত্রে কৃতেঽপ্যস্য ভক্তিযোগস্য নাশো নাস্তি। ততঃ প্রত্যবায়শ্চ ন স্যাৎ। যথা কর্ম্মযোগে আরম্ভং কৃত্বা কর্ম্মাননুষ্ঠিতবতঃ কর্ম্মনাশপ্রত্যবায়ৌ স্যাতাং ইতি ভাবঃ। নমু তর্হি তস্য ভক্ত্যনুষ্ঠাতুকামস্য সমুচিতভক্ত্যকরণাৎ ভক্তিফলস্তু নৈব স্যাৎ তত্রাহ স্বল্পমিতি। অস্য ধর্ম্মস্য স্বল্পমপি আরম্ভসময়ে যা কিঞ্চিন্মাত্রা ভক্তিরভূৎ সাপীত্যর্থঃ। মহতো ভয়াৎ সংসারাৎ ত্রায়ত এব। "মন্নাম সকৃৎশ্রবণাৎ পুক্কশোঽপি বিমুচ্যতে" সংসারাদিত্যাদিশ্রবণাৎ, অজামিলাদৌ তথা দর্শনাচ্চ। "ন হ্যঙ্গোপক্রমে ধ্বংসো মদ্ধর্ম্মস্যোদ্ধবাম্বপি। ময়া ব্যবসিতঃ সম্যক্ নির্গুণত্বাদনাশিষঃ॥" ইতি ভগবতো বাক্যেন সহ অস্য বাক্যস্যৈকার্থ্যমেব দৃশ্যতে কিন্তু তত্র নির্গুণত্বাৎ নহি গুণাতীতং বস্তু কদাচিৎ ধ্বস্তং ভবতীতি হেতুরুপন্যস্তঃ। স চেহাপি দ্রষ্টব্যঃ। নচ নিষ্কামকর্ম্মণোঽপি ভগবদর্পণমহিম্না নির্গুণত্বমেবেতি বাচ্যম্। "মদর্পণং নিষ্ফলং বা সাত্ত্বিকং নিজকর্ম্ম তৎ" ইতি বাক্যেন তস্য সাত্ত্বিকত্বোক্তেঃ॥ ৪০॥

তাৎপর্য্য।—অতিবৃষ্ট্যাদি দোষবশতঃ কৃষি বাণিজ্যাদি কর্ম্মের ফলে বিঘ্ন হয়; সুতরাং দেশ, কাল, পাত্র ও মন্ত্রাদির অঙ্গবৈগুণ্যরূপ বিঘ্ন সম্ভাবনা হেতু অনুষ্ঠিত কর্ম্মযোগ হইতে স্বর্গাদি ফলের আশা কিরূপে হইতে পারে? বরং বিধিবাধে প্রত্যবায়েরই সম্ভাবনা। অতএব পূর্ব্বশ্লোকোক্ত "কর্ম্মবন্ধং প্রহাস্যসি" অর্থাৎ কর্ম্ম দ্বারা কর্ম্মবন্ধ ক্ষয় হয় ইত্যাদি ভগবদুক্তি কিরূপে সঙ্গত হইবে? অর্জ্জুনের এবংবিধ আশঙ্কার উত্তরস্বরূপে শ্রীভগবান্ পুনর্ব্বার বলিতেছেন, হে অর্জ্জুন! নিবৃত্তিমার্গে বা মুক্তিপথে আরব্ধ কর্ম্মযোগ কখনও বিনষ্ট হয় না; সুতরাং তাহা কৃষি-বাণিজ্যাদির ন্যায় অনিশ্চিত-ফলরূপে কল্পনা করিতে পার না। চিকিৎসকের অসাবধানতাপ্রযুক্ত চিকিৎসাদি ক্রিয়া রোগীর রোগ-বৃদ্ধি বা মরণনিমিত্ত হয়, অতএব তাহা প্রত্যবায়জনক। কিন্তু ঈশ্বরোদ্দিষ্ট কর্ম্ম কিঞ্চিৎ অঙ্গহীন হইলে তন্নিমিত্ত প্রত্যবায় হয় না। কারণ ঈশ্বরোদ্দেশে অনুষ্ঠিত কর্ম্মের বিঘ্ন বা অঙ্গ-বৈগুণ্যের সম্ভব নাই। হে বিমুগ্ধ সখে অর্জ্জুন! আরও বিবেচনা করিয়া দেখ, ঈশ্বরোদ্দেশে আরব্ধ কর্ম্ম কিঞ্চিন্মাত্র অনুষ্ঠিত হইলেই অসীম-ভয়-সঙ্কুল সংসার-দুঃখ হইতে পরিত্রাণ করে। অতএব তুমি নিঃশঙ্কভাবে ফলকামনা পরিত্যাগ পূর্ব্বক আমার উপদিশ্যমান কর্ম্মযোগের অনুষ্ঠানে প্রবৃত্ত হও; তাহা হইলে তোমার উপস্থিত কর্ম্মে বিঘ্ন বা প্রত্যবায় কিছুই হইবে না।

পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। শ্রুতি বলিয়াছেন যে, "ব্রাহ্মণগণ (ব্রহ্মোপাসকগণ) বেদাধ্যয়ন, যজ্ঞ, দান, নাশহীন-তপস্যানুষ্ঠান দ্বারা (বা তপস্যা দ্বারা কামের অনশন দ্বারা) সেই এই আত্মাকে জানিতে ইচ্ছা (বিবিদিষা) করে।" এই শ্রুতি বাক্যের তাৎপর্য্য পর্য্যালোচনা করিলে দেখা যায় যে, বিবিদিষা (বেত্তুমিচ্ছা —জানিতে ইচ্ছা) ও জ্ঞান এতদুভয়কে উদ্দেশ করিয়াই সমস্ত কর্ম্ম সংযোগপৃথক্ত্ব ন্যায়ে * বিনিযুক্ত হয়। কর্ম্মানুষ্ঠানই অন্তঃকরণ শুদ্ধির দ্বার (মূল কারণ) বলিয়া আত্মজ্ঞানী ব্যতীত অন্য ব্যক্তির প্রতি কর্ম্মানুষ্ঠানের বিধান করা হইয়াছে। এরূপ স্থলে অপর একটী শ্রুতি-বাক্য বিচার করিলে দেখা যে, যজ্ঞাদি কার্য্যের ফলনাশের বিশেষ সম্ভাবনা ; কারণ শ্রুতি বলিতেছেন যে, "যেরূপ কৃষিকার্য্যাদি সম্পাদিত ঐহিক ফল (শস্যাদি), কর্ম্মসম্পাদিত পারলৌকিক স্বর্গাদি ফলও সেইরূপ ক্ষয় হয় অর্থাৎ "অনিত্য"। অথচ জ্ঞান ও বিবিদিষাকে উদ্দেশ করিয়া যে সমস্ত যজ্ঞাদি কর্ম্ম অনুষ্ঠিত হয়; তৎসমুহই কাম্য-কর্ম্ম। আবার যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান সর্ব্বাঙ্গ সুসম্পন্ন হইলেই তাহার ফললাভ করা যায়, নচেৎ যজ্ঞের কোন অঙ্গের হানি হইলে ফললাভ তো হয়ই না, অধিকন্তু অনর্থ

* একস্য তু উভয়ত্বে "সংযোগপৃথক্ত্বং" ইতি জৈমিন্যাধিসূত্রম্। সংযোগো বাক্যং তস্য পৃথক্ত্বং ভেদঃ ; একস্য উভয়ার্থত্বে নিয়ামক ইত্যর্থঃ। সংযোগঃ সম্বন্ধঃ ইতি বা। যথা, দধ্না জুহুয়াদিতি ফলাসংযুক্তবাক্যেন ক্রত্বর্থত্বেন বিহিতস্যাপি দধ্নঃ, দধ্নেন্দ্রিয়কামস্য জুহুয়াদিত্যনেন ফলায় বিধানাৎ পুরুষার্থত্বমপি। তথা জ্যোতিষ্টোমাদীনাং স্বর্গার্থত্বেন বিহিতানামপি "যজ্ঞেন দানেন" ইত্যাদি বাক্যৈর্জ্ঞানসাধনত্বমপি স্যাৎ ইতি ভাবঃ॥ প্রয়োগানুসারে একই বাক্যের যে উভয়বিধ অর্থনিয়মশক্তি তাহারই নাম "সংযোগ পৃথকত্ব"। যেরূপ "দধ্না জুহুয়াৎ" "দধিদ্বারা হোম করিবে" এই বাক্যে দধি পদার্থ কেবল মাত্র যজ্ঞার্থে বিহিত হইয়াছে, কারণ এখানে কোনরূপ ফলের উল্লেখ নাই ; কিন্তু "দধ্না ইন্দ্রিয়কামস্য জুহুয়াৎ" অর্থাৎ "ইন্দ্রিয়কামী দধিদ্বারা হোম করিবে, এরূপ স্থলে দধি পদার্থ ফল উদ্দেশ করিয়া বিহিত হইয়াছে বলিয়া, ইন্দ্রিয় সামর্থ্য প্রদানরূপ পুরুষার্থরূপ অর্থও সম্পাদন করিয়া থাকে। এইরূপ জ্যোতিষ্টোমাদি যজ্ঞসমূহ স্বর্গাদি অর্থে বিহিত হইলেও "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেন" ইত্যাদি বাক্যদ্বারা জ্ঞানসাধনরূপ অর্থেও বিহিত হয়। "সংযোগ পৃথকত্ব" ন্যায়ের অর্থ সাদা কথায় বুঝিতে হইলে ইহাই বুঝা যায় যে, সর্ব্ববিধ কর্ম্মই সংযোগ বা সম্বন্ধানুসারে (প্রয়োগানুসারে) পৃথক্ অর্থ প্রতিপাদন করে। যেরূপ অনিত্য স্বর্গাদি-কামনা-সম্পাদক কর্ম্মও ফলাভিসন্ধি রাহিত্যরূপে প্রযুক্ত হইলেই নিত্যকর্ম্মের শ্রেণীভুক্ত হইয়া চিত্তশুদ্ধিদ্বারা সেই নিত্য ফল প্রদান করে। কাম্য কর্ম্মও কর্ম্ম, নিত্য বা নিষ্কাম কর্ম্মও কর্ম্ম, কিন্তু কেবল মাত্র কামনা এবং অকামনার সংযোগে ফলেরও পার্থক্য সংঘটিত হইয়া থাকে। সুতরাং এক কর্ম্মই উভয়বিধ অর্থের প্রতিপাদক বা নিয়ামক।

সংঘটিত হয়। আর এক কথা, প্রথমোল্লিখিত শ্রুতিবাক্যে যে যজ্ঞ, দান ও তপস্যার বিধি উল্লিখিত আছে, তৎসমূহের অনুষ্ঠান শত শত বর্ষেও সাধিত হইতে পারে না বলিয়াই আমার বিশ্বাস। কৃষ্ণ হে! এরূপ স্থলে আমার "কর্ম্মবন্ধ ত্যাগরূপ" ফলের আশা কোথায়? অর্জ্জুনের এবংবিধ আশঙ্কার উত্তরে শ্রীভগবান্ বলিতেছেন, ভ্রাতঃ! তুমি যাহা কহিলে, সমস্তই সত্য, ফলকামনাপূর্ব্বক অনুষ্ঠিত কর্ম্মের ফল ঐরূপ (দ্বিতীয় শ্রুতি বাক্যানুযায়ী) নশ্বর বটে, কিন্তু আমি তোমাকে যে কর্ম্মযোগের কথা বলিতেছি, তাহা নিষ্কাম; সুতরাং এই নিষ্কাম কর্ম্মযোগে অভিক্রম নাশের অর্থাৎ ফলনাশের আশঙ্কা নাই। কি কারণে মদুপদিষ্ট কর্ম্মযোগের ফল নাশপ্রাপ্ত হয় না, তাহার কয়েকটী হেতুবাদ নির্দ্দেশ করিতেছি, অবহিত-চিত্তে শ্রবণ কর। প্রথমতঃ দেখ, এই নিষ্কাম কর্ম্মযোগের ফল অতি পরিশুদ্ধ, কারণ সর্ব্ববিধ পাপের ক্ষয়ই এই ফলের স্বরূপ, নিষ্কাম-কর্ম্মযোগের ফল কলঙ্কহীন পূর্ণশশির ন্যায় সর্ব্ববিধ পাপ-পরিহীন। দ্বিতীয়তঃ, যেরূপ সকাম কর্মানুষ্ঠান দ্বারা ক্ষয়ী স্বর্গাদি-লোকসমূহ ভোগ্য ফলরূপে অর্জ্জন করা যায়, মদুক্ত কর্ম্মযোগের ফল সেরূপ ক্ষয়ী নহে। কারণ মদুক্ত কর্ম্ম-যোগের কোন (স্বর্গাদি) লোক-শব্দ-বাচ্য ভোগ্য ফল নির্দ্দিষ্ট নাই। তৃতীয়তঃ, বিবিদিষারূপ কর্ম্মের ফলই বেদন (জ্ঞান)।—যাহা জানিতে ইচ্ছা, তাহা জানিতে পারিলেই বিবিদিষার ফললাভ হয় অর্থাৎ তদ্বিষয়ক জ্ঞানলাভ হয়। বেদন পর্য্যন্তই বিবিদিষার ফল। চতুর্থতঃ, বেদনের (জ্ঞানের) অব্যবহিতকাল পরেই অজ্ঞান নিবৃত্তিরূপ ফল সঞ্জাত হয়; সুতরাং সেই অজ্ঞান নিবৃত্তিরূপ ফলের জনক বেদন বা জ্ঞান, অজ্ঞান-নিবৃত্তিরূপ ফল না জন্মাইয়া, কখনও নাশপ্রাপ্ত হইতে পারে না, সুতরাং মদুল্লিখিত নিষ্কাম কর্ম্মযোগের ফল যে নাশরহিত, তাহা বলা বাহুল্য। নাশের নাশ হইতে পারে না, অজ্ঞান-নিবৃত্তির নিবৃত্তি হইতে পারে না; সুতরাং অজ্ঞান-নিবৃত্তিরূপ ফল নাশহীন। মদভিহিত কর্ম্মযোগের কেবল-মাত্র ফলনাশ নাই, এমত নহে; পরন্তু এই কর্ম্মযোগে প্রত্যবায় অর্থাৎ অঙ্গবৈগুণ্যাদিজনিত বৈগুণ্যও নাই।

মদভিহিত এই কর্ম্মযোগে কি কারণে অঙ্গহান্যাদিজনিত অনর্থ সমুৎপন্ন হয় না, তাহারও হেতুবাদ নির্দ্দেশ করিতেছি শ্রবণ কর। প্রথমতঃ দেখ,

দ্বিতীয় শ্রুতিবাক্যে যে সমস্ত যজ্ঞাদিকর্ম্মানুষ্ঠানের উল্লেখ আছে, তৎসমূহই নিত্যকর্ম্ম। অকরণে "প্রত্যবায়সাধনানি নিত্যানি," অর্থাৎ যে কর্ম্ম না করিলে পাপ হয়, সেই নিত্যকর্ম্মই দুরিতরাশি বিনষ্ট করিয়া বিবিদিষায় বিনিযুক্ত করে, অর্থাৎ নিত্যকর্ম্মের অনুষ্ঠান দ্বারাই পাপ সমূহ ধ্বস্ত হয় এবং পাপনাশে চিত্ত নির্ম্মল বা কামনাবিহীন হয়, তদনন্তর চিত্ত কামনাবিহীন হইলেই বিবিদিষা হয়—সেই তত্ত্ববস্তুকে জানিতে একান্ত বাসনা সঞ্জাত হয়। দ্বিতীয়তঃ, কাম্যকর্ম্ম সমূহও সংযোগপৃথকত্ব ন্যায়ানুসারে (অর্থাৎ কামনাবিহীনরূপে) বিনিযুক্ত হইলেই নিত্যকর্ম্মের শ্রেণীভুক্ত হয়। বস্তুতঃ অগ্নিহোত্রাদি নিত্যকর্ম্ম এবং অশ্বমেধাদি কাম্যকর্ম্মের পরস্পর কর্ম্মগত কোনরূপ বিশেষ নাই, কিন্তু কেবলমাত্র ফলাভিসন্ধিসাহিত্য এবং ফলাভিসন্ধিরাহিত্য এই দুই কারণেই কাম্য ও নিত্যরূপ দুই পৃথক্ শ্রেণীতে উভয়ে বিভক্ত হইয়াছে। অর্থাৎ ফলাভিসন্ধি পূর্ব্বক কর্ম্মে প্রবৃত্ত হইলেই তাহা কাম্য শ্রেণীর অন্তর্ভূত হইবে এবং ফলাভিসন্ধিবিহীন হইয়া কর্ম্মে প্রবৃত্ত হইলেই তাহা নিত্যকর্ম্মের শ্রেণীভুক্ত হইবে। কর্ম্ম উভয়ত্র এক হইলেও সংযোগের (সম্বন্ধের) পার্থক্যে ফলেরও পার্থক্য হয়। তৃতীয়তঃ, কাম্য বা ফলাভিসন্ধি পূর্ব্বক অনুষ্ঠিত কর্ম্মেই সর্ব্বাঙ্গ উপসংহারের, অর্থাৎ মন্ত্রোচ্চারণাদি সর্ব্ববিধ বিষয় সুসম্পন্ন করিবার নিয়ম আছে। নচেৎ প্রত্যবায় পদে পদে। কিন্তু কেবলমাত্র শুদ্ধ্যর্থ (পাপনাশের নিমিত্ত) অনুষ্ঠিত নিত্যকর্ম্ম (সন্ধ্যাবন্দনা, বলিবৈশ্বানর, পঞ্চযজ্ঞ প্রভৃতি) প্রতিনিধি প্রভৃতি দ্বারাও সমাপ্ত হইতে পারে বলিয়া উক্ত নিত্যকর্ম্মে অঙ্গবৈগুণ্য জনিত কোনওরূপ প্রত্যবায় (বিপদ) নাই।

অর্জ্জুন। অধিক কি বলিব, যদি কেহ চিত্তাদির শুদ্ধিকারক এই (দ্বিতীয় শ্রুতিবাক্যে বিহিত) ধর্ম্মের অল্পও অনুষ্ঠান করে, অর্থাৎ যথাশক্তি ভগবদারাধনার্থ সন্ধ্যা-বন্দনাদি একটীরও অনুষ্ঠান করে, ভগবান্ তাহার প্রতি প্রসন্ন হইয়া থাকেন এবং সংসাররূপ মহৎ ভয় হইতে তাহাকে রক্ষা করিয়া থাকেন। অতএব তুমি যে আশঙ্কা করিয়াছিলে, "শতবর্ষেও সাধিত হয় না," তাহা তোমার নিতান্ত ভ্রম; সুতরাং মদভিহিত কর্ম্মযোগের অনুষ্ঠানে যে তুমি চিত্তশুদ্ধিরূপ কর্ম্মবন্ধকে প্রকৃষ্টরূপে ত্যাগ করিতে পারিবে, সে বিষয়ে আর সন্দেহ কি? (বর্ত্তমান শ্লোকে "বেদন" শব্দের অর্থ "জ্ঞান"

বলিয়া উল্লিখিত হইলেও, এই জ্ঞান সেই শাশ্বত জ্ঞান বা পরমাত্মা নহে। এতৎ শ্লোকোক্ত জ্ঞান বৃত্ত্যাত্মক অর্থাৎ "অহং ব্রহ্মাস্মি" ইত্যাদি বৃত্ত্যাত্মক। ব্রহ্মত্বসিদ্ধি বা অদ্বৈতসিদ্ধি হইলে বৃত্ত্যাত্মক জ্ঞানেরও নাশ হয়। আর এক কথা, নিষ্কাম কর্ম্মই যে নিত্য কর্ম্ম, তাহা যেন কেহ না মনে করেন; কারণ এখানে ফলাভিসন্ধিরাহিত্যরূপ অংশের সাদৃশ্য লইয়া নিষ্কাম নিত্য কর্ম্মের শ্রেণীভুক্ত হইয়াছে।)

পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় লিখিয়াছেন। যোগ দ্বিবিধ; শ্রবণ, কীর্ত্তনাদি ভক্তিরূপ এবং ভগবদুদ্দেশে অনুষ্ঠিত নিষ্কাম কর্ম্মরূপ। "কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইত্যাদি (২য়। ৪৭ শ্লোক) দ্বারা শ্রীভগবান্ ভক্তি-যোগেরই নিরূপণ করিলেন, আর "নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন" ইত্যাদি (২য়। ৪৫ শ্লোক) দ্বারা ভক্তিকেই তিনি ত্রিগুণাতীতরূপে বর্ণন করিবেন। শ্রীমদ্ভাগবতের একাদশ স্কন্ধে উক্ত হইয়াছে, "পুরুষ ভক্তি দ্বারাই ত্রিগুণা-তীত হয়"; অতএব কেবল ভক্তিই পুরুষের নিস্ত্রৈগুণ্যের মূল কারণ। সত্ত্ব ও রজোগুণের প্রাবল্যহেতু জ্ঞান এবং কর্ম্ম হইতে পুরুষ নিস্ত্রৈগুণ্য লাভ করিতে সমর্থ হয় না। ভগবদুদ্দেশে শ্রবণ-কীর্ত্তনাদি-লক্ষণা ভক্তি নিষ্কাম কর্ম্মের বৈগুণ্যাভাবমাত্র প্রতিপাদিত করে, অর্থাৎ নিষ্কাম কর্ম্মের আপাততঃ কোন ফল দৃষ্ট না হইলেও, শ্রবণ-কীর্ত্তনাদি-লক্ষণা ভক্তিই উক্ত কর্ম্মের ফলরূপ; সুতরাং তাহা নিষ্কাম কর্ম্মের পরিপোষক, স্বপ্রধান নহে। কোন কোন আচার্য্য বলেন, যে কর্ম্ম ভগবদর্পিত হয়, তাহার নাম ভক্তি, এবং যাহা ঈশ্বরে অনর্পিত তাহাই কর্ম্ম। এ সিদ্ধান্ত যুক্তিযুক্ত নহে। কারণ শ্রীমদ্ভাগবতে (১ম স্কন্ধ ৫ম অধ্যায়) নারদ বলিয়াছেন, "নিষ্কাম কর্ম্ম ও নিরঞ্জন জ্ঞান অর্থাৎ ব্রহ্মজ্ঞানও ভগবদ্ভক্তিবর্জ্জিত হইলে শোভা পায় না।" তণ্ডুলাকাঙ্ক্ষী হইয়া তুষে আঘাত করা যেরূপ নিষ্ফল, ভগবদ্ভক্তি শূন্য হইয়া কর্ম্মের জন্য প্রয়াস করাও তদ্রূপ বিফল। অতএব ভগবচ্চরণ-মাধুর্য্য উপভোগার্থ কেবল শ্রবণ-কীর্ত্তন-লক্ষণাদি ভক্তিরই উপাসনা করা কর্ত্তব্য। এই গ্রন্থে শ্রীভগবান্ নিষ্কাম কর্ম্মযোগের ন্যায়, শ্রবণ-কীর্ত্ত-নাদি-লক্ষণ ভক্তিযোগেরও বর্ণন করিবেন। সাধকগণের একান্ত প্রবৃত্তির নিমিত্ত শ্রীভগবান্ প্রথমতঃ ভক্তিযোগের মাহাত্ম্য বর্ণন করিতেছেন। হে অর্জ্জুন! কর্ম্মযোগ আরম্ভ করিয়া তাহার অনুষ্ঠান না করিলে কর্ম্মের

নাশ হয় ও তন্নিমিত্ত প্রত্যবায় জন্মে ; কিন্তু এই ভক্তিযোগ আরম্ভ করিয়া তাহা যদি সম্পন্ন করিতে না পার, তাহাতে আরম্ভের নাশ হইবে না এবং প্রত্যবায়ও জন্মিবে না ; অর্থাৎ ঈদৃশ ভক্তিযোগের যতটুকু সম্পাদন করিবে, তাহাতেই চরিতার্থ হইবে। কারণ এই ভক্তিযোগের কিঞ্চিন্মাত্র সাধিত হইলেই বিস্তৃত সংসারসাগর হইতে পরিত্রাণ প্রাপ্ত হইবে। শাস্ত্রান্তরে লিখিত আছে, "অতি নিকৃষ্ট পুক্কস অর্থাৎ চণ্ডালও শ্রীভগবানের নাম একবারমাত্র শ্রবণ করিয়া ভবসাগর হইতে বিমুক্ত হইয়াছে।" অতি-পাষণ্ড অজামিলও * শ্রীভগবানের নাম কীর্ত্তন করিয়া দুর্দ্দান্ত যমকিঙ্করগণের হস্ত হইতে পরিত্রাণ পাইয়াছে। অগ্নিকর্ত্তৃক কাষ্ঠরাশি যেমন ভস্মীভূত হয়, তদ্রূপ কোনরূপে ভগবন্নাম করিলেই পাপরাশি বিনষ্ট হয়। অতি প্রিয় উদ্ধবকে ভগবান্ বলিয়াছেন ; "হে উদ্ধব! কোনরূপ অঙ্গহীন হইলে এই ভগবদ্ধর্ম্মের অর্থাৎ বৈষ্ণব ধর্ম্মের অণুমাত্রও বিনষ্ট হয় না, আমি ইহা নিশ্চয় জানিয়াছি, যেহেতু এই ধর্ম্ম নির্গুণ। নির্গুণ বস্তু কখনও বিনষ্ট হয় না, সগুণই নাশ প্রাপ্ত হয়।" যদি বল, নিষ্কাম কর্ম্ম ভগবানে অর্পিত হয় বলিয়া

* কান্যকুব্জ দেশে অজামিল নামে এক শুদ্ধাচারসম্পন্ন সচ্চরিত্র ব্রাহ্মণ বাস করিতেন। একদা এক সুরাপী দাসীর কামক্রীড়া সন্দর্শনে অজামিল তাহার প্রতি নিতান্ত আসক্ত হন এবং তাহার চিন্তায় উন্মত্ত হইয়া ক্রমশঃ স্বধর্ম্ম পরিত্যাগ করেন। অবশেষে আপনার পরিণীতা যুবতী পত্নী, জনক জননী সকলকে ত্যাগ করিয়া সেই স্বৈরিণীর প্রেমে আত্মোৎসর্গ করেন এবং পৈতৃক ধন-সম্পত্তি সেই কুলটা কামিনীর চরণে উৎসর্গ করিয়া তাহার প্রসাদনে বিনিযুক্ত হন। তখন যাবতীয় কুবৃত্তি তাঁহার অবলম্বনীয় হয় এবং আচারভ্রষ্ট, বঞ্চনা ও চৌর্য্য রত হইয়া অতি নিন্দিতভাবে জীবনপাত করিতে থাকেন। তাঁহার ঔরসে ঐ দাসীর গর্ভে দশটী পুত্র জন্মিয়াছিল। কনিষ্ঠ পুত্র নারায়ণ পিতামাতার বিশেষ প্রিয়পাত্র ছিল। অষ্টাশীতি বৎসর বয়সকালে অজামিলের আসন্নকাল উপস্থিত হয়। তিনি সেই অন্তিম সময়ে পরম স্নেহভাজন নারায়ণ নামক কনিষ্ঠ পুত্রকে চিন্তা করিতে থাকেন এবং বারংবার তাহারই নাম উচ্চারণ করেন। ইত্যবসরে যমদূতেরা তাঁহার আত্মাকে গ্রহণ করিবার অভিলাষে আগমন করিল। এদিকে অন্তকালে সর্ব্বাপদনাশক নারায়ণ নাম তাঁহার বদন-বিনির্গত হওয়ায়, বিষ্ণুদূতেরাও তাঁহাকে গ্রহণ করিতে আসিলেন। উভয় পক্ষীয় দূতে বহুবিধ বাক্‌বিতণ্ডার পর স্থিরীকৃত হইল, জ্ঞানে বা অজ্ঞানে এ ব্যক্তি মুমূর্ষু সময়ে যখন মধুময় নারায়ণ নাম কীর্ত্তন করিয়াছেন, তখনই তাঁহার পাপরাশি বিনষ্ট হইয়াছে এবং অন্য কোনরূপ প্রায়শ্চিত্ত ব্যতীত, একমাত্র হরি নামের বলেই তাঁহার দুষ্কৃতি সমূহ ভস্মীভূত হইয়াছে। অতঃপর অতি সাধু ভগবৎ-পার্ষদগণের দর্শন ও উভয় পক্ষীয় দূতগণের পরমার্থ-তত্ত্বোপদেশপরিপূর্ণ বাক্যাবলী শ্রবণ করিয়া, অজামিলের চিত্ত বিশুদ্ধ হইল। অনন্তর তিনি যোগ-রত হইয়া সুরধুনী সলিলে প্রাণত্যাগ করিলেন এবং স্বর্ণময় রথে সমারূঢ় হইয়া বিষ্ণুদূতকর্ত্তৃক ভগবচ্চরণ প্রান্তে সমানীত হইলেন।

(শ্রীমদ্ভাগবত। ৬ স্কন্ধ।)

তাহাও নির্গুণ ; কেবলমাত্র ভক্তিযোগই গুণাতীত বলিয়া কিরূপে নিশ্চয় করিব ? তাহাও বলিতে পার না ; কারণ "আমাতে অর্পিত ও ফলকামনা-শূন্য যে কর্ম্ম, তাহা সত্ত্বগুণযুক্ত" ইত্যাদি ভগবদ্বাক্য দ্বারা কর্ম্মের সগুণত্ব প্রতিপাদিত হইয়াছে, অতএব ভক্তিযোগই নির্গুণ ও অবিনাশী। শ্রেয়ঃ-কামী সাধকগণ তাদৃশ ভক্তিযোগেরই উপাসনা করিবে ; তাহা হইলে আর ভবযন্ত্রণা প্রাপ্ত হইবে না ॥ ৪০ ॥

——•:•:•——

ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন !
বহুশাখা হ্যনন্তাশ্চ বুদ্ধয়োঽব্যবসায়িনাম ॥৪১॥

অন্বয়।—কুরুনন্দন (কুরুরাজবংশোদ্ভব, কৌরব !) ইহ (জ্ঞান-মার্গে—বা ভগবদারাধনারূপনিষ্কামকর্ম্মযোগে) ব্যবসায়াত্মিকা (নিশ্চ-য়াত্মিকা—পরমেশ্বরভক্ত্যা নিশ্চয়ং তরিষ্যামি ইতি) বুদ্ধিঃ একা (একনিষ্ঠা, একবিষয়িণী) [ভবতি] চ (কিন্তু) অব্যবসায়িনাং (পরমেশ্বরভক্তিবহির্ম্মুখানাং কামিনাং—সকামকর্ম্মানুষ্ঠানতৎপরাণাং) বুদ্ধয়ঃ (কামানামনন্তত্বাৎ) অনন্তাঃ (সীমাশূন্যাঃ) বহুশাখাঃ (কর্ম্মফল-গুণফলাদিভেদাদ্বহুভেদাঃ—অনেকবিষয়িণ্যঃ) ॥৪১॥

প্রতিশব্দ।—কৌরব ! জ্ঞানপথে নিশ্চয়াত্মিকা বুদ্ধি এক [হয়] কিন্তু কামিগণের বুদ্ধি সীমাশূন্য বহুপ্রকার ॥৪১॥

ব্যাখ্যা।—হে কুরুবংশাবতংস অর্জ্জুন ! কেবলমাত্র পরমেশ্বরে ভক্তি দ্বারা নিশ্চয়ই মুক্ত হওয়া যাইবে, এইরূপ ধ্রুবজ্ঞান হইলে, তাহা আর বিষয়ান্তরে সংলগ্ন হয় না ; সুতরাং একপ্রকারই থাকে ; কিন্তু ঈশ্বর-বহির্ম্মুখ কামিগণের বুদ্ধি কামের অনন্তত্বহেতু অনন্ত বিষয়াসক্ত এবং কর্ম্ম ও গুণফলের বহু প্রকার-ভেদ হেতু বহুবিধ হইয়া থাকে ॥৪১॥

শঙ্করাচার্য্য।—যেয়ং সাংখ্যে বুদ্ধিরুক্তা যোগে চ বক্ষ্যমাণলক্ষণা সা ব্যবসায়েতি। ব্যবসায়াত্মিকা নিশ্চয়স্বভাবা একৈব বুদ্ধিরিতরবিপরীতবুদ্ধিশাখাভেদস্য বাধিকা সম্যক্

প্রমাণজনিতত্বাদিহ শ্রেয়োমার্গে. হে কুরুনন্দন যাঃ পুনরিতরা বুদ্ধয়ো যাসাং শাখাভেদপ্রচারবশাদনন্তোহপরোহনুপরতঃ সংসারোহপি নিত্যপ্রততো বিস্তীর্ণো ভবতি প্রমাণজনিতবিবেকবুদ্ধিনিমিত্তবশাচ্চোপরতাস্বনন্তভেদবুদ্ধিষু সংসারোহপ্যুপরমতে তা বুদ্ধয়ো বহুশাখা বহ্ব্যঃ শাখা যাসাং তা বহুশাখা বহুভেদা ইত্যেতৎ প্রতিশাখাভেদেন হ্যনন্তাশ্চ বুদ্ধয়ঃ, কেষামব্যবসায়িনাং প্রমাণজনিতবিবেকবুদ্ধিরহিতানামিত্যর্থঃ ॥ ৪১ ॥

আনন্দগিরি।—নন্থ বুদ্ধিদ্বয়াতিরিক্তানি বুদ্ধ্যন্তরাণ্যপি কাণাদাদিশাস্ত্রপ্রসিদ্ধানি বিদ্যন্তে, তথা চ কথং বুদ্ধিদ্বয়মেব ভগবতোপদিষ্টমিতি তত্রাহ যেয়মিতি। সৈবৈকা প্রমাণভূতা বুদ্ধিরিত্যাহ ব্যবসায়াত্মিকেতি। বুদ্ধ্যন্তরাণ্যবিবেকমূলাত্বপ্রমাণানীত্যাহ বহুশাখা হীতি। ব্যবসায়াত্মিকায়া বুদ্ধেঃ শ্রেয়োমার্গে প্রবৃত্তায়া বিবক্ষিতং ফলমাহ ইতরেতি। প্রকৃতবুদ্ধিদ্বয়াপেক্ষয়া ইতরা বিপরীতাশ্চাপ্রমাণজনিতাঃ স্বকপোলকল্পিতায়া বুদ্ধয়স্তাসাং শাখা ভেদঃ সংসারহেতুস্তস্য বাধিকেতি যাবৎ। তত্র হেতুঃ সম্যগিতি। নির্দোষবেদবাক্যসমুত্থত্বাদুক্তমুপায়োপেয়ভূতং বুদ্ধিদ্বয়ং সাক্ষাৎপরম্পরাভ্যাং সংসারহেতুবাধকমিত্যর্থঃ। উত্তরার্দ্ধং ব্যাচষ্টে যাঃ পুনরিতি। প্রকৃতবুদ্ধিদ্বয়াপেক্ষয়ার্থান্তরত্বমিতরত্বম্। তাসামনর্থহেতুত্বং দর্শয়তি যাসামিতি। অপ্রামাণিকবুদ্ধীনাং প্রসক্তানুপ্রসক্ত্যা জায়মানানামতীব বুদ্ধিপরিণামবিশেষঃ শাখাভেদাস্তেষাং প্রচারঃ প্রবৃত্তিঃ তদ্বশাদিত্যেতৎ, অনন্তত্বং সম্যগ্‌জ্ঞানমন্তরেণ নিবৃত্তিবিরহিতত্বং, অপরত্বং কার্য্যস্যৈব সতো বস্তুভূতকারণবিরহিত্বম্। অনুপরতত্বং স্ফোরয়তি নিত্যেতি। কথং তর্হি তন্নিবৃত্ত্যা পুরুষার্থপরিসমাপ্তিস্তত্রাহ প্রমাণেতি। অন্বয়ব্যতিরেকাখ্যেনানুমানেনাগমেন চ পদার্থপরিশোধনপরেণ পরিনিষ্পন্না বিবেকাত্মিকা যা বুদ্ধিস্তাং নিমিত্তীকৃত্য সমুৎপন্নসম্যগ্‌বোধানুরোধাৎ প্রকৃতাবিপরীতবুদ্ধয়ো ব্যাবর্ত্তন্তে তাস্বসংখ্যাতাসু ব্যাবৃত্তাসু সতীষু নিরালম্বনতয়া সংসারোহপি স্থাতুমশক্রুবন্নুপরতো ভবতীত্যর্থঃ। যাঃ পুনরিত্যুপক্রান্তাস্তত্ত্বজ্ঞানাপনোদ্যা সংসারাস্পদীভূতা বিপরীতবুদ্ধিরনুক্রামতি তা বুদ্ধয় ইতি। বুদ্ধীনাং বৃক্ষস্যেব কুতো বহুশাখিত্বং তত্রাহ বহুভেদা ইত্যেতদিতি। একৈকাং বুদ্ধিং প্রতি শাখাভেদোহবান্তরবিশেষস্তেন বুদ্ধীনামসংখ্যত্বং প্রথ্যাতমিত্যাহ প্রতিশাখেতি। বুদ্ধীনামানন্ত্যপ্রসিদ্ধিপ্রদ্যোতনার্থো হিশব্দঃ। সম্যগ্‌জ্ঞানবতাং যথোক্তবুদ্ধিভেদভাক্ত্বমপ্রসিদ্ধমিত্যাশঙ্ক্য প্রত্যাহ কেষামিত্যাদিনা ॥ ৪১ ॥

রামানুজ।—কাম্যকর্ম্মবিষয়ায়া বুদ্ধের্মোক্ষসাধনভূতকর্ম্মবিষয়াং বুদ্ধিং বিশিনষ্টি ব্যবসায়েতি। ইহ শাস্ত্রীয়ে সর্ব্বস্মিন্ কর্ম্মণি ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকা। মুমুক্ষুণানুষ্ঠেয়ে কর্ম্মণি বুদ্ধির্ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ। ব্যবসায়ো নিশ্চয়ঃ সা হি বুদ্ধিরাত্মযাথাত্ম্যনিশ্চয়পূর্ব্বিকা, কাম্যকর্ম্মবিষয়া তু বুদ্ধিরব্যবসায়াত্মিকা, তত্র হি কামনাধিকারে দেহাতিরিক্তাত্মাস্তিত্বজ্ঞানমাত্রমপেক্ষিতং নাত্মস্বরূপযাথাত্ম্যনিশ্চয়ঃ স্বরূপযাথাত্ম্যনিশ্চয়েহপি স্বর্গাদিফলার্থিত্বতৎসাধনানুষ্ঠানতৎফলানুভবানাং সম্ভবাদবিরোধিত্বাচ্চ, সেয়ং ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকফলসাধনবিষয়তয়ৈকা। একস্মৈ মোক্ষাখ্যফলায় হি মুমুক্ষোঃ সর্ব্বাণি কর্ম্মাণি বিধীয়ন্তে। অতঃ শাস্ত্রার্থস্যৈকত্বাৎ

সর্ব্বকর্ম্মবিষয়া বুদ্ধিরেকৈব। যথৈককলসাধনতয়াগ্নেয়াদীনাং ষণ্ণাং সেতিকর্ত্তব্যতাকানামেক-শাস্ত্রার্থতয়া তদ্বিষয়া বুদ্ধিরেকা তদ্বদিত্যর্থঃ। অব্যবসায়িনাস্ত স্বর্গপুত্রপশ্বাদিফলসাধন-কর্ম্মাধিকৃতানাং বুদ্ধয়ঃ ফলানন্ত্যাদনন্তাঃ, তত্রাপি বহুশাখাঃ একস্মৈ ফলায় চোদিতেঽপি দর্শপূর্ণমাসাদৌ কর্ম্মণি "আয়ুরাশাস্তে সুপ্রজাস্ত্বমাশাস্ত" ইত্যাদ্যবগতাবান্তরফলভেদেন বহুশাখত্বঞ্চ বিদ্যতে। অতোঽব্যবসায়িনাং বুদ্ধয়োঽনন্তা বহুশাখাশ্চ। এতদুক্তং ভবতি। নিত্যেষু নৈমিত্তিকেষু চ কর্ম্মসু প্রধানফলান্যবান্তরফলানি চ যানি শ্রূয়মাণানি তানি সর্ব্বাণি পরিত্যজ্য মোক্ষৈকফলতয়া সর্ব্বাণি কর্ম্মাণ্যেকশাস্ত্রার্থতয়ানুষ্ঠেয়ানি কাম্যানি চ স্ববর্ণাশ্রমো-চিতানি তত্তৎফলানি পরিত্যজ্য মোক্ষফলসাধনতয়া নিত্যনৈমিত্তিকৈরেকীকৃত্য যথাবল-মনুষ্ঠেয়ানীতি ॥ ৪১ ॥

হনুমান্।—ব্যবসায়াত্মিকেতি। ব্যবসায়াত্মিকা নিশ্চয়াত্মিকা বুদ্ধিঃ সাংখ্যযোগে ব্যবসায়িনাং পুরুষার্থসাধিকা; অব্যবসায়িনাং বুদ্ধয়ো বহুশাখা বহুস্কন্ধা অনন্তাশ্চ ভবন্তি ন তাঃ পুরুষার্থং প্রতি সাধনমিত্যভিপ্রায়ঃ ॥ ৪১ ॥

শ্রীধর।—কুত ইত্যপেক্ষায়ামুভয়োর্বৈষম্যমাহ ব্যবসায়াত্মিকেতি। ইহ ঈশ্বরারা-ধনলক্ষণে কর্ম্মযোগে ব্যবসায়াত্মিকা পরমেশ্বরভক্ত্যৈব ধ্রুবং তরিষ্যামীতি নিশ্চয়াত্মিকা একৈব একনিষ্ঠৈব বুদ্ধির্ভবতি; অব্যবসায়িনাস্ত ঈশ্বরারাধনবহির্মুখাণাং কামিনাং কামানা-মানন্ত্যাদনন্তাস্তত্রাপি কর্ম্মফলগুণাদিপ্রকারভেদাদ্বহুশাখাশ্চ বুদ্ধয়ো ভবন্তি। ঈশ্বরারাধনার্থং হি নিত্যং নৈমিত্তিকঞ্চ কর্ম্ম কিঞ্চিদঙ্গবৈগুণ্যেঽপি ন নশ্যতি যথা শক্নুয়াৎ তথা কুর্য্যাদিতি হি তদ্বিধীয়তে। ন চ বৈগুণ্যমপীশ্বরোদ্দেশেনৈব বৈগুণ্যোপশমাৎ ন তু তথা কাম্যং কর্ম্ম অতো মহদ্বৈষম্যমিতি ভাবঃ ॥ ৪১ ॥

বলদেব।—কাম্যকর্ম্মবিষয়কবুদ্ধিতো নিষ্কামকর্ম্মবিষয়কবুদ্ধের্বৈশিষ্ট্যমাহ ব্যবসায়েতি। হে কুরুনন্দন ইহ বৈদিকেষু সর্ব্বেষু কর্ম্মসু ব্যবসায়াত্মিকা ভগবদর্চ্চনরূপৈর্নিষ্কামকর্ম্মভি-র্বিশুদ্ধচিত্তো বিষোর্ণাদিবৎ তদন্তর্গতেন জ্ঞানেনাত্মযাথাত্ম্যমহমনুভবিষ্যামীতি নিশ্চয়রূপা বুদ্ধিরেকা একবিষয়ত্বাৎ। একস্মৈ তদনুভবায় তেষাং বিহিতত্বাদিতি যাবৎ। অব্যবসায়িনাং কাম্যকর্ম্মানুষ্ঠাতৃণাস্ত বুদ্ধয়োঽনন্তাঃ। পশ্বন্নপুত্রস্বর্গাদ্যনন্তকামবিষয়াৎ, তত্রাপি বহুশাখাঃ। একফলকেঽপি দর্শপৌর্ণমাসাদাবায়ুঃসুপ্রজস্ত্বাস্তবান্তরানেকফলাশংসাশ্রবণাৎ। অত্র হি দেহাতিরিক্তাত্মজ্ঞানমাত্রমপেক্ষতে ন তু তদাত্মযাথাত্ম্যম্। তন্নিশ্চয়ে কাম্যকর্ম্মসু প্রবৃত্তেরসম্ভবাৎ ॥ ৪১ ॥

মধুসূদন।—এতদুপপাদনায় তমেতমিতি বাক্যবিহিতানামেকার্থত্বমাহ ব্যবসায়েতি। হে কুরুনন্দন! ইহ শ্রেয়োমার্গে তমেতমিতি বাক্যে বা ব্যবসায়াত্মিকা আত্মতত্ত্বনিশ্চয়াত্মিকা বুদ্ধিরেকৈব, চতুর্ণামাশ্রমাণাং সাধ্যাবিবক্ষিতবেদানুবচনেনেত্যাদৌ তৃতীয়াবিভক্ত্যা প্রত্যেকং নিরপেক্ষসাধনত্ববোধনাৎ, ভিন্নার্থত্বে হি সমুচ্চয়ঃ স্যাৎ একার্থত্বেঽপি দর্শপূর্ণমাসাভ্যামিতিবৎ দ্বন্দ্বসমাসেন যথয়ে চেতিবচনশক্তেন ন তথাত্র কিঞ্চিৎ প্রমাণমস্তীত্যর্থঃ। সাধ্যবিষয়া

যোগবিষয়া চ বুদ্ধিরেকফলত্বাদেকা ব্যবসায়াত্মিকা সর্ব্ববিপরীতবুদ্ধীনাং বাধিকা নির্দ্দোষ-বেদবাক্যসমুত্থত্বাৎ, ইতরাস্ত্ববসায়িনাং বুদ্ধয়ো বাধ্যা ইত্যর্থঃ ইতি ভাষ্যকৃতঃ। অন্যে তু পরমেশ্বরারাধনেনৈব সংসারং তরিষ্যামীতি নিশ্চয়াত্মিকা একনিষ্ঠৈব বুদ্ধিরিহ কর্ম্মযোগে ভবতীত্যর্থমাহুঃ। সর্ব্বথাপি তু জ্ঞানকাণ্ডানুসারেণ "স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ" ইত্যুপপন্নং কর্ম্মকাণ্ডে পুনর্বহুশাখাশ্চানেকভেদাঃ কামানামনেকভেদত্বাৎ অনন্তাশ্চ কর্ম্মফলগুণফলাদিপ্রকারোপশাখাভেদাৎ বুদ্ধয়ো ভবন্ত্যব্যবসায়িনাং তত্তৎফলকামানাং; বুদ্ধীনামানন্ত্যপ্রসিদ্ধিদ্যোতনার্থো হিশব্দঃ। অতঃ কাম্যকর্ম্মাপেক্ষয়া মহদ্বৈলক্ষণ্যং শুদ্ধার্থ-কর্ম্মণামিত্যাত্ত্বি প্রায়ঃ ॥ ৪১ ॥

নীলকণ্ঠ।—নন্বেবং সাংখ্যযোগয়োর্মহাভয়াৎ ত্রাণহেতুত্বং তুল্যং চেৎ, কোঽনয়ো-র্বিশেষ ইত্যাশঙ্ক্য সাংখ্যানাং পাতশঙ্কা নাস্তি যোগিনান্তু যাবদ্বিদেহকৈবল্যং পাতশঙ্কাস্তী-ত্যাহ ব্যবসায়াত্মিকেতি। ব্যবসায়স্তত্ত্বনিশ্চয়স্তদাত্মিকা তদাকারা বুদ্ধিরন্তঃকরণবৃত্তিঃ "অহং ব্রহ্মাস্মি" ইতি বাক্যজন্যা ব্রহ্মাকারান্তঃকরণবৃত্তির্ব্বিদ্যাভিধানা সমস্তবৃত্ত্যন্তরবাধেন সম-ভ্যুদিতা একা "এতৈব সকৃদ্বিভাতো হ্যেষ ব্রহ্মলোকঃ" ইতি শ্রুতেঃ, ব্রহ্মৈব লোকো ব্রহ্মলোকঃ ইহ ব্রহ্মৈব ন হি সকৃজ্জ্ঞাতে ব্রহ্মণি জ্ঞাতব্যং কর্ত্তব্যং বা কিঞ্চিদবশিষ্যতে কৃতকৃত্যত্বা-দ্বুদ্ধিবিদোঽতোঽস্য পাতশঙ্কা নাস্তি। অব্যবসায়িনামজ্ঞানিনান্তু বুদ্ধয়োঽনন্তাঃ তাশ্চ প্রত্যেকং বহুশাখা ইতি ইদমেব মম শ্রেয় ইতি নিশ্চয়স্য দুর্ল্লভত্বাৎ, কদাচিদশ্রেয়স্যপি শ্রেয়োবুদ্ধৌ সত্যাং পাতশঙ্কাস্তীতি মহাননয়োর্ব্বিশেষঃ ইতি ভাবঃ ॥৪১॥

বিশ্বনাথ।—কিঞ্চ সর্ব্বাভ্যোঽপি বুদ্ধিভ্যো ভক্তিযোগবিষয়িণ্যেব বুদ্ধিরুৎকৃষ্টা ইত্যাহ ব্যবসায়েতি। ইহ ভক্তিযোগে ব্যবসায়াত্মিকা নিশ্চয়াত্মিকা বুদ্ধিরেকৈব। মম শ্রীমদ্গুরূপদিষ্ট-ভগবৎকীর্ত্তনস্মরণচরণপরিচরণাদিকমেতদেব মম সাধনমেতদেব মম সাধ্যমেতদেব মম জীবাতুঃ সাধনসাধ্যদশয়োস্ত্যক্তুমশক্যমেতদেব মে কাম্যমেতদেব মে কার্য্যমেতদন্যৎ ন মে কার্য্যং নাপ্যভিলষণীয়ং, স্বপ্নেঽপীত্যত্র সুখমস্তু দুঃখং বাস্তু সংসারো নশ্যতু বা ন নশ্যতু তত্র মম কাপি ন ক্ষতিরিত্যেবং নিশ্চয়াত্মিকা বুদ্ধিরকৈতবভক্তাবেব সম্ভবেৎ। যদুক্তং "ততো ভজেত মাং ভক্ত্যা শ্রদ্ধালুর্দৃঢ়নিশ্চয়ঃ" ইতি ততোঽন্যত্র নৈব বুদ্ধিরেকেত্যাহ বহ্বীতি। বহ্ব্যঃ শাখা যাসাং তাঃ। তথাহি কর্ম্মযোগে কামানামানন্ত্যাদ্বুদ্ধয়োঽনন্তাঃ। তৎসাধনানাং কর্ম্মণামানন্ত্যাৎ তচ্ছাখা অপ্যনন্তাঃ। তথৈব জ্ঞানযোগে প্রথমমন্তঃকরণশুদ্ধ্যর্থং নিষ্কামকর্ম্মণি বুদ্ধিস্তদন্তস্মিন্ শুদ্ধে সতি কর্ম্মসংন্যাসে বুদ্ধিঃ। তদা জ্ঞানে বুদ্ধিঃ জ্ঞানবৈফল্যাভাবার্থং ভক্তৌ বুদ্ধিঃ। জ্ঞানঞ্চ ময়ি সংন্যসেদিতি ভগবদুক্তের্জ্ঞানসংন্যাসে চ বুদ্ধিরিতি বুদ্ধয়োঽনন্তাঃ। কর্ম্মজ্ঞানভক্তী-নামবশ্যানুষ্ঠেয়ত্বাৎ তত্তচ্ছাখা অপ্যনন্তাঃ ॥ ৪১ ॥

তাৎপর্য্য।—কুরুনন্দন! এই ধর্ম্মের স্বল্পমাত্র অনুষ্ঠানও কি জন্য মহৎ ভয় হইতে রক্ষা করে, তাহা বলিতেছি। "তমেতং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসাঽনাশকেন" (বৃহদারণ্যকোপ-

নিষৎ ৪ অধ্যায়, ৪ ব্রাহ্মণ ২২ শ্রুতি) এই শ্রুতি বাক্যের অর্থ সবিশেষ বিচার করিয়া দেখ, দেখিতে পাইবে যে, এই শ্রুতি-বাক্য-বিহিত বেদাধ্যয়ন, যজ্ঞ, দান তপস্যাদি প্রত্যেকেই নিরপেক্ষ ভাবে একমাত্র আত্মতত্ত্বজ্ঞানে সাধন স্বরূপে অভিহিত হইয়াছে। বিবেচনা করিয়া দেখ, যদি এই শ্রুতিবাক্যস্থিত বেদাধ্যয়ন, যজ্ঞ, দানাদি প্রত্যেকে পৃথক্ পৃথক্ অর্থ প্রতিপাদন অর্থাৎ ব্রহ্মচর্য্যাদি আশ্রমভেদে কোনটী আত্মতত্ত্ব, কোনটী বা স্বর্গাদি, কোনটী বা অন্য কিছু প্রতিপাদন করিত, তাহা হইলে জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয় হইত। আলোক ও অন্ধকারের ন্যায় বিরুদ্ধ-স্বভাব জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয় যে হইতে পারে না তাহা তোমাকে পূর্ব্বেই বলিয়াছি। আর এই শ্রুতিবাক্য বিহিত বেদাধ্যয়ন, যজ্ঞ, দানাদি, সকলে মিলিয়া যে এক অর্থ প্রতিপাদন করিবে অর্থাৎ এক ব্যক্তি বেদাধ্যয়ন, যজ্ঞ, দান, তপস্যা এই সকলগুলি অনুষ্ঠান করিলে তবে আত্মতত্ত্বজ্ঞান লাভ করিবে, তাহাও হইতে পারে না। কারণ দেখ, প্রথমতঃ এই শ্রুতি-বাক্যস্থিত বেদাধ্যয়নাদি কোন কথার সহিত কোনওরূপ ফলের উল্লেখ নাই। দ্বিতীয়তঃ, শ্রুতিবাক্যস্থিত সকল পদই (যজ্ঞেন, দানেন ইত্যাদি) তৃতীয়ান্ত, পৃথক্ পৃথক্, স্ব স্ব প্রধান। তৃতীয়তঃ, যদি শ্রুতিবাক্যের একার্থ প্রতিপাদন করাই উদ্দেশ্য হইত তাহা হইলে শ্রুতিস্থ পদগুলি "দর্শপূর্ণমাসাভ্যাং" অর্থাৎ দর্শ ও পূর্ণমাস নাম যাগ দ্বারা এইরূপ দ্বন্দ্বসমাস নিষ্পন্ন হইত, অথবা প্রত্যেক পদের পরে পরে একটী করিয়া "চ" বা 'এবং' পদ প্রযুক্ত হইত, অর্থাৎ যেরূপ "বেদানুবচনেন চ যজ্ঞেন চ দানেন চ" ইত্যাদি। অর্থাৎ বেদাধ্যয়ন দ্বারা, যজ্ঞদ্বারা এবং দান দ্বারা ইত্যাদি। অর্থাৎ প্রত্যেক পদের পরে পরে একটী করিয়া 'এবং' থাকিলে পদ সমূহের পরস্পর আকাঙ্ক্ষা থাকিত; সুতরাং বাক্য একার্থ প্রতিপাদক হইত; কিন্তু এখানে সে বিষয়ের কোনরূপ প্রমাণ পাওয়া যাইতেছে না। সুতরাং এই শ্রুতি বাক্যে (বা শ্রেয়োমার্গে) আত্মতত্ত্ব-নিশ্চয়াত্মিকা বুদ্ধি একই অর্থাৎ (নিশ্চয়াত্মিকান্তঃকরণবৃত্তি বুদ্ধি) অন্তঃকরণের যে বৃত্তি বিশেষ (হাঁ ইহা ঠিক্ এইরূপ) পদার্থ নিশ্চয় করিয়া থাকে, তাহারই নাম বুদ্ধি, কিন্তু এই শ্রেয়োমার্গে বুদ্ধি কেবলমাত্র আত্মতত্ত্বকে নিশ্চয় করে বলিয়া, সে একা অর্থাৎ এক বিষয়িণী, বহুবিষয়িণী নহে। অতএব দেখ এই শ্রুতি-বাক্য-বিহিত

বেদাধ্যয়নাদি প্রত্যেক সাধনই কোন আশ্রমীর মুখাপেক্ষী না হইয়া, কোন পৃথক্ পৃথক্ অর্থ প্রতিপাদন না করিয়া এবং যুগপৎ এক অর্থ প্রতিপাদন না করিয়া, নিরপেক্ষ ভাবে প্রত্যেকে সেই একমাত্র আত্মতত্ত্ব জ্ঞানের সাধন স্বরূপে উল্লিখিত হইতেছে; সুতরাং এই শ্রুতিবাক্যবিহিত যে কোন একটী সাধনের অনুষ্ঠান কর না কেন, তুমি যে সেই মহৎ সংসার ভয় হইতে বিমুক্ত হইবে সে বিষয়ে আর কোন সন্দেহই নাই।

পূর্ব্ব শ্লোকে-এই শ্রুতির অর্থ যথাযথ অভিহিত হইয়াছে; অতএব পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। সরস্বতী মহোদয় নিজ বাক্য সমর্থন করিবার নিমিত্ত, পূজ্যপাদ শঙ্করাচার্য্য ও শ্রীধর স্বামী পাদের অভিমত নিম্নলিখিত রূপে উল্লিখিত করিয়াছেন।

শঙ্করাচার্য্য ও আনন্দগিরির অভিমত। অর্জ্জুন! কাণাদাদিশাস্ত্রে বহুবিধ বুদ্ধির বিষয় বর্ণিত থাকিলেও, আমি কি কারণে তোমাকে কেবল মাত্র দুইটী (সাংখ্যে বুদ্ধি ও যোগে বুদ্ধি) বুদ্ধির বিষয় বলিলাম তাহা অবহিত চিত্তে শ্রবণ কর। আমি পূর্ব্বে তোমার নিকট এই শ্রেয়োমার্গে প্রবৃত্ত যে "সাংখ্যে বুদ্ধির" বিষয় বলিয়াছি এবং অগ্রে যে "যোগে বুদ্ধির" বিষয় সবিশেষ বর্ণনা করিব, এই বুদ্ধিদ্বয়ই ব্যবসায়াত্মিকা অর্থাৎ নিশ্চয়-স্বভাবা ও একা; যেহেতু শ্রেয়োমার্গে বুদ্ধিই প্রকৃত প্রমাণভূতা। এই শ্রেয়োমার্গে প্রবৃত্ত বুদ্ধিদ্বয়ই সেই নির্দ্দোষ বেদ-বাক্য-সমুত্থ বলিয়াই সম্যক্ প্রমাণজনিত এবং সাক্ষাৎ ও পরম্পরা ক্রমে সংসার হেতুর বাধক। কিন্তু বুদ্ধিদ্বয় ব্যতীত অন্য বুদ্ধিসমূহ অপ্রমাণ-জনিত, স্বকপোল-কল্পিত, অতএব অজ্ঞানমূলক; সুতরাং বৃক্ষের ন্যায় এই অপ্রমাণ-সিদ্ধ বুদ্ধির বহুবিধ শাখা-প্রশাখা ভেদ আছে। এই শাখাভেদই সংসারের হেতু। পূর্ব্বে বলা হইয়াছে, প্রমাণসিদ্ধ বুদ্ধিদ্বয় সংসার হেতুর বাধক, সুতরাং প্রমাণ-সিদ্ধ বুদ্ধিদ্বয় অন্য অপ্রমাণসিদ্ধ বুদ্ধিসমূহের বা সংসার হেতুরও বাধক। প্রকৃত বুদ্ধিদ্বয় হইতে বিপরীত বুদ্ধিসমূহ শাখা-প্রশাখাভেদে অনন্ত এবং এই বুদ্ধিসমূহ অব্যবসায়ী জনগণের অর্থাৎ প্রমাণ-জনিত বিবেক-বুদ্ধি পরিহীন জনগণেরই সংজাত হয়।

শ্রীধর স্বামিপাদের অভিমত। এই ভগবদারাধনরূপ কর্ম্মযোগে, "পরমেশ্বরের আরাধনা দ্বারা সংসার সাগরের পরপারে গমন করিব" ইত্যা-

কায়া নিশ্চয়াত্মিকা একনিষ্ঠা বুদ্ধি হইয়া থাকে; কিন্তু ঈশ্বরারাধনবহির্ম্মুখ (যাঁহারা ঈশ্বরের আরাধনা না করিয়া কেবলমাত্র স্বর্গাদি ফলের আরাধনা করেন) কামিগণের বুদ্ধি, কামনার অনন্ততা প্রযুক্ত, অনন্ত এবং কর্ম্মফলত্ব ও গুণফলত্বাদি প্রকারভেদে বহুশাখা (বহুভেদবিশিষ্টা) হয়। সুতরাং ঈশ্বরারাধনরূপ কর্ম্ম ও কাম্যকর্ম্ম এতদুভয়ের পরম বৈষম্য।

উপরি উল্লিখিত শঙ্করাচার্য্য ও শ্রীধর স্বামী এই দুই জনেরই ভাব হৃদয়ঙ্গম করিলে দেখা যায় যে, জ্ঞানকাণ্ডের অনুসারে "স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য ত্রায়তে মহতো ভয়াৎ" এই বাক্যের উদ্দেশ্য সংসাধিত হয়। অর্থাৎ জ্ঞান কাণ্ডানুসারে অল্প মাত্রায় অনুষ্ঠিত বেদাধ্যয়নাদি কোন একটী নিত্যকর্ম্মও চিত্তমালিন্যরূপ মহৎ ভয় হইতে ত্রাণ করিতে সমর্থ হয়। কিন্তু কর্ম্মকাণ্ডে দেখা যায় যে, স্বর্গাদি ফলকামনায় অনেকবিধ ভিন্নত্ব নিবন্ধন স্বর্গাদিফল অনেকবিধ; অতএব কাম্যকর্ম্মানুষ্ঠান-তৎপর জনগণের বুদ্ধিসমূহ বহুশাখা অর্থাৎ অনেক ভেদবিশিষ্ট এবং কর্ম্মফল গুণফলাদিরূপ ভেদে অনন্ত; সুতরাং কাম্যকর্ম্ম অপেক্ষা শুদ্ধ্যর্থ সম্পাদিত কর্ম্মের যে মহৎ বৈলক্ষণ্য রহিয়াছে সে বিষয়ে আর অন্যমত হইতে পারে না। মূল শ্লোকস্থিত 'হি' শব্দ দ্বারা কামিগণের বুদ্ধিসমূহের অনন্ততা যে চিরপ্রসিদ্ধ তাহাই সূচিত হইয়াছে।

শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তির অভিপ্রায়। জ্ঞান, কর্ম্ম ও ভক্তি এই ত্রিবিধ বুদ্ধির মধ্যে ভক্তিযোগ-বিষয়িণী বুদ্ধিই সর্ব্বোৎকৃষ্টা; কারণ ভক্তিযোগ বিষয়ে বুদ্ধি একপ্রকারই হইয়া থাকে। যথা; ভগবান্ শ্রীমদ্‌গুরুদেব বলিয়াছেন, "ভগবৎ কীর্ত্তন, স্মরণ, চরণসেবনাদিই আমার পরম সাধন, ইহাই আমার সাধ্য অর্থাৎ উপাসনার ফল স্বরূপ, ইহা এই জীবনে অপরি-ত্যাজ্য, ইহাই আমার কামনার বিষয় এবং ইহাই আমার কার্য্য, তদ্ব্যতীত অন্য কোন বিষয়ে স্বপ্নেও আমার অভিলাষ নাই। ইহাতে সুখ হউক বা দুঃখই হউক, সংসার বিনাশ হউক কিংবা থাকুকই, তাহাতে আমার কোন ক্ষতি বৃদ্ধি নাই।" এইরূপ নিশ্চয়াত্মিকা বুদ্ধি অকৃত্রিম ভক্তিতেই সম্ভব, কর্ম্ম ও জ্ঞানে সম্ভব নহে, যেহেতু কর্ম্মযোগে কামনা ও অনন্ত ও তদ্‌বুদ্ধি ও অনন্ত,এবং শাখাপ্রশাখাভেদে তৎসাধন কর্ম্মও অনন্ত, তদ্রূপ জ্ঞানযোগেও বুদ্ধি অনন্ত। যথা, জ্ঞানযোগে প্রথমতঃ অন্তঃকরণশুদ্ধির নিমিত্ত নিষ্কাম

কর্ম্মে বুদ্ধি, অন্তঃকরণ শুদ্ধ হইলে কর্ম্ম পরিত্যাগ বুদ্ধি, জ্ঞান সাধিত হইলে তৎপরিচর্য্যার্থ ভক্তিতে বুদ্ধি, এইরূপে বিশুদ্ধ জ্ঞান হইলে জ্ঞানসংন্যাসে অর্থাৎ জ্ঞান পরিত্যাগে বুদ্ধি করিবে। ভগবান্ বলিয়াছেন, "জ্ঞানও আমাতে অর্পণ করিবে" অতএব জ্ঞানযোগেও বুদ্ধি অনন্ত। সুতরাং সর্ব্ব-সাধন অপেক্ষা ভক্তিই শ্রেষ্ঠ। ॥ ৪১ ॥

যামিমাং পুষ্পিতাং বাচং প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ! নান্যদস্তীতি বাদিনঃ ॥ ৪২ ॥

অন্বয়।—পার্থ! [যে] অবিপশ্চিতঃ (মুর্খাঃ) যাং ইমাং পুষ্পিতাং (কুসুমিতবিষলতাবৎ আপাততো রমণীয়াং) বাচং (স্বর্গাদিফলশ্রুতিং) প্র (প্রকৃষ্টাং পরমার্থফলপরাং এব) বদন্তি, বেদবাদরতাঃ (বেদস্থিতার্থ-বাদেষু এব রতাঃ) [যে স্বর্গাদিফলাৎ] অন্যৎ (অপবর্গাখ্যং) ন অস্তি ইতি বাদিনঃ (বদনশীলাঃ) ॥ ৪২ ॥

প্রতিশব্দ।—পার্থ! যে মুর্খগণ যে এই কুসুমিত শ্রুতি-বাক্যকেই পরমার্থ-ফল-পর বলিয়া-থাকে, বেদ-স্থিত-অর্থবাদ-মাত্রেই-রত যাহারা [স্বর্গাদি-ফল হইতে] অন্য নাই ইহা বলিয়া-থাকে ॥ ৪২ ॥

শঙ্করাচার্য্য।—যেষাং ব্যবসায়াত্মিকা বুদ্ধির্নাস্তি তেষাং যামিমামিতি। যামিমাং বক্ষ্যমাণাং পুষ্পিতাং পুষ্পিত ইব বৃক্ষঃ শোভমানাং শ্রূয়মাণরমণীয়াং বাচং বাক্যলক্ষণাং প্রবদন্তি, কে? অবিপশ্চিতঃ অল্পমেধসোঽবিবেকিন ইত্যর্থঃ। বেদবাদরতা ইতি, বেদবাদরতাঃ বহ্বর্থবাদফলসাধনপ্রকাশকেষু বেদবাক্যেষু রতাঃ, হে পার্থ নান্যৎ স্বর্গপশ্বাদিফলসাধনেভ্যঃ কর্ম্মভ্যোঽস্তীত্যেবং বাদিনো বদনশীলাঃ ॥ ৪২ ॥

আনন্দগিরি।—যদি সাঙ্খ্যযোগরূপৈকৈব প্রমাণভূতা বুদ্ধিস্তর্হি সৈব সর্ব্বেষাং চিত্তে কিমিতি স্থিরা ন ভবতি তত্রাহ যেষামিতি। তেষামিমাং পুষ্পিতাং বাচং, প্রবদন্তি তমাপহৃতচেতসাং কামিনাং কামবশান্নিশ্চয়াত্মিকা বুদ্ধির্ন প্রায়স্থিরা ভবতীত্যাহ যামিতি। ইমামিত্যধ্যয়নবিধ্যুপাত্তত্বেন প্রসিদ্ধত্বং কর্ম্মকাণ্ডরূপায়া বাচো বিবক্ষ্যতে, বক্ষ্যমাণত্বং "ক্রিয়া-বিশেষবহুলাম্" ইত্যাদৌ দ্রষ্টব্যম্। কিংশুকো হি পুষ্পশালী শোভমানোঽপ্যনুভূয়তে ন পুন-রুপভোগ্যফলভাগী লক্ষ্যতে, তথেয়মপি কর্ম্মকাণ্ডাত্মিকা শ্রূয়মাণদশায়াং রমণীয়া বাগুপ-লভ্যতে সাধ্যসাধনসম্বন্ধপ্রতিভানান্ন ত্বেষা নিরতিশয়ফলভাগিনী ভবতি কর্ম্মানুষ্ঠানফলস্যা-নিত্যত্বাদিতি মত্বাহ পুষ্পিতামিতি। বাক্যত্বেন লক্ষ্যতে অর্থবত্ত্বপ্রতিভানাৎ, বস্তুতস্তু ন বাক্যমর্থাভাসত্বাদিত্যাহ বাক্যলক্ষণামিতি। প্রবক্তৄণাং বেদবাক্যতাৎপর্য্যাপরিজ্ঞানাত্তাবৎ

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে শ্রীভগবান্ সমাধিতে অচলা বুদ্ধি সম্পন্ন মহা পুরুষের উল্লেখ করিয়াছেন। সেই স্থিতপ্রজ্ঞের লক্ষণ জানিবার অভিপ্রায়ে অর্জ্জুন নিম্নলিখিত প্রশ্ন সমূহ উত্থাপন করিতেছেন। "অহং ব্রহ্মাস্মি" অর্থাৎ আমিই ব্রহ্ম ইহাই যাঁহার স্থির বুদ্ধি তিনিই স্থিতপ্রজ্ঞ। তাদৃশ স্থিতপ্রজ্ঞ মহাত্মার দ্বিবিধ অবস্থা পরিদৃষ্ট হইয়া থাকে; (এক) সমাধিস্থ, (দুই) ব্যুত্থিতচিত্ত। অর্জ্জুন প্রথমতঃ সমাধিস্থ স্থিতপ্রজ্ঞের লক্ষণ জানিবার বাসনায় জিজ্ঞাসা করিতেছেন, হে শ্রীকৃষ্ণ! কি লক্ষণের দ্বারা সেই মহা পুরুষ অন্যের নিকট পরিজ্ঞাত হইয়া থাকেন, তাহা তুমি আমাকে বুঝাইয়া দেও। আর তিনি যখন ব্যুত্থিতচিত্ত হন, তখন স্বয়ং স্তুতি, নিন্দা, আদর বা অভিনন্দন, দ্বেষাদিরূপ কি কি ভাষার ব্যবহার করিয়া থাকেন, তাহাও আমাকে বল। আর সেই ব্যুত্থিত ব্যক্তি চিত্ত-নিগ্রহের নিমিত্ত কিরূপে স্বকীয় ও বাহ্যেন্দ্রিয়ের নিগ্রহ করেন এবং যখন তাদৃশ ইন্দ্রিয়ের নিগ্রহ না করেন, তখনই বা কি কি বিষয়ান্তরে বিনিবিষ্ট থাকেন তাহাও আমাকে বল। সাধারণ ধর্ম্মভ্রষ্ট অজ্ঞ জনগণের বচন, আসন, বিচরণ অপেক্ষা তাদৃশ স্থিতপ্রজ্ঞ মহাপুরুষের তত্তদ্বিষয় অবশ্যই সাতিশয় বিভিন্ন; তুমি আমাকে সেই বিভিন্নতা বিশেষরূপে বুঝাইয়া দেও। এই শ্লোকে অর্জ্জুন চারিটী প্রশ্ন উত্থাপিত করিয়াছেন। সমাধিস্থ স্থিতপ্রজ্ঞ সম্বন্ধে একটী এবং ব্যুত্থিত স্থিতপ্রজ্ঞ সম্বন্ধে তিনটী। 'কেশব' এই সম্বোধন পদে ইহাই সূচিত

হইতেছে যে, তুমি সর্ব্বান্তর্য্যামী; সুতরাং এতাদৃশ রহস্য ব্যক্ত করিতে নিশ্চয়ই সমর্থ ॥ ৫৪ ॥

——(*)——

শ্রীভগবানুবাচ।

প্রজহাতি যদা কামান্ সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥ ৫৫ ॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ। পার্থ যদা সর্ব্বান্ মনোগতান্ (হৃদি স্থিতান্) কামান্ (বাসনাসমূহান্) প্রজহাতি (পরিত্যজতি) তদা আত্মনি (স্বস্মিন্নেব পরমাত্মরূপে) আত্মনা (স্বয়মেব) তুষ্টঃ (আত্মারাম ইতি যাবৎ) স্থিতপ্রজ্ঞ উচ্যতে ॥ ৫৫ ॥

প্রতিশব্দ।—শ্রীভগবান্ বলিলেন। পার্থ যখন সকল অন্তরজাত বাসনা পরিত্যাগ করে, তখন পরমাত্ম-স্বরূপে স্বয়ং পরমানন্দিত স্থিত-প্রজ্ঞ কথিত হয় ॥ ৫৫ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুনকৃত প্রশ্নের উত্তর স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন, হে কৌন্তেয়! যখন নিঃশ্রেয়সার্থী ব্যক্তি হৃদয়ের যাবতীয় বাসনার উচ্ছেদ সাধন করিয়া, স্বয়ং পরমার্থ দর্শনামৃত সেবনে অপার আনন্দ উপভোগ করেন, তখন তাদৃশ সংন্যাসীকেই স্থিতপ্রজ্ঞ বলিয়া নির্দ্দেশ করা যায় ॥ ৫৫ ॥

শঙ্করাচার্য্য।—স্থিতপ্রজ্ঞস্য লক্ষণমনেন শ্লোকেন পৃচ্ছতি, যো হ্যাদিত এব সংন্যস্য কর্ম্মাণি জ্ঞানযোগনিষ্ঠায়াং প্রবৃত্তো যশ্চ কর্ম্মযোগেন তয়োঃ স্থিতপ্রজ্ঞস্যেতি, প্রজহাতীত্যা-রভ্যাধ্যায়পরিসমাপ্তিপর্য্যন্তং স্থিতপ্রজ্ঞলক্ষণং সাধনঞ্চোপদিশ্যতে, সর্ব্বত্রৈব হ্যধ্যাত্মশাস্ত্রে কৃতার্থলক্ষণানি যানি তান্যেব সাধনান্যুপদিশ্যন্তে যত্নসাধ্যত্বাৎ, যানি যত্নসাধ্যানি সাধনানি লক্ষণানি ভবন্তি তানি শ্রীভগবানুবাচ, প্রজহাতীতি। প্রজহাতি প্রকর্ষেণ জহাতি পরিত্যজতি যদা যস্মিন্ কালে সর্ব্বান্ সমস্তান্ কামান্ ইচ্ছাভেদান্ হে পার্থ মনোগতান্ মনসি প্রবিষ্টান্ হৃদি প্রবিষ্টান্ সর্ব্বকামপরিত্যাগে তুষ্টিকারণাভাবাচ্ছরীরধারণনিমিত্তশেষে চ সত্যুন্মত্তপ্রমত্তস্যেব

প্রবৃত্তিঃ প্রাপ্তেত্যাহ উচ্যতে আত্মনি এব প্রত্যগাত্মস্বরূপ এবাত্মনা স্বেনৈব বাহ্যলাভনিরপেক্ষস্তুষ্টঃ পরমার্থদর্শনামৃতরসলাভেনান্যস্মাদলং প্রত্যয়বান্ স্থিতপ্রজ্ঞঃ, স্থিতা প্রতিষ্ঠিতাত্মানাত্মবিবেকজা প্রজ্ঞা যস্য স স্থিতপ্রজ্ঞো বিদ্বাংস্তদোচ্যতে, ত্যক্তপুত্রবিত্তলোকৈষণঃ সন্ন্যাসী আত্মারামঃ আত্মক্রীড়ঃ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ ॥ ৫৫ ॥

আনন্দগিরি।—প্রশ্নাক্ষরাণি ব্যাখ্যায় বাক্যার্থমাহ স্থিতপ্রজ্ঞস্যেতি। প্রতিবচনমবতারয়িতুং প্রাতনিকাং করোতি যো হীতি। হিশব্দেন কর্ম্মসংন্যাসকারণীভূতবিরাগতাসম্পত্তিঃ সূচ্যতে, আদিতো ব্রহ্মচর্য্যাবস্থায়ামিতি যাবৎ, জ্ঞানমেব যোগো ব্রহ্মাত্মভাবপ্রাপকত্বাৎ তস্মিন্ নিষ্ঠা পরিসমাপ্তিস্তস্যামিত্যর্থঃ, কর্ম্মৈব যোগস্তেন কর্ম্মাণ্যসন্ন্যস্য তন্নিষ্ঠায়ামেব প্রবৃত্ত ইতি শেষঃ। নমু তৎকথমেকেন বাক্যেনার্থদ্বয়মুপদিশ্যতে দ্বৈধার্থে বাক্যভেদাৎ, ন চ লক্ষণমেব সাধনং কৃতার্থলক্ষণস্য তৎস্বরূপত্বেন ফলত্বে সাধনত্বানুপপত্তেরিতি তত্রাহ সর্ব্বত্রৈবেতি। যদ্যপি প্রকৃতার্থস্য জ্ঞানিনো জ্ঞানলক্ষণং তদ্রূপেণ ফলত্বান্ন সাধনত্বমধিগচ্ছতি, তথাপি জিজ্ঞাসোস্তদেব প্রযত্নসাধ্যতয়া সাধনং সম্পদ্যতে, লক্ষণঞ্চাত্রজ্ঞানসামর্থ্যলব্ধমনূদ্যতে, ন বিধীয়তে বিদুষো বিধিনিষেধাগোচরত্বাৎ, তেন জিজ্ঞাসোঃ সাধনানুষ্ঠানায় লক্ষণানুবাদাদেকস্মিন্নেব সাধনানুষ্ঠানে তাৎপর্য্যমিত্যর্থঃ। উক্তেঽর্থে ভগবদ্বাক্যমুত্থাপয়তি যানীতি। লক্ষণানি চ জ্ঞানসামর্থ্যলভ্যানি যত্নসাধ্যানীতি শেষঃ। স্থিতপ্রজ্ঞস্য কা ভাষেতি প্রথমপ্রশ্নস্যোত্তরমাহ প্রজহাতীতি। কামত্যাগস্য প্রকর্ষো বাসনারাহিত্যং কামানামাত্মনিষ্ঠত্বং কৈশ্চিদিষ্যতে, তদযুক্তং তেষাং মনোনিষ্ঠত্বশ্রুতেরিত্যাশয়বানাহ মনোগতানিতি। আত্মন্যেবাত্মনেত্যাদ্যুত্তরভাগনিরস্যঙ্কোদ্যমনুবদতি সর্ব্বকামেতি। তর্হি প্রবর্ত্তকাভাবাদ্বিদুষঃ সর্ব্বপ্রবৃত্তেরুপশান্তিরিতি নেত্যাহ শরীরেতি। উন্মাদবানুন্মত্তো বিবেকবিরহিতো বুদ্ধিভ্রমভাগী প্রকর্ষেণ মদমনুভবন্ বিদ্যমানমপি বিবেকং নিরস্যন্ ভ্রান্তব্যবহরন্ প্রমত্ত ইতি বিভাগঃ। উত্তরার্দ্ধমবতার্য্য ব্যাকরোতি উচ্যত ইতি। আত্মন্যেবেত্যেবকারাদাত্মনেত্যত্রাপি সম্বন্ধং দ্যোতয়তি স্বেনৈবেতি। বাহ্যলাভনিরপেক্ষত্বেন তুষ্টিমেব স্পষ্টয়তি পরমার্থেতি। স্থিতপ্রজ্ঞপদং বিভজতে স্থিতেতি। প্রজ্ঞা প্রতিবন্ধকসর্ব্বকামবিরামাবস্থা তদেতি নির্দ্দিশ্যতে। উক্তমেব প্রপঞ্চয়তি ত্যক্তেতি। আত্মানং জিজ্ঞাসমানো বৈরাগ্যদ্বারা সর্ব্বৈষণাত্যাগাত্মকং সংন্যাসমাসাদ্য শ্রবণাদ্যাবৃত্ত্যা তজ্জ্ঞানং প্রাপ্য তস্মিন্নেবাসক্ত্যা বিষয়বৈমুখ্যেন তৎফলভূতাং পরিতুষ্টিং তত্রৈব প্রতিলভমানঃ স্থিতপ্রজ্ঞব্যপদেশভাগীত্যর্থঃ ॥ ৫৫ ॥

রামানুজ।—স্থিতিবিশেষকথনেন স্বরূপমভিব্যক্তং ভবতীতি বৃত্তিবিশেষ উচ্যতে প্রজহাতীতি। আত্মন্যেবাত্মনা মনসাত্মৈকাবলম্বনেন তুষ্টঃ তেন তোষেণ তদ্ব্যতিরিক্তান্ সর্ব্বান্ মনোগতান্ কামান্ যদা প্রকর্ষেণ জহাতি তদায়ং স্থিতপ্রজ্ঞ উচ্যতে, জ্ঞাননিষ্ঠাকাষ্ঠৈয়ম্ ॥ ৫৫ ॥

হনুমান্।—অতস্তানেব লক্ষণানি ভগবানুবাচ, প্রজহাতীতি। প্রকর্ষেণ জহাতি পরিত্যজতি যদা কামান্ নিষ্ঠাভোগান্ হেয়ার্থমনোগতান্ মনসি প্রতিষ্ঠানাদতএব প্রত্যগাত্মরূপ এব আত্মনা স্বেনৈব বাহ্যলাভনিরপেক্ষস্তুষ্টঃ পরমার্থদর্শনামৃতরসলাভেনান্যস্মিন্ ভবতি ন

প্রত্যয়বান্ স্থিতপ্রজ্ঞঃ স্থিতা প্রজ্ঞা আত্মনাত্মবিবেকজা প্রজ্ঞা যস্য স স্থিতপ্রজ্ঞঃ বিদ্বাংস্তদোচ্যতে, ইত্যুক্তপুত্রবিত্তলাভতঃ সংন্যাসী আত্মারাম আত্মক্রীড়াবান্ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ ॥ ৫৫ ॥

শ্রীধর।—অত্র চ যানি সাধকস্য জ্ঞানসাধনানি তান্যেব স্বাভাবিকানি সিদ্ধস্য লক্ষণানি, অতঃ সিদ্ধস্য লক্ষ্যস্য লক্ষণানি কথয়ন্নেবান্তরঙ্গানি জ্ঞানসাধনান্যাহ যাবদধ্যায়সমাপ্তি, তত্র প্রথমপ্রশ্নস্যোত্তরমাহ প্রজহাতীতি দ্বাভ্যাম্। মনসি স্থিতান্ কামান্ যদা প্রকর্ষেণ জহাতি। ত্যাগে হেতুমাহ আত্মনীতি। আত্মন্যেব স্বস্মিন্নেব পরমানন্দরূপ আত্মনা স্বয়মেব তুষ্ট ইত্যাত্মারামঃ সন্ যদা ক্ষুদ্রবিষয়াভিলাষাংস্ত্যজতি তদা তেন লক্ষণেন মুনিঃ স্থিতপ্রজ্ঞ উচ্যতে ॥ ৫৫ ॥

বলদেব।—এবং পৃষ্টো ভগবান্ ক্রমেণ চতুর্ণামুত্তরমাহ যাবদধ্যায়পূর্ত্তি। তত্র প্রথমস্যাহ প্রজহাতীত্যেকেন। হে পার্থ যদা মনোগতান্ মনসি স্থিতান্ কামান্ সর্ব্বান্ প্রজহাতি সন্ত্যজতি তদা স্থিতপ্রজ্ঞ উচ্যতে। কামানাং মনোধর্ম্মত্বাৎ পরিত্যাগো যুক্তঃ। আত্মধর্ম্মত্বে ত্বঃশক্যঃ স স্যাদ্বহ্ন্যুষ্ণাদীনামিবেতি ভাবঃ। নন্থ শুষ্ককাষ্ঠবৎ কথং তিষ্ঠতীতি চেৎ তত্রাহ আত্মন্যেবেতি। আত্মনি প্রত্যাহৃতে মনসি ভাসমানেন স্বপ্রকাশানন্দরূপেণাত্মনা স্বরূপেণ তুষ্টঃ পরিতৃপ্তঃ ক্ষুদ্রবিষয়াভিলাষান্ সংত্যজ্যাত্মানন্দারামঃ সমাধিস্থঃ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। "আত্মা পুংসি স্বভাবেঽপি প্রযত্নমনসোরপি। ধৃতাবপি মনীষায়াং শরীরব্রহ্মণোরপি ॥" ইতি মেদিনীকারঃ। ব্রহ্ম চাত্র জীবেশ্বরান্যতরদ্‌গ্রাহ্যম্ ॥ ৫৫ ॥

মধুসূদন।—এতেষাং চতুর্ণাং প্রশ্নানাং ক্রমেণোত্তরং শ্রীভগবানুবাচ যাবদধ্যায়সমাপ্তি, প্রজহাতীতি। কামান্ কামসঙ্কল্পাদীন্ মনোবৃত্তিবিশেষান্, প্রমাণবিপর্য্যয়বিকল্পনিদ্রাস্মৃতি-ভেদেন তন্ত্রান্তরে পঞ্চধাপ্রপঞ্চিতান্ সর্ব্বান্ নিরবশেষান্ প্রকর্ষেণ কারণবাধেন যদা জহাতি পরিত্যজতি সর্ব্ববৃত্তিশূন্য এব যদা ভবতি স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে সমাধিস্থ ইতি শেষঃ। কামনামনাত্মধর্ম্মত্বেন পরিত্যাগযোগ্যত্বমাহ মনোগতানিতি। যদি হ্যাত্মধর্ম্মাঃ স্যুঃ তদা ন ত্যক্তুং শক্যেরন্ বহ্ন্যৌষ্ণ্যবৎ স্বাভাবিকত্বাৎ মনসস্তু ধর্ম্মা এতে অতস্তৎপরিত্যাগেন পরিত্যক্তুং শক্যা এবেত্যর্থঃ। নন্থ স্থিতপ্রজ্ঞস্য মুখপ্রসাদলিঙ্গগম্যঃ সন্তোষবিশেষঃ, প্রতীয়তে স কথং সর্ব্বকাম-পরিত্যাগে স্যাদিত্যত আহ। আত্মন্যেব পরমানন্দরূপে ন ত্বনাত্মনি তুচ্ছে আত্মনা স্বপ্রকাশ-চিদ্রূপেণ ভাসমানে ন তু বৃত্ত্যা তুষ্টঃ পরিতৃপ্তঃ পরমপুরুষার্থলাভাৎ, তথাচ শ্রুতিঃ, "যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যেঽস্য হৃদি শ্রিতাঃ। অথ মর্ত্ত্যো ভবত্যত্র মৃতো ব্রহ্ম সমশ্নুতে" ইতি। তথাচ সমাধিস্থঃ স্থিতপ্রজ্ঞ এবং বিধৈর্লক্ষণবাচিভিঃ শব্দৈর্ভাষ্যত ইতি প্রথমপ্রশ্নস্যোত্তরম্ ॥ ৫৫ ॥

নীলকণ্ঠ।—এতেষাং ক্রমেণোত্তরাণ্যাহ শ্রীভগবান্ প্রজহাতীত্যাদিনা। অত্রযান্যেব কৃতার্থলক্ষণানি তানি জ্ঞানসাধনানীতি মত্বা উপদিশ্যন্তে স্থিতপ্রজ্ঞ লক্ষণানি তেষামকৃতার্থেষু যত্নসাধ্যত্বাৎ কৃতার্থেষু স্বাভাবিকত্বাৎ, যথোক্তং, "উৎপন্নাত্মপ্রবোধস্য হ্যদ্বেষ্টৃত্বাদয়ো গুণাঃ।

তত্রাশ্রয়স্বভাবত্ত ন তু সাধকরূপিণঃ" ইতি। যদায়ং যোগী সর্ব্বান্ স্থূলসূক্ষ্মকারণশরীরভোগ্যান্ কামান্ কাম্যমানান্ বিষয়ান্ প্রকর্ষেণ সমূলং জহাতি ত্যজতি, কীদৃশান্ কামান্ মনোগতান্ মনস্যেব সঙ্কল্পবিকল্পাত্মকে স্থিতান্ ন তু বহিঃ। যথোক্তমক্ষপাদাচার্য্যৈঃ, "দোষনিমিত্তং রূপাদয়ো বিষয়াঃ সঙ্কল্পবিকল্পকৃতাঃ" ইতি তত্র স্থূলানাং কামানাং ত্যাগ একান্তসেবন-মাত্রাদ্ভবতীতি স সুধীয়ানেব বিলীনকরণগ্রামস্য সমনস্কস্য জাগ্রদ্বাসনাময়াঃ স্বপ্নে যে কামাঃ স্ফুরন্তি তেষামপি ত্যাগো ভগবদ্ধ্যানাদিরূপসদ্বাসনাভ্যাসবলেন ভবতি। যেতুপসংহৃতকরণস্য সম্প্রজ্ঞাতসমাধিকালে দিব্যাঃ কামনাঃ সঙ্কল্পমাত্রোপগতা মধুমতীত্যাদিষু প্রসিদ্ধাস্তেষামপি ত্যাগোঽসম্প্রজ্ঞাতসমাধ্যভ্যাসবলেন ভবতি এবং ত্রিবিধান্ কামান্ ত্যক্ত্বা আত্মন্যেবাথৈকরসে আত্মনা যেনৈব স্বরূপানন্দেন তুষ্টো বাহ্যবিষয়নিরপেক্ষো যদা ভবতি তদায়ং স্থিতপ্রজ্ঞ ইত্যুচ্যতে ॥ ৫৫ ॥

বিশ্বনাথ।—চতুর্ণাং প্রশ্নানাং ক্রমেণোত্তরমাহ প্রজহাতীতি যাবদধ্যায়সমাপ্তি। সর্ব্বানিতি কস্মিন্নপ্যর্থে যস্য কিঞ্চিন্মাত্রোঽপি নাভিলাষ ইত্যর্থঃ। মনোগতানিতি কামানাম-নাত্মধর্ম্মত্বেন পরিত্যাগে যোগ্যতা দর্শিতা। যদি তে হ্যাত্মধর্ম্মাঃ স্যুস্তদা তাংস্ত্যক্তুমশক্যেরন বহ্নেরৌষ্ণ্যবদিতি ভাবঃ। অত্র হেতুঃ আত্মনি প্রত্যাহৃতে মনসি প্রাপ্তো য আত্মা আনন্দরূপস্তেন তুষ্টঃ। তথাচ শ্রুতিঃ, "যদা সর্ব্বে প্রমুচ্যন্তে কামা যস্য হৃদি স্থিতাঃ। অথ মর্ত্ত্যো ভবত্যত্র বৃতো ব্রহ্ম সমশ্নুতে" ইতি ॥ ৫৫ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুন কৃত প্রশ্নের উত্তরস্বরূপে শ্রীভগবান্ এই স্থান হইতে অধ্যায় সমাপ্তি পর্য্যন্ত বিভিন্নভাবে স্থিতপ্রজ্ঞের লক্ষণ নির্দ্দেশ করিতেছেন। সঙ্কল্পাদি মনোবৃত্তিবিশেষের নাম কাম; শাস্ত্রান্তরে প্রমাণ, বিপর্য্যয়, বিকল্প, নিদ্রা, স্মৃতি* ভেদে কাম পঞ্চবিধ বলিয়া উক্ত হইয়াছে।

* বৃত্তয়ঃ পঞ্চতয্যঃ ॥ ৫ ॥ যেরূপ ছাঁচের উপর কোন দ্রবীভূত ধাতু ঢালিয়া দিলে তাহা ছাঁচের ঠিক অনুরূপ আকার গ্রহণ করে, সেইরূপ রূপ রসাদি বাহ্য বিষয়ের সংযোগে জীবের অন্তঃকরণের যে পরিণাম বিশেষ হয়, বা অন্তঃকরণ সেই সংযুক্ত বিষয়ের যে আকারে ঠিক পরিণত হয়, তাহাই সাধারণতঃ পরিণাম জ্ঞান বলিয়া উল্লিখিত হয়; পরন্তু যোগশাস্ত্রে তাহাই "বৃত্তি" বলিয়া অভিহিত হয়। সেই মনোবৃত্তি প্রধানতঃ পাঁচ ভাগে বিভক্ত। যথা; প্রমাণ বিপ-র্য্যয় বিকল্প নিদ্রা স্মৃতয়ঃ ॥৬॥ প্রমাণ বৃত্তি, বিপর্য্যয় বৃত্তি, বিকল্পবৃত্তি, নিদ্রা বৃত্তি, এবং স্মৃতি বৃত্তি। তন্মধ্যে প্রমাণ বৃত্তি যথা; প্রত্যক্ষানুমানাগমাঃ প্রমাণানি ॥ ৭ ॥ প্রত্যক্ষ, অনুমান্ ও আগম ত্রিবিধ প্রমাণ বৃত্তি (৩০৭—৩১০।) বিপর্য্যয়। যথা; বিপর্য্যয়ো মিথ্যাজ্ঞানমতদ্রূপপ্রতিষ্ঠিতম্ ॥৮॥ যাহার যাহা পারমার্থিক রূপ, তাহাই তাহার "তদ্রূপ"। যাহা তদ্রূপে থাকে না তাহারই নাম "অতদ্রূপ প্রতিষ্ঠিত"। (যস্য যং পারমার্থিকং রূপং তস্মিন্ ন প্রতিতিষ্ঠতীতি অতদ্রূপপ্রতিষ্ঠিতম্) অতদ্রূপ প্রতিষ্ঠিত এমন যে মিথ্যাজ্ঞান তাহার নাম "বিপর্য্যয়"। অর্থাৎ যাহা বাস্তবিক যে পদার্থ নহে, তাহাকে সেই পদার্থ বলিয়া যে মিথ্যাজ্ঞান সমুদ্ভূত হয়, তাহার নাম "বিপর্য্যয়";

সাধক এই কাম সমূহকে যখন সম্পূর্ণরূপ নিরবশেষভাবে পরিত্যাগ করিয়া সর্ব্বমনোবৃত্তি-বিহীন হন, তখনই তাঁহাকে স্থিতপ্রজ্ঞ বলা যায়। কামনা কখনই আত্মার ধর্ম্ম নহে, তাহা মনেরই ধর্ম্ম, সুতরাং তাহা পরিত্যাগেরই যোগ্য। যদি কাম আত্মার ধর্ম্ম হইত, তাহা হইলে কখনই পরিত্যাগ করা যাইত না। অগ্নির উষ্ণতা স্বাভাবিক, সুতরাং অপরিহার্য্য। কামনাসমূহ তদ্রূপ আত্মার স্বাভাবিক ধর্ম্ম হইলে অবশ্যই অপরিহার্য্য হইত। তাহা মনেরই ধর্ম্ম, সুতরাং তাহা বর্জ্জন করিলে সহজেই বর্জ্জন করিতে পারা যায়। কিন্তু সর্ব্বকামনা পরিত্যক্ত স্থিতপ্রজ্ঞ মহাপুরুষের বদনমণ্ডল নিরন্তর

যেরূপ রজ্জু সর্প, বারি মরীচিকা, শুক্তি রজত প্রভৃতি। এই বিপর্য্যয়েরই নামান্তর ভ্রম, অধ্যাস প্রভৃতি। বিপর্য্যয় বৃত্তি প্রমাণ বৃত্তির ঠিক বিপরীত বৃত্তি বিশেষ। বিকল্প যথা; শব্দজ্ঞানানুপাতী বস্তুশূন্যো বিকল্পঃ ॥ ৯ ॥ বস্তু শূন্য অর্থাৎ বস্তু নাই অথচ শব্দজন্য যে একরূপ মনের বৃত্তি জন্মায়, সেই মনোবৃত্তির নাম "বিকল্প"; যেরূপ কাক-দন্ত, কূর্ম্মরোম, অশ্বডিম্ব, আকাশ-কুসুম, নরবিষাণ, শশশৃঙ্গ প্রভৃতি। বাস্তবিক কাকদন্তাদি কোন বস্তু না থাকিলেও কেবল শব্দজন্য যে একরূপ মনোবৃত্তি সমুদ্ভূত হয়, তাহারই নাম "বিকল্প"। পূর্ব্বোক্ত বিপর্য্যয়ের বাধ হইতে পারে, কিন্তু বিকল্পের বাধ হইতে পারে না, সুতরাং বিকল্প বিপর্য্যয় হইতে ভিন্ন। নিদ্রা। যথা; অভাব প্রত্যয়ালম্বনা বৃত্তির্নিদ্রা ॥ ১০ ॥ (কার্য্যং প্রতি অয়তে গচ্ছতীতি প্রত্যয়ঃ কারণম্। অভাবে জাগ্রৎস্বপ্নবৃত্তীনাং প্রাবল্যে কারণং তমঃ, তদেব আলম্বনং বিষয়ো যস্যাঃ সা তথোক্তা বৃত্তির্নিদ্রেত্যুচ্যতে।) প্রত্যয় শব্দের অর্থ কারণ; জাগ্রৎ ও স্বপ্নবৃত্তির অভাবে অর্থাৎ প্রকৃষ্টরূপ লয়াবস্থার কারণ (প্রত্যয়) কে?—না তমঃ (গুণ)। সেই তমঃ যে বৃত্তির আলম্বন অর্থাৎ বিষয় সেই মনোবৃত্তির নাম "নিদ্রা"। মন নিদ্রাবস্থায় তমঃ বা অজ্ঞানকেই বিষয় করে, অর্থাৎ নিদ্রাবস্থায় মন অজ্ঞানাকারে আকারিত হয়, কারণ নিদ্রোত্থিত ব্যক্তি বলে যে, "আমি ঘুমাইয়াছিলাম, কিছুই জানিতে পারি নাই।" তমোগুণ প্রকাশাত্মক সত্ত্বগুণের আবরক বলিয়া নিদ্রাবস্থায় অজ্ঞান ব্যতিরিক্ত কোনরূপ বিষয়ের জ্ঞান হয় না। স্মৃতি। যথা; অনুভূত বিষয়াসম্প্রমোষঃ স্মৃতিঃ ॥ ১১ ॥ যে বিষয় একবার অনুভব করা হইয়াছে, তাহার যে অসম্প্রমোষ (অস্তের চুরি না করা) অর্থাৎ সংস্কার দ্বারা যে বুদ্ধিতে উপস্থিতি তাহার নাম "স্মৃতি"। যেরূপ "সেই আমার মা," "আহা সেই মধুর সঙ্গীত" ইত্যাদি। অর্থাৎ জাগ্রদবস্থায় যে সমস্ত বিষয় অনুভব করা যায়, মনে তাহার সংস্কার বা শক্তি বিশেষ আবদ্ধ থাকে। উদ্বোধক উপস্থিত হইলেই সেই সংস্কার প্রবল হইয়া সেই পূর্ব্বানুভূত বিষয়ের স্বরূপ পুনরায় মনে উদিত করিয়া দেয়। এই পূর্ব্বানুভূত বিষয়ের পুনরুদিত মনোবৃত্তি বিশেষের নামই স্মৃতি। হস্তিপক (মাহুত) দর্শন হস্তিদর্শনের উদ্বোধক, অর্থাৎ পূর্ব্ব দৃষ্ট হস্তির যে সংস্কার চিত্তে আবদ্ধ থাকে, হস্তি না থাকিলেও কেবল মাত্র মাহুৎকে দেখিয়াই সেই সংস্কার প্রবল হইয়া পূর্ব্বদৃষ্ট সেই হস্তীর স্বরূপ চিত্তে পুনরুদিত করিয়া দেয়; হস্তিবিষয়ক এই প্রকার সমুদিত মনোবৃত্তির নামই হস্তি স্মৃতি। সুষুপ্তকালীন (নিদ্রাকালীন) অজ্ঞানের অনুভবও এই স্মৃতির সাহায্যেই হইয়া থাকে, কারণ পূর্ব্বে অর্থাৎ সুষুপ্ত অবস্থায় অজ্ঞান অনুভূত না হইলে জাগ্রদবস্থায় তাহার স্মৃতি হইত না।

[পাতঞ্জল দর্শন—সমাধিপাদ]—শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী।

পরমানন্দে সমুল্লাসিত বলিয়া প্রতীত হয়। তিনি সর্ব্বকামনা পরিশূন্য হইলে কখনই এরূপ সম্ভব হয় না; এই আশঙ্কার উত্তর স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন, যাঁহার পরমাত্মজ্ঞান হইয়াছে, তিনিই পরম পুরুষার্থ লাভের অধিকারী হইয়াছেন। পরমার্থ দর্শনামৃত উপভোগ জনিত পরমানন্দে তিনি নিরন্তর আত্মারাম। পরিত্যক্ত পুত্র-কলত্র-বিত্তাদি-বাহ্য সুখ সাধক যাবতীয় পদার্থই তদীয় অলৌকিক প্রসন্নতার তুলনায় নিরতিশয় তুচ্ছ। শ্রুতি বলিয়াছেন, "যখন হৃদয়স্থিত সকল কামনা বিমুক্ত হয়, তখন পুরুষ মর্ত্ত্যধামে অমরত্ব লাভ করিয়া ব্রহ্মকে উপভোগ করে।" এইরূপ লক্ষণাক্রান্ত মহাত্মাকেই সমাধিস্থ স্থিতপ্রজ্ঞ বলা যায়। এতদ্দ্বারা অর্জ্জুনের প্রথম প্রশ্নের উত্তর প্রদত্ত হইল॥ ৫৫॥

——•:*:•——

দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীর্মুনিরুচ্যতে॥ ৫৬॥

অন্বয়।—দুঃখেষু (আধ্যাত্মিকাদিষু দুঃখত্রয়েষু) অনুদ্বিগ্নমনাঃ (অক্ষুভিতচিত্তঃ) সুখেষু (সুখসাধকবস্তুষু প্রাপ্তেষু) বিগতস্পৃহঃ (তৃষ্ণাদিরহিতঃ) বীতরাগভয়ক্রোধঃ (বিগতপ্রীতিভীতিকোপঃ) মুনিঃ (সংন্যাসী) স্থিতধীঃ (স্থিতপ্রজ্ঞঃ) উচ্যতে॥ ৫৬॥

প্রতিশব্দ।—দুঃখসমূহে অনাকুলিত চিত্ত সুখ-সমূহে আকাঙ্ক্ষা-শূন্য প্রীতি-ভীতি-কোপ বিরহিত সন্ন্যাসী স্থিতপ্রজ্ঞ কথিত হন॥ ৫৬॥

ব্যাখ্যা।—সাংসারিক দুঃখসমূহ যাহার প্রশান্ত হৃদয়কে বিচলিত করিতে পারে না, সুখবিধায়ক বস্তু লাভার্থ যাহার চিত্ত আকাঙ্ক্ষায় উত্তেজিত হয় না এবং যিনি আসক্তি ভীতি ও ক্রোধকে হৃদয় হইতে নির্ব্বাসিত করিয়াছেন, তাদৃশ সন্ন্যাসীকে স্থিতপ্রজ্ঞ বলে॥ ৫৬॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ দুঃখেষ্বিতি। দুঃখেষ্বাধ্যাত্মিকাদিষু প্রাপ্তেষু নোদ্বিগ্নং ন প্রক্ষুভিতং দুঃখপ্রাপ্তৌ মনো যস্য সোঽয়মনুদ্বিগ্নমনাঃ তথা সুখেষু প্রাপ্তেষু বিগতা স্পৃহা তৃষ্ণা যস্য নাগ্নিরিবেন্ধনাদ্যাধানে সুখান্যনুবর্দ্ধতে স বিগতস্পৃহঃ বীতরাগভয়ক্রোধঃ রাগশ্চ ভয়ঞ্চ ক্রোধশ্চ

রাগভয়ক্রোধাঃ, বীতা বিগতা রাগভয়ক্রোধাঃ যস্মাৎ স বীতরাগভয়ক্রোধঃ স্থিতধীঃ স্থিতপ্রজ্ঞো মুনিঃ সংন্যাসী তদোচ্যতে ॥ ৫৬ ॥

আনন্দগিরি।—লক্ষণভেদানুবাদদ্বারা বিবিদিষোরেব কর্ত্তব্যান্তরমুপদিশতি কিঞ্চেতি। জ্বরশিরোরোগাদিকৃতানি দুঃখান্যাধ্যাত্মিকানি আদিশব্দেনাধিভৌতিকানি ব্যাঘ্রসর্পাদিপ্রযুক্তান্যাধিদৈবিকানি চাতিবাতবর্ষাদিনিমিত্তানি দুঃখানি গৃহ্যন্তে, তেষুপলব্ধেষপি নোদ্বিগ্নং মনো যস্য স তথেতি সম্বন্ধঃ। নোদ্বিগ্নমিত্যেতদ্ব্যাচষ্টে ন প্রক্ষুভিতমিতি। দুঃখানামুক্তানাং প্রাপ্তৌ পরিহারাক্ষমস্য তদনুভবপরিভাবিতং দুঃখমুদ্বেগস্তেন সহিতং মনো যস্য ন ভবতি স তথেত্যাহ দুঃখপ্রাপ্তাবিতি। মনো যস্য নোদ্বিগ্নমিত পূর্ব্বেণ সম্বন্ধঃ সুখান্যপি দুঃখবৎ ত্রিবিধানীতি মত্বা তথেত্যুক্তং তেষু প্রাপ্তেষু সৎসু তেভ্যো বিগতাস্পৃহা তৃষ্ণা যস্য স বিগতস্পৃহ ইতি যোজনা। অজ্ঞস্য হি প্রাপ্তানি সুখান্যনু বিবর্দ্ধতে তৃষ্ণা. বিদুষস্তু নৈবমিত্যত্র বৈধর্ম্ম্যদৃষ্টান্তমাহ নাগ্নিরিবেতি। যথা হি দাহ্যস্যেন্ধনাদেরগ্ন্যাধানে বহ্নির্বিবর্দ্ধতে, যথাজ্ঞস্য সুখান্যুপগতান্যনু বিবর্দ্ধমানাপি তৃষ্ণা, বিদুষো ন তান্যনু বিবর্দ্ধতে, ন হি বহ্নিরদাহ্যমুপগতমপি দগ্ধুং বিবৃদ্ধিমধিগচ্ছতি তেন বিজ্ঞানুভবাৎ সুখদুঃখয়োস্তুষ্ণ্যাবেগৌ ন কর্ত্তব্যাবিত্যর্থঃ। রাগাদয়স্তু তেন কর্ত্তব্যা ন ভবন্তীত্যাহ বীতেতি। অত্যুত্তাভিনিবেশে বিষয়েষু রঞ্জনাত্মকতৃষ্ণাভেদো রাগঃ, পরেণাপকৃতস্য গাত্রনেত্রাদিবিকারকারণং ভয়ং, ক্রোধস্ত পরবশীকৃত্যাত্মানং স্বপরাপকারপ্রবৃত্তিহেতুর্বুদ্ধিবৃত্তিবিশেষঃ। মনুতে ইতি মুনিরাত্মবিদিত্যঙ্গীকৃত্যাহ সংন্যাসীতি। সুখদুঃখাদিবিষয়তৃষ্ণাদেরাগাদেশ্চাভাবাং বস্থা তদেত্যুচ্যতে ॥ ৫৬ ॥

রামানুজ।—অনন্তরং জ্ঞাননিষ্ঠস্য ততোঽর্ব্বাচীনা অদূরবিপ্রকৃষ্টাবস্থোচ্যতে দুঃখেষ্বিতি। প্রিয়বিশ্লেষাদিদুঃখনিমিত্তেষুপস্থিতেষনুদ্বিগ্নমনাঃ ন দুঃখী ভবতি। সুখেষু বিগতস্পৃহঃ প্রিয়েষু সন্নিহিতেষপি নিস্পৃহঃ, বীতরাগভয়ক্রোধ অনাগতেষু স্পৃহা রাগস্তদ্রহিতঃ প্রিয়বিশ্লেষাপ্রিয়াগমনহেতুঃ দর্শন নিমিত্তং দুঃখং ভয়ং তদ্রহিতঃ, প্রিয়বিশ্লেষাপ্রিয়াগমন হেতুভূত চেতনান্তরগত দুঃখ হেতুঃ স্বমনোবিকারঃ ক্রোধস্তদ্রহিতঃ এবংভূতো মুনিরাত্মমননশীলঃ স্থিতপ্রজ্ঞ উচ্যতে ॥ ৫৬ ॥

হনুমান্।—কিঞ্চ দুঃখেষ্বিতি। দুঃখেষ্বাধ্যাত্মিকাদিষু অনুদ্বিগ্নমপ্রক্ষুভিতং মনো যস্য সোঽনুদ্বিগ্নমনাঃ, তথা সুখেষু প্রাপ্তেষু বিগতা স্পৃহা তৃষ্ণা যস্য নাগ্নেরিবেন্ধনাদ্যাধানেন সুখান্যনুবর্দ্ধতে স বিগতস্পৃহঃ বীতরাগভয়ক্রোধঃ রাগশ্চ ভয়ঞ্চ ক্রোধশ্চ বিগতা যস্মাৎ স বীতরাগভয়ক্রোধঃ স্থিতপ্রজ্ঞঃ মুনির্মননশীলস্তদোচ্যতে ॥ ৫৬ ॥

শ্রীধর।—কিঞ্চ দুঃখেষ্বিতি। দুঃখেষু প্রাপ্তেষপি অনুদ্বিগ্নমক্ষুভিতং মনো যস্য সঃ সুখেষু বিগতা স্পৃহা যস্য সঃ। তত্র হেতুর্বীতা অপগতা রাগভয়ক্রোধা যস্মাৎ, স এবম্ভূতঃ স্থিতধীঃ, স মুনিঃ স্থিতধীরুচ্যতে ॥ ৫৬ ॥

বলদেব।—অথ যুধিষ্ঠিরং স্থিতপ্রজ্ঞঃ কিং ভাষেতেত্যস্যোত্তরমাহ দুঃখেষ্বিতি আধ্যাত্মিকাধিদৈবিকাধিভৌতিকাদিষু দুঃখেষু সমুত্থিতেষু সৎসু অনুদ্বিগ্নমনাঃ প্রারব্ধফলান্যমূনি অবশ্যভোক্তব্যানি

ভোক্তব্যানীতি কেনচিৎ পৃষ্টঃ স্বগতং বা ব্রুবন্ তেভ্যো নোদ্বিজত ইত্যর্থঃ। সুখেষু চোত্তমাহারসৎকারাদিনা সমুপস্থিতেষু বিগতস্পৃহস্তৃষ্ণাশূন্যঃ প্রারব্ধাকৃষ্টান্যমূনি ময়াবশ্যং ভোক্তব্যানীতি কেনচিৎ পৃষ্টঃ স্বগতং বা ব্রুবন্ তৈরুপস্থিতৈঃ প্রহৃষ্টমুখো ন ভবতীত্যর্থঃ। বীতেতি বীতরাগঃ কমনীয়েষু প্রীতিশূন্যঃ, বীতভয়ঃ বিষয়াপহর্তৃষু প্রাপ্তেষু দুর্ব্বলস্য মমৈতানি ধর্ম্মোর্ত্তা হরন্তু ইতি দৈন্যশূন্যঃ। বীতক্রোধঃ তেষ্বেব প্রবলস্য মমৈতানি তুচ্ছৈর্ব্বরাকৈঃ কথমপহর্ত্তব্যানীতি ক্রোধশূন্যশ্চ। এবংবিধো মুনিরাত্মমননশীলঃ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। ইত্থং স্বানুভূতং পরান্ প্রতি স্বগতং বা বদন্নুদ্বেগো নিঃস্পৃহত্বাদিবচঃ প্রভাষেত ইত্যুত্তরম্॥ ৫৬॥

মধুসূদন।—ইদানীং ব্যুত্থিতচিত্তস্য স্থিতপ্রজ্ঞস্য ভাষণোপবেশনগমনানি মূঢ়জনবিলক্ষণানি, ব্যাখ্যেয়ানি তত্র কিং প্রভাষেতেত্যস্যোত্তরমাহ দ্বাভ্যাং দুঃখেষ্বিতি। দুঃখানি ত্রিবিধানি শোকমোহজ্বরশিরোরোগাদিনিমিত্তান্যাধ্যাত্মিকানি, ব্যাঘ্রসর্পাদিপ্রযুক্তান্যাধিভৌতিকানি, অতিবাতাতিবৃষ্ট্যাদিহেতুকান্যাধিদৈবিকানি, তেষু দুঃখেষু রজঃপরিণামসন্তাপাত্মকচিত্তবৃত্তিবিশেষেষু প্রারব্ধপাপকর্ম্মপ্রাপিতেষু নোদ্বিগ্নং দুঃখপরিহারাক্ষমতয়া ব্যাকুলং ন ভবতি মনো যস্য সোহনুদ্বিগ্নমনাঃ, অবিবেকিনো হি দুঃখপ্রাপ্তৌ সত্যামহো পাপোহহং ধিঙ্ মাং দুরাত্মানমেতাদৃশদুঃখভাগিনং কো মে দুঃখমীদৃশং নিরাকুর্য্যাদিত্যনুতাপাত্মকো ভ্রান্তিরূপস্তামসশ্চিত্তবৃত্তিবিশেষ উদ্বেগাখ্যো জায়তে, যদ্যয়ং পাপানুষ্ঠানসময়ে স্যাৎ তদা তৎপ্রবৃত্তিপ্রতিবন্ধকত্বেন সফলঃ স্যাৎ, ভোগকালে তু ভবেৎ কারণে সতি কার্য্যস্যোচ্ছেত্তুমশক্যত্বান্নিষ্প্রয়োজনে দুঃখকারণে সত্যপি কিমিতি মম দুঃখং জায়তে ইতি অবিবেকভ্রমরূপত্বান্ন বিবেকিনঃ স্থিতপ্রজ্ঞস্য সম্ভবতি, দুঃখমাত্রং হি প্রারব্ধকর্ম্মণা প্রাপ্যতে নতু তদুপরিকালীনো ভ্রমোহপি। নন্বু দুঃখানন্তরং সোহপি প্রারব্ধকর্ম্মান্তরেণ প্রাপ্যতামিতি চেৎ ন স্থিতপ্রজ্ঞস্য ভ্রমোপাদানাজ্ঞাননাশেন ভ্রমাসম্ভবাৎ তদজ্ঞানানুবৃত্তৌ স্থিতপ্রজ্ঞত্বাভাবাৎ। যথা কথঞ্চিদ্দেহযাত্রামাত্রনির্ব্বাহকপ্রারব্ধকর্ম্মফলস্য ভ্রমাভাবেহপি বাধিতানুবৃত্ত্যোপপত্তেরিতি বিস্তরেণাগ্রে বক্ষ্যতে। তথা সুখেষু সত্ত্বপরিণামরূপপ্রীত্যাত্মকচিত্তবৃত্তিবিশেষেষু ত্রিবিধেষু প্রারব্ধপুণ্যকর্ম্মপ্রাপিতেষু বিগতস্পৃহঃ আগামিতজ্জাতীয়সুখস্পৃহারহিতঃ। স্পৃহা হি নাম সুখানুভবকালে তজ্জাতীয়সুখস্য কারণং ধর্ম্মমননুষ্ঠায় বৃথৈব তদাকাঙ্ক্ষারূপা তৃষ্ণা তামসী চিত্তবৃত্তিভ্রান্তিরেব, সা চাবিবেকিন এব জায়তে, ন হি কারণাভাবে কার্য্যং ভবিতুমর্হতি. অতো যথা সতি কারণে কার্য্যং মাভূদিতি বৃথাকাঙ্ক্ষারূপ উদ্বেগো বিবেকিনো ন সম্ভবতি, তথৈবাসতি কারণে কার্য্যং ভূয়াদিতি বৃথাকাঙ্ক্ষারূপা তৃষ্ণাত্মিকা স্পৃহাপি নোপপদ্যতে প্রারব্ধকর্ম্মণঃ সুখমাত্রপ্রাপকত্বাৎ, তৃষ্ণাত্মিকা বা চিত্তবৃত্তিঃ স্পৃহাশব্দেনোক্তা, সাপি ভ্রান্তিরেবাজ্ঞানকার্য্যা, যথা মমেদৃশং সুখমুপস্থিতং, কো বা ময়া তুল্যোহস্তি ভুবনে, কেন বোপায়েন মমেদৃশং সুখং ন বিচ্ছিদ্যেত ইত্যেবমাত্মিকোৎফুল্লতারূপা তামসী চিত্তবৃত্তিঃ, অতএবোক্তং ভাষ্যে "নাগ্নিরিবেন্ধনাধ্যাধানে যঃ সুখান্যনুবিবর্দ্ধতে, স বিগতস্পৃহঃ" ইতি। বক্ষ্যতি চ "ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্" ইতি। সাপি ন বিবেকিনঃ সম্ভবতি

প্রাপ্তিত্বাৎ, তথা বীতরাগভয়ক্রোধঃ রাগঃ শোভনাধ্যাসনিবন্ধনো বিষয়েষু রঞ্জনাত্মকচিত্তবৃত্তিবিশেষোৎপত্ত্যাভিনিবেশরূপঃ রাগবিষয়ো যস্য বিনাশকে সমুপস্থিতে তন্নিবারণাসামর্থ্যমাত্মনো মন্যমানস্য বৈক্লব্যাত্মকশ্চিত্তবৃত্তিবিশেষো ভয়ং, এবং রাগবিষয়বিনাশকে সমুপস্থিতে তন্নিবারণসামর্থ্যমাত্মনো মন্যমানস্যাভিজ্বলনাত্মকশ্চিত্তবৃত্তিবিশেষঃ ক্রোধঃ, তে সর্ব্বে বিপর্য্যয়রূপত্বাৎ বিগতা যস্মাৎ স তথা, এতাদৃশো মুনির্মননশীলঃ সন্ন্যাসী স্থিতপ্রজ্ঞ উচ্যতে এবং লক্ষণঃ স্থিতধীঃ স্বানুভবপ্রকটেন শিষ্যশিক্ষার্থমনুদ্বেগনিস্পৃহত্বাদিবাচঃ প্রভাষতে ইত্যন্বয় উক্তঃ। এবঞ্চান্যোঽপি মুমুক্ষুর্দুঃখেনোদ্বিজেৎ, সুখেন প্রহৃষ্যেৎ রাগভয়ক্রোধরহিতশ্চ ভবেদিত্যভিপ্রায়ঃ॥ ৫৬॥

নীলকণ্ঠ।—দুঃখেষু শস্ত্রপাতাদিষু দুঃখসাধনেষু প্রাপ্তেষপ্যনুদ্বিগ্নমনা অচঞ্চলমনাঃ, বক্ষ্যতি চ, "যস্মিন্ স্থিতো ন দুঃখেন গুরুণাপি বিচাল্যতে" ইতি, সুখসাধনেষু স্রক্‌চন্দনাদিষু প্রাপ্তেষপি বিগতস্পৃহো নির্বৃত্তিমাত্রবতি, অতএব বীতাঃ রাগভয়ক্রোধা যস্মাৎ স তথা, ন হি তস্যামবস্থায়াং রাগাদয়ো দুঃখাদয়ো বা সম্ভবন্তি, এবংবিধঃ সমাধিস্থঃ স্থিতধীঃ স্থিতপ্রজ্ঞ উচ্যতে॥ ৫৬॥

বিশ্বনাথ।—কিং প্রভাষেতেত্যস্য উত্তরমাহ দুঃখেষ্বিতি দ্বাভ্যাম্। দুঃখেষু ক্ষুৎপিপাসাজ্বরশিরোরোগাদিষ্বাধ্যাত্মিকেষু, সর্পব্যাঘ্রাদ্যুত্থিতেষ্বাধিভৌতিকেষু, অতিবাতবৃষ্ট্যাদ্যুত্থিতেষ্বাধিদৈবিকেষু, উপস্থিতেষ্বনুদ্বিগ্নমনাঃ প্রারব্ধং দুঃখমিদং ময়াবশ্যং ভোক্তব্যমিতি স্বগতং কেনচিৎ পৃষ্টঃ সন্ স্পষ্টঞ্চ ব্রুবন্ ন দুঃখে উদ্বিজতে ইত্যর্থঃ। তস্য তাদৃশমুখবিক্রিয়াভাব এবানুদ্বেগলিঙ্গং সুধিয়া গম্যম্। কৃত্রিমানুদ্বেগলিঙ্গবাংস্তু কপটী সুধিয়া পরিচিতো ভ্রষ্ট এবোচ্যতে ইতি ভাবঃ। এবং সুখেষ্বপ্যুপস্থিতেষু বিগতস্পৃহ ইতি প্রারব্ধমিদমবশ্যভোগ্যমিতি স্বগতং স্পষ্টঞ্চ ব্রুবাণস্য তস্য সুখস্পৃহারাহিত্যলিঙ্গং সুধিয়া গম্যমে বেতিভাবঃ। তত্তল্লিঙ্গমেব স্পষ্টীকৃত্য দর্শয়তি। বীতো বিগতো রাগোঽনুরাগঃ সুখেষু বীতং ভয়ং স্বভোক্তৃত্বো ব্যাঘ্রাদিভ্যঃ বীতঃ ক্রোধঃ স্বহন্তৃষু বন্ধুজনেষু যস্য সঃ। বধেষাদিতরতস্য যেষ্যাঃ পার্শ্বং প্রাপিতস্য স্বচ্ছেদচিকীর্ষোর্বলবত্ত্বাৎ ন ভয়ং নাপি তত্র ক্রোধোঽভূতিদি॥ ৫৬॥

তাৎপর্য্য।—এক্ষণে শ্রীভগবান্ ব্যুত্থিত স্থিতপ্রজ্ঞের প্রসঙ্গ অবতারিত করিতেছেন। ভাষণ, উপবেশন এবং গমনাগমন সমাধিস্থ যোগীর পক্ষে কখনই সম্ভবপর নহে, তাঁহার ব্যুত্থিত দশাতেই এ সকল ঘটিতে পারে. সুতরাং ব্যুত্থিতযোগীর এই সকল কার্য্য বিষয়ক বিবরণ এক্ষণে বক্তব্য। এই শ্লোক এবং ইহার পরিবর্ত্তী শ্লোকে তাহাই বিবৃত হইতেছে।

দুঃখ ত্রিবিধ (১৭৫ পৃষ্ঠা দেখ), শোক-মোহাদি জন্য মানসিক এবং জ্বর-শিরোরোগাদি জন্য শারীরিক বিকারকে আধ্যাত্মিক দুঃখ বলে, ব্যাঘ্র-সর্পাদি প্রযুক্ত দুঃখকে আধিভৌতিক বলে। এবং অতিবাতাদি

অতিবৃষ্ট্যাদি হেতুক দুঃখকে আধিদৈবিক বলে। রজোগুণের পরিণাম স্বরূপ সন্তাপপ্রদ দুঃখসমূহ কেবল চিত্তবৃত্তি বিশেষ মাত্র। যাঁহারা জ্ঞানী, তাঁহারা সম্যগ্‌রূপে অবগত আছেন যে, প্রারব্ধ পাপ কর্ম্মের ফল স্বরূপে এই দুঃখের ভার মনুষ্যকে বহন করিতে হয়। ইহা পরিহার করিবার ক্ষমতা নাই জানিয়া, তাঁহারা কখনই তজ্জন্য ব্যাকুল বা উদ্বিগ্ন হন না। যাহারা অবিবেকী তাহারা দুঃখ উপস্থিত হইলে, আপনাকে দুঃখভাগী জানিয়া, শত শত ধিক্কার প্রদান করিয়া থাকে এবং কে আমার এই দুঃখ নিরাকৃত করিবে ইত্যাদি ভ্রান্তির বশবর্ত্তী হইয়া, উদ্বেগরূপ তামস চিত্ত-বৃত্তির অধীন হয়। বিবেকিগণ মনে করেন, যদি পাপানুষ্ঠানকালে এতাদৃশ চিন্তা উপস্থিত হইত, তাহা হইলে সেই পাপ প্রবৃত্তির প্রতিবন্ধক হইত। কিন্তু যথাসময়ে অনুতাপ উপস্থিত না হইয়া, অধুনা সেই অনুষ্ঠিত পাপের পরিণাম স্বরূপ দুঃখভোগকালে কৃত কার্য্যের উচ্ছেদ সম্পূর্ণ অসম্ভব; সুতরাং অবিবেক নিবন্ধন ভ্রমাত্মক উদ্বেগ সর্ব্বথা নিষ্প্রয়োজন। দুঃখমাত্রই প্রারব্ধ কর্ম্মের ফল স্বরূপে উপস্থিত হইয়া থাকে। স্থিতপ্রজ্ঞ যোগী ভ্রমের উপাদান-স্বরূপ অজ্ঞাননাশ-হেতু ভ্রান্তি-সম্ভাবনা-বিরহিত; সুতরাং তজ্জন্য দুঃখ-বিধায়ক প্রারব্ধ-পরিশূন্য। সত্ত্বগুণের পরিণাম স্বরূপ প্রীতিপ্রদ চিত্ত-বৃত্তি-বিশেষকে সুখ বলে, তাহাও ত্রিবিধ। দুঃখ যেমন প্রারব্ধ পাপ কর্ম্মের পরিণাম, সুখও সেইরূপ প্রারব্ধ পুণ্য কর্ম্মের পরিণাম। যোগিগণ সুখ-বিষয়ে স্পৃহা রহিত। সুখ ভোগকালে তজ্জাতীয় সুখ-প্রাপ্তির আকাঙ্ক্ষায় অবিবেকিগণের হৃদয়ে ধর্ম্মানুষ্ঠানে ব্যাপৃত হইবার নিমিত্ত তৃষ্ণা বা স্পৃহা-রূপা তামসী চিত্তবৃত্তির উদ্ভব হয়। কিন্তু বিবেকিগণের হৃদয়ে এতাদৃশী বৃথাকাঙ্ক্ষারূপা তৃষ্ণাত্মিকা স্পৃহা কখনই স্থান পায় না। অহো আমি ধন্য, আমার এইরূপ অসুলভ সুখ উপস্থিত হইয়াছে, ত্রিভুবনে আমার সমান আর কে আছে, ইত্যাকারা আত্মোৎফুল্লতারূপা তামসী চিত্তবৃত্তি কেবল ভ্রান্তিময়ী। এ সকল প্রদীপ্ত পাবকে ইন্ধন সংযোগের ন্যায়, ক্রমশঃ সুখেচ্ছার পরিবর্দ্ধন করে মাত্র। যোগী ব্যক্তি এতাদৃশ সুখ-স্পৃহা-পরিশূন্য। শাস্ত্রে উক্ত হইয়াছে "প্রিয়-প্রাপ্তি-জনিত হর্ষ বিরহিত এবং অপ্রিয়-প্রাপ্তি জনিত উদ্বেগ-শূন্য।" যোগী পুরুষ রাগ ভয় বা ক্রোধেরও বশীভূত নহেন। বিষয় বিশেষে রঞ্জনাত্মক চিত্তবৃত্তি জনিত যে অভিনিবেশ তাহারই নাম

রাগ। রাগের বিষয়ীভূত বস্তুর বিনাশকাল উপস্থিত হইলে তন্নিবারণে আপনার অক্ষমতা-বোধ-জনিত যে দীনতাপূর্ণ চিত্তবৃত্তির উদয় হয় তাহার নাম ভয়, এবং সেই রাগের বিষয়ীভূত বস্তুর বিনাশ কাল সমুপস্থিত হইলে তন্নিবারণে স্বকীয় সামর্থ্যের সদ্ভাব জ্ঞান-জনিত যে জ্বলনাত্মক চিত্তবৃত্তি বিশেষের উদ্ভব হয়, তাহাই ক্রোধ। যাঁহার রাগেরই কোন পাত্র নাই, তাঁহার ভয় বা ক্রোধ কখনই জন্মিতে পারে না। এইরূপ মননশীল সন্ন্যাসীকে স্থিতপ্রজ্ঞ বলে। এইরূপ লক্ষণাক্রান্ত স্থিতধী মহাপুরুষ, শিষ্যকে শিক্ষা-প্রদান-কালে, স্বকীয় স্বভাবসিদ্ধ ধর্ম্মানুসারে, অনুদ্বেগ অনিস্পৃহত্বাদি বিষয়ক বাক্যই বলিয়া থাকেন। অতএব হে মুমুক্ষো অর্জ্জুন! দুঃখে উদ্বিগ্ন হইও না, সুখে উৎফুল্ল হইও না, রাগ ভয় ক্রোধ বিরহিত হও, ইহাই ভগবদুক্ত এই শ্লোকের অভিপ্রায় ॥ ৫৬ ॥

যঃ সর্ব্বত্রানভিস্নেহস্তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭ ॥

অন্বয়।— যঃ (মুনিঃ) সর্ব্বত্র (পুত্রকলত্রাদিষ্বপি) অনভিস্নেহঃ (স্নেহরহিতঃ) তত্তৎ শুভাশুভম্, (শুভমনুকূলং, অশুভং প্রতিকূলম্) প্রাপ্য (দৃষ্ট্বা, লব্ধ্বা) ন অভিনন্দতি (প্রশংসতি) ন দ্বেষ্টি (নিন্দতি) তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা (ফলপর্য্যবসায়িনী) ॥ ৫৭ ॥

প্রতিশব্দ।—যিনি সকল-বস্তুতে স্নেহবিহীন সেই সেই অনুকূল-প্রতিকূল পাইয়া প্রশংসা করেন না, নিন্দা করেন না, তাঁহার বুদ্ধি স্থিরা ॥ ৫৭ ॥

ব্যাখ্যা।—যে মুনি দেহ, জীবন, পুত্র, মিত্রাদি সকল বিষয়ে স্নেহ বিরহিত এবং তত্তৎপদার্থ সংক্রান্ত অনুকূল ঘটনা উপস্থিত হইলে হর্ষোৎফুল্ল বা প্রতিকূল ঘটনা দর্শনে বিষাদ-ব্যাকুল হন না, তিনিই স্থিতপ্রজ্ঞ ॥ ৫৭ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ যঃ সর্ব্বত্রেতি। যো মুনিঃ সর্ব্বত্র দেহজীবিতাদিষ্বপ্যনভিস্নেহঃ স্নেহবর্জ্জিতঃ তত্তৎ প্রাপ্য শুভাশুভং তত্তচ্ছুভমশুভং বা লব্ধ্বা নাভিনন্দতি ন দ্বেষ্টি

শুভং প্রাপ্য ন তুষ্যতি ন হৃষ্যত্যশুভঞ্চ প্রাপ্য ন দ্বেষ্টি ইত্যর্থঃ তস্যৈবং হর্ষবিষাদবর্জ্জিতস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ভবতি ॥ ৫৭ ॥

আনন্দগিরি।—লক্ষণভেদানুবাদদ্বারা বিবিদিষোরেব কর্ত্তব্যান্তরমুপদিশতি কিঞ্চেতি। বিবেকবতো বিদুষো বিবেকজন্যা প্রজ্ঞা কথং প্রতিষ্ঠাং প্রতিপদ্যতামিত্যাশঙ্ক্যাহ যঃ সর্ব্বত্রেতি। নহু দেহজীবনাদৌ স্পৃহা শুভাশুভপ্রাপ্তৌ হর্ষবিষাদৌ বিদুষো বিবিদিষোশ্চাবর্জ্জনীয়ৌ ইতি প্রজ্ঞাস্থৈর্য্যাসিদ্ধিরত্রাহ যো মুনিরিতি। তত্তদিতি শোভনত্বেনাশোভনত্বেন বা প্রসিদ্ধত্বং প্রতিনির্দ্দিশ্যতে। তদেব শুভমিতি। বিষেষ্টিত্বসঙ্গাভাবঃ শুভাদিপ্রাপ্তৌ হর্ষাভাবশ্চ প্রজ্ঞাস্থৈর্য্যে কারণমিত্যাহ তস্যেতি ॥ ৫৭ ॥

রামানুজ।—ততোঽর্ব্বাচীনদশা প্রোচ্যতে যঃ ইতি। সর্ব্বত্র প্রিয়েষ্বনভিস্নেহঃ উদাসীনঃ প্রিয়সংশ্লেষবিশ্লেষরূপং শুভাশুভং প্রাপ্যাভিনন্দনদ্বেষরহিতঃ সোঽপি স্থিতপ্রজ্ঞঃ ॥ ৫৭ ॥

হনুমান্।—কিঞ্চ যঃ সর্ব্বত্রেতি। যো মুনিঃ সর্ব্বত্র স্বদেহজীবনাদিষ্বনভিস্নেহঃ অভিস্নেহবর্জ্জিতঃ তত্তৎ প্রাপ্য শুভাশুভং তত্তচ্ছুভাশুভং লব্ধা ন হৃষ্যতি ন দ্বেষ্টীত্যর্থঃ তস্যৈবং হর্ষবিষাদবর্জ্জিতস্য বিবেকজা প্রজ্ঞা যস্য স স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে, ত্যক্তপুত্রবিত্তলাভঃ সন্ন্যাসী আত্মারামঃ প্রতিষ্ঠিতঃ ॥ ৫৭ ॥

শ্রীধর।—কথং ভাষেতেত্যস্যোত্তরমাহ য ইতি। যঃ সর্ব্বত্র পুত্রমিত্রাদিষ্বপি অনভিস্নেহঃ স্নেহশূন্যঃ অতএব বাধিতানুবৃত্ত্যা তত্তচ্ছুভমনুকূলং প্রাপ্য নাভিনন্দতি ন, প্রশংসতি, অশুভং প্রতিকূলং প্রাপ্য ন দ্বেষ্টি ন নিন্দতি, কিন্তু কেবলমুদাসীন এব ভাষতে, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতেত্যর্থঃ ॥ ৫৭ ॥

বলদেব।—য ইতি। সর্ব্বেষু প্রাণিষু অনভিস্নেহ ঔপাধিকস্নেহশূন্যঃ। কারুণিকত্বাদিরুপাধিরীষৎস্নেহস্ত্বস্ত্যেব। তত্তৎ প্রসিদ্ধং শুভমুত্তমভোজনস্রক্চন্দনার্পণরূপং প্রাপ্য নাভিনন্দতি তদর্পকং প্রতি ধর্ম্মিষ্ঠত্বং চিরঞ্জীবেতি ন বদতি। অশুভমপমানং যষ্টিপ্রহারাদিকঞ্চ প্রাপ্য ন দ্বেষ্টি পাপিষ্ঠত্বং ম্রিয়স্বেতি নাভিশপতি। তস্য প্রজ্ঞেতি। স স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। অত্র স্তুতিনিন্দারূপং বচো ন ভাষত ইতি ব্যতিরেকেণ তল্লক্ষণম্ ॥ ৫৭ ॥

মধুসূদন।—কিঞ্চ যঃ সর্ব্বত্রেতি। সর্ব্বেষু দেহেষু জীবনাদিষ্বপি যো মুনিরনভিস্নেহঃ যস্মিন্ সত্যান্যদীয়ে হানিবৃদ্ধী স্বস্মিন্নারোপ্যেতে স তাদৃশোঽন্যবিষয়ঃ প্রেমাপরপর্য্যায়স্তামসো বৃত্তিবিশেষঃ স্নেহঃ সর্ব্বপ্রকারেণ তদ্রহিতোঽনভিস্নেহঃ ভগবতি পরমাত্মনি তু সর্ব্বথাভিস্নেহবান্ ভবেদেব অনাত্মস্নেহাভাবস্য তদর্থত্বাদিতি দ্রষ্টব্যম্। তত্তৎপ্রারব্ধকর্ম্মপরিপ্রাপিতং শুভং সুখহেতুং বিষয়ং প্রাপ্য নাভিনন্দতি অন্তরানুরাগপূর্ব্বকং ন প্রশংসতি, তথা প্রারব্ধকর্ম্মপ্রাপিতং অশুভং দুঃখহেতুং বিষয়ং প্রাপ্য ন দ্বেষ্টি অন্তরসূয়াপূর্ব্বকং ন নিন্দতি, অজ্ঞস্য হি সুখহেতুঃ স্বকলত্রাদিঃ স শুভো বিষয়ঃ, তদ্গুণকথনাদিপ্রবর্ত্তিকা ধীবৃত্তির্ব্বাক্যরূপাভিনন্দঃ, স চ বৃত্তিবিশেষস্তামসঃ, তদ্গুণকথনাদেঃ পরপ্ররোচনার্থত্বাভাবেন ব্যর্থত্বাৎ [illegible] দুঃখহেতুঃ পরকীয়বিদ্যোৎকর্ষাদেরেনং প্রত্যশুভো বিষয়ঃ তন্নিন্দাদি প্রবর্ত্তিকা [illegible]

ধীবৃত্তিবিশেষঃ, সোঽপিতামসত্বন্নিন্দায়া নিবারণার্থত্বাভাবেন ব্যর্থত্বাৎ ভাবভিন্নত্বেনৌ ভ্রান্তিরূপৌ তামসৌ কথমপ্রাপ্তে শুদ্ধসত্ত্বে স্থিতপ্রজ্ঞে সম্ভবেতাং তস্মাদ্বিচালকাভাবাৎ তস্যানভিস্নেহস্য হর্ষবিষাদরহিতস্য মুনেঃ প্রজ্ঞা পরমাত্মতত্ত্ববিষয়া প্রতিষ্ঠিতা ফলপর্য্যবসায়িনী,স স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। এবমন্যোঽপি মুমুক্ষুঃ সর্ব্বত্রানভিস্নেহো ভবেৎ। শুভং প্রাপ্য ন প্রশংসেৎ অশুভং প্রাপ্য ন নিন্দেদিত্যভিপ্রায়ঃ। অত্র চ নিন্দাপ্রশংসাদিরূপা বচো ন প্রভাষেত ইতি ব্যতিরেক উক্তঃ॥ ৫৭॥

নীলকণ্ঠ।—স্থিতধীঃ কিং প্রভাষেতেত্যস্যোত্তরমাহ যঃ সর্ব্বত্রেতি। সর্ব্বেষু ধনদারদেহজীবনাদিষু অনভিস্নেহঃ, অভিস্নেহবান্ হি ধনদারাদিষু বিকলেষু সকলেষু বা অহমেব বিকলঃ সকলোঽস্মীতি দৈন্যদর্পোপেতঃ পূর্ব্বাপরানুসন্ধানরহিতো জল্পতি, অয়ন্তু ন তথেতি ভাবঃ। তথা শুভং প্রাপ্য নাভিনন্দতি সন্তুষ্টো ভূত্বা শুভপ্রাপয়িতারং ন প্রশংসতি তথা অশুভং প্রাপ্য ন দ্বেষ্টি দুঃখীভূত্বা অশুভপ্রাপয়িতারং ন নিন্দতি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা॥ ৫৭॥

বিশ্বনাথ।—যঃ সর্ব্বত্রে হি। অনভিস্নেহঃ সোপাধি স্নেহশূন্যঃ দয়ানুবন্ধিরূপাধিরীব-স্বাভাবিকস্নেহস্তু তিষ্ঠেদেব। তত্তৎ প্রসিদ্ধং সম্মানভোজনাদিভ্যঃ স্বপরিচরণং শুভং প্রাপ্য অশুভমনাদরণং মুষ্টিপ্রহারাদিকঞ্চ প্রাপ্য ক্রমেণ নাভিনন্দতি ন প্রশংসতি। ত্বং ধার্ম্মিকঃ পরমহংসসেবী সুখীভবেতি ন ব্রুতে। ন দ্বেষ্টি ত্বং পাপাত্মা নরকে পতেতি নাভিশপতি। তস্যপ্রজ্ঞা প্রতিষ্ঠিতা সমাধিং প্রতিস্থিতা, স স্থিতপ্রজ্ঞ উচ্যতে ইত্যর্থঃ॥ ৫৭॥

তাৎপর্য্য।—অন্যের প্রতি প্রেমাত্মক তামসী বৃত্তি বিশেষের নাম স্নেহ। যে মুনি পরমাত্মরূপ পরম পদার্থে সর্ব্ব প্রকারেই স্নেহবান্ হইয়াছেন, সর্ব্ব-সুখের আস্পদস্বরূপ দেহ ও জীবন, পরম প্রেমের নিকেতনস্বরূপ পুত্র মিত্রাদি যাবতীয় অনাত্মীয় বস্তু নিতান্ত অকিঞ্চিৎকর এবং আসক্তির একান্ত অযোগ্য বলিয়া তাঁহার প্রতীত হয়। তত্তৎপদার্থ সমূহের প্রারব্ধকর্ম্ম জনিত সুখের হেতুভূত শুভসংঘটন সন্দর্শনে তিনি প্রীতি-বিকশিত হৃদয়ে হর্ষো-ল্লাস সূচক প্রশংসাবাদ পরিব্যক্ত করেন না,অথবা দুঃখের হেতুভূত অশুভ ঘটনা সমাগমে অবসন্ন হৃদয়ে আন্তরিক অসূয়াব্যঞ্জক নিন্দাবাদ প্রকটিত করেন না। বিবেক-বিহীন জনগণ স্ব স্ব বনিতাদির শুভ বিষয়ক যে গুণ-বর্ণনাদি করিয়া থাকে, তাহা তাহাদিগের ভ্রান্তিরূপ তামসী বুদ্ধি-বৃত্তির পরিচায়ক এবং পরকীয় বিদ্যাদিগুণের শ্রেষ্ঠতা অশুভজ্ঞানে তদ্বিষয়ক যে নিন্দাবাদে প্রবৃত্ত হয়, তাহাও তাহাদিগের ভ্রান্তিরূপ তামসী বুদ্ধি-বৃত্তির পরিচায়ক। এতাদৃশ ভ্রান্তিরূপ তামস হর্ষদ্বেষ অভ্রান্ত শুদ্ধ-সত্ত্ব স্থিতপ্রজ্ঞ মহাপুরুষের হৃদয়ে কখনই স্থান পাইতে পারে না। অতএব যাঁহার হর্ষ-

বিষাদ অবগত হইয়া বুদ্ধিবৃত্তি অবিচলিত ভাবাপন্ন হইয়াছে, তাঁহারই প্রজ্ঞা পরমাত্ম-তত্ত্ববিষয়ে নিশ্চলভাবে সংলগ্ন হইয়াছে। এইরূপ বিশ্বাসের বশবর্ত্তী মুমুক্ষু ব্যক্তি সর্ব্বত্র স্নেহশূন্য হইয়া থাকেন। স্থিতধী পুরুষ শুভ উপস্থিত হইলে প্রশংসা এবং অশুভ উপস্থিত হইলে নিন্দা করেন না, ইহাই এই শ্লোকের অভিপ্রায়। ব্যতিরেক পথে এইরূপ অর্থ হইতে পারে যে, স্থিতধী মুনি নিন্দা প্রশংসাদিরূপ বাক্য বলেন না ॥ ৫৭ ॥

—•:•:•—

যদা সংহরতে চায়ং কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যস্তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৮ ॥

অন্বয়।—যদা চ অয়ং (জ্ঞাননিষ্ঠানিরতঃ যোগী) কূর্ম্ম (কচ্ছপাভিধেয়ঃ জলজন্তুবিশেষঃ) অঙ্গানি (মুখচরণাদীনি) ইব (যথ) সর্ব্বশঃ ইন্দ্রিয়ার্থেভ্যঃ (শব্দরূপরসগন্ধস্পর্শেভ্যঃ বিষয়েভ্যঃ) ইন্দ্রিয়াণি (চক্ষুঃকর্ণনাসাচর্ম্মাদীনি) সংহরতে (প্রত্যাহরতি) তস্য বুদ্ধি প্রতিষ্ঠিতা [ভবতি] ॥ ৫৮ ॥

প্রতিশব্দ।—যখন আবার যোগীপুরুষ কচ্ছপের অঙ্গ সমূহের ন্যায় ইন্দ্রিয়-গ্রাহ্য-বিষয়-হইতে ইন্দ্রিয়-সমূহকে প্রত্যাহার-করেন, তাঁহার বুদ্ধি ফলপর্য্যবসায়িনী [হয়] ॥ ৫৮ ॥

ব্যাখ্যা।—যেমন কূর্ম্ম নামক প্রাণী সামান্য ভয়প্রাপ্ত হইলে, স্বভাবতঃ আপনার করচরণাদি আকর্ষণ করে, তদ্রূপ যে জ্ঞানী পুরুষ যাবতীয় বিষয়-ব্যাপার হইতে স্বকীয় ইন্দ্রিয় সমূহকে আকর্ষণ করিয়া থাকেন, তিনিই স্থিতপ্রজ্ঞ ॥ ৫৮ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ যদা সংহরতি ইতি। যদা সংহরতে সম্যক্ উপসংহরতে চায়ং জ্ঞাননিষ্ঠায়াং প্রবৃত্তো যতিঃ কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ, যথা কূর্ম্মো ভয়াৎ স্বাঙ্গান্যুপসংহরতি সর্ব্বতঃ, এবং জ্ঞাননিষ্ঠ-ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ সর্ব্ববিষয়েভ্য উপসংহরতে তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতে-ত্যুক্তার্থং বাক্যম্ ॥ ৫৮ ॥

আনন্দগিরি।—জিজ্ঞাসোরেব কর্ত্তব্যান্তরং সূচয়তি কিঞ্চেতি। ইন্দ্রিয়াণ্যং

বিষয়েভ্যো বৈমুখ্যস্য প্রজ্ঞাস্থৈর্য্যকারণত্বাদাদৌ জিজ্ঞাসুনা তন্মুখ্যৈরমিত্যাহ যদেতি। মুমুক্ষুণা মোক্ষহেতুং প্রজ্ঞাং প্রার্থয়মানেন সর্ব্বেভ্যো বিষয়েভ্যঃ সর্ব্বাণীন্দ্রিয়াণি বিমুখানি কর্ত্তব্যানীতি শ্লোকব্যাখ্যানেন কথয়তি যদেত্যাদিনা। উপসংহারঃ স্ববশত্বাপাদনং, তস্য চ সম্যক্ত্বমতি-দৃঢ়ত্বম্। অয়মিতি প্রকৃতস্থিতপ্রজ্ঞগ্রহণং ব্যবর্ত্তয়তি জ্ঞাননিষ্ঠায়ামিতি। ইন্দ্রিয়োপসংহারস্য প্রলয়রূপত্বং ব্যাবর্ত্ত্য সঙ্কোচাত্মকত্বং দৃষ্টান্তেন দর্শয়তি কূর্ম্ম ইতি। দৃষ্টান্তং ব্যাকরোতি যথেতি। দার্ষ্টান্তিকোযোজয়ন্ জ্ঞাননিষ্ঠাপদং তত্র প্রবর্ত্তয়তি এবমিতি। ইন্দ্রিয়াণাং বিষয়েভ্যো বৈমুখ্যকরণং প্রজ্ঞাস্থৈর্য্যহেতুরিত্যুক্তমুপসংহরতি তস্যেতি ॥ ৫৮ ॥

রামানুজ।—ততোঽর্ব্বাচীনদশামাহ যদেতি। যদেন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থান্ স্প্রষ্টুমুদ্যুক্তানি তদৈব কূর্ম্মোঽঙ্গানীবেন্দ্রিয়ার্থেভ্যঃ সর্ব্বশঃ প্রতিসংহৃত্য মন আত্মন্যেব স্থাপয়তি স্থিতঃ প্রজ্ঞঃ ॥ ৫৮ ॥

হনুমান।—কিঞ্চ যদেতি। যদা সংহরতে সম্যগুপসংহরতি অয়ং জ্ঞাননিষ্ঠায়াং প্রবৃত্তো মুনিঃ কূর্ম্মোঽঙ্গানীব যথা কূর্ম্মোঽভ্যাসাৎ স্বাঙ্গান্যুপসংহরতি সর্ব্বশঃ সর্ব্বতঃ এবং জ্ঞাননিষ্ঠ ইন্দ্রাণীন্দ্রিয়ার্থেভ্যঃ সর্ব্ববিষয়েভ্য উপসংহরতি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতেত্যুক্তার্থে বাক্যং তত্র বিষয়ানহরণাভ্যাসাৎ কূর্ম্মোঽঙ্গনীন্দ্রিয়ার্থেভ্য উপসংহরতি ॥ ৫৮ ॥

শ্রীধর।—কিঞ্চ যদেতি। যদা চায়ং যোগী ইন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিভ্যঃ সকাশাদিন্দ্রিয়াণি সংহরতে প্রত্যাহরতি অনায়াসেন। সংহারে দৃষ্টান্তমাহ কূর্ম্ম ইতি। অঙ্গানি করচরণাদীনি কূর্ম্মো যথা স্বভাবেনৈবাকর্ষতি তদ্বৎ ॥ ৫৮ ॥

বলদেব।—অথ কিমাসীতেত্যস্যোত্তরং যদা চেত্যাদিভিঃ ষড়্ভিরাহ। অয়ং যোগী যদা চেন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিভ্যঃ স্বাধীনানীন্দ্রিয়াণি শ্রোত্রাদীন্যনায়াসেন সংহরতি সমাকর্ষতি তদা তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতেত্যন্বয়ঃ। অত্র দৃষ্টান্তঃ কূর্ম্মোঽঙ্গানীবেতি। মুখকরচরণানি যথানায়াসেন কমঠঃ সংহরতি তদ্বদ্ বিষয়েভ্যঃ সমাকৃষ্টেন্দ্রিয়াণামন্তঃস্থাপনং স্থিত-প্রজ্ঞস্যাসনম্ ॥ ৫৮ ॥

মধুসূদন।—ইদানীং কিমাসীতেতি প্রশ্নস্যোত্তরং বক্তুমারভতে ভগবান্ ষড়্ভিঃ শ্লোকৈঃ। তত্র প্রারব্ধকর্ম্মবশাদব্যুত্থানেন বিক্ষিপ্তানীন্দ্রিয়াণি পুনরুপসংহৃত্য সমাধ্যর্থমেব স্থিতপ্রজ্ঞস্যোপবেশনমিতি দর্শয়িতুমাহ যদেতি। অয়ং ব্যুত্থিতঃ সর্ব্বশঃ সর্ব্বাণীন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেভ্যঃশব্দাদিভ্যঃ সর্ব্বেভ্যঃ চঃ পুনরর্থে। যদা সংহরতে পুনরুপসংহরতি সঙ্কোচয়তি। তত্র দৃষ্টান্তঃ কূর্ম্মোঽঙ্গানীব তদা তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতেতি স্পষ্টং, পূর্ব্বশ্লোকাভ্যাং ব্যুত্থানদশায়ামপি সকলতামসবৃত্ত্যভাব উক্তঃ, অধুনা তু পুনঃ সমাধ্যবস্থায়াং সকলবৃত্ত্যভাব ইতি বিশেষঃ ॥ ৫৮ ॥

নীলকণ্ঠ।—কিমাসীতেত্যস্যোত্তরমাহ যদেতি। ইন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিবিষয়েভ্যঃ প্রারব্ধকর্ম্মবশেন ব্যুত্থিতোঽপি যোগী দ্বৈতদর্শনাদুদ্বিগ্নঃ সন নিরোধসংস্কারপ্রাবল্যাৎ প্রীত সমাধিমন্তর্ভিত্তিমেবাস্তে ইত্যর্থঃ। শেষং স্পষ্টম্ ॥ ৫৮ ॥

বিশ্বনাথ।—কিমাসীতেত্যস্যোত্তরমাহ যদেতি। ইন্দ্রিয়ার্থেভ্যঃ শব্দাদিভ্যঃ ইন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি সংহরতে। স্বাধীনানাং ইন্দ্রিয়াণাং বাহ্যবিষয়েষু চলনং নিষিধ্যান্তরেব নিশ্চলতয়া স্থাপনং স্থিতপ্রজ্ঞস্যাসনমিত্যর্থঃ। তত্র দৃষ্টান্তঃ কূর্ম্মোঽঙ্গানি মুখনেত্রাদীনি যথা স্বান্তরেব স্বেচ্ছয়া স্থাপয়তি ॥ ৫৮ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুন কৃত "কিমাসীত" এই প্রশ্নের উত্তরার্থ শ্রীভগবান্ ছয়টি শ্লোকের অবতারণা করিয়াছেন। প্রারব্ধ কর্ম্মবশে ব্যুত্থিতচিত্ত যোগীর বহুবিষয়াসক্ত ইন্দ্রিয়গ্রামকে আকর্ষণ করিবার যে ক্ষমতা, তাহাই স্থিতপ্রজ্ঞ মহাপুরুষের উপবেশন। এই প্রসঙ্গ পরিস্ফুট করিবার অভিপ্রায়ে শ্রীকৃষ্ণচন্দ্র কূর্ম্ম নামক জলজন্তুর অঙ্গ-সঙ্কোচন-বিষয়ক দৃষ্টান্ত সমুত্থিত করিয়াছেন। সকলেই জানেন, কূর্ম্ম ইচ্ছামাত্র অনায়াসে স্বকীয় মুখ-চরণাদি অঙ্গ সম্পূর্ণরূপে সঙ্কোচ করিতে সমর্থ। তদ্রূপ ব্যুত্থিত যোগী ইন্দ্রিয়ের বিষয়ীভূত বিষয় সমূহ হইতে যখন স্বকীয় বিক্ষিপ্ত ইন্দ্রিয় সকলকে সহজেই প্রত্যাহার করিতে সক্ষম হন; তখন তাঁহার বুদ্ধি স্থির-ভাবাপন্ন হয়। সর্ব্বপ্রকার তামসবৃত্তির অভাব হেতু যোগী পুরুষকে কখনই কোন বিষয়-ব্যাপারে আকৃষ্টচিত্ত করিতে পারে না ॥ ৫৮ ॥

বিষয়াবিনিবর্ত্তন্তে নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জ্জং রসোঽপ্যস্য পরং দৃষ্ট্বানিবর্ত্ততে ॥ ৫৯ ॥

অন্বয়।—নিরাহারস্য (ইন্দ্রিয়দ্বারাবিষয়গ্রহণরূপাহাররহিতস্য) দেহিনঃ (দেহাভিমানবতোঽজ্ঞস্য) বিষয়াঃ (শব্দরূপরসগন্ধস্পর্শাঃ) বিনিবর্ত্তন্তে [কিন্তু] রসবর্জ্জং (অভিলষিতং বর্জ্জয়িত্বা অভিলাষং ন নিবর্ত্তন্তে ইতিভাবঃ) অস্য (স্থিতপ্রজ্ঞস্য) পরং (পরমাত্মানং) দৃষ্ট্বা রসঃ (সুখরাগঃ) অপি নিবর্ত্ততে (নশ্যতি) ॥ ৫৯ ॥

প্রতিশব্দ।—ইন্দ্রিয়-দ্বারা-আহার-গ্রহণাশক্তের দেহাভিমানী-অজ্ঞের শব্দাদি নিবৃত্ত হয়। [কিন্তু] অভিলষিত ত্যাগ করিয়া [অভিলাষ নিবৃত্ত হয় না] স্থিতপ্রজ্ঞের পরমাত্মাকে দেখিয়া সুখাভিলাষ ও নিবৃত্ত হয় ॥ ৫৯ ॥

ব্যাখ্যা।—ইন্দ্রিয়গণের অক্ষমতা হেতু বিষয়-ভোগাসমর্থ দেহাভিমানী আতুর ব্যক্তির বিষয়ানুভবশক্তি বিনিবৃত্ত হইতে পারে, কিন্তু বিষয় বাসনার অবসান কখনই হয় না। কিন্তু স্থিতপ্রজ্ঞ ব্যক্তির পরমাত্মসন্দর্শনরূপ পুরুষার্থলাভে অন্যান্য সর্ব্বপ্রকার সুখাভিলাষ ও বিষয়বাসনা নিবৃত্ত হইয়া থাকে ॥ ৫৯ ॥

শঙ্করাচার্য্য।—তত্র বিষয়াননাহরত আতুরস্যাপি ইন্দ্রিয়াণি নিবর্ত্তন্তে কূর্ম্মোঽঙ্গানীব সংহ্রিয়তে, ন তু তদ্বিষয়ো রাগঃ, স কথং সংহ্রিয়ত ইত্যুচ্যতে বিষয়া ইতি। যদ্যপি বিষয়োপলক্ষিতানি বিষয়শব্দবাচ্যানীন্দ্রিয়াণ্যথবা বিষয়া এব নিরাহারস্য অনাহ্রিয়মাণবিষয়স্য দেহিনঃ কষ্টে তপসি স্থিতস্য মূর্খস্যাপি নিবর্ত্তন্তে, দেহিনো দেহবতঃ রসবর্জ্জং রসো রাগো বিষয়েষু যঃ তং বর্জ্জয়িত্বা, রসশব্দো রাগে প্রসিদ্ধঃ, "স্বচ্ছন্দতঃ স্বরসেন প্রবৃত্তো রসিকো রসজ্ঞঃ" ইত্যাদিদর্শনাৎ, সোঽপি রসো রঞ্জনরূপঃ সূক্ষ্মোঽস্য যতঃ পরং পরমার্থতত্ত্বং ব্রহ্ম দৃষ্ট্বোপলভ্যাহমেব তদিতি বর্ত্তমানস্য নিবর্ত্ততে নির্বীজং বিষয়বিজ্ঞানং সম্পদ্যতে ইত্যর্থঃ। নাসতি সম্যগ্দর্শনে রসস্য উচ্ছেদতস্মাৎ সম্যগ্দর্শনাত্মিকায়াঃ স্থৈর্য্যং কর্ত্তব্যমিত্যভিপ্রায়ঃ ॥ ৫৯ ॥

আনন্দগিরি।—ইন্দ্রিয়াণাং বিষয়েভ্যো বৈমুখ্যেঽপি তদ্বিষয়রাগানুবৃত্তৌ কথং প্রজ্ঞালাভঃ স্যাদিতি শঙ্কতে তত্রেতি। ব্যবহারভূমিঃ সপ্তম্যর্থঃ, বিষয়াননাহরতস্তদুপভোগবিমুখস্যেত্যর্থঃ। রাগশ্চেন্নোপসংহ্রিয়তে ন তর্হি প্রজ্ঞালাভঃ সম্ভবতি, রাগস্য তৎপরিপন্থিত্বাদিতি মত্বাহ স কথমিতি। রাগনিবৃত্ত্যুপায়মুপদিশন্নুত্তরমাহ উচ্যত ইতি। বিষয়োপভোগপরাঙ্মুখস্য কুতো বিষয়পরাবৃত্তিশ্চ প্রস্তুতেত্যাশঙ্ক্যাহ যদ্যপীতি। নিরাহারস্যেত্যস্য ব্যাখ্যানমনাহ্রিয়মাণবিষয়স্যেতি। যো হি বিষয়প্রবণো ন ভবতি তস্যাত্যন্তিকে তপসি ক্লেশাত্মকে ব্যবস্থিতস্য বিদ্যাহীনস্যাপীন্দ্রিয়াণি বিষয়েভ্যঃ সকাশাদ্যদ্যপি সংহ্রিয়ন্তে, তথাপি রাগোঽবশিষ্যতে, স চ তত্ত্বজ্ঞানাদুচ্ছিদ্যত ইত্যর্থঃ। রসশব্দস্য মাধুর্য্যাদিষড়্বিধরসবিষয়ত্বং নিষেধয়তি রসশব্দ ইতি। বৃদ্ধপ্রয়োগমন্তরেণ কথং প্রসিদ্ধিরিত্যাশঙ্ক্যাহ স্বরসেনেতি। স্বেচ্ছয়েতি যাবৎ, রসিকঃ স্বেচ্ছাবশবর্ত্তী রসজ্ঞো বিবক্ষিতাপেক্ষিতজ্ঞাতেত্যর্থঃ। কথং তর্হি তস্য নিবৃত্তিস্তত্রাহ সোঽপীতি। দৃষ্টিমেবোপলব্ধিপর্য্যায়াং স্পষ্টয়তি অহমেবেতি। রাগাপগমে সিদ্ধমর্থমাহ নির্বীজমিতি। ননু সম্যগ্জ্ঞানমন্তরেণ রাগো নাপগচ্ছতি চেৎ তদপগমাদৃতে রাগবতঃ সম্যগ্জ্ঞানোদয়াযোগাদিতরেতরাশ্রয়ত্বমিতি নেত্যাহ নাসতীতি। ইন্দ্রিয়াণাং বিষয়পারবশ্যে বিবেকপ্রজ্ঞাপরিক্ষতে স্থূলো রাগো ব্যাবর্ত্ততে, ততশ্চ সম্যগ্জ্ঞানোৎপত্ত্যা সূক্ষ্মস্যাপি রাগস্য সর্ব্বাত্মনা নিবৃত্ত্যুপপত্তের্নেতরেতরাশ্রয়তেত্যর্থঃ। প্রজ্ঞাস্থৈর্য্যস্য সকলদ্বৈ হিতে ফলিতমাহ তস্মাদিতি ॥ ৫৯ ॥

রামানুজ।—এবং চতুর্বিধাজ্ঞাননিষ্ঠা পূর্বপূর্বোত্তরোত্তরনিষ্পাদিকা। ইদানীং জ্ঞাননিষ্ঠায়া দুষ্প্রাপতাং তৎপ্রাপ্ত্যুপায়ঞ্চাহ বিষয়া ইতি। ইন্দ্রিয়াণামাহারাবিষয়াঃ, নিরাহারস্য বিষয়েভ্যঃ প্রত্যাহৃতেন্দ্রিয়স্য দেহিনো বিষয়া বিনিবর্ত্তমানা রসবর্জ্জং বিনিবর্ত্তন্তে, রসো রাগঃ বিষয়রাগো ন বিবর্ত্তত ইত্যর্থঃ। রাগোঽপ্যাত্মস্বরূপং বিষয়েভ্যঃ পরং সুখতরং দৃষ্ট্বা নিবর্ত্তন্তে॥ ৫৯॥

হনুমান্।—অতস্তস্যাপিপ্রজ্ঞা প্রতিষ্ঠিতা স্যাদিত্যত আহ বিষয়া ইতি। যত্তপি বিষয়োপলক্ষিতানি বিষয়শব্দবাচ্যানীন্দ্রিয়াণি নিরাহারস্য অনাহ্রিয়মাণবিষয়স্যাতুরস্য কষ্টে তপসি স্থিতস্য মূর্খস্যাপি ইন্দ্রিয়াণি নিবর্ত্তন্তে ন ব্যাপ্রীয়ন্তে, দেহিনো দেহবতঃ মূঢ়েনাময়গ্রস্তেন ক্রিয়মাণং তপঃ কষ্টতয়া রসবর্জ্জং রসো রাগঃ, "রসিকো রসজ্ঞঃ" ইতিপ্রয়োগদর্শনাৎ, রাগং বর্জ্জয়িত্বা স্থিতপ্রজ্ঞলক্ষণং রাগেণ সর্বেন্দ্রিয়াণাং বিষয়েভ্যো ব্যাবৃত্তিরভিমতা, কথং তর্হি বিষয়েভ্যো রাগস্য নিবৃত্তিরিতি চেৎ রসোঽপ্যস্য যতেঃ পরং পরমাত্মনা দৃষ্ট্বা উপলভ্য অহমেব তদিদমস্মি ইতি নিবর্ত্তন্তে নির্বীজরাগং সম্পদ্যতে ইত্যর্থঃ। নাসতি সম্যগ্দর্শনে রাগস্যোচ্ছেদস্তস্মাৎ সম্যগ্দর্শনাত্মিকায়াঃ প্রজ্ঞায়াঃ স্থৈর্য্যং কর্ত্তব্যমিত্যভিপ্রায়ঃ॥ ৫৯॥

শ্রীধর।—নমু নেন্দ্রিয়াণাং বিষয়েষ্বপ্রবৃত্তিঃ স্থিতপ্রজ্ঞস্য লক্ষণং ভবিতুমর্হতি অভানামাতুরাণামুপবাসপরাণাঞ্চ বিষয়েষ্বপ্রবৃত্তেরবিশেষাৎ তত্রাহ বিষয়া ইতি। ইন্দ্রিয়ৈর্বিষয়াণামাহরণং গ্রহণমাহারঃ নিরাহারস্য ইন্দ্রিয়ৈর্বিষয়গ্রহণমকুর্বতো দেহিনো দেহাভিমানিনোঽজ্ঞস্য বিষয়াঃ প্রায়শো বিনিবর্ত্তন্তে তদনুভবো নিবর্ত্তত ইত্যর্থঃ। কিন্তু রসো রাগোঽভিলাষস্তদ্বর্জ্জং অভিলাষশ্চ ন নিবর্ত্তত ইত্যর্থঃ, রসোঽপি রাগোঽপি পরং পরমাত্মানং দৃষ্ট্বাস্য স্থিতপ্রজ্ঞস্য স্বতো নিবর্ত্ততে নশ্যতীত্যর্থঃ। যদ্বা নিরাহারস্য উপবাসপরস্য বিষয়াঃ প্রায়শো নিবর্ত্তন্তে ক্ষুধাসন্তপ্তস্য শব্দস্পর্শাদ্যপেক্ষাভাবাৎ, কিন্তু রসবর্জ্জং রসাপেক্ষা তু ন নিবর্ত্তত ইত্যর্থঃ। শেষং সমানম্॥ ৫৯॥

বলদেব।—নমু মূঢ়স্যাময়গ্রস্তস্য বিষয়েম্বপ্রবৃত্তির্দৃষ্টা তৎকথমেতৎ স্থিতপ্রজ্ঞস্য লক্ষণং তত্রাহ বিষয়া ইতি। নিরাহারস্য রোগভয়াদ্ভোজনাদীন্যকুর্বতো মূঢ়স্যাপি দেহিনো জনস্য বিষয়াস্তদনুভবা বিনিবর্ত্তন্তে। কিন্তু রসো রাগস্তৃষ্ণা তদ্বর্জ্জং বিষয়তৃষ্ণা তু ন নিবর্ত্ততে ইত্যর্থঃ। অস্য স্থিতপ্রজ্ঞস্য তু রসোঽপি বিষয়রাগোঽপি বিষয়েভ্যঃ পরং স্বপ্রকাশানন্দমাত্মানং দৃষ্ট্বানুভূয় নিবর্ত্ততে বিনশ্যতীতি সরাগবিষয়নিবৃত্তিস্তস্য লক্ষণমিতি ন ব্যভিচারঃ॥ ৫৯॥

মধুসূদন।—নমু মূঢ়স্যাপি রোগাদিবশাদ্বিষয়েভ্য ইন্দ্রিয়াণামুপসংহরণং ভবতি তৎকথমুক্তং তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতেত্যুক্তং, অত আহ বিষয়া ইতি। নিরাহারস্য ইন্দ্রিয়ৈর্বিষয়ানাহরতো দেহিনো দেহাভিমানবতো মূঢ়স্যাপি রোগিণঃ, কষ্টতপস্বিনো বা বিষয়াঃ শব্দাদয়ো বিনিবর্ত্তন্তে, কিন্তু রসবর্জ্জং রসস্তৃষ্ণা তং বর্জ্জয়িত্বা অজ্ঞস্য বিষয়া নিবর্ত্তন্তে, তদ্বিষয়ো রাগস্তু ন নিবর্ত্তত

ইত্যর্থঃ। অস্য তু স্থিতপ্রজ্ঞস্য পরং পুরুষার্থং দৃষ্ট্বা তদেবাহমস্মীতি সাক্ষাৎকৃত্য স্থিতস্য রসোঽপি ক্ষুদ্রসুখরাগোঽপি নিবর্ত্ততে, অপিশব্দাদ্বিষয়াশ্চ তথাচ যাবানর্থ ইত্যাদৌ ব্যাখ্যাতম্। এবঞ্চ সরাগবিষয়নিবৃত্তিঃ স্থিতপ্রজ্ঞলক্ষণমিতি ন মূঢ়ে ব্যভিচার ইত্যর্থঃ। যস্মাৎ্নাসতি পরমাত্মসম্যগ্দর্শনে সরাগবিষয়োচ্ছেদস্তস্মাৎ সরাগবিষয়োচ্ছেদিকায়াঃ সম্যগ্দর্শনাত্মিকায়াঃ প্রজ্ঞায়াঃ স্থৈর্য্যং মহতা যত্নেন সম্পাদয়েদিত্যভিপ্রায়ঃ ॥ ৫৯ ॥

নীলকণ্ঠ।—নমু বিষয়েভ্য ইন্দ্রিয়াণাং নিবৃত্তিশ্চেৎ স্থিতপ্রজ্ঞতাহেতুস্তর্হি সুপ্তিমূর্চ্ছালয়-প্রভাবেশাদাবপি সাস্তীতি সর্ব্বোঽপি স্থিতপ্রজ্ঞ এবেত্যাশঙ্ক্যাহ বিষয়া ইতি। সত্যং দেহিনো দেহাভিমানবতো মূঢ়স্য সুপ্ত্যাদৌ নিরাহারস্য ইন্দ্রিয়ৈর্বিষয়াননাহরতঃ অভুজ্যমানস্য বিষয়াঃ বিনিবর্ত্তন্ত এব তথাপি রসবর্জ্জং রসো রাগস্তদ্বর্জ্জং নিবর্ত্তন্তে তদাপি সূক্ষ্মরূপেণ রাগোঽস্তি রাগমূলস্যাত্মাজ্ঞানস্যাদাহাদাসৌ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। অস্যৈব পুনঃ পরং দৃষ্ট্বা আত্মানং সাক্ষাৎকৃত্য নিরাগবস্য শব্দাদীন্ অগৃহ্নতঃ রসোঽপি নিবর্ত্ততে মূলাজ্ঞানদাহাদিতি অতিসুপ্ত্যাদেঃ সমাধিস্থস্য চ মহান্ বিশেষ ইতি ভাবঃ। প্রাক্তস্য রোগিণঃ কষ্টতপস্বিনো বা মূঢ়স্যাপি বিষয়ান-নাহরতো রসবর্জ্জং বিষয়া বিনিবর্ত্তন্তে, তস্যৈব পরং দৃষ্ট্বা স্থিতস্য রসোঽপি নিবর্ত্তত ইতি ব্যাচখ্যুঃ ॥ ৫৯ ॥

বিশ্বনাথ।—নমু মূঢ়স্যাপ্যুপবাসতো রোগাদিবশাদ্বা ইন্দ্রিয়াণাং বিষয়েষ্বচলনং সম্ভবেৎ তত্রাহ বিষয়া ইতি। রসবর্জ্জং রসো রাগঃ অভিলাষস্তং বর্জ্জয়িত্বা অভিলাষস্তু বিষয়েষু ন নিবর্ত্তত ইত্যর্থঃ। অস্য স্থিতপ্রজ্ঞস্য তু পরং পরমাত্মানং দৃষ্ট্বা বিষয়েষ্বভিলাষো নিবর্ত্তত ইতি ন লক্ষণব্যভিচারঃ। আত্মসাক্ষাৎকারসমর্থস্য তু সাধকত্বমেব নতু সিদ্ধত্বমিতিভাবঃ ॥ ৫৯ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুন যদি মনে করেন, ব্যাধিগ্রস্ত আতুর ব্যক্তির ইন্দ্রিয় সমূহ কূর্ম্মাঙ্গের ন্যায় বিষয়-ব্যাপার হইতে প্রত্যাহৃত হয়, সুতরাং তাদৃশ ব্যক্তিকেও কি স্থিতপ্রজ্ঞ বলিয়া জ্ঞান করিতে হইবে? এই আশ-ঙ্কার উত্তর-স্বরূপে শ্রীভগবান্ বলিতেছেন, যে সকল ব্যক্তি ব্যাধিবশে ইন্দ্রিয় দ্বারা বিষয়-ভোগে অসমর্থ, অথবা সাংসারিক বিবিধ ক্লেশপরম্পরা সহমান হওয়া আবশ্যক বোধে, যাহারা তাপস-ব্রতাবলম্বন করিয়াছে, তাহাদের দেহাভিমান সম্পূর্ণরূপেই বিদ্যমান আছে; তথাবিধ ব্যক্তিবৃন্দ নিরতিশয় মূঢ় সন্দেহ নাই। যদিও রোগের কঠোর আক্রমণে ব্যাধিত ব্যক্তির বিষয়-ভোগ-শক্তি বিদূরিত হইয়া যায়, বা ক্লেশের অপরিহার্য্যতা হেতু কষ্ট তপস্বীর বিষয়-বাসনা নিরস্ত থাকে, তথাপি তাঁহাদের ভোগা-ভিলাষ কখনই নিবৃত্ত হয় না। ব্যাধি-বিমুক্ত হইলে এবং সুখ-সাধন-সামর্থ্য

সম্প্রাপ্ত হইলে তাঁহারা সুধাকাঙ্ক্ষা নিবারণের নিমিত্ত নিরন্তর লোলুপ থাকেন। মূলে যে "রস" শব্দ আছে, তাহা রাগ শব্দের সমার্থ, ইহাই প্রতিপন্ন করিবার নিমিত্ত পূজ্যপাদ শঙ্করাচার্য্য মহোদয় "স্বচ্ছন্দতঃ স্বরসেন প্রবৃত্তো রসিকো রসজ্ঞঃ" এই দার্শনিক প্রমাণ উদ্ধৃত করিয়াছেন। যে ব্যক্তি স্থিতপ্রজ্ঞ, অর্থাৎ পরমার্থ-তত্ত্বরূপ ব্রহ্ম-দর্শনে আমিই তিনি ইত্যাকার জ্ঞান যাঁহার সম্ভূত হইয়াছে, তাঁহার অতি তুচ্ছ সুখানুরাগ নিঃশেষে নির্ম্মূলিত হইয়াছে। মূলস্থিত "অপি" শব্দে বিষয় সমূহও লক্ষিত হইতেছে। এইরূপ বিষয়ানুরাগ নিবৃত্তিরূপ স্থিতপ্রজ্ঞলক্ষণ, দেহাভিমানী মূঢ় ব্যক্তির পক্ষে কখনই সম্ভবপর নহে। টীকাকার পূজ্যপাদ শ্রীধর স্বামী এই শ্লোকের প্রথমার্দ্ধের উল্লিখিত অর্থ ব্যতীত নিম্নলিখিতরূপ অর্থও লিপিবদ্ধ করিয়াছেন। নিরাহারীর অর্থাৎ উপবাস-পর ব্যক্তির ক্ষুধার সন্তাপে স্পর্শাদি শক্তি প্রায়ই বিনিবৃত্ত হইয়াথাকে। কিন্তু সে ব্যক্তি আকাঙ্ক্ষা পরিত্যাগ করিয়া অনুরাগবিহীন হয় না। তাহার পরিদৃশ্যমান বিষয়াননুরাগ আন্তরিক নহে। টীকাকার পূজ্যপাদ মধুসূদন সরস্বতী মহাশয় উপসংহারে লিখিয়াছেন, যেহেতু সম্যগ্রূপ পরমার্থ সন্দর্শন ব্যতীত বিষয়ানুরাগের উচ্ছেদ হয় না, অতএব হে অর্জ্জুন! সযত্নে বিষয়ানুরাগ উচ্ছেদিকা আত্ম-দর্শন-ক্ষমা প্রজ্ঞার স্থৈর্য্য সম্পাদন কর ॥ ৫৯ ॥

———:•:———

যততো হ্যপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ ॥ ৬০ ॥

অন্বয়।—কৌন্তেয় হি যততঃ (মোক্ষার্থং প্রযত্নং কুর্ব্বতঃ) অপি বিপশ্চিতঃ (বিবেকিনঃ) পুরুষস্য প্রমাথীনি (প্রজ্ঞামর্দ্দন-ক্ষমাণি) ইন্দ্রিয়াণি প্রসভং (সবলং) মনঃ হরন্তি ॥ ৬০ ॥

প্রতিশব্দ।—পার্থ! যেহেতু মোক্ষার্থ যত্নশীল বিবেকী-পুরুষেরও বিবেক-মর্দ্দনক্ষম ইন্দ্রিয়-সমূহ বলপূর্ব্বক মনকে হরণ করে ॥ ৬০ ॥

ব্যাখ্যা।—হে সখে! যে সকল মহাপুরুষ মোক্ষলাভের নিমিত্ত নিরন্ত প্রযত্নমান এবং যাঁহাদের হৃদয় জ্ঞানের ভাণ্ডারস্বরূপ তাঁহাদের বিবেকী মনকেও সংক্ষোভক ইন্দ্রিয় সমূহ সবলে ধারণ করিয়া স্বকীয়াধিকারে আনয়ন করে॥ ৬০॥

শঙ্করাচার্য্য।—সম্যগ্দর্শনলক্ষণং প্রজ্ঞাস্থৈর্য্যং চিকীর্ষতা আদাবিন্দ্রিয়াণি স্ববশে স্থাপয়িতব্যানি, যস্মাৎ তদনবস্থাপনে দোষমাহ যততো হীতি। যততঃ প্রযত্নং কুর্ব্বতোঽপি হি যস্মাৎ অপি কৌন্তেয় পুরুষস্য বিপশ্চিতো মেধাবিনোঽপীতি ব্যবহিতেন সম্বন্ধঃ। ইন্দ্রিয়াণি প্রমাথীনি প্রমথনশীলানি, বিষয়াভিমুখং হি পুরুষং বিক্ষোভয়ন্ত্যাকুলীকুর্ব্বন্ত্যাকুলীকৃত্য চ হরন্তি প্রসভং প্রসহ্য প্রকাশমেব পশ্যতো বিবেকবিজ্ঞানযুক্তং মনো যতস্তস্মাৎ॥ ৬০॥

আনন্দগিরি।—শ্লোকান্তরমবতারয়তি সম্যগ্দর্শনেতি। মনসঃ স্ববশত্বাদেব প্রজ্ঞাস্থৈর্য্যসম্ভবে কিমর্থমিন্দ্রিয়াণাং স্ববশত্বাপাদনমিত্যাশঙ্ক্যাহ যস্মাদিতি। ননু বিবেকবতো বিষয়দোষদর্শিনো বিষয়েভ্যঃ স্বয়মেবেন্দ্রিয়াণি ব্যাবর্ত্তন্তে কিং তত্র প্রজ্ঞাস্থৈর্য্যং চিকীর্ষতা কর্ত্তব্যমিতি তত্রাহ যততো হীতি। বিষয়েষু ভূয়ো দোষদর্শনমেব প্রযত্নঃ, হিশব্দস্য যস্মাদর্থস্য সমাপ্তৌ সম্বন্ধং বক্ষ্যতি। অপিশব্দস্য প্রযত্নং কুর্ব্বতোঽপীতি সম্বন্ধং গৃহীত্বা সম্বন্ধান্তরমাহ পুরুষস্যেতি। প্রমথনশীলত্বং প্রকটয়তি বিষয়েতি। বিক্ষোভস্যাকুলীকরণস্য ফলমাহ আকুলীকৃত্যেতি। প্রকাশমেবেত্যুক্তং বিশদয়তি পশ্যত ইতি। বিপশ্চিতো বিদুষোঽপি প্রকাশমেব প্রকাশশব্দিতবিবেকাখ্যবিজ্ঞানং যুক্তমেব মনো হরন্তীন্দ্রিয়াণীতি সম্বন্ধঃ। হিশব্দার্থমনূদ্য তস্মাদিন্দ্রিয়াণি স্ববশে স্থাপয়িতব্যানীতি পূর্ব্বেণ সম্বন্ধমভিসন্ধায়াহ যতস্তস্মাদিতি॥ ৬০॥

রামানুজ।—আত্মদর্শনেন বিনা বিষয়রাগো ন নিবর্ত্তত ইত্যাহ যতত ইতি। অনিবৃত্তে বিষয়রাগে বিপশ্চিতো যতমানস্যাপি পুরুষস্যেন্দ্রিয়াণি প্রমাথীনি বলবন্তি মনঃ প্রসহ্য হরন্তি, এবমিন্দ্রিয়জয় আত্মদর্শনাধীনঃ আত্মদর্শনমিন্দ্রিয়জয়াধীনমিতি জ্ঞাননিষ্ঠা দুষ্প্রাপা॥ ৬০॥

হনুমান্।—তত্র চ সম্যগ্দর্শনস্থৈর্য্যোপায়মাহ যতত ইতি। যততো যতমানস্যাপি পুরুষস্য বিপশ্চিতঃ মেধাবিনোঽপি মন ইন্দ্রিয়াণি প্রমাথীনি প্রমথনশীলানি প্রসভং হরন্তি॥ ৬০॥

শ্রীধর।—ইন্দ্রিয়সংযমং বিনা স্থিতপ্রজ্ঞতা ন সম্ভবতি, অতঃ সাধকাবস্থায়াং তত্র মহান্ প্রযত্নঃ কর্ত্তব্য ইত্যাহ যততোঽপীতি দ্বাভ্যাম্। যততো মোক্ষার্থং প্রযতমানস্য বিপশ্চিতো বিবেকিনোঽপি মন ইন্দ্রিয়াণি প্রসভং বলাদ্ধরন্তি যতঃ প্রমাথীনি প্রমথনশীলানি ক্ষোভকাণীত্যর্থঃ॥ ৬০॥

বলদেব।—অথাত্মজ্ঞাননিষ্ঠায়া দৌর্লভ্যমাহ যততো হীতি। বিপশ্চিতো নিত্যাত্মস্বরূপবিবেকজ্ঞস্য, যতত ইন্দ্রিয়জয়ে প্রযতমানস্যাপি পুরুষস্য ইন্দ্রিয়াণি শ্রোত্রাদীনি কর্তৃণি মনঃ প্রসভং বলাদিব হরন্তি। হৃত্বা বিষয়প্রবণং কুর্ব্বন্তীত্যর্থঃ। ননু বিরোধিনি বিবেকজ্ঞানে স্থিতে কথং হরন্তি তত্রাহ প্রমাথীনীতি। অতিবলিষ্ঠত্বাৎ তজ্জ্ঞানোপমর্দ্দন-ক্ষমাণীত্যর্থঃ। তস্মাৎ চৌরেভ্যো মহানিধেরিবেন্দ্রিয়েভ্যো জ্ঞাননিষ্ঠায়াঃ সংরক্ষণং স্থিত-প্রজ্ঞাসনমিতি ॥ ৬০ ॥

মধুসূদন।—তত্র প্রজ্ঞাস্থৈর্য্যে বাহ্যেন্দ্রিয়নিগ্রহো মনোনিগ্রহশ্চাসাধারণং কারণং তদুভয়াভাবে প্রজ্ঞানাশদর্শনাদিতি বক্তুং বাহ্যেন্দ্রিয়নিগ্রহাভাবে প্রথমং দোষমাহ যততো হীতি। হে কৌন্তেয় যততঃ ভূয়োভূয়ো বিষয়দোষদর্শনাত্মকং যত্নং, কুর্ব্বতোঽপি (চক্ষি-ঙোঙিৎকরণাদনুদাত্তেত্ত্বলক্ষণমাত্মনেপদমিতিজ্ঞাপনাৎ পরস্মৈপদমবিরুদ্ধম্।) বিপ-শ্চিতঃ অত্যন্তবিবেকিনোঽপি পুরুষস্য মনঃ ক্ষণমাত্রং নির্ব্বিকারং, কৃতমপি ইন্দ্রিয়াণি হরন্তি বিকারং প্রাপয়ন্তি। ননু বিরোধিনী বিবেকে সতি কুতো বিকারঃ প্রাপ্তিস্তদাহ প্রমাথীনি, প্রমথনশীলানি অতিবলীয়স্ত্বাদ্বিবেকোপমর্দ্দনে ক্ষমাণি, অতঃ প্রসভং প্রসহ্য বলাৎকারেণ পশ্যত্যেব বিপশ্চিতি স্বামিনি বিবেকে চ রক্ষকে সতি সর্ব্বপ্রমাথিত্বাদেবেন্দ্রিয়াণি বিবেকজ-প্রজ্ঞায়াং প্রবিষ্টং মনস্ততঃ প্রচ্যাব্য সবিষয়াবিষ্টত্বেন হরন্তীত্যর্থঃ। হি শব্দ প্রসিদ্ধং দ্যোত-য়তি। প্রসিদ্ধো হ্যয়মর্থো লোকে, যথা প্রমাথিনো দস্যবঃ প্রসভমেব ধনিনং ধনরক্ষকং চাভিভূয় তয়োঃ পশ্যতোরেব ধনং হরন্তি, তথেন্দ্রিয়াণ্যপি বিষয়সন্নিধানে মনো হরন্তীতি ॥ ৬০ ॥

নীলকণ্ঠ।—কিঞ্চ সুপ্তাদেরিন্দ্রিয়াণি শ্রান্ত্যা স্বয়মেব লীয়ন্তে সমাহিতেন তু তানি কূর্ম্মোঽঙ্গানীব স্বেচ্ছয়া সংহ্রিয়ন্তে এতচ্চাত্যন্তায়াসসাধ্যমিত্যাহ যতত ইতি। বিপশ্চিতঃ শাস্ত্রাচার্য্যোপদেশবতো যততোঽপি সমাধিসিদ্ধ্যর্থং যতমানস্যাপি পুরুষস্য ইন্দ্রিয়াণি কর্তৃণি মনঃ প্রতীচি স্থিরীক্রিয়মাণং বন্দীভূতং হরন্তি বিষয়প্রবণং কুর্ব্বন্তি যতঃ প্রমাথীনি, যথা বহবশ্চৌরা বনে একং পুরুষং প্রমথ্য তস্য বিত্তং হরন্তি, এবং ইন্দ্রিয়াণি যততো মনো হরন্তি, যতঃ প্রসভম-তিশয়েন প্রমথনশীলানি ॥ ৬০ ॥

বিশ্বনাথ।—সাধকাবস্থায়ান্ত যত্ন এব মহান্ ন ত্বিন্দ্রিয়াণি পরাবর্ত্তয়িতুং সর্ব্বথা[illegible]-রিত্যাহ যতত ইতি। প্রমাথীনি প্রমথনশীলানি অতিক্ষোভকরাণীত্যর্থঃ ॥ ৬০ ॥

তাৎপর্য্য।—প্রজ্ঞার স্থৈর্য্য সাধনার্থ বাহ্যেন্দ্রিয় এবং মনের নিগ্রহ নিতান্ত আবশ্যক। তজ্জন্য প্রথমতঃ ইন্দ্রিয় সমূহকে আত্মবশে স্থাপিত করা বিশেষ প্রয়োজন। ইন্দ্রিয় বশীভূত না হইলে যে অতিশয় অনিষ্ট সংঘটিত হইয়া থাকে, তাহাই এই শ্লোকে প্রদর্শিত হইতেছে। হে পার্থ! যে পুরুষপ্রবর পুনঃ পুনঃ বিষয়-ভোগের দোষ দর্শনে বিরক্ত-চিত্ত হইয়া জ্ঞান-মার্গে অগ্রসর হইবার নিমিত্ত যত্নশীল, তাদৃশ বিবেকজ্ঞান-

তস্যামাত্মনিষ্ঠায়াং সংযমী নিগৃহীতেন্দ্রিয়ো জাগর্ত্তি প্রবুধ্যতে, যস্যান্তু বিষয়নিষ্ঠায়াং ভূতানি জাগ্রতি প্রবুধ্যন্তে সা আত্মতত্ত্বং পশ্যতো মুনের্নিশা তস্যাং "দর্শনাদিব্যাপারস্তস্য নাস্তীত্যর্থঃ।" এতদুক্তং ভবতি, যথা—দিবান্ধানামুলূকাদীনাং রাত্রাবেব দর্শনং ন তু দিবসে এবং ব্রহ্মজ্ঞোন্মীলিতাক্ষস্যাপি ব্রহ্মণ্যেব দৃষ্টির্ন তু বিষয়েষু, অতো নাসম্ভাবিতমিদং লক্ষণমিতি ॥ ৬৯ ॥

বলদেব।—সাধকাবস্থস্য স্থিতপ্রজ্ঞস্যেন্দ্রিয়সংযমঃ প্রযত্নসাধ্য ইত্যুক্তম্। সিদ্ধাবস্থস্য তু তস্য তন্নিয়মঃ স্বাভাবিক ইত্যাহ যা নিশেতি। বিবিক্তাত্মনিষ্ঠা বিষয়নিষ্ঠা চেতি বুদ্ধির্দ্বিধা। যাত্মনিষ্ঠা বুদ্ধিঃ সর্ব্বভূতানাং নিশারূপকেণোপমাত্র ব্যজ্যতে রাত্রিতুল্যা তদপ্রকাশিকা। রাত্রাবিবাত্মনিষ্ঠায়াং বুদ্ধৌ স্বপন্তো জনাস্তল্লভ্যমাত্মানং সর্ব্বে নানুভবন্তীত্যর্থঃ। সংযমী জিতেন্দ্রিয়স্তু তস্যাং জাগর্ত্তি ন তু স্বপিতি, তয়া লভ্যমাত্মানমনুভবতীত্যর্থঃ। যস্যাং বিষয়নিষ্ঠায়াং বুদ্ধৌ ভূতানি জাগ্রতি বিষয়ভোগাননুভবন্তি ন তু তত্র স্বপন্তি, সা মুনেঃ স্থিতপ্রজ্ঞস্য নিশা, তস্য বিষয়ভোগাপ্রকাশিকেত্যর্থঃ। কীদৃশস্যেত্যাহ পশ্যত ইতি। আত্মানং সাক্ষাদনুভবতঃ প্রারব্ধাকৃষ্টান্ বিষয়ানপ্যৌদাসীন্যেন ভুঞ্জানস্য চেত্যর্থঃ। নর্ত্তকীমূর্দ্ধঘটাবধানন্যায়েনাত্মদৃষ্টের্ন তদন্যরসগ্রহ ইতি ভাবঃ ॥ ৬৯ ॥

মধুসূদন।—তদেবং মুমুক্ষুণা প্রজ্ঞাস্থৈর্য্যায় প্রযত্নপূর্ব্বকমিন্দ্রিয়সংযমঃ কর্ত্তব্য ইত্যুক্তং, স্থিতপ্রজ্ঞস্য তু স্বতঃ সিদ্ধ এব সর্ব্বেন্দ্রিয়সংযম ইত্যাহ যা নিশেতি। যা বেদান্তবাক্যজনিতসাক্ষাৎকাররূপাঽহং ব্রহ্মাস্মীতি প্রজ্ঞা সর্ব্বভূতানামজ্ঞানং নিশেব নিশা, তান্ প্রত্যপ্রকাশরূপত্বাৎ, তস্যাং ব্রহ্মবিদ্যালক্ষণায়াং সর্ব্বভূতনিশায়াং জাগর্ত্তি অজ্ঞাননিদ্রায়াঃ প্রবুদ্ধঃ সন্ সাবধানো বর্ত্ততে সংযমী ইন্দ্রিয়সংযমবান্ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। যস্যান্তু দ্বৈতদর্শনলক্ষণায়ামবিদ্যানিদ্রায়াং প্রসুপ্তান্যেব ভূতানি জাগ্রতি স্বপ্নবৎ ব্যবহরন্তি, সা নিশা ন প্রকাশতে আত্মতত্ত্বং পশ্যতোঽপরোক্ষতয়া মুনেঃ স্থিতপ্রজ্ঞস্য যাবদ্ধি ন প্রবুধ্যতে তাবদেব স্বপ্নদর্শনং বাধপর্য্যন্তত্বাভ্রমস্য, তত্ত্বজ্ঞানকালে তু ন ভ্রমনিমিত্তঃ কশ্চিদ্ব্যবহারঃ। তদুক্তং বার্ত্তিককারৈঃ, "কারকব্যবহারে হি শুদ্ধং বস্তু ন বীক্ষ্যতে। শুদ্ধে বস্তুনি সিদ্ধে চ কারকব্যাপৃতিস্তথা॥ কাকোলূকনিশেবায়ং সংসারোঽজ্ঞাত্মবেদিনোঃ। যা নিশা সর্ব্বভূতানামিত্যবোচৎ স্বয়ং হরিঃ॥" ইতি। তথাচ যস্য বিপরীতদর্শনং তস্য ন বস্তুদর্শনং বিপরীতদর্শনস্য বস্তুদর্শনজন্যত্বাৎ, যস্য চ বস্তুদর্শনং তস্য ন বিপরীতদর্শনং বিপরীতদর্শনকারণস্য বস্তুদর্শনস্য বস্তুদর্শনেন বাধিতত্বাৎ। তথাচ শ্রুতিঃ, "যত্র বা অন্যদিব স্যাৎ তত্রান্যোঽন্যৎ পশ্যেৎ যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেৎ" ইতি। বিদ্যাবিদ্যয়োর্ব্যবস্থামাহ, যথা, কাকস্য রাত্র্যন্ধস্য দিনমুলূকস্য দিবান্ধস্য নিশা রাত্রৌ পশ্যতশ্চোলূকস্য যদ্দিনং রাত্রিরেব সা কাকস্য ইতি মহদাশ্চর্য্যমেতৎ। অতত্ত্বদর্শিনঃ কথমাবিষ্টকক্রিয়াকারকাদিব্যবহারঃ স্যাদিতি, স্বতঃ সিদ্ধএব তস্যেন্দ্রিয়সংযম ইত্যর্থঃ ॥ ৬৯ ॥

নীলকণ্ঠ।—"যদা পঞ্চাবতিষ্ঠন্তে" ইত্যুদাহৃতশ্রুতেঃ "তামাহুঃ পরমাং গতিম্" ইত্যেতং

চতুর্থং পাদং ব্যাচষ্টে যা নিশেতি। "সর্ব্বেষাং ভূতানামজ্ঞানাং যা নিশেব নিশা যস্যাং যথা দিনে উলূকা ইবানন্ধা অপ্যন্ধা এব সর্ব্বে প্রাণিনো ভবন্তি, তস্যাং তস্মিন্ প্রত্যগ্‌জ্যোতিষি সংযমী ইন্দ্রিয়মনোবুদ্ধীনাং নিগ্রহণশীলো যোগী জাগর্ত্তি, ইন্দ্রিয়াদীনাং দৃক্‌শক্তিলোপেঽপি অলুপ্তদৃক্‌শক্তিরেবাস্তে; তথা চ শ্রুতিঃ, "ন হি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতে বিনাশিত্বাৎ" ইতি যস্যামবিদ্যাখ্যায়াং নিশায়াং ক্রিয়াকারকাদিদ্বৈতস্বপ্নপ্রবর্ত্তিকায়াং সর্ব্বাণি ভূতানি জাগ্রতি নিশীথে উলূকা ইব স্বস্বব্যাপারে প্রবর্ত্তন্তে সা অবিদ্যা পশ্যতো মুনেঃ আত্মদর্শনবতো যোগিনঃ প্রারব্ধকর্ম্মণা বিদেহকৈবল্যপ্রতিবন্ধাৎ লেশতোঽনুবর্ত্তমানা ব্যুত্থানকালে ব্যবহরতোঽস্য গাঢ়ান্ধকারবতী নিশেব ক্লেশকরী ভবতি। অতিসুকুমারা হি যোগিনঃ বাহ্যব্যবহারাদুদ্বিজন্তে, নরা ইব গাঢ়ান্ধকারে সঞ্চারাৎ। যথোক্তং যোগভাষ্যে, "অক্ষিমাত্রকল্পো হি বিদ্বানল্পদুঃখলেশেনাপ্যুদ্বিজতে" ইতি। অত্র বার্ত্তিকানি, "কারকব্যবহারে হি শুদ্ধং বস্তু ন বীক্ষ্যতে। শুদ্ধে বস্তুনি সিদ্ধে চ কারকব্যাপৃতিস্তথা॥ কাকোলূকনিশেবায়ং সংসারোঽজ্ঞাত্মবেদিনোঃ। যা নিশা সর্ব্বভূতানামিত্যবোচৎ স্বয়ং হরিঃ॥" ইতি, "বুদ্ধতত্ত্বস্য লোকোঽয়ং জড়োন্মত্তপিশাচবৎ। বুদ্ধতত্ত্বোঽপি লোকস্য জড়োন্মত্তপিশাচবৎ॥" ইতি, তদেবং "কিমাসীত" ইত্যস্যোত্তরং "যদা সংহরতে চায়ম্" ইত্যাদিনা এতদন্তেন গ্রন্থেন স্থিতপ্রজ্ঞঃ সদা সমাধিমনুতিষ্ঠন্ পরমাং গতিং প্রাপ্যাস্ত ইত্যুক্তম্॥ ৬৯॥

বিশ্বনাথ।—স্থিতপ্রজ্ঞস্য তু স্বতঃ সিদ্ধএব সর্ব্বেন্দ্রিয়নিগ্রহ ইত্যাহ যেতি। বুদ্ধির্হি দ্বিবিধা ভবতি আত্মপ্রবণা বিষয়প্রবণা চ। তত্র যা আত্মপ্রবণা বুদ্ধিঃ সা সর্ব্বভূতানাং নিশা। নিশায়াং কিং কিং স্যাদিতি তস্যাং স্বপন্তো জনাঃ যথা ন জানন্তি তথৈবাত্মপ্রবণবুদ্ধৌ প্রাপ্যমানং বস্তু সর্ব্বভূতানি ন জানন্তি। কিন্তু তস্যাং সংযমী স্থিতপ্রজ্ঞো জাগর্ত্তি নতু স্বপিত্যতঃ আত্মবুদ্ধিনিষ্ঠমানন্দং সাক্ষাদনুভবতি। যস্যাং বিষয়প্রবণায়াং বুদ্ধৌ ভূতানি জাগ্রতি তন্নিষ্ঠং বিষয়সুখশোকমোহাদিকং সাক্ষাদনুভবতি নতু তত্র স্বপন্তি, সা মুনেঃ স্থিতপ্রজ্ঞস্য নিশা তন্নিষ্ঠং কিমপি নানুভবতীত্যর্থঃ। কিন্তু পশ্যতঃ সাংসারিকাণাং সুখদুঃখপ্রদান্ বিষয়ান্ তত্রৌদাসীন্যেনাবলোকয়তঃ স্বভোগ্যান্ বিষয়ানপি যথোচিতং নির্লেপমাদদানস্যেত্যর্থঃ॥ ৬৯॥

তাৎপর্য্য।—আত্মতত্ত্বজ্ঞ বা স্থিতপ্রজ্ঞ ব্যক্তিই সর্ব্বকর্ম্ম পরিত্যাগের অধিকারী এবং তদ্ব্যতীত অজ্ঞ ব্যক্তিই কর্ম্মের অধিকারী, এই অর্থ প্রতিপাদনোদ্দেশেই বর্ত্তমান শ্লোকের অবতারণা। পূর্ব্বে স্থূলতঃ প্রদর্শিত হইয়াছে যে, অবিদ্যা বিদ্যাবিরোধী, সুতরাং বিদ্যাপ্রভাবে অবিদ্যা বিনিবৃত্ত হয়। লৌকিক ও বৈদিক ব্যবহার সমূহ আবিদ্যক বা অবিদ্যারই কার্য্যভূত। স্থিতপ্রজ্ঞ ব্যক্তির অর্থাৎ যাঁহার বিবেক জ্ঞান সম্যক্ উৎপন্ন হইয়াছে

এবংভূত পুরুষের অবিদ্যা বিনিবৃত্ত হইলেই তৎকার্য্যভূত লৌকিক ও বৈদিক ব্যবহার সমূহও বিনিবৃত্ত হয়। এক্ষণে বোধ-সৌকর্য্যার্থে পূর্ব্বোক্ত বিষয়ই স্ফুটীকৃত হইতেছে। অর্থাৎ সেই সর্ব্বান্তর্য্যামী ভগবান্ শ্রীকৃষ্ণ দেখিলেন যে, আমি এতক্ষণ যে সমস্ত গূঢ়-ভাব-ব্যঞ্জক কথা বলিলাম, সখা আমার সে সমস্ত কথা আদৌ হৃদয়ঙ্গম করিতে পারেন নাই, অতএব কিছু স্পষ্ট করিয়া না বলিলে তিনি সমস্ত কথার ভাব সবিশেষ বুঝিতে পারিবেন না। তজ্জন্য ভগবান্ বলিতেছেন, অর্জ্জুন! তুমি একবার তোমার বাহ্য ও আভ্যন্তর ইন্দ্রিয়গুলির বিষয় পর্য্যালোচনা করিলে দেখিতে পাইবে, সকল তত্ত্বই তোমার হৃদয়ের আশ্রয় গ্রহণ করিয়াছে। একদিকে দেখ চক্ষুরাদি বাহ্য ইন্দ্রিয়গণ অবিরত পরাক্-প্রবৃত্তি তৎপর, অর্থাৎ রূপ-রসাদি বাহ্য বিষয় গ্রহণেই তৎপর; অপরদিকে দেখ মন প্রভৃতি অন্তরিন্দ্রিয়গণ প্রত্যক্-প্রবৃত্তি তৎপর, অর্থাৎ প্রতি পদার্থে স্থিত সেই আত্মপ্রবৃত্তি তৎপর। অতএব উভয়ে পরস্পর বিরুদ্ধ ধর্ম্মাক্রান্ত। এইরূপ আবার পরাক্ দর্শন এবং প্রত্যক্ দর্শনও পরস্পর বিরোধী। পরাক্দর্শন বা বাহ্য বিষয়াদিগ্রহণ আবার সেই অনাদি আত্মার আবরণ-শক্তিস্বরূপ অবিদ্যার কার্য্যভূত, এবং প্রত্যক্ দর্শন বা আত্মদর্শন বিদ্যারই প্রভাবভূত, সুতরাং পূর্ব্বোক্ত রীত্যনুসারে আত্ম-দর্শন বা বিদ্যাপ্রভাবে অবিদ্যার সর্ব্ববিধ কার্য্যই নিবৃত্ত হয়। অতএব আত্মদর্শনের নিমিত্ত বাহ্য রূপ-রসাদি বিষয় হইতে ইন্দ্রিয়-গণকে নিগৃহীত করা তোমার একান্ত কর্ত্তব্য। কারণ বাহ্য ইন্দ্রিয়গণকে বাহ্য বিষয় হইতে নিগৃহীত করিয়া অন্তর্ম্মুখীন করিলে, তুমি আত্ম-দর্শন-লাভ করিবে এবং আত্ম-দর্শন-লাভ করিলেই অবিদ্যা ও অবিদ্যার কার্য্য সমূহও স্বতঃ নিবৃত্ত হইবে। তোমাকে পূর্ব্বেই বলিয়াছি যে, প্রত্যক্ দর্শন অন্তরিন্দ্রিয় দ্বারাই সংসাধিত হয়, বাহ্য বিষয়ে ব্যাপৃত বাহ্য ইন্দ্রিয় দ্বারা সাধিত হইতে পারে না; সুতরাং বাহ্য বিষয় হইতে ইন্দ্রিয়গণকে বিমুখ করা তোমার মত বুদ্ধিমানের অবশ্য কর্ত্তব্য। আরও দেখ সখে! যে সময় দিঙ্মণ্ডল ঘোর অন্ধকারে সমাবৃত হয়, তমোবাহুল্য-নিবন্ধন যে সময় সর্ব্ববিধ পদার্থই অন্য কোন প্রকাশক পদার্থের সাহায্য ব্যতি-রেকে চর্ম্মচক্ষুর অগোচর হয়, কোন্টী কি পদার্থ তাহা আমরা যে সময় ঠিক্ বুঝিতে পারি না, সেই সময়ের নাম "নিশা।" উক্তবিধ লক্ষণাক্রান্ত

সময়ের সম্পূর্ণ বিপরীত-ভাবাক্রান্ত সময়ের নাম "দিবা"। এই নিশা বা দিবা সকলের পক্ষে একরূপ নহে। পেচকাদি প্রাণী অস্মন্নির্দ্ধারিত নিশাতে অস্মন্নির্দ্ধারিত দিবার ন্যায় স্বচ্ছন্দে বিচরণ করে বলিয়াই, আমরা তাহাদিগকে নিশাচর বলি। আমরা তাহাদিগকে নিশাচর বলিলে কি হইবে? বস্তুতঃ আমাদের পক্ষে যাহা নিশা, পেচকাদির পক্ষে তাহাই দিবা এবং আমাদিগের পক্ষে যাহা দিবা, পেচকাদির পক্ষে তাহাই নিশা। ইহা আমাদের চর্ম্মচক্ষু দ্বারা পরিদৃশ্যমান জগতের কথা। জ্ঞানলোচনালোকনীয় আধ্যাত্মিক জগতের নিশা দিবাও এইরূপ।

আধ্যাত্মিক জগতে জীব দুই প্রকার। প্রথম জ্ঞানী, দ্বিতীয় অজ্ঞানী। অজ্ঞানীর পক্ষে যাহা নিশা, জ্ঞানীর পক্ষে তাহা দিবা এবং অজ্ঞানীর পক্ষে যাহা দিবা জ্ঞানীর পক্ষে তাহাই নিশা।

প্রথমতঃ ভাবিয়া দেখ যে, নিশা ও দিবার পার্থক্য কি লইয়া? নিশা দিবার পার্থক্য বস্তু বিষয়ক জ্ঞান ও অজ্ঞান লইয়া। যে কেহ হউক না কেন, সে যে সময় বস্তু বিষয়ক জ্ঞান লাভ করে, তাহার পক্ষে তাহাই দিবা এবং যে সময় বস্তু বিষয়ক জ্ঞান লাভ না করে, তাহাই তাহার পক্ষে নিশা। সর্ব্বাশ্চর্য্যময় সর্ব্বেশ্বরের রাজ্যে সকলই আশ্চর্য্য। একের পক্ষে যাহা রাত্রি অন্যের পক্ষে তাহা দিবা, একের যাহাতে সুখ অন্যের তাহাতে দুঃখ, একের পক্ষে যাহা ভাল অন্যের পক্ষে তাহাই মন্দ; সকল বিষয়েই এইরূপ। লীলাময়ের ইহাই লীলা-বৈচিত্র! যেরূপ এক নিশাতেই আরোপিত-নিশাত্ব ও আরোপিত-দিবাত্ব অনুস্যূত এবং এক দিবাতে আরোপিত-দিবাত্ব ও আরোপিত-নিশাত্ব এতদুভয় ধর্ম্মই বিদ্যমান, অর্থাৎ নিশা দিবা দুই এক হইলেও ভিন্ন ভিন্ন জীবের ব্যবহার লইয়া বা অধিকারী ভেদে যে রূপ ভিন্ন হইয়া পড়িয়াছে, সেইরূপ একমাত্র পরমার্থ তত্ত্বই জ্ঞানী ও অজ্ঞানীরূপ গৃহীতা ভেদে দুই রূপে বিভক্ত হইয়াছে। যে পরমার্থ তত্ত্ব অজ্ঞানীর নিকট নিশা, সেই পরমার্থ তত্ত্বই আবার জ্ঞানীর নিকট দিবা। অর্থাৎ অজ্ঞানিগণের বুদ্ধি নিয়ত অতদ্বস্তুতে (ন তৎ-অতৎ, তদ্ব্যতিরিক্ত, অর্থাৎ সেই পরমাত্মা ব্যতিরিক্ত—বাহ্য ঘটপটাদিতে) আসক্ত বলিয়া পরমার্থ তত্ত্ব তাহাদিগের বুদ্ধির অগোচর, সুতরাং পরমার্থতত্ত্ব তাহাদিগের পক্ষে নিশা সদৃশ। আবার অজ্ঞানীর নিশা

সদৃশ সেই পরমার্থতত্ত্ব সংযমীর পক্ষে দিবা সদৃশ। পূর্ব্বে আমি তোমাকে যে ইন্দ্রিয়-সংযম-বিষয়ক উপদেশ প্রদান করিয়াছি সেই ইন্দ্রিয় সংযম যিনি করিয়াছেন তিনিই সংযমী জিতেন্দ্রিয় বা যোগী অর্থাৎ জ্ঞানী।

যেরূপ প্রাতঃকাল হইলে মরীচিমালী নিজ কিরণ-জাল বিস্তার করিয়া নৈশতমঃ বিদূরিত করিলে, নিশাভাগে সুষুপ্ত পুরুষ প্রবুদ্ধ হইয়া শয্যা-ত্যাগ পূর্ব্বক গাত্রোত্থান করে বা জাগরিত হয় এবং মিহির-কর-প্রতিভাত প্রকাশিত পদার্থ-নিচয় নয়ন-গোচর করে, ইন্দ্রিয়-সংযমানুষ্ঠান-তৎপর জীবও সেইরূপ মহাবাক্যরূপ সুষুপ্তোত্থাপক বাক্যে প্রতিবুদ্ধ হইয়া, অজ্ঞান-নিদ্রা পরিত্যাগপূর্ব্বক অভিমানরূপ শয্যা হইতে গাত্রোত্থান করে বা জাগরিত হয় ও সেই এক স্বপ্রকাশ কর্ত্তৃক প্রকাশিত চিন্ময় বিশ্বকে জ্ঞান-নয়ন-পথাবলম্বী করে। ইহাই জ্ঞানীর (জিতেন্দ্রিয়ের) দিবা বা জাগরণ এবং সুতরাং ইহাই অজ্ঞানীর (অজিতেন্দ্রিয়ের) নিশা বা নিদ্রা। অজ্ঞান নাশেই জ্ঞানের উদয়, রাত্রি নাশেই দিবার উদয়, নিদ্রা নাশেই জাগরণের আগমন; অজ্ঞানও রাত্রি বা নিদ্রা স্বরূপ বলিয়া বর্ণিত হইয়াছে। সুতরাং সেই অজ্ঞান বা নিদ্রা যাহার আছে সেই অজ্ঞানী বা নিদ্রিত এবং অজ্ঞান নাশ, নিদ্রানাশ বা জাগরণ যাহার আছে সেই জ্ঞানী বা জাগরিত। সুতরাং ইহাই সিদ্ধান্তীকৃত হইল যে, অজ্ঞানী পরমার্থতত্ত্ব-লক্ষণ অজ্ঞান-নিদ্রায় নিদ্রিত বা তাহাই অর্থাৎ সেই পরমার্থতত্ত্বই অজ্ঞানীর নিশা সদৃশ, এবং জ্ঞানী সেই পরমার্থতত্ত্ব লক্ষণ অজ্ঞান-নিদ্রা হইতে প্রবুদ্ধ হইয়া জাগরিত বা সেই পরমার্থতত্ত্বই জ্ঞানীর দিবা সদৃশ। আরও দেখ, যে নিশায় অর্থাৎ দ্বৈতলক্ষণ অবিদ্যানিদ্রায় প্রসুপ্ত অজ্ঞানিগণ জাগরিত হয়, পরমার্থতত্ত্বদ্রষ্টা মুনির বা জ্ঞানীর পক্ষে তাহাই নিশা। এখানে তোমার এরূপ সংশয় হইতে পারে যে, নিদ্রিতের আবার জাগরণ কিরূপ? তাহাও বলিতেছি, প্রথমতঃ দেখ যে, এখানে নিশা ও দিবা শব্দ নৈশ তমঃ কার্য্যভূত নিদ্রা এবং দৈবস বস্তু প্রকাশ ও জাগরণ অর্থে প্রযুক্ত হইয়াছে। দ্বিতীয়তঃ, পূর্ব্বে বলা হইয়াছে যে, অবিদ্যা বা অজ্ঞানই নিদ্রা সদৃশ, অজ্ঞানী জীবনিচয় সেই ঘুমঘোরে নিয়ত অচেতন, সুতরাং চির-নিদ্রিতের জাগরণ অসম্ভব। এস্থলে জাগরণ ও দিবাও যে একার্থ প্রতি-পাদক তাহাও পূর্ব্বে বলা হইয়াছে। তাহা হইলে এখন দেখ যে, চির

নিদ্রিতের জাগরণ অসম্ভব হইলেও, নিদ্রার দুইরূপ অবস্থাভেদ পরিলক্ষিত হয়। প্রথম স্বপ্ন, দ্বিতীয় সুষুপ্তি। এখানে ঐ প্রথমোক্ত স্বপ্নাবস্থাই সুষুপ্তের জাগরণ বলিয়া বুঝিতে হইবে। তাহা না হইলে সুষুপ্তের বা অবিদ্যানিদ্রাভিভূত জীবের জাগরণ বা দিবা নিতান্ত বিরুদ্ধার্থ প্রতিপাদন করিত, অর্থাৎ যেরূপ নিতান্ত দীন ও দরিদ্র স্বপ্নদ্রষ্টা, এক শতচ্ছিন্ন কন্থার শয়ন করিয়া, নিজ প্রকৃতাবস্থাতিরিক্ত রাজ্যাদি বহুবিধ অতদ্ বিষয়ের স্বপ্ন সন্দর্শন করে, বা তৎসমস্ত জাগ্রদবস্থার তুল্য প্রকৃত বলিয়া মনে করে, নিজের প্রকৃত স্বরূপ একবারও ভাবে না; ঘোর অজ্ঞাননিদ্রাভিভূত জীবনিচয়ও সেইরূপ "তৎ" সেই প্রকৃত পরমাত্মা বা স্বস্বরূপ বিস্মৃত হইয়া, নিজ স্বরূপাতিরিক্ত বহুবিধ ঘটপটাদি "অতৎ" পদার্থের স্বপ্ন সন্দর্শন করে, নিজের প্রকৃত স্বরূপ একবারও ভাবে না। স্বপ্নাবস্থায় জাগ্রদবস্থার ন্যায় সকল পদার্থ প্রকৃত বলিয়া বোধ হয় বলিয়াই, এস্থলে স্বপ্ন নিদ্রিতের জাগরণ বলিয়া উল্লিখিত হইল। অজ্ঞানীর এবংবিধ জাগ্রদবস্থা বা দিবা মুনির পক্ষে নিশা সদৃশ, অর্থাৎ পরমার্থতত্ত্বদ্রষ্টার অবিদ্যাবিজৃম্ভিত সর্ব্ববিধ দ্বৈতাবস্থা বিনিবৃত্ত হইয়াছে বলিয়া তাঁহার পক্ষে দ্বৈতাবস্থাই নিশা সদৃশ।

এক্ষণে পূর্ব্বাপর পর্য্যালোচনা করিয়া দেখ যে, বস্তুতঃ অজ্ঞানীর পরমার্থাবস্থাই নিশাসদৃশ এবং জ্ঞানীর দ্বৈতাবস্থাই নিশাসদৃশ; সুতরাং অবিদ্যাবস্থাতেই লোককে কর্ম্মে প্রবর্ত্তিত করা যায়, কারণ অবিদ্যাবস্থাতেই ক্রিয়া, কারক ও ফলভেদাদি পরিস্ফুরিত হয়। কিন্তু বিদ্যাবস্থায় কর্ম্মে প্রবর্ত্তিত করা যায় না; কারণ যেরূপ দিনমণির উদয়ে বিভাবরীর অন্ধকার-রাশি দূরে পলায়ন করে, সেইরূপ বিদ্যার আবির্ভাবে অবিদ্যা প্রণষ্ট হয়। অর্থাৎ বিদ্যা উৎপত্তির পূর্ব্বে অবিদ্যা ক্রিয়াদিভেদ প্রাপ্ত হইয়াও প্রমাণরূপ বুদ্ধি দ্বারা গ্রাহ্যত্ব প্রাপ্ত হইয়া সর্ব্ববিধ কর্ম্মের হেতু হয়। কারণ অবিদ্যাই সেই ক্রিয়াকারক ফলাদিগত হেতু। কিন্তু বিদ্যাবস্থায় অপ্রমাণবুদ্ধি দ্বারা গৃহ্যমাণ হয় বলিয়া অবিদ্যা কর্ম্মহেতু হইতে পারে না। ইহার স্থূলার্থ, বিদ্যা অবিদ্যাবিরোধী, বিদ্যার আবির্ভাবে অবিদ্যা নাশ হয়, কিন্তু বিদ্যা উদয়ের পূর্ব্বে অবিদ্যার কোনরূপ বাধক থাকে না বলিয়া, সেই বাধাপরিহীনা অবিদ্যা ক্রিয়াকারক ফলাদিরূপ বহুবিধ ভেদপ্রাপ্ত হয়। সেই অবিদ্যাবিজৃম্ভিত বহুবিধ ভেদের জ্ঞাণ

তখন প্রত্যক্ষের ন্যায় প্রামাণিক বলিয়া বোধ হয়। অথচ এবংবিধ বহুবিধ ভেদাভিমানের হেতুই সেই অবিদ্যা; সুতরাং তাহা বিদ্যোদয়ের পূর্ব্বে কর্ম্মের হেতু হয়। পরন্তু বিদ্যা, অবিদ্যা সমুৎপন্ন হইলে নাশ পায় বলিয়া, তখন এরূপ বুদ্ধি হয় (এরূপ বুঝা যায়) যে ক্রিয়াদিতে ভেদ ভাণ অপ্রমাণ অর্থাৎ কিছুই নহে। এই সময় অবিদ্যা বিদ্যাপ্রভাবে বাধিতা; সুতরাং এই বাধিতা আভাসমাত্রাবশিষ্টা অবিদ্যা, বহুবিধ ক্রিয়াকারকাদি ভেদভাগিনী হইলেও. কর্ম্মহেতু হইতে পারে না। মৃত মার্জ্জার কখনও মূষিক গ্রহণে সমর্থ হয় না।

এ বিষয় আরও বিশদীকৃত হইতেছে, দত্তাবধান হও। অজ্ঞ ব্যক্তি, "আমি মনুষ্য, আমার কামনাদি বর্ত্তমান, প্রমাণভূত বেদ আমার মত কামনাজীবনাদিমান্ জীবের জন্য যে কর্ম্মের বিধান করিয়াছেন, সেই কর্ম্ম আমার অবশ্য কর্ত্তব্য", এইরূপ মনে করিয়া কর্ম্মে প্রবর্ত্তিত হয় সুতরাং অজ্ঞ ব্যক্তি কর্ম্মেরই অধিকারী। কিন্তু যে ব্যক্তি (জ্ঞানী) "এই পরিদৃশ্যমান অবিদ্যামাত্র দ্বৈতজাতই নিশার ন্যায় (আঁধারের ন্যায় কিছুই নহে)" এইরূপ মনে করেন, তিনি কখনও কর্ম্মে প্রবর্ত্তিত হন না; সুতরাং এবংবিধ আত্মজ্ঞানী সর্ব্বকর্ম্ম-সন্ন্যাসেরই অধিকারী। তিনি যে কর্ম্মপ্রবৃত্তির অধিকারী নহেন ও কেবল মাত্র জ্ঞান নিষ্ঠার অধিকারী তাহা অগ্রে ("তদ্বুদ্ধয়স্তদাত্মানঃ" ইত্যাদি শ্লোকে) প্রদর্শিত হইবে।

এখন যদি তুমি এরূপ আশঙ্কা কর যে, প্রবর্ত্তক প্রমাণই বিধি, সেই প্রবর্ত্তক প্রমাণ না থাকিলে কেহ কর্ম্মে প্রবর্ত্তিত হইতে পারে না। এইরূপ নিয়মানুসারে প্রবর্ত্তক প্রমাণের বা বিধির অভাবে জ্ঞানী জ্ঞাননিষ্ঠায় কিরূপে প্রবর্ত্তিত হইবে? সুতরাং জ্ঞানীরও বিধির আশ্রয় গ্রহণ করা বিধেয়। অর্জ্জুন! তোমার এরূপ আশঙ্কা নিতান্ত অবিচার-প্রণোদিত। এরূপ আশঙ্কা হইতেই পারে না; কারণ, কি আত্মজ্ঞান, কি আত্মা এতদুভয়ের একটিতেও বিধি অপেক্ষিত হইতে পারে না। কেন হইতে পারে না, তৎপ্রতি হেতুবাদ সবিশেষ নির্দ্দেশ করিতেছি। যে বাক্য প্রবর্ত্তিত করে তাহারই নাম প্রবর্ত্তক। প্রমাণ বহুবিধ; তন্মধ্যে শব্দও একটি প্রবর্ত্তক প্রমাণ বা বিধিবাক্য; যেরূপে 'স্বর্গকামী অশ্বমেধেন যজেত' ইত্যাদি। এরূপ স্থলে প্রমাণভূত শব্দই কামী জীবকে কর্ম্মানুষ্ঠানের

বিধি প্রদান করিতেছে বা তাহাকে কর্ম্মে প্রবর্ত্তিত করিতেছে। সুতরাং এরূপ স্থলে কর্ম্মে প্রবৃত্তির নিমিত্ত, প্রবর্ত্তক প্রমাণের অপেক্ষা করিতে হয়। আর এক কথা, প্রমাণ শব্দিত যে বিধি তাহা সাধ্য স্বর্গাদিকেই বিষয় করে; কিন্তু আত্মা নিত্য সিদ্ধ, আত্মদর্শনও সেই আত্মাকেই বিষয় করে; সুতরাং কি আত্মা বা আত্মদর্শনে বিধির অপেক্ষা হইতে পারে না। সাধ্যেই বিধি চলিতে পারে, সিদ্ধে পারে না। আপনাকে আপনি জানিতে হইলে বিধির প্রয়োজনই বা কি? এখন যদি বল, স্বীকার করিলাম যে, আত্মা এবং আত্মজ্ঞানে বিধি অপেক্ষিত হইতে পারে না, কিন্তু জ্ঞানীর প্রমাণ প্রমেয় ব্যবহারের নিমিত্ত বিধির অপেক্ষা হওয়া উচিত। তাহাও বলিতে পার না। কারণ আত্মজ্ঞান উদিত হইলে সকল প্রমাণেরই প্রামাণ্যের অবসান হয়, সুতরাং তৎকালে সর্ব্ববিধ ব্যবহারও লোপ পায়; অতএব তাহার প্রতি বিধি অপেক্ষিত হইতে পারে না। অধিক কি আত্মস্বরূপ সম্প্রাপ্তি হইলে পুনরায় প্রমাণ প্রমেয় ব্যবহারই হইতে পারে না ("যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ তৎ কেন কং পশ্যেৎ" ইত্যাদি শ্রুতি)। তোমার এরূপ আশঙ্কা হইতে পারে যে, যেরূপ ধর্ম্মাধিগমে প্রমাণ প্রমেয় ব্যবহার হয়, সেইরূপ আত্মাধিগমেও প্রমাণ প্রমেয় ব্যবহার কেন না হইবে? তাহাও বলিতেছি। প্রথমতঃ দেখ প্রমাকরণের নামই প্রমাণ অর্থাৎ যাহা দ্বারা প্রমা (সম্যক্ জ্ঞান) সঞ্জাত হয়, তাহারই নাম প্রমাণ। (৩০৮ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)। যদ্বিষয়ক প্রমা সঞ্জাত হয়, তাহারই নাম প্রমেয়, এবং যে প্রমা-জ্ঞান লাভ করে তাহারই নাম প্রমাতা। প্রমাতা থাকিলেই প্রমাণ প্রমেয় ব্যবহারও হইতে পারে। প্রমাতা না থাকিলে প্রমাণ প্রমেয় ব্যবহার কে করিবে? "আমি একটি ঘট দর্শন করিতেছি" এরূপ স্থলে প্রমাতা "আমি" প্রমেয় "ঘট", ও 'প্রমাণ' সন্নিকৃষ্ট চক্ষুরিন্দ্রিয়। কিন্তু প্রমাতা বা আমি যদি না থাকি, তবে আর ঘট, কে কি দিয়া দেখিবে? ফল কথা প্রমাতাকে লইয়াই প্রমাণ প্রমেয় ব্যবহার। প্রমাতা, প্রমেয় ও প্রমাণ এতৎত্রিতয়ই পরস্পরসাপেক্ষ। এখন মনে কর আত্মবস্তু প্রমেয়, প্রমাতা জীব, প্রমাণ শব্দ। কিন্তু অন্ত্য বা চরম প্রমাণ "অহং ব্রহ্মাস্মি" ইত্যাকার জ্ঞান। যখন জীবের "অহং ব্রহ্মাস্মি" এইরূপ জ্ঞান সমুদিত হয়, তখন তাহার অবিদ্যা-বিজৃম্ভিত অহঙ্কার-বিজড়িত আমিত্ব, প্রকৃত আমি বা আত্মার সহিত এক হইয়া যায়, সুতরাং তৎকালে "অহং ব্রহ্মাস্মি" রূপ এই অন্ত্যপ্রমাণ, জীবের প্রমাতৃত্ব ব্যবহার লোপ করে। আরও দেখ যেরূপ স্বপ্নকালীন প্রমাণ স্বপ্নান্তে বা জাগ্রদবস্থায় স্বয়ং অপ্রমাণীভূত হয়, সেইরূপ "অহংব্রহ্মাস্মি" রূপ অন্ত্য প্রমাণ অজ্ঞানী জীবের প্রমাতৃত্ব নাশ

করিয়া স্বয়ংও অপ্রমাণীভূত হয়। পূর্ব্বেই বলা হইয়াছে যে, প্রমাতৃত্বপদের নাশে প্রমাণ প্রমেয় ব্যবহারেরও নাশ হয়। নিবৃত্তিই যাহার স্বরূপ সে আবার কাহার প্রমাণ হইবে? যেরূপ স্বপ্ননিবৃত্তিস্বরূপ প্রবোধ কাহারও প্রমাণ নহে, অথবা যেরূপ শার্ব্বর-তিমিরহারী রবি নিজেই নিজের প্রমাণ অন্যের নহে, সেইরূপ অজ্ঞানধ্বান্তের কৃতান্ত বা নিবৃত্তি স্বরূপ অদ্বৈত-জ্ঞানও কাহারও প্রমাণ নহে, অর্থাৎ নিজেই নিজের প্রমাণ। দ্বিতীয়তঃ দেখ, লৌকিক ব্যবহারেও দেখা যায় যে, বস্তু নিশ্চয় পর্য্যন্তই প্রমাণের ফল; সুতরাং প্রমাণে প্রবর্ত্তক বিধি অপেক্ষিত হয় না ও এরূপ ব্যবহার কুত্রাপি পরিলক্ষিতও হয় না। মনে কর কোন ব্যক্তি চক্ষুরিন্দ্রিয়-রূপ-প্রমাণ দ্বারা ঘট দেখিতেছে (ঘটরূপ প্রমেয় বিষয়কে প্রমিতি করিতেছে), এরূপ স্থলে তাহাকে"ঐ ঘট দেখ" বলিয়া আর ঘটদর্শন রূপ বিষয়ে প্রবৃত্ত করিতে হয় না; তাহাকে ঘটদর্শনের আর বিধি প্রদান করিতে হয় না। এইরূপ অদ্বৈত জ্ঞানও স্বয়ং প্রমাণ বলিয়া তাহাতে বিধি অপেক্ষিত হইতে পারে না। যতক্ষণ পর্য্যন্ত প্রমেয় বস্তু না পাওয়া যায় ততক্ষণই প্রমাণের প্রবৃত্তি,বস্তু পাইলে (প্রমিতি বিষয়ীভূত হইলে) আর কে প্রমাণে প্রয়াসপর হয় বা তাহাতে প্রবৃত্ত হয়? বিদূরিতাজ্ঞান জীবও স্বরূপ সম্প্রাপ্ত হইরা বা ব্রহ্ম বস্তুকে লাভ করিয়া আর কোন প্রমেয় নিরূপণে প্রবৃত্ত হয় না। যাহা পাইবার তাহা পাইলে আবার তাহাতে নূতন করিয়া প্রবৃত্তি হইতেই পারে না। সুতরাং পূর্ব্বাপর সবিশেষ পর্য্যালোচনা করিয়া দেখ যে, আত্মজ্ঞানীর কখনও কর্ম্মে অধিকার হইতে পারে না। জ্ঞানমাহাত্ম্যেই জ্ঞানীর সমস্ত সিদ্ধ হয়,অর্থাৎ আত্মতত্ত্ব-জ্ঞানীকে আর কোনরূপ নিষ্ঠাবিধিনিয়মের অধীন হইতে হয় না; সুতরাং সন্ন্যাসেই তাঁহার অধিকার—কর্ম্মে নহে। উল্লিখিত তাৎপর্য্য পূজ্যপাদ শঙ্করাচার্য্য, আনন্দগিরি, রামানুজ, হনুমান্, মধুসূদন ও নীলকণ্ঠ সূরির অনুমোদিত।

পূজ্যপাদ বলদেব বিদ্যাভূষণ ও বিশ্বনাথ চক্রবর্ত্তী লিখিয়াছেন যে, বুদ্ধি দ্বিবিধা—আত্মনিষ্ঠা ও বিষয়নিষ্ঠা। আত্মনিষ্ঠা বা আত্ম প্রবণা বুদ্ধি অজ্ঞান তমসাচ্ছন্নজনগণের পক্ষে নিশা স্বরূপ। নিশায় কি কি ঘটে তাহা যেমন স্বপ্নাবিষ্ট ব্যক্তি জানিতে পারে না,সেইরূপ আত্ম-প্রবণা বুদ্ধিতে প্রাপ্যমাণ বস্তুবিষয়ক জ্ঞান অজ্ঞানী ব্যক্তির হইতে পারে না। কিন্তু সংযমী স্থিত-

প্রজ্ঞ ব্যক্তি তাদৃশ বুদ্ধিপ্রভাবে স্বপ্নাবিষ্ট ব্যক্তির ন্যায় মোহাচ্ছন্ন না থাকিয়া আত্মজ্ঞানরূপ আনন্দ অনুভব করেন। বিষয়প্রবণা বুদ্ধিসম্পন্ন অজ্ঞগণ বিষয়-ব্যাপারে শোকমোহাদি জনিত সুখদুঃখাদি সাক্ষাৎ অনুভব করে, কিন্তু তাহা স্থিতপ্রজ্ঞ মুনির পক্ষে নিশাস্বরূপ, সুতরাং তিনি তাহার কিছুই অনুভব করেন না; সুখদুঃখপ্রদ সাংসারিক বিষয়-ব্যাপার উদাসীনভাবে অবলোকন করিতে করিতে তিনি স্বভোগ্য বিষয়ও নির্লিপ্তভাবে অনুভব করেন ॥ ৬৯ ॥

আপূর্য্যমাণমচলপ্রতিষ্ঠং
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে
স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥ ৭০ ॥

অন্বয়।—[বহুভিঃ নদনদীভিঃ] আপূর্য্যমাণং অচলপ্রতিষ্ঠং (সমাবস্থিতং) সমুদ্রং (মহাসাগরং) আপঃ (জলানি) যদ্বৎ প্রবিশন্তি তদ্বৎ সর্ব্বে কামাঃ (বিষয়াঃ) যং (কামনাশূন্যং মুনিং স্বয়ং) প্রবিশন্তি (প্রবিশ্য চ ন বিকুর্ব্বন্তি ইত্যর্থঃ) স শান্তিং (কৈবল্যং) আপ্নোতি (প্রাপ্নোতি) ন কামকামী (ভোগকামনাশীলঃ) ॥ ৭০ ॥

প্রতিশব্দ।—[বহু নদ নদী কর্ত্তৃক] পরিপূর্য্যমাণ সমভাব-সম্পন্ন সমুদ্রে জল যেরূপ প্রবেশ করে সেইরূপে সর্ব্বপ্রকার বিষয় যে—ইচ্ছাবিহীন-মুনিতে প্রবেশ করে (প্রবেশ করিয়া বিকৃত করিতে পারে না) তিনি মোক্ষপ্রাপ্ত—হন ভোগ-কামনাযুক্ত নহে ॥ ৭০ ॥

ব্যাখ্যা।—অসংখ্য নদ নদী কর্ত্তৃক পরিপূরিত সমুদ্রে অন্য জল প্রবেশ করিলেও তাহাতে সমভাবত্বের অন্যথা ঘটে না; সেইরূপ কামনা সমূহ যে মুনির অন্তরে প্রবেশ করিয়াও, তাঁহাকে বিচলিত করিতে পারে না, তিনি মোক্ষের অধিকারী হইয়া থাকেন। কিন্তু যাঁহার হৃদয় ভোগ-কামনা-পরায়ণ তিনি কখনই তাদৃশ পরম ধনের অধিকারী হইতে পারেন না ॥ ৭০ ॥

শঙ্করাচার্য্য।—বিদুষস্ত্যক্তৈষণস্য স্থিতপ্রজ্ঞস্য যতেরেব মোক্ষপ্রাপ্তির্নত্বসংন্যাসিনঃ কামকামিন ইত্যেতমর্থং দৃষ্টান্তেন প্রতিপাদয়িষ্যন্নাহ আপূর্য্যেতি। আপূর্য্যমাণমদ্ভিরচলপ্রতিষ্ঠং অচলতয়া প্রতিষ্ঠা অবস্থিতির্যস্য তমচলপ্রতিষ্ঠং সমুদ্রমাপঃ সর্ব্বতোগতাঃ প্রবিশন্তি স্বাত্মস্থম-বিক্রিয়মেব সন্তং যদ্বৎ, তদ্বৎ কামা বিষয়সন্নিধাবপি সর্ব্বত ইচ্ছাবিশেষা যং মুনিং সমুদ্রমিবাপোঽ-বিকুর্ব্বন্তঃ প্রবিশন্তি সর্ব্বে আত্মন্যেব প্রলীয়ন্তে, ন স্বাত্মবশং কুর্ব্বন্তি,স শান্তিং মোক্ষং প্রাপ্নোতি, নেতরঃ কামকামী, কাম্যন্ত ইতি কামাঃ বিষয়াস্তান্ কাময়িতুং শীলং যস্য স কামকামী, নৈব প্রাপ্নোতীত্যর্থঃ॥ ৭০।

আনন্দগিরি।—নন্বসংন্যাসিনাপি বিদ্যাবতা বিদ্যাফলস্য মোক্ষস্য লব্ধুং শক্যত্বাৎ কিমিতি বিদুষঃ সংন্যাসো নিয়ম্যতে তত্রাহ বিদুষ ইতি। আপাতজ্ঞানবতো বিবেকবৈরাগ্যাদি-বিশিষ্টস্যৈষণাভ্যঃ সর্ব্বাভ্যোঽভ্যুত্থিতস্য শ্রবণাদিদ্বারা সমুৎপন্নসাক্ষাৎকারবতো মুখ্যস্য সংন্যাসিনো মোক্ষো নান্যস্য বিষয়তৃষ্ণাপরিভূতস্য ইত্যেতদ্দৃষ্টান্তেন প্রতিপাদয়িতুমিচ্ছন্ রাগদ্বেষবিমুক্তৈস্ত ইতিশ্লোকোক্তমেবার্থং পুনরাহেতি যোজনা। অস্তিঃ সমুদ্রস্য সমন্তাৎ পূর্য্যমাণত্বে বৃদ্ধিহ্রাসবতী তদীয়া স্থিতিরাপতেদিত্যাশঙ্ক্যাহ অচলেতি। ন হি সমুদ্রস্যো-দকাত্মকং প্রতিনিয়তং রূপং কদাচিদ্বিবর্দ্ধতে হ্রসতে বা, তেন তদীয়া স্থিতিরেকরূপৈবেত্যর্থঃ। তত্তন্নাদেয়াশ্চেদাপঃ সমুদ্রান্তর্গচ্ছন্তি তর্হি তস্য বিক্রিয়াবত্ত্বাদপ্রতিষ্ঠা স্যাদিত্যাশঙ্ক্যাহ স্বাত্মস্থমিতি। ইচ্ছাবিশেষাঃ বিষয়াণামসন্নিধৌ বিদুষি নির্ব্বিকারে প্রবিশন্তোঽপি সন্নিধানে তস্মিন্ প্রবিশন্তো বিকারমাপাদয়েয়ুরিত্যাশঙ্ক্যাহ বিষয়েতি। প্রবেশং বিশদয়তি সর্ব্বত ইতি। যোঽকাম ইত্যাদি শ্রুতের্ব্বিষয়বিমুখস্য নিষ্কামস্য মোক্ষো ন কামকামুকস্যেত্যাহ স শান্তিমিতি॥ ৭০॥

রামানুজ। আপূর্য্যেতি। যথাত্মনৈবাপূর্য্যমাণমেকরূপং সমুদ্রং নাদেয়া আপঃ প্রবিশন্তি। আসামপাং প্রবেশেঽপ্রবেশে চ সমুদ্রো ন কঞ্চন বিশেষমাপদ্যতে, এবং সর্ব্বে কামাঃ শব্দাদিবিষয়া যং সংযমিনং প্রবিশন্তি তদিন্দ্রিয়গোচরতাং প্রাপ্নুবন্তি স শান্তিমাপ্নোতি শব্দাদিষিন্দ্রিয়গোচরতামাপন্নেষনাপন্নেষু চাত্মাবলোকনতৃপ্ত্যৈব যো ন বিকারমাপ্নোতি স এব শান্তিমাপ্নোতীত্যর্থঃ। কামকামী, শব্দাদিভির্যো বিক্রিয়তে স কদাচিদপি ন শান্তিমাপ্নোতি॥ ৭০॥

হনুমান্।—এবমবিদ্যাবিদ্যাভেদাদবিদুষঃ সর্ব্বকর্ম্মাণি, বিদুষঃ সর্ব্বকর্ম্মনিবৃত্তিস্বভাবাৎ সকলকর্ম্মসন্ন্যাস এব বিদুষস্ত্যক্তৈষণস্য স্থিতপ্রজ্ঞস্য যতেরেব মোক্ষঃ ন কামকামিন ইত্যেবমর্থং দৃষ্টান্তেন প্রতিপাদয়িষ্যন্নাহ আপূর্য্যমাণমিতি। আপূর্য্যমাণমদ্ভিরচলপ্রতিষ্ঠং অচলা প্রতিষ্ঠা যস্য স তমচলপ্রতিষ্ঠং সমুদ্রমাপঃ প্রবিশন্তি, যদ্বৎ যথা, তদ্বৎ তথা কামা প্রবিশন্তি পরমাত্ম-জ্ঞানেনৈব রাগদ্বেষাভ্যাং প্রকাশ্যমানং স শান্তিং মোক্ষলক্ষণাং প্রাপ্নোতি ন কামকামী, কামান্ কাময়তে ইতি কামকামী॥ ৭০॥

শ্রীধর।—নন্বেবং বিষয়েষু দৃষ্টাভাবে কথমসৌ তান্ ভুঙ্‌ক্তে ইত্যপেক্ষায়ামাহ আপূর্য্য-

মাণমিতি। নানানদনদীভিরাপূর্য্যমাণমপ্যচলপ্রতিষ্ঠমনতিক্রান্তমর্য্যাদমেব সমুদ্রং পুনরপ্যন্যা আপো যথা প্রবিশন্তি, তথা কামা বিষয়াঃ যং মুনিমন্তর্দৃষ্টিং ভোগৈরবিক্রিয়মাণমেব প্রারব্ধকর্ম্মভিরাক্ষিপ্তাঃ সন্তঃ প্রবিশন্তি স শান্তিং কৈবল্যং প্রাপ্নোতি, ন তু কামকামী ভোগকামনাশীলঃ ॥ ৭০ ॥

বলদেব।—উক্তং স্ফুটয়ন্নাহ আপূর্য্যেতি। স্বরূপেণৈবাপূর্য্যমাণং তথাপ্যচলপ্রতিষ্ঠমনুল্লঙ্ঘিতবেলং সমুদ্রং যথাপোঽন্যা বর্ষোদ্ভবাঃ নদ্যঃ প্রবিশন্তি, ন তু তত্র কঞ্চিদ্বিশেষং শক্নুবন্তি কর্ত্তুং, তদ্বৎ সর্ব্বে কামাঃ প্রারব্ধাকৃষ্টা বিষয়া যং প্রবিশন্তি ন তু বিকর্ত্তুং প্রভবন্তি স শান্তিমাপ্নোতি। শব্দাদিষু তদিন্দ্রিয়গোচরেষ্বপি সংস্বাত্মানন্দানুভবতৃপ্তত্বৈর্বিকারলেশমপ্যবিন্দন্ স্থিতপ্রজ্ঞ ইত্যর্থঃ। যঃ কামকামী বিষয়লিপ্সুঃ স তুক্তলক্ষণাং শান্তিং নাপ্নোতি ॥ ৭০ ॥

মধুসূদন।—এতাদৃশস্য স্থিতপ্রজ্ঞস্য সর্ব্ববিক্ষেপশান্তিরপ্যর্থসিদ্ধেতি সদৃষ্টান্তমাহ আপূর্য্যমাণমিতি। সর্ব্বাভির্নদীভিরাপূর্য্যমাণং সন্তং বৃষ্ট্যাদিপ্রভবা অপি সর্ব্বা আপঃ সমুদ্রং প্রবিশন্তি, কীদৃশং অচলপ্রতিষ্ঠং অনতিক্রান্তমর্য্যাদং, অচলানাং মৈনাকাদীনাং প্রতিষ্ঠা যস্মিন্নিতি বা গাম্ভীর্য্যাতিশয় উক্তঃ। যদ্বৎ যেন প্রকারেণ নির্ব্বিকারত্বেন, তদ্বৎ তেনৈব নির্ব্বিকারত্বপ্রকারেণ যং স্থিতপ্রজ্ঞং নির্ব্বিকারমেব সন্তং কামাঃ অজ্ঞৈর্লোকৈঃ কাম্যমানাঃ শব্দাদ্যাঃ সর্ব্বে বিষয়া অবর্জ্জনীয়তয়া প্রারব্ধকর্ম্মবশাৎ প্রবিশন্তি ন তু বিকর্ত্তুং শক্নুবন্তি স মহাসমুদ্রস্থানীয়ঃ স্থিতপ্রজ্ঞঃ শান্তিং সর্ব্বলৌকিকালৌকিককর্ম্মবিক্ষেপনিবৃত্তিং বাধিতানুবৃত্ত্যাবিদ্যাকার্য্যনিবৃত্তিঞ্চাপ্নোতি জ্ঞানবলেন, ন কামকামী। কাম্যান্ বিষয়ান্ কাময়িতুং শীলং যস্য স কামকাম্যজ্ঞঃ শান্তিং ব্যাখ্যাতাং নাপ্নোতি, অপিতু সর্ব্বদা লৌকিকালৌকিককর্ম্মবিক্ষেপেণ মহতি ক্লেশার্ণবে মগ্নো ভবতীতি বাক্যার্থঃ। এতেন জ্ঞানিনি এব ফলভূতো বিদ্বৎসন্ন্যাসস্তস্যৈব চ সর্ব্ববিক্ষেপনিবৃত্তিরূপা জীবন্মুক্তিঃ দৈবাধীনবিষয়ভোগেঽপি নির্ব্বিকারত্বেত্যাদিকমুক্তং বেদিতব্যম্ ॥ ৭০ ॥

নীলকণ্ঠ।—ননু "প্রজহাতি যদা কামান্" "ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যো নিগৃহীতানি" ইত্যাদিনা অসকৃৎ বিষয়াণাং প্রত্যাহরণমুক্তং, তেন তেষামাত্মনঃ পৃথক্সত্ত্বমস্তীতি সিদ্ধম্। ন চ "নেহ নানাস্তি কিঞ্চন" ইত্যাদিশ্রুত্যা তেষাং বাধান্ন ভবন্তীতি বাচ্যম্, ইহেতি প্রতীচ্যেব তন্নিষেধাৎ, ন হি ইহ ভূতলে ঘটো নাস্তীত্যুক্তে ঘটস্য স্বরূপং নিষিধ্যতে কিন্তু তস্য ভূতলসম্বন্ধমাত্রং, তস্মাৎ কামানাং পৃথক্ সত্ত্বমস্ত্যেতো নাদ্বৈতসিদ্ধিরিত্যাশঙ্ক্য সদৃষ্টান্তং পরিহরতি আপূর্য্যমাণমিতি। প্রবিশন্তীভিরদ্ভিরাপূর্য্যমাণমপি অচলপ্রতিষ্ঠং অনুদ্রিক্তং বৃদ্ধিহীনত্বাৎ, এবং নির্গচ্ছন্তীভিরদ্ভিঃ রিচ্যমানমপি অচলপ্রতিষ্ঠং অরিক্তং হ্রাসহীনত্বাদিত্যপি বোধ্যঃ। এবংবিধং সমুদ্রং যদ্বৎ আত্মপ্রভবা আপঃ প্রবিশন্তি, তদ্বৎ যং পুরুষং কামৈরাপূর্য্যমাণং হীয়মানং বা অচলপ্রতিষ্ঠং নির্ব্বিকারং বৃদ্ধিহ্রাসহীনত্বাৎ, আত্মপ্রভবাঃ সর্ব্বে কামাঃ প্রবিশন্তি স এব শান্তিং মোক্ষমাত্যন্তিকদুঃখোপরমং প্রাপ্নোতি ন তু কামকামী

বিবরার্থী। অয়ম্ভাবঃ; কূটস্থাদাত্মনঃ সর্ব্বস্য উৎপত্তিস্তত্রৈব চ লয় ইতি সর্ব্বশ্রুতিস্মৃতি-প্রসিদ্ধং তেন কামানাং প্রহাণং তেভ্যশ্চেন্দ্রিয়াণাং প্রত্যাহরণং স্মর্য্যমাণং ন তেষাং পরমার্থতঃ পৃথক্‌সত্ত্বং সাধয়তি বহুপ্রমাণবিরোধাৎ, কিন্তু পামরপ্রসিদ্ধং পৃথকসত্ত্বমভিপ্রেত্য প্রহাণাদিকমুক্তং প্রবিলাপনত্বেনৈব ব্যাখ্যেয়ম্। যথাগ্নয়ে পথিকৃতেহষ্টাকপালং নির্ব্বপেদিত্যাদৌ নির্ব্বপতিনা যাগ উচ্যতে ন তু শ্রৌতার্থমাত্রং, তদ্বদিহাপি জ্ঞেয়ম্। "নেহ নানাস্তি" ইত্যপি ইহ পরিদৃশ্যমানে প্রপঞ্চে আত্মাতিরিক্তং নানা কিমপি নাস্তীত্যেবং পরতয়া ব্যাখ্যেয়ং, তথা চ "আত্মৈবেদং সর্ব্বং ব্রহ্মৈবেদং সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইত্যাদয়ঃ শ্রুতিবাদাঃ সঙ্গচ্ছন্তে, আত্মনি কল্পিতত্বাত্তু তত্রৈব নিষেধে নান্যত্র সত্ত্বানুপপত্তেন কামানাং পৃথক্‌সত্ত্বমস্তীতি যুক্ত এব সমুদ্রদৃষ্টান্তঃ। যত্তু সমুদ্রাৎ পৃথগ্‌গঙ্গায়াঃ সত্ত্বমস্তীতি, তন্ন কার্য্যে কারণসত্ত্বাতিরিক্তসত্ত্বায়া অভাবাৎ, বাচারম্ভণং বিকারো নামধেয়মিতি কার্য্যস্য বাগালম্বনমাত্রত্বশ্রবণাদিত্যন্যত্র বিস্তরঃ॥ ৭০॥

বিশ্বনাথ।—বিষয়গ্রহণে ক্ষোভরাহিত্যমেব নির্দ্দিশতেত্যাহ আপূর্য্যমাণমিতি। যথা বর্ষাসু ইতস্ততো নাদেয়া আপঃ সমুদ্রং প্রবিশন্তি, কীদৃশং আ ঈষদপি অপূর্য্যমাণং তাবতীভিরপ্যদ্ভিঃ পূরয়িতুং ন শক্যং, অচলপ্রতিষ্ঠং অনতিক্রান্তমর্য্যাদং তদ্বদেব কামা বিষয়া যং প্রবিশন্তি ভোগাত্বেনায়ান্তি। যথা অপাং প্রবেশে অপ্রবেশে বা সমুদ্রো ন কমপি বিশেষমাপদ্যতে, এবমেব যঃ কামানাং ভোগে অভোগে চ ক্ষোভরহিত এব স্যাৎ স স্থিতপ্রজ্ঞঃ। শান্তিং জ্ঞানম্॥ ৭০॥

তাৎপর্য্য।—যাঁহার হৃদয় হইতে বাসনা সমূহ নির্ম্মূলিত হইয়াছে তাদৃশ স্থিতপ্রজ্ঞ যতিপুরুষই মোক্ষরূপ পরম ধনের অধিকারী। কিন্তু ভোগ কামনা পরায়ণ সন্ন্যাসী ব্যক্তির পক্ষে তাদৃশ সৌভাগ্য কখনই সঙ্ঘটিত হইতে পারে না। ইহাই এই শ্লোকে দৃষ্টান্তসহকারে পরিস্ফুট হইতেছে। বসুন্ধরায় অসংখ্য নদ ও নদী পর্ব্বত-প্রদেশ হইতে প্রবাহিত হইয়া প্রতিনিয়ত বারিনিধির বিপুল কলেবরে বিলীন হইতেছে এবং বারিদ-বিচ্যুত বহুল বৃষ্টি-ধারা সাগর সলিলে সম্মিলিত হইতেছে; কিন্তু সেই সরিৎপতির গুরু গাম্ভীর্য্য কিছুতেই বিদূরিত হয় না, অথবা অবিরত বারি সমাগম হেতু কখনই তাঁহার স্থির ভাবের বিপর্য্যয় সঙ্ঘটিত হয় না। অচল ও অটল সিন্ধুবর অবিকৃত সমভাবে অভ্যাগত বারিরাশিকে বক্ষে ধারণ করেন, কদাপি তজ্জন্য স্ফীত বা উদ্বেলিত হইয়া অধীর বা প্রমত্ত হন না। যে নির্ব্বিকার স্থিতপ্রজ্ঞ মহাপুরুষ কামনার বিষয়ীভূত শব্দাদি ব্যাপারে দৃক্‌পাত করেন না, অজ্ঞগণের কাম্যমান বিষয় সমূহ যাঁহার অন্তর প্রদেশে

প্রবেশ করিলেও তাঁহাকে অণুমাত্র আসক্ত বা বিচলিত করিতে সক্ষম হয় না, সেই মহাসমুদ্র স্বরূপ জ্ঞানবলে বলীয়ান স্থিতপ্রজ্ঞ মহাপুরুষ শান্তিরূপ পরম ধন লাভ করেন। প্রারব্ধ কর্ম্মবশে বিষয় বর্জ্জন করা অসম্ভব হইলেও সেই জ্ঞান-গৌরবান্বিত পুরুষসিংহ অনাসক্ত ও অবিচলিত ভাবে বিষয়োপ-ভোগ করেন মাত্র। তাহার পঙ্কিল হ্রদে নিমজ্জিত হইয়া কখনই আপনাকে কলঙ্কিত ও বিমলিন করেন না। কিন্তু কাম্য বিষয় সমূহের কামনাই যাঁহার হৃদয়ের নিয়ামক, সেই ভোগবাসনা-পরায়ণ পুরুষ কদাপি মোক্ষ-ধনের অধিকারী হইতে পারে না, অধিকন্তু নিরন্তর লৌকিক ও অলৌকিক ফলকামনাপূর্ণ কর্ম্মসেবায় আত্ম নিয়োজন করিয়া ক্লেশ সাগরে নিমগ্ন হয় ও উত্তরোত্তর অধোগতির পথ নির্ম্মুক্ত করে ॥ ৭০ ॥

বিহায় কামান্ যঃ সর্ব্বান্ পুমাংশ্চরতি নিস্পৃহঃ
নির্ম্মমো নিরহঙ্কারঃ স শান্তিমধিগচ্ছতি ॥ ৭১ ॥

অন্বয়।—যঃ পুমান্ (পুরুষঃ) সর্ব্বান্ কামান্ (বিষয়ান্) বিহায় (পরিত্যজ্য) নিস্পৃহঃ (অনুরাগবিহীনঃ) [সন্] নির্ম্মমঃ (মমেদ-মিত্যভিমানবর্জ্জিতঃ) নিরহঙ্কারঃ (বিদ্যাদিজনিতাভিমানশূন্যঃ) চরতি (ভোগান্ ভুঙ্‌ক্তে) স (স্থিতপ্রজ্ঞঃ) শান্তিং (মোক্ষং) অধিগচ্ছতি (প্রাপ্নোতি) ॥ ৭১ ॥

প্রতিশব্দ।—যে পুরুষ সকল বিষয়কে ত্যাগ-করিয়া নিস্পৃহ [হইয়া] মমতাশূন্য অহঙ্কার-বর্জ্জিত বিষয়ভোগ-করেন, তিনি মোক্ষ প্রাপ্ত-হন ॥ ৭১ ॥

ব্যাখ্যা।—যে পুরুষপ্রবর যাবতীয় কাম্য বস্তুকে পরিত্যাগ করিয়া অপ্রাপ্ত বিষয়ে স্পৃহারহিত, অহঙ্কার পরিশূন্য এবং মমতাবিহীন হইয়া বিষয়রাজ্যে বিচরণ করেন, তিনিই কৈবল্যরূপ পরমধনের অধিকারী হন ॥ ৭১ ॥

শঙ্করাচার্য্য।—যস্মাদেবং তস্মাৎ বিহায়েতি। বিহায় পরিত্যজ্য কামান্ যঃ সন্ন্যাসী সর্ব্বানশেষতঃ কাৎর্স্নেন চরতি জীবনমাত্রচেষ্টাশেষঃ পর্য্যটতীত্যর্থঃ। নিস্পৃহঃ শরীরজীবনমাত্রেঽপি

নির্গতা স্পৃহা যস্য স নিস্পৃহঃ সন্ নির্ম্মম ইতি মমত্ববর্জ্জিতঃ শরীরজীবনমাত্রাক্ষিপ্তপরিগ্রহেঽপি মমেদমিত্যভিনিবেশবর্জ্জিতঃ নিরহঙ্কারো বিদ্যাবত্ত্বাদিনিমিত্তাত্মসম্ভাবনারহিত ইত্যর্থঃ। স এবম্ভূতঃ স্থিতপ্রজ্ঞো ব্রহ্মবিচ্ছান্তিং সর্ব্বসংসারদুঃখোপরমলক্ষণাং নির্ব্বাণাখ্যামধিগচ্ছতি প্রাপ্নোতি ব্রহ্মভূতো ভবতীত্যর্থঃ॥ ৭১॥

আনন্দগিরি।—যদি গৃহস্থেনাপি মনসা সমস্তাভিমানং হিত্বা কূটস্থং ব্রহ্মাত্মানং পরিভাবয়তা ব্রহ্মনির্ব্বাণমাপ্যতে প্রাপ্তং তর্হি মৌঢ্যাদিবিড়ম্বনমেবেত্যাশঙ্ক্যাহ যস্মাদিতি। শব্দাদিবিষয়প্রবণস্য তত্তদিচ্ছাভেদভাগিনো ন মুক্তিরিতি ব্যতিরেকস্য সিদ্ধত্বাৎ পূর্ব্বোক্তমন্বয়ং নিগময়িতুমনন্তরং বাক্যমিত্যর্থঃ। অশেষবিষয়ত্যাগে জীবনমপি কথমিত্যাশঙ্ক্যাহ জীবনেতি। সম্ভবপ্রাগদ্বেষাদিকে দেশে নিবাসব্যাবৃত্ত্যর্থং চরতীত্যেতদ্ব্যাচষ্টে পর্য্যটতীতি। বিহায় কামানিত্যনেন পুনরুক্তিং পরিহরতি শরীরেতি। নিস্পৃহত্বমুক্ত্বা নির্ম্মমত্বং পুনর্ব্বদন্ কথং পুনরুক্তিমার্থিকীং ন পশ্যসীত্যাশঙ্ক্যাহ শরীরজীবনেতি। সত্যহঙ্কারে মমকারস্যাবশ্যকত্বান্নিরহঙ্কারত্বং ব্যাকরোতি বিদ্যাবত্ত্বাদীতি। স শান্তিমাপ্নোতি ইত্যুক্তমুপসংহরতি স এবম্ভূত ইতি। সংন্যাসিনো মোক্ষমপেক্ষ্যমাণস্য সর্ব্বকামপরিত্যাগাদীনি শ্লোকোক্তানি বিশেষণানি যত্নসাধ্যানি তৎসম্পত্তিফলন্তু কৈবল্যমিত্যর্থঃ॥ ৭১॥

রামানুজ।—বিহায়েতি কাম্যন্ত ইতি কামাঃ। শব্দাদয়ো বিষয়াঃ, যঃ পুমান্ শব্দাদীন্ সর্ব্বান্ বিষয়ান্ বিহায় তত্র নিস্পৃহঃ মমতারহিতশ্চ অনাত্মনি দেহে আত্মাভিমানরহিতশ্চরতি, স আত্মানং দৃষ্ট্বা শান্তিমধিগচ্ছতি॥ ৭১॥

হনুমান্।—যস্মাদেবং তস্মাচ্চরতি শরীরজীবনমাত্রমেব চেষ্টতে বিহায়েতি। নিস্পৃহঃ শরীরজীবনমাত্রেঽপি নির্গতা স্পৃহা যস্য স নিস্পৃহঃ উপেক্ষকঃ, নির্ম্মমঃ শরীরাদৌ মমেদমিতি বুদ্ধিরহিতঃ, নিরহঙ্কারঃ বিদ্যাবত্ত্বাদিনিমিত্তেনাত্মসম্ভাবনারহিতঃ স শান্তিমবিদ্যোপরমলক্ষণামধিগচ্ছতি সৈষা জ্ঞাননিষ্ঠা॥ ৭১॥

শ্রীধর।—যস্মাদেবং তস্মাৎ বিহায়েতি। প্রাপ্তান্ কামান্ বিহায় ত্যক্ত্বা উপেক্ষ্য অপ্রাপ্তেষু চ নিস্পৃহঃ যতো নিরহঙ্কারঃ অতএব তদ্ভোগসাধনেষু নির্ম্মমঃ সন্নন্তর্দৃষ্টির্ভূত্বা যশ্চরতি প্রারব্ধবশেন ভোগান্ ভুঙ্‌ক্তে যত্র কুত্রাপি গচ্ছতি বা স শান্তিং প্রাপ্নোতি॥ ৭১॥

বলদেব।—বিহায়েতি। প্রাপ্তানপি কামান্ বিষয়ান্ সর্ব্বান্ বিহায় শরীরোপজীবনমাত্রেঽপি নির্ম্মমো মমতাশূন্যঃ নিরহঙ্কারঃ অনাত্মনি শরীরে আত্মাভিমানশূন্যশ্চরতি তদুপজীবনমাত্রং ভক্ষয়তি যত্র কাপি গচ্ছতি বা স শান্তিং লভতে। ইতি ব্রজেত কিমিত্যস্যোত্তরম্॥ ৭১॥

মধুসূদন।—যস্মাদেবং, তস্মাৎ প্রাপ্তানপি সর্ব্বান্ বাহ্যান্ গৃহক্ষেত্রাদীন্ আন্তরান্ মনোরাজ্যরূপান্ বাসনামাত্ররূপাংশ্চ পথি গচ্ছত্তৃণস্পর্শতুল্যান্ কামান্ ত্রিবিধান্ বিহায়োপেক্ষ্য শরীরজীবনমাত্রেঽপি নিস্পৃহঃ সন্ যতো নিরহঙ্কারঃ শরীরেন্দ্রিয়াদাবয়মহমিত্যভিমানশূন্যঃ বিদ্যাবত্ত্বাদিনিমিত্তাত্মসম্ভাবনারহিত ইতি বা, অতো নির্ম্মমঃ শরীরযাত্রামাত্রার্থেঽপি প্রারব্ধ-

কর্ম্মাক্ষিপ্তে কৌপীনাচ্ছাদনাদৌ মমেদমিত্যভিমানবর্জ্জিতঃ সন্ যঃ পুমান্ চরতি প্রারব্ধকর্ম্মবশেন ভোগান্ ভুঙ্ক্তে যাদৃচ্ছিকতয়া যত্র কাপি গচ্ছতীতি বা, স এবম্ভূত স্থিতপ্রজ্ঞঃ শান্তিং সর্ব্বসংসারদুঃখোপশমলক্ষণাং অবিদ্যাতৎকার্য্যনিবৃত্তিমধিগচ্ছতি জ্ঞানবলেন প্রাপ্নোতি তদেতদীদৃশং ব্রজনং স্থিতপ্রজ্ঞস্যেতি চতুর্থপ্রশ্নস্যোত্তরং পরিসমাপ্তম্॥ ৭১॥

নীলকণ্ঠ।—প্রাসঙ্গিকীমাশঙ্কাং পরিহৃত্য "ব্রজেত কিং" ইত্যস্য প্রশ্নস্যোত্তরমাহ বিহায়েতি। পূর্ব্বোক্তান্ ত্রিবিধান্ কামান্ বিহায় যশ্চরতি বিষয়ান্ ভুঙ্ক্তে নিস্পৃহশ্চ যতো নির্ম্মমঃ মমতাবান্ হি ইদং মম ভূয়াদিত্যন্যধনাত্মর্থং স্পৃহাং করোতি, নির্ম্মমোঽপি কুতঃ যতো নিরহঙ্কারঃ, ন হ্যহঙ্কারশূন্যস্য সুপ্ত্যাদৌ মমতা দৃষ্টা তস্মাদহঙ্কারপ্রবিলয়াৎ শান্তিং মোক্ষং প্রাপ্নোতি, অত্র যঃ সর্ব্বত্রানভিস্নেহ ইতি সর্ব্বত্র যচ্ছব্দদর্শনাৎ সাধনবিধিপর এবায়ং গ্রন্থঃ, অন্যথা স্থিতপ্রজ্ঞস্য প্রকৃতত্বাৎ তদনুবাদার্থো চ্ছব্দোঽনর্থকঃ প্রাপ্নোতি, লোকেঽপি হি পরস্বভাবকথনে এবং করোতীতি তচ্ছব্দ এব প্রযুজ্যতে ন তু যচ্ছব্দঃ, বিধৌ তু এবং করোতি স ইদং প্রাপ্নোতীতি দ্বয়োরপি প্রয়োগো দৃশ্যতে লক্ষণকথনার্থত্বেঽপি তত্র তাৎপর্য্যাভাবাদ্বিধাবেব পর্য্যবস্যতীতি দিক্॥ ৭১॥

বিশ্বনাথ।—কশ্চিত্তু কামেষ্ববিশ্বসন্ নৈব তান্ ভুঙ্ক্তে ইত্যাহ বিহায়েতি। নিরহঙ্কারো নির্ম্মম ইতি দেহদৈহিকেষ্বহন্তা মমতাশূন্যঃ॥ ৭১॥

তাৎপর্য্য।—যে সন্ন্যাসী পুরুষ কামনার বিষয়ীভূত যাবতীয় পদার্থ সমুদ্র-তীরস্থ বালুকারাশির ন্যায় মূল্যবিহীন জ্ঞান করেন, অথবা মানস-পথে সমুদিত বাসনাসমূহকে পর্য্যটন কালে চরণ-সংস্পৃষ্ট দূর্ব্বাদলের ন্যায় তুচ্ছবোধে উপেক্ষা করিয়া স্বকীয় দেহ ও জীবনেও স্পৃহাশূন্য হইতে পারিয়াছেন এবং স্বকীয় বিদ্যা ও ক্ষমতাদি জনিত অহঙ্কার পরিশূন্য, সুতরাং স্বকীয় জীবন যাত্রা নির্ব্বাহোপযোগী কৌপীনবাস ও তণ্ডুল-কণিকাতেও স্বকীয় স্বামিত্ব বোধবিহীন হইয়াছেন, তাদৃশ জ্ঞান-বল-সম্পন্ন মহাপুরুষ প্রারব্ধ কর্ম্মবশে যে কোন বিষয়ই উপভোগ করুন না কেন, নিশ্চয়ই কৈবল্য বা মুক্তির অধিকারী হন। কারণ অবিদ্যা-বিলসিত ইন্দ্রিয়-ভোগ্য-বিষয়-ভোগ-বিরহিত হইয়া সর্ব্বসংসার দুঃখনির্বৃত্তিরূপা শান্তিকে প্রাপ্ত হইবার তিনিই অধিকারী। এতদ্দ্বারা অর্জ্জুনকৃত চতুর্থ প্রশ্নের উত্তর প্রদত্ত হইল॥ ৭১॥

এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ! নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বাস্যামন্তকালেঽপি ব্রহ্ম-নির্ব্বাণমৃচ্ছতি ॥ ৭২ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে সাঙ্খ্যযোগো
নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

অন্বয়।—পার্থ! (কৌন্তেয়) এষা (যথোক্তা) ব্রাহ্মী (ব্রহ্মবিষয়া) স্থিতিঃ (নিষ্ঠা) এনাং (স্থিতিং) প্রাপ্য (লব্ধ্বা) ন বিমুহ্যতি (মোহং প্রাপ্নোতি) অন্তকালে (শেষে বয়সি) অপি অস্যাং (ব্রাহ্ম্যাং) স্থিত্ব ব্রহ্মনির্ব্বাণং (ব্রহ্মণি নির্বৃতিং) ঋচ্ছতি (গচ্ছতি) ॥ ৭২ ॥

প্রতিশব্দ।—কৌন্তেয়! ইহাই পূর্ব্বোক্তরূপ ব্রহ্মনিষ্ঠা এই-ব্রহ্ম-জ্ঞান পাইয়া মোহ-প্রাপ্ত-হয় না শেষ-বয়সে-ও ব্রহ্মজ্ঞানে স্থিত-হইয়া ব্রহ্মে-বিলয় প্রাপ্ত-হয় ॥ ৭২ ॥

ব্যাখ্যা।—হে পৃথানন্দন! এতক্ষণ যাহা বলিলাম, তাহাই ব্রহ্ম-বিষয়িণী নিষ্ঠা। এই ব্রহ্মজ্ঞান সঞ্জাত হইলে মানব আর কখনই সংসারমোহে বিমোহিত হইতে পারে না এবং জীবনের পরিসমাপ্তি কালেও এই পরম জ্ঞান সমুদিত হইলে, মানব ব্রহ্মপ্রাপ্তিরূপ নির্ব্বাণ মুক্তির অধিকারী হন ॥ ৭২ ॥

শঙ্করাচার্য্য।—সৈষা জ্ঞাননিষ্ঠা স্তূয়তে এষা ব্রাহ্মীতি। এষা যথোক্তা ব্রাহ্মী ব্রহ্মণি ভবেয়ং স্থিতিঃ সর্ব্বকর্ম্ম সংন্যস্য ব্রহ্মরূপেণৈবাবস্থানমিত্যেতৎ, হেপার্থ! নৈনাং স্থিতিং প্রাপ্য লব্ধ্বা বিমুহ্যতি ন মোহং প্রাপ্নোতি, স্থিত্বাস্যাং স্থিতৌ ব্রাহ্ম্যাং যথোক্তায়ামন্তকালেঽপি অন্তে বয়স্যপি ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মনির্বৃতিং মোক্ষমৃচ্ছতি। কিমু বক্তব্যং ব্রহ্মচর্য্যাদেব সন্ন্যস্য যাবজ্জীবং যো ব্রহ্মণ্যেবাবতিষ্ঠতে স ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতীতি ॥ ৭২ ॥

ইতি শ্রীগোবিন্দভগবৎপূজ্যপাদশিষ্যপরমহংসপরিব্রাজকাচার্য্যশ্রীমচ্ছঙ্করভাগবতঃ
কৃতৌ গীতাভাষ্যে দ্বিতীয়োঽধ্যায়ঃ।

আনন্দগিরি।—তত্র তত্র সংক্ষেপবিস্তরাভ্যাং প্রদর্শিতাং জ্ঞাননিষ্ঠাং অধিকারিপ্রবৃত্ত্যর্থত্বেন স্তোতুমুত্তরশ্লোকমবতারয়তি সৈষেতি। গৃহস্থঃ সংন্যাসীত্যুভাবপি চেন্মুক্তিভাগিনৌ, কিং তর্হি কষ্টেন সর্ব্বথৈব সংন্যাসেনেত্যাশঙ্ক্য সংন্যাসিব্যতিরিক্তানামন্তরায়সত্ত্বাদপেক্ষিতঃ সন্ন্যাসো মুমুক্ষোরিত্যাহ এষেতি। স্থিতিমেব ব্যাচষ্টে সর্ব্বমিতি। (ন বিমুহ্যতীতি পুনর্ন্যোহনুকর্ষণমন্বয়ার্থং) সংন্যাসিনো বিমোহাভাবেঽপি গৃহস্থো ধনহান্যাদিনিমিত্তং প্রায়েণ বিমুহ্যতি বিক্ষিপ্তঃ সন্ পরমার্থবিবেকরহিতো ভবতীত্যর্থঃ। যথোক্তা ব্রাহ্মী স্থিতিঃ সর্ব্বকর্ম্মসংন্যাসপূর্ব্বিকা ব্রহ্মনিষ্ঠা, তস্যাং স্থিত্বা তামিমামায়ুষশ্চতুর্থেঽপি ভাগে কুর্ব্বেত্যর্থঃ। অপিশব্দসূচিতং কৈমুতিকন্যায়মাহ কিমু বক্তব্যমিতি। তদেবং তত্ত্বংপদার্থৌ তদৈক্যং বাক্যার্থস্তজ্জ্ঞানাদেকাকিনো মুক্তিস্তদুপায়শ্চেত্যেতেষামেকৈকত্র শ্লোকে প্রাধান্যেন প্রদর্শিতমিতি নিষ্ঠাদ্বয়মুপায়োপেয়ভূতমধ্যায়েন সিদ্ধম্॥ ৭২॥

ইতি শ্রীমৎপরমহংস-পরিব্রাজকাচার্য্য-শুদ্ধানন্দ-পূজ্যপাদ-শিষ্য ভগবদানন্দগিরিবিরচিতে শ্রীগীতাভাষ্যবিবেচনে দ্বিতীয়োঽধ্যায়ঃ।

রামানুজ।—এষেতি। এষা নিত্যাত্মজ্ঞানপূর্ব্বিকাসঙ্গকর্ম্মণি স্থিতিঃ সৈষা স্থিরধীলক্ষণা ব্রাহ্মী ব্রহ্মপ্রাপিকা ঈদৃশীং কর্ম্মস্থিতিং প্রাপ্য ন বিমুহ্যতি ন পুনঃ সংসারমাপ্নোতি। অস্যাং স্থিত্যামন্তিমেঽপি বয়সি স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি নির্ব্বাণময়ং ব্রহ্ম গচ্ছতি সুখৈকতানমাত্মানমধিগচ্ছতীত্যর্থঃ। এবমাত্মযাথাত্ম্যজ্ঞানপূর্ব্বকযুদ্ধাখ্যস্য কর্ম্মণস্তৎপ্রাপ্তিসাধনতামজানতঃ শরীরাত্মজ্ঞানেন মোহিতস্য তেন তেন চ মোহেন যুদ্ধান্নিবৃত্তস্য তন্মোহশান্তয়ে নিত্যাত্মবিষয়া সাঙ্খ্যবুদ্ধিতৎপূর্ব্বিকা চাসঙ্গকর্ম্মানুষ্ঠানরূপা কর্ম্মযোগবিষয়া বুদ্ধিঃ স্থিতপ্রজ্ঞতা যোগসাধনভূতা দ্বিতীয়েঽধ্যায়ে প্রোক্তা। তদুক্তং "নিত্যাত্মাসঙ্গকর্ম্মেহাগোচরা সাঙ্খ্যযোগধীঃ। দ্বিতীয়ে স্থিরধীলক্ষ্যা প্রোক্তা তন্মোহশান্তয়ে"॥ ৭২॥

ইতি শ্রীমদ্রামানুজাচার্য্যবিরচিতে শ্রীমদ্ভগবদ্গীতাভাষ্যে দ্বিতীয়োঽধ্যায়ঃ।

হনুমান্।—এষেতি। এষা যথোক্তা ব্রাহ্মী ব্রহ্মণি ভবেয়ং স্থিতিঃ নৈনাং স্থিতিং প্রাপ্য লব্ধ্বা বিমুহ্যতি ন মোহং প্রাপ্নোতি, স্থিত্বাস্যাং ব্রাহ্ম্যাং স্থিতৌ যথোক্তায়াং অন্তকালেঽপ্যন্তে বয়স্যপি হি ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মনির্বৃতিং মোক্ষমৃচ্ছতি গচ্ছতি॥ ৭২॥

ইতি শ্রীমদ্ধনুমদীয়ে পৈশাচভাষ্যে দ্বিতীয়োঽধ্যায়ঃ।

শ্রীধর।—উক্তাং জ্ঞাননিষ্ঠাং স্তুবন্নুপসংহরতি এষেতি। ব্রাহ্মী স্থিতির্ব্রহ্মজ্ঞাননিষ্ঠা এষা এবংবিধা, এনাং পরমেশ্বরারাধনেন বিশুদ্ধান্তকরণঃ পুমান্ প্রাপ্য ন বিমুহ্যতি পুনঃ সংসারমোহং ন প্রাপ্নোতি। যতোঽন্তকালে মৃত্যুসময়েঽপি অস্যাং ক্ষণমাত্রং স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং ব্রহ্মণি লয়মৃচ্ছতি প্রাপ্নোতি, কিং পুনর্ব্বক্তব্যং বাল্যমারভ্য স্থিত্বা প্রাপ্নোতীতি। শোকপঙ্কনিমগ্নং যঃ সাংখ্যযোগোপদেশতঃ। উজ্জহারার্জ্জুনং ভক্তং স কৃষ্ণঃ শরণং মম॥ ৭২॥

ইতি শ্রীভগবদ্গীতায়াং স্বামিকৃতটীকায়াং সাঙ্খ্যযোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

বলদেব।—স্থিতপ্রজ্ঞতাং স্তৌতি এষেতি। ব্রাহ্মী ব্রহ্মপ্রাপিকা অন্তকালে

চরমে বয়সি কিং পুনরাকৌমারং ব্রহ্ম ঋচ্ছতি লভতে। নির্ব্বাণমমৃতরূপং তৎপ্রদমিত্যর্থঃ। নমু তস্যাং স্থিতঃ কথং ব্রহ্ম প্রাপ্নোতি? তৎপ্রাপ্তেস্তত্ত্বভক্তিহেতুকত্বাদিতি চেদুচ্যতে। তস্যাস্তত্ত্বভক্তি-হেতুকত্বাত্তত্ত্বভক্তিহেতুত্বাচ্চ তৎপ্রাপকত্বেতি॥ ৭২॥

নিষ্কামকর্ম্মভিজ্ঞানী হরিমেব স্মরন্ ভবেৎ। অন্যথা বিঘ্ন এবেতি দ্বিতীয়োঽধ্যায়নির্ণয়ঃ॥

ইতি শ্রীমদ্বলদেবকৃতে শ্রীভগবদ্গীতোপনিষদ্ভাষ্যে দ্বিতীয়োঽধ্যায়ঃ।

মধুসূদন।—তদেবং চতুর্ণাং প্রশ্নানামুত্তরব্যাজেন সর্ব্বাণি স্থিতপ্রজ্ঞলক্ষণানি মুমুক্ষু-কর্ত্তব্যতয়া কথিতানি, সম্প্রতি কর্ম্মযোগফলভূতাং সাংখ্যনিষ্ঠাং ফলেন স্তুবন্নুপসংহরতি এষেতি। এষা স্থিতপ্রজ্ঞলক্ষণব্যাজেন কথিতা, "এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধিঃ" ইতি চ প্রাগুক্তা স্থিতি-নিষ্ঠা সর্ব্বকর্ম্মসংন্যাসপূর্ব্বকপরমাত্মজ্ঞানলক্ষণা ব্রাহ্মী ব্রহ্মবিষয়া, হে পার্থ! এনাং স্থিতিং প্রাপ্য যঃ কশ্চিদপি পুনর্ন বিমুহ্যতি, ন হি জ্ঞানবাধিতস্যাজ্ঞানস্য পুনঃ সম্ভবোঽস্তি অনাদিত্বেনোৎ-পত্ত্যসম্ভবাৎ, অস্যাং স্থিতৌ অন্তকালেঽপি অন্ত্যেঽপি বয়সি স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং নির্বৃতিং ব্রহ্মরূপনির্ব্বাণমিতি বা ঋচ্ছতি গচ্ছত্যভেদেন, কিমু বক্তব্যং, যো ব্রহ্মচর্য্যাদেব সন্ন্যস্য যাবজ্জীবমস্যাং ব্রাহ্ম্যাং স্থিতাববতিষ্ঠতে স ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতীত্যপিশব্দার্থঃ। জ্ঞানং তৎসাধনং কর্ম্ম সত্ত্বশুদ্ধিশ্চ তৎফলম্। তৎফলং জ্ঞাননিষ্ঠৈবেত্যধ্যায়েঽস্মিন্ প্রকীর্ত্তিতম্॥ ৭২॥

ইতি শ্রীমৎপরমহংসপরিব্রাজকাচার্য্যবিশ্বেশ্বরসরস্বতী-শ্রীপাদশিষ্য শ্রীমধুসূদন সরস্বতীবির-চিতায়াং গীতাগূঢ়ার্থদীপিকায়াং সর্ব্বগীতার্থসূত্রণং নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

নীলকণ্ঠ।—প্রতিপাদিতাং কর্ম্মযোগপ্রাপ্যাং সাংখ্যযোগনিষ্ঠাং ফলেন স্তুবন্নুপ সংহরতি এষেতি। এষা স্থিতপ্রজ্ঞলক্ষণপ্রসঙ্গাৎ কথিতা, ব্রাহ্মী ব্রহ্মশব্দেনাত্র ব্রহ্মবিদুচ্যতে, "ব্রহ্মবিদ্ব্রহ্মৈব ভবতি" ইতি শ্রুতেঃ, তস্যেয়ং ব্রাহ্মী স্থিতিঃ নিষ্ঠা। এনাং নিষ্ঠাং প্রাপ্য নরো ন বিমুহ্যতি পুনর্মোহং ন প্রাপ্নোতি, অস্যামন্তকালেঽপি স্থিত্বেতি সকৃজ্জাতাপীয়ং ফলবতী ন তূপাসনা-বচ্চিরাভ্যাসসাপেক্ষেত্যাহ, ব্রহ্ম ঋচ্ছতি প্রাপ্নোতি, কিং লোকান্তরবৎ গতিপ্রাপ্যং ব্রহ্ম নেত্যাহ নির্ব্বাণমিতি। নির্গতং বানং গমনং যস্মিন্ প্রাপ্যে ব্রহ্মণি তন্নির্ব্বাণম্, তথা চ শ্রুতিঃ, "ন তস্য প্রাণা উৎক্রামন্ত্যত্রৈব সমবলীয়ন্তে ব্রহ্মৈব সন্ ব্রহ্মাপ্যেতি" ইতি গতিমন্তরেণ প্রাণরূপোপাধি-প্রবিলয়মাত্রাৎ। ঘটাকাশস্য মহাকাশত্বপ্রাপ্তিবৎ জীবস্য ব্রহ্মপ্রাপ্তিমাহ অন্তকালেঽপীতি। অপিশব্দাৎ যো ব্রহ্মচর্য্যাদারভ্যাত্র প্রতিষ্ঠতি স ব্রহ্মনির্ব্বাণং কৈমুতিকন্যায়েন প্রাপ্নোতীতি গম্যতে। অস্যাধ্যায়স্যার্থঃ সংগৃহীতো মধুসূদনশ্রীপাদৈঃ। "জ্ঞানং তৎসাধনং কর্ম্ম সত্ত্বশুদ্ধিশ্চ তৎফলম্। তৎফলং জ্ঞাননিষ্ঠৈবেত্যধ্যায়েঽস্মিন্ প্রকীর্ত্তিতম্"॥ ৭২॥

ইতি শ্রীমৎপদবাক্যপ্রমাণমর্য্যাদাধুরন্ধরচতুর্ধরবংশাবতংস শ্রীগোবিন্দসূরিসূনোঃ শ্রীনীলকণ্ঠস্য কৃতৌ ভারতভাবদীপে ভীষ্মপর্ব্বণি ভগবদ্গীতার্থপ্রকাশো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ।

বিশ্বনাথ।—উপসংহরতি এষেতি। ব্রাহ্মী ব্রহ্মপ্রাপিকা। অন্তকালে মৃত্যুসময়েঽপি

'কিং পুনরাবাল্যাম্। জ্ঞানং কর্ম্মচ বিস্পষ্টমস্পষ্টং ভক্তিমুক্তবান্। অতএবায়মধ্যায়ঃ শ্রীগীতাসূত্র-মুচ্যতে ॥ ৭২ ॥

ইতিসারার্থবর্ষিণ্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাম্। শ্রীগীতাসু দ্বিতীয়োঽয়ং সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ॥

তাৎপর্য্য।—অর্জ্জুনকৃত প্রশ্ন চতুষ্টয়ের উত্তরচ্ছলে শ্রীভগবান্ স্থিত-প্রজ্ঞের সর্ব্ববিধ লক্ষণ এবং মুক্তিকাম পুরুষের কর্ত্তব্য বিবৃত করিয়াছেন। এক্ষণে সেই সাঙ্খ্যনিষ্ঠা বা জ্ঞাননিষ্ঠার মাহাত্ম্য পরিকীর্ত্তন করিয়া প্রস্তাবের উপসংহার করিতেছেন। স্থিতপ্রজ্ঞের লক্ষণ-বর্ণন-প্রসঙ্গে যে সকল বিবরণ কথিত হইয়াছে এবং 'এষা তেঽভিহিতা সাঙ্খ্যে' ইত্যাদি শ্লোকে যে বুদ্ধির বিষয় বিবৃত হইয়াছে, সেই সর্ব্ব কর্ম্ম সন্ন্যাস পূর্ব্বক পরমাত্ম-জ্ঞানলক্ষণা নিষ্ঠা অর্থাৎ বুদ্ধিই 'ব্রাহ্মী' অর্থাৎ ব্রহ্ম-বিষয়িণী। হে কৌন্তেয়! যাঁহার বুদ্ধি এইরূপে ব্রহ্ম বিষয়ে স্থির ভাবাপন্ন হইয়াছে, তাঁহার জ্ঞান কখনই অজ্ঞানতিমির-জালে সমাচ্ছন্ন হয় না। সুতরাং তিনি কখনই পুনরায় মোহ-কূপে নিপতিত হন না। যে ব্যক্তি আজীবন চেষ্টা করিয়াও ব্রহ্মজ্ঞান লাভ করিতে পারেন নাই, জীবন-প্রয়াণের কিঞ্চিৎ পূর্ব্বেও যদি তাঁহার হৃদয়-কন্দর ব্রহ্ম-জ্ঞানে আলোকিত হয় এবং তাঁহার জ্ঞান ব্রহ্ম-বিষয়ে স্থির ভাব পরিগ্রহ করে, তাহা হইলেও তিনি ব্রহ্মরূপে নির্ব্বাণ পদবী লাভ করিয়া পরম ধন্য হন। যিনি যাবজ্জীবন সন্ন্যাস ব্রত অবলম্বন করিয়া ব্রহ্ম-বিষয়িণী বুদ্ধিকে স্থির করিয়া রাখিতে পারেন, তাঁহার ব্রহ্মনির্ব্বাণ যে অবশ্যম্ভাবী এ কথা বলাই বাহুল্য। এই অধ্যায়ে কর্ম্মজনিত সত্ত্বশুদ্ধি এবং তাহার ফলস্বরূপ জ্ঞাননিষ্ঠার বিষয় প্রকীর্ত্তিত হইল। এই অধ্যায়ের নামান্তর সর্ব্বগীতার্থ সূত্র ॥ ৭২ ॥

দ্বিতীয় অধ্যায়ের তাৎপর্য্য সমাপ্ত।

যামুন মুনি।—অস্থান স্নেহকারুণ্যধর্ম্মাধর্ম্মধিয়াকুলম্। পার্থং প্রপন্নমুদ্দিশ্য শাস্ত্রাবতরণং কৃতম্॥ নিত্যাত্মা সঙ্গকর্ম্মেহা গোচরা সাঙ্খ্যযোগধীঃ। দ্বিতীয়ে স্থিতধী লক্ষ্যা প্রোক্তা তন্মোহশান্তয়ে॥

ভাবার্থ।—গীতাশাস্ত্রের প্রথম অধ্যায়ে, অনুপযুক্ত স্থলে স্নেহ ও কারুণ্য-প্রণোদিত ধর্ম্মাধর্ম্ম বিনির্ণয়ার্থ ব্যাকুলিত-হৃদয় শরণাগত অর্জ্জুনকে উদ্দেশ করিয়া এই শাস্ত্রের অবতারণা করা হইয়াছে। দ্বিতীয় অধ্যায়ে, অর্জ্জুনের মোহ শান্তির নিমিত্ত, প্রথমতঃ আত্মার নিত্যত্ব এবং নিষ্কাম কর্ম্মরূপ সাঙ্খ্যযোগ, পরে স্থিতধী লক্ষণ প্রকীর্ত্তিত হইয়াছে।

চতুর্থোঽধ্যায়ঃ ।

——:(০):——

শ্রীভগবানুবাচ ।

ইমং বিবস্বতে যোগং প্রোক্তবানহমব্যয়ম্ ।
বিবস্বান্ মনবে প্রাহ মনুরিক্ষ্বাকবেঽব্রবীৎ ॥ ১ ॥

অন্বয় ।—শ্রীভগবান্ উবাচ। অহং বিবস্বতে (সূর্য্যায়) ইমং অব্যয়ং (অব্যয়ফলত্বাৎ অক্ষয়ং) যোগং প্রোক্তবান্ (প্রকর্ষেণ কথিতবান্) বিবস্বান্ (সূর্য্যঃ) মনবে (মনুনামকায় স্বপুত্রায়) প্রাহ মনুঃ ইক্ষ্বাকবে (ইক্ষ্বাকুনামধেয়ায় স্বপুত্রায়) অব্রবীৎ ॥ ১ ॥

প্রতিশব্দ ।—শ্রীভগবান্ বলিলেন। আমি সূর্য্যকে এই অক্ষয়-ফলপ্রদ যোগ বিশেষ-রূপে বলিয়াছিলাম সূর্য্য মনুকে বলিয়াছিলেন মনু ইক্ষ্বাকুকে বলিয়াছিলেন ॥ ১ ॥

ব্যাখ্যা ।—আমি আদিকালে সূর্য্য দেবকে এই যোগ-সম্বন্ধে উপদেশ প্রদান করিয়াছিলাম; সূর্য্য স্বকীয় পুত্র মনুকে এবং মনু নিজ নন্দন ইক্ষ্বাকুকে এই যোগ-বিষয়ক শিক্ষা প্রদান করিয়াছিলেন ॥ ১ ॥

শঙ্করাচার্য্য ।—শ্রীভগবানুবাচ। যোঽয়ং যোগোঽধ্যায়দ্বয়েনোক্তো জ্ঞাননিষ্ঠালক্ষণঃ স সন্ন্যাসঃ সকর্ম্মযোগোপায়ঃ, যস্মিন্ বেদার্থঃ পরিসমাপ্তঃ প্রবৃত্তিলক্ষণো নিবৃত্তিলক্ষণশ্চ গীতাসু চ সর্ব্বাস্বয়মেব যোগো বিবক্ষিতো ভগবতা, অতঃ পরিসমাপ্তং বেদার্থং মত্বানন্তং বংশকথনেন স্তৌতি শ্রীভগবান্ ইমমিতি। ইমং অধ্যায়দ্বয়েনোক্তং যোগং বিবস্বতে আদিত্যায় সর্গাদৌ প্রোক্তবান্, অহং জগৎপরিপালয়িতৃণাং ক্ষত্রিয়াণাং বলাধানায়, তেন যোগবলেন যুক্তা হি সমর্থা ভবন্তি ব্রহ্ম পরিরক্ষিতুং, ব্রহ্মক্ষত্রে পরিপালিতে জগৎপরিপালয়িতুমলম্। অব্যয়মব্যয়ফলত্বাৎ অস্য সম্যগ্দর্শননিষ্ঠালক্ষণস্য মোক্ষাখ্যং ফলং বেতি, সচ বিবস্বান্ মনবে প্রাহ, মনুরিক্ষ্বাকবে স্বপুত্রায়াদিরাজায়াব্রবীৎ ॥ ১ ॥

আনন্দগিরি।—পূর্ব্বাভ্যামধ্যায়াভ্যাং নিষ্ঠাদ্বয়াত্মনো যোগস্য গীতত্বাৎ বেদার্থস্য চ সমাপ্তত্বাৎ বক্তব্যাশেষাভাবাৎ উক্তযোগস্য কৃতিত্বশঙ্কানিবৃত্তয়ে বংশকথনপূর্ব্বিকাং স্তুতিং ভগবানুক্তবানিত্যাহ শ্রীভগবানিতি। তদেতদ্ভগবদ্বচনং বৃত্তানুবাদদ্বারেণ প্রস্তৌতি যোঽয়মিতি। উক্তমেব যোগং বিভজ্যানুবদতি জ্ঞানেতি। সন্ন্যাসেনেতিকর্ত্তব্যতয়া সহিতস্য জ্ঞানাত্মনো যোগস্য কর্ম্মাখ্যো যোগো হেতুরতশ্চোপায়োপেয়ভূতং নিষ্ঠাদ্বয়ং প্রতিষ্ঠাপিতমিত্যর্থঃ। উক্তে যোগদ্বয়ে প্রমাণমুপন্যস্যতি যস্মিন্নিতি। অথবা জ্ঞানযোগস্য কর্ম্মযোগোপায়ত্বমেব স্ফুটয়তি যস্মিন্নিতি। প্রবৃত্ত্যা লক্ষ্যতে জ্ঞায়তে কর্ম্মযোগো নিবৃত্ত্যা চ লক্ষ্যতে জ্ঞানযোগ ইতি বিভাগঃ। যদ্যপি পূর্ব্বস্মিন্নধ্যায়দ্বয়ে যথোক্তনিষ্ঠাদ্বয়ং ব্যাখ্যাতং, তথাপি বক্ষ্যমাণাধ্যায়েষু বক্তব্যান্তরমস্তীত্যাশঙ্ক্যাহ গীতাস্বিতি। কথং তর্হি সমনন্তরাধ্যায়স্য প্রবৃত্তিরত আহ অত ইতি। বংশকথনং সম্প্রদায়োপদেশশ্চ অকৃত্রিমত্বাশঙ্কানিবৃত্ত্যা যোগঃ স্তৌতি পর্য্যবস্যতি। গুরুশিষ্যপরম্পরোপন্যাসমেবানুক্রামতি ইমমিতি। ইমমিত্যস্য সন্নিহিতং বিষয়ং দর্শয়তি অধ্যায়েতি। যোগং জ্ঞাননিষ্ঠালক্ষণং কর্ম্মযোগোপায়লভ্যমিত্যর্থঃ। স্বয়মকৃতার্থানাং প্রয়োজনব্যগ্রাণাং পরার্থপ্রবৃত্ত্যসম্ভবাদ্ভগবতস্তথাবিধপ্রবৃত্তিদর্শনাৎ কৃতার্থতা কল্পনীয়েত্যাহ বিবস্বত ইতি। অব্যয়বেদমূলত্বাদব্যয়ত্বং যোগস্য গময়িতব্যং কিমিতি ভগবতা কৃতার্থেনাপি যোগপ্রবচনং কৃতমিতি তদাহ জগদিতি। কথং যথোক্তেন যোগেন ক্ষত্রিয়াণাং বলাধানং তদাহ তেনেতি যুক্তাঃ ক্ষত্রিয়া ইতি শেষঃ। ব্রহ্মশব্দেন ব্রাহ্মণত্বজাতিরুচ্যতে। যদ্যপি যোগপ্রবচনেন ক্ষত্রং রক্ষিতং তেন চ ব্রাহ্মণত্বম্ তথাপি কথং রক্ষণীয়ং জগদশেষং রক্ষিতমিত্যাশঙ্ক্যাহ ব্রহ্মেতি। তাভ্যাং হি কর্ম্মফলভূতং জগদনুষ্ঠানদ্বারা রক্ষিতুং শক্যমিত্যর্থঃ। যোগস্যাব্যয়ত্বে হেত্বন্তরমাহ অব্যয়ফলত্বাদিতি। নমু কর্ম্মফলবদুক্তযোগফলস্যাপি সাধ্যত্বেন ক্ষয়িষ্ণুত্বমনুমীয়তে নেত্যাহ ন হীতি। অপুনরাবৃত্তিশ্রুতিপ্রতিহতমনুমানং ন প্রমাণীভবতীতি ভাবঃ। ভগবতা বিবস্বতে প্রোক্তো যোগস্তত্রৈব পর্য্যবস্যতীত্যাশঙ্ক্যাহ সচেতি। স্বপুত্রায়েত্যুভয়ত্র সম্বধ্যতে, আদিরাজায়েতীক্ষ্বাকোঃ সূর্য্যবংশপ্রবর্ত্তকত্বেন বৈশিষ্ট্যমুচ্যতে ॥ ১ ॥

হনুমান্।—পূর্ব্বোক্তযোগমনেকশিষ্টপরিগ্রহেণ চ স্তৌতি প্ররোচনার্থং শ্রীভগবানুবাচ ইমমিতি। ইমং পূর্ব্বোক্তং, বিবস্বতে প্রোক্তবানহং অব্যয়ং অবিনাশিনং, স চ বিবস্বান্ মনবে স্বপুত্রায় প্রাহ, স মনুরিক্ষ্বাকবেঽব্রবীদিতি ॥ ১ ॥

শ্রীধর।—আবির্ভাবতিরোভাবাবাবিষ্কর্ত্তুং স্বয়ং হরিঃ। তত্ত্বম্পদবিবেকার্থং কর্ম্মযোগং প্রশংসতি ॥ এবং তাবদধ্যায়দ্বয়েন কর্ম্মযোগোপায়কজ্ঞানযোগো মোক্ষসাধনত্বেনোক্তস্তমেব ব্রহ্মার্পণাদিগুণবিধানেন তত্ত্বম্পদার্থবিবেকাদিনা চ প্রপঞ্চয়িষ্যন্ প্রথমং তাবৎ পরম্পরাপ্রাপ্তত্বেন স্তুবন্ শ্রীভগবানুবাচ, ইমমিতি ত্রিভিঃ। অব্যয়ফলত্বাদব্যয়ং ইমং যোগং পুরাহং বিবস্বতে আদিত্যায় কথিতবান্, স চ স্বপুত্রায় মনবে শ্রাদ্ধদেবায় প্রাহ, স চ মনুঃ স্বপুত্রায়েক্ষ্বাকবেঽব্রবীৎ ॥ ১ ॥

বলদেব।—ভূয়ো স্বাভিব্যক্তিহেতুং স্বলীলানিত্যত্বং, সৎ কর্ম্মসু জ্ঞানযোগম্।

জ্ঞানস্যাপি প্রাগুক্তম্ মহাত্মমুচ্চৈঃ প্রাথ্যদ্দেবো দেবকীনন্দনোঽসৌ॥ পূর্ব্বাধ্যায়াভ্যামুক্তং জ্ঞানযোগং কর্ম্মযোগঞ্চৈকফলত্বাদেকীকৃত্য তদ্বংশং কীর্ত্তয়ন্ স্তৌতি ভগবানুবাচ, ইমমিতি। ইমং ত্বাং প্রত্যুক্তং যোগং পুরা ভক্তায় সর্ব্বক্ষত্রিয়াম্বয়বীজায় বিবস্বতে সূর্য্যায়াহং প্রোক্তবান্। অব্যয়ং নিত্যং বেদার্থত্বান্ন ব্যেতি স্বফলাদিত্যব্যভিচারিফলত্বাচ্চ। স চ মচ্ছিষ্যো বিবস্বান্ স্বপুত্রায় মনবে বৈবস্বতায় প্রাহ। স চ মনুরিক্ষ্বাকবে স্বপুত্রায়াব্রবীৎ॥ ১॥

মধুসূদন।— যদ্যপি পূর্ব্বমুপেয়ত্বেন জ্ঞানযোগস্তদুপায়ত্বেন চ কর্ম্মযোগ ইতি দ্বৌ যোগৌ কথিতৌ তথা"একং সাঙ্খ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি স পশ্যতি" ইত্যনয়া দিশা সাধ্যসাধনয়োঃ ফলৈক্যাদৈকামুপচর্য্য সাধনভূতং কর্ম্মযোগং সাধ্যভূতঞ্চ জ্ঞানযোগমনেকবিধগুণবিধানায় স্তৌতি বংশকথনেন ভগবান্ ইমমিতি। ইমমধ্যায়দ্বয়েনোক্তং যোগং জ্ঞাননিষ্ঠালক্ষণং কর্ম্মনিষ্ঠা-পায়লভ্যং বিবস্বতে সর্ব্বক্ষত্রিয়বংশবীজভূতায়াদিত্যায় প্রোক্তবান্ প্রকর্ষেণ সর্ব্বসন্দেহোচ্ছেদাদি-রূপেণোক্তবান্, অহং ভগবান্ বাসুদেবঃ সর্ব্বজগৎপরিপালকঃ, সর্গাদিকালে রাজ্ঞাং বলাধানেন তদধীনং সর্ব্বং জগৎ পালয়িতুম্। কথমনেন বলাধানমিতি বিশেষণেন দর্শয়তি, অব্যয়ং অব্যয়বেদমূলত্বাৎ অব্যয়মোক্ষফলত্বাচ্চ নব্যেতি স্বফলাদিত্যব্যয়ং অব্যভিচারিফলং, তথাচৈ-তাদৃশেন বলাধানং শক্যমিতি ভাবঃ। স চ মম শিষ্যো বিবস্বান্ মনবে বৈবস্বতায় স্বপুত্রায় প্রাহ, স চ মনুরিক্ষ্বাকবে স্বপুত্রায়াদিরাজায়াব্রবীৎ। যদ্যপি প্রতিমন্বন্তরং স্বায়ম্ভুবমন্বাদিসাধা-রণোঽয়ং ভগবদুপদেশস্তথাপি সাম্প্রতিকবৈবস্বতমন্বন্তরাভিপ্রায়েণাদিত্যমারভ্য সম্প্রদায়ো গণিতঃ॥ ১॥

নীলকণ্ঠ।—অধ্যায়দ্বয়োক্তেঽর্থেঽপ্রামাণ্যশঙ্কা মাভূদিতি বিদ্যাবংশসম্প্রদায়ম্ আত্মনশ্চ ভ্রমবিপ্রলম্ভকত্বাদিনিরাসায়েশ্বরত্বং সর্ব্বজ্ঞত্বঞ্চ দর্শয়তি ইমমিত্যাদিনা। ইমং সাঙ্খ্যযোগং কর্ম্ম-যোগরূপোপায়সহিতং সন্ন্যাসমিতি ভাব্যম্, ইমং সন্ধ্যোপাসনাদি নির্ব্বিকল্পকসমাধ্যনুষ্ঠানান্তং কর্ম্মযোগং জ্ঞাননিষ্ঠোপসর্জ্জনং পারিব্রাজ্যানধিকারিণাং রাজ্ঞামেব যোগ্যং বিবস্বতে সূর্য্যায় মণ্ডলাভিমানিনে সর্ব্বেষাং ক্ষত্রিয়াণামাদিভূতায়াহম্, "আদিত্যান্তর্যামী য এষোঽন্তরাদিত্যে হিরণ্ময়ঃ পুরুষো দৃশ্যতে হিরণ্যশ্মশ্রুর্হিরণ্যকেশ আপ্রণখাৎ সর্ব্ব এব সুবর্ণস্তস্য যথা কপ্যাসং পুণ্ডরীকমেবমক্ষিণী তস্যোদিতি নাম" ইত্যাদি শ্রুতিপ্রসিদ্ধঃ প্রোক্তবান্ পুরা অব্যয়ম্ অবিচ্ছিন্ন-সম্প্রদায়ং তেনানাদিত্বমপি, মনবে স্বপুত্রায় বিবস্বান্ ইক্ষ্বাকবে মনুঃ স্বপুত্রায়াঽব্রবীৎ॥ ১॥

বিশ্বনাথ।— তুর্য্যে স্বাবির্ভাবহেতোর্নিত্যত্বং জন্মকর্ম্মণোঃ। স্বস্তোক্তং ব্রহ্মযজ্ঞাদি জ্ঞানোৎকর্ষপ্রপঞ্চনম্॥ অধ্যায়দ্বয়েনোক্তং নিষ্কামকর্ম্মসাধ্যং জ্ঞানযোগং স্তৌতি ইমমিতি॥ ১॥

তাৎপর্য্য।—পূর্ব্বালোচিত অধ্যায়দ্বয়ে উপেয়ভূত জ্ঞানযোগ এবং উপায়-ভূত কর্ম্ম-যোগের বিষয় কথিত হইয়াছে। এই যোগদ্বয় যে পরম্পরা-ক্রমে প্রচলিত আছে, তাহাই প্রতিপাদন করিবার অভিপ্রায়ে শ্রীভগবান্

এক্ষণে বংশ-কীর্ত্তন করিতেছেন। চতুর্থ অধ্যায়ের প্রথম তিন শ্লোক এই যোগ-মহিমা প্রতিপাদক। শ্রীভগবান্ বলিতেছেন যে, এই যে জ্ঞাননিষ্ঠা লক্ষণ এবং কর্ম্মনিষ্ঠা লক্ষণ, সাধ্য ও সাধনভূত যোগদ্বয়ের বৃত্তান্ত তোমার নিকট কীর্ত্তন করিলাম, হে সখে! তাহা অদ্য তোমার বিনোদনার্থ কল্পিত হয় নাই, সৃষ্টির আদি কালে ক্ষত্রিয়বংশের বীজস্বরূপ * আদি পুরুষ বিবস্বৎ দেবকে † অর্থাৎ দিবাকর দেবতাকে আমি ভগবান্ বাসুদেব তাঁহার যাবতীয় সন্দেহ উচ্ছেদ করিয়া, এই যোগের বিষয় বলিয়াছিলাম। ভগবান্ আদিত্যকে এই যোগ-বিষয়ক উপদেশ প্রদান করার অভিপ্রায় এই যে, এতদুপায়ে তদীয় বংশাবলী শক্তি-সম্পন্ন হইয়া প্রকৃষ্ট রূপে রাজ-কার্য্য পরিচালনে সক্ষম হইবেন। এই যোগ অব্যয়, কারণ ইহা বেদমূলক, ধ্রুব মোক্ষপ্রদ এবং অব্যভিচারী ফলদায়ক। আমার সেই শিষ্য সূর্য্য স্বকীয় পুত্র বৈবস্বত মনুকে ‡ এই যোগ বিষয়ক উপদেশ প্রদান করেন। মনু পুনরায় নিজপুত্র ইক্ষ্বাকুকে § এই যোগ সম্বন্ধে শিক্ষা প্রদান করেন।

---

* ক্ষত্রিয় সূর্য্যবংশ। সূর্য্যপুত্র মনু সত্যযুগে রাজা ছিলেন। সেই বৈবস্বত মনুর পুত্র ইক্ষ্বাকু ত্রেতাযুগে রাজত্ব করিয়াছিলেন।

† সূর্য্য।—সূর্য্যের বহুনামের অন্যতম নাম বিবস্বান্। "নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্ম্মদায়িনে নমঃ।" ইত্যাদি সূর্য্যার্ঘ-মন্ত্রে সূর্য্যের বিবস্বান্ নাম সর্ব্বত্র সুপরিচিত আছে।

‡ মনু।—প্রতি কল্পে চতুর্দ্দশ মনুর আবির্ভাব হয়। তাঁহাদের বিবরণ যথা; "আদ্যো মনুর্ব্রহ্মপুত্রঃ শতরূপাপতির্ব্রতী। ধর্ম্মিষ্ঠানাং বরিষ্ঠশ্চ গরিষ্ঠো মনুষু প্রভুঃ॥ স্বায়ম্ভুবঃ শম্ভুশিষ্যো বিষ্ণুব্রতপরায়ণঃ। জীবন্মুক্তো মহাজ্ঞানী ভরতঃ প্রপিতামহঃ॥ সংপ্রাপ কৃষ্ণদাস্যঞ্চ গোলকঞ্চ জগাম সঃ। দৃষ্ট্বা মুক্তং স্বপুত্রঞ্চ প্রহৃষ্টশ্চ প্রজাপতিঃ॥ তুষ্টাব শঙ্করং তুষ্টং সম্বজে মনুমন্যকম্। স চ স্বয়ম্ভুপুত্রশ্চ পুরঃ স্বায়ম্ভুবো মনুঃ॥ স্বারোচিষো মনুশ্চৈব দ্বিতীয়ো বহ্নিনন্দনঃ। রাজা বদান্যো ধর্ম্মিষ্ঠঃ স্বায়ম্ভুবসমো মহান্॥ প্রিয়ব্রতসুতাবন্যৌ দ্বৌ মনুধর্ম্মিণাং বরৌ। তৌ তৃতীয়-চতুর্থৌ চ বৈষ্ণবৌ তাপসোত্তমৌ॥ তৌ চ শঙ্করশিষ্যৌ চ কৃষ্ণভক্তিপরায়ণৌ। ধর্ম্মিষ্ঠানাং বরিষ্ঠশ্চ রৈবতঃ পঞ্চমো মনুঃ॥ ষষ্ঠশ্চ চাক্ষুষো জ্ঞেয়ো বিষ্ণুভক্তিপরায়ণঃ। শ্রাদ্ধদেবঃ সূর্য্যসুতো বৈষ্ণবঃ সপ্তমো মনুঃ॥ সাবর্ণিঃ সূর্য্যতনয়ো বৈষ্ণবো মনুরষ্টমঃ। নবমো দক্ষ-সাবর্ণির্বিষ্ণুব্রতপরায়ণঃ॥ দশমো ব্রহ্মসাবর্ণির্ব্রহ্মজ্ঞানবিশারদঃ। ততশ্চ ধর্ম্মসাবর্ণির্মনুরেকাদশ স্মৃতঃ। ধর্ম্মিষ্ঠশ্চ বরিষ্ঠশ্চ বৈষ্ণবানাং সদাব্রতী। জ্ঞানী চ রুদ্রসাবর্ণির্মনুশ্চ দ্বাদশ স্মৃতঃ॥ ধর্ম্মাত্মা দেবসাবর্ণির্মনুরেব ত্রয়োদশঃ। চতুর্দ্দশো মহাজ্ঞানী চেন্দ্রসাবর্ণিরেব চ॥"—ব্রহ্মবৈবর্ত্ত-পুরাণ। বিষ্ণুপুরাণ ও শ্রীমদ্ভাগবতেও ইহার বিশেষ বৃত্তান্ত আছে। ইহার মধ্যে ছয়জন মনু অতীত হইয়াছেন। বৈবস্বত নামক সপ্তম মনু এক্ষণে বর্ত্তমান।

§ ইক্ষ্বাকু।—সূর্য্যনন্দন বৈবস্বত মনুর পুত্র। ইনি সত্যযুগে অযোধ্যায় রাজত্ব করিয়াছিলেন। ইনিই সূর্য্যবংশীয় রাজগণের প্রবর্ত্তকরূপে খ্যাত।

যদিও প্রতি মন্বন্তরে * স্বায়ম্ভুবাদি মনুর আবির্ভাব হয়, তথাপি ইদানীন্তন কালে বৈবস্বত মন্বন্তর বলিয়া, তজ্জনক সূর্য্য এই যোগতত্ত্বের প্রথম উপদেশ পাত্র, ইহাই কীর্ত্তিত হইল। এতদ্বারা ইহাই সপ্রমাণিত হইতেছে যে, এই যোগ নবোদ্ভাবিত বা আধুনিক অনুষ্ঠান নহে; ইহা সৃষ্টির আদিকাল হইতে প্রচলিত রহিয়াছে; সুতরাং ইহার সনাতনত্ব সম্বন্ধে কোনই সন্দেহ নাই। কাহাকেও কোন অপরিজ্ঞাত বিষয়ে উপদেশ প্রদান করিতে হইলে, তদ্বিষয়ের প্রাচীনত্ব, স্থায়িত্ব ও মহত্ত্বাদি বিষয়ক সমর্থন সূচক প্রমাণ-প্রয়োগ করিলে, সেই বিষয়ে সেই ব্যক্তির ভক্তি ও শ্রদ্ধা সমাকৃষ্ট হইয়া থাকে। এই জন্যই এস্থলে এতৎ প্রসঙ্গের অবতারণা করা হইয়াছে। আরও, এই অক্ষয়-ফল-প্রদ যোগোপদেশের বীজ প্রথমতঃ ক্ষত্রিয়-কুলের আদি-পুরুষ ভগবান্ ভাস্করের হৃদয়ে উপ্ত হইয়াছিল এবং বংশ-পরম্পরাক্রমে ইহা ক্ষত্রিয়-কুলে প্রবর্ত্তিত ছিল, জানিতে পারিলে, নিশ্চয়ই অর্জ্জুন তৎসম্বন্ধে অধিকতর শ্রদ্ধাবান্ ও ভক্তিমান্ হইবেন ॥ ১ ॥

এবং পরম্পরাপ্রাপ্তমিমং রাজর্ষয়ো বিদুঃ।
স কালেনেহ মহতা যোগো নষ্টঃ পরন্তপ!॥ ২ ॥

অন্বয়।—এবং (এবং প্রকারেণ) পরম্পরাপ্রাপ্তম্ (পিত্রাদেঃ পুত্রেণ একস্মাৎ অপরেণ ইত্যাকারেণ লব্ধম্) ইমং (যোগং) রাজর্ষয়ঃ (রাজানশ্চ তে ঋষয়শ্চ নিমিপ্রমুখাঃ) বিদুঃ (জানন্তি স্ম) পরন্তপ!

* মন্বন্তর।—মনুষ্যপরিমাণের চারি সহস্র যুগে ব্রহ্মার এক দিন হয়; তাহার নাম কল্প। (৬২৫।৩৩০ পৃষ্ঠায় টিপ্পনি দ্রষ্টব্য) সেই কালের মধ্যে চতুর্দ্দশ মনুর আবির্ভাব হয়। এক এক মনুর যতকাল অধিকার থাকে, তাহাকে এক এক মন্বন্তর বলে। সেই মনুগণের নাম অচিরপূর্ব্বে লিখিত হইয়াছে। প্রত্যেক মন্বন্তরে ভগবানের অবতার, ইন্দ্র, দেবগণ, সপ্তর্ষি, মনু, মনুপুত্র, স্বতন্ত্র স্বতন্ত্র হইয়া থাকেন। দেব পরিমাণের একসপ্ততি যুগে এক মন্বন্তর হয়। "মন্বন্তরং মনোঃ কালো যাবৎ পালয়তে প্রজাঃ। একো মনুঃ স কালস্তু মন্বন্তরমিতি শ্রুতম্। তদেকসপ্ততিযুগৈর্দেবানামিহ জায়তে। তৈশ্চতুর্দ্দশভিঃ কাল্পো দিনমেকন্তু বেধসঃ॥"—কালিকাপুরাণ।

(শত্রুতাপন) ইহ (লোকে) স যোগঃ মহতা (দীর্ঘেণ) কালেন (কালাত্যয়েন) নষ্টঃ (বিচ্ছিন্নঃ) ॥ ২ ॥

প্রতিশব্দ।—এইরূপ পরম্পরাগত ইহা রাজর্ষিগণ জানিতেন অরিসূদন এই লোকে সেই যোগ সুদীর্ঘ কালে বিচ্ছিন্ন ॥ ২ ॥

ব্যাখ্যা।—হে শত্রুতাপন অর্জ্জুন! রাজর্ষিগণ এইরূপ পরম্পরা ক্রমে এই যোগ পরিজ্ঞাত ছিলেন; কিন্তু কালসহকারে ইহলোকে সেই যোগ নষ্ট হইয়া গিয়াছে ॥ ২ ॥

শঙ্করাচার্য্য।—এবমিতি। এবং ক্ষত্রিয়পরম্পরাপ্রাপ্তমিমং রাজর্ষয়ো রাজানশ্চ তে ঋষয়শ্চ রাজর্ষয়ো বিদুরিমং যোগং, স যোগঃ কালেনেহ মহতা দীর্ঘেণ নষ্টো বিচ্ছিন্নসম্প্রদায়ঃ সংবৃত্তঃ, হে পরন্তপ! আত্মনো বিপক্ষভূতাঃ পরে উচ্যন্তে, তান্, শৌর্য্যতেজোগভস্তিভির্ভানুরিব তাপয়তীতি পরন্তপঃ শত্রুতাপন ইত্যর্থঃ ॥ ২ ॥

আনন্দগিরি।—যথোক্তে যোগে পরম্পরাগতে বিশিষ্টজনসম্মতিমুদাহরতি এবমিতি। তস্য কথং সম্প্রতি বক্তব্যত্বং তত্রাহ স কালেনেতি। পূর্ব্বার্দ্ধং ব্যাকরোতি এবমিত্যাদিনা। ঐশ্বর্য্যসম্পত্তিমত্ত্বং রাজত্বং তেষামেব সূক্ষ্মার্থনিরীক্ষণক্ষমত্বমৃষিত্বমিহেতি ভগবতোঽর্জ্জুনেন সহ ব্যবহারকালো গৃহ্যতে। পরন্তপেতি সম্বোধনং বিভজতে আত্মন ইতি ॥ ২ ॥

রামানুজ।—তৃতীয়েঽধ্যায়ে প্রকৃতিসংসৃষ্টস্য মুমুক্ষোঃ সহসা জ্ঞানযোগানধিকারাৎ কর্ম্মযোগ এব কার্য্যঃ, জ্ঞানযোগাধিকারিণোঽপ্যকর্ত্তৃত্বানুসন্ধানপূর্ব্বককর্ম্মযোগ এব শ্রেয়ানিতি সহেতুকমুক্তং বিশিষ্টতয়া ব্যপদেশ্যস্য তু বিশেষতঃ কর্ম্মযোগ এব কার্য্য ইতি চোক্তং, চতুর্থ ইদানীমস্যৈব কর্ম্মযোগস্য নিখিলজগদুদ্ধরণায় মন্বন্তরাদাবেবোপদিষ্টতয়া কর্ত্তব্যতাং দৃঢ়য়িত্বান্তর্গত-জ্ঞানতয়াস্যৈব জ্ঞানযোগাকারতাং কর্ম্মযোগস্য প্রদর্শ্য কর্ম্মযোগস্বরূপং তদ্ভেদাঃ কর্ম্মযোগে জ্ঞানাংশস্যৈব প্রাধান্যং প্রোচ্যতে। প্রসঙ্গাচ্চ ভগবদবতারযাথাত্ম্যমুচ্যতে। ঃ ভগবানুবাচ ইমমিতি। সোঽয়ং তবোদিতো যোগঃ স কেবলং যুদ্ধপ্রোৎসাহনায় ইদানীমুদিত ইতি ন মন্তব্যঃ, মন্বন্তরাদাবেব নিখিলজগদুদ্ধরণায় পরমপুরুষার্থলক্ষণমোক্ষসাধনতয়েমং যোগমহমেব বিবস্বতে প্রোক্তবান্, বিবস্বাংশ্চ মনবে মনুরিক্ষ্বাকবে। ইত্যেবং সম্প্রদায়পরম্পরাপ্রাপ্তমিমং যোগং পূর্ব্বে রাজর্ষয়ো বিদুঃ। স মহতা কালেন তত্তচ্ছ্রোতৃবুদ্ধিমান্দ্যাদ্বিনষ্টপ্রায়োঽভূৎ ॥১।২॥

হনুমান্।—এবমিতি। এবং ক্ষত্রিয়পরম্পরাপ্রাপ্তং প্রোক্তমিমং রাজর্ষয়ো মনু-প্রভৃতয়ো বিদুর্জানন্তি স যোগো মহতা কালেন নষ্টঃ বিচ্ছিন্নসম্প্রদায়ঃ সংবৃত্তঃ। পরন্তপ! পরাংস্তাপয়তীতি পরন্তপ শত্রুন্তপ ॥ ২ ॥

শ্রীধর।—এবমিতি। এবং রাজানশ্চ তে ঋষয়শ্চেতি, অন্তেঽপি রাজর্ষয়ো নিমি-প্রমুখাঃ স্বপিত্রাদিভিরিক্ষ্বাকুপ্রমুখৈঃ প্রোক্তমিমং যোগং বিদুর্জানন্তি স্ম। অদ্যতনানামজ্ঞানে কারণমাহ, হে পরন্তপ শত্রুতাপন! স যোগঃ কালবশাদিহ লোকে নষ্টো বিচ্ছিন্নঃ॥ ২॥

বলদেব।—এবং বিবস্বন্তমারভ্য গুরুশিষ্যপরম্পরয়া প্রাপ্তমিমং যোগং রাজর্ষয়ঃ স্বপিত্রাদিভিরিক্ষ্বাকুপ্রভৃতিভিরুপদিষ্টং, বিদুঃ। ইহ লোকে নষ্টো বিচ্ছিন্নসম্প্রদায়ঃ॥ ২॥

মধুসূদন।—এবমাদিত্যমারভ্য গুরুশিষ্যপরম্পরয়া প্রাপ্তমিমং যোগং রাজানশ্চ তে ঋষয়শ্চেতি রাজর্ষয়ঃ, প্রভুত্বে সতি সূক্ষ্মার্থনিরীক্ষণক্ষমা নিমিপ্রমুখাঃ স্বপিত্রাদিপ্রোক্তং বিদুঃ, তস্মাদনাদিবেদমূলত্বেনানাদিগুরুশিষ্যপরম্পরাপ্রাপ্তত্বেন চ কৃত্রিমত্বশঙ্কানাস্পদত্বান্মহাপ্রভাবোঽয়ং যোগ ইতি শ্রদ্ধাতিশয়ায় স্তূয়তে। স এবং মহাপ্রয়োজনোঽপি যোগঃ কালেন মহতা দীর্ঘেণ ধর্ম্মহ্রাসকরেণ ইহ ইদানীমাবয়োর্ব্যবহারকালে দ্বাপরান্তে দুর্ব্বলানজিতেন্দ্রিয়াননধিকারিণঃ প্রাপ্য কামক্রোধাদিভিরভিভূয়মানো নষ্টঃ বিচ্ছিন্নসম্প্রদায়ো জাতঃ। তং বিনা পুরুষার্থাপ্রাপ্তেঃ, অহো দৌর্ভাগ্যং লোকস্যেতি শোচতি ভগবান্। হে পরন্তপ! পরং কামক্রোধাদিরূপং শত্রুগণং শৌর্য্যেণ বলবতা বিবেকেন তপসা চ ভানুরিব তাপয়তীতি পরন্তপঃ শত্রুতাপনো জিতেন্দ্রিয় ইত্যর্থঃ। ঊর্দ্ধরেতস্ত্বাপেক্ষণাদ্ভুতকর্ম্মদর্শনাৎ, তস্মাৎ ত্বং জিতেন্দ্রিয়ত্বাদত্রাধিকারীতি সূচয়তি॥ ২॥

নীলকণ্ঠ।—এবমিতি এবং পরম্পরাপ্রাপ্তং ইক্ষ্বাকুনিমিনাভাগাদিক্রমেণ রাজর্ষয়ঃ জনকাজাতশত্রুকৈকেয়প্রভৃতয়ো রাজানঃ, ঋষয়শ্চ সনকবশিষ্ঠাদ্যাঃ, সূক্ষ্মার্থদর্শিনস্তে রাজান এবং ঋষয় ইতি বা অবিদুঃ জ্ঞাতবন্তঃ (সিজভ্যস্ত বিদিভ্যশ্চেতি লুঙ্ভোর্জুস্) নষ্টঃ অদর্শনং গতঃ॥ ২॥

তাৎপর্য্য।—আদিত্য হইতে আরম্ভ করিয়া গুরু-শিষ্য-ক্রমে নিমি* প্রভৃতি সূক্ষ্ম-দর্শন-ক্ষম রাজর্ষিগণ† স্বপিত্রাদির নিকট হইতে এই পরম যোগ জানিয়া আসিতেছেন। অতএব অনাদি বেদমূলত্ব হেতু, অনন্ত ফলপ্রদায়িত্ব হেতু, অনাদিকাল প্রবর্ত্তিত গুরু-শিষ্য-ক্রমে পরম্পরা প্রাপ্ত, সুতরাং কৃত্রিমতা সম্ভাবনা বিরহ হেতু এই যোগ সাতিশয় প্রভাবশালী। মহাপ্রয়োজনীয় হইলেও, ধর্ম্ম-হ্রাস-কারী সুদীর্ঘ কালাত্যয় হেতু, আমাদের

---

* নিমি।—ইক্ষ্বাকুর পুত্র। নিমি রাজা মহর্ষি বশিষ্ঠ কর্ত্তৃক অভিশপ্ত হইয়া বিদেহত্ব প্রাপ্ত হইয়াছিলেন। (৬৬৬ পৃষ্ঠার টিপ্পনী দেখুন)।

† রাজর্ষি।—রাজ-সিংহাসনে আসীন হইয়া এবং অতুল সম্পত্তির অধিকারী হইয়াও যিনি নিষ্কাম কার্য্য দ্বারা ত্রিবিধ অনাসক্ত ব্যবহারের পরিচয় প্রদান করেন, তিনিই রাজর্ষি। রাজর্ষি জনক ইহার প্রকৃষ্ট দৃষ্টান্ত (৬৬৬ পৃষ্ঠার তাৎপর্য্য দ্রষ্টব্য)।

সময়সময়ে এই যোগ বিচ্ছিন্ন হইয়া গিয়াছে। দ্বাপর যুগের অবসানে * লোক সকল দুর্ব্বল ইন্দ্রিয়পরায়ণ ও অনধিকারী হইয়া কামক্রোধাভিভূত ও বিচ্ছিন্ন সম্প্রদায় হইয়াছে, সুতরাং এ প্রকার বিধেয় কর্ম্মে তাহারা আস্থা-হীন ও অধিকারবিহীন হইয়া পড়িয়াছে। পুরুষার্থ প্রাপ্তির সাধনভূত

* দ্বাপর যুগের অবসানে কলিযুগের প্রবৃত্তি হইয়াছে। এই কলিযুগে ধর্ম্মের অভাব নিবন্ধন, মানবেরা ভ্রষ্টমতি ও অধর্ম্মচারী হইবে; সুতরাং বেদবিহিত কর্ম্মকাণ্ডে তাহাদের অধিকার থাকিবে না, ধর্ম্মশাস্ত্রে এই কথাই লিখিত আছে। যথা; "কলৌ তু ধর্ম্মপাদানাং তুর্য্যাংশোঽধর্ম্মহেতুভিঃ। এধমানৈঃ ক্ষীয়মাণো হ্যন্তে সোঽপি বিনঙ্ক্ষ্যতি॥ তস্মিন্ লুব্ধা দুরাচারা নির্দ্দয়া শুষ্কবৈরিণঃ। দুর্ভগা ভূরিতর্ষাশ্চ শূদ্রা দাসোত্তরাঃ প্রজাঃ॥ যস্মাৎ ক্ষুদ্রদৃশো মর্ত্ত্যাঃ ক্ষুদ্রভাগ্যা মহাশনাঃ। কামিনো বিত্তহীনাশ্চ স্বৈরিণ্যশ্চ স্ত্রিয়োঽসতীঃ॥ দস্যূৎকৃষ্টা জনপদা বেদাঃ পাষণ্ডদূষিতাঃ। রাজানশ্চ প্রজাভক্ষ্যাঃ শিশ্নোদরপরা দ্বিজাঃ॥ অব্রতা বটবোঽশৌচা ভিক্ষবশ্চ কুটুম্বিনঃ। তপস্বিনো গ্রামবাসা ন্যাসিনোঽত্যর্থলোলুপাঃ॥ হ্রস্বকায়া মহাহারা ভূর্য্যপত্যা গতহ্রিয়ঃ। শশ্বৎকটুকভাষিণ্যশ্চৌর্য্যমায়োরুসাহসাঃ। পণয়িষ্যন্তি বৈ ক্ষুদ্রাঃ কিরাটাঃ কূটকারিণঃ। অনাপদ্যপি মংস্যন্তে বার্ত্তাং সাধুজুগুপ্সিতাম্॥ পতিং ত্যক্ষ্যন্তি নির্দ্রব্যং ভৃত্যা অপ্যখিলোত্তমম্॥ ভৃত্যং বিপন্নং পতয়ঃ কৌলং গাশ্চাপয়স্বিনীঃ। পিতৄন্ ভ্রাতৄন্ সুহৃদ্‌জ্ঞাতীন্ হিত্বা সৌরতসৌহৃদাঃ। ননান্দৃ-শ্যালসংবাদা দীনাঃ স্ত্রৈণাঃ কলৌ নরাঃ॥ শূদ্রাঃ প্রতিগ্রহীষ্যন্তি তপোবেশোপজীবিনঃ। ধর্ম্মং বক্ষ্যন্ত্যধর্ম্মজ্ঞা অধিরুহ্যোত্তমাসনম্॥ নিত্য-মুদ্বিগ্নমনসো দুর্ভিক্ষকরকর্ষিতাঃ। নিরন্নে ভূতলে রাজন্নবৃষ্টিভয়াতুরাঃ॥ বাসোঽন্নপানশয়ন-ব্যবায়স্নানভূষণৈঃ। হীনাঃ পিশাচসন্দর্শা ভবিষ্যন্তি কলৌ প্রজাঃ॥ কলৌ কাকিণিকেঽপ্যর্থে বিগৃহ্য ত্যক্তসৌহৃদাঃ। ত্যক্ষ্যন্তি হি প্রিয়ান্ প্রাণান্ হনিষ্যন্তি স্বকানপি॥ ন রক্ষিষ্যন্তি মনুজাঃ স্থবিরৌ পিতরাবপি। পুত্রান্ ভার্য্যাঞ্চ কুলজাং ক্ষুদ্রাঃ শিশ্নোদরম্ভরাঃ॥ কলৌ ন রাজন্ জগতাং পরং গুরুং ত্রিলোকনাথানতপাদপঙ্কজম্। প্রায়েণ মর্ত্ত্যা ভগবন্তমচ্যুতং যক্ষ্যন্তি পাষণ্ডবিভিন্ন-চেতসঃ॥ যন্নামধেয়ং ম্রিয়মাণ আতুরঃ পতন্ স্খলন্ বা বিবশো গৃণন্ পুমান্। বিমুক্তকর্ম্মার্গল উত্তমাং গতিং প্রাপ্নোতি যক্ষ্যন্তি ন তং কলৌ জনাঃ॥"—(শ্রীমদ্ভাগবত ১২।৩) অর্থাৎ কলিকালে অধর্ম্ম হেতু ধর্ম্মের তিন পাদ ক্ষরিত হইয়া এক পাদ মাত্র অবশিষ্ট থাকিবে; কলিশেষে তাহাও ক্ষীয়মাণ হইয়া বিনষ্ট হইবে। তখন লোকেরা লোভী, দুরাচার, নির্দ্দয়, কঠিনহৃদয়, দুর্ভাগ্য, বহু আকাঙ্ক্ষা সমন্বিত হইবে এবং শূদ্র ও অধম জাতি প্রধান হইবে। তৎকালে লোকসকল কামী, বিত্তহীন হইবে এবং স্ত্রীগণ অসতী ও ব্যভিচারিণী হইবে। জনপদ সমূহ দস্যুময়, বেদ সকল পাষণ্ডগণ কর্ত্তৃক বিনিন্দিত হইবে, রাজারা প্রজাভক্ষক হইবেন, কুটুম্বশালী গৃহস্থেরা ভিক্ষাবৃত্তি অবলম্বন করিবে, তপস্বী বনাশ্রম ত্যাগ করিয়া গ্রামবাসী হইবেন এবং যতিগণ অতিলোভী হইবেন। স্ত্রীগণ ক্ষুদ্র কায়া, বহুভোজিনী, বহুসন্তান প্রসবিনী, নির্লজ্জা, সর্ব্বদা অপ্রিয়বাদিনী, চৌর্য্য ও মায়ায় অতি সাহসশালিনী হইবে। সামান্য ধূর্ত্তবুদ্ধি বণিকেরা ক্রয় বিক্রয়ের ব্যবসা করিবে এবং সাধারণে নিরাপদ সময়েও, নিন্দিত ব্যবহারকে উত্তম বলিয়া জ্ঞান করিবে। ভৃত্যেরা সর্ব্বোত্তম প্রভুকে সম্পত্তিহীন দেখিলেই পরিত্যাগ করিবে, প্রভুরা রোগাদি জনিত অক্ষম বংশ-পরম্পরাগত ভৃত্যকে এবং দুগ্ধহীনা গাভীকে ত্যাগ করিবে। পিতা, ভ্রাতা,

এই অমোঘ উপায় ভ্রষ্ট হইয়া মানবকুলের নিরতিশয় শোচনীয় দুর্দ্দশা ও দুর্ভাগ্য সমুপস্থিত হইয়াছে। "পরন্তপ" এই সম্বোধন বাক্যে ইহাই প্রকটিত হইতেছে যে, সূর্য্য যেমন প্রচণ্ড তাপে সকল পদার্থ প্রতপ্ত করেন, তদ্রূপ তুমিও স্বকীয় শৌর্য্য শক্তি বিবেক এবং তপস্যা দ্বারা কামক্রোধাদি দুর্জ্জয় শত্রুকুলকে বিজিত ও নির্জ্জিত করিয়াছ। সুরপুরে সুরসুন্দরী শিরোমণি স্বরূপা উর্ব্বশী অপ্সরার প্রণয় প্রসঙ্গে * অবজ্ঞা প্রদর্শন করিয়া

সুহৃদ, জ্ঞাতি সকলকে পরিত্যাগ করিয়া লোকেরা কেবল ইন্দ্রিয় ভোগের সম্বন্ধ বিশিষ্ট জনগণকেই সুহৃদ্ জ্ঞান করিবে এবং স্ত্রীর ভ্রাতা ও ভগিনীর সহিত মন্ত্রণাদি করিবে। শূদ্রেরা তপস্বীর বেশ ধারণ করিয়া প্রতিগ্রহ দ্বারা জীবন পাত করিবে এবং ধর্ম্মজ্ঞানহীন ব্যক্তিরা উচ্চ আসন গ্রহণ করিয়া ধর্ম্ম-ব্যাখ্যা করিবে। লোক সকল দুর্ভিক্ষ ও করভারে প্রপীড়িত অনাবৃষ্টির ভয়ে ব্যাকুল ও সর্ব্বদা উদ্বিগ্নচিত্ত থাকিবে। কলিতে প্রজারা বসন, অন্ন, পান, শয়ন, স্ত্রীসংসর্গ, স্নান এবং ভূষণদ্বারা হীন হইয়া পিশাচের ন্যায় কুৎসিত দর্শন হইবে। কলিতে কুড়িটী কপর্দ্দকের নিমিত্তও বিরোধ করিয়া সৌহৃদ্য ত্যাগ করিয়া, প্রিয়জনকে ত্যাগ করিবে এবং আত্মীয় সংহার করিবে। বৃদ্ধ পিতা মাতাকেও পালন করিবে না এবং ইন্দ্রিয়োদর পরায়ণ হইয়া পুত্র ও কুল-লক্ষ্মী ভার্য্যাকেও ত্যাগ করিবে। পাষণ্ড কর্ত্তৃক ভিন্ন মত বিশিষ্ট হইয়া কলির লোকেরা প্রায় জগতের শ্রেষ্ঠ-গুরু ত্রিলোকনাথ ভগবান্ অচ্যুতের পাদপদ্ম পূজা করিবে না। যাঁহার নাম স্মরণ করিলে, ম্রিয়মাণ, আতুর, পতনোন্মুখ, স্খলিত, বিবশ পুরুষও কর্ম্মবন্ধন বিনির্ম্মুক্ত হইয়া উত্তম গতি লাভ করে, কলির লোকেরা সে নামও করিবে না।" অন্যথা যথা; "ন বেদাঃ প্রভবন্তত্র স্মৃতীনাং স্মরণং কুতঃ। নানেতিহাসযুক্তানাং নানামার্গপ্রদর্শিনাম্ ॥ বহুলানাং পুরাণানাং বিনাশো ভবতি বিভো। তদা লোকা ভবিষ্যন্তি ধর্ম্মকর্ম্মবহির্ম্মুখাঃ ॥ উচ্ছৃঙ্খলা মদোন্মত্তাঃ পাপকর্ম্মরতাঃ সদা। কামুকা লোলুপাঃ ক্রূরা নিষ্ঠুরা দুর্ম্মুখাঃ শঠাঃ ॥ স্বল্পায়ুর্ম্মন্দমতয়ো রোগশোকসমাকুলাঃ। নিঃশ্রীকা নির্ব্বলা নীচা নীচাচারপরায়ণাঃ ॥ নীচসংসর্গ-নিরতাঃ পরবিত্তাপহারকাঃ। পরনিন্দা পরদ্রোহপরীবাদপরাঃ খলাঃ ॥ পরস্ত্রীহরণে পাপাঃ শঙ্কাভয়বিবর্জ্জিতাঃ। নির্দ্ধনা মলিনা দীনা দরিদ্রাশ্চিররোগিণঃ ॥ বিপ্রাঃ শূদ্রসমাচারাঃ সন্ধ্যাবন্দনবর্জ্জিতাঃ। অযাজ্যযাজকা লুব্ধা দুর্বৃত্তাঃ পাপকারিণঃ ॥ অসত্যভাষিণো মূর্খা দাম্ভিকা দুষ্প্রপঞ্চকাঃ। কন্যাবিক্রয়িণো ব্রাত্যাস্তপোব্রতপরাঙ্মুখাঃ ॥ লোকপ্রতারণার্থায় জপপূজাপরায়ণাঃ। পাষণ্ডাঃ পতিতম্মন্যাঃ শ্রদ্ধাভক্তিবিবর্জ্জিতাঃ ॥ কদাহারাঃ কদাচারা ভৃতকাঃ শূদ্রসেবকাঃ। শূদ্রান্নভোজিনঃ ক্রূরা বৃষলীরতিকামুকাঃ ॥ দাস্যন্তি ধনলোভেন স্বদারান্ নীচজাতিষু। ব্রাহ্মণ্যচিহ্নমেতাবৎ কেবলং সূত্রধারণম্ ॥ নৈব পানাদিনিয়মো ভক্ষ্যাভক্ষ্যবিবেচনম্। ধর্ম্মশাস্ত্রে সদানিন্দা সাধুদ্রোহো নিরন্তরম্ ॥"—মহানির্ব্বাণতন্ত্র ১ম উল্লাস। অর্থাৎ কলিযুগে বেদের প্রভাব নাই, স্মৃতিশাস্ত্রের আলোচনাও নাই। এই কালে নানা ইতিহাস সংবলিত বহুবিধ পথ-প্রদর্শক নানা প্রকার পুরাণের বিনাশ হইবে; অতএব লোকেরা ধর্ম্মকর্ম্মবিমুখ হইবে। তাহারা উচ্ছৃঙ্খল, মদোন্মত্ত, সর্ব্বদা পাপকর্ম্ম-রত, কামুক, লোভী, ক্রূর, নিষ্ঠুর দুর্ম্মুখ, শঠ, অল্পায়ু, মন্দমতি, রোগ-শোকাকুল, শ্রীহীন, দুর্ব্বল, নীচ, ঘৃণিত-আচারপরায়ণ, নীচসংসর্গরত, পরস্বাপহারী, পরনিন্দারত, পরানিষ্টকারী, খলস্বভাব, পরস্ত্রীহরণে পাপের আশঙ্কাবিহীন, নির্দ্ধন, মলিন, দীন, দরিদ্র এবং চিররোগী হইবে। ব্রাহ্মণেরা শূদ্রের ন্যায় আচার-

তুমি স্বকীয় জিতেন্দ্রিয়ত্বের অবিসংবাদিত প্রমাণ প্রদর্শন করিয়াছ। সুতরাং ইন্দ্রিয়বিজয় হেতু তুমি এই যোগের যোগ্যাধিকারী ব্যক্তি ইহাই সূচিত হইতেছে।

পূর্ব্বশ্লোকে, বংশ বিবেচনায় তুমি ইহার যোগ্যপাত্র ও অধিকারী, অতএব এ যোগ তোমার অবলম্বনীয় ইহাই ইঙ্গিতে ব্যক্ত করা হইয়াছে। পদপ্রতিষ্ঠা সম্পন্ন অথচ ঋষিবৎ মহদ্ব্যক্তিগণ ইহার চিরন্তন অনুষ্ঠাতা, তদনুসারেও ইহা তোমার অবলম্বনীয়, কারণ অলৌকিক বিবিধ কর্ম্মানুষ্ঠান হেতু তুমিও বিশিষ্টগণের শিরোভূষণ এবং ইন্দ্রিয় বিজয় বিষয়ে ঋষিদিগেরও বরণীয়। দ্বিতীয় শ্লোকে ইঙ্গিতে এই ভাব বিজ্ঞাপিত হইল ॥ ২ ॥

সম্পন্ন, সন্ধ্যাবন্দনবিরহিত, নীচযাজক, লোভী, দুর্ব্বৃত্ত, পাপকারী, মিথ্যাবাদী, মূর্খ, দাম্ভিক, মন্দকর্ম্ম-রত, কন্যাবিক্রয়ী, পতিত, তপো-ব্রত-পরাঙ্মুখ হইবে। তাহারা লোককে প্রতারিত করিবার অভিপ্রায়ে জপ পূজা করিবে এবং শ্রদ্ধা ও ভক্তি পরিশূন্য হইয়া পাষণ্ড ও পতিততুল্য হইবে। ইহারা কুৎসিতভোজী, কদাচারসম্পন্ন, শূদ্র-সেবক ও শূদ্রপালিত, ক্রূরকর্ম্মা, নীচ জাতীয় স্ত্রীগমনকারী এবং ইন্দ্রিয়-পরায়ণ হইবে। ধনলোভে স্বকীয় স্ত্রীকেও ইহারা নীচ জাতিকে প্রদান করিবে এবং ব্রাহ্মণের চিহ্নস্বরূপে যজ্ঞসূত্র ধারণ করিবে। তাহাদের ভক্ষ্যাভক্ষ্যের কোন বিচার থাকিবে না এবং পানেরও কোন নিয়ম থাকিবে না। তাহারা সর্ব্বদা ধর্ম্মশাস্ত্রের নিন্দাবাদ করিবে এবং সাধু ব্যক্তির বিরোধী হইবে। ইত্যাদি। অধ্যাত্ম রামায়ণাদি অন্যান্য ধর্ম্মগ্রন্থেও কলির এইরূপ বিবরণ আছে।

* অর্জ্জুন অমরপুর গমন করিলে সুরপতি ইন্দ্রের নিদেশানুসারে একদা উর্ব্বশী প্রভৃতি স্বর্গীয়া নর্ত্তকীগণ ধনঞ্জয়কে বিনোদিত করিবার অভিপ্রায়ে বিবিধ বিলাসলীলা সহকারে নৃত্য করেন। অর্জ্জুন তৎকালে পুনঃপুনঃ উর্ব্বশীর প্রতি দৃষ্টিপাত করায়, ইন্দ্র বিবেচনা করেন যে, তাহার তনয় সেই সুরসুন্দরীর প্রতি আসক্ত হইয়াছেন। এই বিবেচনার বশবর্ত্তী শচীনাথ, উর্ব্বশীকে বিবিধ বিধানে অর্জ্জুনের বিনোদন করিতে আদেশ করেন। অনন্তর সমুচিত সময়ে স্বকীয় সৌন্দর্য্যসার কলেবর সজ্জীভূত করিয়া, মদনোন্মত্তা উর্ব্বশী অভিসারিকা বেশে অর্জ্জুন-সকাশে উপস্থিত হইয়া স্বকীয় বাসনা বিজ্ঞাপিত করিয়া প্রণয়-লীলায় প্রার্থনা করিলে, অর্জ্জুন নিতান্ত সঙ্কুচিতভাবে অবনত মস্তকে তাঁহাকে গুরুপত্নী বলিয়া সম্ভাষণ করিলেন এবং কুন্তী, মাদ্রী ও ইন্দ্রাণীর ন্যায় মাতৃস্থানীয়া বলিয়া অভিপ্রায় প্রকাশ করিলেন। অপমানিতা ও মর্ম্মাহতা উর্ব্বশী তাঁহাকে অভিশাপ প্রদান করিলেন যে, "তোমাকে এই অপরাধে ক্লীবরূপে বিখ্যাত হইয়া নারীমণ্ডলীর মধ্যে নৃত্য করিতে হইবে।" বলা বাহুল্য যে, অজ্ঞাতবাসকালে ক্লীব নর্ত্তক বেশে বিরাট-ভবনে উত্তরার নৃত্য-গুরুরূপে অর্জ্জুনকে এক বৎসর অতিবাহিত করিতে হইয়াছিল।—(মহাভারত বনপর্ব্ব।)

স এবায়ং ময়া তেঽদ্য যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ।
ভক্তোঽসি মে সখা চেতি রহস্যং হ্যেতদুত্তমম্ ॥ ৩ ॥

অন্বয়।—[ত্বং] মে (মম) ভক্তঃ সখা চ অসি ইতি (হেতোঃ) অয়ং সঃ পুরাতনঃ (সনাতনঃ) যোগঃ (জ্ঞানকর্ম্মরূপঃ) অদ্য ময়া তে (তুভ্যং) এব প্রোক্তঃ হি (যস্মাৎ) এতৎ উত্তমং রহস্যম্ (অতি-গোপ্যম্) ॥ ৩ ॥

প্রতিশব্দ।—[তুমি] আমার ভক্ত এবং সখা হও এই জন্য এই সেই প্রাচীন জ্ঞানকর্ম্মযোগ আমার-দ্বারা তোমাকে-ই কথিত-হইল যেহেতু ইহা অতীব গূঢ়তত্ত্ব ॥ ৩ ॥

ব্যাখ্যা।—হে অর্জ্জুন ! তুমি আমার ভক্ত এবং সখা; এজন্য সেই পরম্পরাগত প্রাচীন জ্ঞান ও কর্ম্মযোগ-তত্ত্ব তোমার নিকট ব্যক্ত করিলাম। এই যোগ অতিশয় রহস্য-জালে জড়িত ॥ ৩ ॥

শঙ্করাচার্য্য।—দুর্ব্বলান্ অজিতেন্দ্রিয়ান্ প্রাপ্য নষ্টং যোগমিমমুপলভ্য লোকঞ্চা-পুরুষসম্বন্ধিনং, সএবায়মিতি। সএবায়ং ময়া তে তুভ্যমদ্যেদানীং যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ ভক্তোঽসি মে সখা চাসীতি রহস্যং হি যস্মাদেতদুত্তমং যোগং জ্ঞানমিত্যর্থঃ ॥ ৩ ॥

আনন্দগিরি।—কিমিতি বর্ত্তমানে কালে প্রকৃতো যোগঃ সম্প্রদায়রহিতোঽভূ-দিত্যাশঙ্কাধিকার্য্যভাবাদিত্যাহ দুর্ব্বলানিতি। তদেব দৌর্ব্বল্যং প্রকৃতোপযোগিত্বেন ব্যাকরোতি অজিতেন্দ্রিয়ানিতি। যদ্যপি কামক্রোধাদিপ্রধানান্ পুরুষান্ প্রতিলভ্য কামক্রোধাদিভিরভি-ভূয়মানো যোগো নষ্টো বিচ্ছিন্নসম্প্রদায়ঃ সঞ্জাতস্তথাপি যোগাদৃতে পুরুষার্থো লোকস্য লভ্যতে চেৎ, কিমনেন যোগোপদেশেনেত্যাশঙ্ক্য যথোক্তযোগাভাবে পরমপুরুষার্থাপ্রাপ্তের্মৈবমিত্যাহ লোকঞ্চেতি। পূর্ব্বো যোগো বিচ্ছিন্নসম্প্রদায়োঽধুনা অন্যযোগো মদর্থমুচ্যতে ভগবতেত্যাশঙ্ক্যাহ স এবেতি। কস্মাদন্যস্মৈ কস্মৈচিৎ পুরাতনো যোগো নোক্তোভগবতেত্যাশঙ্ক্যাহ ভক্তোঽসীতি। উত্তমধিকারিণং প্রতি যোগস্য বক্তব্যত্বে হেতুমাহ রহস্যং হীতি। অনাদিবেদমূলত্বাৎ যোগস্য পুরাতনত্বং, ভক্তিশরণবুদ্ধ্যা প্রীতিত্বয়া যুক্তো নিজরূপমবেক্ষ্য ভক্তো বিবক্ষিতঃ, সমানবয়াঃ স্নিগ্ধঃ সহায়ঃ সখেত্যুচ্যতে। এতদিতি কথং যোগো বিশেষ্যতে তত্রাহ জ্ঞানমিতি ॥ ৩ ॥

রামানুজ।—স ইতি। সএবায়মখণ্ডিতস্বরূপঃ পুরাতনো যোগঃ সখ্যেনাতিমাত্র

ভক্ত্যা চ মামেব প্রপন্নায় তে ময়া প্রোক্তঃ, সপরিকরঃ সবিস্তরমুক্ত ইত্যর্থঃ। মদন্যেন কেনাপি জ্ঞাতুং বক্তুং বা ন শক্যং যত ইদং বেদান্তোদিতমুত্তমং রহস্যং জ্ঞানম্॥ ৩॥

হনুমান্।—স এবায়মিতি। স এব বিচ্ছিন্নসম্প্রদায়ো যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ তে তব, রহস্যং গুপ্তপ্রকাশ্যং উত্তমং নিরুপমম্॥ ৩॥

শ্রীধর।—স এবায়মিতি। স এবায়ং যোগো হন্তবিচ্ছিন্নে সম্প্রদায়ে সতি পুনশ্চ ময়া তে তুভ্যমুক্তো যতস্ত্বং মম ভক্তোঽসি সখা চ অন্যস্মৈ ময়া নোচ্যতে, যস্মাদেতদুত্তমং রহস্যম্॥ ৩॥

বলদেব।—স ইতি। স এব তদানুপূর্ব্বিকবচনবাচ্যো যোগঃ ময়া ত্বৎসখেনাতিস্নিগ্ধেন তে তুভ্যং মৎসখায়েতি স্নিগ্ধায় প্রোক্তঃ, ত্বং মে ভক্তঃ প্রপন্নঃ সখা চাসীতি হেতোঃ ন ত্বন্যস্মৈ কস্মৈচিৎ। তত্র হেতুঃ রহস্যমিতি, হি যস্মাদুত্তমং রহস্যমিতি গোপ্যমেতৎ॥ ৩॥

মধুসূদন।—স ইতি। স এবং পূর্ব্বমুপদিষ্টোঽপ্যধিকার্য্যভাবাদ্বিচ্ছিন্নসম্প্রদায়োঽভূৎ যং বিনা চ পুরুষার্থো ন লভ্যতে, স এবায়ং পুরাতনোঽনাদিপরম্পরাগতো যোগোঽদ্য সম্প্রদায়-বিচ্ছেদকালে ময়াতিস্নিগ্ধেন তে তুভ্যং প্রকর্ষেণোক্তঃ, ন ত্বন্যস্মৈ কস্মৈচিৎ। কস্মাৎ? ভক্তোঽসি মে সখা চেতি ইতিশব্দো হেতৌ। যস্মাৎ ত্বং মম ভক্তঃ শরণাগতত্বে সত্যত্যন্তপ্রীতিমান্ সখা চ সমানবয়াঃ স্নিগ্ধঃ সহায়োঽসি সর্ব্বদা ভবসি, অতস্তুভ্যমুক্ত ইত্যর্থঃ। অন্যস্মৈ কুতো নোচ্যতে? তত্রাহ, হি যস্মাদেতজ্জ্ঞানমুত্তমং রহস্যং অতিগোপ্যম্॥ ৩॥

নীলকণ্ঠ।—স ইতি। অদ্য সম্প্রদায়বিচ্ছেদে সতি ভক্তঃ শরণাগতঃ সখা প্রীতিবিষয়ঃ রহস্যং গোপ্যং অভক্তাদিভ্যো ন দেয়ম্ অন্যথা নির্বীর্য্যা বিদ্যা ভবেদিত্যর্থঃ। তথা চ মন্ত্রবর্ণঃ, "বিদ্যা হ বৈ ব্রাহ্মণমাজগাম গোপায় মা শেবধিষ্টেঽহমস্মি অসূয়কায়ানৃজবেঽযতায় ন মাং ব্রূয়া অবীর্য্যবতী চ তথা স্যাম্" ইতি॥ ৩॥

বিশ্বনাথ।—স ইতি। ত্বাং প্রত্যেবাস্য প্রোক্তত্বে হেতুঃ, ভক্তো দাসঃ সখা চেতি ভাবকঃ অন্যমর্ব্বাচীনং প্রত্যেবাবক্তব্যত্বে হেতুঃ, রহস্যমিতি॥ ২। ৩॥

তাৎপর্য্য।—যদিও এই যোগ প্রথমে আমার দ্বারা উপদিষ্ট হইয়া, পুরুষপরম্পরা ক্রমে সুচারুরূপে চলিয়া আসিতেছিল, তথাপি কালসহকারে উপযুক্ত অধিকারীর অভাবে এবং মানব-কুলের পাপ-প্রবৃত্তির প্রাবল্যে ক্রমশঃ বিচ্ছিন্ন সম্প্রদায় হইয়া নষ্ট-প্রায় হইয়াছে। কিন্তু যাঁহারা পুরুষার্থ-কামী, তাঁহাদিগের পক্ষে এতদ্ব্যতীত উপায়ান্তর নাই; কারণ এই যোগ পুরুষার্থ সাধনের একমাত্র অমোঘ উপায়। সেই অনাদি কাল-প্রবর্ত্তিত পরম-যোগ-তত্ত্ব অদ্য, এই সম্প্রদায়-বিচ্ছেদ কালে, আমি স্নেহাতিষিক্ত হৃদয় হইয়া, তোমার নিকট পরিব্যক্ত করিলাম। তুমি আমার পরম ভক্ত,

আমাতে একান্ত অনুরক্ত, বিপদ ও সম্পদে আমারই অনুগত এবং সর্ব্বতোভাবে আমার শরণাগত। আর তুমি আমার অকৃত্রিম সখা, আমার সমবয়স্ক, আমার সহিত সমানাকার, সর্ব্বদা আমার স্নেহময় সহায় এবং আমার নিত্য সহচর। তোমাকে যথাযোগ্য পাত্র বিবেচনায়, এই পরম তত্ত্বের দ্বার অদ্য প্রীতিপূর্ণ হৃদয়ে তোমার নিকট উদ্ঘাটন করিলাম। এই যোগ এতই গূঢ় ও এতই রহস্য-জালে সমাচ্ছন্ন যে, প্রকৃষ্ট পাত্র ও সুযোগ্য অধিকারী ব্যতীত আর কাহারও নিকট ইহা ব্যক্ত করা বিধের নহে॥ ৩॥

——:(॰):——

অর্জ্জুন উবাচ।

অপরং ভবতো জন্ম পরং জন্ম বিবস্বতঃ।
কথমেতদ্বিজানীয়াং ত্বমাদৌ প্রোক্তবানিতি॥ ৪॥

অন্বয়।—অর্জ্জুন উবাচ। ভবতঃ জন্মঃ অপরং (অল্পকালীনং) বিবস্বতঃ (সূর্য্যস্য) জন্ম পরং (বহুকালীনং) [তস্মাৎ] ত্বম্ আদৌ (সৃষ্টিপ্রারম্ভকালে) ইতি (ইমং যোগং) প্রোক্তবান্ (কথিতবান্) এতৎ কথং বিজানীয়াম্ (জ্ঞাতুং শক্নুয়াম্)॥ ৪॥

প্রতিশব্দ।—তোমার জন্ম পরবর্ত্তী সূর্য্যের জন্ম বহুপূর্ব্ববর্ত্তী [অতএব] তুমি প্রথম-কালে এই-যোগ বলিয়াছিলে ইহা কিরূপে জানিব॥ ৪॥

ব্যাখ্যা।—তোমার আবির্ভাবের বহুকাল পূর্ব্বে সূর্য্য দেব আবির্ভূত হইয়াছেন। তুমি যে এই যোগ-তত্ত্ব প্রথমে সূর্য্যের নিকট পরিব্যক্ত করিয়াছিলে, একথা কিরূপে বুঝিব? ॥ ৪॥

শঙ্করাচার্য্য।—ভগবতা বিপ্রতিষিদ্ধমুক্তমিতি মা ভূৎ কস্যচিদ্ বুদ্ধিরিতি পরিহারার্থং চোদ্যমিব কুর্ব্বন্ অর্জ্জুন উবাচ, অপরমিতি। অপরমর্ব্বাক্ বসুদেবগৃহে ভবতো জন্ম, পরং পূর্ব্বং সর্গাদৌ জন্মোৎপত্তির্বিবস্বত আদিত্যস্য তৎ কথমেতদ্বিজানীয়ামবিরুদ্ধার্থতয়া যস্ত্বমেবাদৌ প্রোক্তবানিমং যোগং স এব ত্বমিদানীং মহ্যং প্রোক্তবানসীতি॥ ৪॥

আনন্দগিরি।—ভগবতি লোকস্যানীশ্বরত্বশঙ্কাং নিবর্ত্তয়িতুং চোদ্যমুত্থাপয়তি অপরমিতি। পরিহারার্থং ভগবতো মনুষ্যাদবস্থিতস্যানীশ্বরত্বমুপেত্য তদ্বচনে শঙ্কিত বিপ্রতিষেধস্যেতি শেষঃ, ভগবতো নিজরূপমুপেত্য নেদং চোদ্যং, কিন্তু লীলাবিগ্রহং গৃহীত্বেতি বক্তুং চোদ্যমিত্যুক্তম্। এতচ্ছব্দার্থমেব স্ফুটয়তি যত্ত্বমিতি ॥ ৪ ॥

রামানুজ।—অস্মিন্ প্রসঙ্গে ভগবদবতারযাথাত্ম্যং যথাবজ্জ্ঞাতুমর্জ্জুন উবাচ, অপরমিতি। কালসংখ্যয়া অপরমস্মজ্জন্মসমকালং হি ভবতো জন্ম বিবস্বতশ্চ কালসংখ্যয়া পরমষ্টাবিংশতিচতুর্য্যুগসংখ্যাসংখ্যাতং ত্বমাদৌ প্রোক্তবানিতি। কথমেতদসম্ভাবনীয়ং বিশেষেণ যথার্থং জানীয়াম্। ননু জন্মান্তরেণাপি বক্তুং শক্যতে জন্মান্তরকৃতস্য মহতাং স্মৃতিশ্চ যুজ্যতে ইতি নাত্র কশ্চিদ্বিরোধঃ, নচাসৌ বক্তারমেনং বসুদেবতনয়ং সর্ব্বেশ্বরং ন জানাতি য এবং বক্ষ্যতি, "পরং ব্রহ্ম পরং ধাম পবিত্রং পরমং ভবান্। পুরুষং শাশ্বতং দিব্যমাদিদেবমজং বিভুম্॥ আহুস্ত্বামৃষয়ঃ সর্ব্বে দেবর্ষির্নারদস্তথা। অসীতো দেবলো ব্যাসঃ স্বয়ঞ্চৈব ব্রবীষি মে॥" ইতি যুধিষ্ঠিররাজসূয়াদিষু ভীষ্মাদিভ্যশ্চাসকৃৎ শ্রুতং, "কৃষ্ণ এব হি লোকানামুৎপত্তিপ্রভবাপ্যয়ঃ। কৃষ্ণস্য হি কৃতে ভূতমিদং বিশ্বং চরাচরম্॥" ইত্যেবমাদিষু কৃষ্ণস্য হি কৃতে কৃষ্ণস্য শেষভূতং কৃৎস্নং জগদিত্যর্থঃ। অত্রোচ্যতে জানাত্যেবায়ং ভগবন্তং বসুদেবতনয়ং পার্থঃ। জানতোঽপ্যজানত ইব পৃচ্ছতোঽয়মাশয়ঃ। নিখিলহেয়প্রত্যনীককল্যাণৈকতানস্য সর্ব্বেশ্বরস্য সর্ব্বজ্ঞস্য সত্যসঙ্কল্পস্য চাবাপ্তসমস্তকামস্য কামকর্ম্মপরবশাদেব মনুষ্যাদি সজাতীয়ং জন্ম, কিমিন্দ্রজালমিব, মিথ্যা কিং বা সত্যং যসত্যত্বে চ কথং জন্মপ্রকারঃ? কিমাত্মকোঽয়ং দেহঃ? কশ্চ জন্ম হেতুঃ? কদাচ জন্ম কিমর্থং বা জন্মেতি পরিহারপ্রকারেণ প্রশ্নার্থো জ্ঞায়তে ॥ ৪ ॥

হনুমান্।—এবং শ্রুত্বা অর্জ্জুন উবাচ অপরমিতি। অপরমর্ব্বাচীনং বসুদেবগৃহে ভবতো জন্ম, পরং পূর্ব্বং বিবস্বত আদিত্যস্য জন্ম স্বর্গদৈবতঃ কথমেতদ্বিজানীয়াং ত্বমাদৌ বিবস্বতে প্রোক্তবানিতি ॥ ৪ ॥

শ্রীধর।—ভগবতো বিবস্বন্তং প্রতি যোগোপদেশাসম্ভবং পশ্যন্নর্জ্জুন উবাচ অপরমিতি। অপরং অর্ব্বাচীনং তব জন্ম পরং প্রাক্কালীনং বিবস্বতো জন্ম তস্মাৎ তবাধুনাতনত্বাচ্চিরন্তনায় বিবস্বতে ত্বমাদৌ যোগং প্রোক্তবানিত্যেতৎ কথমহং জানীয়াং জ্ঞাতুং শক্নুয়াম্ ॥ ৪ ॥

বলদেব —কৃষ্ণস্য সনাতনত্বে সার্ব্বজ্ঞে চ শঙ্কমানানজ্ঞান্ নিরাকর্ত্তুমর্জ্জুন উবাচ অপরমিতি। অপরমর্ব্বাচীনং পরং পরাচীনং তস্মাদাধুনিকস্ত্বং প্রাচীনায় বিবস্বতে যোগমুক্তবানিত্যেতৎ কথমহং বিজানীয়াং প্রতীয়াম্? অয়মর্থঃ ন খলু সর্ব্বেশ্বরত্বেন কৃষ্ণমর্জ্জুনো ন বেত্তি তস্য নরাখ্যতদবতারত্বেন তাজ্জ্ঞ্যাৎ, "পরং ব্রহ্ম পরং ধাম" ইত্যাদি তদুক্তেশ্চ। কিন্তু দেবক্যাং জাতত্বেন মনুষ্যভাবেন চাতুর্দিতাং তৎসমাকর্ণ্যতৎসার্ব্বজ্ঞবিষয়মজ্ঞশঙ্কামপাকর্ত্তুমপরমিত্যাদি পৃচ্ছতি। সর্ব্বেশ্বরঃ স যথা স্বতন্ত্রং বেত্তি ন

তথাহ্যঃ। ততস্তন্মুখাদুস্রাদেব তদ্রূপতজ্জন্মাদপ্রকাশনীয়ং লোকমঙ্গলায়, তদর্থং স্বমহিমানং প্রবদন্ বিকত্থনতয়া স নাক্ষেপ্যঃ, কিন্তু স্তবনীয় এব কৃপালুতয়া। তচ্চ মনুষ্যাকৃতিপরব্রহ্মণস্তব রূপং জন্মাদি চ লোকবিলক্ষণং কিংবিধং কিমর্থকং কিংকালকমিতি বিজ্ঞাপ্যজ্ঞবৎ প্রশ্নো-হয়মজ্ঞশঙ্কানিরাসকপ্রতিবচনার্থঃ ॥ ৪ ॥

মধুসূদন।—যা ভগবতি বাসুদেবে মনুষ্যত্বেনাসর্ব্বজ্ঞত্বানিত্যত্বাশঙ্কা মূর্খাণাং তামপনেতুমনুবদন্ অর্জ্জুন আশঙ্কতে অর্জ্জুন উবাচ, অপরমিতি। অপরমল্পকালীনমিদানীন্তনং বসুদেবগৃহে ভবতো জন্ম শরীরগ্রহণং বিলীনঞ্চ মনুষ্যত্বাৎ, পরং বহুকালীনং সর্গাদিভবং উৎকৃষ্টঞ্চ দেবত্বাৎ বিবস্বতো জন্ম অত্রাত্মনো জন্মাভাবস্য প্রাগ্ব্যুৎপাদিতত্বাদ্দেহাভিপ্রায়েণৈবার্জ্জুনস্য প্রশ্নঃ অতঃ কথমেতদ্বিজানীয়ামবিরুদ্ধার্থতয়া এতচ্ছব্দার্থমেব বৃণোতি ত্বমাদৌ প্রোক্তবানিতি। ত্বমিদানীন্তনো মনুষ্যোঽসর্ব্বজ্ঞঃ সর্গাদৌ পূর্ব্বতনায় সর্ব্বজ্ঞায়াদিত্যায় প্রোক্তবানিতি বিরুদ্ধার্থমেতদিতি ভাবঃ। তত্রায়ং নির্গলিতোঽর্থঃ এতদ্দেহাবচ্ছিন্নস্য তব দেহান্তরাবচ্ছেদেন বা আদিত্যং প্রত্যুপদেষ্টৃত্বং এতদ্দেহেন বা, নাদ্যঃ জন্মান্তরানুভূতস্যাসর্ব্বজ্ঞেন স্মর্ত্তুমশক্যত্বাৎ, অন্যথা মমাপি জন্মান্তরানুভূতস্মরণপ্রসঙ্গঃ, তব মম চ মনুষ্যত্বেনাসর্ব্বজ্ঞত্বাবিশেষাৎ। তদুক্তমভিযুক্তৈঃ "জন্মান্তরানুভূতঞ্চ ন স্মর্য্যতে" ইতি। নাপি দ্বিতীয়ঃ সর্গাদাবিদানীন্তনস্য দেহস্যাসত্ত্বাৎ তদেবং দেহান্তরেণ সর্গাদৌ সদ্ভাবসম্ভবেঽপীদানীন্তনস্মরণানুপপত্তিঃ, অনেন দেহেন স্মরণোপপত্তাবপি সর্গাদৌ সদ্ভাবানুপপত্তিরিত্যসর্ব্বজ্ঞত্বানিত্যত্বাভ্যাং দ্বাবর্জ্জুনস্য পূর্ব্বপক্ষৌ ॥ ৪ ॥

নীলকণ্ঠ।—ভগবদ্দেহস্য বসুদেবাদুৎপত্তিং মন্বানোঽর্জ্জুন উবাচ অপরমিতি। অপরং অর্ব্বাক্কালিকম্ পরং বহুকালিকং বিজানীয়াম্। যদ্যপি শব্দাদয়মর্থো জ্ঞাতঃ, তথাপি বিরুদ্ধার্থস্য বাক্যস্যাবোধকত্বাৎ কথমেতদ্বিজানীয়ামিত্যুক্তং, পদযোজনা স্পষ্টা ॥ ৪ ॥

বিশ্বনাথ।—উক্তমর্থমসম্ভবং মত্বা পৃচ্ছতি অপরমিতি। অপরমিদানীন্তনম্, পরং পুরাতনম্। অতঃ কথমেতৎ প্রত্যেমীতি ভাবঃ ॥ ৪ ॥

তাৎপর্য্য।—ভগবদ্বাক্য শ্রবণ করিয়া অর্জ্জুনের আশঙ্কা উপস্থিত হইল যে, শ্রীকৃষ্ণ আমার সমসাময়িক মনুষ্য, আর ভগবান্ ভাস্কর সৃষ্টির প্রারম্ভ কাল হইতে বিরাজমান। সুতরাং সেই সূর্য্যদেবকে জ্ঞানোপদেশ প্রদান করা শ্রীকৃষ্ণের পক্ষে কখনই সম্ভবপর হইতে পারে না। এই অসঙ্গত উক্তি মীমাংসিত করিবার অভিপ্রায়ে অর্জ্জুন এই প্রশ্নের অবতারণা করিলেন। তুমি ইদানীন্তন কালে, কয়েক বৎসর মাত্র পূর্ব্বে, বসুদেব গৃহে মনুষ্য শরীর পরিগ্রহ করিয়া জন্ম গ্রহণ করিয়াছ; কিন্তু সেই সূর্য্যদেব সৃষ্টি-প্রারম্ভ কাল হইতে দেবদেহে আবির্ভূত হইয়া রহিয়াছেন। আত্মা জন্ম-মরণ-বিরহিত এবং দেহই জন্ম-মরণ-ধর্ম্ম-শীল, একথা পূর্ব্বে ভগবান্ বিবিধ বাক্য দ্বারা প্রতিপাদিত করিয়াছেন। সূর্য্য ও শ্রীকৃষ্ণ এতদুভয়ের

শরীরাবির্ভাব কালের সমতা না থাকায়, অর্জ্জুনের এই আশঙ্কা সমুপস্থিত হইয়াছে। অর্জ্জুনের এই প্রশ্ন সহসা অসঙ্গত বলিয়া প্রতীত হইতে পারে; কেননা ভগবানের পূর্ব্বোপদেশ সমস্ত সাগ্রহে গ্রহণ করিয়া, অধুনা আত্মার অজরত্ব ও অমরত্ব সম্বন্ধে তাঁহার কোন সন্দেহ হওয়া সম্ভব নহে। শরীরের বিনাশ ও জন্ম আছে। শ্রীকৃষ্ণের যে শরীর তৎকালে বর্ত্তমান থাকিয়া সারথিরূপে অর্জ্জুনের রথ-সম্মুখে সমুপস্থিত, তাহা নিতান্ত আধুনিক; এবং সূর্য্যের যে শরীর দেবতারূপে চিরকাল নভঃ-প্রদেশে পরিদৃষ্ট হয়, তাহা অনাদি কাল হইতে বিরাজিত। অতএব এই শ্রীকৃষ্ণের পক্ষে সেই সূর্য্য দেবকে উপদেশ প্রদান নিতান্ত অসম্ভব। এই জন্য এই প্রশ্ন মধ্যে কোন বিরুদ্ধার্থ ঘটে নাই। শ্রীকৃষ্ণ এই দেহেই অথবা দেহান্তরে আদিত্যকে উপদেশ প্রদান করিয়া ছিলেন, তাহাই পরিজ্ঞাত হইবার অভিপ্রায়ে, অর্জ্জুন এই প্রশ্ন উত্থাপিত করিয়াছেন। যদি শ্রীকৃষ্ণ কোন পূর্ব্ব জন্মে, এই কার্য্য সম্পন্ন করিয়া থাকেন, অসর্ব্বজ্ঞ মনুষ্য-শরীর পরিগ্রহ করিয়া, তৎপূর্ব্ব-জন্ম-জনিত ঘটনা স্মরণ করা এক্ষণে তাঁহার অসম্ভব। যদি তাহা সম্ভব হইত, তাহা হইলে আমিও মনুষ্য, আমারও অবশ্য পূর্ব্ব জন্মগত বৃত্তান্ত স্মরণ-পথে সমুদিত হইত। আর যদি এই শরীরেই শ্রীকৃষ্ণ সৃষ্টির প্রারম্ভ কালে সূর্য্যকে উপদেশ প্রদান করিয়া থাকেন, তাহাও সুসঙ্গত নহে; কারণ শ্রীকৃষ্ণের ইদানীন্তন কাল-জাত দেহ সৃষ্টির আরম্ভ কালে বর্ত্তমান থাকা কখনই সম্ভবপর নহে। শরীরান্তর সহকারে সৃষ্টির প্রারম্ভকালে উপদেশ প্রদান সম্ভব হইলেও, বর্ত্তমান কালে তাহার স্মরণ অসম্ভব। আর এই শরীরেই উপদেশ প্রদান সম্ভব হইলেও, সৃষ্টির প্রারম্ভ কালে তাহার সদ্ভাব কখনই সম্ভবপর নহে। অর্জ্জুন এই প্রশ্ন দ্বারা উল্লিখিত দুইটি প্রতিপক্ষ উপস্থিত করিলেন।

শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। অর্জ্জুন যে শ্রীকৃষ্ণের সর্ব্বেশ্বরত্ব জানিতেন না, ইহা কখনই সম্ভব নহে। তাঁহারা নর-নারায়ণ ঋষিরূপে অবতীর্ণ হইয়া একত্র বহুবিধ লীলা করিয়াছিলেন; সুতরাং সেই পরব্রহ্মের বৃত্তান্ত তাঁহার অপরিজ্ঞাত থাকা অসঙ্গত। কিন্তু সম্প্রতি যিনি দেবকীর গর্ভে জন্মগ্রহণ করিয়া, মনুষ্যরূপে বিরাজমান, তাঁহার সর্ব্বজ্ঞত্ব ও সনাতনত্ব কিরূপে সঙ্গত হইবে, তদ্বিষয়ে সন্দিহান হইয়া, অর্জ্জুন এই প্রশ্ন করিয়া-

ছেন। সেই সর্ব্বেশ্বর স্বকীয় তত্ত্ব স্বয়ং যেমন জ্ঞাত আছেন, অপর কেহই সেরূপ জ্ঞাত থাকিতে পারেন না। তাঁহার সেই শ্রীমুখ-পঙ্কজ হইতে তদীয় জন্ম ও রূপাদির প্রসঙ্গ শ্রুত হইলে জগতের জীবের প্রভূত কল্যাণ সাধিত হইবে। এই জন্য পরম দয়ালু শ্রীভগবান্ নিজ-মুখে নিজ-মহিমা কীর্ত্তন করিয়া আমাদের অনন্ত স্তবের পাত্র হইয়াছেন। বিজ্ঞ অর্জ্জুনের এই অজ্ঞবৎ প্রশ্ন জীবের পক্ষে পরম মঙ্গলময় হইয়াছে ॥ ৪ ॥

শ্রীভগবানুবাচ।

বহূনি মে ব্যতীতানি জন্মানি তব চার্জ্জুন!।
তান্যহং বেদ সর্ব্বাণি ন ত্বং বেত্থ পরন্তপ! ॥ ৫ ॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ। পরন্তপ অর্জ্জুন! মে (মম) তব চ বহূনি জন্মানি ব্যতীতানি (অতিক্রান্তানি) অহং তানি সর্ব্বাণি বেদ (জানামি) ত্বং (অবিদ্যাপ্রতিবদ্ধজ্ঞানাৎ ন বেত্থ (জানাসি) ॥ ৫ ॥

প্রতিশব্দ।—শ্রীভগবান্ বলিলেন। শত্রুতাপন অর্জ্জুন আমার এবং তোমার অনেক জন্ম অতীত হইয়াছে. আমি সে সকল জানি তুমি জান না ॥ ৫ ॥

ব্যাখ্যা।—হে অরিন্দম অর্জ্জুন! আমাদের এই জন্মের পূর্ব্বেও অনেকবার জন্ম হইয়া গিয়াছে। আমি তৎ সমস্তের বৃত্তান্ত সম্যক্ অবগত আছি; কিন্তু তুমি তাহা জান না ॥ ৫ ॥

শঙ্করাচার্য্য।—যা বাসুদেবেহনীশ্বরাসর্ব্বজ্ঞাশঙ্কা মূর্খাণাং, তাং পরিহরন্ শ্রীভগবানুবাচ যদর্থো হ্যর্জ্জুনস্য প্রশ্নঃ, বহূনীতি। বহূনি মে মম ব্যতীতানি অতিক্রান্তানি জন্মানি তব চ, হে অর্জ্জুন! তান্যহং বেদ জানে সর্ব্বাণি, ন ত্বং বেত্থ ন জানীষে, পরন্তপ! ধর্ম্মাধর্ম্মাদিপ্রতিবদ্ধজ্ঞানশক্তিস্ত্বম্ অহং পুনর্নিত্যশুদ্ধবুদ্ধমুক্তসত্যস্বভাবত্বাদনাবরণজ্ঞানশক্তিরিতি বেদাহং, হে পরন্তপ ॥ ৫ ॥

আনন্দগিরি।—ভগবত্যজ্ঞানং মনুষ্যত্বশঙ্কাং বারয়িতুং প্রতিবচনমবতারয়তি যা বাসুদেব ইতি। অন্যথা প্রশ্নে কথমাশঙ্কান্তরং পরিহর্ত্তুং ভগবদ্বচনমিত্যাশঙ্ক্য প্রাক্-

বচনয়োরেকার্থত্বমাহ যদর্থো হীতি। যস্ত শঙ্কিতস্ত বিরোধস্ত পরিহারার্থং তস্ত প্রশ্নস্তমেব পরিহারং বক্তুং ভগবদ্বচনমিত্যর্থঃ। অতীতানেকজন্মবত্বং মমৈব নাসাধারণং, কিন্তু সর্ব্বপ্রাণি-সাধারণমিত্যাহ তব চেতি। তানি প্রমাণাভাবান্ন প্রতিভান্তীত্যাশঙ্ক্যাহ তানীতি। ঈশ্বরস্যানাবৃতজ্ঞানত্বাদিত্যর্থঃ। কিমিতি তর্হি তানি মম ন প্রতীয়ন্তে তবাবৃতজ্ঞানত্বাদিত্যাহ ন ত্বমিতি। পরান্ পরিকল্প্য তৎপরিভবার্থং প্রবৃত্তত্বাৎ তব জ্ঞানাবরণং বিজ্ঞেয়মিত্যাহ পরন্তপেতি। অর্জ্জুনস্ত ভগবতা সহাতীতানেকজন্মবত্ত্বে তুল্যোঽপি জ্ঞানবৈষম্যে হেতুমাহ ধর্ম্মেতি। আদিশব্দেন রাগলোভাদয়ো গৃহ্যন্তে ঈশ্বরস্যাতীতানাগতবর্ত্তমানসর্ব্বার্থবিষয়জ্ঞানত্বে হেতুমাহ অহর্মিতি ॥ ৫ ॥

রামানুজ।—পরিহরতি বহুনীতি। অনেন জন্মনঃ সত্যত্বমুক্তং বহুনি মে ব্যতীতানি জন্মানীতি বচনাৎ, তব চেতি দৃষ্টান্ততয়োপাদানাচ্চ ॥ ৫ ॥

হনুমান্।—আত্মনো নিরীশ্বরতাং মূর্খবুদ্ধিপরিকল্পিতাং পরিহরন্ ভগবানুবাচ বহুনীতি। তান্যহং বেদ বিজানামি অনাবরণজ্ঞানত্বাৎ, ত্বন্তু ন বেত্থ ন জানাসি অবিদ্যা-কামকর্ম্মাবৃতত্বাৎ ॥ ৫ ॥

শ্রীধর।—রূপান্তরেণোপদিষ্টবানিত্যভিপ্রায়েণোত্তরং শ্রীভগবানুবাচ বহুনীতি। তান্যহং বেদ বেদ্মি অলুপ্তবিদ্যাশক্তিত্বাৎ, ত্বন্তু ন বেত্থ ন বেৎসি অবিদ্যাবৃতত্বাৎ ॥ ৫ ॥

বলদেব।—"এক এবাহমেকোঽপি সন্ বহুধা যোঽবভাতি" ইত্যাদিশ্রুত্যুক্তানি নিত্যসিদ্ধানি বহুনি রূপাণি বৈদূর্য্যবদাত্মনি দধানঃ পুরা রূপান্তরেণ তং প্রত্যুপদিষ্টবান্ ইতি ভাবেনাহ ভগবান্ বহুনীতি। তব চেতি মৎসখত্বাৎ তাবন্তি জন্মানি তবাপ্যভুবন্নিত্যর্থঃ। ন ত্বং বেত্থেতি, ইদানীং মরৈবাচিন্ত্যশক্ত্যা স্বলীলাসিদ্ধয়ে ত্বজ্জ্ঞানাচ্ছাদনাদিতি ভাবঃ এতেন সার্ব্বজ্ঞ্যং স্বস্য দর্শিতম্। অত্র ভগবজ্জন্মনাং বাস্তবত্বং বোধ্যং, বহুনীত্যাদি শ্রীমুখোক্তেস্তব চেতি দৃষ্টান্তাচ্চ। ন চ জন্মাখ্যো বিকারঃ, তস্যাগ্রিমব্যাখ্যয়া প্রত্যাখ্যানাৎ ॥ ৫ ॥

মধুসূদন।—তত্র সর্ব্বজ্ঞত্বেন প্রথমস্য পরিহারং জন্মানি লীলাদেহগ্রহণানি লোক-দৃষ্ট্যাভিপ্রায়েণাদিত্যস্যোদয়বন্মে মম বহুনি ব্যতীতানি তব চাজ্ঞানিনঃ কর্ম্মার্জ্জিতানি দেহগ্রহণানি তব চেত্যুপলক্ষণমিতরেষামপি জীবানাং জীবৈক্যাভিপ্রায়েণ বা, হে অর্জ্জুন! শ্লেষেণ অর্জ্জুনবৃক্ষনাম্না সম্বোধয়ন্ আবৃতজ্ঞানত্বং সূচয়তি। তানি জন্মান্যহং সর্ব্বজ্ঞঃ সর্ব্ব-শক্তিরীশ্বরো বেদ জানামি সর্ব্বাণি মদীয়ানি ত্বদীয়ান্যদীয়ানি চ, ন ত্বমজ্ঞো জীবস্তিরোহিত-জ্ঞানশক্তির্বেত্থ ন জানাসি স্বীয়ান্যপি কিং পুনঃ পরকীয়াণি। হে পরন্তপ! পরং শত্রুং ভেদদৃষ্ট্যা পরিকল্প্য তস্তং প্রবৃত্তোঽসীতি বিপরীতদর্শিত্বাৎ ভ্রান্তোঽসীতি সূচয়তি অনেন সম্বোধনদ্বয়েনাবরণবিক্ষেপৌ দ্বাবপ্যজ্ঞানধর্ম্মৌ দর্শিতৌ ॥ ৫ ॥

নীলকণ্ঠ।—স্বস্যেশ্বরত্বং সাধয়িতুং স্বস্য সর্ব্বজ্ঞত্বং তাবদাহ বহুনীতি। স্পষ্টার্থঃ শ্লোকঃ ॥ ৫ ॥

বিশ্বনাথ।—অবতারান্তরেণোপদিষ্টবানিত্যভিপ্রায়েণাহ বহূনীতি। তব চেতি, যদা যদৈব মমাবতারস্তদা মৎপার্ষদত্বাৎ তবাপ্যাবির্ভাবোহভূদেবেত্যর্থঃ। বেদ বেদ্মি সর্ব্বেশ্বরত্বেন সর্ব্বজ্ঞত্বাৎ। ত্বং ন বেত্থ মদৈব স্বলীলাসিদ্ধ্যর্থং ত্বজ্ঞানাবরণাদিতি ভাবঃ। অতএব হে পরন্তপ! সম্প্রতি কুন্তীপুত্রত্বাভিমানমাত্রেণৈব পরান্ শত্রূংস্তাপয়সি ॥ ৫ ॥

তাৎপর্য্য।—স্বকীয় সর্ব্বজ্ঞত্বের সমর্থন করিয়া শ্রীভগবান্ অর্জ্জুনের উল্লিখিত পূর্ব্বপক্ষ দ্বয়ের প্রথমটির পরিহার করিতেছেন। প্রতিদিন উষা সমাগমে আকাশ পথে আদিত্যকে সমুদিত হইতে দেখিয়া এবং সায়ং-কালে তাঁহার সেই জ্যোতির্ম্ময় কলেবর লোক-লোচনের অন্তরিত হইতে দেখিয়া, মানব তাঁহার উদয়াস্ত অনুমান করে। সেই রূপ লৌকিক দর্শনে আমারও বহুবার আবির্ভাব ও তিরোভাব হইয়াছে। লীলা প্রদর্শনার্থ আমি জগতে পুনঃ পুনঃ বিভিন্ন শরীর পরিগ্রহ করিয়া ভিন্ন ভিন্ন ভাবে জন্ম গ্রহণ করিয়াি। তুমি অজ্ঞানাচ্ছন্ন হইলেও, প্রারব্ধ কর্ম্মবশে তোমা-রও বহুবার বহুশরীর ধারণ করিয়া জন্মগ্রহণ হইয়া গিয়াছে। যাবতীয় প্রাণীই এইরূপ জন্ম মরণের অধীন; সুতরাং সকলেই পুনঃ পুনঃ এইরূপ জন্মপরিগ্রহ করিয়াছে ও করিতেছে। হে অর্জ্জুন! এই শ্লেষপূর্ণ সম্বোধন বাক্য দ্বারা ভগবান্ অর্জ্জুন বৃক্ষের সহিত তাঁহার নামের সমতা বিজ্ঞাপিত করিয়া, তিনিও যে বৃক্ষাদি স্থাবর পদার্থের ন্যায় অজ্ঞানাচ্ছন্ন ইহাই ইঙ্গিত করিলেন। শ্রীকৃষ্ণ সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিসম্পন্ন পরমেশ্বর; এইজন্য তিনি স্বকীয় ও অন্যান্য সকলেরই ভূত জন্মঘটিত বৃত্তান্ত জ্ঞাত আছেন। কিন্তু অর্জ্জুন জ্ঞানশক্তি বিরহিত অজ্ঞ জীব মাত্র; এইজন্য স্বীয় জন্ম বৃত্তান্তই জানেন না, অন্যের জন্ম-বৃত্তান্ত জ্ঞান তাঁহার পক্ষে সুদূর-পরাহত। পরন্তপ শব্দ-দ্বারা এস্থলে ইহাই সূচিত হইতেছে যে, ভেদদৃষ্টি বশতঃ তুমি পর অর্থাৎ শত্রুকে বিপরীত দর্শন হেতু তাহাদিগকে হনন করিতে আসিয়াও ভ্রান্ত হইতেছ। অর্জ্জুন ও পরন্তপ এই দুই সম্বোধন দ্বারা অর্জ্জুনের অজ্ঞানা-চ্ছন্নতা কথিত হইল ॥ ৫ ॥

——:(•):——

অজোঽপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোঽপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া ॥ ৬ ॥

অন্বয়।—অজঃ (জন্মরহিতঃ) সন্ অপি অব্যয়াত্মা (অবিনশ্বরস্বভাবঃ) ভূতানাং (ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং সর্ব্বেষাং) ঈশ্বরঃ (কর্ম্মাধীনভাববিরহিতঃ) অপি সন্ [অহং] স্বাং প্রকৃতিং (বৈষ্ণবীং মায়াং) অধিষ্ঠায় (বশীকৃত্য) আত্মমায়য়া (স্বেচ্ছয়া) সম্ভবামি (অবতরামি) ॥ ৬ ॥

প্রতিশব্দ—জন্মরহিত হইয়া ও বিনাশ-বিহীন সকল-ভূতের ঈশ্বর-হইয়া [আমি] স্বকীয় প্রকৃতিকে বশীভূত-করিয়া নিজমায়া-দ্বারা আবির্ভূত হই ॥ ৬ ॥

ব্যাখ্যা।—আমি জন্মমরণবিরহিত হইলেও, স্বকীয় প্রকৃতিকে বশতাপন্ন করিয়া স্বেচ্ছানুসারে নানারূপ শরীর ধারণ করি ॥ ৬ ॥

শঙ্করাচার্য্য।—কথং তর্হি তব নিত্যেশ্বরস্য ধর্ম্মাধর্ম্মাভাবেঽপি জন্ম? ইত্যুচ্যতে অজোঽপীতি। অজোঽপি জন্মরহিতোঽপি সংস্তথাব্যয়াত্মা অক্ষীণজ্ঞানশক্তিস্বভাবোঽপি সন্, তথা ভূতানাং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং ঈশ্বর ঈশনশীলোঽপি সন্, প্রকৃতিং মায়াং মম বৈষ্ণবীং ত্রিগুণাত্মিকাং, যস্যা বশে সর্ব্বং জগৎ বর্ত্ততে, যয়া মোহিতঃ সন্ স্বমাত্মানং বাসুদেবং ন জানাতি, তাং প্রকৃতিং স্বামধিষ্ঠায় বশীকৃত্য সম্ভবামি দেহবানিব ভবামি জাত ইবাত্মমায়য়া ন পরমার্থতো লোকবৎ ॥ ৬ ॥

আনন্দগিরি।—ঈশ্বরস্য কারণাভাবাৎ জন্মৈবাযুক্তমতীতানেকজন্মবত্ত্বং দূরোৎসারিতমিতি শঙ্কতে কথমিতি। বস্তুতো জন্মাভাবেঽপি মায়াবশাজ্জন্ম সম্ভবতীত্যুত্তরমাহ উচ্যত ইতি। পারমার্থিকজন্মাযোগে কারণং পূর্ব্বার্দ্ধেনানূদ্য প্রাতিভাসিকজন্মসম্ভবে কারণমাহ প্রকৃতিমিতি। প্রকৃতিশব্দস্য স্বরূপবিষয়ত্বং প্রত্যাদেষ্টুমাত্মমায়য়েত্যুক্তম্। বস্তুতো জন্মাভাবে কারণানুবাদভাগং বিবৃণোতি অজোঽপীত্যাদিনা। প্রাতিভাসিকজন্মসম্ভবে কারণকথনপরমুত্তরার্দ্ধং বিভজতে প্রকৃতিমিত্যাদিনা। প্রকৃতিশব্দস্য স্বরূপশব্দপর্য্যায়ত্বং বারয়তি মায়ামিতি। তস্যাঃ স্বাতন্ত্র্যং নিরাকৃত্য ভগবদধীনত্বমাহ মমেতি। তস্যাশ্চ অধিকরণদ্বারেণাবচ্ছিন্নত্বং সূচয়তি বৈষ্ণবীমিতি। মায়াশব্দস্যাপি প্রজ্ঞানামসু পাঠাদ্বিজ্ঞানশক্তিবিষয়ত্বমাশঙ্ক্যাহ ত্রিগুণাত্মিকামিতি। তস্যাঃ কার্য্যলিঙ্গকমনুমানং সূচয়তি যস্যা ইতি। জগতো মায়াবশবর্ত্তিত্বমেব স্ফুটয়তি যয়েতি। যথা লোকে কশ্চিজ্জাতো দেহবানালক্ষ্যতে, এবমহমপি মায়াশ্রিতো ভবা।

বলদেব।—লোকবিলক্ষণতয়া স্বরূপং স্বজন্ম চ বদন্ সনাতনত্বং স্বস্যাহ অজোঽপীতি। অত্র স্বরূপস্বভাবপর্য্যায়ঃ প্রকৃতিশব্দঃ স্বাং প্রকৃতিং স্বং স্বরূপং অধিষ্ঠায়াশ্রিত্য সম্ভবামি আবির্ভবামি। "সংসিদ্ধিপ্রকৃতীত্বিমে, স্বরূপঞ্চ স্বভাবশ্চ" ইত্যমরঃ। স্বরূপেণৈব সম্ভবামীতি। এতমর্থং বিবরিতুং বিশিনষ্টি অজোঽপীত্যাদিনা। অপি অবধারণে। অপূর্ব্বদেহযোগো জন্ম তদ্রহিত এব সন্। অব্যয়াত্মাপি সন্ অব্যয়ঃ পরিণামশূন্য আত্মা বুদ্ধ্যাদির্যস্য তাদৃশ এব সন্। আত্মা পুংসীত্যাত্মাক্তেঃ। ভূতানামীশ্বরোঽপি সন্ সেতরেষাং জীবানাং নিয়ন্তৈব সন্ ইত্যর্থঃ। অজত্বাদিগুণকং যদ্বিভুজ্ঞানসুখঘনং রূপং তেনৈবাবতরামীতি স্বরূপেণৈব সম্ভবামীত্যস্য বিবরণং তাদৃশস্য সর্ব্বরূপস্য রবেরিবাভিব্যক্তিমাত্রমেব জন্মেতি তৎস্বরূপস্য তজ্জন্মনশ্চ লোকবিলক্ষণত্বং তেন সনাতনত্বঞ্চ ব্যক্তম্। কর্ম্মতন্ত্রত্বং নিরস্তম্। শ্রুতিশ্চৈবমাহ "অজায়মানো বহুধা বিজায়তে" ইতি। স্মৃতিশ্চ "প্রত্যক্ষঞ্চ হরেজর্ন্ম ন বিকারং কথঞ্চন" ইত্যাদ্যা। অতএব সূতিকাগৃহে দিব্যায়ুধভূষণস্য দিব্যরূপস্য ষড়ৈশ্বর্য্যসম্পন্নস্য তস্য বীক্ষণং স্মর্য্যতে। প্রয়োজনমাহাত্মমায়য়েতি। ভক্তজীবানুকম্পয়া হেতুনা তদুদ্ধারায়েত্যর্থঃ। "মায়া দম্ভে কৃপায়াঞ্চ" ইতি বিশ্বঃ। আত্মমায়য়া স্বসার্ব্বজ্ঞেন স্বসঙ্কল্পেনেতি কেচিৎ। "মায়া বয়ুনং জ্ঞানঞ্চে"তি নির্ঘণ্টকোষাৎ। লোকঃ খলু রাজাদিঃ পূর্ব্বদেহাদীনি বিহায়াপূর্ব্বদেহাদীনি ভজন্নিয়নুসন্ধিরজো জন্মী ভবতি ইতি তদ্বৈলক্ষণ্যাং হরেজ ন্মিনঃ প্রস্ফুটম্। ভূতানামীশ্বরোঽপি সন্নিত্যনেন লব্ধসিদ্ধয়ো যোগিপ্রভৃতয়োঽপি ব্যাবৃত্তাঃ। সুসচ্চিদ্ঘনো হরির্দ্দেহদেহিভেদেন গুণগুণিভেদেন চ শূন্যোঽপি বিশেষবলাৎ তত্তদ্ব্যপদেশেন বিদ্বদ্‌ভিঃ প্রতীতিরাসীদিতি ॥ ৬ ॥

মধুসূদন।—নম্বতীতানেকজন্মবত্ত্বমাত্মনঃ স্মরসি চেৎ, তর্হি জাতিস্মরো জীবত্বং পরজন্মজ্ঞানমপি যোগিনঃ সর্ব্বাত্মাভিমানেন "শাস্ত্রদৃষ্ট্যা তূপদেশো বামদেববৎ" ইতিন্যায়েন সম্ভবতি, তথাচাহ বামদেবো জীবোঽপি, "অহং মনুরভবং সূর্য্যশ্চাহং কক্ষীবানৃষিরস্মি বিপ্র" ইত্যাদি দাশতয্যাং, অতএব ন মুখ্যং সর্ব্বজ্ঞত্বং, তথাচ কথমাদিত্যং সর্ব্বজ্ঞমুপদিষ্টবানসি অনীশ্বরঃ সন্, নহি জীবস্য মুখ্যং সার্ব্বজ্ঞ্যং সম্ভবতি ব্যষ্ট্যুপাধেঃ পরিচ্ছিন্নত্বেন সর্ব্বসম্বন্ধিত্বাভাবাৎ সমষ্ট্যুপাধেরপি বিরাজঃ স্থূলভূতোপাধিত্বেন সূক্ষ্মভূতপরিণামবিষয়ং মায়াপরিণামবিষয়ঞ্চ জ্ঞানং ন সম্ভবতি, এবং সূক্ষ্মভূতোপাধেরপি হিরণ্যগর্ভস্য তৎকারণমায়াপরিণামাকাশাদিসর্গক্রমাদিবিষয়জ্ঞানাভাবঃ সিদ্ধ এব। তস্মাদীশ্বরএব কারণোপাধিত্বাদতীতানাগতবর্ত্তমানসর্ব্বার্থবিষয়জ্ঞানবান্ মুখ্যঃ সর্ব্বজ্ঞঃ, অতীতানাগতবর্ত্তমানবিষয়ং মায়াবৃত্তিত্রয়মেকৈব বা সর্ব্ববিষয়া মায়াবৃত্তিরিত্যন্যৎ, তস্য চ নিত্যেশ্বরস্য সর্ব্বজ্ঞস্য ধর্ম্মাধর্ম্মাদ্যভাবেন জন্মৈবানুপপন্নমতীতানেকজন্মবত্ত্বং দূরোৎসারিতমেব, তথাচ জীবত্বে সার্ব্বজ্ঞ্যানুপপত্তিঃ, ঈশ্বরত্বে চ দেহগ্রহণানুপপত্তিরিতি শঙ্কাদ্বয়ং পরিহরন্ নিত্যত্বপক্ষস্যাপি পরিহারমাহ অজ ইতি। অপূর্ব্বদেহেন্দ্রিয়াদিগ্রহণং জন্ম, পূর্ব্বগৃহীতদেহেন্দ্রিয়াদি বিয়োগো ব্যয়ঃ মৃত্যুত্বং তাভ্যাং প্রেত্যভাব ইত্যুচ্যতে। তদুক্তং "জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ" ইতি, তদুভয়

ধর্ম্মাধর্ম্মবশাত্তবতি, ধর্ম্মাধর্ম্মশক্ষাজস্ত জীবস্ত দেহাভিমানিনঃ কর্ম্মাদিকারিত্বাত্তবতি, তত্র যদুচ্যতে সর্ব্বজ্ঞস্তেশ্বরস্ত সর্ব্বকারণস্তেদৃশেহগ্রহণং নোপপদ্যতে ইতি, তত্তথৈব কথং? যদি তস্ত শরীরং স্থূলভূতকার্য্যং স্যাৎ তদা ব্যষ্টিরূপত্বে জাগ্রদবস্থাস্বদাদিতুল্যত্বং, সমষ্টিরূপত্বে চ বিরাড়্জীবত্বং, তস্য তদুপাধিত্বাৎ। অথ সূক্ষ্মভূতকার্য্যং তদা ব্যষ্টিরূপত্বে স্বপ্নাবস্থাস্মদাদিতুল্যত্বং, সমষ্টিরূপত্বে চ হিরণ্যগর্ভজীবত্বং তস্য তদুপাধিত্বাৎ। তথাচ ভৌতিকং শরীরং জীবানাবিষ্টং পরমেশ্বরস্য ন সম্ভবত্যেবেতি সিদ্ধম্। ন চ জীবাবিষ্ট এতাদৃশে শরীরে তস্য ভূতাবেশবৎ প্রবেশ ইতি বাচ্যং, তচ্ছরীরাবচ্ছেদেন তজ্জীবস্য ভোগাভ্যুপগমেহন্তর্য্যামিরূপেণ সর্ব্বশরীর-প্রবেশস্য বিদ্যমানত্বেন শরীরবিশেষাভ্যুপগমবৈফল্যাৎ। ভোগাভাবে চ জীবশরীরত্বানুপপত্তেঃ, অতো ন ভৌতিকং শরীরমীশ্বরস্যেতি পূর্ব্বার্দ্ধেনাঙ্গীকরোতি। অজোহপি সন্নব্যয়াত্মা ভূতানামীশ্বরোহপি সন্নিতি অজোহপি সন্নিত্যপূর্ব্বদেহগ্রহণং অব্যয়াত্মাপি সন্নিতি পূর্ব্বদেহ-বিচ্ছেদং ভূতানাং ভবনধর্ম্মাণাং সর্ব্বেষাং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানামীশ্বরোহপি সন্নিতি ধর্ম্মাধর্ম্মবশত্বং নিবারয়তি, কথং তর্হি দেহগ্রহণমিত্যুত্তরার্দ্ধেনাহ, প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবামি, প্রকৃতিং মায়াখ্যাং বিচিত্রানেকশক্তিমঘটমানঘটনাপটীয়সীং স্বাং স্বোপাধিভূতামধিষ্ঠায় চিদাভাসেন বশীকৃত্য সম্ভবামি তৎপরিণামবিশেষৈরেব দেহবানিব জাতইব চ ভবামি। অনাদিমায়ৈব মদুপাধিভূতা যাবৎকালস্থায়িত্বেন চ নিত্যা জগৎকারণত্বসম্পাদিকা মদিচ্ছয়ৈব প্রবর্ত্তমানা বিশুদ্ধসত্ত্বময়ত্বেন মম মূর্ত্তিস্তদ্বিশিষ্টস্য চাজত্বমব্যয়ত্বমীশ্বরত্বঞ্চোপপন্নম্। অতোহনেন নিত্যেনৈব দেহেন বিবস্বতশ্চ ত্বাঞ্চ প্রতীমং যোগমুপদিষ্টবানহমিত্যুপপন্নম্। তথাচ শ্রুতিঃ, "আকাশশরীরং ব্রহ্মেতি আকাশোহত্রাব্যাকৃতং আকাশ এব তদোতঞ্চ প্রোতঞ্চ" ইত্যাদৌ তথা দর্শনাৎ, "আকাশস্তল্লিঙ্গাৎ" ইতি (তদ্যোগাদিতি) ন্যায়াচ্চ। তর্হি ভৌতিকবিগ্রহাভাবাত্তদ্ধর্ম্মমনুষ্যত্বাদি-প্রতীতিঃ কথমিতি চেৎ তত্রাহ আত্মমায়য়েতি। মন্মায়য়ৈব ময়ি মনুষ্যত্বাদিপ্রতীতির্লোকানু-গ্রহায়, ন তু বস্তুবৃত্ত্যেতিভাবঃ। তথাচোক্তং মোক্ষধর্ম্মে, "মায়া হ্যেষা ময়া সৃষ্টা যন্মাং পশ্যসি নারদ। সর্ব্বভূতগুণৈর্যুক্তং ন তু মাং দ্রষ্টুমর্হসি" ইতি সর্ব্বভূতগুণৈর্যুক্তং কারণোপাধিং মাং চর্ম্মচক্ষুষা দ্রষ্টুং নার্হসীত্যর্থঃ। উক্তঞ্চ ভগবতা ভাষ্যকারেণ, "স চ ভগবান্ জ্ঞানৈশ্বর্য্যশক্তি-বলবীর্য্যতেজোভিঃ সদাসম্পন্নস্ত্রিগুণাত্মিকাং বৈষ্ণবীং স্বাং মায়াং প্রকৃতিং বশীকৃত্যাজোহব্যয়ো ভূতানামীশ্বরো নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবোহপি সন্ স্বমায়য়া দেহবানিব জাতইব চ লোকানুগ্রহং কুর্ব্বন্ লক্ষ্যতে স্বপ্রয়োজনাভাবেহপি ভূতানুজিঘৃক্ষয়া" ইতি। ব্যাখ্যাতৃভিশ্চোক্তং স্বেচ্ছাবিনি-র্ম্মিতেন মায়াময়েন দিব্যেন রূপেণ সম্বভূবেতি নিত্যো যঃ কারণোপাধির্মায়াখ্যোহনেকশক্তিমান্ সএব ভগবদ্দেহ ইতি ভাষ্যকৃতাং মতম্। অন্যেতু পরমেশ্বরে দেহদেহিভাবং ন মন্যন্তে, কিন্তু যশ্চ নিত্যো বিভুঃ সচ্চিদানন্দঘনো ভগবান্ বাসুদেবঃ পরিপূর্ণো নির্গুণঃ পরমাত্মা সএব তদ্বি-গ্রহো নান্যঃ কশ্চিদ্ভৌতিকো মায়িকোবেতি। অস্মিন্ পক্ষে যোজনা আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ "অবিনাশী বা অরেহয়মাত্মানুচ্ছিত্তিধর্ম্মা" ইত্যাদি শ্রুতেঃ, অসতঃস্ত সতোহনুপপত্তেঃ, নাত্মা শ্রুতেনির্ত্যত্বাচ্চ তাভ্যঃ ইত্যাদি ন্যায়াচ্চ, বস্তুগত্যা জন্মনাশরহিতঃ পূর্ব্বভাসকঃ সর্ব্ব-

কারণমায়াধিষ্ঠানত্বেন সর্ব্বভূতেশ্বরোঽপি সন্নহং প্রকৃতিং স্বভাবং সচ্চিদানন্দঘনৈকরূপং স্বাং ব্যাবর্ত্তয়তি স্বামিতি। নিজস্বরূপমিত্যর্থঃ। "স ভগবঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ স্বে মহিম্নি" ইতি শ্রুতেঃ, স্বস্বরূপমধিষ্ঠায় স্বরূপাবস্থিতএব সন্ সম্ভবামি দেহদেহিভাবমন্তরেণৈব দেহিবদ্ব্যবহরামি,কথং তর্হি অদেহে সচ্চিদানন্দঘনে দেহত্বপ্রতীতিরত আহ আত্মমায়য়েতি। নির্গুণে শুদ্ধে সচ্চিদানন্দরসঘনে ময়ি ভগবতি বাসুদেবে দেহদেহিভাবশূন্যে তদ্রূপেণ প্রতীতির্মায়ামাত্রমিত্যর্থঃ। তদুক্তং "কৃষ্ণমেনমবেহি ত্বমাত্মানমখিলাত্মনাম্। জগদ্ধিতায় সোঽপ্যত্র দেহীবাভাতি মায়য়া" ইতি। "অহো ভাগ্যমহো ভাগ্যং নন্দগোপব্রজৌকসাম্। যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনম্" ইতি চ। কেচিত্তু নিত্যস্য নিরবয়বস্য নির্ব্বিকারস্যাপি পরমানন্দস্যাবয়বাবয়বিভাবং বাস্তবমেবেচ্ছন্তি তে নির্যুক্তিকং ব্রুবাণাস্তু নাস্মাভির্ব্বিনিবার্য্যন্তে ইতি ন্যায়েন নাপবাদ্যাঃ। যদি সম্ভবেৎ তথৈবাস্তু কিমতিপল্লবিতেনেত্যুপরম্যতে ॥ ৬ ॥

নীলকণ্ঠ।—কিন্তুর্হি যোগীনাং সর্ব্বজ্ঞত্বপ্রসিদ্ধেস্ত্বং জাতিস্মরো জীবোঽসীত্যাশঙ্ক্যাহ অজ ইতি। দেহাসংশ্লিষ্টস্যাজত্বাব্যয়ত্বে "ন ত্বেবাহং জাতু নাসম্" ইত্যত্র সাধিতে, ইহ তু দেহবিশিষ্টস্যৈব তে উচ্যেতে, ঈশ্বরোঽপীত্যনেন দেহাসংশ্লিষ্টস্যাস্মদাদেরপীশ্বরত্বং "তত্ত্বমস্যহংব্রহ্মাস্মি" ইত্যাদিশ্রুতিসিদ্ধমতো দেহবিশিষ্টস্যৈব অজত্বনিত্যত্বে দৃষ্টীক্রিয়েতেঽন্যথা অনীশ্বরত্বপ্রসঙ্গাৎ, ন হ্যস্তিত্যাস্তর্য্যামিণঃ পরমেশ্বরস্য হিরণ্যশ্মশ্রুত্বাদিবিশিষ্টো দেহো জন্মব্যয়বানিতি বক্তুং শক্যম্, অকর্ম্মজত্বাৎ, কর্ম্মফলস্য হি পরাকাষ্ঠা হৈরণ্যগর্ভশরীরপ্রাপ্তিঃ, ন চ "পুরুষো হ বৈ নারায়ণোঽকাময়ত অত্যাতিষ্ঠেয়ং সর্ব্বাণি ভূতানি অহমেবেদং সর্ব্বং স্যামিতি স এতং পুরুষমেধং পঞ্চরাত্রং যজ্ঞক্রতুমপশ্যৎ" ইত্যাদিনা শতপথে, নারায়ণাখ্যস্য পরমাত্মনঃ "সহস্রশীর্ষা পুরুষঃ সহস্রাক্ষঃ সহস্রপাৎ স ভূমিং বিশ্বতো বৃত্বাত্যতিষ্ঠদ্দশাঙ্গুলম্" ইতি "পাদোঽস্য সর্ব্বা ভূতানি ত্রিপাদস্যামৃতং দিবি" ইতি চ পুরুষসূক্তপ্রতিপাদ্যস্য সর্ব্বাণি ভূতান্যতিক্রম্য স্থিতস্যেশ্বরস্যাপি শরীরং পঞ্চরাত্রাখ্যকর্ম্মবিশেষফলমিতি শ্রূয়তে ইতি বাচ্যম্, তত্র নারায়ণশব্দেন হিরণ্যগর্ভস্যৈব বিবক্ষিতত্বাৎ, ন হি পরমেশ্বরস্য পূর্ণকামস্য সর্ব্বানতিক্রম্য স্থিতস্য পুনরত্যাতিষ্ঠেয়ং সর্ব্বাণি ভূতানীতি কামনা ভবতি। নমু পরমেশ্বরেঽপি কামনা দৃষ্টা "সোঽকাময়ত বহুস্যাং প্রজায়েয়েত" ইতি চেৎ স্রাবণীয়প্রজোদেবানাং প্রিয়োযত আপ্তকামস্য কা স্পৃহেতি শ্রুতেলোকবত্তু লীলাকৈবল্যমিতি ন্যায়াচ্চ নিস্পৃহস্য লীলয়ৈব ব্রহ্মাণ্ডকোটীঃ সৃজতো ভগবতো রাজগোপালস্য কর্ম্মকিঙ্করেণ কর্ম্মণা সার্ব্বাত্ম্যং প্রার্থয়তা সাধ্যমাপাদয়তি, তস্মান্নকর্ম্মফলং ভগবতঃ শরীরম্, অতএব ন ভৌতিকং বিরাট্সূত্রাত্মাতিরিক্তস্য ভৌতিকস্যাভাবাৎ, তস্মাদযুক্তং অজোঽপি সন্নিতি। নমু তর্হি ভগবচ্ছরীরস্য কিমুপাদানম্? অবিদ্যেতি চেৎ ন পরমেশ্বরে তদভাবাৎ, জীবাবিদ্যা চেৎ ন শুক্তিরজতাদেরিব তুচ্ছত্বাপত্তেঃ,চিন্মাত্রং চেন্ন চিতঃ সাকারাত্বাযোগাৎ,তথাত্বে বা তস্যাতীন্দ্রিয়ত্বাপত্তিঃ, তস্মাৎ কিমালম্বনোঽয়ং ভগবদ্দেহো দেবকীগর্ভপ্রবেশজননবাল্যকৌমারপৌগণ্ডযৌবনাদিপ্রতীতিবিষয় ইতি চেৎ শৃণু, "প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবাম্যাত্মমায়য়া" ইতি, অয়মর্থঃ জীবাত্মানো হি অনাত্মভূতাং প্রকৃতিং তেজোবন্নাত্মিকাং পঞ্চভূতাত্মিকাং বা অধিষ্ঠায় সম্ভবন্তি জায়ন্তে নু

লক্ষণ্ডে, অহন্তু স্বাং প্রত্যগনন্যাং প্রকৃতিং প্রত্যক্‌চৈতন্যমেবেত্যর্থঃ, তদেবাধিষ্ঠায় ন তূপাদানান্তরম্, আত্মমায়য়া মায়য়া ভবামি, যথা কশ্চিন্মায়াবী স্বয়ং স্বস্থানাদপ্রচ্যুতস্বভাবোঽপি অদৃশ্যো ভূত্বা স্থূলসূক্ষ্মভূতান্যনুপাদায়ৈব কেবলয়া মায়য়া দ্বিতীয়ং মায়াবিনং স্বসদৃশমেব সূত্রমার্গেণ গগনমারোহন্তং সৃজতি, এবমহং কূটস্থচিন্মাত্রো গ্রাহ্যঃ স্বমায়য়া চিন্ময়মাত্মনঃ শরীরং সৃজামি, তস্য বাল্যাদ্যবস্থাশ্চ সূত্রারোহণবদ্দর্শয়ামি, এতাবাংস্তু বিশেষঃ, লৌকিকমায়াবী মায়ামুপসংহরন্ দ্বিতীয়ং মায়াবিনমপ্যুপসংহরতি, অহন্তু তামনুপসংহরন্ সবিগ্রহমপি নোপসংহরামীতি। এবং হি সতি হিরণ্যশ্মশ্রুত্বাদিলক্ষণবিগ্রহযোগিনশ্চৈতন্যস্য অন্তস্তদ্ধর্মোপদেশাদিত্যাদিন্যায়সিদ্ধং বিয়দাদ্যুপাদানত্বলক্ষণং সর্ব্বেশ্বরত্বং যুজ্যতে নান্যথেতি, তস্মাৎ সিদ্ধং পরমেশ্বরস্য মায়াময়শরীরং নিত্যমিতি। একেনৈব দেহেন বিবস্বন্তমুপদিশ্য ত্বামপ্যুপদিশামীতি। অন্যত্রাপি, "নিত্যৈব সা জগন্মূর্ত্তিঃ" ইতি সাবধারণং প্রতিজ্ঞায়তে। "দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থমাবির্ভবতি সা যদা। উৎপন্নেতি তদা লোকে সা নিত্যাপ্যভিধীয়তে"॥ ইতি, নিত্যায়া অপ্যাবির্ভাবাপেক্ষয়া সূর্য্যস্যেব বাল্যাদিকম্ উৎপত্ত্যাদ্যুপগম্যতে। ভাষ্যেতু "স্বাং প্রকৃতিং বৈষ্ণবীং ত্রিগুণাত্মিকাং মায়াং অধিষ্ঠায় বশীকৃত্য আত্মমায়য়া সম্ভবামি দেহবান্ জাত ইব আত্মনো মায়য়া ন পরমার্থতো লোকবৎ" ইতি ব্যাখ্যাতম্॥ ৬॥

বিশ্বনাথ।—স্বস্য জন্মপ্রকারমাহ অজোঽপীতি। অজোঽপি জন্মরহিতোঽপি সন্ সম্ভবামি, দেবমনুষ্যতির্য্যগাদিষু আবির্ভবামি। ননু কিমত্র চিত্রং জীবোঽপি বস্তুতোঽজএব স্থূলদেহনাশান্তরং জাতএব তত্রাত্র অব্যয়াত্মা অনশ্বরশরীরঃ। কিঞ্চ জীবস্য স্বদেহভিন্নস্বরূপেণ অজত্বমেব আবিদ্যকেন দেহসম্বন্ধেনৈব তস্য জন্মবত্ত্বং, মমতু ঈশ্বরত্বাৎ স্বদেহভিন্নস্য অজত্বং জন্মবত্ত্বং ইত্যুভয়মপি স্বরূপসিদ্ধম্। তচ্চ দুর্ঘটত্বাৎ চিত্রং অতর্ক্যমেব। অতঃ পুণ্যপাপাদিমতো জীবস্যেব সদসদ্যোনিষু ন মে জন্মাশক্যমিত্যাহ। ভূতানামীশ্বরোঽপি সন্ কর্ম্মপারতন্ত্র্যরহিতোঽপি ভূত্বা ইত্যর্থঃ। ননু জীবো হি লিঙ্গশরীরেণ স্ববদ্ধেন কর্ম্মপ্রাপ্যান্ দেবাদিদেহান্ প্রাপ্নোতি, ত্বং পরমেশ্বরো লিঙ্গরহিতঃ সর্ব্বব্যাপকঃ কর্ম্মকালাদিনিয়ন্তা। "বহুস্যাম্" ইতিশ্রুতেঃ সর্ব্বজগদ্রূপো ভবস্যেব তদপি যদ্বিশেষত এবস্তুতোঽপ্যহং সম্ভবামীতি ব্রূষে, তদস্তু সর্ব্বজগদ্বিলক্ষণান্ দেহবিশেষান্ নিত্যানেব লোকে প্রকাশয়িতুং স্বজন্ম ইত্যবগম্যতে। তৎ খলু কথমিত্যত আহ প্রকৃতিং স্বামধিষ্ঠায়েতি। অত্র প্রকৃতিশব্দেন যদি বহিরঙ্গা মায়াশক্তিরুচ্যতে, তদা তদধিষ্ঠাতা পরমেশ্বরস্তদ্দ্বারা জগদ্রূপো ভবত্যেবেতি ন বিশেষোপলব্ধিঃ। তস্মাৎ "সংসিদ্ধিপ্রকৃতীত্বিমে, স্বরূপঞ্চ স্বভাবশ্চ" ইত্যভিধানাৎ, অত্র প্রকৃতিশব্দেন স্বরূপমেবোচ্যতে। ন ত্বং স্বরূপভূতা মায়াশক্তিঃ, স্বরূপঞ্চ তস্য সচ্চিদানন্দ এব। অতএব স্বাং শুদ্ধসত্ত্বাত্মিকাং প্রকৃতিমিতি শ্রীস্বামিচরণাঃ। প্রকৃতিং স্বভাবং স্বমেব স্বভাবমধিষ্ঠায় স্বরূপেণ স্বেচ্ছয়া সম্ভবামীত্যর্থঃ। ইতি শ্রীরামানুজাচার্য্যচরণাঃ। প্রকৃতিং স্বভাবং সচ্চিদানন্দৈকরসং মায়াং ব্যাবর্ত্তয়তি স্বামিতি নিজস্বরূপমিত্যর্থঃ। স ভগবতঃ কস্মিন্ প্রতিষ্ঠিতঃ স্বমহিম্নি ইতি শ্রুতেঃ। স্বস্বরূপমধিষ্ঠায় স্বরূপাবস্থিত এব সম্ভবামি দেহদেহিভাব-

'মনুষ্যেণ এব দেহিবদ্ব্যবহারামীতি শ্রীমধুসূদনসরস্বতীপাদাঃ। নহু যদব্যয়াত্মা অনশ্বরমৎস্য-কূর্ম্মাদিস্বরূপ এব ভবসি, তর্হি তব প্রাদুর্ভবৎ স্বরূপং পূর্ব্বপ্রাদুর্ভূতস্বরূপাণি চ যুগপদেব কিং নোপলভ্যন্তে তত্রাহ, আত্মভূতা যা মায়া তয়া। স্বস্বরূপাবরণপ্রকাশনকর্ম্ম চ যয়া চিচ্ছক্তিবৃত্ত্যা যোগমায়য়েত্যর্থঃ। তয়া হি পূর্ব্বকালাবতীর্ণস্বরূপাণি পূর্ব্বমেব আবৃত্য বর্ত্তমানস্বরূপং প্রকাশ্য সম্ভবামি আত্মমায়য়া, সম্যগপ্রচ্যুতজ্ঞানবলবীর্য্যাদিশক্ত্যৈব ভবামীতি স্বামিচরণাঃ। আত্মমায়য়া আত্মজ্ঞানেন। "মায়া বয়ুনং জ্ঞানম্" ইতি জ্ঞানপর্য্যায়োঽত্র মায়াশব্দঃ। তথাচাভিযুক্তপ্রয়োগঃ। "মায়য়া সততং বেত্তি প্রাচীনানাং শুভাশুভম্" ইতি শ্রীরামানুজাচার্য্যচরণাঃ। ময়ি ভগবতি বাসুদেবে দেহদেহিভাবশূন্যে তদ্রূপেণ প্রতীতিঃ মায়ামাত্রমিতি শ্রীমধুসূদনসরস্বতীপাদাঃ ॥ ৬ ॥

তাৎপর্য্য।—যাঁহারা বর্ত্তমান জন্মে বিগত জন্মের বৃত্তান্ত স্মরণ করিতে সক্ষম, তাঁহাদিগকে জাতিস্মর বলে। অনেক যোগী সর্ব্বজ্ঞ। অর্জ্জুন আশঙ্কা করিতেছেন, তবে কি শ্রীকৃষ্ণও একজন জাতিস্মর জীব। এই আশঙ্কার উত্তর এই শ্লোকে প্রদত্ত হইতেছে। যিনি বিরাট পুরুষরূপে (এই গীতার ১১শ অধ্যায়ে বিশেষ বৃত্তান্ত দেখিবেন) সকল পদার্থে পরিব্যাপ্ত রহিয়াছেন, যাঁহার পক্ষে অতীত, বর্ত্তমান ও ভবিষৎ তিনই সমান, যাঁহার ইচ্ছায় ব্রহ্মাণ্ডের সৃষ্টি স্থিতি সংঘটিত হয়, তাঁহার জন্ম ও মরণ কখনই সম্ভব নহে; তবে যে তাঁহার দেবকীদেবীর গর্ভবাস পূর্ব্বক মানবাকারে আবির্ভাব পরিদৃষ্ট হইতেছে, তাহা কেবল সেই পরম পুরুষের স্বকীয় মায়ার প্রভাবে এবং তাঁহার বাসনা বশেই সিদ্ধ হইতেছে। ঐন্দ্রজালিক যেমন স্বয়ং স্থির থাকিয়াও যাদুবিদ্যা-প্রভাবে কতই রূপান্তর ও অবস্থান্তর প্রদর্শন করে, ভগবানও তদ্রূপ চিরস্থির ও অবিচলিত থাকিয়া, স্বকীয় মায়ার দ্বারা নানা সময়ে নানা মূর্ত্তি প্রদর্শন করিয়া থাকেন। তুমি আমাকে যেরূপে দর্শন করিতেছ, আমার এইরূপ ইদানীন্তন নহে। আমার এই রূপও অনন্ত, অস্তিত্বও অনন্ত। সুতরাং আমি এই শরীরেই, যে যোগের বিষয় সূর্য্যকে উপদেশ প্রদান করিয়াছি, তোমাকেও তদ্বিষয়ক উপদেশ প্রদান করিতেছি, ইহাতে বিচিত্রতা কিছুই নাই।

শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। যাঁহার সখা শ্রীকৃষ্ণ সেই অর্জ্জুন যে মূঢ় জনোচিত বৃথা আশঙ্কার বশবর্ত্তী হইবেন, তাহা কখনও সম্ভবপর নহে; কিন্তু মূর্খ জনের যে সমস্ত আশঙ্কা স্বয়ং ভগবান্ বা তাঁহার একান্ত কৃপাপাত্র ব্যতীত অন্য ব্যক্তির পক্ষে অপনেয় নহে, সেই সমস্ত আশঙ্কা অপনোদনের ইচ্ছায়, অর্জ্জুন ভগবানকে মূর্খ জন-সুলভ বহুবিধ প্রশ্ন করিয়াছেন ও

যথাযথ সদুত্তরও পাইয়াছেন। উপস্থিত (৪র্থ অধ্যায় ৪র্থ শ্লোকে) এই দুইটী পূর্ব্বপক্ষ স্থাপন করিয়াছেন যে,"যেহেতু তুমি মনুষ্য, সুতরাং সর্ব্বজ্ঞও হইতে পার না, এবং নিত্যও হইতে পার না।" বাস্তবিক মূর্খগণ ভগবান্ বাসুদেবকে মনুষ্য জ্ঞানে উক্তবিধ শঙ্কা করিয়া থাকে। ভগবান্ শ্রীকৃষ্ণ ৫ম শ্লোকে প্রথম পূর্ব্ব পক্ষের উত্তর প্রদান করিয়াছেন, অর্থাৎ নিজের সর্ব্বজ্ঞত্ব প্রতিপাদন করিয়াছেন; কিন্তু তাহাতে স্বকীয় অভিপ্রায় বিশদীকৃত না হওয়ায়, বর্ত্তমান শ্লোকে ভগবান্ নিম্নলিখিত রূপে অর্জ্জুনোদ্ভাবিত সর্ব্ববিধ আশঙ্কার সমূলোচ্ছেদক সদুত্তর এবং চতুর্থ শ্লোকে উত্থাপিত দ্বিতীয় পূর্ব্ব পক্ষের (অর্থাৎ ভগবান্ বাসুদেব মনুষ্য বলিয়া নিত্য হইতে পারেন না) মীমাংসা করিতেছেন।

যদি অর্জ্জুন এরূপ আশঙ্কা করেন যে, "হে মনুষ্য-দেহ-ধারিন্ শ্রীকৃষ্ণ! যদি তোমার অনেক অতীত জন্ম-বৃত্তান্ত আজিও স্মরণ থাকে, তাহা হইলে তোমাকে জাতিস্মর জীবের মধ্যে পরিগণিত করিতে প্রস্তুত আছি। "শাস্ত্রদৃষ্ট্যা তূপদেশো বামদেবৎ॥" (ব্যাসসূত্র ১।১।৩১) ইত্যাদি শাস্ত্রের নিম্নলিখিত অভিপ্রায় দেখা যায়। ইন্দ্র যে, "আমিই প্রাণ, আমিই প্রজ্ঞাত্মা আমাকেই জান" ইত্যাদি বলিয়াছিলেন, তাহা বামদেব ঋষির ন্যায় শাস্ত্র-জ্ঞান অনুসারেই বলিয়াছিলেন। বামদেব ঋষি জীব হইয়াও বলিয়াছেন যে, "আমিই মনু ছিলাম, আমি সূর্য্য ছিলাম" (বৃহদারণ্যক ১।৪।১০) ইত্যাদি। সুতরাং যোগী বা আত্ম-তত্ত্বজ্ঞানী সর্ব্বত্র আত্মাভিমান করে বলিয়া, তাহারও পর-জন্ম-জ্ঞান সম্ভবপর। কিন্তু তাই বলিয়া যে তাহাকে বা তোমাকে মুখ্য সর্ব্বজ্ঞের শ্রেণীভুক্ত করিব, তাহা কখনও হইতেই পারে না। আর তুমি ঈশ্বর না হইয়াও সেই সর্ব্বজ্ঞ আদিত্য দেবকে কিরূপেই বা উপদেশ প্রদান করিলে? মুখ্য সর্ব্বজ্ঞত্ব কখনও জীবের হইতে পারে না। কারণ জীব ব্যষ্ট্যুপাধি, সুতরাং পরিচ্ছিন্ন; অতএব সকলের সহিত তাহার সম্বন্ধ হইতেই পারে না। মুখ্য সর্ব্বজ্ঞত্ব বিরাটেরও হইতে পারে না; কারণ বিরাট্ সমষ্ট্যুপাধি এবং স্থূল ভূতোপাধি বলিয়া তাঁহার সূক্ষ্ম ভূত সমূহের পরিণাম-বিষয়ক এবং মায়া-পরিণাম-বিষয়ক জ্ঞান কখনও সম্ভাবিত হইতেই পারে না। আর হিরণ্য-গর্ভেরও মুখ্য সর্ব্বজ্ঞত্ব হইতে পারে না; কারণ, যদিও হিরণ্যগর্ভ সূক্ষ্ম

ভূতোপাধি, তথাপি সেই সূক্ষ্ম ভূতের কারণ স্বরূপ মায়ার পরিণাম যে আকাশাদি সৃষ্টি তাহার ক্রমাদি বিষয় জ্ঞান তাঁহার নাই, অতএব একমাত্র ঈশ্বরই মুখ্য সর্ব্বজ্ঞ। ঈশ্বর কারণোপাধি (মায়োপাধি), সুতরাং অতীত অনাগত বর্ত্তমান সর্ব্বার্থ বিষয়ক জ্ঞান তাঁহার স্বতঃসিদ্ধ। ঈশ্বরের কাছে অতীত অনাগত ও বর্ত্তমান এই তিনই সমান, কারণ অতীতাদি ভেদ সমূহ মায়ার লীলা। তিনি মায়াতীত, নিত্য, সর্ব্বজ্ঞ; তাঁহার ধর্ম্ম নাই অধর্ম্মও নাই, সুতরাং কোন জন্মই হইতে পারে না, অনেক জন্মের কথা ত দূরে থাকুক। শ্রীকৃষ্ণ! তবে এখন দেখ, তোমার কথায় তুমি দোষী হইয়াছ কি না, এবং "বহূনি মে ব্যতীতানি" ইত্যাদি তোমার এই বাক্য উপহাসাস্পদ কি না। তুমি ঈশ্বর হইলে সর্ব্বজ্ঞ হইতে পার বটে, কিন্তু তোমার বহু জন্মের কথা দূরে থাকুক, কোন জন্মই হইতে পারে না; আর জীব হইলে তোমার জন্ম হইতে পারে বটে, কিন্তু তুমি সর্ব্বজ্ঞ হইতে পার না।

ভগবান্ বাসুদেব বহির্ম্মুখ জনগণোদ্দেশে ঈদৃশ অনন্য-মীমাংস্য প্রশ্ন-তৎপর সখা অর্জ্জুনের উল্লিখিত প্রশ্ন ও চতুর্থ শ্লোকোল্লিখিত দ্বিতীয় পূর্ব্ব-পক্ষের উত্তর স্বরূপে বলিতে লাগিলেন। হে হৃদয়-সখে! যাহা পূর্ব্বে ছিল না এমন যে দেহেন্দ্রিয়াদি গ্রহণ তাহারই নাম জন্ম এবং পূর্ব্বগৃহীত যে দেহেন্দ্রিয়াদি তাহার যে বিয়োগ তাহারই নাম ব্যয় বা মৃত্যু; তার্কিকগণ এতদুভয়কে প্রেত্যভাব বলিয়া উল্লেখ করিয়া থাকেন। আমি পূর্ব্বে "জাতস্য হি ধ্রুবো মৃত্যুর্ধ্রুবং জন্ম মৃতস্য চ"(২অঃ ২৭) এই শ্লোকে এবংবিধ জন্ম মৃত্যুর কথাই বলিয়াছি। এইরূপ জন্ম ও মৃত্যু, ধর্ম্ম ও অধর্ম্মের বশীভূত হয়। সর্ব্বকারণ স্বরূপ সর্ব্বজ্ঞ ঈশ্বর ধর্ম্ম ও অধর্ম্মের অবশীভূত সুতরাং জন্ম মৃত্যুর অনধীন; ইহা তুমি সম্পূর্ণ সত্যই বলিতেছ। কেন না, যদি তাঁহার শরীর স্থূলভূতের কার্য্যই হইত, তাহা হইলে ব্যষ্টিরূপত্ব হেতু তাঁহার জাগ্রদবস্থা আমাদেরই মত হইত; আর সমষ্টিরূপত্ব হইলেও বিরাট্ জীব হইতেন, কারণ বিরাট সমষ্ট্যুপাধি। আর যদি সূক্ষ্মভূতের কার্য্য হইত, তাহা হইলে ব্যষ্টিরূপত্ব হেতু তাঁহার স্বপ্নাবস্থা আমাদেরই মত হইত, আর সমষ্টিরূপত্ব হইলেও হিরণ্যগর্ভজীবত্ব হইত, কারণ হিরণ্যগর্ভ সমষ্ট্যুপাধি। তাহা হইলে সিদ্ধ হইল যে, পরমেশ্বরে জীবনাবিষ্ট (প্রাণযুক্ত) ভৌতিক

শরীর হইতেই পারে না। আর একথাও বলিতে পার না যে, ঈশ্বর তাদৃশ প্রাণযুক্ত ভৌতিক শরীরে ভূতাবেশের ন্যায় প্রবেশ করেন; কারণ যে ঈশ্বর সর্ব্বশরীরান্তর্য্যামী সেই ঈশ্বরসম্বন্ধে একটি শরীর-বিশেষ স্বীকার করা নিতান্ত বিফল। আর যে শরীর-বিশেষে ঈশ্বরের প্রবেশ বলিবে, সেই ভৌতিক শরীরাবচ্ছেদে স্থিত যে জীব, সেই জীবের ভোক্তৃত্ব তোমাকে স্বীকার করিতেই হইবে; কারণ ভোগাভাব হইলে জীব শরীরত্বই অনুপপাদিত হয়; সুতরাং ঈশ্বরের ভৌতিক শরীর হইতে পারে না। বর্ত্তমান শ্লোকের পূর্ব্বার্দ্ধে উক্ত বিষয়ই ভগবান অঙ্গীকার করিতেছেন।

হে অর্জ্জুন! আমি অজ, সুতরাং অপূর্ব্ব দেহ গ্রহণ করি না। আমি অব্যয়াত্মা অর্থাৎ আমার আত্মা বা স্বরূপের ব্যয় নাই, সুতরাং পূর্ব্বদেহ বিচ্ছেদও আমার নাই, অর্থাৎ আব্রহ্ম স্তম্ব পর্য্যন্ত উৎপত্তিশীল সকল জীবেরই ঈশ্বর, সুতরাং আমি ধর্ম্মেরও বশীভূত নহি, বা অধর্ম্মের বশীভূত নহি।

এখন যদি অর্জ্জুন বলেন যে, হে শ্রীকৃষ্ণ! যদি তুমি জন্ম মৃত্যু, ধর্ম্ম অধর্ম্ম প্রভৃতির অতীত বা ঈশ্বরই হইলে, তবে তোমার সাধারণ জনবৎ দেহগ্রহণ কিরূপে উপপাদিত হইতে পারে? এই অর্জ্জুন-বাক্যের উত্তরস্বরূপে ভগবান্ বর্ত্তমান শ্লোকের উত্তরার্দ্ধের অবতারণা করিতেছেন। "প্রকৃতিং স্বামধিষ্ঠায় সম্ভবামি"। হে অর্জ্জুন! প্রকৃতি আমার উপাধি অর্থাৎ সেই প্রকৃতি আমার জগৎ কারণত্ব সম্পাদন করেন। সেই প্রকৃতির নাম মায়া। মায়ার শক্তি বিচিত্র ও অনেক; এবং সেই মায়া অঘটন ঘটন বিষয়ে নিরতিশয় পটীয়সী। আমি নিজোপাধিস্ত সেই প্রকৃতি বা মায়াকে চিদাভাসদ্বারা বশীভূত করিয়া সম্ভূত হই, অর্থাৎ সেই মায়ার পরিণাম বিশেষ দ্বারাই যেন দেহবিশিষ্টের মত ও গৃহীত-জন্মের মত হই। আমিও যতদিন ছিলাম আছি বা থাকিব, মদুপাধিভূতা সেই মায়াও ততদিন ছিল আছে বা থাকিবে, সুতরাং সে নিত্যা। সেই মায়া আমার ইচ্ছানুসারেই কার্য্যে প্রবর্ত্তিত হয় এবং সে শুদ্ধসত্ত্বপ্রধানা, সুতরাং আমারই মূর্ত্তিস্বরূপা। অতএব সেই মায়াবিশিষ্ট যে আমি সেই আমার অজত্ব, অব্যয়ত্ব ও ঈশ্বরত্বের কোন রূপই ব্যাঘাত হইতে পারে না; সুতরাং আমি এই নিত্য দেহেই

যে আদিত্য দেব ও তোমার প্রতি এই যোগবিষয়ক উপদেশ প্রদান করিয়াছি, তাহা স্বতঃ উপপাদিত হইতেছে। এখন যদি অর্জ্জুন বলেন যে, "শ্রীকৃষ্ণ! তোমার দেহ যদি ভৌতিকই নহে, তবে তোমাতে মনুষ্যত্বাদি ভৌতিক ধর্ম্মের প্রতীতি কিরূপে হইতেছে?" তাহারই উত্তর স্বরূপে ভগবান্ বলিতেছেন "আত্মমায়য়া" অর্থাৎ হে অর্জ্জুন! আমার মায়ার দ্বারাই আমাতে মনুষ্যত্বাদি বুদ্ধি হইয়া থাকে। আর আমি লোকের প্রতি অনুগ্রহের নিমিত্তই এইরূপে প্রতীত হই। যখন আমি জননী দেবকী দেবীর গর্ভ হইতে প্রসূত হইয়াছিলাম, তখন আমার স্নেহময় পিতা-মাতা আমার সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন শঙ্খচক্র-গদা-পদ্মধারী ও দিব্যকলেবর * সংযুক্ত রূপই দর্শন করিয়াছিলেন। আমি তাঁহাদের অনুরোধ-পরতন্ত্র হইয়া সেই দিব্যকলেবর উপসংহার পূর্ব্বক পরিদৃশ্যমান্ শরীর পরিগ্রহ করিয়াছি। মোক্ষ ধর্ম্মে কথিত আছে, "মায়া হ্যেষা ময়া সৃষ্টা যন্মাং পশ্যসি নারদ। সর্ব্বভূতগুণৈর্যুক্তং ন তু মাং দ্রষ্টুমর্হসি।" হে নারদ! তুমি যেরূপে আমাকে দেখিতেছ, ইহা আমার সৃষ্টা মায়া অর্থাৎ এই রূপ মায়িক; কিন্তু মায়োপাধি আমার যে রূপ, সে রূপ তুমি এই চর্ম্মচক্ষুদ্বারা দেখিতে পাইবে না।" ভগবান্ শঙ্করাচার্য্যও এই গীতা ভাষ্যাবতারণোপক্রমে (১৬ পৃষ্ঠা দেখুন) উক্ত বিষয়ই বলিয়াছেন ॥ ৬ ॥

* শ্রীকৃষ্ণের জন্ম হইলে বসুদেব বলিলেন,—"জ্ঞাতোঽসি দেবদেবেশ শঙ্খচক্রগদাধর। দিব্যরূপমিদং দেব প্রসাদেনোপসংহর ॥ অদ্যৈব দেব কংসোঽয়ং কুরুতে মম যাতনম্। অবতীর্ণমিতি জ্ঞাত্বা ত্বামস্মিন্ মম মন্দিরে ॥" অর্থাৎ হে দেবতাদিগেরও দেবেশ আমি তোমাকে জানিতে পারিয়াছি। তুমি প্রসন্ন হইয়া এই শঙ্খচক্রগদাধারী স্বগীয়রূপ উপসংহার কর। তুমি আমার এই গৃহে অবতীর্ণ হইয়াছ, একথা কংস জানিতে পারিলে এখনই আমাকে উৎপীড়িত করিবে। দেবকী বলিলেন,—"যোঽনন্তরূপোঽখিল বিশ্বরূপো গর্ভেঽপি লোকান্ বপুষা বিভর্ত্তি। প্রসীদতামেষ স দেবদেবঃ স্বমায়য়াবিষ্কৃতবালরূপঃ ॥ উপসংহর সর্ব্বাত্মন্ রূপমেতচ্চতুর্ভুজম্। জানাতু অবতারং তে কংসোঽয়ং দিতিজাধমঃ ॥" অর্থাৎ যিনি অনন্ত স্বরূপ, যিনি লোক সকলকে স্বকীয় গর্ভে ধারণ করেন, তুমি সেই দেবদেব, নিজ মায়া প্রভাবে বালরূপ ধারণ করিয়াছ—প্রসন্ন হও। তোমার এই চতুর্ভুজ মূর্ত্তি উপসংহার কর। দৈত্যাধম কংস যেন তোমাকে অবতার বলিয়া জানিতে না পারে। অতঃপর ভগবান্ স্বকীয় দিব্য রূপের প্রতিসংহার করিয়া মানুষ মূর্ত্তি ধারণ করিলেন। (বিষ্ণুপুরাণ ৫।৩) শ্রীমদ্ভাগবত ১০ম স্কন্ধ দেখ।

যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য তদাত্মানং সৃজাম্যহম্ ॥ ৭ ॥

অন্বয়।—ভারত ! যদা যদা হি ধর্ম্মস্য (বর্ণাশ্রমলক্ষণস্য বেদবিহিতস্য ধর্ম্মস্য) গ্লানিঃ (হানিঃ) অধর্ম্মস্য চ অভ্যুত্থানং (সমুদ্ভবঃ) ভবতি তদা অহং আত্মানং সৃজামি (মায়য়া দেহবিশিষ্টমিব দর্শয়ামি) ॥৭॥

প্রতিশব্দ।—ভরতবংশোদ্ভব ! যখন ধর্ম্মের হানি-হয় এবং অধর্ম্মের প্রাদুর্ভাব হয় তখন আমি আপনাকে সৃষ্টি-করি ॥ ৭ ॥

ব্যাখ্যা।—হে ভরতবংশোদ্ভব অর্জ্জুন ! যে যে সময়ে জগতে ধর্ম্মের হীনদশা এবং সঙ্গে সঙ্গে অধর্ম্মের অভ্যুদয় উপস্থিত হয়, তখনই আমি শরীর পরিগ্রহ করিয়া আবির্ভূত হই ॥ ৭ ॥

শঙ্করাচার্য্য।—তচ্চ জন্ম কদা কিমর্থং বেত্যুচ্যতে যদেতি। যদা যদা হি ধর্ম্মস্য গ্লানির্হানির্বর্ণাশ্রমাদিলক্ষণস্য প্রাণিনামভ্যুদয়নিঃশ্রেয়সসাধনস্য অভাবো ভবতি ভারত! অভ্যুত্থানং সমুদ্ভবোঽধর্ম্মস্য তদা তদাত্মানং সৃজাম্যহং মায়য়া ॥ ৭ ॥

আনন্দগিরি।—ঈশ্বরস্য মায়ানিবন্ধনং জন্মেত্যুক্তং তস্য প্রশ্নপূর্ব্বকং কালং কথয়তি তচ্চেত্যাদিনা। চাতুর্ব্বর্ণ্যে চাতুরাশ্রম্যে চ যথাবদনুষ্ঠীয়মানে নাস্তি ধর্ম্মহানিরিতি মত্বাধর্ম্মং বিশিনষ্টি বর্ণেতি। বর্ণৈরাশ্রমৈস্তদাচারৈশ্চ লক্ষ্যতে জ্ঞায়তে যো ধর্ম্মঃ তস্যেতি যাবৎ। ধর্ম্মহানৌ সমস্তপুরুষার্থভঙ্গো ভবতীত্যভিপ্রেত্যাহ প্রাণিনামিতি। ন চ যথোক্তসর্ব্বধর্ম্মস্য হানিং সোঢ়ুং শক্তো ভবানিত্যাহ ভারতেতি। ন কেবলং প্রাণিনাং ধর্ম্মহানিরেব ভগবতো মায়াবিগ্রহস্য পরিগ্রহে হেতুরপি তু তেষামধর্ম্মপ্রবৃত্তিরপীত্যাহ অভ্যুত্থানমিতি। যদা যদেতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ৭ ॥

রামানুজ।—জন্মকালমাহ যদা যদা হীতি। ন কালনিয়মোঽস্মৎসম্ভবস্য, যদা যদা হি ধর্ম্মস্য বেদোদিতস্য চাতুর্ব্বর্ণ্যচাতুরাশ্রম্যব্যবস্থয়াবস্থিতস্য কর্ত্তব্যস্য গ্লানির্ভবতি, যদা যদা চ তদ্বিপর্য্যয়স্যাধর্ম্মস্যাভ্যুত্থানং তদাহমেব স্বসঙ্কল্পেনোক্তপ্রকারেণাত্মানং সৃজামি ॥ ৭ ॥

হনুমান্।—তচ্চ জন্ম কদা কিমর্থঞ্চেত্যত্রোচ্যতে যদেতি। যদা যদা যস্মিন্ কালে ধর্ম্মস্য প্রাণিনামভ্যুদয়নিঃশ্রেয়সসাধনস্য গ্লানির্ভবতি, অধর্ম্মস্য যদা অভ্যুত্থানমুদ্ভবো ভবতি তদাহমাত্মানং সৃজামি উৎপাদয়ামি ॥ ৭ ॥

শ্রীধর।—কদা সম্ভবামীত্যপেক্ষায়ামাহ যদা যদেতি। গ্লানির্হানিঃ অধর্ম্মস্য অভ্যুত্থানমাধিক্যম্ ॥ ৭ ॥

বলদেব।—অথ সম্ভবকালমাহ যদেতি। ধর্ম্মস্য বেদোক্তস্য গ্লানির্বিনাশঃ অধর্ম্মস্য তদ্বিরুদ্ধস্য অভ্যুত্থানমভ্যুন্নতিঃ তদাহমাত্মানং সৃজামি প্রকটয়ামি ন তু নির্ম্মমে তস্য পূর্ব্বসিদ্ধত্বাদিতি নাস্তি মৎসম্ভবকালনিয়মঃ ॥ ৭ ॥

মধুসূদন।—এবং সচ্চিদানন্দঘনস্য তব কদা কিমর্থং বা দেহিবদ্ব্যবহার ইতি অপেক্ষ্যতে যদা যদা হীতি। ধর্ম্মস্য বেদবিহিতস্য প্রাণিনামভ্যুদয়নিঃশ্রেয়সসাধনস্য প্রবৃত্তি-নিবৃত্তিলক্ষণস্য বর্ণাশ্রমতদাচারব্যঙ্গস্য যদা যদা গ্লানির্ভবতি। হে ভারত! ভরতবংশোদ্ভবত্বেন ভা জ্ঞানং তত্র রতত্বেন বা, ত্বং ন ধর্ম্মহানিং সোঢুং শক্নোষীতি সম্বোধনার্থঃ। এবং যদা অভ্যুত্থানমুদ্ভবোঽধর্ম্মস্য বেদনিষিদ্ধস্য নানাবিধদুঃখসাধনস্য ধর্ম্মবিরোধিনঃ তদা তদাত্মানং দেহং সৃজামি নিত্যসিদ্ধমেবং সৃষ্টমিব দর্শয়ামি মায়য়া ॥ ৭ ॥

নীলকণ্ঠ।—কদা সম্ভবসীত্যপেক্ষায়ামাহ যদেতি। গ্লানির্হ্রাসঃ, অভ্যুত্থানং বৃদ্ধিঃ ॥ ৭ ॥

বিশ্বনাথ।—কদা সম্ভবামি ইত্যপেক্ষায়ামাহ যদেতি। ধর্ম্মস্য গ্লানির্হানিরধর্ম্মস্য অভ্যুত্থানং বৃদ্ধিস্তে দ্বে সোঢুমশক্নুবন্ তয়োর্বৈপরীত্যং কর্ত্তুমিতি ভাবঃ। আত্মানং দেহং সৃজামি নিত্যসিদ্ধমেবং সৃষ্টমিব দর্শয়ামি মায়য়েতি শ্রীমধুসূদনসরস্বতীপাদাঃ ॥ ৭ ॥

তাৎপর্য্য।—তুমি সচ্চিদানন্দঘন পরম পুরুষ; তথাপি তোমাকে দেহীর ন্যায় ব্যবহার কেন করিতে হয়, এবং কিরূপ সময়েই বা তোমাকে আবির্ভূত হইতে হয়, অর্জ্জুন এরূপ জিজ্ঞাসু হইতে পারেন মনে করিয়া, এই শ্লোক অবতারিত হইতেছে। যখন জগতে বেদবিহিত ধর্ম্মকর্ম্মের বিপ্লব উপস্থিত হয়, যখন মানবগণ নিঃশ্রেয়সসাধন প্রবৃত্তি-নিবৃত্তি-লক্ষণ সদাচার-বিরহিত হইয়া উঠে, যখন বর্ণাশ্রম বিহিত আচার-ব্যবহার-পরিভ্রষ্ট হইয়া মনুষ্যেরা উন্মার্গগামী হয় এবং যখন হতাদর ও অপরিপালন হেতু ধর্ম্ম ক্ষীণকায় ও পরিম্লান হইতে থাকেন, অথচ অপর দিকে যখন বেদ-বিরুদ্ধ বিবিধ অসদনুষ্ঠান প্রবল হইয়া উঠে, যখন মানবেরা নানাপ্রকার দুঃখ-দুর্গতি বিধায়ক অধর্ম্ম কর্ম্মের সেবক হয় এবং যখন অধর্ম্ম স্বকীয় নিন্দিত ও কুৎসিত কলেবর স্ফীত করিয়া সগর্ব্বে মস্তকোত্তোলন করে, তখনই হে অর্জ্জুন! আমি স্বীয় মায়াপ্রভাবে আত্ম সৃষ্টি করিয়া অবতাররূপে প্রাদুর্ভূত হই। তুমি ভরতবংশজাত অথবা তুমি ভা অর্থাৎ জ্ঞানরত; সুতরাং ধর্ম্মরক্ষণার্থ সমরোদ্যত হইয়া এবং অধর্ম্মকে নির্জ্জিত করিতে প্রবৃত্ত হইয়া, অনর্থক নিরস্ত হওয়া তোমার পক্ষে বিধেয় নহে। তুমি আমার সখা; আমার যাহা প্রিয়ব্রত তোমারও তাহাই অবলম্বন করা আবশ্যক। জগ-

যদাবির্ভাবের কোন নির্দ্ধারিত সময় নাই ; সমুচিত প্রয়োজন উপস্থিত হইলে তিনি পূর্ব্বোক্ত প্রকারে স্বকীয় সঙ্কল্প দ্বারা আত্মসৃষ্টি করিয়া থাকেন ॥ ৭॥

—:০:—

পরিত্রাণায় সাধূনাং বিনাশায় চ দুষ্কৃতাম্ ।
ধর্ম্মসংস্থাপনার্থায় সম্ভবামি যুগে যুগে ॥ ৮ ॥

অন্বয় ।—সাধূনাং (বেদমার্গস্থিতানাং স্বধর্ম্মনিরতানাং) পরিত্রাণায় (পরিরক্ষণায়) দুষ্কৃতাং (বেদমার্গবিরোধিনাং স্বধর্ম্মভ্রষ্টানাং) বিনাশায় (বধায়) ধর্ম্ম-সংস্থাপনার্থায় (বেদবিহিতকর্ম্মপ্রবর্ত্তনরূপধর্ম্মস্থাপনং কর্ত্তুম্) চ যুগে যুগে (প্রতিযুগম্) সম্ভবামি (স্বসঙ্কল্পেন উৎপদ্যে) ॥ ৮ ॥

প্রতিশব্দ ।—ধর্ম্মনিষ্ঠগণের রক্ষার-জন্য ধর্ম্মভ্রষ্টগণের বধের-জন্য এবং ধর্ম্ম-স্থাপনের জন্য যুগে যুগে জন্ম-গ্রহণ-করি ॥ ৮ ॥

ব্যাখ্যা ।—ধর্ম্মপরায়ণ জনগণের পরিরক্ষণ, ধর্ম্ম-ভ্রষ্ট পাষণ্ডগণের উচ্ছেদ সাধন এবং বেদ-বিহিত ধর্ম্ম-সংস্থাপনের অভিপ্রায়ে আমি প্রতিযুগে আবির্ভূত হইয়া থাকি ॥ ৮ ॥

শঙ্করাচার্য্য ।—কিমর্থং পরিত্রাণায়েতি। পরিত্রাণায় পরিরক্ষণায় সাধূনাং সন্মার্গস্থানাং, বিনাশায় চ দুষ্কৃতাং পাপকারিণাং, কিঞ্চ ধর্ম্মস্য সংস্থাপনার্থায় সম্যক্ স্থাপনং তদর্থং সম্ভবামি, যুগে যুগে প্রতিযুগম্ ॥ ৮ ॥

আনন্দগিরি ।—যথোক্তে কালে কৃতকৃত্যস্য ভগবতো মায়াকৃতে জন্মনি প্রশ্নপূর্ব্বকং প্রয়োজনমাহ কিমর্থমিত্যাদিনা। যথা সাধূনাং রক্ষণমসাধূনাং নিগ্রহশ্চ ভগবদবতারফলং তথা ফলান্তরমপি তস্যাস্তীত্যাহ কিঞ্চেতি। ধর্ম্মে হি স্থাপিতে জগদেব স্থাপিতং ভবত্যন্যথা ভিন্নমর্য্যাদং জগদসঙ্গতমাপদ্যেতেত্যর্থঃ ॥ ৮ ॥

রামানুজ ।—পুনর্জন্মনঃ প্রয়োজনমাহ পরীতি। সাধবঃ উক্তলক্ষণধর্ম্মশীলা বৈষ্ণবাগ্রেসরাঃ মৎসমাশ্রয়ণে প্রবৃত্তা মন্নামকর্ম্মস্বরূপাণামবাঙ্মনসগোচরতয়া মদ্দর্শনাদৃতে স্বাত্মধারণপোষণাদিসুখমলভমানা অণুমাত্রকালমপি যুগসহস্রং মন্বানাঃ প্রশিথিলসর্ব্বগাত্রা-ভবেয়ুরিতি মৎস্বরূপচেষ্টিতাবলোকনালাপাদিদানেন তেষাং পরিত্রাণায় তদ্বিপরীতানাং বিনাশায় চ ক্ষীণস্য বৈদিকস্য ধর্ম্মস্য মদারাধনরূপস্যারাধ্যস্বরূপপ্রদর্শনেন স্থাপনায় চ দেবমনুষ্যাদিরূপেণ যুগে যুগে সম্ভবামি, কৃতত্রেতাদিযুগেষু বিশেষনিয়মোঽপি নাস্তীত্যর্থঃ ॥ ৮ ॥

হনুমান্ ।—কিমর্থমিত্যাহ পরিত্রাণায়েতি। যুগে যুগে প্রতিযুগম্ ॥ ৮ ॥

শ্রীধর।—কিমর্থমিত্যপেক্ষায়ামাহ পরিত্রাণায়েতি। সাধূনাং স্বধর্ম্মবর্ত্তিনাং রক্ষণায় দুষ্টং কর্ম্ম কুর্ব্বন্তীতি দুষ্কৃতস্তেষাং বধায় চ, এবং ধর্ম্মসংস্থাপনার্থায় সাধুরক্ষণেন দুষ্টবধেন চ ধর্ম্মং স্থিরীকর্ত্তুং যুগে যুগে তত্তদবসরে সম্ভবামীত্যর্থঃ। নচৈবং দুষ্টনিগ্রহং কুর্ব্বতোঽপি নৈর্ঘৃণ্যং শঙ্কনীয়ং। যথাহুঃ, "লালনে তাড়নে মাতুর্নাকারুণ্যং যথার্ভকে। তদ্বদেব মহেশস্য নিয়ন্তুর্গুণদোষয়োঃ॥" ইতি॥ ৮॥

বলদেব।—নন্থ ত্বদ্ভক্তা রাজর্ষয়োঽপি ধর্ম্মগ্লানিমধর্ম্মাভ্যুত্থানঞ্চাপনেতুং প্রভবন্তি তাবতেঽর্থায় কিং সম্ভবসীতি চেদস্তি মদন্যদুষ্করং কার্য্যং তদর্থং সম্ভবামীতি আহ পরীতি। সাধূনাং মদ্রূপগুণনিরতানাং মৎসাক্ষাৎকারমাকাঙ্ক্ষতাং তেন বিনাতিব্যগ্রাণাং তদ্বৈয়গ্র্যরূপাৎ দুঃখাৎ পরিত্রাণায়াতিমনোজ্ঞস্বরূপসাক্ষাৎকারেণ, তথা দুষ্কৃতাং দুষ্টকর্ম্মকারিণাং মদন্যৈরবধ্যানাং দশগ্রীবকংসাদীনাং তাদৃগ্ভক্তদ্রোহিণাং বিনাশায় ধর্ম্মস্য মদেকার্চ্চনধ্যানাদিলক্ষণস্য শুদ্ধভক্তিযোগস্য বৈদিকস্যাপি মদিতরৈঃ প্রচারয়িতুমশক্যস্য সংস্থাপনায় সম্প্রচারায়েত্যেতৎ ত্রয়ং মৎসম্ভবস্য কারণমিতি। যুগে যুগে তত্তৎসময়ে, ন চ দুষ্টবধেন হরৌ বৈষম্যং, তেন দুষ্টানাং মোক্ষানন্দলাভে সতি তস্যানুগ্রহরূপত্বেন পরিণামাৎ॥ ৮॥

মধুসূদন।—তৎ কিং ধর্ম্মস্য হানিরধর্ম্মস্য চ বৃদ্ধিস্তব পরিতোষকারণং, যেন তস্মিন্নেব কালে আবির্ভবসীতি, তথাচানর্থাবহ এব তবাবতারঃ স্যাদিতি নেত্যাহ পরীতি। ধর্ম্মহান্যা হীয়মানানাং সাধূনাং পুণ্যকারিণাং বেদমার্গস্থানাং পরিত্রাণায় পরিতঃ সর্ব্বতো রক্ষণায়, তথা ধর্ম্মহান্যা বর্দ্ধমানানাং দুষ্কৃতাং পাপকারিণাং বেদমার্গবিরোধিনাং বিনাশায় চ তদুভয়ং কথং স্যাদিতি তদাহ, ধর্ম্মসংস্থাপনার্থায় ধর্ম্মস্য সম্যগধর্ম্মনিবারণেন স্থাপনং বেদমার্গপরিরক্ষণং ধর্ম্মসংস্থাপনং তদর্থং সম্ভবামি পূর্ব্ববৎ, যুগে যুগে প্রতিযুগম্॥৮॥

নীলকণ্ঠ।—কিমর্থমাত্মানং মায়য়া সৃজসীত্যত আহ পরিত্রাণায়েতি। দুষ্কৃতাং দুষ্টং কর্ম্ম কুর্ব্বতাং পাপিনাং নাশায় চ সম্ভবামি আবির্ভবামি॥ ৮॥

বিশ্বনাথ।—নন্থ ত্বদ্ভক্তা রাজর্ষয়ো ব্রহ্মর্ষয়োঽপি বা ধর্ম্মহান্যধর্ম্মবৃদ্ধী দূরীকর্ত্তুং শক্নুবন্ত্যেব এতাবদর্থমেব কিং তবাবতারেণ ইতি চেৎ, সত্যং অন্যদপি অন্যদুষ্করং কর্ম্ম কর্ত্তুং সম্ভবামীত্যাহ পরীতি। সাধূনাং পরিত্রাণায় মদেকান্তভক্তানাং মদ্দর্শনোৎকণ্ঠাস্ফুটচিত্তানাং যদ্বৈয়গ্র্য (বৈবশ্য) রূপং দুঃখং তস্মাৎ ত্রাণায়। তথা দুষ্কৃতাং মদ্ভক্তলোকদুঃখদায়িনাং মদন্যৈরবধ্যানাং রাবণ-কংস-কেশ্যাদিনাং বিনাশায়, তথা ধর্ম্মসংস্থাপনার্থায় মদীয়ধ্যানযজনপরিচর্য্যা-সংকীর্ত্তনলক্ষণং পরমধর্ম্মং মদন্যৈঃ প্রবর্ত্তয়িতুমশক্যং সম্যক্ প্রকারেণ স্থাপয়িতুমিত্যর্থঃ। যুগে যুগে প্রতিযুগং প্রতিকল্পং বা। ন চৈবং দুষ্টনিগ্রহকর্ত্তো ভগবতো বৈষম্যমাশঙ্কনীয়ং, দুষ্টানামপি অসুরাণাং স্বকর্ত্তৃকবধেন বিবিধদুষ্কৃতফলান্নরকসহস্রপ্রাপিকাৎ সংসারাচ্চ পরিত্রাণতস্তস্য স খলু নিগ্রহোঽপ্যনুগ্রহ এব নির্ণীতঃ॥ ৮॥

তাৎপর্য্য।—তবে কি ধর্ম্মের হানি এবং অধর্ম্মের বৃদ্ধি তোমার

বিশেষ পরিতোষজনক বলিয়াই তুমি তৎকালে আবির্ভূত হইয়া থাক? তাহা হইলে তোমার অবতার * অশেষ অনর্থের হেতুভূত বলিয়া মনে করিতে হইবে। এইরূপ আশঙ্কার অমূলকত্ব প্রতিপাদনার্থ ভগবদবতারের উদ্দেশ্য স্পষ্টীকৃত হইতেছে। সমাজমধ্যে ধর্ম্মহানিরূপ দুর্দ্দশা উপস্থিত হইলে, ধর্ম্মনিষ্ঠ বেদবিহিত কর্ম্মপরায়ণ, পুণ্যশীল সাধুপুরুষদিগের স্বতঃ হীন ভাব ও ক্ষয় সংঘটিত হইয়া থাকে। তাদৃশ ব্যক্তিবর্গকে সেই দারুণ দুর্দ্দৈব হইতে সর্ব্বতোভাবে রক্ষা করা আমার অবতারের একটি উদ্দেশ্য। সেরূপ ধর্ম্মহানির সময়ে বেদনির্দ্দিষ্ট পন্থা পরিভ্রষ্ট, বিরুদ্ধ কর্ম্ম-নিরত, পাপ-পরায়ণ জনগণের স্ফীত ও সংবর্দ্ধিত ভাব উপজাত হইয়া থাকে। তাদৃশ হতভাগ্যগণের উচ্ছেদ সাধন আমার অবতারের আর একটি

---

* অব+তৄ+ঘঞ্ = অবতার। অব পূর্ব্বক তৄ ধাতুর অর্থ অবতারণ বা নামিয়া আসা। অবতার শব্দের অর্থও অবতরণ। এক্ষণে ভগবানের অবতার বলিতে গেলে স্বতঃই এইরূপ প্রশ্ন আসিয়া চিত্তকে আকুলীভূত করে যে, যদি অবতরণ বা নামিয়া আসাই অবতার শব্দের অর্থ হয়, তবে ভগবানের আবার অবতার কি? বা তিনি কোথা হইতে নামিয়া আইসেন? উক্ত প্রশ্নের সদুত্তর স্বরূপে লঘুভাগবতামৃত গ্রন্থের মূল ও টীকা হইতে কিঞ্চিৎ অংশ সমুদ্ধৃত করিয়া দেখাইতেছি যে, ভগবানের অবতার কি বা ভগবান্ কোথা হইতে নামিয়া আইসেন।

"স্বয়ংরূপস্তদেকাত্মরূপ আবেশনামকঃ। ইত্যসৌ ত্রিবিধো ভাতি প্রপঞ্চাতীতধামসু ॥ অনন্যাপেক্ষযদ্রূপং স্বয়ংরূপঃ স উচ্যতে। যদ্রূপং তদভেদেন স্বরূপেণ বিরাজতে ॥ আকৃত্যাদিভিরন্যাদৃক্ স তদেকাত্মরূপকঃ। জ্ঞানশক্ত্যাদিকলয়া যত্রাবিষ্টো জনার্দ্দনঃ ॥ ত আবেশা নিগদ্যন্তে জীবা এব মহত্তমাঃ। পূর্ব্বোক্তা বিশ্বকার্য্যার্থমপূর্ব্বা ইব চেৎ স্বয়ম্। দ্বারান্তরেণ বাবিঃ স্যুরবতারাস্তদা স্মৃতাঃ॥" অস্য টীকায়াঞ্চ—পূর্ব্বোক্তকৃতলক্ষণাঃ স্বয়ংরূপাদয়শ্চেদ্ যদি স্বয়ং অদ্বারকতয়া (বসুদেবাদি) দ্বারান্তরেণ বা জগতি আবিঃ স্যুঃ তদা অবতারাঃ স্মৃতাঃ। অপ্রপঞ্চাৎ প্রপঞ্চে অবতরণং খল্ববতারঃ ॥ যথা মৎস্যঃ অদ্বারকতয়া আবির্ভূতঃ স্বর্গাতে ভারতাদিষু। সদ্বারকস্তু যথা বসুদেবাৎ কৃষ্ণঃ, যথা চ দশরথাৎ রামঃ। প্রয়োজনমাহ বিশ্বেতি। বিশ্বরূপং বিশ্বস্মিন্ বা যৎ কার্য্যং পত্ন্যঃ ভক্তানন্দোৎপাদনং, দুষ্টবিমর্দ্দনং, দেবাদীনাং সুখবর্দ্ধনং, সমুৎকণ্ঠিতানাং সাধকানাং স্বসাক্ষাৎকারেণ প্রেমানন্দবিতরণং, বিশুদ্ধভক্তিপ্রচারণঞ্চ তদর্থমিত্যর্থঃ। অপূর্ব্বা ইব নূতনা ইব, অন্য শ্চর্য্যত্বং তেষাম্ ॥ ইহার স্থূলার্থ, ভগবান্ শ্রীকৃষ্ণ প্রপঞ্চাতীত পরব্যোমাখ্য ধামসমূহে স্বয়ংরূপ, তদেকাত্মরূপ ও আবেশ, এই ত্রিরূপে অবস্থিত হন, কিন্তু যে সময়ে তিনি ভক্ত দুঃখ দূরীকরণ, বৈদিক ধর্ম্ম সংরক্ষণ, অসুরনিধনাদি প্রয়োজন উপলক্ষে সেই প্রপঞ্চাতীত ধাম হইতে এই পরিদৃশ্যমান্ প্রপঞ্চে অবতরণ করেন বা নামিয়া আইসেন, সে সময়ে তাঁহার উক্তবিধ অবতরণ বা নামিয়া আসার নামই তাঁহার "অবতার"। ভগবানের অবতার অসংখ্য; স্বয়ংরূপাদিগত ভেদ ও বিশেষ বিশেষ লক্ষণ লঘুভাগবতামৃত গ্রন্থে ও শ্রীচৈতন্য চরিতামৃত গ্রন্থের মধ্যলীলা বিংশতি পরিচ্ছেদে দ্রষ্টব্য। বাহুল্যভয়ে এখানে উদ্ধৃত হইল না।—শ্রীমাতুলকৃষ্ণ গোস্বামী।

উদ্দেশ্য। এইরূপ দুষ্টনিগ্রহ এবং শিষ্টপালন ও বেদ-বিহিত কর্ম্মের প্রবর্ত্তন দ্বারা সম্যক্‌রূপে ধর্ম্ম সংস্থাপন আমার অবতারের আর একটি উদ্দেশ্য। এই সকল উদ্দেশ্য সংসাধিত করিবার অভিপ্রায়ে আমি যথা-যোগ্য সময়ে, পূর্ব্বোক্ত উপায়ে অবতীর্ণ হইয়া থাকি।

যখন দুর্দ্দান্ত হিরণ্যকশিপুর দৌরাত্ম্যে বসুন্ধরা পাপ-পরিপ্লাবিত-প্রায়া হইয়া উঠিলেন, তখন সেই দৈত্যাধমের নিধন-সাধনার্থ এবং ভক্তোত্তম ও সাধুচূড়ামণি প্রহ্লাদের পরিরক্ষণার্থ ভগবান্ শ্রীহরি নর-সিংহরূপ ধারণ করিয়া ভূতলে আবির্ভূত হইয়াছিলেন। যখন বলগর্ব্বিত ও তেজোন্মত্ত দশানন নিরন্তর পাপানুষ্ঠানে অবনীমণ্ডলকে নিরতিশয় উৎপীড়িত করি-তেছিল, তখন সেই রাক্ষসাধমকে সবংশে বিনষ্ট করিয়া, ধার্ম্মিক-শিরোমণি

---

* ভগবান্ হরি নানা উদ্দেশ্য সাধনের নিমিত্ত নানা সময়ে নানা মূর্ত্তিতে জন্মগ্রহণ করেন। নারায়ণ-পরিগৃহীত সেই সকল মূর্ত্তি তাঁহার অবতার নামে খ্যাত। অবতার অসংখ্য ও তাঁহাদের কার্য্যও অনন্ত। কোন অবতারে ভগবান্ পূর্ণ স্বরূপে বিরাজিত, কোন অবতারে তাঁহার অংশমাত্র পরিস্ফুট, এবং কোন অবতারে তাঁহার আবেশমাত্র প্রতিফলিত। ভগবানের অবতার সম্বন্ধে নানাশাস্ত্রে নানাবিধ বর্ণনা আছে। সাধারণতঃ তাঁহার দশাবতারের কথা সর্ব্বত্র পরিকীর্ত্তিত হইয়া থাকে। কিন্তু শ্রীমদ্ভাগবতে ও শ্রীচৈতন্য চরিতামৃতে অনেক অবতারের উল্লেখ আছে। নিম্নে শ্রীমদ্ভাগবতের অবতার প্রসঙ্গ উদ্ধৃত হইতেছে। যথা;—"স এব প্রথমং দেবঃ কৌমারং সর্গমাশ্রিতঃ। চচার দুশ্চরং ব্রহ্মা ব্রহ্মচর্য্যমখণ্ডিতম্॥ দ্বিতীয়ন্তু ভবায়াস্য রসা-তলগতাং মহীম্। উদ্ধরিষ্যন্নুপাদত্ত যজ্ঞেশঃ শৌকরং বপুঃ। তৃতীয়মৃষিসর্গং বৈ দেবর্ষিত্বমুপেত্য সঃ। তন্ত্রং সাত্বতমাচষ্ট নৈষ্কর্ম্ম্যং কর্ম্মণাং যতঃ॥ তুর্য্যে ধর্ম্মকলাসর্গে নরনারায়ণাবৃষী। ভূত্বাত্মোপ-শমোপেতমকরোদ্দুশ্চরং তপঃ॥ পঞ্চমঃ কপিলো নাম সিদ্ধেশঃ কালবিপ্লুতম্। প্রোবাচাসুরয়ে সাংখ্যং তত্ত্বগ্রামবিনির্ণয়ম্॥ ষষ্ঠমত্রেরপত্যত্বং বৃতঃ প্রাপ্তোঽনসূয়য়া। আন্বীক্ষিকীমলর্কায় প্রহ্লা-দাদিভ্য ঊচিবান্॥ ততঃ সপ্তম আকূত্যাং রুচের্যজ্ঞোঽভ্যজায়ত। স যামাদ্যৈঃ সুরগণৈরপাৎ স্বায়ম্ভুবান্তরম্॥ অষ্টমে মেরুদেব্যান্তু নাভের্জাত উরুক্রমঃ। দর্শয়ন্ বর্ত্ম ধীরাণাং সর্ব্বাশ্রমনমস্কৃ-তম্॥ ঋষিভির্যাচিতো ভেজে নবমং পার্থিবং বপুঃ। দুগ্ধেমামোষধীর্বিপ্রাস্তেনায়ং স উশত্তমঃ। রূপং স জগৃহে মাৎস্যং চাক্ষুষোদধিসংপ্লবে। নাব্যারোপ্য মহীময্যামপাদ্বৈবস্বতং মনুম্॥ সুরা-সুরাণামুদধিং মথ্নতাং মন্দরাচলম্। দধ্রে কমঠরূপেণ পৃষ্ঠ একাদশে বিভুঃ॥ ধান্বন্তরং দ্বাদশমং ত্রয়োদশমমেব চ। অপায়য়ৎ সুরানন্যান্ মোহিন্যা মোহয়ন্ স্ত্রিয়া॥ চতুর্দ্দশং নারসিংহং বিভ্র-দ্দৈত্যেন্দ্রমূর্জ্জিতম্। দদার করজৈরূরাবেরকাং কটকৃদ্যথা॥ পঞ্চদশং বামনকং কৃত্বাগাদধ্বরং বলেঃ। পদত্রয়ং যাচমানঃ প্রত্যাদিৎসুস্ত্রিপিষ্টপম্॥ অবতারে ষোড়শমে পশ্যন্ ব্রহ্মদ্রুহো নৃপান্। ত্রিঃসপ্তকৃত্বঃ কুপিতো নিঃক্ষত্রামকরোন্মহীম্॥ ততঃ সপ্তদশে জাতঃ সত্যবত্যাং পরাশরাৎ। চক্রে বেদতরোঃ শাখা দৃষ্ট্বা পুংসোঽল্পমেধসঃ॥ নরদেবত্বমাপন্নঃ সুরকার্য্যচিকীর্ষয়া। সমুদ্র-নিগ্রহাদীনি চক্রে বীর্য্যাণ্যতঃ পরম্॥ একোনবিংশে বিংশতিমে বৃষ্ণিষু প্রাপ্য জন্মনী। রামকৃষ্ণাবিতি ভুবো ভগবানহরদ্ভরম্॥ ততঃ কলৌ সংপ্রবৃত্তে সংমোহায় সুরদ্বিষাম্। বুদ্ধো-

বিভীষণাদির রক্ষাবিধানের নিমিত্ত গোলকবিহারী শ্রীহরি শ্রীরামরূপ পরিগ্রহ করিয়া অবতীর্ণ হইয়াছিলেন। যখন দুরাচার কংস, মন্দমতি জরাসন্ধ, হীনচেতা শিশুপাল প্রভৃতির অত্যাচারে ধার্ম্মিক ব্যক্তিগণ যৎপরোনাস্তি অবসন্ন হইয়া পড়িলেন এবং পাপভারে ধরাধাম নরকতুল্য হইয়া উঠিল, তখন বসুদেব, দেবকী, রুক্মিণী, ক্ষত্রিয় রাজগণ ও অন্যান্য সাধুগণের রক্ষা বিধানার্থ সেই বৈকুণ্ঠেশ্বর নারায়ণ, শ্রীকৃষ্ণ রূপ ধারণ করিয়া জগতে জন্মগ্রহণ করিলেন। এইরূপে অনন্ত ভাবে ও অনন্ত উদ্দেশ্যে সেই অনন্ত পুরুষ অনন্ত কাল জগতে দেব ও মানবরূপে লীলা বিস্তার করিয়া ভক্তবৃন্দকে দর্শন দানে চরিতার্থ ও ধন্য করিতেছেন। যাঁহারা সেই সনাতন পুরুষের নামমাত্র শ্রবণে প্রেমে পুলকিত-তনু হইয়া থাকেন এবং

নাম্না জিনসুতঃ কীকটেষু ভবিষ্যতি ॥ অথাসৌ যুগসন্ধ্যায়াং দস্যুপ্রায়েষু রাজসু। জনিতা বিষ্ণুযশসো নাম্না কল্কির্জগৎপতিঃ ॥ অবতারা হ্যসংখ্যেয়া হরেঃ সত্ত্বনিধের্দ্বিজাঃ। যথাবিদাসিনঃ কুল্যাঃ সরসঃ স্যুঃ সহস্রশঃ ॥" —(শ্রীমদ্ভাগবত ১ স্কন্ধ ৩ অধ্যায়।)

অর্থাৎ তিনি প্রথমে কৌমার নামক সর্গ আশ্রয় করিয়া ব্রহ্মা অর্থাৎ ব্রাহ্মণ রূপে অব্যাহত ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান করেন। এই মহীমণ্ডল রসাতলগতা হইলে তাহার উদ্ধারের নিমিত্ত সেই যজ্ঞেশ পুরুষ শৌকর রূপ ধারণ করেন, ইহাই তাঁহার দ্বিতীয় অবতার। তৃতীয় বারে তিনি নারদরূপ দেবর্ষিত্ব পরিগ্রহ করিয়া নিষ্কাম কর্ম্মোপদেশের মূল স্বরূপ পঞ্চরাত্র নামক বৈষ্ণবাগম পরিব্যক্ত করেন। চতুর্থ বারে তিনি ধর্ম্মের ভার্য্যা মূর্ত্তি দেবীর গর্ভে নরনারায়ণ নামক দুই ঋষিরূপে আবির্ভূত হইয়া দুশ্চর তপস্যা করিয়াছিলেন। পঞ্চম বারে তিনি কপিল নামে সিদ্ধগণের অধীশ্বর হইয়া কালধর্ম্মে বিনষ্ট তত্ত্ব-বিনির্ণায়ক সাংখ্যযোগ পরিব্যক্ত করেন। ষষ্ঠবারে তিনি অত্রিপত্নী অনসূয়ার গর্ভে দত্তাত্রেয় রূপে জন্মগ্রহণ করিয়া অলর্ক ও প্রহ্লাদকে আন্বীক্ষিকী অর্থাৎ আত্মবিদ্যার উপদেশ প্রদান করেন। সপ্তম বারে তিনি রুচির ঔরসে আকূতির গর্ভে যজ্ঞরূপে জন্মগ্রহণ করিয়া আত্মপুত্র যামনামক দেবতাগণের সহিত স্বয়ং ইন্দ্ররূপে স্বায়ম্ভুব মন্বন্তর পালন করিয়াছিলেন। অষ্টম বারে তিনি মেরু দেবীর গর্ভে নাভির ঔরসে ঋষভ নামে জন্মগ্রহণ করিয়া ধীর-জনগণকে অত্যাশ্রমস্বরূপ পরমহংসপথ প্রদর্শন করিয়াছিলেন। নবমে তিনি পৃথু নামক পার্থিব শরীর ধারণ করিয়া এই পৃথিবীকে দোহন করেন এবং ওষধি প্রভৃতি সকল বস্তু নিষ্কাশিত করেন; এই অবতারটি সেই জন্য অতি কমনীয়। দশমে তিনি, মৎস্য শরীর পরিগ্রহ করিয়া চাক্ষুষ মন্বন্তরে জলপ্লাবনকালে মহীকে নৌকারূপা করিয়া বৈবস্বত মনুকে রক্ষা করেন। একাদশ বারে তিনি কমঠরূপ গ্রহণ করিয়া দেবাসুরের সমুদ্র মন্থনকালে মন্দর পর্ব্বতকে পৃষ্ঠে ধারণ করেন। দ্বাদশ ও ত্রয়োদশ বারে, ধন্বন্তরীরূপে অমৃত সংগ্রহ করিয়া মোহিনী স্ত্রীরূপে অসুরগণকে বিমোহিত এবং দেবগণকে অমৃত পান করাইয়াছিলেন। চতুর্দ্দশ বারে তিনি, নরসিংহরূপ পরিগ্রহ করিয়া অদ্ভুত দৈত্যরাজ হিরণ্যকশিপুকে উরুতে স্থাপন করিয়া, কটকৃতের কটতৃণ বিদারণের ন্যায় অনায়াসে বিদীর্ণ করেন। পঞ্চদশে তিনি, বামনরূপ ধারণ করিয়া বলি রাজার যজ্ঞে গমন করেন এবং তাঁহার নিকট ত্রিপাদ ভূমি প্রার্থনা করেন।

তাঁহার গুণানুকীর্ত্তনে যাঁহাদের নয়ন হইতে অজস্র ধারে প্রেমাশ্রু বিনিঃসৃত হয়, সেই ভক্তোত্তমগণকে ধর্ম্ম বিপ্লব কালে, সেই ভক্তাভীষ্ট-ফলপ্রদ ভগবান্ যদি রক্ষা না করেন, তবে আর কে রক্ষা করিবে ?

মূলোক্ত "যুগে যুগে" শব্দে প্রত্যেক যুগে একটি মাত্র অবতারের আবির্ভাব হয়, এরূপ অর্থ নহে। ভগবানের অবতার অনন্ত এবং একই যুগে বহুবার প্রয়োজন হইলে, বহুবারই সেই কৃপাসিন্ধু দীনবন্ধু হরি আবির্ভূত হইয়া থাকেন।

টীকাকার শ্রীমৎ শ্রীধরস্বামী লিখিয়াছেন যে, পুনঃ পুনঃ সেই পরমেশ্বর অবতীর্ণ হইয়া দুষ্টগণকে বিনষ্ট করেন ; কিন্তু ইহাতে তাঁহার উপর নিষ্কারুণ্য রূপ নিন্দা কখনই আরোপ করা যাইতে পারে না। স্নেহময় জনক জননী সন্তানের হিতার্থ কখন বা তাহাকে আদর সহকারে ক্রোড়ে ধারণ করেন, কখন বা তাহার কঠোর তাড়না বা প্রহাররূপ দণ্ডের ব্যবস্থা করেন। সন্তানের প্রতি এবংবিধ ব্যবহারে পিতামাতার স্নেহহীনতা বা নির্দ্দয়তা কখনই প্রতিপন্ন হয় না। তদ্রূপ সেই সর্ব্বনিয়ন্তা পরমেশ্বরের কোন কার্য্যেই গুণদোষের সম্ভাবনা নাই ॥ ৮ ॥

ষোড়শবারে, ক্ষত্রিয়গণের ব্রাহ্মণ-বিরোধ দর্শনে কুপিত হইয়া এক বিংশতিবার পৃথিবীকে নিঃক্ষত্রিয়া করেন। সপ্তদশবারে, পরাশরের ঔরসে সত্যবতীর গর্ভে ব্যাসরূপে অবতীর্ণ হইয়া অল্পবুদ্ধি মানবের হিতার্থ বেদরূপ পাদপের শাখাবিভাগ করেন। অষ্টাদশবারে, দেবগণের মঙ্গলাভিলাষে রামরূপে নরদেহ ধারণ করিয়া স্বকীয় শক্তি দ্বারা সমুদ্র নিগ্রহ প্রভৃতি কার্য্য সম্পন্ন করেন। একোনবিংশ এবং বিংশ বারে, ভগবান্ শ্রীবলরাম ও শ্রীকৃষ্ণরূপে ভূতলে অবতীর্ণ হইয়াছিলেন। একবিংশ বারে, কলি সঞ্জাত হইলে, তিনি কীকট, অর্থাৎ গয়া প্রদেশে অঞ্জনের পুত্র বুদ্ধ নামে আবির্ভূত হইবেন। তদনন্তর দ্বাবিংশ বারে, ভূমণ্ডলের ভূপতিগণ দস্যুপ্রায় হইলে সেই জগৎপতি বিষ্ণুযশা ব্রাহ্মণের ঔরসে কল্কিরূপে অবতীর্ণ হইবেন। সত্ত্বগুণের সমুদ্রস্বরূপ শ্রীহরির অবতার সংখ্যাতীত। যেমন উপক্ষয়শূন্য বিশাল বারিধি হইতে সহস্র সহস্র প্রবাহ বিনির্গত হয়, তদ্বৎ ভগবান্ হইতে বহুবিধ অবতার আবির্ভূত হইয়া থাকেন।

—:•:—

জন্ম কর্ম্ম চ মে দিব্যমেবং যো বেত্তি তত্ত্বতঃ।
ত্যক্ত্বা দেহং পুনর্জ্জন্ম নৈতি মামেতি সোঽর্জ্জুন ॥৯॥

অন্বয়।—অর্জ্জুন! যঃ মে এবং (স্বেচ্ছয়াগৃহীতং) জন্ম দিব্যং (ধর্ম্ম-স্থাপনেন জগৎপালনরূপং অলৌকিকম্) কর্ম্ম চ তত্ত্বতঃ (ভ্রমাভাবেন যথাবৎ) বেত্তি (জানাতি) সঃ দেহং ত্যক্ত্বা (দেহাভিমানং বিসৃজ্য) পুনঃ জন্ম (দেহধারণরূপং পুনরুদ্ভবম্) ন এতি (প্রাপ্নোতি। [কিন্তু] মাম্ এব এতি (ভগবচ্ছকাশং গচ্ছতি ইতি ভাবঃ) ॥ ৯ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন যিনি এইরূপ জন্ম এবং অলৌকিক কর্ম্ম প্রকৃতরূপ জানেন তিনি দেহত্যাগ-করিয়া পুনর্জন্ম পান না [কিন্তু] আমাকে-ই লাভ-করেন ॥ ৯ ॥

ব্যাখ্যা।—হে অর্জ্জুন! যে ব্যক্তি আমার এইরূপ স্বেচ্ছা পরিগৃহীত জন্ম এবং ধর্ম্মস্থাপনরূপ অলৌকিক কর্ম্মের মর্ম্ম নিঃসন্দিগ্ধ ভাবে পরিজ্ঞাত হইয়াছেন, এই বর্ত্তমান দেহ নাশের পর তাঁহাকে আর দেহ ধারণ করিতে হয় না; তিনি স্বচ্ছন্দে ভগবান্ বাসুদেবের সমীপস্থ হন ॥ ৯ ॥

শঙ্করাচার্য্য।—জন্মেতি। তদ্ জন্ম মায়ারূপং কর্ম্ম চ সাধূনাং পরিত্রাণাদি মে মম দিব্যমপ্রাকৃতমৈশ্বরমেবং যথোক্তং যো বেত্তি তত্ত্বতঃ তত্ত্বেন যথাবৎ ত্যক্ত্বা দেহমিমং পুনর্জ্জন্ম পুনরুৎপত্তিং নৈতি ন প্রাপ্নোতি মামেত্যাগচ্ছতি স মুচ্যতে অর্জ্জুন! ॥ ৯ ॥

আনন্দগিরি।—মায়াময়মীশ্বরস্য জন্ম ন বাস্তবং তথৈব চ জগৎপরিপালনং কর্ম্ম মায়ানৈবেতি জানতঃ শ্রেয়োঽবাপ্তিং দর্শয়ন্ বিপক্ষে প্রত্যবায়ং সূচয়তি ত্যক্ত্বেত্যাদিনা। যথোক্তং মায়াময়ং কল্পিতমিতি যাবৎ, বেদনস্য যথাবত্ত্বং বেদ্যস্য জন্মাদেরুক্তরূপানতিবর্ত্তিত্বং যদি পুনর্ভগবতো বাস্তবং জন্ম সাধুজনপরিপালনাদি চানাত্মৈব কর্ম্ম অক্রিয়স্যেতি বিবক্ষ্যতে তদা তত্ত্বাপরিজ্ঞানপ্রযুক্তো জন্মাদিঃ সংসারো দুর্ব্বারঃ স্যাদিতি ভাবঃ ॥ ৯ ॥

রামানুজ।—জন্মেতি। এবং কর্ম্মমূলহেয়ত্রিগুণপ্রকৃতিসংসর্গরূপজন্মরহিতস্য সর্ব্বেশ্বরত্বসর্ব্বজ্ঞত্বসত্যসঙ্কল্পত্বাদিসমস্তকল্যাণগুণোপেতস্য সাধুপরিত্রাণায় মৎসমাশ্রয়ণৈকপ্রয়োজনং দিব্যমপ্রাকৃতং মদসাধারণং মম জন্ম চেষ্টিতঞ্চ তত্ত্বতো যো বেত্তি স বর্ত্তমানং দেহং পরিত্যজ্য পুনর্জ্জন্ম নৈতি মামেব প্রাপ্নোতি। মদীয়দিব্যজন্মচেষ্টিতযাথাত্ম্যজ্ঞানেন বিধ্বস্তসমস্তমৎসমাশ্রয়ণবিরোধিপাপ্মা অস্মিন্নেব জন্মনি যথোদিতপ্রকারেণ মামাশ্রিত্য মদেকপ্রিয়ো মদেকচিত্তো মামেব প্রাপ্নোতি ॥ ৯ ॥

হনুমান্।—জন্মেতি। জন্ম মায়ারূপং কর্ম্ম চ ধর্ম্মসংস্থাপনায় কংসবধাদিরূপং দিব্যমপ্রাকৃতমৈশ্বর্য্যং যো বেত্তি তত্ত্বতঃ যথাবৎ দেহং ত্যক্ত্বা পুনর্জ্জন্ম ন গচ্ছতি। কিন্তু মামেবৈতি প্রাপ্নোতি মুচ্যত ইত্যর্থঃ॥ ৯॥

শ্রীধর।—জন্মেতি। এবংবিধানামীশ্বরজন্মকর্ম্মণাং জ্ঞানে ফলমাহ জন্মেতি। স্বেচ্ছয়া কৃতং মম জন্ম কর্ম্ম চ ধর্ম্মপালনরূপং দিব্যমলৌকিকং তত্ত্বতঃ পরানুগ্রহার্থমেবেতি যো বেত্তি স দেহাভিমানং ত্যক্ত্বা পুনর্জ্জন্ম সংসারং নৈতি ন প্রাপ্নোতি, কিন্তু মামেব প্রাপ্নোতি॥ ৯॥

বলদেব।—বহুলায়াসৈঃ সাধনসহস্রৈরপি দুর্লভো মোক্ষো মজ্জন্মচরিতশ্রবণেন মদেকান্তিপথানুবর্ত্তিনাং সুলভোঽস্ত্বিত্যেতদর্থঞ্চ সম্ভবামীত্যাশয়া ভগবানাহ জন্মেতি। মম সর্ব্বেশ্বরস্য সত্যেচ্ছস্য বৈদূর্য্যবন্নিত্যসিদ্ধনৃসিংহরঘুনাথাদিবহুরূপস্য তত্র তত্রোক্তলক্ষণং জন্ম তথা কর্ম্ম চ তদ্ভক্তসম্বন্ধঃ চরিতং তদুভয়ং দিব্যমপ্রাকৃতং নিত্যং ভবতীত্যেবমেবৈতদিতি যস্তত্ত্বতো বেত্তি "যদগতং ভবচ্চ ভবিষ্যচ্চ একো দেবো নিত্যলীলানুরক্তো ভক্তব্যাপী ভক্তহৃদ্যন্তরাত্মা" ইতি শ্রুত্যা দিব্যমিতি মদুক্ত্যা চ দৃঢ়শ্রদ্ধো যুক্তিনিরপেক্ষঃ সন্ হে অর্জ্জুন! স বর্ত্তমানং দেহং ত্যক্ত্বা পুনঃ প্রাপঞ্চিকং জন্ম নৈতি। কিন্তু মামেব তত্তৎকর্ম্মমনোজ্ঞমেতি মুক্তো ভবতীত্যর্থঃ। যথা মোচকত্বলিঙ্গেন "তত্ত্বমসি" ইতি শ্রুতেশ্চ, মে জন্মকর্ম্মণী তত্ত্বতো ব্রহ্মত্বেন যো বেত্তীতি ব্যাখ্যেয়ম্। ইতরথা "তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায়" ইতি শ্রুতির্ব্যাকুপ্যেৎ। সমানমন্যৎ। জন্মাদিনিত্যতায়াং যুক্তয়স্তন্ত্র বিবৃতা দ্রষ্টব্যাঃ॥ ৯॥

মধুসূদন।—জন্মেতি। জন্ম নিত্যসিদ্ধস্যৈব মম সচ্চিদানন্দঘনস্য লীলয়া তথানুকরণং, কর্ম্ম চ ধর্ম্মসংস্থাপনেন জগৎপরিপালনং, মে মম নিত্যসিদ্ধেশ্বরস্য দিব্যমপ্রাকৃতম্। অন্যৈঃ কর্ত্তুমশক্যমীশ্বরস্যৈব সাধারণং এবম্ "অজোঽপি সন্" ইত্যাদিনা প্রতিপাদিতং যো বেত্তি তত্ত্বতো ভ্রমনিবর্ত্তনেন মূঢৈর্হি মনুষ্যত্বভ্রান্ত্যা ভগবতোঽপি গর্ভবাসাদিরূপমেব জন্ম স্বভোগার্থমেব কর্ম্মেত্যারোপিতং, পরমার্থতঃ শুদ্ধসচ্চিদানন্দঘনরূপত্বজ্ঞানেন তদপনুদ্য অজস্যাপি মায়য়া জন্মানুকরণমকর্ত্তুরপি পরানুগ্রহায় কর্ম্মানুকরণমিত্যেবং যো বেত্তি স আত্মনোঽপি তত্ত্বস্ফুরণাৎ ত্যক্ত্বা দেহমিমং পুনর্জ্জন্ম নৈতি, কিন্তু মাং ভগবন্তং বাসুদেবমেব সচ্চিদানন্দ-ঘনমেতি সংসারান্মুচ্যত ইত্যর্থঃ। হে অর্জ্জুন!॥ ৯॥

নীলকণ্ঠ।—জন্মেতি। জন্ম মায়াময়ং কর্ম্ম সাধুত্রাণং দিব্যং অপ্রাকৃতং যো বেত্তি স ত্যক্ত্বা দেহং পুনর্জ্জন্ম ন প্রাপ্নোতি কিন্তু মামেতি প্রাপ্নোতি, এতেন ভগবতো জন্মানি কর্ম্মাণি চ ভগবৎপ্রাপ্তিকামেন গেয়ানীতি দর্শিতম্॥ ৯॥

বিশ্বনাথ।—উক্তলক্ষণস্য মজ্জন্মনঃ, তথা জন্মানন্তরং মৎকর্ম্মণশ্চ তত্ত্বতো জ্ঞানমাত্রেণৈব কৃতার্থঃ স্যাদিত্যাহ জন্মেতি। দিব্যং অপ্রাকৃতমিতি শ্রীরামানুজাচার্য্যচরণাঃ, শ্রীমধুসূদন-সরস্বতীপাদাশ্চ। দিব্যমলৌকিকমিতি স্বামিচরণাঃ। লোকানাং প্রকৃতিস্পৃষ্টত্বাৎ অলৌকিকং শব্দস্যাপ্রাকৃতত্বমেবার্থস্তেষামপ্যভিপ্রেতঃ। অতএব অপ্রাকৃতত্বেন গুণাতীতত্বাদ্ভগবজ্জন্ম-কর্ম্মণো নিত্যত্বম্। তচ্চ ভগবৎসন্দর্ভে "ন বিদ্যতে যস্য চ জন্ম কর্ম্ম বা" ইত্যত্র শ্লোকে

শ্রীজীবস্বরূপ গোস্বামিচরণৈরুপপাদিতম্। যথা যুক্ত্যা অনুপপন্নমিতি শ্রুতি স্মৃতিবাক্যবলাদেতৎ তর্ক্যমেবেদং মন্তব্যম্। তত্র পিপ্পলাদিশাখায়াং পুরুষবোধনী শ্রুতিঃ। "একো দেবো নিত্যলীলানুরক্তো ভক্তব্যাপী ভক্তহৃদ্যন্তরাত্মা" ইতি। তথা জন্মকর্ম্মণোর্নিত্যত্বং শ্রীভাগবতামৃতে বহুশ এব প্রপঞ্চিতম্। এবং যো বেত্তি তত্ত্বত ইতি, "অজোঽপি সন্নব্যয়াত্মা" ইতি, অস্মিংস্তথা জন্ম কর্ম্ম চ মে দিব্যমিত্যস্মিংশ্চ মহাবাক্যমেবাস্তিকতয়া মজ্জন্মকর্ম্মণোর্নিত্যত্বমেব যো জানাতি নতু তয়োর্নিত্যত্বে কাঞ্চিদ্যুক্তিমপ্যপেক্ষমাণো ভবতীত্যর্থঃ। যথা তত্ত্বতঃ "ওঁ তৎসদিতি নির্দ্দেশো ব্রহ্মণস্ত্রিবিধঃ স্মৃতঃ" ইত্যত্রিমোক্তেস্তচ্ছব্দেন ব্রহ্মোচ্যতে। তস্য ভাবস্তত্ত্বং তেন ব্রহ্মস্বরূপত্বেন যো বেত্তীত্যর্থঃ। স বর্ত্তমানদেহং ত্যক্ত্বা পুনর্জন্ম নৈতি কিন্তু মামেবৈতি। অত্র দেহং ত্যক্ত্বা ইত্যস্য আধিক্যাদেবং ব্যাচক্ষতে স্ম। স দেহং ত্যক্ত্বা পুনর্জন্ম নৈতি, কিন্তু দেহমত্যক্ত্বৈব মামেতি, মদীয়দিব্যজন্মচেষ্টিতযাথার্থ্যজ্ঞানেন বিধ্বস্তসমস্তমৎসমাশ্রয়ণবিরোধিপাপ্মা অস্মিন্নেব জন্মনি মামাশ্রিত্য মদেকপ্রিয়ো মামেব প্রাপ্নোতি ইতি শ্রীরামানুজাচার্য্যচরণাঃ ॥ ৯ ॥

তাৎপর্য্য।—ভগবানের এবংবিধ জন্মকর্ম্মের বৃত্তান্ত জানিলে কি লাভের সম্ভাবনা, তাহাই এই শ্লোকে ব্যক্ত হইতেছে। নিত্যসিদ্ধ আনন্দঘন ভগবানের জন্ম কেবল লীলা প্রকাশের নিমিত্ত। ধর্ম্মসংস্থাপন রূপ জগৎ পরিপালনই তাঁহার কর্ম্ম। তাঁহার এই কর্ম্মানুষ্ঠান কেবল তাঁহার পক্ষেই সম্ভব; তিনি ভিন্ন আর কাহারও তৎসম্পাদনে সাধ্য নাই। অথচ তিনি অজ, সৎ এবং নিত্যস্বরূপ। যাহারা মূঢ় ও ঈশ্বর-মহিমা জ্ঞানে বঞ্চিত তাহারা মনে করে যে, শ্রীকৃষ্ণ মনুষ্য ভিন্ন অন্য কিছুই নহেন; তাঁহার সাধারণ মানবের ন্যায় গর্ভবাসাদি স্বীকার করিয়া, কর্ম্মফল ভোগ করিবার জন্য দেহ ধারণ করিতে হইয়াছে এবং তিনি রাগদ্বেষাদির বশীভূত হইয়া লঘুচেতা মনুষ্যের ন্যায়, কাহারও সহিত শত্রুতা ঘটাইয়া তাহাকে লাঞ্ছিত করিতেছেন. বা কাহারও সহিত মিত্রতা স্থাপন করিয়া তাহার প্রভূত মঙ্গল সাধন করিতেছেন। সেই হতভাগ্য নরাধমেরা অজ্ঞের একশেষ; তাঁহাদের দুঃখ-দুর্গতি অবচ্ছিন্ন ভাবে তাহাদের সঙ্গে বিচরণ করিবে এবং তাহাদিগকে বারবার জন্মমরণ রূপ অশেষ ক্লেশ ভোগ করিতে হইবে। কিন্তু যাঁহারা ভগবানের জন্ম ও কর্ম্ম ঘটিত উল্লিখিত সমস্ত বৃত্তান্ত নিঃসন্দিগ্ধ রূপে পরিজ্ঞাত হইয়াছেন, যাঁহারা তাঁহার লীলা ও মহিমা সম্যক্‌রূপে হৃৎপ্রদেশে প্রণিধান করিতে সমর্থ হইয়াছেন, তাঁহারা এই দেহনাশের পর পুনরায় শরীরধারণ রূপ সংসারাধীন কখনই হইবেন

না। সেই ভাগ্যবানেরা ভগবান্ বাসুদেবকে লাভ করিয়া তাঁহার দর্শন এবং নিকটাবস্থান আদি অসুলভ সুখ-সৌভাগ্যের অধিকারী হইয়া জন্ম মরণ রূপ সংসার-বন্ধন হইতে চির-মুক্তি লাভ পূর্ব্বক চরিতার্থ হইবেন। ভগবানের দিব্য জন্ম ও কার্য্যাদির যাথার্থ্য পরিজ্ঞান দ্বারা তাঁহাদের সমস্ত পাপ বিধ্বস্ত হওয়ায় এই জন্মেই তাঁহারা বিহিত বিধানে তাঁহার আশ্রয় গ্রহণ করেন এবং তাঁহাকেই একমাত্র পরম প্রিয় জ্ঞানে তাঁহাতেই চিত্ত সমর্পণ করিয়া চরমে তাঁহাকেই প্রাপ্ত হইয়া থাকেন ॥ ৯ ॥

বীতরাগ-ভয়-ক্রোধা মন্ময়া মামুপাশ্রিতাঃ।
বহবো জ্ঞানতপসা পূতা মদ্ভাবমাগতাঃ ॥ ১০ ॥

অন্বয়।—বীতরাগ-ভয়-ক্রোধাঃ (বিগতা রাগশ্চ ভয়ঞ্চ ক্রোধশ্চ যেভ্যঃ তে) মন্ময়া (মদেকচিত্তাঃ) মাম্ উপাশ্রিতাঃ (শরণং গতাঃ) [সন্তঃ] জ্ঞানতপসা (জ্ঞানমেব তপঃ তেন) পূতাঃ (পবিত্রাঃ) বহবঃ সুকৃতি-শালিনঃ (মদ্ভাবং (মদ্রূপত্বং মোক্ষং) আগতাঃ (প্রাপ্তাঃ) ॥ ১০ ॥

প্রতিশব্দ।—অনুরাগ-ভীতি-ক্রোধ-শূন্য মদেকচিত্ত আমার শরণাগত [হইয়া] জ্ঞানরূপ-তপস্যা-দ্বারা পবিত্রীকৃত অনেকে আমার ভাব পাইয়াছেন ॥ ১০ ॥

ব্যাখ্যা।—বিষয়াসক্তি ভয় এবং ক্রোধ বিরহিত হৃদয়ে সর্ব্বতো-ভাবে আমাতে চিত্তসমর্পণ, সম্পূর্ণরূপে আমার আশ্রয় গ্রহণ এবং জ্ঞান-রূপ তপস্যা দ্বারা পবিত্র চিত্ত হইয়া, বহু ব্যক্তি আমার স্বরূপ লাভ করিয়াছেন ॥ ১০ ॥

শঙ্করাচার্য্য।—নৈষ মোক্ষমার্গ ইদানীং প্রবৃত্তঃ, কিং তর্হি পূর্ব্বমপি বীতরাগেতি ॥ (বীতরাগভয়ক্রোধা রাগশ্চ ভয়ঞ্চ ক্রোধশ্চ রাগভয়ক্রোধাঃ বীতা বিগতা যেভ্যস্তে) বীতরাগ-ভয়ক্রোধা মন্ময়া ব্রহ্মবিদ ঈশ্বরাভেদদর্শিনো, মামেব চ পরমেশ্বরমুপাশ্রিতাঃ কেবলজ্ঞাননিষ্ঠা ইত্যর্থঃ। বহবোঽনেকে জ্ঞানতপসা জ্ঞানমেব চ পরমাত্মবিষয়ং তপস্তেন জ্ঞানতপসা

পূতাঃ পরাং শুদ্ধিং গতাঃ সন্তো মদ্ভাবমীশ্বরভাবং মোক্ষমাগতাঃ সমনুপ্রাপ্তাঃ ইতরতপোনিরপেক্ষ জ্ঞাননিষ্ঠা ইত্যস্ত লিঙ্গং জ্ঞানতপসেতি বিশেষণম্ ॥ ১০ ॥

আনন্দগিরি।—সম্প্রতি প্রবৃত্তমোক্ষমার্গস্য নূতনত্বেনানাশ্বস্তত্বমাশঙ্ক্য পরিহরতি নৈষ ইতি। মন্ময়ত্বস্য মদ্ভাবগমনেনাপৌনরুক্ত্যং দর্শয়তি ব্রহ্মবিদ ইতি। আত্মনো ভিন্নত্বেন ভিন্নাভিন্নত্বেন বা ব্রহ্মণো বেদনং ব্যাবর্ত্তয়তি ঈশ্বরেতি। অভেদদর্শনেন সমুচ্চিত্য কর্ম্মানুষ্ঠানং প্রত্যাচষ্টে মামেবেতি। তদুপাশ্রয়ত্বমেব বিশদয়তি কেবলেতি। মামুপাশ্রিতা ইতি কেবলজ্ঞাননিষ্ঠত্বমুক্ত্বা জ্ঞানতপসা পূতা ইতি কিমর্থং পুনরুচ্যতে তত্রাহ ইতরেতি ॥ ১০ ॥

রামানুজ।—বীতরাগভয়ক্রোধা ইতি। তদাহ মদীয়জন্মকর্ম্মতত্ত্বজ্ঞানাখ্যেন তপসা পূতা বহব এবং সংবৃত্তাঃ। তথাচ শ্রুতিঃ, "তস্য ধীরাঃ পরিজানন্তি যোনিম্" ইতি ধীরাঃ স ধীমতাগ্রেসরা এব তস্য জন্মপ্রকারং জানন্তীত্যর্থঃ ॥ ১০ ॥

হনুমান্।—নৈষ মোক্ষমার্গঃ ইদানীং প্রবৃত্তঃ কিং তর্হি পূর্ব্বমপি বীতরাগেতি। মন্ময়া ব্রহ্মবিদঃ মামুপাশ্রিতাঃ মামেব পরমেশ্বরমাশ্রিতাঃ, জ্ঞানমেব তপস্তেন জ্ঞানতপসা পূতাঃ শুদ্ধা মদ্ভাবমীশ্বরভাবমাগতা মুক্তা ইত্যর্থঃ ॥ ১০ ॥

শ্রীধর।—কথং জন্মকর্ম্মজ্ঞানে ত্বৎপ্রাপ্তিঃ স্যাদিত্যত আহ বীতরাগেতি। অহং শুদ্ধসত্ত্বাবতারৈর্দ্ধর্ম্মপালনং করোমীতি মদীয়ং পরমকারুণিকত্বং জ্ঞাত্বা (বীতা বিগতা রাগভয়ক্রোধা যেভ্যস্তে) চিত্তবিক্ষেপাভাবান্মন্ময়া মদেকচিত্তা ভূত্বা মামেবোপাশ্রিতাঃ সন্তো মৎপ্রসাদলব্ধং যদাত্মজ্ঞানঞ্চ তপশ্চ তৎপরিপাকহেতুঃ স্বধর্ম্মঃ (স্বৈকবস্তাবঃ) তেন জ্ঞানতপসা পূতাঃ শুদ্ধা নিরস্তাজ্ঞানতৎকার্য্যমলা মদ্ভাবং মৎসাযুজ্যং প্রাপ্তা বহবঃ, ন ত্বধুনৈব প্রবৃত্তোঽয়ং মদ্ভক্তিমার্গ ইত্যর্থঃ, তদেবং তান্যহং বেদ সর্ব্বাণীত্যাদিনা বিদ্যাবিদ্যোপাধিভ্যাং তত্ত্বং পদার্থাবীশ্বরজীবৌ প্রদর্শ্য ঈশ্বরস্য চাবিদ্যাভাবেন নিত্যশুদ্ধত্বাজ্জীবস্য চেশ্বরপ্রসাদলব্ধজ্ঞানেনাজ্ঞাননিবৃত্তেঃ শুদ্ধস্য স্বতশ্চিদংশেন তদৈকাত্ম্যমিতি দ্রষ্টব্যম্ ॥ ১০ ॥

বলদেব।—ইদানীমিব পুরাপি মজ্জন্মাদিনিত্যজ্ঞানেন বহূনাং বিমুক্তিরভূদিতি তদ্বিত্যতাং দ্রঢ়য়িতুমাহ বীতেতি। বহবো জনা জ্ঞানতপসা পূতাঃ সন্তঃ পুরা মদ্ভাবমাগতা ইত্যন্বয়ঃ। মজ্জন্মাদিনিত্যত্ববিষয়কং যজ্জ্ঞানং তদেব দুরধিগমশ্রুতিযুক্তিসম্পাদ্যত্বাৎ তপস্তস্মিন্ জ্ঞানে বা যদ্বিবিধকুমতকুতর্কাদিনিবারণরূপং তপস্তেন পূতা নির্দ্ধূতাবিদ্যা ইত্যর্থঃ। মদ্ভাবং প্রেমাণং বিস্ময়মানতাং বা মৎসাক্ষাৎকৃতিম্। কীদৃশাস্তে ইত্যাহ বীতেতি। বীতাঃ পরিত্যক্তাস্তন্নিত্যত্ববিরোধিষু রাগাদয়ো যৈস্তে, ন তেষু রাগং ন ভয়ং ন চ ক্রোধং প্রকাশয়ন্তীত্যর্থঃ তত্র হেতুঃ মন্ময়াঃ মদেকনিষ্ঠাঃ উপাশ্রিতাঃ সংসেবমানাঃ ॥ ১০ ॥

মধুসূদন।—মামেতি সোঽর্জ্জুনেত্যুক্তং, তত্র যস্য সর্ব্বমুক্তপ্রাপ্যতয়া পুরুষার্থত্বমস্য মোক্ষমার্গস্যানাদিপরম্পরাগতত্বং দর্শয়তি বীতরাগেতি। রাগস্তৎফলঃ তৃষ্ণা সর্ব্বান্ বিষয়ান্ পরিত্যজ্য জ্ঞানমার্গে কথং জীবিতব্যমিতি ত্রাসো ভয়ং সর্ব্ববিষয়োচ্ছেদকোঽয়ং জ্ঞানমার্গঃ কথং হিতঃ স্যাদিতি দ্বেষঃ ক্রোধঃ, (ত এতে রাগভয়ক্রোধা বীতা বিবেকেন বিগতা যেভ্যস্তে

বীতরাগভয়ক্রোধাঃ) তৎপরাঃ মন্ময়াঃ মাং পরমাত্মানং তৎপদার্থত্বং পদার্থাভেদেন সাক্ষাৎ কৃতবন্তঃ মদেকচিত্তা বা মামুপাশ্রিতাঃ একান্তপ্রেমভক্ত্যা মামীশ্বরং শরণং গতাঃ বহবোঽনেকে জ্ঞানতপসা জ্ঞানমেব তপঃ সর্ব্বকর্ম্মক্ষয়হেতুত্বাৎ, "ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে" ইতি হি বক্ষ্যতি, তেন পূতাঃ ক্ষীণসর্ব্বপাপাঃ সন্তো নিরস্তাজ্ঞানতৎকার্য্যমলাঃ মদ্ভাবং মদ্রূপত্বং বিশুদ্ধসচ্চিদানন্দঘনং মোক্ষমাগতাঃ অজ্ঞানমাত্রাপনয়নেন প্রাপ্তাঃ, জ্ঞানতপসা পূতা জীবন্মুক্তাঃ সন্তো মদ্ভাবং মদ্বিষয়ং ভাবং রত্যাখ্যং প্রেমাণমাগতা ইতি বা। "তেষাং জ্ঞানী নিত্যযুক্ত একভক্তির্ব্বিশিষ্যতে" ইতি হি বক্ষ্যতি ॥ ১০ ॥

নীলকণ্ঠ।—এতস্যাপি ভগবৎপ্রাপ্তের্দ্বারমাহ বীতেতি। রাগো বিষয়েষু প্রীতিঃ ভয়ং বোচ্ছেদশঙ্কা, ক্রোধঃ স্বপরপীড়াহেতুরভিজ্বলনং, (তে ত্রয়ো বীতাঃ যেভ্যস্তে) বীতরাগভয়ক্রোধাঃ, অতএব মন্ময়াঃ মদেকপ্রধানাঃ কিং জারিণী যথা জারমপি ভর্ত্তারক্ষাশ্রিতা যোগক্ষেমার্থং তদ্বয়েত্যাহ, মামুপাশ্রিতাঃ জ্ঞানতপসা জ্ঞানময়ং তপ আলোচনং মম জন্মকর্ম্মণোঃ স্বরূপস্য চ নিরন্তরং চিন্তনং যস্য জ্ঞানময়ং তপ ইতি শ্রুতিপ্রসিদ্ধং জ্ঞানতপঃ তেন পূতাঃ সন্তো মদ্ভাবং মত্তাদাত্ম্যং প্রাপ্তা ইত্যর্থঃ ॥ ১০ ॥

বিশ্বনাথ।—ন কেবলমেক এব আধুনিকএব মজ্জন্মকর্ম্মতত্ত্বজ্ঞানমাত্রেণৈব মাং প্রাপ্নোতি, অপিতু প্রাক্তনা অপি পূর্ব্বপূর্ব্বকল্পাবতীর্ণস্য মম জন্মকর্ম্মতত্ত্বজ্ঞানবন্তো মাং আপুরেব ইত্যাহ বীতেতি। জ্ঞানং উক্তলক্ষণং মজ্জন্মকর্ম্মণোস্তত্ত্বতোঽনুভবরূপমেব তপস্তেন পূতা ইতি শ্রীরামানুজাচার্য্যচরণাঃ। যদ্বা জ্ঞানে জন্মকর্ম্মণোর্নিত্যত্বনিশ্চয়ানুভবে যন্নানাকুমতকুতর্ককুযুক্তিসর্পী-বিষদাহসহনরূপং তপস্তেন পূতাঃ। তথাচ রামানুজভাষ্যধৃতা শ্রুতিঃ—"তস্য ধীরাঃ পরিজানন্তি যোনিমিতি।" ধীরাঃ ধীমন্ত এব তস্য যোনিং জন্মপ্রকারং জানন্তীত্যর্থঃ। বীতাস্ত্যক্তাঃ কুমতপ্রজল্পিতেষু জনেষু রাগাস্তা যৈস্তেন তেষু রাগঃ প্রীতির্নাপি তেভ্যো ভয়ং নাপি তেষু ক্রোধো মদ্ভক্তানামিত্যর্থঃ। কুতো মন্ময়া মজ্জন্মকর্ম্মানুধ্যানমননশ্রবণকীর্ত্তনাদিপ্রচুরাঃ। মদ্ভাবং মন্নি প্রেমাণম্ ॥ ১০ ॥

তাৎপর্য্য।—ভগবানের জন্ম কর্ম্ম বিষয়ক জ্ঞান হইলেই কিপ্রকারে তাঁহাকে লাভ করা যায় তাহাই এই শ্লোকে কথিত হইতেছে। বিষয়ে অনুরাগ জন্মিলে তাহার ফল স্বরূপে তৃষ্ণা সমুৎপন্ন হয়। যাবতীয় বিষয় সম্ভোগ বাসনা পরিত্যাগ করিয়া কিরূপে জীবিত থাকিব, ইহা মনে করিলে ভয় জন্মে। জ্ঞানমার্গ বিষয়-ভোগের কণ্টক স্বরূপ, অতএব তাহাতে কিরূপে কল্যাণ সাধিত হইতে পারে, ইহা মনে করিয়া জ্ঞানের প্রতি দ্বেষ-সূচক ক্রোধ জন্মে। যিনি বিবেকবলে এই রাগ, ভয় এবং ক্রোধকে পরিহার করিতে পারেন, তিনিই শুদ্ধ-চিত্ত সাধু পুরুষ। তাদৃশ পুরুষ বেদান্ত মহাবাক্য প্রতিপাদিত তৎ এবং ত্বং পদার্থের অভেদ-বোধ-

জনিত পরমাত্ম স্বরূপ আমার সাক্ষাৎকার লাভ করিয়া সম্পূর্ণরূপ মদ্গত-চিত্ত হন এবং একান্ত প্রেম ও ভক্তি সহকারে আমার শরণাগত হইয়া থাকেন। তদ্রূপ বহু ব্যক্তি সর্ব্ব কর্ম্মের ক্ষয় নিবন্ধন এবংবিধ জ্ঞান স্বরূপ তপঃপ্রভাবে ক্ষীণ-পাপ ও পবিত্র হইয়া এবং জ্ঞান ও তাহার ফল স্বরূপ মলিনতা বিরহিত হইয়া বিশুদ্ধ সচ্চিদানন্দঘন স্বরূপ মদ্ভাব প্রাপ্ত হন এবং মোক্ষ লাভ করেন। শাস্ত্রেও কথিত হইয়াছে, জ্ঞানের সদৃশ পবিত্র আর কিছুই নাই। যাঁহারা এই পরম পবিত্র জ্ঞানরূপ তপঃপ্রভাবে পবিত্রীকৃত হইয়াছেন, তাঁহারা জীবন্মুক্ত হইয়া সর্ব্বতোভাবে আমার প্রতি রত হইয়াছেন এবং আমার প্রেম-সাগরে ডুবিয়া গিয়াছেন।

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। আমার জন্ম কর্ম্ম বিষয়ক জ্ঞানই তপঃ। শ্রুতি বলিয়াছেন, যাঁহারা ধীর অর্থাৎ জ্ঞানী, তাঁহারাই জন্মের প্রকার পরিজ্ঞাত আছেন।

শ্রীমৎশ্রীধর স্বামীর অভিপ্রায়। আমি বিশুদ্ধ চিত্তে অবতীর্ণ হইয়া ধর্ম্ম পালন করিয়া থাকি। যিনি তজ্জন্য আমার পরম কারুণিকত্ব উপলব্ধি করিয়া অনুরাগ ভয় এবং ক্রোধকে হৃদয় হইতে বিসর্জ্জন দেন এবং সর্ব্বপ্রকার চিত্ত-বিক্ষোভকারী প্রতিকূল কারণের অসদ্ভাব হেতু সর্ব্বতোভাবে আমাতেই চিত্ত সমর্পণ করিয়া আমারই শরণাগত হন, তাদৃশ সাধুজনেরা আমার অনুগ্রহে আত্মজ্ঞান এবং তপঃ সম্পন্ন হইয়া শুদ্ধ-চিত্ত হইয়া থাকেন। অনেকানেক সাধু ব্যক্তি এইরূপ জ্ঞান-তপঃ-সম্পন্ন হইয়া অজ্ঞান জনিত মলিনতা বিরহ হেতু, আমার সাযুজ্যরূপ মুক্তি লাভ করিয়াছেন। অতএব এই মদ্ভক্তিরূপ মোক্ষ-মার্গ আধুনিক নহে, ইহা অনাদি পরম্পরাগত, ইহাই প্রদর্শিত হইল। ভগবান্ পূর্ব্বে বলিয়াছেন, "তান্যহং বেদ সর্ব্বাণি" (৪র্থ অ। ৫ শ্লোক) অর্থাৎ আমি সে সকলই জানি। এক্ষণে "তৎ" এবং "ত্বং" পদার্থ প্রতিপাদ্য ঈশ্বর এবং জীবের বিভিন্নতা প্রদর্শন করিয়া ইহাই প্রতিপাদন করিতেছেন যে, ঈশ্বর অবিদ্যা বিহীনতা হেতু নিত্য শুদ্ধ এবং জীব ঈশ্বরানুগ্রহ-প্রাপ্ত জ্ঞান প্রভাবে অজ্ঞান বিদূরিত হইলে শুদ্ধচিত্ত হইয়া স্বতঃ চিদংশের দ্বারা ঈশ্বরের সহিত ঐক্যরূপ মোক্ষ লাভ করেন॥ ১০॥

যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্ত্তন্তে মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥ ১১ ॥

অন্বয়।—যে (মনুষ্যাঃ) যথা (যেন প্রকারেণ সকামতয়া নিষ্কামতয়া বা) মাং (সর্ব্বাভীষ্টফলদাতারং) প্রপদ্যন্তে (ভজন্তি) তান্ অহং তথা এব (তদাকাঙ্ক্ষিতফলপ্রদানেনৈব) ভজামি (অনুগৃহ্লামি) পার্থ মনুষ্যাঃ সর্ব্বশঃ (সর্ব্বপ্রকারৈঃ) মম বর্ত্ম (ভজনমার্গং) অনুবর্ত্তন্তে (ইন্দ্রাদিরূপেণ মামেব সেবন্তে) ॥ ১১ ॥

প্রতিশব্দ।—যাহারা যে-প্রকারে আমার ভজনা-করে তাহাদিগকে আমি সেই-প্রকারে-ই অনুগ্রহ-করি। কৌন্তেয় মানবেরা সর্ব্বপ্রকারে আমার পথ অনুসরণ-করে ॥ ১১ ॥

ব্যাখ্যা।—মনুষ্যেরা যেরূপ প্রয়োজনে ও অভিপ্রায়ে আমার সেবা করে আমি তাহাদিগকে তদনুরূপ ফল প্রদান করি। হে পার্থ! মানবেরা সর্ব্বথা আমারই ভজন-মার্গের অনুসরণ করিয়া থাকে ॥ ১১ ॥

শঙ্করাচার্য্য।—তব তর্হি রাগদ্বেষৌ স্তঃ, যেন কেভ্যশ্চিদেবাত্মভাবং প্রযচ্ছসি ন সর্ব্বেভ্য ইত্যুচ্যতে যে যথেতি। যে যথা যেন প্রকারেণ যেন প্রয়োজনেন যৎফলার্থিতয়া মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব তৎফলদানেন ভজাম্যহমনুগৃহ্লাম্যহং, ইত্যতঃ তেষাং মোক্ষং প্রত্যক্ষং প্রত্যনর্থিত্বাৎ। ন হ্যেকস্য মুমুক্ষুত্বং ফলার্থিত্বঞ্চ যুগপৎ সম্ভবতি, অতো যে যৎফলার্থিনঃ তান্ তৎফলপ্রদানেন, যে যথোক্তকারিণস্তৎফলার্থিনো মুমুক্ষবশ্চ তান্ জ্ঞানপ্রদানেন, যে জ্ঞানিনঃ সন্ন্যাসিনো মুমুক্ষবশ্চ তান্ মোক্ষপ্রদানেন, তথা আর্ত্তানার্ত্তিহরণেনেত্যেবং যথা যেন প্রকারেণ মাং প্রপদ্যন্তে যে, তাংস্তথৈব ভজামীত্যর্থঃ। ন পুনঃ রাগদ্বেষনিমিত্তং মোহনিমিত্তং বা কিঞ্চিদ্ভজামি সর্ব্বথাপি সর্ব্বাবস্থস্য মমেশ্বরস্য বর্ত্ম মার্গমনুবর্ত্তন্তে মনুষ্যাঃ, যৎ ফলার্থিতয়া যস্মিন্ কর্ম্মণ্যধিকৃতাঃ যে প্রযতন্তে, তে মনুষ্যা অত্র উচ্যন্তে, হে পার্থ! সর্ব্বশঃ সর্ব্বপ্রকারৈঃ ॥ ১১ ॥

আনন্দগিরি।—ঈশ্বরঃ সর্ব্বেভ্যো ভূতেভ্যো মোক্ষং প্রযচ্ছতি চেৎ প্রাগুক্তবিশেষণবৈয়র্থ্যং, যদি তু কেভ্যশ্চিদেব মোক্ষং প্রযচ্ছেৎ তর্হি তস্য রাগাদিমত্ত্বাদনীশ্বরত্বাপত্তিরিতি শঙ্কতে তবেতি। যে মুমুক্ষবস্তেভ্যো মোক্ষমীশ্বরো জ্ঞানসম্পাদনদ্বারা প্রযচ্ছতি ফলান্তরার্থিভ্যস্তু তত্তদুপায়ানুষ্ঠানেন তত্তদেব দদাতীতি নাস্য রাগদ্বেষাবিতি পরিহরতি উত্তরং ইতি। মুমুক্ষূণামীশ্বরানুসারিত্বেঽপি ফলান্তরার্থিনাং কুতস্তদনুসারিত্বমিত্যাশঙ্ক্য ফলার্থৈ উপাসতেঽপি জ্ঞানেন তৎফলস্যেশ্বরায়ত্তত্বাৎ তদনুবর্ত্তিত্বমবশ্যকমিত্যাহ মমেতি।

ভগবদ্বচনভাগিনাং সর্ব্বেষামেব কৈবল্যমেকরূপং কিমিতি নানুগৃহ্যতে তত্রাহ যেষামিতি। অত্যাদরনিঃশ্রেয়সার্থিত্বং প্রার্থনাবৈচিত্র্যাদেকত্বেন কিং ন স্যাদিত্যাশঙ্ক্য পর্য্যায়েণ তদস্বরূপপত্তিং সাধয়তি ন হীতি। মুমুক্ষূণাং ফলার্থিনাঞ্চ বিভাগে স্থিতে সত্যনুগ্রহবিভাগং ফলিতমাহ অত ইতি। ফলপ্রদানেনানুগৃহ্লামীতি সম্বন্ধঃ। নিত্যনৈমিত্তিককর্ম্মানুষ্ঠায়িনামেব ফলার্থিত্বাভাবে সতি মুমুক্ষুত্বে কথং কেবলগ্রহঃ স্যাদিতি তত্রাহ যে যথোক্তেতি। জ্ঞানপ্রদানেন ভজামীত্যত্রাপ্যস্য সম্বন্ধঃ। সন্তি, কেচিত্ত্যক্তসর্ব্বকর্ম্মাণো জ্ঞানিনো মোক্ষমেবাপেক্ষমাণাস্তেষামনুগ্রহপ্রকারং প্রকটয়তি যে জ্ঞানিন ইতি। কেচিদাহুঃ সন্তো জ্ঞানাদিসাধনান্তররহিতা ভগবদ্ধর্ম্মসার্ব্বস্বপ-কর্ম্মমনুবর্ত্তন্তে, তেষু ভগবতোঽনুগ্রহবিশেষং দর্শয়তি ভাগবতি। পূর্ব্বার্দ্ধব্যাখ্যানমুপসংহরতি ইত্যেবমিতি। ভগবতোঽনুগ্রহে নিমিত্তান্তরং নিবারয়তি ন পুনরিতি। ফলার্থিত্বে মুমুক্ষুত্বে চ জন্তূনাং ভগবদনুসরণমাবশ্যকমিত্যাহ সর্ব্বশ ইতি। সর্ব্বাবস্থং তেন তেনাত্মনা পরমেশ্বরস্যাবস্থানং, মার্গো জ্ঞানকর্ম্মলক্ষণঃ মনুষ্যগ্রহণাদিতরেষামীশ্বরমার্গানু-বর্ত্তিত্বমপ্যুদাসঃ স্যাদিত্যাশঙ্ক্যাহ মনুষ্যা ইতি। সর্ব্বপ্রকারৈর্মম মার্গমনুবর্ত্তন্তে ইতি পূর্ব্বেণ সম্বন্ধঃ ॥ ১১ ॥

রামানুজ।—যে যথা মামিতি। ন কেবলং দেবমনুষ্যাদিরূপেণাবতীর্য্য মৎসমাশ্রয়ণাপেক্ষাণাং পরিত্রাণং করোমি, অপি তু মৎসমাশ্রয়ণাপেক্ষা যথা যেন প্রকারেণ স্বাপেক্ষানুরূপং মাং সঙ্কল্প্য প্রপদ্যন্তে সমাশ্রয়ন্তে, তান্ প্রতি তথৈব তন্মনীষিতপ্রকারেণ ভজামি মাং দর্শয়ামি। কিমত্র বহুনা, সর্ব্বে মনুষ্যা মদনুবর্ত্তনৈকমনোরথা মম বর্ত্ম মৎস্বভাবং সর্ব্বযোগিনামবাঙ্মনসগোচরমপি স্বকীয়ৈশ্চক্ষুরাদিকরণৈঃ সর্ব্বশঃ স্বাপেক্ষিতৈঃ সর্ব্বপ্রকারৈরনু-ভূয়ানুবর্ত্তন্তে ॥ ১১ ॥

হনুমান্।—মদ্ভাবমাগতা ইত্যুপলক্ষ্য মোক্ষমেব প্রযচ্ছতি ভগবান্ অজ্ঞানাং ন জ্ঞানৈশ্বর্য্যাদিফলমিত্যর্জ্জুনস্য বচনমাশঙ্ক্যাহ যে যথেতি। যে যৎফলপ্রার্থিনঃ পুরুষা যথা যেন প্রকারেণ সাত্ত্বিকরাজসতামসভাবেন মাং প্রপদ্যন্তে, তানহং তথৈব তৎফলদানেনৈশ্বর্য্যাদি-ফলার্থিনঃ তত্তদ্দানেনৈবেত্যভিপ্রায়ঃ। মমেশ্বরস্য মন্মার্গং যথাভিলষিতফলপ্রদত্বমনুবর্ত্তন্তে অনুসরন্তি। যৎ যৎফলমভিলষিতং তদেব মাং প্রার্থয়ন্তু ইত্যভিপ্রায়ঃ ॥ ১১ ॥

শ্রীধর।—ননু তর্হি কিং ত্বয়াপি বৈষম্যমস্তি যস্মাদেবং ত্বদেকশরণানামেবাত্মভাবং দদাসি নান্যেষাং সকামানামিত্যত আহ যে ইতি। যথা যেন প্রকারেণ সকামতয়া নিষ্কাম-তয়া বা যে মাং ভজন্তি তানহং তথৈব তদপেক্ষিতফলদানেন ভজামি অনুগৃহ্লামি ন তু সকামা মাং বিহায়েন্দ্রাদীনেব যে ভজন্তে তানহমুপেক্ষ ইতি মন্তব্যম্। যতঃ সর্ব্বশঃ সর্ব্বপ্রকারৈরিন্দ্রাদিসেবকা অপি মমৈব বর্ত্ম ভজনমার্গমনুবর্ত্তন্তে ইন্দ্রাদিরূপেণাপি মমৈব সেব্যত্বাৎ ॥ ১১ ॥

বলদেব।—ননু নিত্যজন্মাদিমনোজ্ঞঃ সর্ব্বেশ্বরস্ত্বং মহাবদান্যঃ কতিচিদ্ভক্তমাত্রপ্রিয়ঃ দীন-বৎসলো জন্মাদিশূন্যঃ জাতক্ষেঽত্রং কিং তব স্বরূপাসনস্য চ বৈলক্ষণ্যং ভবেদিতি চেত্তত্রাহ

যে যথেতি। যে ভক্তা মামেকং নৈর্গুণ্যমেব বহুরূপং সর্ব্বেশ্বরং যথা যেন প্রকারেণ ভাবেনেতি যাবৎ প্রপদ্যন্তে ভজন্তি, তানহং তাদৃশস্তথৈব তত্তাবানুসারিণা রূপেণ ভাবেন চ ভজামি সাক্ষাৎ ভবন্নুগৃহ্লামি। ন্যূনতামেবকারো নিবর্ত্তয়তি। অতো মমৈকস্তৈব বহুরূপস্ত বর্ত্ম বহুবিধমুপাসনমার্গমনাদিপ্রবৃত্ততদুপাসকপরম্পরানুকল্পিতা মনুষ্যাঃ সর্ব্বেঽনুবর্ত্তন্তেঽনুসরন্তি ॥ ১১ ॥

মধুসূদন।—ননু যে জ্ঞানতপসা পূতা নিষ্কামাস্তে ত্বদ্ভাবং গচ্ছন্তি, যে ত্বপূতাঃ সকামাস্তে ন গচ্ছন্তীতি ফলদাতুস্তব বৈষম্যনৈর্ঘৃণ্যে স্যাতামিতি নেত্যাহ যে যথেতি। যে আর্ত্তা অর্থার্থিনো জিজ্ঞাসবো জ্ঞানিনশ্চ যথা যেন প্রকারেণ সকামতয়া নিষ্কামতয়া চ মামীশ্বরং সর্ব্বফলদাতারং প্রপদ্যন্তে ভজন্তি, তাংস্তথৈব তদপেক্ষিতফলদানেনৈব ভজাম্যনুগৃহ্লাম্যহং, ন বিপর্য্যয়েণ, তত্রামুমুক্ষূনার্ত্তানর্থার্থিনশ্চার্ত্তিহরণেনার্থদানেন চানুগৃহ্লামি, জিজ্ঞাসূন্ "বিবিদিষন্তি যজ্ঞেন" ইত্যাদি বিহিতনিষ্কামকর্ম্মানুষ্ঠাতৄন্ জ্ঞানদানেন জ্ঞানিনশ্চ মুমুক্ষূন্ মোক্ষদানেন নত্বন্যকামায়ান্যৎ দদামীত্যর্থঃ। ননু তথাপি স্বভক্তানামেব ফলং দদাসি নত্বন্যদেবভক্তানামিতি বৈষম্যং স্থিতমেবেতি নেত্যাহ, মম সর্ব্বাত্মনো বাসুদেবস্য বর্ত্ম ভজনমার্গং কর্ম্মজ্ঞানলক্ষণমনুবর্ত্তন্তে, হে পার্থ! সর্ব্বশঃ সর্ব্বপ্রকারৈরিন্দ্রাদীনপ্যনুবর্ত্তমানা মনুষ্যা ইতি কর্ম্মাধিকারিণঃ, "ইন্দ্রং মিত্রং বরুণমগ্নিমাহুঃ" ইত্যাদিমন্ত্রবর্ণাৎ "ফলমত উপপত্তেঃ" ইতি ন্যায়াচ্চ, সর্ব্বরূপেণাপি ফলদাতা ভগবান্ এক এবেত্যর্থঃ। তথাচ বক্ষ্যতি "যেঽপ্যন্যদেবতা ভক্তাঃ" ইত্যাদি ॥ ১১ ॥

নীলকণ্ঠ।—ননু সাধ্বসাধ্বোস্ত্রাণবিনাশৌ কুর্ব্বতস্তব বৈষম্যনৈর্ঘৃণ্যে স্তোঽতঃ কিং ত্বদাম্বদাদিতুল্যস্য জন্মকর্ম্মস্বরূপাণাং বিচিন্তনেনেত্যাশঙ্ক্যাহ যে যথেতি। যে মনুষ্যাঃ মাং সর্ব্বশরীরস্থং যথা যেন প্রকারেণ শত্রুত্বেন মিত্রত্বেন বা প্রপদ্যন্তে প্রাপ্নুবন্তি, তান্ তেনৈব প্রকারেণাহমপি ভজামি অনুসরামি। যে তু মম বর্ত্ম ভক্তিধ্যানপ্রণিধানাত্মকমনুবর্ত্তন্তে তান্ মমাত্মভূতান্ তথৈব সর্ব্বশঃ সর্ব্বৈঃ প্রকারৈরনুবর্ত্তেঽহমিতি যোজনা। তত্তশ্চ মদ্বিম্বভূতে প্রাণিজাতে যো যথা প্রীতিং দ্বেষং বা করোতি তস্মিন্ মৎপ্রতিবিম্বভূতেঽহমপি তথৈব প্রীতিং দ্বেষঞ্চ করোমি বিম্বপ্রজাপরিভবৌ প্রতিবিম্বে এব সংক্রামতোঽতো ন মম বৈষম্যনৈর্ঘৃণ্যে স্তঃ, তস্মাৎ শ্রেয়োঽর্থিনা সর্ব্বস্য কল্যাণমেব বক্তিতব্যমিতি ভাবঃ। ভাষ্যে তু যে যথা যেন প্রকারেণ যেন প্রয়োজনেন আর্ত্তা জিজ্ঞাসবোঽর্থার্থিনো জ্ঞানার্থিনো বা প্রতিপদ্যন্তে তাংস্তথৈব পীড়াপরিহারেণ জ্ঞানদানেন অর্থদানেন মোক্ষদানেন বা অনুগৃহ্লামি সর্ব্বথা তে মমৈব বর্ত্মানুবর্ত্তন্ত ইতি অন্যদেবতাভক্তা অপি মমৈব ভক্তা ইতি চৈতন্যাচক্ষ্যতে ॥ ১১ ॥

বিশ্বনাথ।—ননু ত্বদেকান্তভক্তাঃ কিল ত্বজ্জন্মকর্ম্মণোর্নিত্যত্বং মন্যন্ত এব, কেচিত্তু জ্ঞানাদিনিষ্ঠার্থং ত্বাং প্রপন্নাঃ জ্ঞানিপ্রভৃতয়ঃ ত্বজ্জন্মকর্ম্মণোর্নিত্যত্বং নাপি মন্যন্তে ইতি তত্রাহ যে যথেতি। যথা যেন প্রকারেণ মাং প্রপদ্যন্তে ভজন্তে অহমপি তাংস্তথৈব

প্রকারেণ ভজামি ভজনফলং দদামি। অয়মর্থঃ, যে মৎপ্রভোর্জন্মকর্ম্মণী নিত্যে এবেতি মনসি কুর্ব্বাণাস্তত্তল্লীলায়ামেব কৃতমনোরথবিশেষাঃ মাং ভজন্তঃ সুখয়ন্তি অহমপি ঈশ্বরত্বাৎ কর্ত্তুমকর্ত্তুমন্যথাকর্ত্তুমপি সমর্থস্তেষামপি জন্মকর্ম্মণোর্নিত্যত্বং কর্ত্তুং তান্ স্বপার্ষদীকৃত্য তৈঃ সার্দ্ধং এব যথাসময়মবতরন্নন্তর্দ্ধানশ্চ তান্ প্রতিক্ষণমনুগৃহ্ণন্নেব তদ্ভজনফলং প্রেমাণমেব দদামি। যে জ্ঞানিপ্রভৃতয়ো মজ্জন্মকর্ম্মণোর্নশ্বরত্বং মদ্বিগ্রহস্য মায়াময়ত্বঞ্চ মন্যমানাঃ মাং প্রপদ্যন্তে অহমপি তান্ পুনঃ পুনর্নশ্বরজন্মকর্ম্মবতো মায়াপাশপতিতানেব কুর্ব্বাণঃ তৎপ্রতিফলং জন্মমৃত্যুদুঃখমেব দদামি। যে তু মজ্জন্মকর্ম্মণোর্নিত্যত্বং মদ্বিগ্রহস্য চ সচ্চিদানন্দত্বং মন্যমানা জ্ঞানিনঃ স্বজ্ঞানসিদ্ধ্যর্থং মাং প্রপদ্যন্তে তেষাং স্বদেহদ্বয়ভঙ্গমেবেচ্ছতাং মুমুক্ষূণামনশ্বরং ব্রহ্মানন্দমেব সম্পাদয়ন্ ভজনফলমাবিদ্যকজন্মমৃত্যুধ্বংসমেব দদামি। তস্মান্ন কেবলং মদ্ভক্তা এব মাং প্রপদ্যন্তে, অপিতু সর্ব্বশঃ সর্ব্বেঽপি মনুষ্যাঃ জ্ঞানিনঃ কর্ম্মিণঃ যোগিনশ্চ দেবতান্তরোপাসকাশ্চ মম বর্ত্ম অনুবর্ত্তন্তে। মম সর্ব্বস্বরূপত্বাৎ জ্ঞানকর্ম্মাদিকং সর্ব্বং মামকমেব বর্ত্মেতিভাবঃ॥ ১১॥

তাৎপর্য্য।—ভগবানেরও কি তবে রাগ দ্বেষ আছে? তিনি কি তবে পাত্র বিনির্ণয় করিয়া, এবং জ্ঞান-তপঃ-প্রভাবে পবিত্রীকৃত নিষ্কাম ব্যক্তি নির্ব্বাচন করিয়া স্বকীয় ভাব বা সাযুজ্যরূপ মোক্ষ প্রদান করিয়া থাকেন? যাহারা অপবিত্র ও সকাম, তাদৃশ অধম জনেরা কি সেই কৃপাসিন্ধু দীনবন্ধুর করুণা-কণিকা লাভে বঞ্চিত থাকিবে? এইরূপ আশঙ্কার উত্তর স্বরূপে এই শ্লোক অবতারিত হইতেছে। যিনি যে ভাবে, যে রূপ ফলাভিসন্ধিৎসু হৃদয়ে, অথবা যাদৃশ প্রয়োজনানুরোধে, সর্ব্বফলবিধাতা পরমেশ্বরের পরিচর্য্যা করেন, ভক্ত-বাঞ্ছা-কল্পতরু ভগবান্ তাঁহাকে তাঁহার বাঞ্ছিত ফল প্রদানে অনুগৃহীত করিয়া থাকেন। জ্ঞানী বা অজ্ঞানী, সকাম বা নিষ্কাম কোন ব্যক্তিই সেই মঙ্গলময় বিশ্ব-বিধাতার করুণা-পূর্ণ চরণোপান্তে স্বকীয় বাসনা নিবেদিত করিয়া বিফল-মনোরথ হন না। সেই পক্ষপাত-বিবর্জ্জিত সেবক-বৎসল বিশ্ব-পতির পরিমাণাতীত কৃপা-ভাণ্ডারের সম্মুখীন হইলে, কোন যাচককেই রিক্ত হস্তে বা ক্ষুণ্ণ মনে প্রত্যাবৃত্ত হইতে হয় না। যে যে ভাবে ও যে বাসনায় তাঁহার শরণাগত হয়, সেই মুক্ত-হস্ত পূর্ণ পুরুষ তৎক্ষণাৎ তাহার সেই কামনাই পূর্ণ করেন। সেই সুশীতল সলিল রাশির উৎসস্বরূপ সর্ব্বেশ্বরের সমীপগত হইলে, সকলের সকল পিপাসাই প্রশমিত হইয়া যায়। যিনি তত্ত্বজিজ্ঞাসু রূপে ভগবানের ভজনা করেন, ভগবান্ তাঁহাকে জ্ঞানরূপ অমৃত পান করাইয়া তাঁহার

হৃদয়-তৃষ্ণা নিবারিত করেন। যে জ্ঞানী মোক্ষাভিলাষে ভগবানের শরণ অবলম্বন করেন, করুণাময় ভগবান্ মোক্ষরূপ পরম সুধা পান করাইয়া তাঁহার পিপাসা বিদূরিত করেন। এক্ষণে যদি এরূপ আশঙ্কা উত্থাপিত হয় যে, ভগবান্ কেবল স্বকীয় ভক্ত ও শরণাগত সেবকগণকেই অভীষ্টফল প্রদান করিয়া থাকেন; তবে কি অন্য দেবতাভক্তের প্রতি তাঁহার কৃপা নাই? তবে কি অন্য দেব-সেবকেরা চিরদিন সেই জগৎপতির করুণা-সম্ভোগে বঞ্চিত থাকিবে? এই আশঙ্কা পরিহারার্থ কথিত হইতেছে, "হে পার্থ! সকল কর্ম্মাধিকারী মনুষ্যই সর্ব্বাত্মা বাসুদেবরূপ আমার জ্ঞান-কর্ম্ম লক্ষণ ভজনমার্গ সর্ব্বতোভাবে অনুসরণ করিয়া থাকে। লোক সমাজে যত প্রকার দেবতার উপাসনা-পদ্ধতি প্রচলিত আছে এবং সম্প্রদায়-ভেদে *ইহলোকে

* অনেক দেবতার উপাসনার নিমত্ত অনেক সম্প্রদায় প্রচলিত আছে; কিন্তু তন্মধ্যে বৈষ্ণব, শৈব, শাক্ত, সৌর ও গাণপত্য এই পাঁচ সম্প্রদায় প্রধানরূপে পরিচিত; অন্যান্য যত ধর্ম্ম সম্প্রদায় পরিদৃষ্ট হয়, তাহা প্রায় এই পাঁচ সম্প্রদায়ের অবান্তর ভাগ মাত্র। নিম্নে এই সম্প্রদায়পঞ্চের সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইতেছে।

বৈষ্ণব।—বিষ্ণু দেবতাই এই সম্প্রদায়ের আরাধ্য।—নানারূপ শাখা প্রশাখায় বিভক্ত হইয়া এবং নানাবিধ মত পার্থক্য জনিত অবান্তর সম্প্রদায়ে পরিগণিত হইয়া, বৈষ্ণবেরা বহু বিস্তৃত হইয়াছেন। রামানুজ, বিষ্ণুস্বামী, মাধ্বাচার্য্য এবং নিম্বাদিত্য এই চারিজন বৈষ্ণব ধর্ম্মের চারিটী সম্প্রদায় প্রবর্ত্তকরূপে প্রসিদ্ধ। তৎসম্বন্ধে নিম্নলিখিত বচন প্রমাণস্বরূপে উল্লিখিত হইয়া থাকে। "রামানুজং শ্রীঃ স্বীচক্রে মাধ্বাচার্য্যং চতুর্ম্মুখঃ। শ্রীবিষ্ণুস্বামিনং রুদ্রো নিম্বাদিত্যং চতুঃসনঃ॥" অর্থাৎ লক্ষ্মী রামানুজকে স্বীকার করিলেন, চতুর্ম্মুখ মাধ্বাচার্য্যকে, রুদ্র শ্রীবিষ্ণুস্বামীকে, চারিজন সন (অর্থাৎ সনক, সনন্দ, সনাতন, ও সনৎকুমার এই সনাখ্য চতুষ্টয়) নিম্বাদিত্যকে। এই রামানুজ সম্প্রদায়ের অন্য এক নাম শ্রীসম্প্রদায়। এই সম্প্রদায় সর্ব্বাপেক্ষা প্রবল বলিয়া বোধ হয়। শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভুর আবির্ভাবের পর হইতে এই বৈষ্ণব সম্প্রদায় বিশেষ সমুন্নত হইয়াছে এবং নানাবিধ ক্ষুদ্র সম্প্রদায়ের উদ্ভব হওয়ায় বিশেষ পল্লবিত হইয়াছে। শ্রীবিষ্ণু, লক্ষ্মী, নারায়ণ, তুলসী, রামচন্দ্র, সীতাদেবী, শ্রীকৃষ্ণ, রাধিকা, রুক্মিণী, শ্রীচৈতন্য, নিত্যানন্দ, অদ্বৈতাদি দেবদেবীগণকে বৈষ্ণব সম্প্রদায়াবলম্বী ব্যক্তিরা, কেহবা স্বতন্ত্রভাবে, কেহবা যুগলভাবে আরাধনা করিয়া থাকেন। শ্রীকৃষ্ণের বৃন্দাবনলীলা-সূচক রাধিকা সংযুক্ত শ্রীমূর্ত্তির উপাসনা এ সম্প্রদায় মধ্যে বাহুল্যরূপে প্রচলিত। বিষ্ণুর অন্যান্য অবতারও বৈষ্ণবগণের আরাধ্য। নানাস্থানে নৃসিংহাদি অবতারেরও প্রতিমা পূজিত হয়।

শৈব।—শিব এই সম্প্রদায়ের আরাধ্য। শৈব সম্প্রদায়ের মধ্যে গৃহীর অপেক্ষা সন্ন্যাসীর ভাগ অধিক দেখা যায়। প্রদেশ-বিশেষে সকল গৃহস্থই শৈব দৃষ্ট হইলেও তাহার সংখ্যা অধিক বলিয়া বোধ হয় না। কিন্তু শৈব সন্ন্যাসী বিপুল। শাস্ত্রেও লিখিত আছে যে, "যতীনাঞ্চ মহেশ্বরঃ" অর্থাৎ সন্ন্যাসীদিগের মহেশ্বরই দেবতা। শঙ্করাচার্য্য শৈব সম্প্রদায়ের প্রকৃত পরিপুষ্টি সাধন করেন। তিনি শৃঙ্গগিরি, দ্বারকা, শ্রীক্ষেত্র প্রভৃতি কয় স্থানে মঠ স্থাপন করেন।

বহু প্রকার ধর্ম্মানুষ্ঠান প্রবর্ত্তিত আছে এক মাত্র আমিই তৎসমস্তের ফল বিধাতা।" বেদাদি শাস্ত্রে ইন্দ্র, মিত্র, বরুণ, সূর্য্য, শিব, শক্তি, গণেশাদি বিভিন্ন দেবতা-পূজার ব্যবস্থা আছে। মনুষ্যেরা বিভিন্ন বিশ্বাসের বশবর্ত্তী হইয়া, বিভিন্ন ভাবে এবং নানাবিধ কামনায়, বিভিন্নসম্প্রদায়ের অনুসরণ-ক্রমে নানা দেবোপাসনা করিয়া থাকে। কিন্তু যে যে ভাবে যাহাই কেন করুক না, কাহারও সেই সর্ব্বেশ্বরের পথ অতিক্রম করিয়া গমন করিবার সম্ভাবনা নাই। মানব, ইচ্ছায় বা অনিচ্ছায়, যে পথ কেন অবলম্বন করুক না, সকলই সেই পরম-পুরুষের বিশাল সার্ব্বজনীন পদ্ধতির অন্তর্ব্বর্ত্তী।

তাঁহার দশজন প্রধান শিষ্য ছিলেন। কাল সহকারে সেই শিষ্য-পরম্পরাক্রমে ভগবান্ শঙ্করাচার্য্যের সম্প্রদায় সাতিশয় পল্লবিত হইয়াছে। ব্রহ্মচারী,দণ্ডী, পরমহংস হংস, যোগী প্রভৃতি শৈব সন্ন্যাসিগণের অনেক শ্রেণী আছে। মহাদেবের প্রতিমূর্ত্তি গঠিত করিয়া পূজার পদ্ধতি শৈবগণের মধ্যে বিশেষ প্রচলিত নাই। লিঙ্গরূপ মহাদেবের মূর্ত্তি ভারতবর্ষীয় প্রায় সকল শৈব-মন্দিরেই প্রতিষ্ঠিত আছেন। নিম্নবর্ত্তী যে পীঠের উপর লিঙ্গ সংস্থাপিত,তাহার নাম যোনিপট্ট; তদূর্দ্ধে মহেশ্বরের লিঙ্গ সংস্থাপিত। শিব লিঙ্গ দুই প্রকার; স্বয়ম্ভু ও বাণলিঙ্গ। কোন কোন স্থানে যে শিবলিঙ্গ স্থাপিত আছেন, তাহা বাণলিঙ্গ অর্থাৎ কৃত্রিম নহে; আর সমস্ত প্রায় মনুষ্য হস্ত নির্ম্মিত। স্বয়ম্ভু লিঙ্গাদি বিনির্ণয়ের শাস্ত্রসম্মত ব্যবস্থা আছে। শিবপুরাণে দ্বাদশটী লিঙ্গ জ্যোতির্লিঙ্গ নামে অভিহিত হইয়াছেন, ঐ কয় লিঙ্গই সর্ব্বপ্রধান ও সর্ব্বাপেক্ষা পূজনীয়। যথা; সৌরাষ্ট্রে সোমনাথঞ্চ শ্রীশৈলে মল্লিকার্জ্জুনম্। উজ্জয়িন্যাং মহাকালমোঙ্কারমমরেশ্বরম্॥ কেদারং হিমবৎপৃষ্ঠে ডাকিন্যাং ভীমশঙ্করম্। বারাণস্যাঞ্চ বিশ্বেশং ত্র্যম্বকং গৌতমীতটে॥ বৈদ্যনাথং চিতাভূমৌ নাগেশং দারুকাবনে। সেতুবন্ধে তু রামেশং ঘুশ্মেশঞ্চ শিবালয়ে॥—(শিবপুরাণ)। অর্থাৎ "সৌরাষ্ট্রে সোমনাথ, শ্রীশৈলে মল্লিকার্জ্জুন,উজ্জয়িনীতে ওঙ্কার মহাকাল নামক মহাদেব, হিমালয়ের পৃষ্ঠে কেদার, ডাকিনীতে ভীমশঙ্কর, বারাণসীতে বিশ্বেশ্বর, গৌতমীতীরে ত্র্যম্বক, চিতাভূমিতে (দেওঘরে) বৈদ্যনাথ, দারুকাবনে নাগেশ, সেতুবন্ধে রামেশ এবং শিবালয়ে ঘুশ্মেশ।" শিবপূজায় ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র চারি বর্ণের স্ত্রী এবং পুরুষ সকলেরই অধিকার আছে।

শাক্ত।—কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, জগদ্ধাত্রী, দুর্গা প্রভৃতি শিবানীগণের নাম শক্তি। শক্তি দেবীর বহু রূপ ও বহু লীলা-কাহিনী পুরাণ ও তন্ত্রাদিতে কীর্ত্তিত আছে। সেই শক্তি যাঁহাদের আরাধ্য, তাঁহারাই শাক্ত। শাক্তগণ কুলাগত পদ্ধতিক্রমে একই দেবীর আরাধনা করিয়া থাকেন। ইহাঁদের পূজায় বলিদান প্রভৃতির বিশেষ ব্যবস্থা আছে। ইদানীন্তনকালে যাঁহাদিগকে তান্ত্রিক বলিয়া উল্লেখ করা হয়, তাঁহারাও শাক্ত। তান্ত্রিকেরা পশ্বাচার ও বীরাচার প্রভৃতি নানাবিধ বিভিন্ন প্রকার অনুষ্ঠান পদ্ধতি অবলম্বন করিয়া থাকেন। তাঁহাদিগের মধ্যে সুরাপানাদিরও বিশেষ ব্যবস্থা আছে। "মদ্যং মাংসঞ্চ মৎস্যঞ্চ মুদ্রা মৈথুনমেব চ। মকারপঞ্চকঞ্চৈব মহাপাতকনাশনম্॥" এই শাস্ত্রীয় বচনানুসারে মদ্যমাংসাদি প্রচুররূপে তান্ত্রিক সম্প্রদায়ে ব্যবহৃত হইয়া থাকে। কেহ কেহ ঐ পঞ্চমকারের অনুরূপ অর্থও করেন। ঐ সকল দেবীর মৃণ্ময়ী বা পাষাণময়ী মূর্ত্তি নির্ম্মিত করিয়া সাময়িক পূজা বা তাহা স্থাপিত করিয়া নিয়মিতরূপে পূজা করার পদ্ধতি আছে।

মনুষ্য ইন্দ্রাদি যে দেবতারাই কেন উপাসনা করুক না, তাহাতে তাঁহারই ভজনা করা হয়।

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। আমি যে কেবল দেব-মনুষ্যাদি আকারে অবতীর্ণ হইয়া আমার শরণাগত জনগণের পরিত্রাণ সাধন করি এমন নহে। যে যে প্রকারে এবং যেরূপ সংকল্প করিয়া আমার শরণাগত হয়, আমি তাহাকে সেইরূপ ভাবেই দর্শন দিয়া থাকি। সকল মনুষ্যই আমার অনুবর্ত্তন করে। আমার স্বভাব বাঙ্মনসাগোচর হইলেও, যোগিগণ চক্ষুরাদি ইন্দ্রিয় দ্বারা সর্ব্ব প্রকারে আমাকে অনুভব করিয়া থাকেন ॥ ১১॥

কাঙ্ক্ষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং যজন্ত ইহ দেবতাঃ।
ক্ষিপ্রং হি মানুষে লোকে সিদ্ধির্ভবতি কর্ম্মজা ॥ ১২ ॥

অন্বয়।—কর্ম্মণাং সিদ্ধিং (কর্ম্মফলং) কাঙ্ক্ষন্তঃ (অভিলষন্তঃ) ইহ মানুষে লোকে (নরলোকে) দেবতাঃ (ইন্দ্রাদীন্) যজন্তে (পূজয়ন্তি) হি (যস্মাৎ) কর্ম্মজা সিদ্ধিঃ (কর্ম্মজন্যং ফলং) ক্ষিপ্রং (শীঘ্রং) ভবতি ॥১২॥

সৌর।—সূর্য্যের উপাসকেরা সৌর। সৌরের সংখ্যা অধিক নহে। শাস্ত্রে বর্ণিত আছে যে, সূর্য্য চতুর্ভুজ, অভয় ও পদ্মধারী, ত্রিনেত্র এবং অরুণ বর্ণ। কিন্তু সূর্য্যের এরূপ প্রতিমা নির্ম্মাণ করিয়া পূজা করার প্রণালী দেখিতে পাওয়া যায় না। ব্রাহ্মণেরা প্রতিদিন সন্ধ্যাবন্দনা অহ্নকারে সূর্য্যার্ঘ্য প্রদান করিয়া সূর্য্যপ্রণামান্তে নিত্যক্রিয়ার সমাপ্তি করেন। স্ত্রীলোকেরা বিশেষ বিশেষ ব্যাপারে সূর্য্য পূজা করিয়া জল গ্রহণ করেন। অনেক ইতর সম্প্রদায় কেবল সূর্য্যদেবকে প্রণাম ও তদুদ্দেশে জলদান করিয়াই পরিতৃপ্ত হয়। কিন্তু এসকল লোকেরা কেহই নিরবচ্ছিন্ন সৌর নহে। সৌরেরা কোন দিনই সূর্য্যদর্শন না করিয়া অন্নপানাদি গ্রহণ করেন না এবং রবিবারে ও সংক্রান্তিতে অলবণ আহার করেন। পশ্চিমোত্তর প্রদেশবাসীরা ছটনামক এক ব্রতের অনুষ্ঠান করে। উহাও সূর্য্যপূজা ও তদুদ্দেশে অনুষ্ঠিত ব্রতমাত্র।

গাণপত্য।—গণেশের উপাসকেরা গাণপত্য নামে অভিহিত হইয়া থাকেন। ইহাঁদেরও সংখ্যা নিতান্ত অল্প। নিরবচ্ছিন্ন গণেশপূজক বিশেষ দেখিতে পাওয়া যায় না। হিন্দুমাত্রেই সর্ব্বকর্ম্মারম্ভে সিদ্ধিদাতা গণেশের পূজা করিয়া থাকেন এবং তাঁহার স্মরণ করেন। বক্রতুণ্ড ও ঢুণ্ঢিরাজ এই দুই প্রকার গণেশের পূজা ভারতবর্ষের নানাস্থানে প্রচলিত আছে। কাশীতে ঢুণ্ঢীরাজ গণেশ বিশেষ সম্মানিত। বিশ্বেশ্বরের মন্দিরে গমন-পথেই সেই গণেশ-মন্দির প্রতিষ্ঠিত এবং তিনি সর্ব্বাগ্রে পূজ্য। গণেশদেব শিবশক্তির সন্তান।

প্রতিশব্দ।—কর্ম্মের ফল-অভিলাষীগণ এই নরলোকে দেবতা-দিগের পূজা-করে যেহেতু কর্ম্মজনিত ফল শীঘ্র হয় ॥১২ ॥

ব্যাখ্যা।—যাহারা মানবজন্ম লাভ করিয়া ফল কামনা করে, তাহারা সাক্ষাৎ সম্বন্ধে আমার উপাসনা না করিয়া ইন্দ্রাদি দেবগণের উপাসনা করে; কারণ ইহ লোকে কর্ম্মজনিত ফলপ্রাপ্তি অতি শীঘ্রই সঙ্ঘটিত হইয়া থাকে ॥ ১২ ॥

শঙ্করাচার্য্য।—যদি তবেশ্বরস্য রাগাদিদোষাভাবঃ, তদা সর্ব্বপ্রাণিষু অনুজিঘৃক্ষায়াং তুল্যায়াং সর্ব্বফলপ্রদানসমর্থে চ ত্বয়ি সতি বাসুদেবঃ সর্ব্বমিতি জ্ঞানেনৈব মুমুক্ষবঃ সন্তঃ কস্মাৎ ত্বামেব সর্ব্বে ন প্রতিপদ্যন্তে' ইতি, শৃণু তত্র কারণং কাঙ্ক্ষন্ত ইতি। অভিলষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং ফলনিষ্পত্তিং প্রার্থয়ন্তো যজন্তে, ইহাস্মিন্ লোকে দেবতা ইন্দ্রাগ্ন্যাদ্যাঃ। "অথ যোঽন্যাং দেবতামুপাস্তেঽন্যোঽসাবন্যোঽহমস্মীতি ন স বেদ যথা পশুরেবং স দেবানাম্" ইতি শ্রুতেঃ, তেষাং হি ভিন্নদেবতাযাজিনাং ফলাকাঙ্ক্ষিণাং ক্ষিপ্রং শীঘ্রং হি যস্মান্মানুষে লোকে মনুষ্যলোকে হি শাস্ত্রাধিকারঃ। ক্ষিপ্রং হি মানুষে লোকে ইতি বিশেষণাদন্যেষ্বপি কর্ম্মফলসিদ্ধিং দর্শয়তি ভগবান্ মানুষে লোকে বর্ণাশ্রমাদিকর্ম্মাণীতি বিশেষঃ, তেষাঞ্চ বর্ণাশ্রমাদ্যধিকারিণাং কর্ম্মণাং ফলসিদ্ধিঃ ক্ষিপ্রং ভবতি কর্ম্মজা কর্ম্মণো জাতা ॥ ১২ ॥

আনন্দগিরি।—অনুগ্রাহ্যাণাং জ্ঞানকর্ম্মানুসারেণ ভগবতা তেষ্বনুগ্রহবিধানাৎ তস্য রাগদ্বেষৌ যদি ন ভবতস্তর্হি তস্য রাগাদ্যভাবাদেব সর্ব্বেষু প্রাণিষ্বনুগ্রহেচ্ছা তুল্যা প্রাপ্তা, ন চ তস্যাং সত্যামেব ফলস্যাল্পীয়সঃ সম্পাদনে সামর্থ্যং ন তু ভগবতো মহতো মোক্ষাখ্যস্য ফলস্য প্রদানেঽশক্তিরিতি যুক্তমপ্রতিহতজ্ঞানেচ্ছাক্রিয়াশক্তিমতস্তব সর্ব্বফলপ্রদান-সামর্থ্যাৎ, তথা চ যথোক্তানুজিঘৃক্ষাদিমতাং সতাং ত্বয়ি চ যথোক্তসামর্থ্যবতি সতি সর্ব্বে কল্পকলাদভ্যুদয়াৎ বিমুখা মোক্ষমেবাপেক্ষমাণা জ্ঞানেন ত্বামেব কিমিতি ন প্রতিপদ্যেরন্নিতি চোদয়তি যদীতি। মোক্ষাপেক্ষাভাবাৎ তদুপায়ভূতজ্ঞানাদপি বৈমুখ্যাদ্ভগবৎপ্রাপ্ত্যভাবে হেতুমভিদধানঃ সমাধত্তে শৃণ্বিতি। কর্ম্মফলসিদ্ধিমিচ্ছতা কিমিতি মানুষে লোকে দেবতা-পূজনমিষ্যতে তত্রাহ ক্ষিপ্রং হীতি। কর্ম্মফলসম্পত্ত্যর্থিনাং বহুগহব্যবিভাগদর্শিনাং তদ্দর্শনে কারণমাত্মাজ্ঞানমিত্যত্র বৃহদারণ্যকশ্রুতিমুদাহরতি অথেতি। অবিদ্যাপ্রকরণোপক্রমার্থমথে-ত্যুক্তম্। উপাসনং ভেদদর্শনমিত্যনূদ্য কারণমাত্মাজ্ঞানং ন তত্ত্বেতি দর্শয়তি নেতি। যথাশ্বাদীনাং হলবহনাদিনা পশুরূপকরোত্যেবমজ্ঞো দেবাদীনাং যাগাদিভিরূপকরোতীত্যাহ যথেতি। কিমিতি তে ফলাকাঙ্ক্ষিণো ভিন্নদেবতাযাজিনো জ্ঞানমার্গং নাপেক্ষন্তে তত্রোত্তরার্দ্ধমুত্তরত্বেন যোজয়তি তেষামিত্যাদিনা। যথোক্তানামধিকারিণাং কর্ম্মপ্রযুক্তং ফলং লোকবিশেষে

যান্তীতি সিধ্যন্তি, তস্মাৎ তেষাং মোক্ষমার্গাদন্তি বৈমুখ্যমিত্যর্থঃ। মানুষলোকবিশেষণং কিমর্থমিত্যাশঙ্ক্যাহ মনুষ্যলোকে হীতি। লোকান্তরেষু তর্হি কর্ম্মফলসিদ্ধির্নাস্তীত্যাশঙ্ক্য ক্ষিপ্রবিশেষণস্য তাৎপর্য্যমাহ ক্ষিপ্রমিতি। ক্বচিৎ কর্ম্মফলসিদ্ধিরবিলম্বেন ভবত্যন্যত্র তু বিলম্বেনেতি বিভাগে কো হেতুরিত্যাশঙ্কা সামগ্রীভাবাভাবাভ্যামিত্যাহ মানুষ ইতি। মনুষ্যলোকে কর্ম্মফলসিদ্ধেঃ শৈঘ্র্যাৎ তদভিমুখানাং জ্ঞানমার্গবৈমুখ্যং প্রামাণিকমিত্যুপসংহরতি তেষামিতি ॥ ১২ ॥

রামানুজ।—ইদানীং প্রাসঙ্গিকং পরিসমাপ্য প্রকৃতস্য কর্ম্মযোগস্য জ্ঞানাকারতাপ্রকারং বক্তুং তথাবিধকর্ম্মযোগাধিকারিণো দুর্লভত্বমাহ কাঙ্ক্ষন্ত ইতি। সর্ব্ব এব পুরুষাঃ কর্ম্মণাং ফলং কাঙ্ক্ষমাণা ইন্দ্রাদিদেবতা যথাশাস্ত্রং যজন্তে আরাধয়ন্তি। ন হি কেচিদনভিসংহিতফলমিন্দ্রাদিদেবতাত্মভূতং সর্ব্বযজ্ঞানাং ভোক্তারং মাং যজন্তে, কুত এতৎ, যতঃ ক্ষিপ্রমস্মিন্নেব মানুষে লোকে কর্ম্মজা পশুপুত্রান্নাদ্যা সিদ্ধির্ভবতি। মানুষলোকশব্দঃ স্বর্গাদিলোকপ্রদর্শনার্থঃ সর্ব্ব এব হি লৌকিকাঃ। পুরুষা অক্ষীণানাদিকালপ্রবৃত্তানন্তপাপসঞ্চয়-তয়াবিবেকিনঃ ক্ষিপ্রফলাভিকাঙ্ক্ষিণঃ পুত্রপশ্বন্নাদ্যস্বর্গাদ্যর্থতয়া সর্ব্বাণি কর্ম্মাণীন্দ্রাদিদেবতারাধন-মাত্রাণি কুর্ব্বতে ন তু কশ্চিৎ সংসারোদ্বিগ্নহৃদয়ো মুমুক্ষুরুক্তলক্ষণকর্ম্মযোগং মদারাধনভূতমারভত ইত্যর্থঃ ॥ ১২ ॥

হনুমান্।—কিঞ্চ কাঙ্ক্ষন্ত ইতি। কাময়মানা কর্ম্মণাং যজ্ঞাদীনাং সিদ্ধিং স্বর্গাদিফলং যজন্তে পূজয়ন্তি, ইহ লোকে দেবতা ইন্দ্রাদ্যাঃ যৎ ক্ষিপ্রং শীঘ্রং মানুষে লোকে কর্ম্মজা সিদ্ধিঃ কর্ম্মফলং ভবতি জায়তে, ন লোকান্তরে বর্ণাশ্রমাদিবিশেষাভাবাৎ ॥ ১২ ॥

শ্রীধর।—তর্হি মোক্ষার্থমেব কিমিতি সর্ব্বে ত্বাং ন ভজন্তীত্যত আহ কাঙ্ক্ষন্ত ইতি। কর্ম্মণাং সিদ্ধিং কর্ম্মফলং কাঙ্ক্ষন্তঃ প্রায়েণেহ মনুষ্যলোকে ইন্দ্রাদিদেবতা এব যজন্তে ন তু সাক্ষান্মামেব. হি যস্মাৎ কর্ম্মজা সিদ্ধিঃ কর্ম্মজং ফলং শীঘ্রং ভবতি ন তু জ্ঞানফলং কৈবল্যং দুষ্প্রাপ্যত্বাজ্‌জ্ঞানস্য ॥ ১২ ॥

. বলদেব।—এবং প্রাসঙ্গিকং প্রোচ্য প্রকৃতস্য নিষ্কামকর্ম্মণো জ্ঞানাকারত্বং বক্ষ্যং-স্তদনুষ্ঠাতুর্বিরলত্বমাহ কাঙ্ক্ষন্ত ইতি। ইহ লোকেঽনাদিভোগবাসনানিষক্তিতাঃ প্রাণিনঃ কর্ম্মণাং সিদ্ধিং পশুপুত্রাদিফলনিষ্পত্তিং কাঙ্ক্ষন্তোঽনিত্যাল্পফলদানপীন্দ্রাদিদেবান্ যজন্তে সকামৈঃ কর্ম্মভির্ন তু সর্ব্বদেবেশ্বরং নিত্যানন্তফলপ্রদমপি মাং নিষ্কামৈস্তৈর্যজন্তে। হি যস্মাদস্মিন্মানুষে লোকে কর্ম্মজা সিদ্ধিঃ ক্ষিপ্রং ভবতি। নিষ্কামকর্ম্মারাধিতান্মত্তো জ্ঞানতো মোক্ষলক্ষণা সিদ্ধিস্তু চিরেণৈব ভবতীতি। সর্ব্বে লোকা ভোগবাসনাগ্রস্তসদসদবিবেকাঃ (সদসদবিবেকাঃ) শীঘ্র ভোগেচ্ছবস্তদর্থং ক্ষুদ্রান্ দেবান্ ভজন্তি, ন তু কশ্চিৎ সদসদ্বিবেকী সংসারদুঃখখিন্নহৃদয়ঃ খনিবৃত্তয়ে নিষ্কামকর্ম্মভিঃ সর্ব্বদেবেশং মাং ভজতীতি বিরলস্তদধি-কারীতি ভাবঃ ॥ ১২ ॥

মধুসূদন।—নন্বু ত্বামেব ভগবন্তং বাসুদেবং কিমিতি সর্ব্বে ন প্রপদ্যন্তে ইতি তত্রাহ

কাঙ্ক্ষন্ত ইতি। কর্ম্মণাং সিদ্ধিং ফলনিষ্পত্তিং কাঙ্ক্ষন্ত ইহ লোকে দেবতাঃ দেবান্ ইন্দ্রাগ্ন্যাদ্যান্ যজন্তে পূজয়ন্তি অজ্ঞানপ্রতিহতত্বাৎ ন তু নিষ্কামাঃ সন্তো মাং ভগবন্তং বাসুদেবমিতিশেষঃ, কস্মাৎ ? হি যস্মাৎ ইন্দ্রাদিদেবতাযাজিনাং তৎফলকাঙ্ক্ষিণাং কর্ম্মজা সিদ্ধিঃ কর্ম্মজন্যং ফলং ক্ষিপ্রং শীঘ্রমেব ভবতি মানুষে লোকে জ্ঞানফলমন্তঃকরণশুদ্ধিসাপেক্ষত্বান্ন ক্ষিপ্রং ভবতি মানুষে লোকে কর্ম্মফলং শীঘ্রং ভবতীতি বিশেষণাদন্যলোকেঽপি বর্ণাশ্রমধর্ম্মব্যতিরিক্তকর্ম্মফলসিদ্ধির্ভগবতা সূচিতা, যতস্তত্তৎক্ষুদ্রফলসিদ্ধ্যর্থং সকামা মোক্ষবিমুখা অন্যা দেবতা যজন্তেঽতো ন মুমুক্ষব ইব মাং বাসুদেবং সাক্ষাৎ তে প্রপদ্যন্ত ইত্যর্থঃ ॥ ১২ ॥

নীলকণ্ঠ।—কাঙ্ক্ষন্ত ইতি। হি যস্মাৎ মানুষে লোকে কর্ম্মজা সিদ্ধিঃ কাম্যকর্ম্মফলং পুত্রপশ্বাদিকং ক্ষিপ্রং ভবতি ন তু নিষ্কামকর্ম্মজা চিত্তশুদ্ধিঃ, অতো যে কর্ম্মণাং সিদ্ধিং ফলং ইহৈব ক্ষিপ্রং কাঙ্ক্ষন্তঃ কাঙ্ক্ষমাণাঃ দেবতাঃ ইন্দ্রাদীন্ যজন্তে তেঽপি মমৈব বর্ত্মানুবর্ত্তন্ত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। বক্ষ্যতি চ "যেঽপ্যন্যদেবতাভক্তাঃ" ইত্যাদি ॥ ১২ ॥

বিশ্বনাথ।—তত্রাপি মনুষ্যেষু মধ্যে কামিনস্তু মম সাক্ষাদ্ভূতমপি ভক্তিমার্গং পরিহায় শীঘ্রফলসাধকং কর্ম্মবর্ত্ম এবানুবর্ত্তন্তে ইত্যাহ কাঙ্ক্ষন্ত ইতি। কর্ম্মজা সিদ্ধিঃ স্বর্গাদিময়ী ॥ ১২ ॥

তাৎপর্য্য।—তুমি যখন রাগাদিদোষ বিরহিত সর্ব্বেশ্বর ভগবান্ এবং সকল জীবের প্রতি কৃপা সহকারে তুল্য ফল প্রদান করাই তোমার ব্যবস্থা, তখন সকলে তোমার উপাসনা করে না কেন ? এইরূপ আশঙ্কিত প্রশ্নের উত্তর এই শ্লোকে প্রদত্ত হইতেছে। যাহারা ফলাকাঙ্ক্ষী হইয়া কর্ম্মানুষ্ঠান করে এবং এই লোকে তদর্থে ইন্দ্রাদি দেবগণের আরাধনা করে, তাহারা অতিসত্বর কাঙ্ক্ষিত ফললাভ করিয়া থাকে। শাস্ত্রে নানা ফল লাভার্থ নানা দেবতা পূজার ব্যবস্থা আছে। মনুষ্য-লোকেই সেই শাস্ত্র-সম্মত ব্যবহার প্রচলিত আছে, এই জন্যই মূলে "মানুষে লোকে" এই কথা প্রযুক্ত হইয়াছে। ভগবানের এই বাক্য দ্বারা ইহাও সূচিত হইতেছে যে, অন্য লোকে বর্ণাশ্রমধর্ম্মাতীত কর্ম্মেরও ফল সিদ্ধ হইয়া থাকে। মনুষ্য লোকেই ফল লাভার্থ বর্ণাশ্রমাদি লক্ষণ কর্ম্মের আবশ্যক। কর্ম্মের ফলই ত্বরিত লাভ করা যায়, কিন্তু জ্ঞানজনিত কৈবল্যরূপ ফল তাদৃশ শীঘ্র লভ্য নহে; তাহা দুষ্প্রাপ্য। মনুষ্যেরা যে সকল ফললোভে অন্যান্য দেবতার ভজনা করে, মোক্ষরূপ পরম ধনের তুলনায় তৎসমস্ত নিতান্ত অকিঞ্চিৎকর ও অত্যল্পকালস্থায়ী। কেহ বা ধন-কামনায়, কেহ বা পুত্রলাভার্থ, কেহ স্বর্গলাভবাসনায়, কেহ বা তাদৃশ অন্য কোন ফল প্রার্থনায়, ইন্দ্র, অগ্নি, সূর্য্য, বরুণাদি দেবতার অর্চ্চনা করে।

সেই সকল ফল সহজ লভ্য হইলেও, জ্ঞান-ফলরূপ মোক্ষের সহিত কখনই সমতুল্য হইতে পারে না। তাহারা, সেই সকল তুচ্ছ ফলের লোভে মোহাচ্ছন্ন হইয়া, সাক্ষাৎ সম্বন্ধে আমার উপাসনা না করিয়া, অন্যান্য দেবতার সাধনা করে। ভগবান্ শঙ্করাচার্য্য বৃহদারণ্যকোপনিষৎ হইতে এই উপলক্ষে একটি শ্রুতি উদ্ধৃত করিয়াছেন। তাহার ভাবার্থ এইরূপ; "যাহারা অন্য দেবতার উপাসনা করে, এবং আমাকে ও অন্য দেবতাকে বিভিন্ন জ্ঞান করে, তাহারা জানে না যে, তাহারা সেই দেবতাদিগের পশুস্বরূপ।" বলীবর্দ্দ হলবহনাদি নানা কার্য্য দ্বারা কৃষিজীবি মনুষ্যগণের বিবিধ উপকার করে, অজ্ঞজনেরা তদ্রূপ নানা প্রকার কাম্য যজ্ঞ-পূজা প্রভৃতির দ্বারা দেবগণের সেবা ও পরিচর্য্যা করে। মনুষ্য যেমন পরমোপকারী পশুগণকে যৎসামান্য তৃণ জল মাত্র প্রদান করে, দেবতারাও মনুষ্যগণকে তদ্রূপ যৎসামান্য ফল প্রদান করেন মাত্র। মানব-প্রদত্ত তৃণজল, পশু-প্রদত্ত উপকারের তুলনায় অতীব সামান্য। দেবতা-প্রদত্ত ধন-পুত্রাদি ফলও মানব-প্রদত্ত যজ্ঞাদির তুলনায় অতীব সামান্য। ফলতঃ নিষ্কাম কর্ম্ম-পরায়ণ ভগবদ্ভক্তের সংখ্যা সংসারে নিতান্ত বিরল। ভোগবাসনাগ্রস্ত মানবেরা, অতি শীঘ্র ফললাভের বাসনায়, সদসদ্বিবেক বিরহিত হইয়া, মদ্ভৃত্যস্বরূপ দেবতাদিগের ভজনা করে; কিন্তু সংসারের অশেষ দুঃখ সন্দর্শনে বিধ্বস্ত-হৃদয় হইয়া, সেই অনর্থরাশির হস্ত হইতে চিরনিষ্কৃতি লাভ বাসনায়, সদসৎ বিবেক সহকারে নিষ্কাম কর্ম্মানুষ্ঠান দ্বারা সর্ব্বদেবের একেশ্বর স্বরূপ আমার ভজনা কেহই করিতে চাহে না॥ ১২॥

চাতুর্ব্বর্ণ্যং ময়া সৃষ্টং গুণকর্ম্মবিভাগশঃ।
তস্য কর্ত্তারমপি মাং বিদ্ধ্যকর্ত্তারমব্যয়ম্॥১৩॥

অন্বয়।—ময়া (ভগবতা) গুণকর্ম্ম-বিভাগশঃ (গুণানাং সত্ত্বরজস্তমসাং, কর্ম্মণাং শমদমশৌর্য্যতেজঃশুশ্রূষাদীনাং বিভাগৈঃ) চাতুর্ব্বর্ণ্যং (ব্রাহ্মণাদিবর্ণ-চতুষ্টয়ম্) সৃষ্টং তস্য (বর্ণাদিসৃষ্টিব্যাপারস্য) কর্ত্তারং (স্রষ্টারং) অপি [ফলতঃ] অকর্ত্তারং (আসক্তিরাহিত্যেন কর্তৃত্ব-বিহীনম্) অব্যয়ং (শ্রমরহিতম্) মাং বিদ্ধি (জানীহি)॥ ১৩॥

প্রতিশব্দ।—আমার-দ্বারা গুণ-কর্ম্মের বিভাগ-ক্রমে বর্ণচতুষ্টয় সৃষ্ট তাহার কর্ত্তা-ও [বস্তুতঃ] কর্ত্তৃত্বহীন শ্রমহীন আমাকে জানিবে॥ ১৩॥

ব্যাখ্যা।—যদিও সত্ত্বাদি গুণ ও শমদমশৌর্য্যবীর্য্যাদি কর্ম্মানুসারে আমিই ব্রাহ্মণ প্রভৃতি বর্ণচতুষ্টয়ের সৃষ্টি করিয়াছি, তথাপি আসক্তি-বিহীনতা-হেতু আমাকে সেই কার্য্যের কর্ত্তৃত্ববিহীন এবং তজ্জন্য আয়াসশূন্য জ্ঞান করিবে॥ ১৩॥

শঙ্করাচার্য্য।—মানুষ এব লোকে বর্ণাশ্রমাদিকর্ম্মাধিকারো নান্যেষু লোকেম্বিতি নিয়মঃ কিং নিমিত্ত ইতি। অথবা বর্ণাশ্রমাদিপ্রবিভাগোপেতাঃ মনুষ্যা মম বর্ত্মানুবর্ত্তন্তে সর্ব্বশঃ ইত্যুক্তং, কস্মাৎ পুনঃ করণাৎ নিয়মেন তথৈব বর্ত্মানুবর্ত্তন্তে নান্যস্য? ইত্যুচ্যতে চাতুর্ব্বর্ণ্যমিতি। চাতুর্ব্বর্ণ্যং চত্বার এব বর্ণাশ্চাতুর্ব্বর্ণ্যং ময়েশ্বরেণ সৃষ্টমুৎপাদিতং "ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ" ইত্যাদিশ্রুতেঃ, গুণকর্ম্মবিভাগশঃ গুণবিভাগশঃ কর্ম্মবিভাগশশ্চ, গুণাঃ সত্ত্বরজ-স্তমাংসি তত্র সাত্ত্বিকস্য সত্ত্বপ্রধানস্য ব্রাহ্মণস্য শমোদমস্তপ ইত্যাদীনি কর্ম্মাণি, সত্ত্বোপসর্জ্জন রজঃপ্রধানস্য ক্ষত্রিয়স্য শৌর্য্যতেজঃপ্রভৃতীনি কর্ম্মাণি। তমউপসর্জ্জনরজঃপ্রধানস্য বৈশ্যস্য কৃষ্যাদীনি কর্ম্মাণি, রজউপসর্জ্জনতমঃপ্রধানস্য শূদ্রস্য শুশ্রূষৈব কর্ম্মেত্যেবং গুণকর্ম্মবিভাগশঃ চাতুর্ব্বর্ণ্যং ময়া সৃষ্টমিত্যর্থঃ। তচ্চেদং চাতুর্ব্বর্ণ্যং নান্যেষু লোকেষু, অতো মানুষে লোকে ইতি বিশেষণম্। হন্ত তর্হি চাতুর্ব্বর্ণ্যস্য সর্গাদেঃ কর্ম্মণঃ কর্ত্তৃত্বাৎ তৎফলেষু যুজ্যাসে অতো ন ত্বং নিত্যমুক্তো নিত্যেশ্বর ইত্যুচ্যতে, যদ্যপি মায়াসংব্যবহারেণ তস্য কর্ম্মণঃ কর্ত্তারমপি সন্তং তথাপি মাং পরমার্থতো বিদ্ধাকর্ত্তারমতএবাব্যয়মসংসারিণঞ্চ মাং বিদ্ধি॥ ১৩॥

আনন্দগিরি।—মনুষ্যলোকে চাতুর্ব্বর্ণ্যং চাতুরাশ্রম্যমিত্যনেন দ্বারেণ কর্ম্মাধিকারে নিয়মে কারণং পৃচ্ছতি মানুষএবেতি। আদিশব্দেনাবস্থাবিশেষা বিবক্ষ্যন্তে। প্রকারান্তরেণ বৃত্তানুবাদপূর্ব্বকঞ্চোদ্যমুত্থাপয়তি অথ বেত্যাদিনা। প্রশ্নদ্বয়ং পরিহরতি উচ্যত ইতি। তর্হি তব কর্ত্তৃত্বভোক্তৃত্বসম্ভবাদস্মদাদিতুল্যত্বেনানীশ্বরত্বমিত্যাশঙ্ক্যাহ তস্যেতি। ঈশ্বরস্য বিষমসৃষ্টিং বিদধানস্য সৃষ্টিবৈষম্যনির্ব্বাহকং কথয়তি গুণেতি। গুণবিভাগেন কর্ম্মবিভাগেন চাতুর্ব্বর্ণস্য সৃষ্টিমেবোপদিষ্টাং স্পষ্টয়তি তত্রেত্যাদিনা। প্রশ্নদ্বয়প্রতিবিধানং প্রকৃতমুপসংহরতি তচ্চেদমিতি। মনুষ্যলোকে পরং বর্ণাশ্রমাদিপূর্ব্বকে কর্ম্মণ্যধিকারঃ তত্রৈব বর্ণাদেরীশ্বরেণ সৃষ্টত্বান্ন লোকান্তরেষু তত্র বর্ণাদ্যভাবাদীশ্বরমেব চাতুর্ব্বর্ণ্যাশ্রমাদিবিভাগভাগিনোঽধিকারিণোঽনুবর্ত্তন্তে, তেনৈব বর্ণাদেস্তদ্ব্যাপারস্য চ সৃষ্টত্বাৎ তদনুবর্ত্তনস্য যুক্তত্বাদিত্যর্থঃ। তস্যেত্যাদি দ্বিতীয়ভাগাপোদ্যং চোদ্যমনুবদতি হন্তেতি। যদি চাতুর্ব্বর্ণ্যাদিকর্ত্তৃত্বাদীশ্বরস্য প্রাগুক্তো নিয়মোঽভিমতস্তর্হি তদ্বিষয়সৃষ্ট্যাদেস্তন্নিষ্ঠব্যাপারস্য চ ধর্ম্মাদেনির্ব্বর্ত্তকত্বাত্তৎফলস্য কর্ত্তৃগামিত্বাৎ 'কর্ত্তৃত্বভোক্তৃ-

ন্ময়োন্বয়ি প্রসঙ্গাৎ নিত্যমুক্তত্বাদি তে ন স্যাদিত্যর্থঃ। মায়য়া কর্তৃত্বং পরমার্থতশ্চাকর্তৃত্বমিত্যভ্যুপগমান্নিত্যমুক্তত্বাদি সিধ্যতীত্যুত্তরমাহ উচ্যত ইতি। মায়াপ্রবৃত্তেন (সৎ) সংব্যবহারেণ চাতুর্বর্ণ্যাদেস্তৎকর্ম্মণশ্চ যদ্যপি কর্ত্তাহং তথাপি তথাবিধং মাং পরমার্থতোঽকর্ত্তারং বিদ্ধীতি যোজনা। অকর্তৃত্বাদেবাভোক্তৃত্বসিদ্ধিরিত্যাহ অতএবেতি ॥ ১৩॥

রামানুজ।—অথোক্তকর্ম্মারম্ভবিরোধিপাপক্ষয়হেতুমাহ চাতুর্বর্ণ্যমিতি। চাতুর্বর্ণ্যপ্রমুখং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তং কৃৎস্নং জগৎ সত্ত্বাদিগুণবিভাগেন তদনুগুণশমাদিকর্ম্মবিভাগেন চ প্রবিভক্তং ময়া সৃষ্টম্। সৃষ্টিগ্রহণং প্রদর্শনার্থং ময়ৈব রক্ষ্যতে ময়ৈবোপসংহ্রিয়তে। তস্য বিচিত্রসৃষ্ট্যাদেঃ কর্ত্তারমপ্যকর্ত্তারং মাং বিদ্ধি ॥ ১৩॥

হনুমান্।—চাতুর্বর্ণ্যমিতি। অতএব চত্বারো বর্ণাশ্চাতুর্বর্ণ্যং ময়েশ্বরেণ সৃষ্টম্, গুণাঃ সত্ত্বাদয়স্তদ্বিভাগেন চ। তত্র সাত্ত্বিকস্য ব্রাহ্মণস্য শমো দমস্তপ ইত্যাদীনি কর্ম্মাণি, সত্ত্বোপসর্জনস্য রজঃপ্রধানস্য ক্ষত্রিয়স্য শৌর্য্যতেজঃপ্রভৃতীনি কর্ম্মাণি, তমউপসর্জনস্য রজঃপ্রধানস্য বৈশ্যস্য কৃষ্যাদীনি কর্ম্মাণি, তামসস্য শূদ্রস্য শুশ্রূষৈব কর্ম্মেত্যেবং গুণকর্ম্মবিভাগশঃ চাতুর্বর্ণ্যং ময়া সৃষ্টমিত্যর্থঃ। তস্য চাতুর্বর্ণ্যস্য কর্ম্মণঃ শমপ্রভৃতেঃ কর্ত্তারং মামীশ্বরং বিদ্ধি জানীহি। বস্তুতো কর্ত্তারমপি মামব্যয়মবিকারিণম্ ॥ ১৩॥

শ্রীধর।—নন্থ কেচিৎ সকামতয়া প্রবর্ত্তন্তে কেচিন্নিষ্কামতয়েতি কর্ম্মবৈচিত্র্যং তৎকর্তৃণাঞ্চ ব্রাহ্মণাদীনামুত্তমমধ্যমাদিবৈচিত্র্যং কুর্ব্বতস্তব কথং বৈষম্যং নাস্তীত্যাশঙ্ক্যাহ চাতুর্বর্ণ্যমিতি। (চত্বারো বর্ণা এবেতি চাতুর্বর্ণ্যং স্বার্থে ষ্যঞ্ প্রত্যয়ঃ।) অয়মর্থঃ সত্ত্বপ্রধানা ব্রাহ্মণাস্তেষাং শমদমাদীনি কর্ম্মাণি, সত্ত্বরজঃপ্রধানাঃ ক্ষত্রিয়াস্তেষাং শৌর্য্যযুদ্ধাদীনি কর্ম্মাণি রজস্তমঃপ্রধানা বৈশ্যাস্তেষাঞ্চ কৃষিবাণিজ্যাদীনি কর্ম্মাণি, তমঃপ্রধানাঃ শূদ্রাস্তেষাঞ্চ ত্রৈবর্ণিকশুশ্রূষাদীনি কর্ম্মাণীত্যেবং গুণানাং কর্ম্মণাঞ্চ বিভাগৈশ্চাতুর্বর্ণ্যং ময়ৈব সৃষ্টমিতি সত্যং, তথাপ্যেবং তস্য কর্ত্তারমপি ফলতোঽকর্ত্তারমেব মাং বিদ্ধি, তত্র হেতুরব্যয়ং আসক্তিরাহিত্যেন শ্রমরহিতম্ ॥ ১৩ ॥

বলদেব।—অথ নিষ্কামকর্ম্মানুষ্ঠানবিরোধিভোগবাসনাবিনাশহেতুমাহ চাতুর্বর্ণ্যমিতি দ্বাভ্যাম্। (চত্বারো বর্ণাশ্চাতুর্বর্ণ্যং স্বার্থিকঃ ষ্যঞ্।) সত্ত্বপ্রধানা বিপ্রাস্তেষাং শমাদীনি কর্ম্মাণি, রজঃসত্ত্বপ্রধানাঃ ক্ষত্রিয়াস্তেষাং যুদ্ধাদীনি, তমোরজঃপ্রধানা বৈশ্যাস্তেষাং কৃষ্যাদীনি, তমঃপ্রধানাঃ শূদ্রাস্তেষাং বিপ্রাদিত্রিকপরিচর্য্যাদীনীতি গুণবিভাগৈঃ কর্ম্মবিভাগৈশ্চ বিভক্তাশ্চত্বারো বর্ণাঃ সর্ব্বেশ্বরেণ ময়া সৃষ্টাঃ স্থিতিসংহৃত্যোরুপলক্ষণমেতৎ। ব্রহ্মাদিস্তম্বান্তস্য প্রপঞ্চস্যাহমেব সর্গাদিকর্ত্তেতি। যদাহ সূত্রকারঃ, "জন্মাদ্যস্য যতঃ" ইতি। তস্য স্বর্গাদেঃ কর্ত্তারমপি মাং তত্তৎকর্ম্মান্তরিতত্বাদকর্ত্তারং বিদ্ধীতি স্বস্মিন্ বৈষম্যাদিকং পরিহৃতম্, এতৎ প্রাহাব্যয়মিতি। স্রষ্টৃত্বেঽপি সাম্যান্ন ব্যেমীত্যর্থঃ ॥ ১৩॥

মধুসূদন।—শরীরারম্ভকগুণবৈষম্যাদপি ন সর্ব্বে সমানস্বভাবা ইত্যাহ চাতুর্বর্ণ্য-

মিতি। (চত্বারো বর্ণাএব চাতুর্ব্বর্ণ্যং স্বার্থে ষ্যঞ্) ময়েশ্বরেণ সৃষ্টমুৎপাদিতং গুণকর্ম্মবিভাগশঃ গুণবিভাগশঃ কর্ম্মবিভাগশশ্চ, তথাহি সত্ত্বপ্রধানা ব্রাহ্মণাস্তেষাঞ্চ সাত্ত্বিকানি শমদমাদীনি কর্ম্মাণি, সত্ত্বোপসর্জ্জনরজঃপ্রধানাঃ ক্ষত্রিয়াস্তেষাঞ্চ তাদৃশানি শৌর্য্যতেজঃপ্রভৃতীনি কর্ম্মাণি, তমউপসর্জ্জনরজঃপ্রধানাঃ বৈশ্যাস্তেষাঞ্চ কৃষ্যাদীনি তাদৃশানি কর্ম্মাণি, তমঃপ্রধানাঃ শূদ্রাস্তেষাঞ্চ তাদৃশানি তামসানি ত্রৈবর্ণিকশুশ্রূষাদীনি কর্ম্মাণীতি মানুষে লোকে ব্যবস্থিতানি, এবং তর্হি বিষমস্বভাবচাতুর্ব্বর্ণ্যস্রষ্টৃত্বেন তব বৈষম্যং দুর্ব্বারমিত্যাশঙ্ক্য নেত্যাহ তস্য বিষমস্বভাবস্য চাতুর্ব্বর্ণ্যস্য ব্যবহারদৃষ্ট্যা কর্ত্তারমপি মাং পরমার্থদৃষ্ট্যা বিদ্ধ্যকর্ত্তারমব্যয়ং নিরহঙ্কারত্বেনাক্ষীণমহিমানম্ ॥ ১৩ ॥

নীলকণ্ঠ।—অন্যদেবতা ভক্তা অপি কস্মাৎ পুনঃ কারণাৎ তবৈব বর্ত্মানুবর্ত্তন্তে নান্যস্যেত্যত আহ চাতুর্ব্বর্ণ্যমিতি। চতুর্ণাং বর্ণানাং হিতং চাতুর্ব্বর্ণ্যং, (গুণাশ্চ কর্ম্মাণি চেতি গুণকর্ম্ম দ্বন্দ্বৈকবদ্ভাবঃ,) কর্ম্মাণি অগ্নিহোত্রাদীনি, গুণাশ্চ দ্রব্যদেবতাদিরূপাঃ, বিভাগশঃ সাধারণাসাধারণবিভাগেন, তথাহি দানদয়াদিকং সর্ব্বসাধারণম্ অগ্নিহোত্রাদিকং ত্রৈবর্ণিকস্যৈব ন শূদ্রস্য, রাজসূয়াদিকং রাজ্ঞ এব নেতরেষামিতি বিভাগো দৃশ্যতে, যতশ্চাতুর্ব্বর্ণ্যং গুণকর্ম্ম ময়া সৃষ্টং, ততঃ অন্যদেবতানামপি মদুৎপন্নত্বাৎ পুত্রপ্রীত্যা পিতুরিব তৎপ্রীত্যা মমৈব তৃপ্তিরস্তীত্যর্থঃ। যদ্বা গুণবিভাগশঃ কর্ম্মবিভাগশঃ ইতি যোজ্যম্। তথাহি সত্ত্বপ্রধানাঃ ব্রাহ্মণাঃ তেষাং কর্ম্ম শমাদিকম্, সত্ত্বোপসর্জ্জনরজঃপ্রধানাঃ ক্ষত্রিয়াস্তেষাং কর্ম্ম শৌর্য্যাদি, তমউপসর্জ্জনরজঃপ্রধানাঃ বৈশ্যাস্তেষাং কর্ম্ম কৃষ্যাদি, রজউপসর্জ্জনতমঃপ্রধানাঃ শূদ্রাস্তেষাং কর্ম্ম শুশ্রূষৈবেতি গুণকর্ম্মবিভাগো দৃশ্যতে, তদা (চাতুর্ব্বর্ণ্যমিতি স্বার্থে ষ্যঞ্) চত্বারো বর্ণাঃ গুণকর্ম্মবিভাগশো ময়া সৃষ্টা ইত্যর্থঃ। অন্যদেবতাভক্তা অপি মদুক্তকর্ম্মকারিত্বান্মদ্ভক্তা এবেতি ভাবঃ। নন্ু যদ্যেবং ত্বং স্বসন্ততিতর্পণেন স্বাজ্ঞাকরণেন প্রীয়সে তদর্থঞ্চ ত্বয়া চাতুর্ব্বর্ণ্যং সৃষ্টং, তর্হি মহান্ সংসারী ত্বমসীত্যাশঙ্ক্যাহ তস্যেতি। কর্ত্তারং মায়াযোগাৎ বস্তুতোঽকর্ত্তারম্, অতএবাব্যয়ং অবিকারিণম্ ॥ ১৩ ॥

বিশ্বনাথ।—নন্ু ভক্তিজ্ঞানমার্গৌ মোচকৌ কর্ম্মমার্গস্তু বন্ধক ইতি সর্ব্বমার্গস্রষ্টরি ত্বয়ি পরমেশ্বরে বৈষম্যং প্রসক্তং, তত্র নহি নহীত্যাহ চাতুর্ব্বর্ণ্যমিতি। (চত্বারো বর্ণাএব চাতুর্ব্বর্ণ্যং স্বার্থে ষ্যঞ্)। অত্র সত্ত্বপ্রধানাঃ ব্রাহ্মণাস্তেষাং শমদমাদীনি কর্ম্মাণি, রজঃসত্ত্বপ্রধানাঃ ক্ষত্রিয়াস্তেষাং শৌর্য্যযুদ্ধাদীনি কর্ম্মাণি, তমোরজঃপ্রধানাঃ বৈশ্যাস্তেষাং কৃষিগোরক্ষাদীনি কর্ম্মাণি। তমঃপ্রধানাঃ শূদ্রাস্তেষাং পরিচর্য্যাত্মকং কর্ম্ম ইত্যেবং গুণকর্ম্মবিভাগশঃ গুণানাং কর্ম্মণাঞ্চ বিভাগৈশ্চত্বারো বর্ণাঃ ময়া কর্ম্মমার্গাশ্রিতত্বেন সৃষ্টাঃ। কিন্তু তেষাং কর্ত্তারং স্রষ্টারমপি মাং অকর্ত্তারং অস্রষ্টারং এব বিদ্ধি। তেষাং প্রকৃতিগুণসৃষ্টত্বাৎ প্রকৃতেশ্চ মচ্ছক্তিত্বাৎ স্রষ্টারমপি মাং বস্তুতস্ত্বস্রষ্টারং মমপ্রকৃতিগুণাতীতস্বরূপত্বাদিতি ভাবঃ। অতএব অব্যয়ং স্রষ্টৃত্বেঽপি ন মে সাম্যং কিঞ্চিদ্ব্যেতীত্যর্থঃ ॥ ১৩ ॥

তাৎপর্য্য।—বর্ণাশ্রমাদি কর্ম্মাধিকার কেবল মনুষ্যলোকেই প্রচলিত

আছে। অন্যান্য লোকে এরূপ নিয়ম কেন প্রবর্ত্তিত নাই? শ্রীভগবান্ বলিয়াছেন, "মনুষ্যেরা সর্ব্ব প্রকারে আমারই ভজন-মার্গের অনুসরণ করে; কেনই বা তাহারা অন্য কাহারও অনুগামী না হইয়া, কেবল আমারই ভজনমার্গের অনুসরণ করে?" এই শ্লোকে এই সকল আশঙ্কার উত্তর প্রদত্ত হইয়াছে। শ্রীভগবান্ চতুর্ব্বর্ণাত্মক মনুষ্য সৃষ্টি করিয়াছেন। দেহ-প্রাপ্তির আরম্ভকালে, বর্ণগত বৈষম্য হেতু, মনুষ্যেরা সমানস্বভাবসম্পন্ন হয় নাই। সত্ত্ব, রজঃ ও তম এই গুণত্রয়ের বিভাগানুসারে এবং শম, দম, শৌর্য্য, বীর্য্য, শুশ্রূষা, পরিচর্য্যা ইত্যাদি কর্ম্ম বিভাগ-ক্রমে, মনুষ্যেরা বিভিন্ন প্রকৃতিশালী হইয়া থাকে। ব্রাহ্মণাদি বর্ণের উত্তম, মধ্যমাদি বিভাগ যেমন স্বাভাবিক, সকাম ভাবে ও নিষ্কাম ভাবে কর্ম্মানুষ্ঠান প্রবৃত্তিও সেইরূপ স্বাভাবিক। শ্রুতি বলিয়াছেন, "সৃষ্ট বর্ণসমূহের মধ্যে ব্রাহ্মণই সর্ব্বশ্রেষ্ঠ।" ব্রাহ্মণেরা সত্ত্বগুণপ্রধান এবং শম, দম, তপঃ প্রভৃতি তাঁহাদের কর্ম্ম। সত্ত্বসহকৃত রজোগুণপ্রধান ক্ষত্রিয়গণের শৌর্য্য, তেজঃ প্রভৃতিই কর্ম্ম। তমঃসহকৃত রজোগুণপ্রধান বৈশ্যদিগের গোপালন, কৃষি, বাণিজ্যাদিই কর্ম্ম। তমোগুণপ্রধান শূদ্রগণের উল্লিখিত বর্ণগণের শুশ্রূষা ও পরিচর্য্যাই কর্ম্ম। এই রূপ গুণ ও কর্ম্ম বিভাগক্রমে ভগবানের দ্বারা বর্ণচতুষ্টয় সৃষ্ট হইয়াছে। অন্য কোন লোকেই এরূপ চাতুর্ব্বর্ণ্যের ব্যবস্থা নাই; সুতরাং কেবল মনুষ্য লোকেই বর্ণাশ্রম বিধানানুসারে কর্ম্মানুষ্ঠান আবশ্যক। এক্ষণে আশঙ্কা হইতে পারে, যখন এই চাতুর্ব্বর্ণ্য ভগবান্ কর্ত্তৃক সৃষ্ট, তখন অবশ্যই তজ্জন্য তাঁহারই উপর কর্ত্তৃত্বের ও তজ্জনিত ফলের আরোপ করিতে হইবে। সেই জন্য ভগবান্ বলিতেছেন যে, "কর্ত্তা হইলেও আমাকে অকর্ত্তা ও অব্যয় বলিয়া জানিবে"। কারণ, তিনি অহঙ্কার ও আসক্তিবিরহিত। সুতরাং কর্ত্তৃত্বাভিমান না থাকায়, কোন কর্ম্মের কর্ত্তৃত্ব তাঁহাতে আরোপিত হইতে পারে না। তিনি নির্ব্বিকার ও নির্লিপ্ত। অতএব কর্ত্তা হইলেও, তিনি অকর্ত্তা এবং মূল হইলেও তিনি সম্বন্ধশূন্য ॥ ১৩ ॥

ন মাং কর্ম্মাণি লিম্পন্তি ন মে কর্ম্মফলে স্পৃহা ।
ইতি মাং যোঽভিজানাতি কর্ম্মভির্ন স বধ্যতে ॥ ১৪ ॥

অন্বয় ।—কর্ম্মাণি (বিশ্বসৃষ্ট্যাদীনি) মাং ন লিম্পন্তি (আসক্তং কুর্ব্বন্তি) কর্ম্মফলে মে স্পৃহা (তৃষ্ণা) ন ইতি (ইত্যেবং) যঃ মাং অভিজানাতি সঃ কর্ম্মভিঃ ন বধ্যতে (সোঽপি অকর্ত্রাত্মজ্ঞানেন অহঙ্কারাদিরাহিত্যাৎ সংসারবন্ধনবিরহরূপং মোক্ষং লভতে) ॥ ১৪ ॥

প্রতিশব্দ ।—কর্ম্ম সকল আমাকে আসক্ত করে না, কর্ম্মফলে আমার স্পৃহা নাই, এরূপ যিনি আমাকে জানেন, তিনি কর্ম্মে বদ্ধ হন না ॥ ১৪ ॥

ব্যাখ্যা ।—আমি বিশ্বরচনা প্রভৃতি যাবতীয় কর্ম্মের কর্ত্তা হইলেও কোন কর্ম্মেই আসক্ত নহি এবং কোনই কর্ম্মফল লাভার্থ আমার অন্তরের ব্যাকুলতা নাই ; এই তত্ত্ব যিনিসম্যক্‌রূপে পরিজ্ঞাত হইয়াছেন, তাঁহার আর কর্ম্মবন্ধন থাকে না ॥ ১৪ ॥

শঙ্করাচার্য্য ।—যেষাস্তু কর্ম্মণাং কর্ত্তারং মাং মন্যসে পরমার্থতস্তেষামকর্ত্তৈবাহং যতঃ ন মামিতি । ন মাং তানি কর্ম্মাণি লিম্পন্তি দেহাদ্যারম্ভকত্বেনাহঙ্কারাভাবাৎ, ন চ তেষাং কর্ম্মণাং ফলেষু মে স্পৃহা তৃষ্ণা, যেষান্তু সংসারিণাং অহং কর্ত্তেত্যভিমানঃ কর্ম্মসু স্পৃহা তৎফলেষু চ তান্ কর্ম্মাণি লিম্পন্তীতি যুক্তং, তদভাবান্ন মাং কর্ম্মাণি লিম্পন্তীত্যেবং যোঽন্যোঽপি মামাত্মত্বেনাভিজানাতি নাহং কর্ত্তা ন মে কর্ম্মফলে স্পৃহেতি স কর্ম্মভির্ন বধ্যতে তস্যাপি ন দেহাদ্যারম্ভকাণি কর্ম্মাণি ভবন্তীত্যর্থঃ ॥ ১৪ ॥

আনন্দগিরি ।—ঈশ্বরস্য কর্তৃত্বভোক্তৃত্বয়োর্ব্বস্তুতোঽভাবে কর্ম্মতৎফলসম্বন্ধবৈধুর্য্যং ফলতীত্যাহ যেষাং ত্বিতি । কর্ম্মতৎফলসংস্পর্শশূন্যমীশ্বরং মাং পশ্যতো দর্শনানুরূপং ফলং দর্শয়তি ন মামিতি, তানি কর্ম্মাণীতি । যেষাং কর্ম্মণামহং কর্ত্তা ত্বয়াভিমতস্তানীতি যাবৎ । দেহেন্দ্রিয়াদ্যারম্ভকত্বেন তেষাং কর্ম্মণামীশ্বরে সংস্পর্শাভাবে তস্য তৎকারণাবস্থায়ামহঙ্কারাভাবং হেতুং করোতি অহঙ্কারাভাবাদিতি । কর্ম্মফলতৃষ্ণাভাবাচ্চেশ্বরং কর্ম্মাণি ন লিম্পন্তীত্যাহ ন চেতি । উক্তমেব প্রপঞ্চয়তি যেষাং ত্বিতি । তদভাবাৎ কর্ম্মস্বহং কর্ত্তেত্যভিমানস্য তৎফলেষু স্পৃহায়াশ্চাভাবাদিত্যর্থঃ । ঈশ্বরস্য কর্ম্মণি নির্লেপেঽপি ক্ষেত্রজ্ঞস্য কিমায়াতমিত্যাশঙ্ক্যোত্তরার্দ্ধং ব্যাচষ্টে ইত্যেবমিতি । অভিজ্ঞানপ্রকারমভিনয়তি নাহমিতি । জ্ঞানফলং কথয়তি স কর্ম্মভিরিতি । কর্ম্মাসম্বন্ধং বিবৃণোতি বিশদয়তি তস্যাপীতি ॥ ১৪ ॥

রামানুজ।—কথমিত্যত্রাহ ন মামিতি। যত ইমানি বিচিত্রসৃষ্ট্যাদীনি কর্ম্মাণি ন মাং লিম্পন্তি ন মাং সংবধ্নন্তি ন মৎপ্রযুক্তানীমানি দেবমনুষ্যাদি বৈচিত্র্যাণি সৃজ্যানাং পুণ্যপাপরূপকর্ম্মবিশেষ প্রযুক্তানীত্যর্থঃ। অত্র প্রাপ্তাপ্রাপ্তবিবেকেন বিচিত্রসৃষ্ট্যাদের্নাহং কর্ত্তা, যতশ্চ সৃষ্টাঃ ক্ষেত্রজ্ঞাঃ সৃষ্টিলব্ধকরণকলেবরাঃ সৃষ্টিলব্ধং ভোগ্যজাতং ফলসঙ্গাদিহেতুভিঃ স্বকর্ম্মানুগুণং ভুঞ্জতে, সৃষ্ট্যাদিকর্ম্মফলেন চ তেষামেবং স্যাদিতি, ন মে স্পৃহা। তথাহি সূত্রকারঃ, "বৈষম্যনৈর্ঘৃণ্যে ন সাপেক্ষত্বাৎ" ইতি। তথাহ ভগবান্ পরাশরঃ, "নিমিত্তমাত্রমেবায়ং সৃজ্যানাং সর্গকর্ম্মণি। প্রধানকারিণী ভূতা যতো বৈ সৃজ্যশক্তয়ঃ॥ নিমিত্তমাত্রমুক্ত্বেদং নান্যৎ কিঞ্চিদপেক্ষতে। নীয়তে তপতাং শ্রেষ্ঠ! স্বশক্ত্যা বস্তুবস্তুতাম্॥" ইতি সৃজ্যানাং দেবাদীনাং ক্ষেত্রজ্ঞানাং সৃষ্টেঃ কারণমাত্রমেবায়ং পরমপুরুষঃ, দেবাদিবৈচিত্র্যে তু প্রধানং কারণং, সৃজ্যভূতক্ষেত্রজ্ঞানাং প্রাচীনকর্ম্মশক্তয় এব। অতো নিমিত্তমাত্রমুক্ত্বা সৃষ্টেঃ কর্ত্তারং পরমপুরুষমুক্ত্বা ইদং ক্ষেত্রজ্ঞবস্তু দেবাদিবিচিত্রভাবেনান্যদপেক্ষতে, স্বগতপ্রাচীনকর্ম্মশক্ত্যৈব হি দেবাদিবস্তুভাবমুপনীয়ত ইত্যর্থঃ। এবমুক্তেন প্রকারেণ সৃষ্ট্যাদেঃ কর্ত্তারমপ্যকর্ত্তারং সৃষ্ট্যাদিকর্ম্মফলসঙ্গরহিতঞ্চ যো মামভিজানাতি স কর্ম্মযোগারম্ভবিরোধিভিঃ ফলসঙ্গাদিহেতুভিঃ প্রাচীনকর্ম্মভির্ন বধ্যতে মুচ্যতে ইত্যর্থঃ॥ ১৪॥

হনুমান্।—কর্ত্তৃত্বং কর্ম্মফলসম্বন্ধাৎ তবানীশ্বরত্বমিত্যাশঙ্ক্যাহ ন মামিতি। ন মাং কর্ম্মাণি যজ্ঞাদীনি লিম্পন্তি উপশ্লিষ্যন্তি দেহাদ্যারম্ভকত্বেন অহঙ্কারাভাবাৎ ন মে কর্ম্মফলে স্পৃহা অতো হেতোরকর্ত্তা আত্মজ্ঞানাদহং কর্ম্মভিরলিপ্ত ইত্যতোঽপি মাং পরমাত্মানং যোঽভিজানাত্যেব গচ্ছতি কর্ম্মভির্ন সম্বধ্যতে ন লিপ্যতে॥ ১৪॥

শ্রীধর।—তদেব দর্শয়ন্নাহ ন মামিতি। কর্ম্মাণি বিশ্বসৃষ্ট্যাদীন্যপি মাং ন লিম্পন্তি আসক্তং ন কুর্ব্বন্তি নিরহঙ্কারত্বাদাপ্তকামত্বেন মম কর্ম্মফলে স্পৃহাভাবাচ্চ, মাং ন লিম্পন্তীতি কিং বক্তব্যং, যতঃ কর্ম্মলেপরাহিত্যেন মাং যোঽভিজানাতি সোঽপি কর্ম্মভির্ন বধ্যতে, মম নির্লেপকারণং নিরহঙ্কারত্বনিস্পৃহত্বাদিকং জানতস্তস্যাপ্যহঙ্কারাদিশৈথিল্যাৎ॥ ১৪॥

বলদেব।—এতদ্বিশদয়তি ন মামিতি। কর্ম্মাণি বিশ্বসর্গাদীনি মাং ন লিম্পন্তি বৈষম্যাদিদোষেণ জীবমেব লিপ্তং ন কুর্ব্বন্তি যত্তানি সৃজ্যজীবকর্ম্মপ্রযুক্তানি ন চ মৎপ্রযুক্তানি, ন চ সর্গাদিকর্ম্মফলে মম স্পৃহাস্ত্যতো ন লিম্পন্তীতি। ফলস্পৃহয়া যঃ কর্ম্মাণি করোতি স তৎফলৈর্লিপ্যতে। অহন্তু স্বরূপানন্দপূর্ণঃ প্রকৃতিবিলীনক্ষেত্রজ্ঞবুভুক্ষাভ্যুদিতদয়ঃ পর্জন্যবন্নিমিত্তমাত্রঃ সন্ তৎকর্ম্মাণি প্রবর্ত্তয়ামীতি। স্মৃতিশ্চ, "নিমিত্তমাত্রমেবাসৌ সৃজ্যানাং সর্গকর্ম্মণি। প্রধানকারণীভূতা যতো বৈ সৃজ্যশক্তয়ঃ॥" ইত্যাদ্যাঃ। সৃজ্যানাং দেবমানবাদিভাবভাজাং ক্ষেত্রজ্ঞানাং সর্গক্রিয়ায়ামসৌ পরেশো নিমিত্তমাত্রমেব দেবাদিভাববৈচিত্র্যাং কারণীভূতাস্তু সৃজ্যানাং তেষাং প্রাচীনকর্ম্মশক্তয় এব ভবন্তীতি তদর্থঃ। এবমাহ সূত্রকৃৎ, "বৈষম্যনৈর্ঘৃণ্যে ন" ইত্যাদিনা। এবং জানন্ত

ফলমাহেতি মামিতি। ইত্থম্ভূতং মাং যোঽভিজানাতি স তদ্বিরোধিভিস্তৈঃকর্তৃভিঃ প্রাচীনকর্ম্মভির্ন বধ্যতে তৈর্বিমুচ্যত ইত্যর্থঃ ॥ ১৪ ॥

মধুসূদন।—ন মামেতি। কর্ম্মাণি বিশ্বসর্গাদীনি মাং নিরহঙ্কারত্বেন কর্তৃত্বাভিমান-হীনং ভগবন্তং ন লিম্পন্তি দেহারম্ভকত্বেন ন বধ্নন্তি এবং কর্তৃত্বং নিরাকৃত্য ভোক্তৃত্বং নিরাকরোতি ন মে মম আপ্তকামস্য কর্ম্মফলে স্পৃহা তৃষ্ণা"আপ্তকামস্য কা স্পৃহা"ইতি শ্রুতেঃ, কর্তৃত্বাভিমানফলস্পৃহাভ্যাং হি কর্ম্মাণি লিম্পন্তি তদভাবান্ন মাং কর্ম্মাণি লিম্পন্তীতি। এবং যোঽন্যোঽপি মামকর্তারমভোক্তারঞ্চাত্মত্বেনাভিজানাতি কর্ম্মভির্ন স বধ্যতে, অকর্ত্রাত্ম-জ্ঞানেন মুচ্যতে ইত্যর্থঃ ॥ ১৪ ॥

নীলকণ্ঠ।—নমু কর্ত্তুরপি কথমকর্তৃত্বমিতি আহ ন মামিতি। কর্ম্মলেপোঽপি কুতো নাস্তীত্যত আহ ন মে ইতি। যঃ কর্তৃত্বাভিমানী স লিপ্যতে, যস্তু ফলেচ্ছুঃ স এবাত্মনঃ কর্তৃত্বং মন্যত ইতি ফলেচ্ছাভাবাদকর্ত্তা অকর্তৃত্বাচ্চ ন লিপ্যতেঽহং ইতি মাং যোঽভি-জানাতি স কর্ম্মফলস্পৃহাত্যাগাৎ কর্ম্মভির্ন নিবধ্যতে ॥ ১৪ ॥

বিশ্বনাথ।—নন্বেতত্তাবদাস্তাং সম্প্রতি ত্বং ক্ষত্রিয়কুলেঽবতীর্ণঃ ক্ষত্রিয়জাত্যুচিতানি কর্ম্মাণি প্রত্যহং করোষ্যেব তত্র কা বার্ত্তেত্যত আহ ন মামিতি। ন লিম্পন্তি জীবমিব ন লিপ্তীকুর্ব্বন্তি। নাপি জীবস্যেব কর্ম্মফলে স্বর্গাদৌ স্পৃহা, পরমেশ্বরত্বেন স্বানন্দপূর্ণত্বেঽপি লোকপ্রবর্ত্তনার্থমেব মে কর্ম্মাদিকরণমিতিভাবঃ। ইতি মামিতি যস্তু ন জানাতি স কর্ম্মভির্বধ্যতে ইতি ভাবঃ ॥ ১৪ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকের ভাব এই শ্লোকে আরও বিশদীকৃত হই-তেছে। ভগবান্ কর্তৃত্বাভিমানবিহীন, এজন্য কোন কর্ম্মেই তিনি আসক্ত নহেন। তাঁহার কর্ম্মজনিত ফললাভে কখনই লালসা নাই। যাঁহার অহঙ্কার ও অভিমান নাই, তাঁহার কোন কর্ম্মে আসক্তি বা তাহার ফল-ভোগার্থ স্পৃহা কখনই থাকিতে পারে না। তৈল ও জল একপাত্রস্থ হইলেও, উভয়েই যেমন স্বতন্ত্র থাকে, ভগবান্‌ও কর্ম্মের সহিত তদ্রূপ সংযুক্ত থাকি-লেও, তিনি কর্ম্ম হইতে স্বতন্ত্র। পদ্মপত্র জলে ভাসমান থাকিলেও, তাহা যেমন জলের প্রলেপযুক্ত হয় না, তদ্রূপ ভগবান্ সর্ব্বদা কর্ম্মপরায়ণ হইলেও, তিনি কর্ম্ম-লেপ-রহিত। এই জন্যই তিনি বিশ্বের স্রষ্টা হইলেও, তদ্বিষয়ে উদাসীন; সকল কার্য্যের কর্ত্তা হইলেও, কর্তৃত্ববিহীন; সকল ব্যাপারের মূলস্বরূপ হইলেও, নিঃসম্পর্কিত। এই কারণেই ভগবান্ বলিতেছেন, যে ব্যক্তি আমার এই ভাব সম্যক্‌রূপে অবগত হইয়াছে, তাহার আর কর্ম্মবন্ধন থাকে না। যে মানব আমার এই অকর্তৃত্ব অভোক্তৃত্বাদি স্বভাব বিহিতরূপে

পরিজ্ঞাত হইয়াছে, সেও অহঙ্কার ও স্পৃহা শূন্য হইয়া জন্মমরণরূপ ভববন্ধন বিনির্ম্মুক্ত হয়। আমার প্রকৃতি উপলব্ধি করায় তাহারও আত্মজ্ঞান জন্মে, এবং আত্মজ্ঞানের ফলস্বরূপ মুক্তি তাহার আয়ত্ত হয়।

শ্রীমদ্রামানুজাচার্য্য ও শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। এই যে বিচিত্র সৃষ্টি-ব্যাপার বিশ্বের চতুর্দ্দিকে পরিব্যাপ্ত রহিয়াছে, তাহা আমাকে লিপ্ত করিতে পারে না। জীবগণ কৃত কার্য্যের ফলাফলে যেরূপ লিপ্ত হয়, সৃষ্ট্যাদি কর্ম্মে কোনই স্পৃহা না থাকায়, আমাকে তাহা সেরূপ প্রলেপিত করিতে পারে না। এই দেবমনুষ্যাদি বৈচিত্র্য আমার দ্বারা সঙ্ঘটিত হয় নাই। স্ব স্ব পাপ ও পুণ্যানুসারে কেহ বা দেবতা, কেহ বা মনুষ্যরূপে জন্মলাভ করিতেছে। মনুষ্যের বিবেকের তারতম্যই তাহাদের উন্নতি বা অবনতির হেতুভূত; আমি তাহার কর্ত্তা নহি। সৃষ্ট ক্ষেত্রজ্ঞেরা অর্থাৎ দেহধারিগণ (ক্ষেত্রজ্ঞ শব্দের বিশেষ বৃত্তান্ত ত্রয়োদশ অধ্যায়ে থাকিবে) ইন্দ্রিয়যুক্ত কলেবর লাভ করিয়া, স্ব স্ব গুণকর্ম্মানুসারে আসক্তি সহকারে সৃষ্টিলব্ধ ভোগ্য সমূহ উপভোগ করে। আমি স্বরূপানন্দ পূর্ণ; সুতরাং স্পৃহা-বিবর্জ্জিত ভাবেই সৃষ্টিকার্য্য নির্ব্বাহ করিয়া থাকি। মেঘ যেমন প্রাকৃতিক নিয়মে অবনীমণ্ডল হইতে বাষ্প আকর্ষণ করিয়া বারিবর্ষণ করে এবং সেই কার্য্যে মেঘ যেমন ইচ্ছা সহকারে বা কোন ফলকামনায় প্রবৃত্ত হয় না, আমিও তদ্রূপে এই বিশ্বরচনা ব্যাপারে নির্লিপ্তভাবে বিনিযুক্ত রহিয়াছি। জগতে যে বৈষম্য পরিদৃষ্ট হয়, আমি তাহার কারণ নহি। আমার একের প্রতি দয়া, অপরের প্রতি ঘৃণা নাই। ভগবান্ বেদব্যাসও এই উক্তির সমর্থন করিয়াছেন। ভগবান্ পরাশরও বলিয়াছেন, সৃজ্যগণের সৃষ্টিব্যাপারে আমি কেবল নিমিত্তকারণ মাত্র। সকলেই স্ব স্ব কর্ম্মানুসারে উন্নতি ও অবনতি লাভ করিয়া থাকে। অতএব সৃজ্যগণের দেব-মনুষ্যাদি বিচিত্রতা বিষয়ে তাহাদের প্রাচীন কর্ম্মই একমাত্র কারণ; আমি পরমপুরুষ ও পরেশ, কেবল সৃষ্টিবিষয়ে নিমিত্তমাত্র; আমি সৃষ্টিব্যাপারের কর্ত্তা হইলেও বস্তুতঃ তৎসম্বন্ধে অকর্ত্তা এবং কর্ম্মফলে সঙ্গহীন; এই রহস্য যিনি প্রণিধান করিতে সক্ষম, তিনি ফলাকাঙ্ক্ষাবিহীন এবং কর্ম্মযোগের প্রতিকূল ফলকামনাশূন্য হইয়া পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্ম-ফলাদি নির্ম্মুক্ত হন এবং মোক্ষ লাভ করেন॥ ১৪॥

এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বৈরপি মুমুক্ষুভিঃ।
কুরু কর্ম্মৈব তস্মাৎ ত্বং পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতম্ ॥১৫॥

অন্বয়।—এবং (অহং ন কর্ম্মকর্ত্তা ন চ মে কর্ম্মফলে স্পৃহা অপিচ নিরহঙ্কারিত্ব-নিস্পৃহত্বভাবেনানুষ্ঠিতং কর্ম্মবন্ধকং ন ভবতীতি) জ্ঞাত্বা পূর্ব্বৈঃ (পূর্ব্বকালীনৈঃ জনকাদিভিরিত্তি যাবৎ) মুমুক্ষুভিঃ (মোক্ষার্থিভিঃ) অপি কর্ম্ম কৃতং তস্মাৎ (তদ্ধেতুনা) ত্বং পূর্ব্বৈঃ পূর্ব্বতরং (যুগান্তরেষপি) কৃতং কর্ম্ম এব কুরু ॥ ১৫ ॥

প্রতিশব্দ।—এইরূপ জানিয়া পূর্ব্বকালীন মুক্তিকামীগণও কর্ম্ম করিয়াছেন; অতএব তুমি অতীতকালজাতগণের যুগান্তরে অনুষ্ঠিত কর্ম্মই কর ॥ ১৫ ॥

ব্যাখ্যা।—আমি কর্ম্মের কর্ত্তা নহি এবং আমার কর্ম্মফলে স্পৃহাও নাই, এইরূপ বিশ্বাসের বশবর্ত্তী হইয়া জনকাদি পূর্ব্বকালীন মুক্তিলাভার্থিগণ কর্ম্মানুষ্ঠান করিয়াছেন; অতএব তুমিও সেই পূর্ব্বতন পুরুষগণের যুগান্তরে অনুষ্ঠিত কর্ম্মমার্গের অনুগামী হও ॥ ১৫ ॥

শঙ্করাচার্য্য।—নাহং কর্ত্তা ন মে কর্ম্মফলে স্পৃহেতি এবমিতি। এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বৈরপ্যতিক্রান্তৈর্মুমুক্ষুভিঃ কুরু তেন কর্ম্মৈব ত্বং ন তূষ্ণীমাসনং, নাপি সন্ন্যাসঃ কর্ত্তব্যস্তস্মাৎ ত্বং পূর্ব্বৈরপ্যনুষ্ঠিতত্বাদ্যদ্যনাত্মজ্ঞস্ত্বং তদাত্মশুদ্ধ্যর্থং তত্ত্ববিচ্চেল্লোকসংগ্রহার্থং পূর্ব্বৈর্জ্জনকাদিভিঃ পূর্ব্বতরং কৃতং নাধুনাতনং কৃতং নির্ব্বর্ত্তিতম্ ॥ ১৫ ॥

আনন্দগিরি।—তব কর্ম্মতৎফলসম্বন্ধাভাবে তথা জ্ঞানবতশ্চ তদসম্বন্ধে মমাপি কিং কর্ম্মণেত্যাশঙ্ক্য কর্ম্মণি কর্ত্তৃত্বাভিমানং তৎফলে স্পৃহাঞ্চাকৃত্বা মুমুক্ষুবৎ ত্বয়া কর্ম্ম কর্ত্তব্যমেবেত্যাহ নাহমিত্যাদিনা। এবমিতি নাহং কর্ত্তেত্যেবমাদি পরামৃশ্যতে, তেন পূর্ব্বৈর্মুমুক্ষুভিরনুষ্ঠিতত্বেন হেতুনেত্যর্থঃ। কর্ম্মৈবেত্যেবকারার্থমাহ নেত্যাদিনা। (ত্বংশব্দস্য ক্রিয়াপদেন সম্বন্ধঃ) তস্মাদিত্যুক্তমেব স্ফুটয়তি পূর্ব্বৈরিতি। যদুক্তং কিং মম কর্ম্মণেতি, তত্র ত্বমজ্ঞো বা তত্ত্ববিদ্বা যদ্যজ্ঞস্তদা চিত্তশুদ্ধ্যর্থং কুরু কর্ম্মেত্যাহ যদীতি। দ্বিতীয়ং প্রত্যাহ তত্ত্ববিদিতি। কুরু কর্ম্মেতি সম্বন্ধঃ। পূর্ব্বৈর্মুমুক্ষুভিরাচরিতমিত্যেতাবতা কিমিতি বিবেকবতা ময়া তৎকর্ত্তব্যমিত্যাশঙ্ক্যাহ জনকাদিভিরিতি। তে তদৈব সম্পাদ্য কর্ম্ম কৃতবন্তো ন তদিদানীমপ্রামাণিকত্বাদনুষ্ঠেয়মিত্যাশঙ্ক্যাহ পূর্ব্বতরমিতি ॥ ১৫ ॥

রামানুজ।—এবমিতি। এবং মাং জ্ঞাত্বাপি বিমুক্তপাপৈঃ পূর্ব্বৈরপি মুমুক্ষুভিরুক্ত

লক্ষণং কর্ম্ম কৃতং, তস্মাৎ ত্বমুক্তপ্রকারঃ মদ্বিষয়জ্ঞানবিধূতপাপঃ। পূর্ব্বৈর্বিবস্বন্মম্বাদিভিঃ কৃতং পূর্ব্বতরং পুরাতনং তদানীমেব ময়োক্তং বক্ষ্যমাণাকারং কর্ম্মৈব কুরু ॥ ১৫ ॥

হনূমান্।—এবং জ্ঞাত্বেতি। অহমেবেশ্বরঃ কর্ম্মণঃ স্রষ্টা অহমেব চ কর্ত্তেতি জ্ঞাত্বা পূর্ব্বৈঃ পূর্ব্বপুরুষৈঃ পূর্ব্বতরমেব কৃতং কর্ম্ম ত্বং তস্মাদেব হেতোঃ কুরু ॥ ১৫ ॥

শ্রীধর।—"যে যথা মাম্" ইত্যাদিচতুর্ভিঃ শ্লোকৈঃ প্রাসঙ্গিকমীশ্বরস্য বৈষম্যং পরিহৃত্য পূর্ব্বোক্তমেব কর্ম্মযোগং প্রপঞ্চয়িতুমনুস্মারয়তি এবমিতি। অহঙ্কারাদিরাহিত্যেন কৃতং কর্ম্মবন্ধকং ন ভবতীত্যেবং জ্ঞাত্বা পূর্ব্বৈর্জনকাদিভিরপি মুমুক্ষুভিঃ সত্ত্বশুদ্ধ্যর্থং পূর্ব্বতরং যুগান্তরেষপি কৃতং, তস্মাৎ ত্বমপি প্রথমং কর্ম্মৈব কুরু ॥ ১৫ ॥

বলদেব।—এবমিতি। মামেবং জ্ঞাত্বা তদনুসারিভির্মচ্ছিষ্যৈঃ পূর্ব্বৈর্বিবস্বদাদিভির্মুমুক্ষুভির্নিষ্কামং কর্ম্ম কৃতং, তস্মাৎ ত্বমপি কর্ম্মৈব তৎ কুরু ন তু কর্ম্মসন্ন্যাসম্। অশুদ্ধচিত্তশ্চেজ্জ্ঞানগর্ভায়ৈ চিত্তশুদ্ধ্যৈ শুদ্ধচিত্তশ্চেল্লোকসংগ্রহায়েত্যর্থঃ। কীদৃশং পূর্ব্বৈস্তৈঃ কৃতং পূর্ব্বতরমতিপ্রাচীনম্ ॥ ১৫ ॥

মধুসূদন।—এবমিতি। যতো নাহং কর্ত্তা ন মে কর্ম্মফলস্পৃহেতি জ্ঞানাৎ কর্ম্মভির্ন বধ্যতে, অত এবমাত্মনোঽকর্ত্তৃঃ কর্ম্মালেপং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম পূর্ব্বৈরতিক্রান্তৈরপি অস্মিন্ যুগে যযাতিযদুপ্রভৃতিভির্মুমুক্ষুভিঃ, তস্মাৎ ত্বমপি কর্ম্মৈব কুরু ন তূষ্ণীমাসনং নাপি সন্ন্যাসম্, যদি অতত্ত্ববিৎ তদাত্মশুদ্ধ্যর্থং তত্ত্ববিৎ চেল্লোকসংগ্রহার্থং পূর্ব্বৈঃ জনকাদিভিঃ পূর্ব্বতরং অতিপূর্ব্বং যুগান্তরেঽপি কৃতং, এতেনাস্মিন্ যুগে অন্যযুগে চ পূর্ব্বপূর্ব্বতরৈঃ কৃতত্বাদবশ্যং ত্বয়া কর্ত্তব্যং কর্ম্মেতি দর্শয়তি ॥ ১৫ ॥

নীলকণ্ঠ।—এতদেব শিষ্টাচারপ্রদর্শনপূর্ব্বকং গ্রাহয়তি এবং জ্ঞাত্বেতি। পূর্ব্বতরং বেদোক্তত্বাৎ, নত্বধুনা কেনচিৎ কল্পিতমিত্যর্থঃ, পূর্ব্বতরং প্রথমতরং কৃতং অত্যাবশ্যকত্বাদিতি বার্থঃ ॥ ১৫ ॥

বিশ্বনাথ।—এবমিতি। এবং এবম্ভূতমেব মাং জ্ঞাত্বা পূর্ব্বৈ জনকাদিভিরপি লোকপ্রবর্ত্তনার্থমেব কর্ম্ম কৃতম্ ॥ ১৫ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবান্ পূর্ব্ব দুই শ্লোকে প্রতিপাদন করিয়াছেন যে, তিনি কর্ত্তা হইলেও অকর্ত্তা এবং তাঁহার কর্ম্ম-ফল লাভার্থ কোনই স্পৃহা নাই। আর একাদশ, দ্বাদশ, ত্রয়োদশ ও চতুর্দ্দশ এই শ্লোকচতুষ্টয়ে ইহাও প্রদর্শন করিয়াছেন যে, তাঁহার বিচার-বৈষম্য নাই এবং তাঁহার কোথায় অনুগ্রহ বা কোথায় নিগ্রহ নাই। তাঁহার এই ভাব সম্যক্‌রূপে হৃদ্গত করিলে যে প্রভূত কল্যাণ নিশ্চয়ই সাধিত হইয়া থাকে, ইহাই এক্ষণে প্রদর্শন-ব্যপদেশে, প্রসঙ্গতঃ পূর্ব্বকথিত কর্ম্মযোগের মাহাত্ম্য পুনরায় কীর্ত্তন করিতেছেন এবং অর্জ্জুনের স্মৃতিপথে তাহা সমুদিত করাইয়া দিতে-

ছেন। এইরূপে আত্মাকে কর্ম্মের কর্ত্তৃত্ববিহীন এবং কর্ম্ম-প্রলেপ-বিরহিত জানিয়া এই দ্বাপর যুগে যযাতি (২৪৯ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য), যদু প্রভৃতি রাজগণ এবং তৎপূর্ব্বেও জনকাদি মুক্তিলাভেচ্ছুগণ কর্ম্মের অনুষ্ঠান করিয়াছেন। তাঁহাদিগের দৃষ্টান্ত দর্শন করিয়া, তোমারও কর্ম্ম সম্বন্ধে ঔদাসীন্য অবলম্বন করা বা নিষ্ক্রিয় ও নির্ব্বাক্ হওয়া, অথবা সন্ন্যাস গ্রহণ করা কখনই শোভা পায় না। অতত্ত্ববিদেরা চিত্তশুদ্ধির নিমিত্ত এবং তত্ত্ববিদেরা লোকহিতার্থ কর্ম্মানুষ্ঠান করেন। এইরূপ কর্ম্মানুষ্ঠান পদ্ধতি ইদানীন্তন কালে প্রবর্ত্তিত হয় নাই; ইহা যুগ-যুগান্তর অতিক্রম করিয়া সৃষ্টির আদিকাল হইতে চলিয়া আসিতেছে। অতএব তোমার পক্ষেও প্রথমে এইরূপ কর্ম্ম অবশ্য কর্ত্তব্য।

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। এইরূপে আমাকে জানিয়া এবং তজ্জন্য পাপ-পরিহীন হইয়া পূর্ব্বকালেও মুমুক্ষুগণ কর্ত্তৃক পূর্ব্বোক্ত লক্ষণ কর্ম্মানুষ্ঠিত হইয়াছে। অতএব তুমি উক্ত প্রকার মদ্বিষয়-পরিজ্ঞান-জনিত বিধৌত-পাপ হইয়া বৈবস্বত মনু প্রভৃতির অনুষ্ঠিত এবং তদানীন্তন কালে মদ্বিবৃত বক্ষ্যমাণরূপ কর্ম্মই কর ॥ ১৫ ॥

কিং কর্ম্ম কিমকর্ম্মেতি কবয়োঽপ্যত্র মোহিতাঃ।
তৎ তে কর্ম্ম প্রবক্ষ্যামি যজ্জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ ॥১৬॥

অন্বয়।— কিং কর্ম্ম (কর্ত্তব্যং) কিং অকর্ম্ম (অকর্ত্তব্যং) ইতি অত্র (অস্মিন্ অর্থে) কবয়ঃ (মেধাবিনঃ) অপি মোহিতাঃ (দুরবগম্যত্বাৎ নির্ণয়িতুং মোহং গতাঃ) তৎ (তস্মাৎ) তে (তুভ্যং) কর্ম্ম প্রবক্ষ্যামি (সন্দেহোচ্ছেদেন কথয়িষ্যামি) যৎ জ্ঞাত্বা (বিদিত্বা) অশুভাৎ (সংসারাৎ) মোক্ষ্যসে (মুক্তঃ ভবিষ্যসি) ॥ ১৬ ॥

প্রতিশব্দ।—কি কর্ম্ম কি অকর্ম্ম এই বিষয়ে বিবেকীগণও মোহাচ্ছন্ন হন; তজ্জন্য তোমাকে কর্ম্ম বলিব, যাহা জানিয়া সংসার হইতে মুক্ত হইবে ॥ ১৬ ॥

ব্যাখ্যা।—কোন্‌টী কর্ম্মপদবাচ্য এবং কোন্‌টী অকর্ম্মপদবাচ্য

ইহা নির্ণয় করা এতই সুকঠিন যে, বিবেকসম্পন্ন জনেরাও তদ্বিষয়ে মোহাচ্ছন্ন হইয়া থাকেন। অতএব আমি তোমার নিকট কর্ম্ম-সম্বন্ধে এরূপ নিঃসন্দিগ্ধ উপদেশ প্রদান করিব যে, তাহার পরিজ্ঞান হইলে তুমি অকল্যাণ-জনক সংসার-বন্ধন বিনির্মুক্ত হইয়া মোক্ষ লাভ করিবে ॥ ১৬ ॥

শঙ্করাচার্য্য।—তত্র কর্ম্ম চেৎ কর্ত্তব্যং ত্বদ্বচনাদেব করোম্যহং কিং বিশেষিতেন পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতমিত্যুচ্যতে যস্মান্মহদ্বৈষম্যং কর্ম্মাকর্ম্মণি কথং কিং কর্ম্মেতি। কিং কর্ম্ম কিঞ্চাকর্ম্মেতি কবয়ো মেধাবিনোঽপি, অত্রাস্মিন্ কর্ম্মাদিবিষয়ে মোহিতাঃ মোহং গতাঃ, অতস্তে তুভ্যমহং কর্ম্মাকর্ম্ম চ প্রবক্ষ্যামি যৎ জ্ঞাত্বা বিদিত্বা কর্ম্মাদি, মোক্ষ্যসে অশুভাৎ সংসারাৎ। ন চৈবং ত্বয়া মন্তব্যং কর্ম্ম নাম দেহাদিচেষ্টা, লোকপ্রসিদ্ধমকর্ম্ম নাম তদক্রিয়া তূষ্ণীমাসনং কিং তত্র বোদ্ধব্যমিতি ॥ ১৬ ॥

আনন্দগিরি।—কর্ম্মবিশেষণমাক্ষিপতি তত্রেতি। মনুষ্যালোকঃ সপ্তম্যর্থঃ। কর্ম্মণি মহতো বৈষম্যস্য বিদ্যমানত্বাৎ তস্য পূর্ব্বৈরনুষ্ঠিতত্বেন পূর্ব্বতনত্বেন চ বিশেষিতত্বে তস্মিন্ প্রবৃত্তিস্তব সুকরেতি যুক্তং বিশেষণমিতি পরিহরতি উচ্যত ইতি। কর্ম্মণি দেহাদিচেষ্টারূপে লোকপ্রসিদ্ধে নাস্তি বৈষম্যমিতি শঙ্কতে কথমিতি। বিজ্ঞানবতামপি কর্ম্মাদিবিষয়ে ব্যামোহোপপত্তেঃ সুতরামেব তব তদ্বিষয়ে ব্যামোহসম্ভবাত্তদপোহার্থমাপ্ত বাক্যাপেক্ষণাদস্তি কর্ম্মণি বৈষম্যমিত্যুত্তরমাহ কিং কর্ম্মেতি। (তত্তে কর্ম্মেত্যত্রাকারানুবন্ধেনাপি পদং ছেত্তব্যম্) কর্ম্মাদিপ্রবচনস্য প্রয়োজনমাহ যজ্জ্ঞাত্বেতি। তৎকর্ম্মাকর্ম্ম চেতি সম্বন্ধঃ, অতো মেধাবিনোঽপি যথোক্তে বিষয়ে ব্যামোহস্য সত্ত্বাদিত্যর্থঃ। কর্ম্মণোঽকর্ম্মণশ্চ প্রসিদ্ধত্বাৎ তদ্বিষয়ে ন কিঞ্চিদ্বোদ্ধব্যমিতি চোদ্যমনূদ্য নিরস্যতি ন চেতি ॥ ১৬ ॥

রামানুজ।—বক্ষ্যমাণস্য কর্ম্মণো দুর্জ্ঞানতামাহ কিং কর্ম্মেতি। মুমুক্ষুণানুষ্ঠেয়ং কর্ম্ম কিং স্বরূপং, অকর্ম্ম চ কিং ফলাভিসন্ধিরহিতং ভগবদারাধনরূপং কর্ম্ম, অকর্ম্মেতি কর্ত্তুরাত্মনো যাথাত্ম্যজ্ঞানমুচ্যতে। অনুষ্ঠেয়ং কর্ম্ম তদন্তর্গতং জ্ঞানঞ্চ কিং স্বরূপমিত্যর্থঃ, অত্র কবয়ো বিদ্বাংসোঽপি মোহিতা যথার্থতয়া ন জানন্তি। এবমন্তর্গতজ্ঞানং যৎ কর্ম্ম তৎ তে প্রবক্ষ্যামি যজ্জ্ঞাত্বানুষ্ঠায়াশুভাৎ সংসারবন্ধান্মোক্ষ্যসে ॥ ১৬ ॥

হনূমান্।—অধ্যাত্মজ্ঞানেন কর্ম্মফলং প্রাপ্তং মন্যমানঃ স্বয়মেব কর্ম্মণা আধ্যাত্মিকস্বরূপাবিষ্করণার্থমাহ কিং কর্ম্ম কিমকর্ম্মেতি। কর্ম্মাকর্ম্মস্বরূপমজানন্তঃ কবয়োঽপি মোহিতা মূঢ়াঃ তত্তত্তৎ তে কর্ম্ম প্রবক্ষ্যামি যৎ কর্ম্মস্বরূপং জ্ঞাত্বা অশুভাৎ সংসারাৎ বিমোক্ষ্যসে ॥ ১৬ ॥

শ্রীধর।—তচ্চ তত্ত্ববিদ্ভিঃ সহ বিচার্য্য কর্ত্তব্যং ন লোকপরম্পরামাত্রেণেত্যাহ

কিং কর্ম্মেতি। কিং কর্ম্ম কীদৃশং কর্ম্ম করণং কিমকর্ম্ম কীদৃশং কর্ম্মাকরণং, ইত্যস্মিন্নর্থে বিবেকিনোঽপি মোহিতাঃ, যতো যজ্জ্ঞাত্বা যদনুষ্ঠায়াশুভাৎ সংসারাম্মোক্ষ্যসে মুক্তো ভবিষ্যসি, তৎ কর্ম্মাকর্ম্ম চ তুভ্যমহং প্রবক্ষ্যামি তচ্ছৃণু॥ ১৬॥

বলদেব।—নন্বু কিংকর্ম্মবিষয়কঃ কশ্চিৎ সন্দেহোঽপ্যস্তি যতঃ পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতমিত্যতিনির্ব্বন্ধাদ্‌ব্রবীষীতি চেদস্ত্যেবেত্যাহ কিং কর্ম্মেতি। মুমুক্ষুভিরনুষ্ঠেয়ং কর্ম্ম কিং রূপং স্যাদকর্ম্ম চ কর্ম্মান্তঃ তদন্তর্গতং জ্ঞানঞ্চ কিংরূপমিত্যর্থঃ, তদন্যত্বে এনঞ্চ। অত্রার্থে কবয়ো ধীমন্তোঽপি মোহিতাস্তদ্‌ যাথাত্ম্যনির্ণয়াসামর্থ্যান্মোহং প্রাপুঃ। অহং সর্ব্বেশঃ সর্ব্বজ্ঞস্তে তুভ্যং তৎ কর্ম্ম অকারপ্রশ্লেষাদকর্ম্ম চ প্রবক্ষ্যামি যজ্জ্ঞাত্বানুষ্ঠায় প্রাপ্য চাশুভাৎ সংসারাৎ মোক্ষ্যসে॥ ১৬॥

মধুসূদন।—নন্বু কর্ম্মবিষয়ে কিং কশ্চিৎ সংশয়োঽপ্যস্তি, যেন পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতমিত্যতিনির্ব্বধ্নাসি অস্ত্যেবেত্যাহ কর্ম্মেতি। নৌস্থস্য নিষ্ক্রিয়েষ্বপি তটস্থবৃক্ষেষু গমনভ্রমদর্শনাৎ, তথাদূরাচ্চক্ষুঃ (র) সন্নিকৃষ্টেষু গচ্ছৎস্বপি পুরুষেষ্বগমনভ্রমদর্শনাৎ পরমার্থতঃ কিং কর্ম্ম কিংবা পরমার্থতোঽকর্ম্মেতি কবয়ো মেধাবিনোঽপ্যত্রাস্মিন্‌ বিষয়ে মোহিতা মোহং নির্ণয়াসামর্থ্যং প্রাপ্তাঃ অত্যন্তদুর্নিরূপত্বাদিত্যর্থঃ, তত্তস্মাৎ তে তুভ্যমহং কর্ম্ম অকারপ্রশ্লেষেণ চেদ্বাদকর্ম্ম চ প্রবক্ষ্যামি প্রকর্ষেণ সন্দেহোচ্ছেদেন বক্ষ্যামি, যৎকর্ম্মাকর্ম্মস্বরূপং জ্ঞাত্বা মোক্ষ্যসে মুক্তো ভবিষ্যস্যশুভাৎ সংসারাৎ॥ ১৬॥

নীলকণ্ঠ।—আবশ্যকত্বেঽপি কর্ম্মণো ন গতানুগতিকতয়ানুষ্ঠানং কর্ত্তব্যং, কিন্তু জ্ঞাত্বা কর্ম্মাণি কুর্ব্বীতেতি বচনাৎ কর্ম্মাশ্রিতং কিঞ্চিদ্বিশেষং জ্ঞাপয়িতুম্ উপোদ্ঘাতয়তি কিং কর্ম্মেতি। যতঃ কর্ম্মাকর্ম্মণী কবীনামপি দুর্নিরূপ্যে তৎ তস্মাৎ তে তুভ্যং কর্ম্ম অকর্ম্ম চ অকারপ্রশ্লেষেণ গ্রাহ্যম্, উভে প্রবক্ষ্যামি যৎ দ্বয়ং জ্ঞাত্বা অশুভাৎ সংসারাম্মোক্ষ্যসে॥ ১৬॥

বিশ্বনাথ।—কিঞ্চ কর্ম্মাপি ন গতানুগতিকন্যায়েনৈব কেবলং বিবেকিনা কর্ত্তব্যং কিন্তু তস্য প্রকারবিশেষং জ্ঞাত্বৈব ইত্যতস্তস্য প্রথমং দুর্জ্ঞেয়ত্বমাহ॥ ১৬॥

তাৎপর্য্য।—অর্জ্জুন যদি আশঙ্কা করেন যে, কর্ম্ম-বিষয়ে হয়ত কোন-প্রকার সংশয় আছে; নচেৎ তাহার প্রাচীনত্ব ও সনাতনত্ব বিষয়ে ভগবান্ "পূর্ব্বৈঃ, পূর্ব্বতরং কৃতম্" প্রভৃতি বাক্যে সমর্থন কেন করিতেছেন? বস্তুতঃই কর্ম্মতত্ত্ব নিতান্ত দুর্জ্ঞেয়। অতঃপর সেই দুরবগম্য কর্ম্মবৃত্তান্ত শ্লোকত্রয়ে বিবৃত হইতেছে। অর্জ্জুন এরূপও বলিতে পারেন যে, "হে পুরুষোত্তম! কর্ম্ম অবশ্যকরণীয় বলিয়া যখন তুমি নির্দ্দেশ করিতেছ, তখন তোমার বাক্যই যথেষ্ট জ্ঞান করিয়া, আমি অবশ্যই তাহার অনুষ্ঠান করিব। এরূপ স্থলে তোমার "পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতম্" এই বাক্য শ্রবণে আমার আশঙ্কা হইতেছে যে, হয়ত কর্ম্ম ও অকর্ম্ম-সম্বন্ধে অতিশয় মতবৈষম্য আছে। কৃপা করিয়া আমার

নিকট সেই বৈষম্য ব্যক্ত করুন।” এইরূপ আশঙ্কিত প্রশ্নের উত্তরস্বরূপে কর্ম্মনির্ণয় যে নিরতিশয় সুকঠিন ব্যাপার তাহাই প্রথমে সমর্থিত হইতেছে।

কেবল যে লোক-পরম্পরাক্রমে কর্ম্ম অনুষ্ঠিত হইয়া আসিতেছে এবং বৈবস্বত মনু প্রভৃতি মহাজনেরা ভগবানের উপদেশক্রমে কর্ম্ম-যোগ পরিপালন করিয়াছেন বলিয়াই, তাহার দুরবগম্য তত্ত্ব হৃদ্গত হইবে এমন নহে। যাঁহারা তত্ত্বজ্ঞ ও কর্ম্ম-যোগের মর্ম্মজ্ঞ, তাঁহাদের সহিত বিচার করিয়া ও তাঁহাদের উপদেশ গ্রহণ করিয়া কর্ম্মাকর্ম্ম বিনির্ণয় করা আবশ্যক। মনুষ্য নিতান্ত ভ্রম-পরায়ণ। অতি ক্ষুদ্র ক্ষুদ্র লৌকিক ব্যাপারে তাহাদের বিজাতীয় ভ্রম ঘটিয়া থাকে। নৌকারূঢ় ব্যক্তিগণ জানে যে, তীরস্থিত বৃক্ষাদি অচল ও নিষ্ক্রিয়; তথাপি তাহাদের ভ্রম হয় যে, সেই বৃক্ষাদি গমন করিতেছে, এবং আপনারা অগ্রসর হইলেও, ভ্রমপ্রযুক্ত বোধ হয়, যেন একস্থানেই স্থির হইয়া রহিয়াছে। চির-পরিজ্ঞাত বিষয়েও মনুষ্যের এতাদৃশ ভ্রম যখন সাধারণ, তখন এরূপ দুরবগম্য রহস্যজালে বিজড়িত কর্ম্মতত্ত্ব বিনির্ণয়ে যে তাহারা ভ্রমাচ্ছন্ন হইবে, তাহাতে কিছুই বিচিত্রতা নাই। প্রত্যুত যাঁহাদের হৃদয় বিবেকবলে বলীয়ান্, যাঁহারা মেধাবী, তাঁহারাও কর্ম্মবিনির্ণয়ে অক্ষমতা হেতু মোহাচ্ছন্ন হইয়া থাকেন। অতএব হে অর্জ্জুন! আমি এক্ষণে তোমার যাবতীয় সন্দেহ অপনোদিত করিয়া, এই কর্ম্মবিষয়ক উপদেশ প্রকৃষ্টরূপে পরিব্যক্ত করিতেছি; তুমি অবহিতচিত্তে শ্রবণ কর। এই কর্ম্মাকর্ম্মের স্বরূপ পরিজ্ঞাত হইলে, তুমি সংসাররূপ দারুণ অশুভ হইতে পরিত্রাণ লাভ করিতে পারিবে। বারবার ইহ-সংসারে শরীর ধারণ করিয়া গমনাগমন যৎপরোনাস্তি যন্ত্রণার হেতুভূত। শ্রীভগবানের শ্রীবদনবিনিঃসৃত উপদেশ শ্রবণে শত জন্মের পাপিষ্ঠ ব্যক্তিও যদি কর্ম্মাকর্ম্মজ্ঞানসম্পন্ন হইয়া বিহিত কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত হয়, তাহা হইলে, সেও সংসারবন্ধনবিনির্ম্মুক্ত হইয়া এবং মোক্ষপদ লাভ করিয়া ধন্য ও চরিতার্থ হয়। সাধারণতঃ লোক-সমাজে দেহাদি চেষ্টাকে কর্ম্ম এবং তদ্বিরোধী তুষ্ণীম্ভাবে অবস্থিতিকে অকর্ম্ম বলে; কর্ম্মাকর্ম্মের এই প্রসিদ্ধার্থ ভ্রমাচ্ছন্ন; তোমার ন্যায় সর্ব্বগুণান্বিত মহদ্ব্যক্তির তাদৃশ অলীক অর্থ গ্রহণ করা কখনই বিধেয় নহে। এইরূপ বিবেচনায় শ্রীকৃষ্ণচন্দ্র কর্ম্মাকর্ম্ম সম্বন্ধে নর্ম্ম-সখার সন্দেহ-ছেদনে প্রবৃত্ত হইলেন ॥ ১৬ ॥

কর্ম্মণোহ্যপি বোদ্ধব্যং বোদ্ধব্যঞ্চ বিকর্ম্মণঃ।
অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং গহনা কর্ম্মণো গতিঃ ॥ ১৭ ॥

অন্বয়।—হি (যস্মাৎ) কর্ম্মণঃ (শাস্ত্রবিহিতস্য ব্যাপারস্য) অপি বোদ্ধব্যং বিকর্ম্মণঃ (শাস্ত্র-প্রতিষিদ্ধাবিহিতব্যাপারস্য) চ বোদ্ধব্যং অকর্ম্মণঃ (তূষ্ণীম্ভাবরূপাবিহিতব্যাপারস্য) চ বোদ্ধব্যং (জ্ঞাতব্যম্) [তত্ত্বং অস্তি] কর্ম্মণঃ (কর্ম্মাকর্ম্মবিকর্ম্মণাম্) গতিঃ (স্বরূপতত্ত্বম্) গহনা (দুর্জ্ঞেয়া) ॥ ১৭ ॥

প্রতিশব্দ।—যেহেতু কর্ম্মেরও বেদিতব্য বিকর্ম্মেরও বেদিতব্য এবং অকর্ম্মের বেদিতব্য [তত্ত্ব আছে] কর্ম্মসমূহের যথার্থতত্ত্ব দুর্ব্বিজ্ঞেয় ॥ ১৭ ॥

ব্যাখ্যা।—শাস্ত্রসিদ্ধ কর্ম্ম, শাস্ত্রনিষিদ্ধ বিকর্ম্ম এবং তূষ্ণীম্ভাবরূপ অকর্ম্ম এই তিনেরই সম্যক্ তত্ত্ব অবশ্য জ্ঞাতব্য; কারণ তৎসমস্তের নিগূঢ় ভাব নিরতিশয় দুর্জ্ঞেয় ॥ ১৭ ॥

শঙ্করাচার্য্য।—কস্মাৎ? উচ্যতে কর্ম্মণ ইতি। কর্ম্মণঃ শাস্ত্রবিহিতস্য হি যস্মাৎ অপ্যস্তি বোদ্ধব্যং বোদ্ধব্যঞ্চাস্ত্যেব বিকর্ম্মণঃ প্রতিষিদ্ধস্য, তথা অকর্ম্মণশ্চ তূষ্ণীম্ভাবস্য বোদ্ধব্যমস্তীতি ত্রিষপ্যধ্যাহারঃ কর্ত্তব্যো যস্মাৎ গহনা বিষমা দুর্জ্ঞেয়া, কর্ম্মণ ইত্যুপলক্ষণার্থং কর্ম্মাদীনাং কর্ম্মাকর্ম্মবিকর্ম্মণাং গতির্যাথাত্ম্যং তত্ত্বমিত্যর্থঃ ॥ ১৭ ॥

আনন্দগিরি।—তত্র হেত্বাকাঙ্ক্ষাপূর্ব্বকমনন্তরং শ্লোকমবতারয়তি কস্মাদিতি। ত্রিষপি কর্ম্মাকর্ম্মবিকর্ম্মসু বোদ্ধব্যমস্তীতি যস্মাদধ্যাহারস্তস্মান্মদীয়ং প্রবচনমর্থবদিতি যোজনা। বোদ্ধব্যসদ্ভাবে হেতুমাহ যস্মাদিতি। ত্রিতয়ং প্রকৃত্যান্যতমস্য গহনত্ববচনম-যুক্তমিত্যাশঙ্ক্যান্যতমগহনত্বোপলক্ষণার্থত্বমুপেত্য বিবক্ষিতমর্থমাহ কর্ম্মাদীনামিতি ॥ ১৭ ॥

রামানুজ।—কর্ত্তব্যং কর্ম্মজ্ঞানং হ্যনুষ্ঠানফলং কুতোঽস্য দুর্জ্ঞানতেত্যত আহ কর্ম্মণ ইতি। যস্মান্মোক্ষসাধনভূতে কর্ম্মণাং স্বরূপং বোদ্ধব্যমস্তি বিকর্ম্মণি চ নিত্য-নৈমিত্তিক-কাম্যকর্ম্মরূপেণ তৎসাধনদ্রব্যার্জ্জনাদ্যাকারেণ বিবিধতামাপন্নং কর্ম্ম বিকর্ম্ম অকর্ম্ম তস্মিন্নকর্ম্মণি জ্ঞানে চ বোদ্ধব্যমস্তি। গহনা দুর্জ্ঞানা মুমুক্ষোঃ কর্ম্মণো গতিঃ, বিকর্ম্মণি চ বোদ্ধব্যং নিত্যনৈমিত্তিককাম্যদ্রব্যার্জ্জনাদৌ কর্ম্মণি ফলভেদকৃতং ত্রৈবিধ্যং, পরিত্যজ্য মোক্ষৈকফলত্বৈকশাস্ত্রার্থত্বানুসন্ধানং তদেতদ্ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেত্য-ত্রৈবোক্তমিতি নেহ প্রপঞ্চ্যতে ॥ ১৭ ॥

হনুমান্ ।—কর্ম্ম নাম শরীরেন্দ্রিয়ব্যাপারঃ তদভাবশ্চাকর্ম্ম, কথমত্র কবয়োঽপি মোহিতা ইতি চেদুচ্যতে কর্ম্মণো হীতি। কর্ম্মণোঽপি বোদ্ধব্যং শরীরেন্দ্রিয়ব্যাপার (স্য) নিরতায়ং বোদ্ধব্যং কিঞ্চিদস্তি, তথা বিকর্ম্মণঃ প্রতিষিদ্ধস্যাপি বোদ্ধব্যং প্রতিষেধ্যরূপমস্তু, তথা অকর্ম্মণঃ কর্ম্মাভাবস্যাপি বোদ্ধব্যং রূপমস্তি যতঃ কর্ম্মণো গতির্গহনা দুর্ব্বোধা ॥ ১৭ ॥

শ্রীধর।—ননু লোকপ্রসিদ্ধমেব কর্ম্ম দেহাদিব্যাপারাত্মকং, অকর্ম্ম চ তদব্যাপারাত্মকং অতঃ কথমুচ্যতে কবয়োঽপ্যত্র মোহং প্রাপ্তা ইতি তত্রাহ কর্ম্মণ ইতি। কর্ম্মণো বিহিতব্যাপারস্যাপি তত্ত্বং বোদ্ধব্যমস্তি ন তু লোকপ্রসিদ্ধমাত্রমেব, অকর্ম্মণোঽবিহিতব্যাপারস্যাপি তত্ত্বং বোদ্ধব্যমস্তি, বিকর্ম্মণো নিষিদ্ধব্যাপারস্যাপি তত্ত্বং বোদ্ধব্যমস্তি, যতঃ কর্ম্মণো গতির্গহনা, কর্ম্ম ইত্যুপলক্ষণার্থং কর্ম্মাকর্ম্মবিকর্ম্মণাং তত্ত্বং দুর্বিজ্ঞেয়মিত্যর্থঃ ॥ ১৭ ॥

বলদেব।—ননু কবয়োঽপি কথং মোহং প্রাপুরিতি চেত্তত্রাহ কর্ম্মণ ইতি। কর্ম্মণো নিষ্কামস্য মুমুক্ষুভিরনুষ্ঠাতব্যস্য স্বরূপং বোদ্ধব্যম্, বিকর্ম্মণো জ্ঞানবিরুদ্ধস্য কাম্যকর্ম্মণঃ স্বরূপং বোদ্ধব্যম্, অকর্ম্মণশ্চ কর্ম্মভিন্নস্যাজ্ঞানস্য চ স্বরূপং বোদ্ধব্যম্। তত্তৎস্বরূপবিদ্ভিঃ সার্দ্ধং বিচার্য্যমিত্যর্থঃ। কর্ম্মণোঽকর্ম্মণশ্চ গতির্গহনা দুর্গমা, অতঃ কবয়োঽপি তত্র মোহিতাঃ ॥ ১৭ ॥

মধুসূদন।—ননু সর্ব্বলোকপ্রসিদ্ধত্বাদহমেবৈতজ্জানামি দেহেন্দ্রিয়াদিব্যাপারঃ কর্ম্ম, তুষ্ণীমাসনমকর্ম্মেতি, তত্র কিন্ত্বয়া বক্তব্যমিতি তত্রাহ কর্ম্মণো হীতি। হি যস্মাৎ কর্ম্মণঃ শাস্ত্রবিহিতস্যাপি তত্ত্বং বোদ্ধব্যমস্তি, বিকর্ম্মণঃ প্রতিষিদ্ধস্য অকর্ম্মণশ্চ তুষ্ণীম্ভাবস্য অত্র বাক্যত্রয়েঽপি তত্ত্বমস্তীত্যধ্যাহারঃ, যস্মাৎ গহনা দুর্জ্ঞানা কর্ম্মণ ইত্যুপলক্ষণং কর্ম্মাকর্ম্মবিকর্ম্মণাং গতিস্তত্ত্বমিত্যর্থঃ ॥ ১৭ ॥

নীলকণ্ঠ।—এতজ্জ্ঞানমাবশ্যকমিত্যাহ কর্ম্মণ ইতি। তত্ত্বং বোদ্ধব্যমস্তীতি স্থলত্রয়েঽপি তত্ত্বমস্তীতি পদদ্বয়াধ্যাহারঃ। কর্ম্মণঃ শাস্ত্রবিহিতস্য, বিকর্ম্মণঃ প্রতিষিদ্ধস্য, অকর্ম্মণস্তুষ্ণীম্ভাবস্য। গহনা কর্ম্মণ ইত্যত্র কর্ম্মণ ইতি ত্রিতয়োপলক্ষণং কর্ম্মবিকর্ম্মাকর্ম্মণাং গতির্যাথাত্ম্যতত্ত্বং গহনম্ ॥ ১৭ ॥

ব্যবহার ভূমির মধ্যে কোন স্থলেই এরূপ দেখিতে পাওয়া যায় না যে, কর্ম্মাধিকরণে অকর্ম্ম আছে এবং অকর্ম্মাধিকরণে কর্ম্ম আছে; বিশেষতঃ যাহা অকর্ম্ম (কর্ম্মাভাব) তাহা আকাশ-কুসুমাদির ন্যায় তুচ্ছ অর্থাৎ কিছুই নহে; কেবল কল্পিত নামমাত্র। এবম্ভূত কর্ম্মাভাব কাহারও অধিকরণ হইতেই পারে না, বা কোথাও এরূপ হইতে দেখা যায় না; সুতরাং দেখা যাইতেছে যে, কর্ম্ম ও অকর্ম্ম এই দুইয়েরই পরস্পর অধিকরণ, অধিকর্ত্তব্য বা আধার-আধেয় ভাব সম্ভবপর নহে, ইহাই নিরূপিত হইল; অতএব লোকে মৃগতৃষ্ণিকায় বারি বা শুক্তিকায় রজতের ন্যায়, কর্ম্ম ও অকর্ম্মকে বিপরীতভাবে গ্রহণ করিয়া থাকে। অর্থাৎ লোকে দেখে যে, কর্ম্মাধিকরণে অকর্ম্ম থাকিতে পারে না এবং অকর্ম্মাধিকরণে কর্ম্ম থাকিতে পারে না; সুতরাং তাহারা যে কর্ম্মবিষয়ে অকর্ম্মের এবং অকর্ম্মবিষয়ে কর্ম্মের আরোপ করিয়া থাকে, ইহা অবশ্য স্বীকর্ত্তব্য; অতএব কর্ম্মণি বা অকর্ম্মণি এতদুভয় পদই বিষয়ে সপ্তমী। এখন যদি বল যে, যাহা কর্ম্ম, তাহা সকলের কাছে কর্ম্মই হইয়া থাকে; তাহার ব্যভিচার কখনও হয় না, অর্থাৎ কর্ম্ম কখনও অকর্ম্মরূপে প্রতীত হইতে পারে না এবং যাহা অকর্ম্ম, তাহাও সকলের কাছে অকর্ম্মরূপেই প্রতীত হয়; তাহার ব্যভিচার কখনও হয় না, অর্থাৎ অকর্ম্ম কখনও কর্ম্মরূপে প্রতীতি-বিষয়ীভূত হইতে পারে না। ইহা যে একান্ত নিয়ম, তাহা বলিতে পার না; কারণ দেখ, যখন কোন ব্যক্তি দ্রুতগামী নৌকায় আরোহণ-পূর্ব্বক গমন করে, তখন সে দেখে যে, তীরস্থিত বৃক্ষপর্ব্বতাদি সমূহ যেন নৌকার প্রতিকূল দিকে (পশ্চাৎদিকে গমন করিতেছে। এখন জিজ্ঞাস্য. এই যে, বৃক্ষাদি কি বাস্তবিকই পশ্চাৎদিকে গমন করে? না, তাহা কখনই নহে। বৃক্ষ যেখানকার সেইখানেই থাকে, পর্ব্বতও যেখানকার, সেইখানেই থাকে; কিন্তু এইরূপ বোধ হয় মাত্র। উক্ত দৃষ্টান্ত দ্বারা ইহাই প্রদর্শিত হইল যে, অকর্ম্মেও কর্ম্ম দেখিতে পাওয়া যায়, অর্থাৎ অকর্ম্ম-লক্ষণ গতিক্রিয়াহীন বৃক্ষাদি জড় পদার্থেও কর্ম্ম-লক্ষণ গতিক্রিয়া দেখিতে পাওয়া যায়। আরও দেখ, একজন মনুষ্য বহুদূরস্থিত পথ দিয়া বাস্তবিক গমন করিতেছে; সেই মনুষ্য এত দূরে রহিয়াছে যে, তত্দূরে দৃষ্টিশক্তি উপনীত হইতে পারে না; তখন দেখা যায়, সেই মনুষ্যটি যেন

দাঁড়াইয়া রহিয়াছে। এস্থলেও জিজ্ঞাস্য এই যে, বাস্তবিক কি সেই মনুষ্য গতিবিহীন? না, তাহা কখনই নহে; সেই মনুষ্যের গতিক্রিয়া যেরূপ হইবার তখনও তাহাই হইতেছে; তাহার চরণচালনের বিশ্রাম নাই, কিন্তু সে বহুদূরে আছে বলিয়াই এইরূপ বোধ হয় মাত্র। উক্ত দৃষ্টান্ত দ্বারা ইহাই প্রদর্শিত হইল যে, কর্ম্মেও অকর্ম্ম দেখিতে পাওয়া যায়, অর্থাৎ কর্ম্ম-লক্ষণ গতিক্রিয়াবিশিষ্ট মনুষ্যেও অকর্ম্ম-লক্ষণ গতিক্রিয়া-রাহিত্য দেখিতে পাওয়া যায়। তবে এখন দেখ, যেরূপ প্রকৃত গতি-রহিত জড় তরু প্রভৃতিতে গতি দেখিতে পাওয়া যায়, সেইরূপ জীব অবিক্রিয় ব্রহ্মেও কর্ম্ম দেখিয়া থাকে; এবং যেরূপ প্রকৃত গতিবিশিষ্ট সচেতন মনুষ্যে গতিবিহীনতা দেখিতে পাওয়া যায়, সেইরূপ জীব সক্রিয় দ্বৈতপ্রপঞ্চে কর্ম্মাভাব দেখিয়া থাকে। অর্থাৎ যিনি সেই প্রকৃত আত্মা বা 'আমি,' তিনি নিষ্ক্রিয় এবং দ্বৈতপ্রপঞ্চ সক্রিয়, কিন্তু অজ্ঞানাভিভূত জীব সেই নিষ্ক্রিয় আমির উপর কর্ম্মের আরোপ করিয়া থাকে, এবং যাহা আমি নহে, তাহার উপর অকর্ম্মের অর্থাৎ প্রকৃত আমির আরোপ করিয়া থাকে। ইহার স্পষ্টার্থ বলিতে হইলে ইহাই বলিতে হয় যে, অজ্ঞানান্ধ জীব বলিয়া থাকে যে, "আমি করিতেছি, আমি করিতেছি" কিন্তু যাহা 'আমি' তাহা তো নিষ্ক্রিয়; সুতরাং অকর্ম্মের উপর কর্ম্মের বা ক্রিয়ার আরোপ হইতেছে। আর সক্রিয় যে দ্বৈতপ্রপঞ্চ, তাহাতে অকর্ম্ম সন্দর্শন বলিলে ইহাই বুঝিতে হইবে যে, প্রকৃত আত্মা বা আমি নিষ্ক্রিয়; সুতরাং তদ্ব্যতীত সমস্তই সক্রিয়। ক্রিয়া ব্রহ্মে নাই; ব্রহ্ম-ব্যতিরিক্ত কল্পিত দ্বৈতপ্রপঞ্চেই ক্রিয়া আছে। অজ্ঞানান্ধ জীব সেই কল্পিত সক্রিয় দ্বৈতপ্রপঞ্চে অক্রিয় 'আমিকে' দেখিয়া থাকে, অর্থাৎ যাহা আমি, তাহা একই, আমি কখনও দুই বা তদধিক হইতে পারে না; কিন্তু জীব দেখে কি? "আমি গমন করিতেছি", এখানে তাহার চরণযুগল আমি; "আমি গ্রহণ করিতেছি", এখানে তাহার কর দুইটি আমি; "আমি দেখিতেছি", এখানে তাহার নয়নযুগল আমি; এইরূপ প্রত্যেক কর্ম্মেই জীব অসংখ্য অসংখ্য অকর্ম্ম আমিকে দেখিয়া থাকে। সুতরাং ইহাই সিদ্ধান্তীকৃত হইল যে, অজ্ঞানান্ধ জীব প্রকৃত অকর্ম্মে কর্ম্ম ও কর্ম্মে অকর্ম্ম দেখিয়া থাকে। জীবের কাছে যাহা অকর্ম্ম, বস্তুতঃ তাহা কর্ম্ম, এবং জীবের কাছে

যাহা কর্ম্ম, তাহা বস্তুতঃ অকর্ম্ম। জীবের এবংবিধ বিপরীত জ্ঞান নিবারিত না হইলে তাহার সংসার-মোচনের আশা সুদূর-পরাহত; আর সম্যক্ জ্ঞান ব্যতীত যে সংসার-মোচন হইতেই পারে না, তাহাও পূর্ব্বে বলিয়াছি। অতএব আমার পূর্ব্বোক্ত (কর্ম্মণ্যকর্ম্ম যঃ ইত্যাদি) উপদেশ জীবের এই ভ্রান্তি বিদূরিত করিয়া সম্যক্ জ্ঞানলাভের উদ্দেশেই প্রযুক্ত হইয়াছে। আমি কোনরূপ বিরুদ্ধ কথা বলি নাই।

এখন যদি বল যে, হে শ্রীকৃষ্ণ! যদি কর্ম্ম ও অকর্ম্মের পরস্পরগত আরোপের অপবাদপূর্ব্বক সেই এক অবিক্রিয় ব্রহ্মজ্ঞানের বিষয় উপদেশ প্রদান করাই তোমার অভিপ্রেত হয়, তাহাও তো কিছু নূতন উপদেশ বলিয়া গ্রহণ করিতে পারি না; পূর্ব্বে "ন জায়তে ম্রিয়তে বা কদাচিৎ" ইত্যাদি স্থলে (২ অ, ২০ শ্লোকে) তো এ সমস্ত কথা অনেকবার বলা হইয়াছে; ব্রহ্ম যে নির্ব্বিকার, তাহাও পূর্ব্বে প্রতিপাদিত হইয়াছে; সুতরাং তোমার সেই এক পুরাতন কথা বারবার বলিবার প্রয়োজন কি? পুনরুক্তি দোষ পরিহার পূর্ব্বক যদি নূতন কথা কিছু থাকে, তাহা বল, আমি শুনিতে প্রস্তুত আছি। অর্জ্জুন! তাহাও বলিতে পার না; কারণ, তুমি প্রথমতঃ, বিবেচনা করিয়া দেখ যে, যে সংস্কারটি যাহার হৃদয়ে বদ্ধমূল হইয়াছে, সে সহজে তাহাকে ত্যাগ করিতে পারে না। দ্বিতীয়তঃ, যে বিষয় অতিশয় কঠিন, তাহা যদি কোন ব্যক্তিকে বুঝাইতে হয়, তাহা হইলে সেই বিষয়টি বারংবার তাহাকে বলিতে হয়; নচেৎ সে বিষয় কখনই তাহার মস্তিষ্কে স্থান পাইবে না, ইহা সুনিশ্চিত। বারংবার বিপরীত দর্শন করিয়া মিথ্যাজ্ঞানের সংস্কার জীবের হৃদয়ে বদ্ধমূল হইয়া থাকে, সুতরাং সে মোহবশতঃ প্রকৃত তত্ত্বজ্ঞানের বিষয় পুনঃপুনঃ শ্রবণ করিয়াও সে কথা ভুলিয়া যায় এবং পুনরায় সংস্কারবশে মিথ্যাপ্রসঙ্গের অবতারণা করিয়া, সেই মিথ্যা বিষয়েরই (আত্মা সক্রিয় ইত্যাদি বিষয়ক) প্রশ্ন করিয়া থাকে। তোমারও দশা ঠিক তাহাই হইয়াছে; সেই নিমিত্ত আমাকে তদ্বিষয়ক উপদেশ বারংবার প্রদান করিতে হইতেছে। আর এই আত্ম-তত্ত্ব-জ্ঞানরূপ বিষয়ও বড়ই গহন অর্থাৎ অতি দুর্ব্বিজ্ঞেয়; সুতরাং তোমায় এই একই কথা অর্থাৎ আত্মবস্তু যে নিষ্ক্রিয় তাহা "অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়ম্" (২ অ, ২৫ শ্লোক), "ন জায়তে ম্রিয়তে বা" ইত্যাদি স্থলে পূর্ব্বে বারবার বলিয়াছি এবং অগ্রে (সর্ব্বকর্ম্মাণি মনসা সন্ন্যস্য ইত্যাদি স্থলে) আরও বলিব।

এখন যদি আশঙ্কা কর যে, দেহাদির নির্ব্বর্ত্তক কর্ম্ম তিন প্রকার; কর্ম্ম, বিকর্ম্ম ও অকর্ম্ম। কূটস্থস্বভাব যে আত্মা তিনি অসঙ্গ, সুতরাং তাঁহার ব্যাপাররূপ যে কোন প্রকার কর্ম্ম আছে তাহা নিতান্ত অপ্রসিদ্ধ; অতএব অকর্ম্ম ব্রহ্মে কর্ম্মের দর্শন কখনও সিদ্ধ হইতে পারে না। এইরূপ আশঙ্কিত-বাক্যের বিহিত উত্তর শ্রবণ কর। আত্মা অকর্ম্ম, তাহাতে কোনরূপ ক্রিয়ার সংস্পর্শমাত্র নাই, সেই অকর্ম্মে বিপরীত দর্শনের নামই কর্ম্ম। বস্তুতঃ ইহা কর্ম্ম নহে, কিন্তু কর্ম্মভ্রম। আর "আমি কর্ত্তা", "আমি ভোক্তা" ইত্যাদি স্থলে কর্ম্মের সহিত আত্মাকে একাসনেই উপবিষ্ট বা কর্ম্ম ও আত্মার পরস্পর সমানাধিকরণ পরিদৃষ্ট হয়। "আমি কর্ত্তা" ইত্যাদি স্থলে ক্রিয়ারূপ ব্যাপারের আরোপ আমার উপরেই দেখা যাইতেছে, সুতরাং এস্থলে ইহাই বুঝিতে হইবে যে, অকর্ম্ম স্বরূপ ব্রহ্মে দেহাত্মাশ্রয় কর্ম্ম অর্থাৎ কর্ম্মভ্রম নিতান্ত বদ্ধমূলভাবে অবস্থান করিতেছে। অতএব কর্ম্ম কি এবং অকর্ম্মই বা কি, কবিগণও ইহা নির্ণয় করিতে অক্ষম হইয়া মোহপ্রাপ্ত হন (কিং কর্ম্ম কিমকর্ম্মেতি কবয়োঽপ্যত্র মোহিতাঃ)। আর যদি এরূপ আশঙ্কা হয় যে, আত্মা যদি নিষ্ক্রিয়ই হইলেন, তবে আবার কর্ম্মভ্রম তাঁহার উপর কিরূপে আরোপিত হইতে পারে? তাহাও বলিতেছি। দেহকে আশ্রয় করিয়া কর্ম্মের উদ্ভব হয়; লোক সেই কর্ম্ম শুক্তিকায় রজতের ন্যায় আত্মার উপর অধ্যারোপ করিয়া "আমি কর্ত্তা," "আমার এই কর্ম্ম," "আমি এই কর্ম্মের ফলভোগ করিব", এরূপ অভিমান করিয়া থাকে। ইত্যাকার অভিমানের নামই বিপরীত জ্ঞান বা ভ্রম। ১৭শ শ্লোকে বর্ণিত। অকর্ম্ম অর্থাৎ তূষ্ণীম্ভাবও (চুপ করিয়া থাকা, কিছু না করা) আত্মার উপর অধ্যারোপিত; সুতরাং তাহাও ভ্রমমাত্র। কারণ, যেরূপ আমি বলিলাম যে, "কিছু না করিয়া চুপ করিয়া থাকি, তাহা হইলে কোন কষ্টও হইবে না, অথচ আমি সুখী হইব," এরূপ স্থলে দেখিতে পাওয়া যায় যে, দেহেন্দ্রিয়াশ্রয় ব্যাপারের নাম কর্ম্ম, সেই কর্ম্মের যে উপরম অর্থাৎ সেই কর্ম্ম হইতে উপরত হওয়া, তাহাও কর্ম্ম, কারণ তাহাও ব্যাপার বিশেষ। সেই কর্ম্মোপরমরূপ কর্ম্মকৃত যে সুখীত্ব, তাহা আত্মাতে আরোপ করিয়াই, আমি কিছু করি না, তূষ্ণীম্ভাব অবলম্বন করিয়া থাকি; সুতরাং সেই অকর্ম্ম বা তূষ্ণীম্ভাব অবস্থাতেও "আমি সুখী" এইরূপ অভিমান বা অহঙ্কার হয় বলিয়া, তাহাও যে আত্মার উপর

ভ্রমপূর্ব্বক অধ্যারোপিত হইয়াছে, ইহাও বিচার পূর্ব্বক বুঝিয়া দেখা উচিত। কর্ম্মাভাব বা তূষ্ণীম্ভাবকেও কি কারণে আরোপিত বলিয়া উল্লেখ করিলাম, তাহা একটি দৃষ্টান্ত প্রদর্শন পূর্ব্বক সবিশেষ বুঝাইয়া দিতেছি। বিবেচনা করিয়া দেখ, শুক্তিকাতে স্বভাবতঃ রূপ্যত্ব নাই; রূপ্যত্ব তাহাতে আরোপিত-মাত্র, এবং সেই শুক্তিকায় যখন রূপ্যত্ব আরোপিত, তখন সুতরাং তাহাতে রূপ্যত্বাভাবও আরোপের পক্ষপাতী। এইরূপ আত্মাতে স্বভাবতঃ বিক্রিয়া নাই, কিন্তু কর্ম্ম তাহাতে অধ্যস্ত বা আরোপিত মাত্র এবং সেই ব্রহ্মে কর্ম্মাভাবও সুতরাং আরোপিত বা অধ্যস্ত। এক্ষণে দেখা যাইতেছে যে, সকল লোকেরই আত্মার উপর কর্ম্মাদি বিভ্রম হইয়া থাকে এবং তোমারও সেই দশাই সমুপস্থিত হইয়াছে; সুতরাং সেই বিপরীত জ্ঞান অপনীত না হইলে, তোমার তত্ত্বজ্ঞানের উদয় বা মুক্তির আশা নাই। সুতরাং সেই বিপরীত দর্শন অপনয়নার্থ, আমি যে পূর্ব্বাভিহিত বাক্য (কর্ম্মণ্যকর্ম্মেত্যাদি) বলিয়াছি, বোধ হয় এতক্ষণে তুমি তাহা বুঝিতে পারিয়াছ। অর্জ্জুন! আমার কথার প্রকৃত অর্থ বুঝাইবার জন্য তোমার নিকট প্রয়োজনের অধিক অনেক কথা বলিতে হইয়াছে এবং সেই সমস্ত কথা নানাস্থানে বিক্ষিপ্ত ভাবে রহিয়াছে; সুতরাং এক্ষণে সেই সমস্ত কথার সারমর্ম্ম তোমাকে সংক্ষেপে বলিতেছি শ্রবণ কর।

এই অবিদ্যার লীলাভূমি দ্বৈত প্রপঞ্চে দেখিতে পাওয়া যায় যে, দেহান্দ্রিয়াশ্রয় যে কর্ম্ম, তাহা স্বস্বরূপে অবস্থিত হইলেও সকল লোকেই কর্ম্মরহিত অবিক্রিয় ব্রহ্মে তাহার অধ্যাস করিয়া থাকে। কারণ, অবিবেকীর কথা দূরে থাকুক, বিবেকীরাও আত্মার উপর "আমি কর্ত্তা", "আমি করিতেছি" ইত্যাদি রূপ কর্ম্মের আরোপ বা কর্ত্তৃত্বাভিমান করে। অতএব যে ব্যক্তি আত্ম-সমবেত (আমির সঙ্গে মিশ্রিত, আত্মাভিমানে মাখান) লোক-প্রসিদ্ধ কর্ম্মে, দ্রুতগামী নৌকায় আরূঢ় ব্যক্তির তীরস্থ বৃক্ষে পশ্চাৎগমনরূপ কর্ম্মে, গত্যভাবরূপ অকর্ম্ম দর্শনের ন্যায়, অকর্ম্ম অর্থাৎ ক্রিয়ারাহিত্য দেখিয়া থাকে, অর্থাৎ নৌকারোহী ব্যক্তি যে তীরস্থ বৃক্ষের গতি প্রাতিলোম্য (বিপরীত গতি) অনুভব করে, তাহা ভ্রান্তিমাত্র; কারণ বৃক্ষের গতি নাই। নৌকারোহীর পক্ষে তীরস্থ বৃক্ষের গতি প্রাতিলোম্য আপাততঃ প্রতিভাত হইলেও, সে যখন বিচার করিয়া দেখে যে, বৃক্ষের ত গতি নাই, সুতরাং তাহার গতি-

প্রাতিলোম্য হওয়া অসম্ভব; অতএব আমি যাহাকে গতি বলিয়া বুঝিতেছি তাহা প্রকৃত গতি নহে—আমাকর্ত্তৃক আরোপিত ও ভ্রমমাত্র। তখন তাহার অকর্ম্মে কর্ম্ম-জ্ঞানরূপ ভ্রম বিদূরিত হয়, বা তখনই তাহার যথার্থ জ্ঞান সিদ্ধ হয়। এইরূপ যে ব্যক্তি আত্মাধিষ্ঠানে আরোপিত সুতরাং আত্মনিষ্ঠ যে লোক-প্রসিদ্ধ কর্ম্ম তাহাতে অকর্ম্ম অর্থাৎ কর্ম্মাভাব দেখিয়া থাকে, মনুষ্যের মধ্যে সেই ব্যক্তিই বুদ্ধিমান্ সেই ব্যক্তিই যোগী ও সেই ব্যক্তিই কৃৎস্নকর্ম্মকৃৎ। ইহার স্থূলার্থ, যেরূপ বৃক্ষ বাস্তবিক ক্রিয়ারহিত, আত্মাও সেইরূপ ক্রিয়ারহিত। যেরূপ ক্রিয়ারহিত বৃক্ষেই ভ্রমপূর্ব্বক ক্রিয়া আরোপিত, সেইরূপ ক্রিয়ারহিত ব্রহ্মেও ভ্রমপূর্ব্বক ক্রিয়া আরোপিত হয়। যেরূপ নৌকারোহী, বিচার-দৃষ্টিতে নিজ ভ্রম অপাকৃত করিয়া, সেই আরোপিত-ক্রিয় বৃক্ষেই ক্রিয়ারাহিত্য দেখিয়া থাকে বা বৃক্ষবিষয়ক সম্যক্ জ্ঞানলাভ করে; যদি কোন ব্যক্তি সেইরূপ আরোপবশে আত্মনিষ্ঠ কর্ম্মে কর্ম্মাভাব দেখিয়া থাকে, অর্থাৎ যদি কোন ব্যক্তি বিচার-দৃষ্টিতে নিজভ্রম অপাকৃত করিয়া আরোপিতক্রিয় নিষ্ক্রিয় ব্রহ্মেই ক্রিয়ারাহিত্য (অকর্ম্ম) দেখিয়া থাকে, বা ব্রহ্মবিষয়ক সম্যক্ জ্ঞানলাভ করে, মনুষ্যের মধ্যে সেই ব্যক্তিই বুদ্ধিমান্, সেই ব্যক্তিই যোগী ও সেই ব্যক্তিই কৃৎস্নকর্ম্মকৃৎ। আর যে ব্যক্তি কর্ম্মের ন্যায় আত্মায় আরোপিত লোকপ্রসিদ্ধ অকর্ম্মে অর্থাৎ দেহেন্দ্রিয়াদি-ব্যাপারের উপরমাবস্থাতেও (তূষ্ণীম্ভাবে) কর্ম্ম দেখিয়া থাকে, মনুষ্যের মধ্যে সেই ব্যক্তিই বুদ্ধিমত্ত্বাদিগুণবিশিষ্ট অর্থাৎ অজ্ঞানাচ্ছন্ন-দৃষ্টি লোক-সকল সাধারণতঃ দেহাদিচেষ্টাকেই কর্ম্ম বলিয়া বুঝিয়া থাকে, আর কিছু না করিয়া চুপচাপ বসিয়া থাকা বা তূষ্ণীম্ভাবকেই অকর্ম্ম বলিয়া সিদ্ধান্ত করিয়া থাকে। অথচ, বিচার করিলে দেখা যায় যে, ঐ লৌকিক অকর্ম্মাবস্থাতে অর্থাৎ তূষ্ণীম্ভাবাবস্থাতেও কর্ম্ম বা ব্যাপার সমরূপই চলিতেছে; কারণ, মনুষ্য মনে করে যে, 'আমি কিছু কর্ম্ম না করিয়া চুপ করিয়া বেশ সুখে আছি।' এই "আমি সুখে আছি" রূপ ব্যাপার ক্রিয়া বা চেষ্টা তখন পূর্ণ-মাত্রায় বিরাজিত; কারণ, প্রকৃত আমির উপর ত কোনরূপ ক্রিয়ার আরোপ নাই। সুতরাং এই "আমি সুখে আছি" রূপ অভিমান বা অহঙ্কারই লোকপ্রসিদ্ধ অকর্ম্মাবস্থাতেও কর্ম্মের অস্তিত্ব দেখাইয়া দেয়। আর যে ব্যক্তি এই লোকপ্রসিদ্ধ অকর্ম্মেও কর্ম্ম দেখিয়া থাকে, সেই ব্যক্তিই

বুদ্ধিমান্, সেই ব্যক্তিই যোগী, সেই ব্যক্তিই কৃৎস্নকর্ম্মকৃৎ। আর যে ব্যক্তি লোকপ্রসিদ্ধ অকর্ম্মে কর্ম্ম দেখিতে পায়, সে যে কর্ম্মে পূর্ব্বোক্তরূপ অকর্ম্ম দেখিবে তাহা বলাই বাহুল্য। ফলতঃ যে ব্যক্তি এইরূপ কর্ম্ম ও অকর্ম্মের বিভাগ জ্ঞাত আছেন, সেই ব্যক্তির নিশ্চয়াত্মিকা বুদ্ধিই নিশ্চয় নিশ্চয়াত্মিকা; সুতরাং তিনি বুদ্ধিমান্। সেই ব্যক্তিরই যথার্থ সমজ্ঞান হইয়াছে, সেই ব্যক্তিরই যথার্থ চিত্তবৃত্তির নিরোধ হইয়াছে, সুতরাং তিনি যোগী এবং তিনি সকল কর্ম্মেরই অনুষ্ঠান করিয়াছেন, তাঁহার আর কোনরূপ কর্ম্ম করিতে বাকি নাই; অর্থাৎ যে ব্যক্তি সম্যক্ জ্ঞানলাভ করেন, জ্ঞানানলে তাঁহার সমস্ত কর্ম্মই ভস্মীভূত হয়, সুতরাং জ্ঞানীকে আর নূতন করিয়া কোনরূপ কর্ম্মের অনুষ্ঠান করিতে হয় না। এই নিমিত্তই বলা হইল যে, তাহার আর কোনরূপ কর্ম্ম করিতে বাকি নাই; সুতরাং সে কৃৎস্নকর্ম্মকৃৎ। এইরূপ ব্যক্তিই অশুভ সংসার হইতে মুক্তিলাভ পূর্ব্বক কৃতকৃত্য হয়।

পূজ্যপাদ শঙ্করাচার্য্য স্বাভিমত পরিব্যক্ত করিয়া, বৃত্তিকারের মত সমুত্থাপন পূর্ব্বক খণ্ডন করিতেছেন। বৃত্তিকারের মতে, ঈশ্বরার্থে অনুষ্ঠীয়মান যে নিত্যকর্ম্ম, তাহা ফলপ্রদ নহে; সুতরাং গৌণীবৃত্তিতে তাহাই (নিত্যকর্ম্মই) অকর্ম্ম। অর্থাৎ যেরূপ লোকে দুগ্ধরূপফলহীন গাভীকে, অগাভী (এ গরুটা গরুই নহে, এইরূপ) বলিয়া থাকে; বাস্তবিক তাহাতে গাভীর মুখ্যার্থ অর্থাৎ প্রকৃত গাভীত্ব নষ্ট হয় না বটে, গুণাংশ লইয়া গাভীত্ব নষ্ট হয় মাত্র; সুতরাং এইরূপ প্রয়োগ মুখ্যবৃত্তিতে না হইয়া গৌণীবৃত্তিতে হইয়া থাকে। সেইরূপ নিত্যকর্ম্মও স্বর্গাদি কোন ফল প্রসব করে না বলিয়াই অকর্ম্ম। আর সেই নিত্যকর্ম্মের অকরণ রূপ যে মুখ্য অকর্ম্ম, তাহাই আবার গৌণী (অপ্রধান) বৃত্তিতে 'কর্ম্ম'। নিত্যকর্ম্মের অনুষ্ঠান না করিলে বিঘ্নভূত নরকাদি ফললাভ হয় বলিয়াই, নিত্যকর্ম্মের অকরণরূপ অকর্ম্মই 'কর্ম্ম'। যাহা ফলপ্রসব করে তাহাই কর্ম্ম, এবং যাহা ফলপ্রসব না করে তাহাই অকর্ম্ম। এই নিয়মানুসারে বৃত্তিকারের মতে, নিত্যকর্ম্মই "অকর্ম্ম" এবং নিত্যকর্ম্মের অননুষ্ঠান রূপ অকর্ম্মই কর্ম্ম। যে ব্যক্তি, কর্ম্মে অর্থাৎ নিত্যকর্ম্মে অকর্ম্ম অর্থাৎ ফলাভাব হেতু কর্ম্মাভাব দেখিয়া থাকেন এবং যে ব্যক্তি, অকর্ম্মে অর্থাৎ নিত্যকর্ম্মের অকরণরূপ অকর্ম্মে, (নরকাদি ফলপ্রদ বলিয়া) কর্ম্ম দেখিয়া থাকেন, মনুষ্যের মধ্যে তিনিই বুদ্ধিমত্ত্বাদিগুণবিশিষ্ট।

ভগবান্ শঙ্করাচার্য্য, বহুবিধ শ্রুতিযুক্ত্যাদির সহায়তায় বৃত্তিকারের উক্ত মত যেরূপে নিরাকৃত করিয়াছেন, তাহার স্থূল মর্ম্ম এই যে, ভগবান্ শ্রীকৃষ্ণ (১৭ শ্লোকে) বলিয়াছেন, "যজ্জ্ঞাত্বা মোক্ষসেঽশুভাৎ" অর্থাৎ "তুমি যে বিষয়ে জ্ঞানলাভ করিয়া অশুভসংসার হইতে মুক্তিলাভ করিবে।" ভগবানের উক্ত বাক্য স্পস্ট বলিয়া দিতেছে যে, নিত্যকর্ম্মবিষয়ক জ্ঞান বা নিত্যকর্ম্মের ফলাভাব জ্ঞান, ভগবদভিপ্রেত জ্ঞান নহে। কারণ, নিত্যকর্ম্ম-জ্ঞান বা নিত্যকর্ম্মের ফলাভাব-জ্ঞান কোন স্থলেই মুক্তিফলপ্রদরূপে উল্লিখিত হয় নাই। অথচ, ভগবদুল্লিখিত জ্ঞানের ফল অশুভমুক্তি; সুতরাং বৃত্তিকারের উল্লিখিতরূপ ব্যাখ্যা, ভগবদ্বাক্যের পরস্পর সামঞ্জস্য সংরক্ষিত না করিয়া বিরুদ্ধার্থ প্রতিপাদন করে বলিয়া হেয়।

শ্রীমদ্রামানুজাচার্য্য ও শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। এই শ্লোকে কর্ম্মাকর্ম্মের স্বরূপ পরিজ্ঞানের আবশ্যকতা প্রতিপাদিত হইতেছে। এস্থলে কর্ম্ম শব্দে নিষ্কামভাবে অনুষ্ঠিত কর্ম্ম এবং অকর্ম্ম শব্দে ফলস্বরূপ আত্মজ্ঞান সূচিত হইতেছে। ক্রিয়মাণ কর্ম্মে যিনি আত্মজ্ঞানই দর্শন করেন এবং আত্মজ্ঞান রূপ অকর্ম্মে যিনি কর্ম্মই বর্ত্তমান রহিয়াছে বলিয়া বোধ করেন, অর্থাৎ যে মুক্তিলাভার্থী ব্যক্তি হৃদ্বিশুদ্ধি হেতু, কর্ম্মের যাথাত্ম্য অনুসন্ধানের দ্বারা অনুষ্ঠীয়মান কর্ম্মে অকর্ম্ম সন্দর্শন করেন, তিনিই পণ্ডিত। জ্ঞান কর্ম্মেরই অনুগত; কর্ম্ম দ্বারাই জ্ঞান উপজাত হয়। জ্ঞান ও কর্ম্ম উভয়েরই উদ্দেশ্য আত্মতত্ত্ব উপলব্ধি। এই বোধের বশবর্ত্তী হইয়া বুদ্ধিমান্ জনেরা কর্ম্মকে জ্ঞানাকার এবং জ্ঞানকে কর্ম্মাকার বোধ করিয়া থাকেন। শ্রীভগবান্ পঞ্চম অধ্যায়ের চতুর্থ শ্লোকে প্রতিপন্ন করিয়াছেন যে, অজ্ঞান জনেরাই জ্ঞানযোগ ও কর্ম্মযোগের পার্থক্য অনুভব করে; পণ্ডিতেরা তাহা করেন না। ক্রিয়মাণ কর্ম্মে তৎকর্ত্তৃকস্বরূপ আত্মার যাথাত্ম্য অনুসন্ধানে সম্প্রবৃত্ত হইলে যুগপৎ উভয় ফলই প্রাপ্ত হওয়া যায়। অর্থাৎ কর্ম্মানুষ্ঠানের সঙ্গে সঙ্গে জ্ঞান লাভও ঘটিয়া থাকে। এইরূপে কর্ম্মানুষ্ঠান সহকারে যিনি আত্মযাথাত্ম্য অনুসন্ধান করেন, মনুষ্যের মধ্যে তিনিই বুদ্ধিমান্ অর্থাৎ 'সকল শাস্ত্রের মর্ম্মজ্ঞ', মোক্ষলাভের যোগ্য এবং যাবতীয় শাস্ত্রানুগত কর্ম্মানুষ্ঠাতা। সর্ব্বপ্রকার কর্ম্মানুষ্ঠান দ্বারা যে সুখ লাভ করা যায়, একমাত্র আত্মজ্ঞান রূপ পরম সুখে তৎসমস্তই অন্তর্নিহিত আছে (২ অ, ৪৬ শ্লোকের তাৎপর্য্য

দেখুন); এই জন্যই আত্মজ্ঞানীকে "কৃৎস্নকর্ম্মকৃৎ" বলা হইয়াছে। আত্ম-জ্ঞানী ব্যক্তি সর্ব্বকর্ম্মের অনুষ্ঠান করুন বা না করুন, সকল কর্ম্মের ফলই তিনি উপভোগ করিয়া থাকেন, ইহাই ভাবার্থ।

শ্রীমৎ শ্রীধরস্বামীর অভিপ্রায়। কর্ম্ম, বিকর্ম্ম ও অকর্ম্মের দুজ্ঞেয়ত্ব প্রদর্শন করিয়া, এক্ষণে শ্রীভগবান্ তাহাই স্ফুটীকৃত করিতেছেন। পরমেশ্বর আরাধনারূপ কর্ম্মবিষয়েও যে ব্যক্তি অকর্ম্ম দর্শন করেন, অর্থাৎ তাহা জ্ঞানের হেতুভূত, সুতরাং বন্ধনের কারণ নহে জানিয়া, ভগবদারাধনারূপ কর্ম্মও কর্ম্ম নহে বলিয়া যিনি উপলব্ধি করেন; এবং শাস্ত্রবিহিত কর্ম্মের অনুষ্ঠানরূপ অকর্ম্মেও যিনি কর্ম্ম দর্শন করেন, অর্থাৎ তাহা প্রত্যবায়ের উৎপাদক, সুতরাং বন্ধনের হেতুভূত বলিয়া বিহিত কর্ম্মের অপরিপালনরূপ অকর্ম্মও যিনি কর্ম্মরূপে উপলব্ধি করেন, কর্ম্মানুষ্ঠানকারী মনুষ্যগণের মধ্যে তিনিই বুদ্ধিমান্, তাঁহারই বুদ্ধি ব্যবসায়াত্মিকা, এইজন্য তিনিই শ্রেষ্ঠ। তাদৃশ ব্যক্তির প্রশংসার্থ শ্রীভগবান্ বলিতেছেন যে, তিনিই যোগী, কারণ উল্লিখিত বুদ্ধি সহকারে কর্ম্মানুষ্ঠান দ্বারা তিনি জ্ঞানযোগের অধিকারী হইয়াছেন। যাবতীয় কর্ম্মানুষ্ঠান জনিত ফল তাঁহার বিশাল বারিধিতুল্য কর্ম্মফলের অন্তর্ভূত, এজন্য তিনিই সর্ব্ব কর্ম্মের অনুষ্ঠাতা। পূর্ব্বে "ন কর্ম্মনামনারম্ভাৎ" (৩ অ, ৬ শ্লোক) ইত্যাদি বাক্যে, কর্ম্মযোগের অধিকারাবস্থায়, জ্ঞানভূমিতে আরোহণাভিলাষী ব্যক্তিবৃন্দের নিমিত্ত যে কর্ম্মযোগের ব্যবস্থা প্রদর্শিত হইয়াছে, এক্ষণে তাহাই স্পষ্টীকৃত হইল; সেই প্রকরণই এস্থলে বিস্তারিতরূপে প্রপঞ্চিত হইয়াছে; এজন্য পুনরুক্তি দোষ ঘটে নাই। পূর্ব্বে "যস্ত্বাত্মরতিরেব স্যাৎ" (৩ অ, ১৭ শ্লোক ইত্যাদি বচন দ্বারা জ্ঞানভূমিকা সমারূঢ় ব্যক্তি-বৃন্দের পক্ষে কর্ম্মবিহীনতা কীর্ত্তিত হইয়াছে। এই শ্লোকে তাহারও তাৎপর্য্য বিশদীকৃত হইল। যখন জ্ঞানভূমিকা আরোহণাভিলাষী ব্যক্তির পক্ষে কর্ম্ম বন্ধক স্বরূপ হয় না, তখন জ্ঞানভূমিকা সমারূঢ় ব্যক্তির পক্ষে যে কর্ম্ম বন্ধক হইতে পারে না, একথা বলাই বাহুল্য। অতএব সেই শ্লোকের সহিত সমালোচ্য শ্লোকের সামঞ্জস্য সুরক্ষিত হইয়াছে। অতঃপর অন্য প্রকারে এই শ্লোকের ব্যাখ্যা উত্থাপিত হইতেছে। দেহেন্দ্রিয়াদি ব্যাপাররূপ কর্ম্মে বর্ত্তমান থাকিলেও আত্মা দেহাদি হইতে স্বতন্ত্র; এইরূপ বিশ্বাসের বশবর্ত্তী হইয়া যিনি স্বভাবতঃ ক্রিয়াহীন আত্মায় অকর্ম্ম দর্শন করেন, এবং

জ্ঞানবলে ত্যাগ না করিয়া, কেবল কর্ম্মের অশেষ ক্লেশ দর্শনে কর্ম্ম ত্যাগরূপ অকর্ম্ম প্রযত্ন সাধ্য সুতরাং মিথ্যাচার বোধে, যিনি তাহাতে কর্ম্মই দর্শন করেন, তিনিই পণ্ডিত। পূর্ব্বে "কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য" (৩ অ, ৮) ইত্যাদি শ্লোকে অবশ্যকর্ত্তব্য কর্ম্ম পরিপালনের যে ব্যবস্থা আছে, তাহা এবং তাহার অননুষ্ঠানে যে প্রত্যবায় সম্ভাবিত, তাহা স্মরণ করিয়া যে ব্যক্তি কর্ম্মকে বন্ধনস্বরূপ জ্ঞান করেন, তাদৃশ ব্যক্তিগণই মনুষ্যের মধ্যে বুদ্ধিমান্; কারণ, যদৃচ্ছালব্ধ সর্ব্ববিধ আহারাদি কার্য্য সম্পন্ন করিলেও, তাঁহারা আত্মার অকর্ত্তৃত্ব জ্ঞান হেতু সমাধিস্থ যোগীর তুল্য। এতদ্দ্বারা বিকর্ম্মের তত্ত্বও প্রতিপাদিত হইল, যেহেতু জ্ঞানিজনের স্বয়মাগত কলঞ্জ (৭১০ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) ভক্ষণাদিরূপ শাস্ত্রপ্রতিষিদ্ধ বিকর্ম্মও দোষাবহ হয় না, কিন্তু অজ্ঞ ব্যক্তির অনুরাগ সহকারে তদনুষ্ঠান দোষাবহ হইয়া থাকে।

শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। রাজর্ষি জনকাদির ন্যায় যে শুদ্ধান্তঃকরণ ও জ্ঞানবান্ পুরুষ কর্ম্মত্যাগী না হইয়াও, নিষ্কামভাবে সকল কর্ম্মের অনুষ্ঠান করেন এবং কর্ম্মযোগে প্রবৃত্ত হইয়াও তাহা মুক্তির প্রতিবন্ধক হইবে না জানিয়া, কর্ম্ম করা হইতেছে না বলিয়াই বোধ করেন; আর যিনি জ্ঞানবিহীন ও অশুদ্ধান্তঃকরণ হইলেও, জ্ঞানাভিমানী ভণ্ড সন্ন্যাসীগণের ন্যায় কর্ম্মত্যাগ করাকে শাস্ত্রজ্ঞানপ্রভাবে, দুর্গতিপ্রাপক বন্ধনরূপ কর্ম্ম বলিয়াই উপলব্ধি করেন, তাঁহারাই বুদ্ধিমান্ এবং তাঁহারাই যাবতীয় কর্ম্মের অনুষ্ঠান করেন। তাঁহারা সেই জ্ঞানবাচাল জ্ঞানাভিমানীর সঙ্গে থাকিয়াও এবং তাহার বাক্যানুরোধ শ্রবণ করিয়াও কখনই সন্ন্যাসব্রত অবলম্বন করিয়া কর্ম্ম ত্যাগ করেন না, ইহাই ভাবার্থ। ভগবান্ বলিয়াছেন, "যে ব্যক্তির ষড়িন্দ্রিয় অসংযত এবং ইন্দ্রিয়গণের সারার্থস্বরূপ মনও যাহার প্রচণ্ড, সেই জ্ঞানবৈরাগ্য-রহিত ব্যক্তির ত্রিদণ্ড (বাগ্দণ্ড, মনোদণ্ড এবং কায়দণ্ড) অর্থাৎ সন্ন্যাসাশ্রম কেবল জীবনোপায় স্বরূপ। সেই ধর্ম্মঘাতী ব্যক্তি দেবতাদিগকে এবং আপনার আত্মাকে এবং আমাকেও বঞ্চনা করে। তাহার অকালধৃত সন্ন্যাসীবেশ তাহাকে ইহলোক ও পরলোক পরিভ্রষ্ট করে মাত্র।"

শ্রীমৎ শ্রীধর স্বামী প্রভৃতি কোন কোন টীকাকার এই শ্লোকের শেষাংশের অন্বয় স্থলে "বুদ্ধিমান্" এই পদের পর "কৃৎস্নকর্ম্মকৃৎ" এই পদ স্থাপন করিয়াছেন, এবং তদনন্তর "অপি" এই পদ উহ্য করিয়াছেন। এরূপ ভাবে অন্বয় করিলে

তাৎপর্য্যার্থ এইরূপ হয়। যথা; তিনিই বুদ্ধিমান্, কারণ তিনি যদৃচ্ছালব্ধ আহারাদি সর্ব্ব কর্ম্ম করিলেও যোগীর তুল্য। শ্রীমচ্ছঙ্করাচার্য্য প্রভৃতি কোন কোন মহাত্মা "কৃৎস্নকর্ম্মকৃৎ" শব্দ শেষেই স্থাপিত করিয়াছেন এবং কোন শব্দ উহ্যরূপেও গ্রহণ করেন নাই। তদনুসারে যে অর্থ হয় তাহা পুনঃ পুনঃ লিখিত হইয়াছে; সুতরাং পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। এই শ্লোকের অন্বয় প্রতিশব্দ ও ব্যাখ্যা স্থলে শ্রীধরস্বামীর অনুকরণ করা হইয়াছে। "কৃৎস্ন-কর্ম্মকৃৎ" শব্দের অর্থ সম্বন্ধেও সামান্য মতভেদ আছে। কেহ কেহ "সর্ব্ব-শাস্ত্রার্থানুযায়ী কর্ম্মতৎপর" এবং কেহ "যাবতীয় কর্ম্মতৎপর" এইরূপ অর্থ করিয়া থাকেন।

পূজ্যপাদ নীলকণ্ঠ সূরির অভিপ্রায়। ভগবান্ শ্রীকৃষ্ণ পূর্ব্বে (১৬ শ্লোকে) অর্জ্জুনের নিকটে "তত্তে কর্ম্ম প্রবক্ষ্যামি" রূপ যে প্রতিজ্ঞা করিয়াছেন, অধুনা তাহারই উত্তর স্বরূপে বলিতেছেন। অসেচনক অর্জ্জুন! তোমাকে পূর্ব্বেই (১৭ শ্লোকে) বলিয়াছি যে, কর্ম্ম, অকর্ম্ম ও বিকর্ম্মভেদে দেহেন্দ্রিয়াদি-ব্যাপার রূপ কর্ম্ম ত্রিবিধ। তন্মধ্যে, শাস্ত্রবিহিত যে দেহেন্দ্রিয়াদি ব্যাপার, তাহার নাম "কর্ম্ম"। শাস্ত্র-প্রতিষিদ্ধ যে দেহেন্দ্রিয়াদি চেষ্টা, তাহার নাম বিকর্ম্ম, এবং তূষ্ণীম্ভাবের নাম অকর্ম্ম। এই কর্ম্মের গতি বা যথাযথ তত্ত্ব অতি গহন অর্থাৎ দুরবগম্য। এই দুরবগম্য-গতি কর্ম্ম অর্থাৎ কর্ম্ম-অকর্ম্ম-বিকর্ম্মরূপ দেহেন্দ্রিয়াদি ব্যাপার, সেই অবিক্রিয় নিষ্ক্রিয়, প্রতিশরীরস্থ, আত্মায় অনাদি অবিদ্যা কর্ত্তৃক সমারোপিত। নৌকাস্থিত ব্যক্তি, গতিহীন তীর-তরুতে ভ্রান্তিবশতঃ গতির আরোপ করিয়া থাকেন; কিন্তু তত্ত্ববুদ্ধি দ্বারা তিনি, সেই তীরস্থপাদপে যেরূপ গত্যভাব দেখিয়া থাকেন, সেইরূপ যে ব্যক্তি নিষ্ক্রিয় আত্মায় অবিদ্যাকর্ত্তৃক কর্ম্মাকর্ম্ম বিকর্ম্মাত্মক কর্ম্ম সমারো-পিত হইলে, তাহাতে অকর্ম্ম অর্থাৎ উক্ত ত্রিবিধ কর্ম্মাভাব দেখিয়া থাকেন, মনুষ্য মধ্যে তিনিই বুদ্ধিমত্ত্বাদিগুণবিশিষ্ট। আর এক কথা, সত্ত্ব রজ তম এই ত্রিবিধ গুণের সংমিশ্রণে সঞ্জাত বস্তুজাতই চঞ্চলস্বভাব। দেহ-ইন্দ্রিয়া-দিও ত্রিগুণাত্মক, সুতরাং তাহারাও চঞ্চলস্বভাব বা নিয়ত কর্ম্মবিশিষ্ট। ত্রিগুণাত্মক দেহেন্দ্রিয়াদি এক মুহূর্ত্তও কর্ম্মবিহীনভাবে অবস্থিতি করিতে পারে না। আত্মার দেহও নাই, আর ইন্দ্রিয়াদিও নাই, সুতরাং তিনি নিষ্ক্রিয়। অবিদ্যা ত্রিগুণাত্মিকা, কিন্তু আত্মা ত্রিগুণাতীত। এই নিমিত্ত

ত্রিগুণের সহিত যাহার সম্বন্ধ অবিদ্যার সহিতই তাহার সম্বন্ধ, অতএব ত্রিবিধ কর্ম্মই অবিদ্যারোপিত। আত্মা অবিদ্যাতীত বা ত্রিগুণাতীত বলিয়াই নিষ্ক্রিয়। কাজেকাজেই বলিতে হয় যে, সেই ত্রিগুণাতীত নিষ্ক্রিয় আত্মায় কর্ম্ম বা ক্রিয়া, অবিদ্যা কর্ত্তৃক আরোপিত।

বীজাঙ্কুর ন্যায় (২৩২ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) সৃষ্টি অনাদি, অবিদ্যাও অনাদি; সুতরাং জীবের কর্ম্মবন্ধনও অনাদি। অবিদ্যা অনাদি হইয়াও সান্ত, (অর্থাৎ তাহার নাশ আছে), আর আত্মা অনাদি ও অনন্ত; অবিদ্যা এবং পরমাত্মার প্রভেদ এই পর্য্যন্ত। জীব অসংখ্য বলিয়া একের অবিদ্যা নাশ হইলে অপরের অবিদ্যা নষ্ট হয় না। যে আত্মাভিন্ন জীব অবিদ্যার হস্ত হইতে মুক্তিলাভ না করিয়াছে, সেই জীবই আত্মাতে বা আপনাতে কর্ম্মের আরোপ করিয়া থাকে। কিন্তু যে জীব বহুজন্মান্তরীণ অনির্ব্বচনীয় সুকৃতি-ফলে সেই অবিদ্যার স্বরূপ সমবগত হইতে পারে, তাহারই অবিদ্যা বিনিবৃত্তি হয়, বা সেই ব্যক্তি শোক-বারিধি বা অপার সংসারের পরপারে গমন করিতে পারে, সুতরাং সেই মনুষ্যই বুদ্ধিমত্ত্বাদিগুণবিশিষ্ট। যে ব্যক্তি অবিদ্যাকে চিনিতে পারে, অবিদ্যা তাহার নিকট হইতে দূরে পলায়ন করে। ইহা বলিবার তাৎপর্য্য এই যে, প্রতারক অপরের সহিত প্রতারণা কতক্ষণ করিতে পারে?—না, যতক্ষণ সেই প্রতারিত ব্যক্তি আপনাকে প্রতারিত বলিয়া মনে না করে, বা তাহাকে প্রতারক বলিয়া চিনিতে না পারে। প্রতারক যখন বুঝে যে, এ ব্যক্তি আমায় চিনিয়া ফেলিয়াছে, সে তখনই তাহার নিকট হইতে দূরে পলায়ন করে। অবিদ্যার দশাও এইরূপ। প্রতারককে চিনিতে পারা বুদ্ধিমানেরই কার্য্য; সুতরাং অবিদ্যাকে যে চিনে, সে যে বুদ্ধিমত্ত্বাদিগুণ-বিশিষ্ট, তাহা বলাই বাহুল্য। অবিদ্যা কখনও আত্মার সম্মুখীন হইতে পারে না। অবিদ্যা-মুক্ত জীবও আত্মাভিন্ন; সুতরাং অবিদ্যা লজ্জায় আর তাহার সম্মুখে আসিতে পারে না। ফলতঃ, এককে আর বুঝার নামই অবিদ্যা; বা এককে আর বুঝানই অবিদ্যার স্বভাব। যে বস্তুর যাহা প্রকৃত স্বরূপ, বিচার পূর্ব্বক তাহা অবগত হইলে, অপরটি যে তাহাতে আরোপিত হইয়াছিল, তখনই তাহা বুঝিতে পারা যায়। আর যখনই এইটি আরোপিত বলিয়া ধরা পড়ে, সেই আরোপিত বস্তুটি তখনই সে স্থান পরিত্যাগ করে, আর সে স্থানে আসিতে সাহসী হয় না। এইরূপ জীব যখনই সবিচার দৃঢ়রূপে বুঝিতে

পারে যে আত্মা বা-আমাতে কোনও ক্রিয়া নাই, ক্রিয়া আমার উপর আরোপিত হইয়াছে, একে আর ঘটিয়াছে, আমি প্রতারিত হইয়াছি; অবিদ্যা তখনই নিজের আরোপিত বহুবিধ কর্ম্মাদি-জাল প্রতিসংহৃত করিয়া সে স্থান পরিত্যাগ করে, আর পুনরায় সে স্থানে আইসে না। ইহারই নাম অবিদ্যা বিনিবৃত্তি বা সংসারমোচন।

সখে অর্জ্জুন! এস্থলে যদি তোমার এরূপ আশঙ্কা হয় যে, শাস্ত্রবিহিত ও নিষিদ্ধ দেহেন্দ্রিয়াদি ব্যাপারকে না হয় কর্ম্মশ্রেণীর অন্তর্গত করিতে প্রস্তুত আছি, কিন্তু অকর্ম্ম বা তূষ্ণীম্ভাবকে কিরূপে কর্ম্মশ্রেণীভুক্ত করি? কিছু না করিয়া নিষ্ক্রিয়ভাবে বসিয়া থাকার নামই তো তূষ্ণীম্ভাব? সেই তূষ্ণীম্ভাব, কিরূপে কর্ম্মশ্রেণীর অন্তর্গত হইবে? তাহাও বলিতেছি। চন্দ্র-তারকাদি নিয়ত চলনশীল হইলেও, মূঢ়জনে অর্থাৎ যাহারা চন্দ্রতারকাদির যথার্থতত্ত্ব সমবগত নহে, তাহারা দেখে যে, চন্দ্রতারকাদি চলনবিহীন। যাঁহারা সূক্ষ্মবুদ্ধি পূর্ব্বক বিচার করিয়া থাকেন, তাঁহারাই চন্দ্রতারকাদির গতি দেখিতে পান। এইরূপ যাহারা মূঢ়, তাহারাই মনে করে যে, তূষ্ণীম্ভাবই অকর্ম্ম বা কর্ম্মশ্রেণীর বহির্ভূত; কিন্তু বুদ্ধিমান্ তাহা মনে করেন না। তিনি দেখেন যে, তূষ্ণীম্ভাবের ভিতরেও পূর্ণমাত্রায় কর্ম্ম বিরাজিত। ভ্রান্তজন ভাবে, আমি কিছু করিতেছি না, আমি চুপ করিয়া আছি, সুতরাং আমি যখন করিতেছি না বা নিষ্ক্রিয়ভাবে অবস্থান করিতেছি, তবে আবার ইহার ভিতর কর্ম্ম কেমন করিয়া আসিবে? কিন্তু সখে! একবার স্থিরবুদ্ধিতে ভাবিয়া দেখ, তূষ্ণীম্ভাবের ভিতরেও কর্ম্ম দেখিতে পাও কি না। তুমি বলিতেছ যে, "আমি কিছু করিতেছি না"; কিন্তু আমি জিজ্ঞাসা করি যে, সেই নিষ্ক্রিয় আত্মা বা আমির উপর আবার "আমি কিছু করিতেছি না" এরূপ একটা বালকোচিত উক্তি কোথা হইতে আসিল? তখনও তোমার অহঙ্কার পূর্ণমাত্রায় বিরাজিত; আর তুমি সেই নরকমূলক অহঙ্কারের রাজ্যকে পবিত্র আত্মার রাজত্বে পরিণত করিতে চাও। অহঙ্কারও ত্রিগুণাত্মক, সুতরাং তাহাও সক্রিয়। অহঙ্কার যতক্ষণ, কর্ম্মও ততক্ষণ। অহঙ্কার জীবকে অঙ্গুলিনির্দ্দেশ পূর্ব্বক দেখাইয়া দেয়, ঐ ক্রিয়া—ঐ ক্রিয়া। কারকের রাজ-প্রাসাদ অহঙ্কার কর্তৃক বিরচিত হয়। অহঙ্কারাভিভূত জীবই বলিয়া থাকে যে, "আমি করিতেছি, আমি করিতেছি", "ইহা আমার, উহা আমার",

কিন্তু যিনি এইরূপে দেখেন যে, তূষ্ণীম্ভাবরূপ অকর্ম্মেও কর্ম্ম রহিয়াছে, তিনিই বুদ্ধিমত্ত্বাদিগুণবিশিষ্ট। রোগ ধরা পড়িলে আর তাহাকে অপাকৃত করিতে বিলম্ব হয় না। এইরূপ কর্ম্ম ধরা পড়িলে, তাহাকে বিদূরিত করিতে তত্ত্বজ্ঞানীর বিলম্ব হয় না। বুদ্ধিমান্ দেখেন যে, অকর্ম্ম বা তূষ্ণীম্ভাবও কর্ম্ম এবং বিকর্ম্মের ন্যায় কর্ম্ম-শ্রেণীর অন্তর্গত; সুতরাং ইহাও অবিদ্যা-কর্তৃক অক্রিয় আত্মায় আরোপিত হইয়াছে। আত্মার ক্রিয়া নাই; সুতরাং কর্ম্ম তাঁহাতে আরোপিত। একে আর বুঝার নামই অবিদ্যা; সুতরাং এই নিষ্ক্রিয় আত্মাকে সক্রিয় বুঝাই অবিদ্যা বা অবিদ্যার লীলাবিলসিত। এইরূপ বুঝিয়া অবিদ্যার স্বরূপ অবগত হইলেই, অবিদ্যা সেস্থান পরিত্যাগ করে, সুতরাং জীব সংসারমুক্ত হয়। যে মনুষ্য এইরূপ কর্ম্মের যাথাত্ম্যতত্ত্ব সমবগত হইতে পারেন, মনুষ্য মধ্যে সেই মনুষ্যই বুদ্ধিমান্ অর্থাৎ তত্ত্বদর্শী, সেই মনুষ্যই যোগী এবং সেই মনুষ্যই কৃৎস্নকর্ম্মকৃৎ। জরায়ুজ, স্বেদজ, অণ্ডজ ও উদ্ভিজ্জ এই চতুর্ব্বিধ চেতনের মধ্যে মনুষ্যই তত্ত্বজ্ঞানলাভোপযোগী। মনুষ্যে বিচার-শক্তি সন্নিহিত আছে বলিয়াই এস্থলে "স বুদ্ধিমান্ মনুষ্যেষু" এই কথা বলিলাম। এবংবিধ মনুষ্য, ভ্রান্তিক্রমে নিষ্ক্রিয় আত্মায় আরোপিত ব্যাপারকে এবং সক্রিয় অনাত্মবস্তুতে আরোপিত নির্ব্ব্যাপারকে বাধিত করিয়াছেন বলিয়া "যোগী"। আর তিনি কর্ম্মযোগের ফল স্বরূপ তত্ত্বজ্ঞান লাভ করিয়াছেন বলিয়াই "কৃৎস্নকর্ম্মকৃৎ"। এবংবিধ মনুষ্য এরূপ স্তুতিরই উপযুক্ত পাত্র। অতএব সখে! তোমার এইরূপ ভাবিয়া কর্ম্ম করা উচিত যে, আত্মার কর্তৃত্ব নাই; কর্তৃত্ব দেহেন্দ্রিয়াদি সমূহের। "আত্মার কর্তৃত্ব নাই" এই কথা যদিও পূর্ব্বে (অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়ম্ ইত্যাদি স্থলে) অনেক বার বলা হইয়াছে, তথাপি বিষয়ের দুর্জ্ঞেয়ত্ব হেতু পুনঃ পুনঃ তোমাকে বলিতে হইতেছে। (শঙ্করাচার্য্যের এই মতকে, টীকাকার অলঙ্কৃত করিয়া স্বাভিমত পরিব্যক্ত করিয়াছেন) যদি বল যে, ঈশ্বরার্থে অনুষ্ঠীয়মান যে নিত্যকর্ম্ম তাহা সংসারবন্ধনের হেতুভূত নহে, সুতরাং যে ব্যক্তি সেই নিত্যকর্ম্মে অকর্ম্ম অর্থাৎ কর্ম্মাভাব দেখিয়া থাকে এবং সেই নিত্যকর্ম্মের অকরণরূপ অকর্ম্ম, বিঘ্নের হেতু বলিয়া, যে ব্যক্তি তাহাতে কর্ম্ম দেখিয়া থাকে; সেই ব্যক্তি বুদ্ধিমান্ প্রভৃতি স্তুতির অধিকারী। (ইহাই বৃত্তিকারের মত, অতঃপর ইহার খণ্ডন) তাহা বলিতে

পার না; কারণ, নিত্যকর্ম্মকে অকর্ম্ম বলিয়া জানা রূপ যে জ্ঞান, সেই জ্ঞান দ্বারা কখনও অশুভসংসার হইতে মুক্তিলাভ করিতে পারা যায় না। আর এই নিত্যকর্ম্মে যে অকর্ম্ম জ্ঞান, তাহা নিজেই মিথ্যাজ্ঞান স্বরূপ, সুতরাং তাহা অশুভ। অশুভপদার্থ দ্বারা কখনও অশুভের নাশ হইতে পারে না; অন্ধকার দ্বারা কখনও অন্ধকার বিদূরিত হইতে পারে না; যে তত্ত্ব বোদ্ধব্য, তাহা কখনও এইরূপ মিথ্যাজ্ঞানস্বরূপ হইতে পারে না। আর এইরূপ মিথ্যাজ্ঞানীও কখনও বুদ্ধিমান্ আদি স্তুতির অধিকারী হইতে পারেন না। সুতরাং তোমার উক্ত আশঙ্কা নিতান্ত অসঙ্গত। এতদ্দ্বারা বৃত্তিকারের মত খণ্ডিত হইল।

আর যদি বল যে, জ্ঞানকর্ম্ম অর্থাৎ দৃশ্য জড়বস্তু সমূহই কর্ম্ম। যে ব্যক্তি এবংবিধ জ্ঞানকর্ম্মে সর্ব্বভ্রমাধিষ্ঠান সদ্রূপে বা স্ফুরণরূপে সর্ব্বত্র অনুস্যূত, অকর্ম্ম অর্থাৎ অবেদ্য স্বপ্রকাশ চৈতন্যকে পরমার্থ দৃষ্টিতে দেখিয়া থাকেন; এইরূপ আবার অকর্ম্ম অর্থাৎ স্বপ্রকাশ চৈতন্য স্বরূপ বস্তুতে কল্পিত কর্ম্ম অর্থাৎ অখিল দৃশ্যজাতই মায়াময়, বাস্তবিক তাহার কোনরূপ সত্তা নাই, এইরূপে দেখিয়া থাকেন; এবংবিধ ব্যক্তিই পরমার্থদর্শী; সুতরাং তিনি নিজগুণে বুদ্ধিমান্ প্রভৃতি স্তুতির উপযুক্ত পাত্র। অর্জ্জুন! তোমার এরূপ আশঙ্কাও অসঙ্গত। তুমি মদুক্তির পূর্ব্বাপর পর্য্যালোচনা করিয়া দেখ, আমি তোমাকে যে কর্ম্মবিষয়ক উপদেশ প্রদান করিয়াছি, সে কর্ম্ম অনুষ্ঠেয়। "কর্ম্ম কুরু" কর্ম্ম কর, "কর্ম্ম প্রবক্ষ্যামি" কর্ম্মের বিষয় বলিব, ইত্যাদি স্থলে অনুষ্ঠেয় কর্ম্মই প্রস্তাবিত হইয়াছে; সুতরাং অনুষ্ঠেয় কর্ম্মের প্রস্তাবে কখনও তত্ত্বজ্ঞানের প্রসঙ্গ সমুত্থাপিত হইতে পারে না। একরূপ উপক্রম করিয়া অন্যরূপে উপসংহার করা নিতান্ত অযুক্তিযুক্ত। আর যদি এরূপ বল যে, "কর্ত্তুরীপ্সিততমং কর্ম্ম" অর্থাৎ কর্ত্তার যাহা অত্যন্ত অভিলষিত তাহাই কর্ম্ম। এইরূপ পারিভাষিক কর্ম্মসংজ্ঞা দ্বারা দৃশ্যজাত কর্ম্মশব্দের অর্থরূপে পরিগণিত হইতে পারে; অর্থাৎ যাহা কর্ত্তার অত্যন্ত অভিলষিত যদি তাহাই কর্ম্ম হইল, অথচ কর্তৃত্বদেহেন্দ্রিয়াদি সংঘাতেরই হইল, তাহা হইলে ইহাই সিদ্ধান্তীকৃত হইতেছে যে, কখনও চক্ষু ইন্দ্রিয়ের দ্বারা কর্ত্তার ঈপ্সিততম রূপ, কখনও কর্ণ ইন্দ্রিয়ের দ্বারা কর্ত্তার ঈপ্সিততম শব্দ, কখনও ঘ্রাণেন্দ্রিয়ের দ্বারা কর্ত্তার ঈপ্সিততম গন্ধ, কখনও বা রসনেন্দ্রি-

য়ের দ্বারা কর্ত্তার ঈপ্সিততম রস, ইত্যাদিরূপ দৃশ্যজাতই দেহেন্দ্রিয়াদিরূপ কর্ত্তার অত্যন্ত ঈপ্সিত; সুতরাং দৃশ্যজাতই কর্ম্ম। আর পূর্ব্বেই বলা হইয়াছে যে, কর্ম্মশব্দের অর্থ জ্ঞানকর্ম্ম অর্থাৎ জ্ঞানের বিষয়; সুতরাং কর্ম্মপ্রস্তাবেও জ্ঞানের অবসর আছে। অর্জ্জুন! তোমার এরূপ আশঙ্কাও হইতে পারে না। কারণ, "অনিয়মে নিয়মকারিণী পরিভাষা' অর্থাৎ যাহা অনিয়মে নিয়মের বিধান করে, তাহার নাম পরিভাষা। যেরূপ, ঘু, টি, ভ, প্রভৃতি সংজ্ঞা। ঘু, টি, ভ, ইত্যাদি নামে প্রচলিত কোন শব্দ না থাকিলেও, বা তাহার সমীচীন প্রসিদ্ধ কোনরূপ নিয়মিত অর্থ না থাকিলেও, বৈয়াকরণিক সেই অনিয়মের ভিতরও নিয়ম বাঁধিয়া লইলেন। এই ঘু, টি, ভ আদি সংজ্ঞা লইয়া ব্যাকরণে অর্থ নির্ণয়রূপ ইষ্টলাভ হইতে পারে বটে, কিন্তু ইহা দ্বারা কখনও আগমার্থ নির্ণয় হইতে পারে না। এইরূপ পারিভাষিক কর্ম্ম সংজ্ঞা দ্বারা কখনও আগমার্থ বিনির্ণয় হইতে পারে না। যে নিয়ম যেখানকার সে নিয়ম সেইখানেই চলিতে পারে, অন্যত্র চলিতে পারে না। এক রাজার রাজ্যের ব্যবহার কখনও অন্য রাজার রাজ্যে চলিতে পারে না। অতএব এখন তুমি পূর্ব্বাপর পর্য্যালোচনা পূর্ব্বক বুঝিয়া দেখ যে, আমি তোমাকে যে কর্ম্মবিষয়ক উপদেশ প্রদান করিয়াছি, তাহা অনুষ্ঠেয় কর্ম্ম; জ্ঞানকর্ম্ম বা জড়দৃশ্যজাত নহে। বাস্তবিক ভাবিয়া দেখ, আমি পূর্ব্বে তোমাকে বলিয়াছি যে, কর্ম্ম অকর্ম্ম বিকর্ম্মরূপ কর্ম্মের গতি বা যাথাত্ম্যতত্ত্ব অর্থাৎ চরম্ সীমা অতীব গহন; সুতরাং তাহাও বোদ্ধব্য। অধুনা তোমার সহিত যে প্রসঙ্গের আলোচনা হইতেছে ও তোমাকে যে কথা বলিতেছি, (যে কর্ম্মে অকর্ম্ম দেখে, মনুষ্য-মধ্যে সেই মনুষ্যই বুদ্ধিমান্) তাহা পূর্ব্ব-প্রস্তাবিত বাক্যের বিস্তৃত ব্যাখ্যা ব্যতীত, কিছুই নহে। সখে! তুমি অবহিত চিত্তে শ্রবণ কর, আমি তোমাকে শাস্ত্র-দৃষ্টান্ত দ্বারা বুঝাইয়া দিতেছি যে, কর্ম্মাকর্ম্ম-বিকর্ম্মরূপ কর্ম্মে, অকর্ম্ম অর্থাৎ তাহার বৈপরীত্য লক্ষিত হয়। এখানে তোমার স্মৃত্যর্থ পুনরুল্লেখ করিতেছি যে, কর্ম্ম শব্দের অর্থ দেহেন্দ্রিয়াদি ব্যাপার। সেই কর্ম্ম ত্রিবিধ; কর্ম্ম, অকর্ম্ম ও বিকর্ম্ম। শাস্ত্রবিহিত দেহেন্দ্রিয়াদি ব্যাপারের নাম কর্ম্ম; শাস্ত্র-নিষিদ্ধ দেহেন্দ্রিয়াদি ব্যাপারের নাম বিকর্ম্ম এবং যাহা কর্ম্মও নহে বা বিকর্ম্মও নহে, তাহারই নাম অকর্ম্ম। এই অকর্ম্মই পূর্ব্বে তূষ্ণীম্ভাব বলিয়া

বহুশঃ অভিহিত হইয়াছে। এখন দেখ, শাস্ত্রতঃ কিরূপে কর্ম্মে (দেহেন্দ্রিয়াদি ব্যাপারে) অকর্ম্ম (তদ্বৈপরীত্য) দেখিতে পাওয়া যায়। যেরূপ যজ্ঞ একটি কর্ম্ম বা শাস্ত্রবিহিত দেহেন্দ্রিয়াদি ব্যাপারবিশেষ; কিন্তু সেই যজ্ঞ যদি বীতশ্রদ্ধ ব্যক্তি কর্ত্তৃক অনুষ্ঠিত হয়, তাহা হইলে সেই কর্ম্মরূপ যজ্ঞ, কৃত অর্থাৎ অনুষ্ঠিত হইয়াও, অকৃত হইয়া পড়ে, অর্থাৎ সেই যজ্ঞ করা, না করার তুল্য হইয়া থাকে; সুতরাং তাহা অকর্ম্মরূপে পর্য্যবসিত হয়, অর্থাৎ ঠিক বিপরীত হইয়া যায়। অগ্রে (গীতা ১৭ অধ্যায় ২৮ শ্লোকে) এ সমস্ত কথা সবিশেষ বলিব। (পূজ্যপাদ টীকাকার এস্থলে এই গীতাশাস্ত্রের সপ্তদশ অধ্যায়স্থ অষ্টাবিংশতি সংখ্যক "অশ্রদ্ধয়া হুতং দত্তং" ইত্যাদি শ্লোকটীকে প্রমাণরূপে সমুদ্ধৃত করিয়াছেন।) আরও দেখ, দাম্ভিক কর্ত্তৃক অনুষ্ঠিত এই শাস্ত্রবিহিত কর্ম্মই আবার বিকর্ম্মে পর্য্যবসিত হয়। কারণ, দাম্ভিক যাহা কিছু করে, তাহা কেবল বাহিরে লোক দেখাইবার নিমিত্ত। ঠিক্ প্রমাণানুযায়ী কোন কর্ম্মই দাম্ভিক কর্ত্তৃক অনুষ্ঠিত হয় না; সুতরাং তাহার অনুষ্ঠিত কর্ম্ম বিকর্ম্মে পর্য্যবসিত হয়। শাস্ত্রেও অভিহিত আছে যে, "নিত্যানুষ্ঠেয় অগ্নিহোত্র যজ্ঞ, মৌনব্রত, বেদাধ্যয়ন ও অশ্বমেধাদি যজ্ঞ, এই কর্ম্মচতুষ্টয় যদি শাস্ত্র-প্রমাণানুযায়ী অনুষ্ঠিত হয়, তাহা হইলে ভয়রাশি বিদূরিত করে; নচেৎ ভয়রাশি প্রদান করে।" বিকর্ম্মও ভয়রাশি প্রদান করে, সুতরাং দাম্ভিককর্ত্তৃক অনুষ্ঠিত কর্ম্ম বিকর্ম্মে পর্য্যবসিত হয়। এইরূপ আবার শাস্ত্রবিহিত কর্ম্মও বিকর্ম্মে পর্য্যবসিত হয়। যেরূপ, এক ব্যক্তি উদাসীন, সুতরাং তিনি বিধি-নিষেধের বা কর্ম্ম-বিকর্ম্মের অতীত; তাঁহার ঔদাসীন্যই অকর্ম্ম। সেই উদাসীন নিষ্কর্ম্মভাবে বসিয়া আছেন, এমন সময় হয়তো এক ব্যক্তি দস্যু-হস্ত হইতে মুক্তিলাভার্থ তাঁহার নিকট আসিয়া উপস্থিত হইল ও কাতরভাবে তাঁহার শরণাপন্ন হইল। এখন সেই উদাসীন, যদি সমর্থ হইয়াও তাহাকে রক্ষা না করেন, তাহা হইলে তাঁহার সেই অকর্ম্মরূপ ঔদাসীন্যই বিকর্ম্মে পর্য্যবসিত হয়। "আর্ত্তকে ত্রাণ করিবে" এই শাস্ত্রের বিধি। উদাসীন বিধি-নিষেধের অতীত বলিয়াই, অক্লেশে এই শাস্ত্রের মর্য্যাদা উল্লঙ্ঘন করে। সুতরাং শাস্ত্রতঃ প্রতিপাদিত হইতেছে যে, উদাসীনের ঔদাসীন্যরূপ অকর্ম্ম, আর্ত্তত্রাণরূপ শাস্ত্রবিহিত কর্ম্মকে অতিক্রম করে বলিয়া, আত্মদৃষ্টিতে কর্ম্মে পর্য্যবসিত হয়। আবার, কোনরূপ ব্রতে

দীক্ষিত অথবা ভগবানের ধ্যানাদিতে আসক্ত কোন ব্যক্তি, যদি উপযুক্ত সময়ে নিত্যানুষ্ঠেয় পঞ্চযজ্ঞাদি দানের অনুষ্ঠান না করেন, তাহা হইলে সেই দীক্ষিত বা ভগবদ্ধ্যানাসক্ত ব্যক্তির পক্ষে পঞ্চযজ্ঞাদির অকরণরূপ যে অকর্ম্ম, তাহা বিকর্ম্ম-শ্রেণীভুক্ত না হইয়া, বরং কর্ম্ম-শ্রেণীভুক্তই হইয়া থাকে। নিত্যকর্ম্ম-কালে কোনরূপ অবিহিত কর্ম্মের অনুষ্ঠান হইতে পারে না; কারণ, তাহা প্রত্যবায়জনক। অথচ শাস্ত্র বলিতেছেন যে, "দীক্ষিতো ন দদাতি" অর্থাৎ কোনরূপ ব্রতাদিতে দীক্ষিত ব্যক্তি, পঞ্চযজ্ঞাদি দানের উপযুক্ত সময় সমুপস্থিত হইলেও, দান করিবেন না; সুতরাং উপযুক্তকালে পঞ্চযজ্ঞাদির অকরণ আমাদের দৃষ্টিতে বিকর্ম্ম বলিয়া প্রতীত হইলেও শাস্ত্র-দৃষ্টিতে তাহা কর্ম্মে পর্য্যবসিত হয়। ভগবদ্ধ্যানাসক্তেরও উপযুক্ত সময়ে পঞ্চযজ্ঞাদির অকরণ দোষাবহ নহে; কারণ, তিনি সর্ব্ব-ধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক ভগবচ্চরণ-সরোজে নিজ-চিত্ত সমর্পণ করিয়া, তাঁহারই শরণাগত হইয়াছেন; সুতরাং তাঁহার কোনরূপ বিঘ্ন সঙ্ঘটিত হইতে পারে না। এ কথাও তোমাকে অগ্রে ("সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ। অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥" গীতা ৮ অধ্যায় ৬৬ শ্লোকে) বলিব। অতএব ভগবদ্ধ্যানাসক্তের পক্ষে উপযুক্তকালে পঞ্চ-যজ্ঞাদির অকরণ আমাদিগের দৃষ্টিতে অকর্ম্ম বলিয়া প্রতীত হইলেও তাহা কর্ম্ম; কারণ, তাহা শাস্ত্রানুমোদিত। (টীকাকার গীতার "সর্ব্বধর্ম্মান্ পরি-ত্যজ্য" ইত্যাদি উক্ত শ্লোকই শাস্ত্রীয় প্রমাণরূপে এস্থলে উদ্ধৃত করিয়াছেন।) এইরূপ আবার হিংসা অস্মদ্দৃষ্টিতে বিকর্ম্ম বলিয়া প্রতীত হইলেও, "অগ্নীষো-মীয়ং পশুমালভেত" এই শাস্ত্রানুশাসন বলে, যজ্ঞে কর্ম্ম মধ্যে পরিগণিত হয়। সেই হিংসাই আবার স্থলবিশেষে কর্ম্মে ও বিকর্ম্মে পর্য্যবসিত না হইয়া অকর্ম্মে পর্য্যবসিত হয়। বৃথা নষ্ট পশুই ইহার দৃষ্টান্তস্থল। বৃথা নষ্ট পশুতে বিধ্যর্থের নিষ্পত্তি হয় না, কারণ তাহা অবিহিত; সুতরাং তাহা কর্ম্ম নহে। অবৈধ নষ্টও বৃথা নষ্ট, আর হঠাৎ নষ্টও বৃথা নষ্ট। সুতরাং এরূপ শঙ্কা হইতে পারে না যে, যদি বৃথা নাশ অবৈধই হইল, তবে তাহা কর্ম্ম না হউক, বিকর্ম্ম হইতে আপত্তি কি? কারণ, যাহা অবৈধ তাহাই বিকর্ম্ম বলিয়া পরিচিত। হঠাৎ নাশও বৃথা নাশ বলিয়া, তাহা (অর্থাৎ উক্ত হিংসা) বিকর্ম্ম শ্রেণীতেও পরিগণিত হইতে পারে না। অতএব

যখন এবংবিধ হিংসা, কর্ম্মও হইল না বা বিকর্ম্মও হইল না, তখন সুতরাং তাহা অকর্ম্ম শ্রেণীভুক্ত হইবে। কারণ, তাহা কৃত হইয়াও অকৃতস্বরূপ! এইরূপ আবার চৌরবিমোচন (মুক্ত) চৌরের সহচরদিগের পক্ষে কর্ম্ম হইলেও নৃপতির নিকট বিকর্ম্ম মধ্যে পরিগণিত। কারণ, শাস্ত্র আদেশ করিয়াছেন যে, "স্তেনঃ প্রমুক্তো রাজনি পাপং মাষ্টি" অর্থাৎ নৃপতি কর্ত্তৃক মুক্ত হইলে, চৌর নিজ পাপসমূহ প্রক্ষালিত করিয়া নৃপতিকে প্রদান করে"। এই চৌর-বিমোচনই আবার যতির পক্ষে অকর্ম্ম; কারণ, তাহা যতির উপেক্ষণীয়। এইরূপ আবার হিংসা-ফলক সত্য, কর্ম্ম হইয়াও বিকর্ম্মত্বে পরিগণিত হয়। অর্থাৎ সাধারণতঃ সত্য শাস্ত্রবিহিত কর্ম্ম। কিন্তু সেই সত্যের ফল যদি হিংসা হয়, তাহা হইলে তাহা বিকর্ম্মত্বে পর্য্যবসিত হয়। হিংসা-ফলক সত্য যথা; "আমি গৃহদ্বারে বসিয়া আছি, এমন সময়ে দস্যু-বিতাড়িত এক ব্যক্তি আসিয়া আমার গৃহে প্রবেশপূর্ব্বক লুক্কায়িত রহিল; এমন সময় সেই দস্যু আসিয়া যদি আমাকে জিজ্ঞাসা করে যে, 'মহাশয়! এই পথ দিয়া এইরূপ একজন মনুষ্য গিয়াছে বা কোথায় আছে, জানেন কি?' এখন আমি যদি সত্যের অনুরোধে বলি যে, হাঁ, এইরূপ এক ব্যক্তি অল্লক্ষণ হইল আসিয়াছে ও আমার গৃহে লুক্কায়িতভাবে অবস্থান করিতেছে। দস্যু আমার এই কথা শুনিয়াই তাহাকে গৃহাভ্যন্তর হইতে বাহিরে লইয়া আসিল ও কিঞ্চিৎ দূরে গমনপূর্ব্বক তাহাকে বধ করিয়া, যথাসর্ব্বস্ব অপহরণ করিল। এইরূপ স্থলে, আমি দস্যুকে সত্য কথা বলিলাম বটে, কিন্তু আমার এবংবিধ সত্যের ফল হইল হিংসা; সুতরাং এবংবিধ হিংসাফলক সত্য বিকর্ম্ম।" শাস্ত্রেও অভিহিত আছে যে, "কাহারও জীবনরক্ষার্থ বা দরিদ্রকে দানার্থ মিথ্যা প্রত্যবায়জনক নহে।" এইরূপ আবার দানফলক মিথ্যা বিকর্ম্ম হইয়াও কর্ম্মত্বে পর্য্যবসিত হয়। সাধারণতঃ মিথ্যা, শাস্ত্র-প্রতিষিদ্ধ কর্ম্ম বা বিকর্ম্ম; কিন্তু যদি তাহা দানফলক হয়, তাহা হইলে সেই মিথ্যা কর্ম্মত্বে পর্য্যবসিত হয়। দানফলক মিথ্যা যথা; আমি এক ধনীর মন্ত্রিত্বাদি পদে অধিষ্ঠিত আছি, এমন সময়ে একজন দানের যথোপযুক্ত পাত্র দরিদ্র দ্বিজ আসিয়া উপস্থিত হইলেন, কিন্তু সে ব্যক্তি ধনীর নিকট হইতে কিরূপে ধন আদায় করিতে হয়, তাহা আদৌ জানেন না; সুতরাং তাঁহার ধন-

প্রাপ্তি-সম্ভাবনা অতি অল্প। এখন আমি যদি তাঁহার হইয়া, তাঁহার যে গুণ নাই, সেই গুণ সমুল্লেখ করি, এবং সে ব্যক্তি আমার অপরিচিত হইলেও আমার পরিচিত বলিয়া ধনীকে তাঁহার পরিচয় প্রদান করি, তাহা হইলে আমার মিথ্যা কথা বলা হইল, সন্দেহ নাই। কিন্তু এইরূপ মিথ্যা কথার ফল হইল কি? না,—দান। ধনী আমার এই কথা শুনিয়াই তাঁহাকে কিছু দান করিলেন, নচেৎ করিতেন না। সুতরাং এরূপ স্থলে, মিথ্যা দানফলক। এই দানফলক মিথ্যা কর্ম্মত্বে পর্য্যবসিত। তবে এখন দেখ, এই কর্ম্ম-অকর্ম্ম-বিকর্ম্মাখ্য যে কর্ম্ম, তাহাতে যে ব্যক্তি অকর্ম্ম অর্থাৎ তাহার বৈপরীত্য দেখিয়া থাকেন, তাদৃশ ব্যক্তি কার্য্যাকার্য্যের বিভাগ সমবগত হইয়াছেন; সুতরাং কর্ম্মাকর্ম্ম-বিকর্ম্মের ভিতর যাহা বোদ্ধব্য, তাহাও তিনি সমস্ত সবিশেষ বুঝিয়াছেন। অতএব তিনি বুদ্ধিমান্!

অর্জ্জুন! আরও ভাবিয়া দেখ, আমি পূর্ব্বে (১৬ শ্লোকে) তোমাকে বলিয়াছি যে, যাহাতে কবিগণও বিমোহিত হন, যাহার জ্ঞান সংসারমোচনের হেতু, আমি তোমাকে সেই কর্ম্ম ও অকর্ম্মের বিষয় বলিব। বর্ত্তমান প্রসঙ্গে অবতারিত অকর্ম্মে কর্ম্মদর্শনরূপ যে বিষয়, তাহা বাস্তবিক সেই পূর্ব্বোক্ত (১৬ শ্লোকে উপক্ষিপ্ত) বাক্যেরই বিস্তৃত ব্যাখ্যা। যে ব্যক্তি এবংবিধ অকর্ম্মে কর্ম্মদর্শন করেন, তিনিই যুক্ত। এখানে একটা কথা বলিয়া রাখা ভাল যে, পূর্ব্বে বলা হইয়াছে যিনি কর্ম্মে অকর্ম্মসন্দর্শন করেন, তিনিই বুদ্ধিমান্। আর এখানে বলা হইল যে, যিনি অকর্ম্মে কর্ম্ম সন্দর্শন করেন, তিনিই যুক্ত; সুতরাং এতদ্দ্বারা ইহাই প্রতিপাদিত হইল যে, যিনি কেবলমাত্র কর্ম্মে অকর্ম্ম দেখেন, তিনি বুদ্ধিমান্ হইলেও, যোগী বা কৃৎস্নকর্ম্মকৃৎ নহেন; আর যিনি অকর্ম্মে কর্ম্ম দেখেন, তিনি যোগী হইলেও, বুদ্ধিমান্ বা কৃৎস্নকর্ম্মকৃৎ নহেন। কিন্তু যিনি যুগপৎ উভয়রূপই সন্দর্শন করেন অর্থাৎ কর্ম্মে অকর্ম্ম এবং অকর্ম্মে কর্ম্ম সন্দর্শন করেন, তিনিই বুদ্ধিমান্, তিনিই যুক্ত ও তিনিই কৃৎস্নকর্ম্মকৃৎ। (মূল শ্লোকস্থিত 'চ' কার, উক্ত অর্থই ব্যক্তীকৃত করিতেছে।) তোমাকে এই বিষয়টি শাস্ত্রসঙ্গতরূপে বুঝাইয়া দিতেছি। তুমি তাহা হইলেই বুঝিতে পারিবে যে, কেবল বুদ্ধিমান্ হইলেও কৃৎস্নকর্ম্মকৃৎ হইতে পারা যায় না; আর কেবল

যোগী হইলেও কৃৎস্নকর্ম্মকৃৎ হইতে পারা যায় না; কিন্তু যিনি বুদ্ধিমান্ ও যোগী, তিনিই কৃৎস্নকর্ম্মকৃৎ। শাস্ত্র-বিচক্ষণ জনসমূহ অকর্ম্ম অর্থাৎ স্পন্দশূন্য (নিষ্ক্রিয়) কূটস্থ বস্তুতে কর্ম্ম অর্থাৎ সস্পন্দ (সক্রিয়) বাহ্য আকাশাদি এবং আভ্যন্তর অন্তঃকরণাদিকে নানারূপে দেখিয়া থাকেন। কেহ দেখেন, আধার আধেয় ভাবে; কেহ দেখেন, উপাদান উপাদেয় ভাবে; আর কেহ বা দেখেন, অধিষ্ঠানাধ্যস্ত ভাবে। শাস্ত্রবেত্তৃগণ এই-রূপ দেখিয়াই কর্ম্মানুষ্ঠান করিয়া থাকেন। তন্মধ্যে প্রথম, অর্থাৎ যিনি আধার আধেয় ভাবে দেখেন, তাঁহার কথা বলিতেছি। এই প্রথম শাস্ত্র-বেত্তা সাংখ্য নামে সুপরিচিত। তিনি মনে করেন যে, আমি (অর্থাৎ পুরুষ) অসঙ্গ অর্থাৎ কমল-দলস্থিত জলের ন্যায় নির্লিপ্ত। দেহেন্দ্রিয়াদি-সঙ্ঘাত ধর্ম্ম আধাররূপ আমার উপর আহিত হইয়াছে। পুরুষ উদাসীন; সুতরাং তাঁহার কর্ত্তৃত্ব নাই, কর্ত্তৃত্ব সঙ্ঘাতেরই। এই নিমিত্ত আমার কর্ত্তৃত্ব না থাকিলেও, সঙ্ঘাত-ধর্ম্ম কর্ত্তৃত্বাদি অবিবেকবশতঃ আমাতে অবভাত হইতেছে। অর্থাৎ যেরূপ একটী স্ফটিক-নির্ম্মিত বস্তুর সন্নি-কটে কেহ যদি জবা-কুসুম রাখিয়া দেয়, তাহা হইলে সেই জবা-কুসুমের লৌহিত্যে স্ফাটিক পদার্থটীও অনুরঞ্জিত হয়। স্ফটিক লৌহিত্য-গুণবিশিস্ট না হইলেও, লোকে অজ্ঞানতঃ দেখে যে, স্ফাটিক পদার্থটী লোহিত। এইরূপ আমাতে (পুরুষে) কোনরূপ ক্রিয়া না থাকিলেও, লোকে অবিবেকবশতঃ, আমার উপর প্রকৃতি-সম্ভূত ধর্ম্মনিচয় দেখিয়া থাকে। এক্ষণে দ্বিতীয়, অর্থাৎ যিনি উপাদান উপাদেয় ভাবে দেখেন, তাঁহার কথা বলিতেছি। এই দ্বিতীয় শাস্ত্রবেত্তা বেদান্তী; কিন্তু তিনি বেদান্তের একদেশ-মতাবলম্বী; সুতরাং একদেশী বেদান্তী বলিয়াই পরিচিত। তিনি মনে করেন যে, যেরূপ বলয়কুণ্ডলাদি সুবর্ণ হইতে রূপান্তরিত হইয়া বিরচিত হইলেও, উপাদানস্বরূপ সুবর্ণ হইতে ব্যতিরিক্ত নহে; সেইরূপ উপাদানকারণীভূত যে ব্রহ্ম, সেই ব্রহ্ম হইতে সমুৎপন্ন যে সমস্ত প্রপঞ্চ, তাহা কখনও ব্রহ্ম-ব্যতিরিক্ত নহে। সুতরাং কর্ম্মও ব্রহ্ম, কর্ম্মের সাধনাদিও ব্রহ্ম এবং আমিও ব্রহ্ম। তিনি এইরূপ ভাবিয়াই সর্ব্ববিধ কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন। এখন তৃতীয় শাস্ত্রবেত্তা, বা যিনি অধিষ্ঠানাধ্যস্ত ভাবে কর্ম্ম দেখেন, তাঁহার বিষয় বলিতেছি। এই তৃতীয় শাস্ত্রবেত্তাই যথার্থ বেদান্ত-

তত্ত্বদর্শী। তিনি মনে করেন যে, যেরূপ রজ্জু-অধিষ্ঠানে ভ্রমপূর্ব্বক সর্প অধ্যস্ত হয়, এবং ভ্রম বিদূরিত হইলে সর্পের অধ্যাস বিনষ্ট হয় ও রজ্জু প্রকৃত রজ্জুত্ব সম্প্রাপ্ত হয়, সেইরূপ বাহ্যাভ্যন্তর প্রপঞ্চ সমূহই অজ্ঞানতঃ সেই কূটস্থবস্তুরূপ অধিষ্ঠানে অধ্যস্ত হইয়াছে। সেই একমাত্র অকর্ম্ম (নিষ্ক্রিয়) ব্রহ্মবস্তুই সত্য, তদ্ব্যতীত কর্ম্ম (সক্রিয়) দ্বৈতজাতই রজ্জুতে ভুজঙ্গের ন্যায় তাহাতে অজ্ঞানতঃ অধ্যস্ত, সুতরাং মিথ্যা। এই তৃতীয় শাস্ত্রবেত্তাই যথার্থ শাস্ত্রার্থবেত্তা, এবং ইনিই বুদ্ধিমান্, ইনিই যুক্ত ও ইনিই কৃৎস্নকর্ম্মকৃৎ।

দ্বিতীয়ও বেদান্তী আর তৃতীয়ও বেদান্তী বটেন, কিন্তু দ্বিতীয়ের উপাদান-উপাদেয় ভাবে আবিদ্যক উপাধি কল্পনা করিতে হয়, আর তৃতীয়ের তাহা হয় না; উভয়গত পার্থক্য এই পর্য্যন্ত। ব্রহ্মবস্তুকে যে জগতের উপাদান কারণ বলা হয়, তাহা কল্পিত কথা। যদি সমস্তই তিনি হইলেন, তবে আর সামান্য উপাদানের সীমায় তাঁহাকে আবদ্ধ করা যুক্তিযুক্ত নহে। অধিষ্ঠান ও অধ্যস্তভাবে কোনরূপ কল্পনাদির অধিকার নাই; অবিদ্যার লীলা-বিলাসের তাহাই উপযুক্ত দৃষ্টান্ত স্থল। এককে আর দেখানই অবিদ্যার লীলা। এই প্রথম বা দ্বিতীয় শাস্ত্রবেত্তা অকর্ম্মে কর্ম্ম দেখেন বলিয়া, যদিও তাঁহারা যুক্ত, তথাপি বুদ্ধিমান্ নহেন; সুতরাং কৃৎস্ন-কর্ম্মকৃৎও নহেন। এ বিষয়ে শাস্ত্র কি বলিতেছেন, শ্রবণ কর। শাস্ত্রে অভিহিত আছে যে, যদি কেহ অতিশয় বুদ্ধিমান্ হইয়াও অযুক্ত-ভাবে কর্ম্মানুষ্ঠান করে, তাহা হইলে তাহার সমস্ত কর্ম্ম অসৎই (অর্থাৎ করা না করার সমান) হইয়া থাকে। সেই কর্ম্ম দ্বারা অশুভ-মোচন হইতে পারে না। শাস্ত্রে আরও কথিত আছে যে, "যে ব্যক্তি ইহলোকেই এই অক্ষরকে (ব্রহ্মকে) না জানিয়া বহুবর্ষ পর্য্যন্তও যজ্ঞ, দান, তপস্যাদির অনুষ্ঠান করেন, তাঁহার সমস্ত কর্ম্মই নাশপ্রাপ্ত হয়।" আরও অভিহিত আছে যে, "যে ব্যক্তি যোগানুষ্ঠানকারী হইয়াও বুদ্ধিহীনতা প্রযুক্ত অকার্য্যানু-ষ্ঠান করেন, তিনি প্রত্যবায়ভাগী হইয়া থাকেন। কারণ, পাপ-সম্বন্ধ-হেতু তিনি অপরোক্ষজ্ঞান লাভ করিতে পারেন নাই।" প্রথম ও দ্বিতীয় শাস্ত্র-বাক্যে দেখা গেল যে, যিনি বুদ্ধিমান্, অথচ যোগী নহেন, তাঁহার সমস্ত কর্ম্মই নাশ প্রাপ্ত হয়, বা তাঁহার সমস্ত কর্ম্মই করা আর না করা দুই সমান হইয়া পড়ে; সুতরাং তিনি কৃৎস্নকর্ম্মকৃৎ হইতে

পারেন না। তৃতীয় শাস্ত্র-বাক্যেও ইহা প্রদর্শিত হইল যে, যে ব্যক্তি যোগী অথচ বুদ্ধিমান্ নহেন, তিনি বুদ্ধিদোষে অকার্য্যানুষ্ঠান করিলেও করিতে পারেন; সুতরাং তিনি কৃৎস্নকৃৎ হইতে পারেন না। অতএব ইহাই সিদ্ধান্তীকৃত হইল যে, যিনি যুগপৎ কর্ম্মে অকর্ম্ম এবং অকর্ম্মে কর্ম্ম সন্দর্শন করেন, তিনি বুদ্ধিমান্ ও যোগী; সুতরাং তাঁহার বুদ্ধিমত্ত্ব ও যুক্তত্ব আছে বলিয়া তিনিই কৃৎস্নকৃৎ।

শ্রুতি আরও বলিয়াছেন যে, "বিদ্যাঞ্চাবিদ্যাঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ। অবিদ্যয়া মৃত্যুং তীর্ত্বা বিদ্যয়ামৃতমশ্নুতে। (ঈশোপনিষৎ, ১১ মন্ত্র) অর্থাৎ "যিনি বিদ্যা অর্থাৎ দেবতাজ্ঞান এবং অবিদ্যা অর্থাৎ কর্ম্ম এতদুভয়কে এক ব্যক্তিরই অনুষ্ঠেয়রূপে অবগত হন, তিনি কর্ম্ম দ্বারা মৃত্যু, অর্থাৎ স্বাভাবিক জ্ঞান ও কর্ম্ম হইতে মুক্ত হইয়া, দেবতা-জ্ঞান-দ্বারা অমৃত অর্থাৎ দেবত্ব লাভ করেন।" এই শ্রুতি-দ্বারা ইহাই প্রতিপাদিত হইল যে, কেবল কর্ম্ম বা অবিদ্যাকে জানিলে হইবে না, আর কেবল অকর্ম্ম বা তদ্বিপরীত বিদ্যাকে জানিলেও হইবে না; কিন্তু কৃতকৃত্য বা কৃৎস্নকর্ম্মকৃৎ হইতে পারিলে উভয়কেই জানিতে হইবে।

এই বিষয় অন্যরূপে প্রতিপাদন করিতে পারা যায়। যেরূপ, কর্ম্মে কর্ম্মদর্শন দুই প্রকার: পরোক্ষ এবং অপরোক্ষ। তন্মধ্যে যিনি কর্ম্মে পরোক্ষ কর্ম্ম দর্শন করেন, তিনি জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয়ানুষ্ঠাতা, সুতরাং কেবলমাত্র বুদ্ধিমান্ বলিয়া অভিহিত হন। দ্বিতীয় অপরোক্ষ আবার দুই প্রকার; উপাস্যের (যাঁহার উপাসনা করা যায়) সাক্ষাৎকাররূপ এবং তত্ত্ব সাক্ষাৎকাররূপ। এই উপাস্যসাক্ষাৎকার আবার ব্যাকৃত ও অব্যাকৃতরূপ উপাস্য ভেদে দুই প্রকার। তন্মধ্যে যাহা ব্যাকৃত তাহা সূত্র অর্থাৎ হিরণ্যগর্ভ বা কার্য্যব্রহ্ম। এই ব্যাকৃতদর্শীর দেহস্থ (আমি, আমার ইত্যাদি) অহঙ্কার দূরীভূত হয়। এই নিমিত্ত এবংবিধ ব্যাকৃতদর্শীই যোগ-শাস্ত্রে "বিদেহ" বলিয়া অভিহিত। আর যাহা অব্যাকৃত তাহা কারণ অর্থাৎ প্রকৃতি। এই অব্যাকৃতদর্শীও যোগশাস্ত্রে "প্রকৃতিলয়" বলিয়া অভিহিত। যিনি এই ব্যাকৃত ও অব্যাকৃত এতদুভয়দর্শী তিনিই যথার্থ যোগী। ব্যাকৃত ও অব্যাকৃত এতদুভয় সম্ভব ও অসম্ভব নামেও পরিচিত। শ্রুতিও বলিয়াছেন যে, "অন্য দেবাহু সম্ভবাদন্যদাহুরসম্ভবাৎ। ইতি শুশ্রুমধীরাণাং যে নস্তদ্বিচচ-

শ্নুতে ॥ সম্ভূতিঞ্চ বিনাশঞ্চ যস্তদ্বেদোভয়ং সহ। বিনাশেন মৃত্যুং তীর্ত্বা সম্ভূত্যামৃতমশ্নুতে।" অর্থাৎ জ্ঞানিগণ কার্য্যব্রহ্ম এবং প্রকৃতির উপাসনার স্বতন্ত্র স্বতন্ত্র ফল বলিয়াছেন। কার্য্যব্রহ্মোপাসনার ফল অণিমাদি (২৪২ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) ঐশ্বর্য্যলাভ, এবং প্রকৃত্যুপাসনার ফল প্রকৃতিতে লয়। যে ব্যক্তি এই হিরণ্যগর্ভ ও প্রকৃতির উপাসনাকে একই ব্যক্তির অনুষ্ঠেয় বলিয়া অবগত হন, তিনি হিরণ্যগর্ভোপাসনা দ্বারা অনৈশ্বর্য্য ও অহঙ্কারাদিরূপ মৃত্যুকে অতিক্রম করিয়া প্রকৃতির উপাসনার দ্বারা অমৃতত্ব বা দেবত্ব লাভ করেন। এই যোগীরও অগ্রে কর্ত্তব্য অবশিষ্ট আছে বলিয়া, তিনি কৃৎস্নকর্ম্মকৃৎ নহেন। কিন্তু অবিদ্যাখ্য কর্ম্মকে বাধা দিয়া অকর্ম্মস্বরূপ ব্রহ্মসন্দর্শনই যাঁহার মুখ্য অবলম্বন, তিনিই কৃতকৃত্য হন, সুতরাং তিনি যথার্থ কৃৎস্নকর্ম্মকৃৎ। পূর্ব্বোক্ত বাক্য দ্বারা ইহাই সংসূচিত হইল যে, যিনি জ্ঞানকর্ম্ম সমুচ্চয়ের অনুষ্ঠাতা, যদিও তিনি দেহাভিমানী মনুষ্যবর্গের মধ্যে বুদ্ধিমান্, তথাপি তাঁহার যথাযথ দর্শন-শক্তি না থাকায়, তিনি অকবি বলিয়াই পরিচিত। আর ব্যক্তাব্যক্তোপাসকদ্বয় যদিও দর্শনশক্তিবিশিষ্ট, সুতরাং কবি বটেন, কিন্তু তাঁহারা তত্ত্ববিষয়ে মূঢ় বলিয়া, "কবয়োঽপ্যত্র মোহিতাঃ", এই কথা পূর্ব্বে বলিয়াছি। এই দ্বিবিধ উপাসক মুক্তিলাভ করেন বটে, কিন্তু বিলম্বে। আর যিনি উত্তম (তৃতীয় শাস্ত্রবেত্তা) তিনি ইহলোকে জীবিত থাকিয়াই অশুভ হইতে মুক্ত হন। ইনিই জীবন্মুক্ত ॥ ১৮॥

যস্য সর্ব্বে সমারম্ভাঃ কামসংকল্পবর্জ্জিতাঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং তমাহুঃ পণ্ডিতং বুধাঃ ॥১৯॥

অন্বয়।—যস্য (যথোক্ত পরমার্থদর্শিনঃ) সর্ব্বে (বৈদিকা লৌকিকা যাবন্তঃ) সমারম্ভাঃ (কর্ম্মাণি) কাম-সঙ্কল্প-বর্জ্জিতাঃ (ফলকামনা-কর্ত্তৃত্বাভিমানাভ্যাং বিরহিতাঃ, প্রাণধারণার্থং লোকসংগ্রহার্থং ; বা অনুষ্ঠিতা ইতি ভাবঃ) বুধাঃ (ব্রহ্মবিদঃ) জ্ঞানাগ্নি-দগ্ধকর্ম্মাণং (জ্ঞানরূপেণ অগ্নিনা অকর্ম্মতাং নীতানি শুভাশুভ লক্ষণানি কর্ম্মাণি যস্য) তং পণ্ডিতং (সম্যগ্দর্শী) আহুঃ (ব্রুবন্তি) ॥ ১৯ ॥

প্রতিশব্দ।—যাঁহার সকল কর্ম্ম তৃষ্ণা-সংকল্প-বিবর্জ্জিত ব্রহ্মজ্ঞেরা জ্ঞান-পাবক-ভস্মীকৃত-কর্ম্ম তাঁহাকে পণ্ডিত বলেন॥ ১৯॥

ব্যাখ্যা।—যিনি যাবতীয় কর্ম্ম ফলাকাঙ্ক্ষা ও কর্ত্তৃত্বাভিমান বিবর্জ্জিত ভাবে অনুষ্ঠান করেন, তাঁহার জ্ঞানানলে শুভাশুভ লক্ষণ কর্ম্ম সমস্ত ভস্মীভূত হইয়া থাকে; ব্রহ্মবিদ্গণ তাদৃশ ব্যক্তিকেই পণ্ডিত বলিয়া উল্লেখ করেন॥ ১৯॥

শঙ্করাচার্য্য।—তদেতৎ কর্ম্মণ্যকর্ম্মাদিদর্শনং স্তূয়তে যস্যেতি। যস্য যথোক্তদর্শিনঃ সর্ব্বে যাবন্তঃ সমারম্ভাঃ সর্ব্বাণি কর্ম্মাণি সমারভ্যন্তে ইতি সমারম্ভাঃ, কামসঙ্কল্পবর্জিতাঃ কামৈস্তৎকারণৈশ্চ সঙ্কল্পৈর্ব্বর্জ্জিতাঃ মুধৈব চেষ্টামাত্রা অনুষ্ঠীয়ন্তে প্রবৃত্তেন চেল্লোকসংগ্রহার্থং নিবৃত্তেন চেৎ জীবনযাত্রার্থং তং জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং কর্ম্মাদাবকর্ম্মাদিদর্শনং জ্ঞানং তদেবাগ্নিস্তেন জ্ঞানাগ্নিনা দগ্ধানি শুভাশুভলক্ষণাণি কর্ম্মাণি যস্য তমাহুঃ পরমার্থতঃ পণ্ডিতং বুধাঃ ব্রহ্মবিদঃ॥ ১৯॥

আনন্দগিরি।—কর্ম্মণ্যকর্ম্মদর্শনং পূর্ব্বোক্তং স্তোতুমুত্তরশ্লোকং প্রস্তৌতি তদেতদিতি। যথোক্তদর্শিত্বম্ পূর্ব্বোক্তদর্শনসম্পন্নত্বম্। সমারম্ভশব্দস্য কর্ম্মবিষয়ত্বং ন রূঢ্যা কিন্তু ব্যুৎপত্ত্যেত্যাহ সমারভ্যন্ত ইতীতি। কামসঙ্কল্পবর্জ্জিতত্বে কথং কর্ম্মণামনুষ্ঠানমিত্যাশঙ্ক্যাহ মুধৈবেতি। উদ্দেশ্যফলাভাবে তেষামনুষ্ঠানং যাদৃচ্ছিকং স্যাদিত্যাশঙ্ক্য প্রবৃত্তেন নিবৃত্তেন বা তেষামনুষ্ঠানং যাদৃচ্ছিকং স্যাদিতি বিকল্প্য ক্রমেণ নিরস্যতি প্রবৃত্তেনেত্যাদিনা। জ্ঞানাগ্নীত্যাদি বিভজতে কর্ম্মাদাবিতি। যথোক্তজ্ঞানং যোগ্যমেব দহতি নাযোগ্যমিতি বিবক্ষিতত্বাৎ তস্মিন্নগ্নিপদম্। যথোক্তবিজ্ঞানবিরহিণামপি বৈশেষিকাদীনাং পণ্ডিতত্বপ্রসিদ্ধিমাশঙ্ক্য তেষাং পণ্ডিতাভাসত্বং বিবক্ষিত্বা বিশিনষ্টি পরমার্থত ইতি॥ ১৯॥

রামানুজ।—প্রত্যক্ষেণ ক্রিয়মাণস্য কর্ম্মণো জ্ঞানাকারতা কথমুপপদ্যত ইত্যত আহ যস্যেতি। যস্য মুমুক্ষোঃ সর্ব্বে দ্রব্যার্জ্জনাদি লৌকিককর্ম্মপূর্ব্বকনিত্যনৈমিত্তিককাম্যরূপকর্ম্মসমারম্ভাঃ কামবর্জ্জিতাঃ ফলসঙ্গরহিতাঃ সঙ্কল্পবর্জ্জিতাশ্চ প্রকৃত্যা তদ্গুণৈশ্চাত্মানমেকীকৃত্যানুসন্ধানং সঙ্কল্পঃ প্রকৃতিবিযুক্তাত্মস্বরূপানুসন্ধানযুক্ততয়া তদ্রহিতাঃ। তমেবং কর্ম্ম কুর্ব্বাণং পণ্ডিতং কর্ম্মান্তর্গতাত্মযাথাত্ম্যজ্ঞানাগ্নিনা দগ্ধপ্রাচীনকর্ম্মাণমাহুঃ তত্ত্বজ্ঞা। অতঃ কর্ম্মণো জ্ঞানাকারত্বমুপপদ্যতে॥ ১৯॥

হনূমান্।—ইদানীং কর্ম্মাকর্ম্মবিকর্ম্মণাং বোদ্ধব্যং রূপং দর্শয়িতুমাহ কর্ম্মণীতি। কর্ম্মণি শরীরেন্দ্রিয়ব্যাপারে লক্ষণে কর্ম্মণ্যকর্ম্ম নিত্যসিদ্ধত্বাৎ আত্মস্বরূপং দ্রষ্টব্যমিতি শেষঃ। যথামরীচ্যুদকে উদকস্য স্বরূপভূতা মরীচয়ঃ তদভাবে উদকস্য নৈবাত্ম্যপ্রসঙ্গঃ, এবং কর্ম্মণি অকর্ত্রাত্মস্বরূপমস্তি, তথা অকর্ম্মকে বস্তুনি নিশ্চলে কর্ম্মরূপং দ্রষ্টব্যম্। যথা নাবি স্থিতস্য নিশ্চলে তটনগে ভ্রমেণ কর্ম্মদর্শনম্ অতএব যঃ কর্ম্মণ্যকর্ম্মরূপম্ অকর্ম্মণি কর্ম্মরূপং

পশ্যতি, স মনুষ্যেষ্বধিকারিষু পুরুষেষু বুদ্ধিমান্, স চ যুক্তো যোগী, স চ কৃৎস্নকর্ম্মকৃৎ সকল কর্ম্মকৃদিত্যর্থঃ। তস্মাৎ ত্বমপি কর্ম্মাকর্ম্মণোর্যথাবৎ স্বরূপপরিজ্ঞানেন কৃৎস্নকর্ম্মকৃদিতিভাবঃ। কর্ম্মাকর্ম্মতত্ত্বজ্ঞানমেব জ্ঞানাগ্নিস্তেন দগ্ধকর্ম্মাণং বুধাঃ ব্রহ্মবিদঃ পণ্ডিতমাহুঃ ॥ ১৮। ১৯ ॥

শ্রীধর।—"কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেৎ" ইত্যনেন শ্রুত্যর্থার্থাপত্তিভ্যাং যদুক্তমর্থদ্বয়ং তদেব স্পষ্টয়তি যস্যেতি পঞ্চভিঃ। সম্যগারভ্যন্ত ইতি সমারম্ভাঃ কর্ম্মাণি কাম্যত ইতি কামঃ ফলং তৎসঙ্কল্পেন বর্জ্জিতা যস্য ভবন্তি তং পণ্ডিতমাহুঃ, অত্র হেতুর্যতস্তৈ সমারম্ভৈঃ শুদ্ধে চিত্তে সতি জাতেন জ্ঞানাগ্নিনা দগ্ধানি অকর্ম্মতাং নীতানি কর্ম্মাণি যস্য তং, আরূঢ়াবস্থায়াং তু কামঃ ফলহেতুবিষয়ঃ, তদর্থমিদং কর্ত্তব্যমিতি কর্ত্তব্যবিষয়ঃ সঙ্কল্পস্তাভ্যাং বর্জ্জিতাঃ। শেষং স্পষ্টম্॥১৯॥

বলদেব।—কর্ম্মণো জ্ঞানাকারমাহ যস্যেতি পঞ্চভিঃ। সমারম্ভাঃ কর্ম্মাণি কাম্যন্ত ইতি কামাঃ ফলানি তৎসঙ্কল্পেন বর্জ্জিতাঃ শূন্যা যস্য কর্ম্মভিরাত্মোদ্দেশিনো ভবন্তি তং বুধাঃ পণ্ডিতমাত্মজ্ঞমাহুঃ। তত্র হেতুর্জ্ঞানেতি, তৈঃ সমারম্ভৈঃ হৃদ্বিশুদ্ধে সত্যামাবির্ভূতেনাত্মজ্ঞানাগ্নিনা দগ্ধানি সঞ্চিতানি কর্ম্মাণি যস্য তম্॥ ১৯ ॥

* সৃষ্টিসম্বন্ধে মনুসংহিতায় নিম্নলিখিত বিবরণ দেখা যায়। উর্দ্ধবর্হাত্মনশ্চৈব মনঃ সদসদাত্মকম্। মনসশ্চাপ্যহঙ্কারমভিমন্তারমীশ্বরম্॥ মহান্তমেব চাত্মানং সর্ব্বাণি ত্রিগুণানি চ। বিষয়াণাং গ্রহীতৃণি শনৈঃ পঞ্চেন্দ্রিয়াণি চ॥ তেষান্ত্ববয়বান্ সূক্ষ্মান্ ষণ্ণামপ্যমিতৌজসাম্। সন্নিবেশ্যাত্মমাত্রাসু সর্ব্বভূতানি নির্ম্মমে॥ যন্মূর্ত্যবয়বাঃ সূক্ষ্মাস্তস্যেমান্যাশ্রয়ন্তি ষট্। তস্মাচ্ছরীরমিত্যাহুস্তস্য মূর্ত্তিং মনীষিণঃ॥ তদা বিশন্তি ভূতানি মহান্তি সহ কর্ম্মভিঃ। মনশ্চাবয়বৈঃ সূক্ষ্মৈঃ সর্ব্বভূতকৃদব্যয়ম্। তেষামিদন্তু সপ্তানাং পুরুষাণাং মহৌজসাম্। সূক্ষ্মাভ্যো মূর্ত্তিমাত্রাভ্যঃ সম্ভবত্যব্যয়াদ্ব্যয়ম্॥ আদ্যাদ্যস্য গুণন্ত্বেষামবাপ্নোতি পরঃ পরঃ। যো যো যাবতিথশ্চৈষাং স স তাবদ্গুণঃ স্মৃতঃ॥ (মনুসংহিতা, ১ম অধ্যায়, ১৪-২০ শ্লোক) ব্রহ্মা পরমাত্মা হইতে, তাঁহার স্বরূপ মনের উদ্ধার করিলেন; এই মন সৎ এবং অসৎ উভয় ধর্ম্মাত্মক

পরিণামস্বরূপ। সুতরাং কারণস্বরূপ মায়া ব্যতিরেকে কার্য্যরূপ মহত্তত্ত্ব অসিদ্ধ। সেই মায়ারূপ কারণ জড়তা হেতু চৈতন্যে অধ্যস্ত; সুতরাং চৈতন্য ব্যতিরেকে মায়াও অসিদ্ধ। এইরূপ কার্য্যকারণ অনুসন্ধানের দ্বারা একমাত্র সৎকারণস্বরূপ চৈতন্য উপলব্ধ হয়, এবং কার্য্যস্বরূপ সমস্ত প্রপঞ্চই মিথ্যারূপে অবভাসিত হয়। এতাদৃশ উপায়ে চৈতন্যমাত্র গোচরজনিত যে সমাধি, তাহারই নাম লয়পূর্ব্বক সমাধি; কিন্তু তাদৃশ সমাধিতে তত্ত্বমস্যাদি (৪২ ও ৩.৯০ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য) বেদান্ত মহাবাক্য বিচারজনিত জ্ঞানের উদ্ভব হয় না; সুতরাং অবিদ্যা ও তাহার কার্য্যও ক্ষীণ হয় না। সুষুপ্ত ব্যক্তির নিদ্রাভঙ্গ যে কোন সময়েই হইতে পারে, সেইরূপ লয় সমাধিতেও যে কোন সময়ে নিদ্রভঙ্গরূপ ব্যুত্থান ঘটিবার সম্ভাবনা। অতএব এতাদৃশ সবীজ সমাধি মুখ্য নহে। তত্ত্বমস্যাদি মহাবাক্য-বিবেক-জনিত জ্ঞানদ্বারা অনাদি অবিদ্যার নিঃশেষ নিবৃত্তি হইলে, সেই অবিদ্যা ও তাহার কার্য্য-সমূহের আর উত্থান সম্ভাবনা থাকে না। সেইরূপ বাধপূর্ব্বক নির্বীজ

মনের সৃষ্টির পূর্ব্বে ঈশ্বর অহঙ্কারের সৃষ্টি করিলেন। অহঙ্কার-তত্ত্বের পূর্ব্বে মহৎ তত্ত্বের সৃষ্টি করিলেন। আত্মা হইতে মহত্তত্ত্বের উদ্ভব হয় বলিয়া তাহা আত্মা নামেও কথিত। তদনন্তর সত্ত্বরজস্তমোগুণাত্মক যাবতীয় পদার্থ সৃষ্টি করিলেন। বিষয়ের গ্রহীতা পঞ্চ ইন্দ্রিয়েরও ক্রমশঃ সৃষ্টি করিলেন। পঞ্চ-তন্মাত্র অর্থাৎ শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ। অহঙ্কারের বিকার ইন্দ্রিয়, পঞ্চতন্মাত্রের বিকার পঞ্চভূত। তন্মাত্র ও অহঙ্কারের যোজনা করিয়া মনুষ্য, তির্য্যক্, স্থাবরাদি সমস্ত ভূতের নির্ম্মাণ করিলেন। শরীর-সম্পাদক পঞ্চতন্মাত্র সূক্ষ্ম পদার্থ এবং অহঙ্কার এই ছয়টী সপ্রকৃতিক ব্রহ্ম কার্য্যরূপ পূর্ব্বোক্ত ভূত ও ইন্দ্রিয় সমূহকে আশ্রয় করে। তন্মাত্র হইতে ভূতের এবং অহঙ্কার হইতে ইন্দ্রিয়ের উৎপত্তি হয়। যাহা ছয়ের আশ্রয়, তাহাই শরীর। পঞ্চতন্মাত্র হইতে ভূত সকলের স্ব স্ব কর্ম্ম উদ্ভূত হয়। আকাশের কর্ম্ম অবকাশদান, বায়ুর কর্ম্ম সন্নিবেশ, তেজের কর্ম্ম পাক, জলের কর্ম্ম সংগ্রহ, পৃথিবীর কর্ম্ম ধারণ। অহঙ্কারাবস্থিত্রায় ব্রহ্ম হইতে মন উদ্ভূত হয়। সেই মন অব্যয় ও অবিনাশী। মহত্তত্ত্ব, অহঙ্কারতত্ত্ব ও পঞ্চতন্মাত্র পরম পুরুষের বৃত্তি গ্রহণ করিয়া, পরমাত্মা হইতে উৎপন্ন হয় বলিয়া, তাহাদিগকেও পুরুষ বলে। তাহাদিগের সূক্ষ্ম অবয়ব হইতে এই পরিদৃশ্যমান জগৎ উৎপন্ন হয়, এই জন্য জগৎ নশ্বর। পঞ্চভূত আকাশাদিক্রমে উৎপন্ন, অর্থাৎ প্রথমে আকাশ, তাহার পরিণামস্বরূপ বায়ু, তাহার পরিণাম তেজ, তাহার পরিণাম জল, তাহার পরিণাম পৃথিবী। তাহার আদ্য অর্থাৎ আকাশাদির শব্দাদি গুণ পর পর ভূত প্রাপ্ত হয়। আকাশের গুণ শব্দ, বায়ুর গুণ স্পর্শ, তেজের গুণ রূপ, জলের গুণ রস, পৃথিবীর গুণ গন্ধ। ক্রমশঃ একের গুণ অপরে পায়, অর্থাৎ আকাশের গুণ শব্দ, বায়ুর গুণ শব্দ ও স্পর্শ, তেজের গুণ, শব্দ, স্পর্শ ও রূপ, জলের গুণ শব্দ, স্পর্শ, রূপ ও রস এবং ক্ষিতির গুণ শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ। অন্যান্য নানা শাস্ত্রেও সৃষ্টির ইত্যাকার বিবরণ আছে। তৎসমস্ত সংগ্রহ করিয়া প্রস্তাব বাহুল্য করা অনাবশ্যক।

সমাধির মুখ্যত্ব এই শ্লোকে প্রকাশিত হইতেছে। শ্রোত্র, ত্বক্, চক্ষু, রসনা, ঘ্রাণ, এবং বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এইগুলি বাহ্যেন্দ্রিয়। মন ও বুদ্ধি অন্তরেন্দ্রিয় (৬১২ পৃঃ টিঃ দ্রষ্টব্য)। নিখিল ব্যাপারের স্থূলরূপ ও সংস্কাররূপ কার্য্য-সমূহ বাহ্য ও অন্তরিন্দ্রিয়সাধ্য। শব্দ শ্রবণ, স্পর্শ গ্রহণ, রূপ দর্শন, রস গ্রহণ, গন্ধ গ্রহণ; বচন, আদান, বিহরণ, উৎসর্গ, আনন্দ; এবং সঙ্কল্প ও অধ্যবসায় উল্লিখিত ইন্দ্রিয় সমূহের কার্য্য। মনুষ্যের শরীরে প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান নামধেয় পঞ্চপ্রাণ অধিষ্ঠিত আছে। বায়ুকে বহির্নয়ন, অধোনয়ন, আকুঞ্চন, প্রসারণাদি প্রাণকর্ম্ম। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চপ্রাণ, এবং মন ও বুদ্ধি লিঙ্গ শরীর এই সপ্তদশাত্মক (২৪৫ ও ২১৪ পৃঃ টিঃ দ্রষ্টব্য)। তাহা সূক্ষ্মভূত ও সমষ্টিরূপ হিরণ্যগর্ভ নামধেয়। ইহাই পরিব্যক্ত করিবার অভিপ্রায়ে মূলে "সর্ব্বাণি" এই বিশেষণ পদ প্রযুক্ত হইয়াছে। আত্মবিষয়ক সংযম অর্থাৎ ধারণা, ধ্যান ও সম্প্রজ্ঞাত সমাধির পরিপাক হইলেই, যোগ-নিরোধ সমাধি উপস্থিত হয়। তাদৃশ আত্ম-সংযম অগ্নি-স্বরূপ। ক্ষিপ্ত, মূঢ় ও বিক্ষিপ্ত নামধেয় ব্যুত্থানাবস্থাবিধায়ক ভূমিত্রয়, বিষয় সংস্কার সহকৃত থাকায়, সমাধির বিরোধী। এইজন্য যোগিগণ প্রতিদিন ও প্রতিক্ষণ তাহাদিগকে অভিভূত করিয়া, তদ্বিরোধি সংস্কারেরই প্রাদুর্ভাব করেন। তমঃ ও রজোগুণের ক্ষয় হইলে চিত্তের যে লয় ও বিক্ষেপ শূন্য অবস্থার উদ্ভব হয়, তাহারই নাম প্রশান্ত অবস্থা। বিরাম, প্রত্যয় ও অভ্যাসের দ্বারা ক্রমশঃ সংস্কার সমূহ তিরোহিত হয়। চিত্তবৃত্তির উপরমকে বিরাম বলে, প্রত্যয় তাহার কারণ; বৃত্তির উপরমসাধনার্থ পুরুষের যে প্রযত্ন, তাহাই অভ্যাস। এইরূপ আত্মসংযমরূপ যোগ, অগ্নিস্বরূপ। সেই অগ্নি বেদান্ত-বাক্য-সম্ভূত ব্রহ্ম ও আত্মার অভেদ-দর্শন-জনিত অবিদ্যা ও তৎকার্য্য-নাশ-রূপ-জ্ঞান দ্বারা প্রদীপ্ত। এক শ্রেণীর যোগী এইরূপ বাধপূর্ব্বক সমাধিতে সমষ্টিস্বরূপ লিঙ্গশরীর আহুতি প্রদান করেন।

পূর্ব্ব শ্লোকের সহিত বর্ত্তমান শ্লোকের বৈলক্ষণ্য প্রদর্শিত হইতেছে। পূর্ব্ব শ্লোকে 'সংযমাগ্নিষু' এই বহুবচনান্ত বাক্য আছে। বর্ত্তমান শ্লোকে উল্লিখিত 'সংযমাগ্নিষু' শব্দের পূর্ব্বে 'আত্ম' শব্দ ও 'জ্ঞানদীপিত' এই বিশেষণ পদ স্থাপনা করায় এবং অগ্নি শব্দ একবচনান্ত করায় বিশেষ বৈলক্ষণ্য সংরক্ষিত হইয়াছে। অতএব এস্থলে পুনরুক্তি দোষ ঘটে নাই।

শ্রীমৎ শ্রীধর স্বামী ও শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। শ্রোত্রাদি জ্ঞানেন্দ্রিয়ের কর্ম্ম শ্রবণ, দর্শনাদি; বাক্, পাণি প্রভৃতি কর্ম্মেন্দ্রিয় সমূহের কর্ম্ম বচন, গ্রহণ ইত্যাদি; প্রাণাদি দশ বায়ুর কর্ম্ম;—প্রাণের কর্ম্ম বহির্নয়ন, অপানের কর্ম্ম অধোনয়ন, ব্যানের কর্ম্ম আকুঞ্চন ও প্রসারণ, সমানের কর্ম্ম ভুক্ত ও পীত পদার্থের পরিপাক করণ, উদানের কর্ম্ম উর্দ্ধনয়ন, নাগ বায়ুর কর্ম্ম উদগার, কূর্ম্মবায়ুর কর্ম্ম উন্মীলন, কৃকর বায়ুর কর্ম্ম ক্ষুদুৎপাদন, দেবদত্ত বায়ুর কর্ম্ম বিজৃম্ভণ (হাই তুলা), ধনঞ্জয় বায়ু সর্ব্বব্যাপী, মরণান্তেও তাহা দেহত্যাগ করে না। ধ্যাননিষ্ঠ ব্যক্তিগণ জ্ঞানেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয় ও প্রাণের উল্লিখিতরূপ কর্ম্মসমূহকে হোম করেন। আত্মার সংযম অর্থাৎ ধ্যান দ্বারা একাগ্রতা সমুৎপাদিত হইলে যোগ বলা যায়। তাদৃশ আত্মসংযম অগ্নিস্বরূপ। যোগিগণ জ্ঞানের দ্বারা প্রজ্বলিত সেই আত্ম-সংযমাগ্নিতে সকল কর্ম্ম সমর্পণ করেন। ধ্যেয় পদার্থকে সম্পূর্ণ-রূপে পরিজ্ঞাত হইয়া তাঁহারা সংযতচিত্ত হন এবং সমস্ত কর্ম্মের উপরম করেন।

শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। প্রাণের সহচরস্বরূপ মনের উপসংহার না হওয়ায়, ইন্দ্রিয়-যোগিগণের প্রাণের উপসংহার হয় না এবং তাহা সুপ্তবৎ থাকে। বুদ্ধি অর্থাৎ জ্ঞান-যোগিগণের মন উপসংহৃত ও আয়ত্ত হওয়ায়, প্রাণের উপসংহার হইয়া থাকে। ইন্দ্রিয়-যোগির ও জ্ঞান-যোগির ইহাই প্রভেদ। এতাদৃশ বুদ্ধি সঞ্জাত হইলে আর বোদ্ধব্য কিছুই থাকে না। এইরূপ লীন ব্যক্তির সমাধি-বুদ্ধি সমুৎপন্ন হয়। বায়ুপুরাণে কথিত আছে, "বুদ্ধি-যোগিগণ দশ সহস্র মন্বন্তর স্বচ্ছন্দে থাকেন।"

[অন্যান্য টীকা ও ভাষ্যকৃদ্গণ উল্লিখিত ভাবেরই অনুরূপ অভিপ্রায় পরিব্যক্ত করিয়াছেন।] ॥ ২৭ ॥

দ্রব্যযজ্ঞাস্তপোযজ্ঞা যোগযজ্ঞাস্তথাপরে।
স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাশ্চ যতয়ঃ সংশিতব্রতাঃ ॥২৮॥

অন্বয়।—[কেচিৎ] দ্রব্যযজ্ঞাঃ (তীর্থস্থানেষু যজ্ঞবুদ্ধ্যা দ্রব্যদানং কুর্ব্বন্তি যে তে) [কেচিৎ] তপোযজ্ঞাঃ (কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিতপ এব যজ্ঞো যেষাং তে) [কেচিৎ] যোগযজ্ঞাঃ (যমনিয়মাদিলক্ষণযোগ এব যজ্ঞো যেষাং তে) তথা অপরে (অন্যে চ) যতয়ঃ (প্রযত্নশীলাঃ) সংশিতব্রতাঃ (দৃঢ়ব্রতাঃ) স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাঃ (বেদাভ্যাসো যজ্ঞো যেষাং তে স্বাধ্যায়যজ্ঞাঃ, শাস্ত্রার্থজ্ঞানং যজ্ঞো যেষাং তে জ্ঞানযজ্ঞাঃ) চ ॥ ২৮ ॥

প্রতিশব্দ।—[কেহ কেহ] দ্রব্যযজ্ঞপরায়ণ, [কেহ কেহ] তপোযজ্ঞ অনুষ্ঠাতা [কেহ কেহ] যোগযজ্ঞনিরত, সেইরূপ অন্য যত্নশীল দৃঢ়সঙ্কল্পগণ স্বাধ্যায় ও জ্ঞানযজ্ঞ-পরায়ণ ॥ ২৮ ॥

ব্যাখ্যা—অনেকে দ্রব্য-দানাদিরূপ দ্রব্য-যজ্ঞের অনুষ্ঠান করেন, অনেকে যজ্ঞজ্ঞানে চান্দ্রায়ণাদি তপের দ্বারা তপোযজ্ঞ-সাধন করেন, অনেক যত্নশীল দৃঢ়-ব্রত-ব্যক্তি ঋগাদি বেদালোচনাকেই যজ্ঞ-বোধে তদ্দ্বারা স্বাধ্যায়-যজ্ঞ-সম্পাদন করেন এবং শাস্ত্রার্থ অবধারণরূপ জ্ঞানকেই যজ্ঞ মনে করিয়া জ্ঞান-যজ্ঞ সম্পন্ন করেন ॥ ২৮ ॥

শঙ্করাচার্য্য।—দ্রব্যেতি। দ্রব্যযজ্ঞাস্তীর্থেষু দ্রব্যবিনিয়োগং যজ্ঞবুদ্ধ্যা কুর্ব্বন্তি যে তে দ্রব্যযজ্ঞাঃ, তপোযজ্ঞাস্তপো যজ্ঞো যেষাং তপস্বিনাং তে তপোযজ্ঞাঃ, যোগযজ্ঞাঃ প্রাণায়ামপ্রত্যাহারাদিলক্ষণো যোগো যজ্ঞো যেষাং তে যোগযজ্ঞাঃ, তথাপরে স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাশ্চ স্বাধ্যায়ো যথাবিধি ঋগাদ্যভ্যাসো যজ্ঞো যেষাং তে স্বাধ্যায়যজ্ঞাঃ, জ্ঞানযজ্ঞাঃ শাস্ত্রার্থপরিজ্ঞানং যজ্ঞো যেষাং তে জ্ঞানযজ্ঞাঃ, স্বাধ্যায়যজ্ঞা জ্ঞানযজ্ঞাশ্চ, যতয়ো যতনশীলাঃ সংশিতব্রতাঃ সম্যক্‌শিতানি তনূকৃতানি তীক্ষ্ণীকৃতানি ব্রতানি যেষাং তে সংশিতব্রতাঃ ॥ ২৮ ॥

আনন্দগিরি।—যজ্ঞষট্‌কমবতারয়তি দ্রব্যেতীতি। তত্র দ্রব্যযজ্ঞান্ পুরুষানুপাদায় বিভজতে তীর্থেম্বিতি। তপস্বিনাং যজ্ঞবুদ্ধ্যা তপোঽনুতিষ্ঠতাং নিয়মবতাং ইত্যর্থঃ। প্রত্যাহারাদীত্যাদিশব্দেন যমনিয়মাসনধ্যানধারণাসমাধয়ো গৃহ্যন্তে, যথাবিধি প্রাঙ্মুখত্বপবিত্রপাণিত্বাদ্যঙ্গবিধিমনতিক্রম্যেতি যাবৎ, ব্রতানাং তীক্ষ্ণীকরণমিতি দৃঢ়ত্বম্ ॥ ২৮ ॥

রামানুজ।—দ্রব্যযজ্ঞা ইতি। কেচিৎ কর্ম্মযোগিনো দ্রব্যযজ্ঞা ন্যায়তো দ্রব্যার্জ্জনাদায় দেবার্চ্চনে প্রযতন্তে। কেচিচ্চ দানেষু কেচিচ্চ যাগেষু কেচিচ্চ হোমেষু, এতে সর্ব্বে দ্রব্যযজ্ঞাঃ। কেচিচ্চ তপোযজ্ঞাঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণোপবাসাদিষু নিষ্ঠাং কুর্ব্বন্তি। যোগযজ্ঞাশ্চাপরে পুণ্যতীর্থপুণ্যস্থানপ্রাপ্তিষ্বিহ নিষ্ঠাং কুর্ব্বন্তি। ইহ যোগশব্দঃ কর্ম্মনিষ্ঠাভেদপ্রকরণাৎ তদ্বিষয়ঃ। কেচিৎ স্বাধ্যায়পরাঃ, স্বাধ্যায়াভ্যাসপরাঃ, কেচিৎ তদর্থজ্ঞানাভ্যাসপরাঃ, যতয়ো যত্নশীলাঃ সংশিতব্রতাঃ দৃঢ়সঙ্কল্পাঃ ॥ ২৮ ॥

হনূমান্।—দ্রব্যেতি। দ্রব্যাদীনাং হিরণ্যগবাদীনাং দানামেব যজ্ঞো যেষাং তে দ্রব্যযজ্ঞাঃ দানমেব যজ্ঞমুপাসত ইত্যর্থঃ। অপরে তু তপোযজ্ঞা, তপঃ কৃচ্ছ্রাদিচান্দ্রায়ণাদিকং তদেব যজ্ঞবুদ্ধ্যা কুর্ব্বন্তি যোগযজ্ঞাঃ যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ সএব যজ্ঞো যেষাং তে যোগযজ্ঞাঃ, যজ্ঞবুদ্ধ্যা চিত্তবৃত্তিনিরোধমেব কুর্ব্বন্তীত্যর্থঃ, স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাঃ, যজ্ঞশব্দঃ প্রত্যেকমভিসম্বধ্যতে, স্বাধ্যায়ো বেদপাঠঃ সএব যজ্ঞো যেষাং তে তথা, জ্ঞানং শাস্ত্রপরিজ্ঞানং তদেব যজ্ঞো যেষাং তে জ্ঞানযজ্ঞাঃ যজ্ঞবুদ্ধ্যা জ্ঞানং কুর্ব্বন্তীত্যর্থঃ। সর্ব্ব এব যতয়ঃ যত্নশীলাঃ, সংশিতং তীক্ষ্ণীকৃতং ব্রতং যেষাং তে সংশিতব্রতাঃ ॥ ২৮ ॥

শ্রীধর।—কিঞ্চ দ্রব্যযজ্ঞা ইত্যাদি। দ্রব্যদানমেব যজ্ঞো যেষাং তে দ্রব্যযজ্ঞাঃ, কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি তপ এব যজ্ঞো যেষাং তে তপোযজ্ঞাঃ যোগশ্চিত্তবৃত্তিনিরোধলক্ষণসমাধিঃ সএব যজ্ঞো যেষাং তে যোগযজ্ঞাঃ, স্বাধ্যায়েন বেদেন শ্রবণমননাদিনা যত্তদর্থজ্ঞানং তদেব যজ্ঞো যেষাং তে, যদ্বা বেদপাঠযজ্ঞাস্তদর্থজ্ঞানযজ্ঞাশ্চেতি দ্বিবিধা, যতয়ঃ প্রযত্নশীলাঃ সম্যক্‌শিতং নিশিতং তীক্ষ্ণীকৃতং ব্রতং যেষাং তে ॥ ২৮ ॥

বলদেব।—দ্রব্যেতি। কেচিৎ কর্ম্মযোগিনো দ্রব্যযজ্ঞাঃ অন্নাদিদানপরাঃ, কেচিৎ তপোযজ্ঞাঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিব্রতপরাঃ, কেচিদ্‌যোগযজ্ঞাঃ পুণ্যতীর্থাদিসঙ্গমপরাঃ, কেচিৎ স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাঃ বেদাভ্যাসপরাস্তদার্থাভ্যাসপরাশ্চ, যতয়স্তত্র প্রযত্নশীলাঃ সংশিতব্রতাস্তীক্ষ্ণতত্তদাচরণাঃ ॥ ২৮ ॥

মধুসূদন।—এবং ত্রিভিঃ শ্লোকৈঃ পঞ্চযজ্ঞানুক্ত্বাধুনৈকেন শ্লোকেন ষড়্‌যজ্ঞানাহ দ্রব্যেতি। দ্রব্যত্যাগ এব যথাশাস্ত্রং যজ্ঞো যেষাং তে দ্রব্যযজ্ঞাঃ পূর্ত্তদত্তাখ্যস্মার্ত্তকর্ম্মপরাঃ। তথাচ স্মৃতিঃ, "বাপী-কূপ-তড়াগাদি-দেবতায়তনানি চ। অন্নপ্রদানমারামঃ পূর্ত্তমিত্যভিধীয়তে ॥ শরণাগতসন্ত্রাণং ভূতানাঞ্চাপ্যহিংসনম্। বহির্ব্বেদি চ যদ্দানং দত্তমিত্যভিধীয়তে ॥"ইতি। ইষ্টাখ্যং শ্রৌতং কর্ম্ম তু "দৈবমেবাপরে যজ্ঞম্" ইত্যত্রোক্তম্, অন্তর্ব্বেদিদানমপি তত্রৈবান্তর্ভূতম্, তথা কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিতপ এব যজ্ঞো যেষাং তে তপোযজ্ঞাস্তপস্বিনঃ, তথা যোগশ্চিত্তবৃত্তিনিরোধোঽষ্টাঙ্গো যজ্ঞো যেষাং তে যোগযজ্ঞাঃ যমনিয়মাসনাদিযোগাঙ্গানুষ্ঠানপরাঃ, যমনিয়মাসনপ্রাণায়ামপ্রত্যাহারধারণাধ্যানসমাধয়ো হি যোগস্যাষ্টাবঙ্গানি, তত্র প্রত্যাহারঃ "শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে" ইত্যত্রোক্তঃ, ধারণাধ্যান-সমাধয়ঃ "আত্মসংযমযোগাগ্নৌ" ইত্যত্রোক্তাঃ, প্রাণায়ামঃ "অপানে জুহ্বতি প্রাণম্" ইত্যনন্তরশ্লোকে

বক্ষ্যতে, যমনিয়মাসনান্যত্রোচ্যন্তে, অহিংসাসত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহা যমাঃ পঞ্চ, শৌচ-সন্তোষতপঃস্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ পঞ্চ, স্থিরসুখমাসনং পদ্মকস্বস্তিকাদ্যনেক-বিধম্। অশাস্ত্রীয়প্রাণিবধো হিংসা সাচ কৃতকারিতানুমোদিতভেদেন ত্রিবিধা, এবমযথার্থ-ভাষণমবধ্যহিংসানুবন্ধি যথার্থভাষণঞ্চানৃতং, স্তেয়মশাস্ত্রীয়মার্গেণ পরদ্রব্যস্বীকরণং, অশা-স্ত্রীয়ঃ স্ত্রীপুংসব্যতিরেকো মৈথুনং, শাস্ত্রনিষিদ্ধমার্গেণ দেহযাত্রানির্ব্বাহকভোগসাধনস্বীকারঃ পরিগ্রহঃ, এতন্নিবৃত্তিলক্ষণা উপরমা যমাঃ "যম উপরমঃ" ইতি স্মরণাৎ। তথা শৌচং দ্বিবিধং বাহ্যমাভ্যন্তরঞ্চ, মৃজ্জলাদিভিঃ কায়াদিক্ষালনং হিতমিতমেধ্যাশনাদি চ বাহ্যং, মৈত্রী-মুদিতাদিভির্মদমানাদিচিত্তমলক্ষালনমাভ্যন্তরং, সন্তোষো বিদ্যমানভোগোপকরণাদধিকস্যা-মুপাদিৎসারূপা চিত্তবৃত্তিঃ, তপঃ ক্ষুৎপিপাসাশীতোষ্ণাদিদ্বন্দ্বসহনম্, কাষ্ঠমৌনাকারমৌনাদি-ব্রতানি চ ইঙ্গিতেনাপি স্বাভিপ্রায়াপ্রকাশনং কাষ্ঠমৌনম্, অবচনমাত্রমাকারমৌনমিতি ভেদঃ। স্বাধ্যায়ো মোক্ষশাস্ত্রাণাং অধ্যয়নং প্রণবজপো বা, ঈশ্বরপ্রণিধানং সর্ব্বকর্ম্মণাং তস্মিন্ পরমগুরৌ ফলনিরপেক্ষতয়ার্পণং, এতে বিধিরূপা নিয়মাঃ পুরাণেষু যেঽধিকা উক্তাস্ত এষ্বেব যমনিয়মেষন্তর্ভাব্যাঃ, এতাদৃশযমনিয়মাভ্যাসপরা যোগযজ্ঞাঃ, স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাশ্চ যথাবিধি বেদাভ্যাসপরাঃ স্বাধ্যায়যজ্ঞাঃ, ন্যায়েনবেদার্থনিশ্চয়পরা জ্ঞানযজ্ঞাঃ। যজ্ঞান্তরমাহ, যতয়ো যত্নশীলাঃ, সংশিতব্রতাঃ সম্যক্ শীতানি তীক্ষ্ণীকৃতান্যতিদৃঢ়ানি ব্রতানি যেষাং তে সংশিতব্রতযজ্ঞা ইত্যর্থঃ। তথাচ ভগবান্ পতঞ্জলিঃ, "তে জাতিদেশকালসময়ানবচ্ছিন্নাঃ সার্ব্বভৌমা মহাব্রতম্" ইতি। যে পূর্ব্বমহিংসাদ্যাঃ পঞ্চ যমা উক্তাস্ত এব জাত্যাদ্যবচ্ছেদেন দৃঢ়-ভূময়ো মহাব্রতশব্দবাচ্যাঃ, তত্রাহিংসা জাত্যবচ্ছিন্না যথা মৃগয়োর্মৃগাতিরিক্তান্ন হনিষ্যামীতি, দেশাবচ্ছিন্না যথা ন তীর্থে হনিষ্যামীতি, সৈব কালাবচ্ছিন্না যথা ন চতুর্দ্দশ্যাং ন পুণ্যেঽহ-হনীতি, সৈব প্রয়োজনবিশেষরূপসময়াবচ্ছিন্না যথা ক্ষত্রিয়স্য দেবব্রাহ্মণপ্রয়োজনব্যতি-রেকেণ ন হনীষ্যামীতি যুদ্ধং বিনা ন হনিষ্যামীতি চ, এবং বিবাহাদিপ্রয়োজনব্যতিরেকে-ণানৃতং ন বদিষ্যামীতি, এবমাপৎকালব্যতিরেকেণ ন ক্ষুদ্রয়াদ্যতিরিক্তস্তেয়ং ন করিষ্যামীতি, এবমৃতুব্যতিরিক্তকালে পত্নীং ন গমীষ্যামীতি, এবং গুর্ব্বাদিপ্রয়োজনমন্তরেণ ন পরিগ্রহীষ্যা-মীতি যথা যোগ্যমবচ্ছেদো দ্রষ্টব্যঃ। এতাদৃগবচ্ছেদপরিহারেণ যদা সর্ব্বজাতিসর্ব্বদেশসর্ব্বকাল-সর্ব্বপ্রয়োজনেষু ভবাঃ সার্ব্বভৌমা অহিংসাদয়ো ভবন্তি মহতা প্রযত্নেন পরিপাল্যমানত্বাৎ তদা তে মহাব্রতশব্দেনোচ্যন্তে, এবং কাষ্ঠমৌনাদিব্রতমপি দ্রষ্টব্যম্, এতাদৃশব্রতদার্ঢ্যে চ কাম-ক্রোধলোভমোহানাং চতুর্ণামপি নরকদ্বারভূতানাং নিবৃত্তিঃ, তত্রাহিংসয়া ক্ষময়া ক্রোধস্য, ব্রহ্মচর্য্যেণ বস্তুবিচারেণ চ কামস্য, অস্তেয়াপরিগ্রহরূপেণ সন্তোষেণ লোভস্য, সত্যেন যথার্থ-জ্ঞানরূপেণ বিবেকেন মোহস্য, তন্মূলানাঞ্চ সর্ব্বেষাং নিবৃত্তিরিতি দ্রষ্টব্যম্, ইতরাণি চ ফলানি সকামানাং যোগশাস্ত্রে কথিতানি ॥ ২৮ ॥

নীলকণ্ঠ।—এবং যজ্ঞপঞ্চকং শ্লোকত্রয়েণোক্তং, অথৈকেনৈব শ্লোকেন পঞ্চযজ্ঞানাহ দ্রব্যেতি। দ্রব্যসাধ্যাঃ বাপীকূপারামাঃ তীর্থে বহির্ব্বেদিকাদানং শ্রৌতযজ্ঞানাং প্রাগেব

গ্রহণাৎ ত এব যজ্ঞা যেষাং তে দ্রব্যযজ্ঞাঃ, তথা তপঃ কৃচ্ছ্র চান্দ্রায়ণমাসোপবাসাদি তদেব যজ্ঞস্থানীয়ং যেষাং তেষাং তে তপোযজ্ঞাঃ, তথা যোগযজ্ঞাঃ সঙ্গফলত্যাগপূর্ব্বকং সন্ধ্যোপাসনাদিনির্বিকল্পসমাধ্যন্তানাং কর্ম্মণামনুষ্ঠানং তৃতীয়াধ্যায়োক্তং যোগঃ, স এব যজ্ঞো যেষাং তে যোগযজ্ঞাঃ, যদ্বা যমনিয়মাসনপ্রাণায়ামপ্রত্যাহারধারণাধ্যানসমাধিরূপোঽষ্টাঙ্গোপেতো "যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ" ইতি সূত্রিতো যোগ এব যজ্ঞো যেষাং ত ইতি, তথা স্বাধ্যায়যজ্ঞাঃ যে নিত্যং বেদাধ্যয়নরতাঃ তে স্বাধ্যায়যজ্ঞাঃ জ্ঞানং স্বাধ্যায়ার্থস্য পূর্ব্বোত্তর-মীমাংসাবিচারঃ স এব যোগো যেষাং তে স্বাধ্যায়যজ্ঞাঃ তে চ জ্ঞানযজ্ঞাশ্চেতি স্বাধ্যায়জ্ঞান-যজ্ঞা ইতি সমাসঃ, যতয়ঃ যত্নশীলাঃ সংশিতব্রতাঃ সম্যক্ শিতং তৈক্ষ্ণ্যং ব্রতমহিংসাদিকং যেষাং তে ইতি সর্ব্বেষাং বিশেষণম্ ॥ ২৮ ॥

বিশ্বনাথ।—দ্রব্যেতি। দ্রব্যদানমেব যজ্ঞো যেষাং তে দ্রব্যযজ্ঞাঃ, তপঃ কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি এব যজ্ঞো যেষাং তে তপোযজ্ঞাঃ, যোগোঽষ্টাঙ্গএব যজ্ঞো যেষাং তে যোগযজ্ঞাঃ, স্বাধ্যায়ো বেদস্য পাঠঃ তদর্থস্য জ্ঞানঞ্চ যজ্ঞোঃ যেষাং তে, যতয়ো যত্নপরাঃ, সর্ব্বএতে সম্যক্ শিতং তীক্ষ্ণীকৃতং ব্রতং যেষাং তে ॥ ২৮ ॥

তাৎপর্য্য।—শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। বিগত শ্লোকত্রয়ে পাঁচ প্রকার যজ্ঞের বিবরণ ব্যক্ত করিয়া, এক্ষণে এক শ্লোকে ছয় প্রকার যজ্ঞের বিবরণ বিবৃত করিতেছেন। শাস্ত্রসঙ্গত প্রণালীক্রমে দ্রব্য-ত্যাগই যাঁহাদের যজ্ঞ, তাঁহারাই দ্রব্যযজ্ঞ, অর্থাৎ স্মৃতিশাস্ত্রোক্ত পূর্ত্ত ও দত্ত কর্ম্ম-পরায়ণ। স্মৃতিশাস্ত্রে কথিত আছে, "বাপী কূপ তড়াগাদি খনন, দেব-মন্দির প্রতিষ্ঠা, অন্নদান ও উদ্যান স্থাপন প্রভৃতি কার্য্য পূর্ত্ত নামে অভিহিত। শরণাগত জনের রক্ষাবিধান, সর্ব্বভূতের অহিংসা এবং বহির্ব্বেদি * দানকার্য্য দত্ত নামে অভিহিত। শ্রুতিসঙ্গত ইষ্টাখ্য কর্ম্মের ভাব "দৈবমেবাপরে যজ্ঞম্" (৪ অ, ২৫) ইত্যাদি শ্লোক ব্যাখ্যানকালে বিন্যস্ত হইয়াছে। অন্তর্ব্বেদি দান

* অন্তর্ব্বেদি ও বহির্ব্বেদি। "নবৈতান্ স্নাতকান্ বিদ্বান্ ব্রাহ্মণান্ ধর্ম্মভিক্ষুকান্। নিঃস্বেভ্যো দেয়মেতেভ্যো দানং বিদ্যাবিশেষতঃ॥ এতেভ্যো হি দ্বিজাগ্রেভ্যো দেয়মন্নং সদক্ষিণম্। ইতরেভ্যো বহির্ব্বেদি কৃতান্নং দেয়মুচ্যতে॥ (মনুসংহিতা, ১১শ অধ্যায়, ২।৩ শ্লোক)। শেষ শ্লোকের কুল্লুকভট্টের টীকা যথা; এতেভ্যো নবেভ্যো ব্রাহ্মণশ্রেষ্ঠেভ্যোঽন্তর্ব্বেদি সদক্ষিণমন্নং দাতব্যং এতদ্ব্যতিরিক্তেভ্যঃ পুনঃ সিদ্ধান্নং বহির্ব্বেদি দেয়ত্বেনোপদিশ্যতে ধনদানে ত্বনিয়মঃ। ইহার ভাবার্থ যথা; নব প্রকার ব্রাহ্মণ সর্ব্বশ্রেষ্ঠ। তাঁহাদিগকে অন্তর্ব্বেদি অর্থাৎ যজ্ঞীয় বেদীর মধ্যে দক্ষিণা সহকারে অন্ন প্রদান করিবে। তদিতর সকলকে বহির্ব্বেদিতে অর্থাৎ যজ্ঞীয় বেদীর বহির্ভাগে সিদ্ধান্ন ভোজন করাইবে। অন্তর্ব্বেদি দান ও বহির্ব্বেদি দানের ইহাই প্রভেদ।

আহারই অন্তর্ভূত। যে সকল তপস্বী কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি † তপকেই যজ্ঞরূপে অনুষ্ঠান করেন, তাঁহারা তপোযজ্ঞ। চিত্তবৃত্তিনিরোধের নাম যোগ। যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান এবং সমাধি, যোগের এই অষ্টাঙ্গ। "শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে" ইত্যাদি (৪ অধ্যায়। ২৬) শ্লোক ব্যাখ্যানকালে প্রত্যাহারের বিষয় কথিত হইয়াছে। "আত্মসংযম-যোগাগ্নৌ" ইত্যাদি (৪ অধ্যায়। ২৭ শ্লোকের শেষভাগ) স্থলে ধ্যান, ধারণা ও সমাধির বিষয় বিবৃত হইয়াছে। "অপানে জুহ্বতি প্রাণম্" ইত্যাদি পরবর্ত্তী (৪ অধ্যায়। ২৯) শ্লোকের ব্যাখ্যানকালে প্রাণায়ামের বিষয় বিবৃত হইবে। যম, নিয়ম, ও আসনের বিষয় এই স্থানে কথিত হইতেছে। অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য এবং অপরিগ্রহ এই পঞ্চকে যম বলে। শৌচ, সন্তোষ, তপঃ, স্বাধ্যায়, ঈশ্বর-প্রণিধান এই পঞ্চকে নিয়ম বলে। পদ্ম, স্বস্তিকাদি স্থিরভাবে সুখসহকারে উপবেশনপ্রণালীকে আসন বলে। এক্ষণে একে একে প্রত্যেকের বিবরণ প্রদত্ত হইতেছে। শাস্ত্র-বিগর্হিত প্রাণিবধকে হিংসা বলে; যে প্রাণী বধ করে, যাহার উদ্যোগে প্রাণিবধ হয়, এবং যাহার অনুমোদনক্রমে তাহা অনুষ্ঠিত হয়, এই ভেদক্রমে হিংসা ত্রিবিধ। যথার্থ-ভাষণই সত্য। শাস্ত্র-বিরুদ্ধ উপায়ে পরদ্রব্য গ্রহণ স্তেয়। অশাস্ত্রীয় মৈথুন ব্যবহারকে অব্রহ্মচর্য্য বলে। শাস্ত্রনিষিদ্ধ উপায়ে ভোগসাধন সামগ্রী গ্রহণের নাম পরিগ্রহ। এই সকলের নিবৃত্তিকে স্মৃতি-

† কৃচ্ছ্র ব্রত। একৈকং গ্রাসমশ্নীয়াৎ ত্র্যহাণি ত্রীণি পূর্ব্ববৎ। ত্র্যহঞ্চোপবসেদন্ত্যমতিকৃচ্ছ্রং চরন্ দ্বিজঃ॥ (মনুসংহিতা, ১১শ অধ্যায়। ২১৪ শ্লোক) প্রথমে তিন দিন দিবাভাগে এক এক গ্রাস, পরে তিন দিন সায়ংকালে এক এক গ্রাস, তদনন্তর তিন দিন অযাচিতভাবে পূর্ব্ববৎ এক এক গ্রাস ভোজন করিবে। শেষ তিন দিন উপবাস করিতে হইবে, ইহা অতিকৃচ্ছ্র ব্রত। কৃচ্ছ্র সান্তপন, অতি-কৃচ্ছ্র, তপ্তকৃচ্ছ্র ভেদে কৃচ্ছ্র ব্রত অনেক প্রকার।

চান্দ্রায়ণ। একৈকং হ্রাসয়েৎ পিণ্ডং কৃষ্ণে শুক্লে চ বর্দ্ধয়েৎ। উপস্পৃশংস্ত্রিষবণমেতচ্চান্দ্রায়ণং স্মৃতম্॥ (মনুসংহিতা ১১শ অধ্যায়। ২১৭ শ্লোক)। সায়ং, প্রাতঃ ও মধ্যাহ্নে স্নান করিয়া পৌর্ণমাসীতে পঞ্চদশ গ্রাসমাত্র ভোজন করিতে হয়। তদনন্তর প্রতিপদাদি তিথিক্রমে এক এক গ্রাস হ্রাস করিয়া, চতুর্দ্দশীতে এক গ্রাসমাত্র ভোজন এবং অমাবস্যায় উপবাস করিতে হয়। পুনরায় শুক্ল প্রতিপদাদি তিথিক্রমে এক এক গ্রাস বৃদ্ধি করিয়া, পূর্ণমাসীতে পঞ্চদশ গ্রাস আহার করিবে। এইরূপ হইলে তাহা পিপীলিকামধ্য চান্দ্রায়ণ নামে অভিহিত হয়। যবমধ্য চান্দ্রায়ণ, যতিমধ্য চান্দ্রায়ণ, শিশুচান্দ্রায়ণ ইত্যাদি ভেদে চান্দ্রায়ণ নানাপ্রকার। চন্দ্রলোক-গমন ইহার ফল।

শাস্ত্রে যম বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। শৌচ দ্বিবিধ; বাহ্য ও আভ্যন্তর। মৃত্তিকা, শিলা, জল প্রভৃতির দ্বারা দেহকে পরিষ্কার করা ও হিতকর পরিমিত আহারাদি বাহ্য-শৌচ। মৈত্রী, করুণা ও মুদিতাদি দর্শন-শাস্ত্রোক্ত এই ভাবনাত্রয় দ্বারা চিত্ত বলবান্ হয়। এতদ্দ্বারা চিত্তের মলিনতা প্রক্ষালন করার নাম আভ্যন্তর শৌচ। বিদ্যমান ভোগোপকরণে পরিতৃপ্তি এবং অধিক লাভের আকাঙ্ক্ষাহীনতার নাম সন্তোষ; ক্ষুৎপিপাসা, শীতোষ্ণাদি দ্বন্দ্ব সহিষ্ণুতা এবং মৌনাদি ব্রতের নাম তপ; মৌনব্রত দ্বিবিধ; ইঙ্গিতেও স্বকীয় অভিপ্রায় ব্যক্ত না করার নাম কাষ্ঠমৌন এবং কেবল বাক্যমাত্র ত্যাগ করার নাম মৌন। মোক্ষবিধায়ক শাস্ত্রাধ্যয়ন অথবা প্রণব মন্ত্রের জপকে স্বাধ্যায় বলে। ফল-নিরপেক্ষ-ভাবে কর্ম্ম সকল সেই পরম গুরু ভগবান্কে সমর্পণ করার নাম ঈশ্বর-প্রণিধান। পুরাণে যম ও নিয়মের কিছু আধিক্য পরিদৃষ্ট হয়, কিন্তু তৎসমস্তই উল্লিখিতরূপ যমনিয়মের অন্তর্ভূত। যাঁহারা এতাদৃশ যমনিয়ম-পরায়ণ, তাঁহারাই যোগযজ্ঞ। যথাবিধি বেদাভ্যাসপরায়ণতার নাম স্বাধ্যায়-যজ্ঞ। যুক্তি দ্বারা বেদার্থ নিশ্চয় করার নাম জ্ঞানযজ্ঞ। উল্লিখিতরূপ যত্নশীল দৃঢ়ব্রত মহাত্মগণ ব্রতযজ্ঞ নামে অভিহিত। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "এই পঞ্চবিধ যম, জাতি, দেশ, কাল ও প্রয়োজন বিশেষ দ্বারা বিচ্ছিন্ন না হইলে, সার্ব্বভৌম মহাব্রতরূপে পরিগণিত হয়।" (পাতঞ্জলদর্শন, সাধনপাদ, ৩১ সূত্র।) মৃগয়াকালে মৃগ ব্যতীত অন্য কোন পশু-হিংসা না করা, হিংসা-বিষয়ে জাত্যবচ্ছিন্নতার দৃষ্টান্ত। তীর্থস্থানে হনন না করা, দেশাবচ্ছিন্নতার উদাহরণ। চতুর্দ্দশী তিথি বা পুণ্যদিনে প্রাণি-হিংসা না করা, কালাবচ্ছিন্নতার দৃষ্টান্ত। ক্ষত্রিয়ের দেবতা ও ব্রাহ্মণের প্রয়োজনে হত্যা, বা যুদ্ধে হত্যা প্রয়োজনাবচ্ছিন্নতার উদাহরণ। এইরূপ বিবাহ উপলক্ষে মিথ্যা ভাষণ, আপৎকালে বা ক্ষুৎপীড়িত হইলে চৌর্য্য, ঋতুকালে পত্নীগমন, গুরুপ্রয়োজনে প্রতিগ্রহ ইত্যাদি সকল স্থলেই অবচ্ছিন্নতা দৃষ্ট হয়। এইরূপ অবচ্ছেদ থাকিলে, যমাদির পূর্ণানুষ্ঠান হয় না। সর্ব্বজাতি, সর্ব্বদেশ, সর্ব্বকাল ও সর্ব্বপ্রয়োজনে অব্যাহতভাবে নিরন্তর যমাদির অনুষ্ঠান করিলে, তবেই তাহা সার্ব্বভৌম হয়। সকল অবস্থাতেই তৎসমূহ প্রকৃষ্ট যত্নসহকারে পরিপালন করিলে, মহাব্রতরূপে পরিগণিত হইয়া থাকে। এইরূপ দৃঢ়ব্রত হইলে কাম, ক্রোধ, লোভ, মোহ

রূপ নরকদ্বারভূত প্রবৃত্তিচতুষ্টয়ের নিবৃত্তি হইবে। অহিংসা ও ক্ষমার দ্বারা ক্রোধের নিবৃত্তি, ব্রহ্মচর্য্যরূপ বস্তুবিচারের দ্বারা কামের নিবৃত্তি, অপরিগ্রহ ও অস্তেয় দ্বারা লোভের নিবৃত্তি, সত্যসম্ভূত যথার্থ জ্ঞানরূপ বিবেক দ্বারা মোহের নিবৃত্তি হইয়া থাকে। সঙ্গে সঙ্গে মূলীভূত সকল দুষ্প্রবৃত্তিই ক্ষান্ত ও নিবৃত্ত হয়।

শ্রীমদ্রামানুজাচার্য্য, শ্রীমদ্বলদেব ও শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। কোন কোন কর্ম্মযোগী ন্যায়ার্জ্জিত দ্রব্য দ্বারা দেবার্চ্চনার প্রযত্ন করেন; কেহবা যোগাদির, কেহবা হোমের অনুষ্ঠান করেন; এই সকল ব্যক্তিই দেবযজ্ঞ। কেহ কেহ কৃচ্ছ্র চান্দ্রায়ণাদির অনুষ্ঠান করেন; তাহাদিগকে তপোযজ্ঞ বলে। পুণ্যস্থান ও তীর্থক্ষেত্রপ্রাপ্তি এস্থলে যোগশব্দের লক্ষিত; যাঁহারা তীর্থাদি সঙ্গম-পরায়ণ, তাঁহারাই তপোযজ্ঞ। কেহ কেহ স্বাধ্যায়-পরায়ণ, কেহ কেহ স্বাধ্যায়াভ্যাস-পরায়ণ, কেহ কেহ তদর্থ জ্ঞানাভ্যাস-পরায়ণ ॥ ২৮ ॥

অপানে জুহ্বতি প্রাণং প্রাণেঽপানং তথাপরে।
প্রাণাপানগতী রুদ্ধ্বা প্রাণায়ামপরায়ণাঃ।
অপরে নিয়তাহারাঃ প্রাণান্ প্রাণেষু জুহ্বতি ॥২৯॥

অন্বয়।—তথা অপরে অপানে (অধোবৃত্তৌ) প্রাণং (ঊর্দ্ধবৃত্তিং) জুহ্বতি (প্রক্ষিপন্তি) তথা প্রাণাপানগতী (ঊর্দ্ধাধোগতী) রুদ্ধ্বা (কুম্ভকেন নিরুধ্য) প্রাণে অপানং জুহ্বতি (কুম্ভকং কুর্ব্বন্তি) প্রাণায়াম-পরায়ণাঃ (রেচকপূরককুম্ভকাখ্যপ্রাণায়ামতৎপরাঃ) অপরে নিয়তা-হারাঃ (মিতভোজিনঃ) প্রাণেষু প্রাণান্ জুহ্বতি (সর্ব্বে প্রাণা একী-কুর্ব্বন্তি) ॥ ২৯ ॥

প্রতিশব্দ।—অন্যেরা অপানে প্রাণবায়ু নিক্ষেপ করেন, সেইরূপ প্রাণ-অপানের-গতি নিরোধ করিয়া প্রাণায়ামনিরত অপরে আহার-সংযমী প্রাণসমূহকে প্রাণসমূহে হোম করেন ॥ ২৯ ॥

ব্যাখ্যা।—কোন কোন ব্যক্তি পূরক দ্বারা অপানে প্রাণকে,

কেহ কেহ বা রেচক দ্বারা প্রাণে অপানকে আহুতি দিয়া থাকেন; কেহ কেহ বা প্রাণ ও অপানের গতি নিরোধ করিয়া প্রাণায়ামানুষ্ঠান করিয়া থাকেন। অপরে মিতাহারী হইয়া প্রাণাদি পঞ্চ বায়ুতে ইন্দ্রিয় সকল সমর্পণ করেন ॥ ২৯ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ অপান ইতি। অপানে অপানবৃত্তৌ জুহ্বতি প্রক্ষিপন্তি প্রাণং প্রাণবৃত্তিং পূরকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ, প্রাণেঽপানং তথাপরে জুহ্বতি রেচকাখ্যঞ্চ প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যেতৎ, প্রাণাপানগতী রুদ্ধ্বা মুখনাসিকাভ্যাং বায়োর্নির্গমনং প্রাণস্য গতিস্তদ্বিপর্য্যয়েণাধোগমনমপানস্য, তে প্রাণাপানগতী এতে রুদ্ধ্বা নিরুধ্য প্রাণায়ামপরায়ণাঃ প্রাণায়ামতৎপরাঃ কুম্ভকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ। কিঞ্চ অপর ইতি অপরে নিয়তাহারা নিয়তঃ পরিমিত আহারো যেষাং তে নিয়তাহারাঃ সন্তঃ প্রাণান্ বায়ুভেদান্ প্রাণভেদেষেব জুহ্বতি, যস্য যস্য বায়োর্জয়ঃ ক্রিয়তে ইতরান্ বায়ুভেদাংস্তস্মিন্ জুহ্বতি তে তত্র প্রবিষ্টা ইব ভবন্তি ॥ ২৯ ॥

আনন্দগিরি।—প্রাণায়ামাখ্যং যজ্ঞমুদাহরতি কিঞ্চেতি। প্রাণায়ামপরায়ণাঃ সন্তো রেচকং পূরকঞ্চ কৃত্বা কুম্ভকং কুর্ব্বন্তীত্যাহ প্রাণেতি। প্রাণাপানয়োর্গতী শ্বাসপ্রশ্বাসৌ নিরুধ্য কিং কুর্ব্বন্তীত্যপেক্ষায়ামাহ কিঞ্চেতি। প্রাণাপানগতিনিরোধরূপং কুম্ভকং কৃত্বা পুনঃ পুনর্ব্বায়ুজয়ং কুর্ব্বন্তীত্যর্থঃ। আহারস্য পরিমিতত্বং হিতত্বমেধ্যত্বোপলক্ষণার্থম্। প্রাণানাং প্রাণেষু হোমমেব বিভজতে যস্যেতি। জিতেষু বায়ুভেদেষজিতানাং তেষাং হোমপ্রকারং প্রকটয়তি তে তত্রেতি ॥ ২৯ ॥

রামানুজ।—অপান ইতি। অপরে কর্ম্মযোগিনঃ প্রাণায়ামেষনুষ্ঠানং কুর্ব্বন্তি তে চ ত্রিবিধাঃ পূরক-রেচক-কুম্ভকভেদেন, অপানে জুহ্বতি প্রাণমিতি পূরকঃ প্রাণেঽপানমিতি রেচকঃ প্রাণাপানগতী রুদ্ধ্বা প্রাণান্ প্রাণেষু জুহ্বতীতি কুম্ভকঃ। প্রাণায়ামপরেষু ত্রিষপ্যনুষজ্যতে নিয়তাহারা ইতি ॥ ২৯ ॥

হনুমান্।—অপান ইতি। অপানে অপানবায়ৌ প্রাণং জুহ্বতি উপাসনয়া প্রাণহোমং সম্পাদয়ন্তীত্যর্থঃ, প্রাণবায়ৌ অপানং জুহ্বতি, যথাগ্নৌ ঘৃতাদিকং, তথা হোমং ধ্যানেন সম্পাদয়ন্তি। কথং ভূতাঃ সন্তঃ প্রাণশ্চাপানশ্চ তয়োর্গতী প্রাণাপানগতী রুদ্ধ্বা নিরুধ্য প্রাণায়ামপরায়ণাঃ প্রাণায়ামঃ পরময়নং স্থিতির্যেষাং তে প্রাণায়ামপরায়ণাঃ, অপরে যোগিনঃ নিয়তঃ সঙ্কুচিতঃ আহারো ভোজনং যেষাং যে নিয়তাহারা অনশনলক্ষণেন তপসি ব্যবস্থিতা ইত্যর্থঃ। প্রাণান্ প্রাণেষু জুহ্বতি প্রাণহোমং ধ্যানেন সম্পাদয়ন্তীত্যর্থঃ ॥ ২৯ ॥

শ্রীধর।—কিঞ্চ অপানে ইতি। অপানেঽধোবৃত্তৌ প্রাণমূর্দ্ধবৃত্তিং পূরকেণ জুহ্বতি পূরককালে প্রাণমপানেনৈকীকুর্ব্বন্তি, তথা কুম্ভকেন প্রাণাপানয়োরূর্দ্ধাধোগতী রুদ্ধ্বা

রেচককালেঽপানং প্রাণে জুহ্বতি, এবং পূরককুম্ভকরেচকৈঃ প্রাণায়ামপরায়ণা অপরে ইত্যর্থঃ। কিঞ্চ অপরে ইতি। অপরে ত্বাহারসঙ্কোচমভ্যস্যন্তঃ স্বয়মেব জীর্য্যমাণেম্বিন্দ্রিয়েষু তত্তদিন্দ্রিয়বৃত্তিলয়ং হোমং ভাবয়ন্তীত্যর্থঃ। যদ্বা অপানে জুহ্বতি প্রাণং প্রাণেঽপানং তথাপর ইত্যনেন পূরকরেচকয়োরাবর্ত্ত্যমানয়োর্হংসঃ সোঽহমিত্যনুলোমতঃ প্রতিলোমতশ্চাভিব্যজ্যমানেনাজপামন্ত্রেণ তত্ত্বম্পদার্থৈক্যং ব্যতীহারেণ ভাবয়ন্তীত্যর্থঃ। তদুক্তং যোগশাস্ত্রে, "সকারেণ বহির্যাতি হকারেণ বিশেৎ পুনঃ। প্রাণস্তত্র সএবাহমহং স ইতি [হংস ইত্যনুচিন্তয়েৎ] চিন্তয়েৎ "ইতি। প্রাণাপানগতী রুদ্ধেত্যনেন শ্লোকেন প্রাণায়ামযজ্ঞা অপরে কথ্যন্তে, তত্রায়মর্থঃ, "দ্বৌ ভাগৌ পূরয়েদন্নৈর্জলেনৈকং প্রপূরয়েৎ। মারুতস্য প্রচারার্থং চতুর্থমবশেষয়েৎ।" ইত্যেবমাদিবচনোক্তো নিয়ত আহারো যেষাং তে কুম্ভকেন প্রাণাপানগতী রুদ্ধা প্রাণসংযমনপরায়ণাঃ সন্তঃ প্রাণানিন্দ্রিয়াণি প্রাণেষু জুহ্বতি, কুম্ভকেন হি সর্ব্বে প্রাণা একীভবন্তি, তত্রৈব লীয়মানেম্বিন্দ্রিয়েষু হোমং ভাবয়ন্তীত্যর্থঃ। তদুক্তং যোগশাস্ত্রে "যথা যথা সদাভ্যাসান্মনসঃ স্থিরতা ভবেৎ। বায়ুবাক্কায়দৃষ্টীনাং স্থিরতা চ তথা তথা॥" ইতি॥ ২৯॥

বলদেব।—কিঞ্চাপানে ইতি। তথাপরে প্রাণায়ামপরায়ণাস্তে ত্রিধা অধোবৃত্তাবপানে প্রাণমূর্দ্ধবৃত্তিং জুহ্বতি। পূরকেণ প্রাণমপানেন সহৈকীকুর্ব্বন্তি। তথা প্রাণেঽপানং জুহ্বতি রেচকেনাপানং প্রাণেন সহৈকীকৃত্য বহির্নির্গময়ন্তি। যথা প্রাণাপানয়োর্গতী শ্বাসপ্রশ্বাসৌ কুম্ভকেন রুদ্ধা বর্ত্তন্ত ইতি। আন্তরস্য বায়োর্নাসাস্যেন বহির্নির্গমঃ শ্বাসঃ প্রাণস্য গতিঃ, বিনির্গতস্য তস্যান্তঃপ্রবেশঃ প্রশ্বাসঃ অপানস্য গতিঃ, তয়োর্নিরোধঃ কুম্ভকঃ। স দ্বিবিধঃ, বায়ুমাপূর্য্য শ্বাসপ্রশ্বাসয়োর্নিরোধোঽন্তঃকুম্ভকঃ, বায়ুং বিরেচ্য তয়োর্নিরোধো বহিঃকুম্ভকঃ, অপরে নিয়তাহারা ভোজনসঙ্কোচমভ্যসন্তঃ প্রাণান্ ইন্দ্রিয়াণি প্রাণেষু জুহ্বতি। তেম্বল্পাহারেণ জীর্য্যমাণেষু তদায়ত্তবৃত্তিকানি তানি বিষয়গ্রহণাক্ষমাণি তপ্তায়োনিষিক্তোদবিন্দুবৎ তেম্বেব বিলীয়ন্তে॥ ২৯॥

মধুসূদন।—প্রাণায়ামযজ্ঞমাহ অপান ইত্যাদি সার্দ্ধেন। অপানেঽপানবৃত্তৌ জুহ্বতি প্রক্ষিপন্তি, প্রাণং প্রাণবৃত্তিং বাহ্যবায়োঃ শরীরাভ্যন্তরপ্রবেশেন পূরকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ। প্রাণেঽপানং তথাপরে জুহ্বতি শরীরবায়োর্ব্বহির্নির্গমনেন রেচকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ। পূরকরেচককথনেন চ তদবিনাভূতো দ্বিবিধঃ কুম্ভকোঽপি কথিত এব, যথাশক্তি বায়ুমাপূর্য্যানন্তরং শ্বাসপ্রশ্বাসনিরোধঃ ক্রিয়মাণোঽন্তঃকুম্ভকঃ, যথাশক্তি সর্ব্বং বায়ুং বিরেচ্যানন্তরং ক্রিয়মাণো বহিঃকুম্ভকঃ, এতৎপ্রাণায়ামত্রয়ানুবাদপূর্ব্বকং চতুর্থং কুম্ভকমাহ প্রাণাপানগতী মুখনাসিকাভ্যামান্তরস্য বায়োর্বহির্নির্গমঃ শ্বাসঃ প্রাণস্য গতিঃ, বহির্নির্গতস্যান্তঃপ্রবেশঃ প্রশ্বাসোঽপানস্য গতিঃ, তত্র পূরকে প্রাণগতিনিরোধঃ, রেচকেঽপানগতিনিরোধঃ, কুম্ভকে তূভয়গতিনিরোধ ইতি ক্রমেণ যুগপচ্চ শ্বাসপ্রশ্বাসাখ্যে প্রাণপানাগতী রুদ্ধা প্রাণায়ামপরায়ণাঃ সন্তোঽপরে পূর্ব্ববিলক্ষণাঃ নিয়তাহারাঃ আহারনিয়মাদিযোগসাধন-

বিশিষ্টাঃ, প্রাণেষু বাহ্যাভ্যন্তরকুম্ভকাভ্যাসনিগৃহীতেষু প্রাণান্ জ্ঞানেন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়রূপান্ জুহ্বতি, চতুর্থকুম্ভকাভ্যাসেন বিলাপয়ন্তীত্যর্থঃ। তদেতৎ সর্ব্বং ভগবতা পতঞ্জলিনা সংক্ষেপবিস্তরাভ্যাং সূত্রিতং, তত্র সংক্ষেপসূত্রং "তস্মিন্ সতি শ্বাসপ্রশ্বাসয়োর্গতিবিচ্ছেদলক্ষণঃ প্রাণায়ামঃ" ইতি। তস্মিন্নাসনে স্থিরে সতি প্রাণায়ামোঽনুষ্ঠেয়ঃ, কীদৃশঃ শ্বাসপ্রশ্বাসয়োর্গতিবিচ্ছেদলক্ষণঃ, শ্বাসপ্রশ্বাসয়োঃ প্রাণাপানধর্ম্ময়োর্যা গতিঃ পুরুষপ্রযত্নমন্তরেণ স্বাভাবিকপ্রবহণং ক্রমেণ যুগপচ্চ পুরুষপ্রযত্নবিশেষণং তস্য বিচ্ছেদো নিরোধ এব লক্ষণং স্বরূপং যস্য স তথেতি। এতদেব বিবৃণোতি "বাহ্যাভ্যন্তরস্তম্ভবৃত্তির্দেশকালসঙ্খ্যাভিঃ পরিদৃষ্টো দীর্ঘসূক্ষ্মঃ" ইতি। বাহ্যগতিনিরোধরূপত্বাৎ বাহ্যবৃত্তিঃ পূরকঃ, আন্তরগতিনিরোধরূপত্বাদান্তরবৃত্তী রেচকঃ। কেচিত্তু বাহ্যশব্দেন রেচক আন্তরশব্দেন চ পূরকো ব্যাখ্যাতঃ, যুগপদুভয়গতিনিরোধঃ স্তম্ভস্তদ্বৃত্তিঃ কুম্ভকঃ। তদুক্তং, "যত্রোভয়োঃ শ্বাসপ্রশ্বাসয়োঃ সকৃদেব বিধারকাৎ প্রযত্নাদভাবো ভবতি ন পুনঃ পূর্ব্ববদাপূরণপ্রযত্নৌঘবিধারণং, নাপি রেচকপ্রযত্নৌঘবিধারণং, কিন্তু যথা তপ্তে উপলে নিহিতং জলং পরিশুষ্যৎ সর্ব্বতঃ সঙ্কোচমাপদ্যতে এবময়মপি মারুতো বহনশীলো বলবদ্বিধারকপ্রযত্নাবরুদ্ধক্রিয়ঃ শরীরএব সূক্ষ্মভূতোঽবতিষ্ঠতে, ন তু পূরয়তি যেন পূরকঃ ন তু রেচয়তি যেন রেচক ইতি ত্রিবিধোঽয়ং প্রাণায়ামো দেশেন কালেন সংখ্যয়া চ পরীক্ষিতো দীর্ঘসূক্ষ্মসংজ্ঞো ভবতি, যথা ঘনীভূতস্তূলপিণ্ডঃ প্রসার্য্যমাণো বিরলতয়া দীর্ঘঃ সূক্ষ্মশ্চ ভবতি,তথা প্রাণোঽপি দেশকালসঙ্খ্যাধিক্যেনাভ্যস্যমানো দীর্ঘো দুর্লক্ষতয়া সূক্ষ্মোঽপি সম্পদ্যতে। তথাহি হৃদয়ান্নির্গত্য নাসাগ্রসম্মুখে দ্বাদশাঙ্গুলপর্য্যন্তে দেশে শ্বাসঃ সমাপ্যতে, তত এব চ পরাবৃত্য হৃদয়পর্য্যন্তং প্রবিশতীতি স্বাভাবিকী প্রাণাপানয়োর্গতিঃ, অভ্যাসেন তু ক্রমেণ নাভেরাধারদ্বারা নির্গচ্ছতি নাসান্তশ্চতুর্ব্বিংশত্যঙ্গুলপর্য্যন্তে ষট্ত্রিংশদঙ্গুলপর্য্যন্তে বা দেশে সমাপ্যতে, এবং প্রবেশোঽপি তাবানবগন্তব্যঃ, তত্র বাহ্যদেশব্যাপ্তিনির্ব্বাতে দেশে ঈষীকাদিসূক্ষ্মতূলক্রিয়য়ানুমাতব্যা, আন্তরমপি পিপীলিকাস্পর্শসদৃশেন স্পর্শেনানুমাতব্যা, সেয়ং দেশপরীক্ষা, তথা নিমেষক্রিয়াবচ্ছিন্নস্য কালস্য চতুর্থো ভাগঃ ক্ষণস্তেষামিয়ত্তাবধারণীয়া, স্বজানুমণ্ডলং পাণিনা ত্রি পরামৃশ্য ছোটিকাবচ্ছিন্নঃ কালো মাত্রা তাভিঃ ষট্ত্রিংশন্মাত্রাভিঃ প্রথম উদ্ঘাতো মন্দঃ, সএব দ্বিগুণীকৃতো দ্বিতীয়ো মধ্যঃ, সএব ত্রিগুণীকৃতস্তৃতীয়স্তীব্র ইতি নাভিমূলাৎ প্রেরিতস্য বায়োর্ব্বিরিচ্যমানস্য শিরস্যভিহননমুদ্ঘাত ইত্যুচ্যতে, সেয়ং কালপরীক্ষা, সঙ্খ্যাপরীক্ষা চ প্রণবজপাবৃত্তিভেদেন বা, সঙ্খ্যাপরীক্ষা শ্বাসপ্রবেশগণনয়া বা, কালসঙ্খ্যয়োঃ কথঞ্চিদ্ভেদবিবক্ষয়া পৃথগুপন্যাসঃ। যদ্যপি কুম্ভকে দেশব্যাপ্তির্নাবগম্যতে তথাপি কালসঙ্খ্যাব্যাপ্তিরবগম্যত এব, স খল্বয়ং প্রত্যহমভ্যস্তো দিবসপক্ষমাসাদিক্রমেণ দেশকালপ্রচয়ব্যাপ্তিতয়া দীর্ঘঃ পরমনৈপুণ্যসমাধিগমনীয়তয়া চ সূক্ষ্ম ইতি নিরূপিতস্ত্রিবিধঃ প্রাণায়ামঃ।" চতুর্থং ফলভূতং সূত্রয়তি স্ম "বাহ্যাভ্যন্তরবিষয়াক্ষেপী চতুর্থঃ" ইতি. বাহ্যবিষয়ঃ শ্বাসো রেচকঃ অভ্যন্তরবিষয়ঃ প্রশ্বাসঃ পূরকঃ বৈপরীত্যং তাবুভাবপেক্ষ্য

সকৃদ্বলবদ্বিধারকপ্রযত্নবশাদ্ভবতি, বাহ্যাভ্যন্তরভেদেন দ্বিবিধস্তৃতীয় কুম্ভকঃ, তাবুভাবনপেক্ষ্যৈব কেবল কুম্ভকাভ্যাসপাটবেনাসকৃত্তত্তৎ প্রযত্নবশাদ্ভবতি চতুর্থঃ কুম্ভকঃ, তথাচ বাহ্যাভ্যন্তর-বিষয়াক্ষেপীতি তদনপেক্ষ ইত্যর্থঃ। অন্যা ব্যাখ্যা বাহ্যো বিষয়ো দ্বাদশান্তাদিরাভ্যন্তরো বিষয়ো হৃদয়নাভিচক্রাদিঃ, তৌ দ্বৌ বিষয়াবাক্ষিপ্য পর্য্যালোচ্য যঃ স্তম্ভরূপো গতিবিচ্ছেদঃ স চতুর্থঃ প্রাণায়াম ইতি। তৃতীয়স্তু বাহ্যাভ্যন্তরৌ বিষয়াবপর্য্যালোচ্যৈব সহসা ভবতি ইতি বিশেষঃ। এতাদৃশশ্চতুর্ব্বিধঃ প্রাণায়ামোঽপানে জুহ্বতি প্রাণমিত্যাদিনা সার্দ্ধেন শ্লোকেন দর্শিতঃ ॥ ২৯ ॥

নীলকণ্ঠ।—একাদশং যজ্ঞমাহ অপানে ইতি। অপরে অপানে অপানবৃত্তৌ জুহ্বতি প্রক্ষিপন্তি, প্রাণং প্রাণবৃত্তিং পূরকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ, তথা প্রাণে চ অপানং প্রক্ষিপন্তি রেচকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ, প্রাণাপানগতী রুদ্ধ্বা মুখনাসি-কাভ্যাং বায়োনির্গমনং প্রাণস্য গতিঃ, তদ্বিপর্য্যয়েণাধোগমনং অপানস্য গতিঃ, তে প্রাণাপানগতী, এতে রুদ্ধ্বা নিরুধ্য প্রাণায়ামপরায়ণাঃ প্রাণায়ামতৎপরাঃ কুম্ভকাখ্যং প্রাণা-য়ামং কুর্ব্বন্তীত্যর্থঃ। দ্বাদশং যজ্ঞমাহ অপর ইতি। নিয়তো নিগৃহীত আহারো বিষয়ভোগো-যৈস্তে নিয়তাহারাঃ বৈরাগ্যাদিমন্তঃ প্রাণান্ (অত্র সমনস্কানীন্দ্রিয়াণি প্রাণশব্দেন গৃহ্যন্তে দ্বিতীয়াস্তপ্রাণশব্দেন শ্রোত্রাদীনি বাগাদীনি চ গৃহ্যন্তে)। তান্ প্রাণান্ প্রাণেষু মনশ্চিত্তাহ-ঙ্কারেষন্তঃকরণবৃত্তিভেদেষু বুদ্ধেঃ প্রাক্ গৃহীতত্বাৎ অগ্রহণম্ জুহ্বতি প্রবিলাপয়ন্তি, ইন্দ্রিয়াণি সঙ্কল্পাত্মকে মনসি সংহৃত্য মনোঽপি স্মরণাত্মকে চিত্তে সংহৃত্য তদপি অহঙ্কারে সংহরন্তি, স চাভিমানরূপোঽহঙ্কারোঽভিমন্তব্যাভাবাৎ স্বয়মেব দগ্ধেন্ধনানলবদ্বিলীয়তে। তত্র যেষাং সমাধিবুদ্ধিরস্তি তে আভিমানিকাঃ বুদ্ধিযোগিভ্যঃ পূর্ব্বোক্তেভ্যো নিকৃষ্টাঃ, অত-এব এতান্ প্রকৃত্যোক্তং বায়বীয়ে, "সহস্রন্ত্বাভিমানিকাঃ" ইতি সহস্রং মন্বন্তরাণীত্যনুষঙ্গঃ। ভৌতিকস্তু যোগোঽত্র নোক্তঃ, যদনুষ্ঠাতৃন্ প্রকৃত্য তত্রৈবোক্তং, "ভৌতিকাস্তু শতং পূর্ণম্" ইতি, অত্রাপি শতং মন্বন্তরাণীত্যনুষঞ্জনীয়ম্ ॥ ২৯ ॥

বিশ্বনাথ।—অপান ইতি। অপরে প্রাণায়ামনিষ্ঠাঃ, অপানে অধোবৃত্তৌ প্রাণং উর্দ্ধবৃত্তং জুহ্বতি, পূরককালে প্রাণমপানেনৈকীকুর্ব্বন্তি, তথা রেচককালে অপানং প্রাণে জুহ্বতি, কুম্ভককালে প্রাণাপানয়োর্গতী রুদ্ধ্বা প্রাণায়ামপরায়ণা ভবন্তি। অপরে ইন্দ্রিয়জয়কামাঃ, নিয়তাহারাঃ অল্পাহারাঃ, প্রাণেষু আহারসঙ্কোচনেনৈব জীর্য্যমাণেষু প্রাণান্ ইন্দ্রিয়ানি জুহ্বতি, ইন্দ্রিয়াণাং প্রাণাধীনবৃত্তিত্বাৎ প্রাণদৌর্ব্বল্যে সতি স্বয়মেব স্বস্ববিষয়গ্রহণাসমর্থানীন্দ্রিয়াণি প্রাণেষ্বেব লীয়ন্ত ইত্যর্থঃ ॥ ২৯ ॥

তাৎপর্য্য।—শ্রীমৎ শ্রীধর স্বামীর অভিপ্রায়। কেহ কেহ অধোগামী অপান বায়ুতে উর্দ্ধগামী প্রাণবায়ুর পূরকদ্বারা হোম করেন; অর্থাৎ পূরককালে অপান ও প্রাণ উভয়কেই এক করেন। কেহ বা কুম্ভকদ্বারা

প্রাণ ও অপান বায়ুর ঊর্দ্ধ ও অধোগতি রোধ করিয়া, রেচককালে প্রাণ বায়ুতে অপান বায়ুর হোম করেন; অর্থাৎ কেহ কেহ এইরূপ পূরক, কুম্ভক ও রেচকদ্বারা প্রাণায়াম * তৎপর হন। কেহ কেহ আহার সংযম অভ্যাস করিয়া, স্বয়ং জীর্ণ ও শক্তিবিহীন ইন্দ্রিয়গণের তত্তৎ ইন্দ্রিয়বৃত্তি লয়রূপ হোমের ভাবনা করেন। অথবা অপানে প্রাণের হোম, এবং প্রাণে অপানের হোম, এতদনুসারে পূরক ও রেচকের আবর্ত্তনদ্বারা, অনুলোম ও বিলোমক্রমে, হংসরূপে প্রকাশমান অজপা মন্ত্রের জপ করেন। পূরককালে 'হং' এবং রেচককালে 'সঃ' এই মন্ত্র স্বতঃ নিঃসৃত হয়, তাহারই বিপরীত অর্থাৎ রেচককালে 'সঃ' এবং পূরককালে 'হং' হইলে "সোঽহং" হয়। এই মন্ত্র ইচ্ছাপূর্ব্বক জপ না করিলেও মনুষ্যের শ্বাসপ্রশ্বাসের দ্বারা স্বয়ং নিঃসৃত হয় বলিয়া, ইহার নাম অজপা মন্ত্র। এতদুপায়ে তত্ত্বমসি নামক মহাবাক্যস্থ তৎ ও ত্বম্পদার্থের অভেদ ভাব তাঁহারা ব্যতীহার দ্বারা ভাবনা করেন; অর্থাৎ একবার আমিই ব্রহ্ম ও আর একবার সেই ব্রহ্মই আমি ইত্যাকার চিন্তা করেন। যোগশাস্ত্রেও কথিত হইয়াছে যে, "সকারের দ্বারা বহির্গমন করে এবং হকারের দ্বারা পুনরাগমন করে।" প্রাণাপানের গতিরোধ দ্বারা প্রাণায়াম যজ্ঞ অনুষ্ঠিত হয়। "উদরের দুইভাগ অন্নদ্বারা পূর্ণ করিবে, একভাগ জলের দ্বারা পূরণ করিবে, এবং অবশিষ্ট একভাগ বায়ু সঞ্চারের নিমিত্ত পদার্থান্তরে অনধিকৃত রাখিবে।" ইত্যাদি বচনানুসারে

* প্রাণায়াম।—প্রাণায়াম স্বধর্ম্ম-নিষ্ঠ দ্বিজগণের সর্ব্বস্বধন ও সর্ব্বশাস্ত্রের সারস্বরূপ। প্রাণায়ামের প্রকৃত সাধন সদ্গুরুর নিকট হইতে শিখিতে হয়; তাহা লিখিয়া বুঝাইতে পারা যায় না। তথাপি উপনিষদ্ আদি শাস্ত্র, প্রাণায়ামের বিষয় যেরূপ বলিয়াছেন, তাহা যথাযথ নিম্নে লিখিত হইতেছে। প্রাণায়াম এই শব্দটির অর্থ পর্য্যালোচনা করিতে হইলে, প্রথমতঃ দেখা যায় যে, প্রাণ+আয়াম=প্রাণায়াম। প্রাণ শব্দের অর্থ বায়ুবিশেষ; আর আয়াম শব্দের অর্থ বিস্তৃতি। সেই প্রাণের যে আয়াম অর্থাৎ বিস্তৃতি করণ, (অর্থাৎ আনখাগ্র কেশ পর্য্যন্ত নিরোধ করণ) তাহারই নাম প্রাণায়াম। এই বিষয় একটু ভাল করিয়া বুঝিতে হইলে, পঞ্চপ্রাণ বা পঞ্চবিধ বায়ুর বিষয় অগ্রে জানা উচিত। প্রধানতঃ বায়ু পঞ্চবিধ; প্রাণ, অপান, সমান, ব্যান ও উদান। (মতান্তরে নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় নাম ভেদে আরও পাঁচটী বায়ু প্রসিদ্ধ আছে)। "প্রাণ আদ্যো হৃদিস্থানে অপানস্তু পুনর্গুদে। সমানো নাভিদেশে তু উদানঃ কণ্ঠমাশ্রিতঃ॥ ৩৪॥ ব্যানঃ সর্ব্বেষু চাঙ্গেষু সদা ব্যাবৃত্য তিষ্ঠতি॥ ৩৪॥ (অমৃতবিন্দু উপনিষৎ)। অন্যত্র চ। হৃদি প্রাণো গুদেঽপানঃ সমানো নাভিসংস্থিতঃ। উদানঃ কণ্ঠদেশে চ ব্যানঃ সর্ব্বশরীরগঃ॥ অন্নপ্রবেশনং মূত্রাদ্যুৎসর্গোঽন্নবিচালনম্। ভাষণাদিনিমেষাদি তদ্ব্যাপারাঃ

যাঁহারা পরিমিতাহার করেন, তাঁহারা কুম্ভকদ্বারা প্রাণ ও অপান বায়ুর গতিরোধ করিয়া প্রাণসংযম-পরায়ণ হইয়া থাকেন। অর্থাৎ ইন্দ্রিয়রূপ প্রাণসমূহকে প্রাণরূপ বায়ুসমূহে হোম করেন। কুম্ভকদ্বারা সকল প্রাণ একাকার হইয়া যায় এবং তাহাতেই ইন্দ্রিয়গণও লীয়মান হইয়া থাকে। এই ব্যাপারকেই তাঁহারা হোমরূপে ভাবনা করেন। যোগশাস্ত্রেও কথিত হইয়াছে, "সদাভ্যাস হেতু যেমন যেমন যোগী ব্যক্তির মনের স্থিরতা জন্মিবে, বায়ু, বাক্য, দেহ ও দৃষ্টিরও সেই সেইরূপ স্থিরতা হইবে।"

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। কর্ম্মযোগিগণ প্রাণায়ামের অনুষ্ঠান করিয়া থাকেন। প্রাণায়াম পূরক, রেচক ও কুম্ভকভেদে ত্রিবিধ। 'অপানে জুহ্বতি প্রাণম্' ইহাই পূরক, 'প্রাণে অপানম্' ইহাই রেচক, প্রাণাপানের গতিরোধ করিয়া প্রাণাপানের হোমই কুম্ভক।

শ্রীমন্মধুসূদন সরস্বতীর অভিপ্রায়। এক্ষণে সার্দ্ধ শ্লোক দ্বারা প্রাণায়াম যজ্ঞের বিবরণ কথিত হইতেছে। অপান বৃত্তিতে প্রাণবৃত্তির প্রক্ষেপ অর্থাৎ শরীরাভ্যন্তরে বাহ্যবায়ু প্রবেশ করাইলে পূরক নামক প্রাণায়াম হয়। প্রাণ বৃত্তিতে অপান বৃত্তির প্রক্ষেপ অর্থাৎ শরীর বায়ু নির্গমন করাইলে, রেচক নামক প্রাণায়াম হয়। আর শ্বাসপ্রশ্বাসের গতিনিরোধ করিয়া বায়ুর ধারণার নাম কুম্ভক। (শ্রীমৎ টীকাকার মহোদয় অতঃপর ভগবান্ পতঞ্জলিকৃত যোগশাস্ত্র হইতে প্রমাণাদি সমুদ্ধৃত করিয়া প্রাণায়ামতত্ত্ব বিস্তারিতরূপে আলোচনা করিয়াছেন। নিম্নে টিপ্পনী মধ্যে পাতঞ্জল দর্শনের সেই অংশ উদ্ধৃত ও যথেষ্টরূপে আলোচিত হইয়াছে। এজন্য এস্থলে পুনরুল্লেখ নিষ্প্রয়োজন) ॥ ২৯ ॥

ক্রমাদমী॥ (ভরতঃ)। অর্থাৎ হৃদিস্থিত বায়ুই প্রাণ : অন্নাদি ভোজন এই প্রাণ-বায়ু দ্বারাই সংসাধিত হয়। মূত্রপুরীষাদির উৎসর্গ-দ্বারে স্থিত বায়ুই অপান; মূত্রাদি ত্যাগই এই বায়ুর কার্য্য। নাভিদেশস্থিত বায়ুর নাম সমান; ভুক্ত অন্নাদির পরিপাক সাধন এই বায়ুর দ্বারাই হয়। উদান বায়ুর স্থান কণ্ঠদেশ; উৎক্রমণ (ঢেঁকুর তোলা), ভাষণ (কথা কওয়া) প্রভৃতি এই বায়ুর কার্য্য। ব্যান বায়ু সর্ব্বশরীরেই অবস্থিত; নিমেষ (চক্ষের পাতা পড়া) প্রভৃতি এই বায়ুরই কার্য্য। এই পঞ্চ বায়ুর মধ্যে প্রাণ ও অপান বায়ুই শ্রেষ্ঠ। যথা; "প্রাণোঽপানঃ সমানশ্চোদানো ব্যানশ্চ পঞ্চমঃ। নাগঃ কূর্ম্মশ্চ কৃকরো দেবদত্তো ধনঞ্জয়ঃ ॥ ৪ ॥ দশ নামানি মুখ্যানি ময়োক্তানীহ শাস্ত্রকে। কুর্ব্বন্তি তেঽত্র কার্য্যাণি প্রেরিতানি স্বকর্ম্মভিঃ ॥ ৫ ॥ অত্রাপি বায়বঃ পঞ্চ মুখ্যাঃ স্যুর্দ্দশতঃ পুনঃ। তত্রাপি শ্রেষ্ঠকর্ত্তারৌ প্রাণাপানৌ ময়ো-

সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষয়িতকল্মষাঃ।
যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি ব্রহ্ম সনাতনম্ ॥ ৩০ ॥
নায়ং লোকোঽস্ত্যযজ্ঞস্য কুতোঽন্যঃকুরুসত্তম ॥৩১॥

অন্বয় ।—এতে সর্ব্বে (পূর্ব্বোক্তপ্রকারাঃ) যজ্ঞবিদঃ (যজ্ঞজ্ঞাঃ) যজ্ঞক্ষয়িতকল্মষাঃ (যজ্ঞৈঃ ক্ষয়িতং নাশিতং কল্মষং পাপং যেষাং তে) যজ্ঞশিষ্টামৃতভুজঃ (যজ্ঞাবশেষরূপং অমৃতশব্দবাচ্যং অন্নং ভুঞ্জতে যে তে) সনাতনং (নিত্যং) ব্রহ্ম যান্তি (গচ্ছন্তি, প্রাপ্নুবন্তি) ॥ ৩০ ॥ কুরুসত্তম (কৌরবশ্রেষ্ঠ) অযজ্ঞস্য (উক্তানাং যজ্ঞানাং একোঽপি নাস্তি যস্য সঃ অযজ্ঞঃ তস্য) অয়ং লোকঃ (সামান্যসুখসাধনঃ মনুষ্যলোকঃ) ন অস্তি কুতঃ অন্যঃ (বহুসুখসাধনঃ পরলোকঃ ইতি ভাবঃ) ॥ ৩১ ॥

প্রতিশব্দ ।—এই সকল যজ্ঞজ্ঞাতা যজ্ঞ-বিনষ্ট-পাপ যজ্ঞাবশেষ-রূপ-অমৃতভোজী নিত্য ব্রহ্মকে প্রাপ্ত হন ॥ ৩০ ॥ কুরুকুলশ্রেষ্ঠ, যজ্ঞবিরহিতের এই লোক নাই কোথায় অপর ॥ ৩১ ॥

ব্যাখ্যা—যে সকল ব্যক্তি পূর্ব্বোক্তরূপ যজ্ঞানুষ্ঠান-তৎপর, যজ্ঞানুষ্ঠান-জনিত ক্ষয়িত-পাপ এবং অমৃতস্বরূপ যজ্ঞাবশেষ ভোজনরত, তাঁহারা নিত্যস্বরূপ ব্রহ্মকেই লাভ করেন। যাঁহারা কোন যজ্ঞেরই অনুষ্ঠান করেন না, তাঁহারা যৎসামান্য সুখবিধায়ক এই মনুষ্যলোক হইতেই পরিভ্রষ্ট, সুতরাং তাঁহাদের বহুসুখাত্মক পরলোক লাভের কোনই সম্ভাবনা নাই ॥ ৩০ ॥

দ্বিতৌ ॥ ৬ ॥ (শিবসংহিতা, তৃতীয় পটল)। মার্কণ্ডেয় ঋষির মতে, এই প্রাণ ও অপানের যে নিরোধ, তাহারই নাম প্রাণায়াম। যথা ; প্রাণাপাননিরোধস্তু প্রাণায়াম ইতি স্মৃতঃ" ॥ (মার্কণ্ডেয় পুরাণ)। গরুড়পুরাণেও অভিহিত আছে, প্রাণায়াম শব্দের অর্থ "মরুজ্জয়" অর্থাৎ বায়ুকে জয় করা। যথা ; "আসনং পদ্মকাদ্যুক্তং প্রাণায়ামো মরুজ্জয়ঃ ॥" (গরুড় পুরাণ, চতুর্থ অধ্যায়)। বিষ্ণুপুরাণে অভিহিত আছে যে, "অভ্যাস দ্বারা প্রাণবায়ুকে যে বশীভূত করা, তাহার নাম প্রাণায়াম।" যথা ; প্রাণাখ্যমনিলং বশ্যমভ্যাসাৎ কুরুতে তু যৎ। প্রাণায়ামঃ স বিজ্ঞেয়ঃ * * * (বিষ্ণুপুরাণ, ৬ অংশ, ৭ অধ্যায়)। এইরূপে সর্ব্বত্র দেখিতে পাওয়া যায় যে, বাক্য ভিন্ন ভিন্ন হইলেও, অর্থতঃ প্রাণায়াম বলিতে, বায়ু-নিরোধ বা বায়ু-জয়কে বুঝায়। এখন দেখা যাউক যে, প্রাণকে নিরোধ বা জয় করিবার প্রয়োজন

শঙ্করাচার্য্য।—সর্ব্বে ইতি। সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞক্ষয়িতকল্মষাঃ যজ্ঞৈর্যথোক্তৈঃ ক্ষয়িতো নাশিতো কল্মষো যেষাং তে যজ্ঞক্ষয়িতকল্মষাঃ, এবং যথোক্তান্ যজ্ঞান্ নির্ব্বর্ত্ত্য যজ্ঞশিষ্টামৃতভুজো যজ্ঞানাং শিষ্টং যজ্ঞশিষ্টং যজ্ঞশিষ্টঞ্চ তদমৃতঞ্চ যজ্ঞশিষ্টামৃতং তৎ ভুঞ্জত ইতি যজ্ঞশিষ্টামৃতভুজো যথোক্তান্ যজ্ঞান্ কৃত্বা তচ্ছিষ্টেন কালেন যথা বিধিচোদিতমন্নমমৃতাখ্যং ভুঞ্জত ইতি যজ্ঞশিষ্টামৃতভুজো যান্তি গচ্ছন্তি ব্রহ্ম সনাতনং চিরন্তনম্, মুমুক্ষবশ্চেৎ কালাতিক্রমাপেক্ষয়েতি শব্দসামর্থ্যাৎ গম্যতে। নায়মিতি। নায়ং লোকঃ সর্ব্বপ্রাণিসাধারণোঽপ্যস্তি, যথোক্তানাং যজ্ঞানামেকোঽপি যজ্ঞো যস্য নাস্তি সোঽযজ্ঞস্তস্য কুতোঽন্যো বিশিষ্টসাধনসাধ্যঃ কুরুসত্তম! ॥ ৩০ ॥ ৩১ ॥

আনন্দগিরি।—প্রকৃতান্ যজ্ঞানুপসংহরতি সর্ব্বেঽপীতি। যথোক্তযজ্ঞনির্ব্বর্ত্তনানন্তরং ক্ষীণে কল্মষে কিং স্যাদিত্যাশঙ্ক্যাহ এবমিতি। যথোক্তানাং যজ্ঞানাং মধ্যে কেনচিদপি যজ্ঞেনাবিশেষিতস্য পুরুষস্য প্রত্যবায়ং দর্শয়তি নায়মিতি পাদান্তরেণ। কথং যথোক্তযজ্ঞানুষ্ঠায়িনামবশিষ্টেন কালেন বিহিতান্নভুজাং ব্রহ্মপ্রাপ্তিরিত্যাশঙ্ক্য মুমুক্ষুত্বে সতি চিত্তশুদ্ধিদ্বারেত্যাহ মুমুক্ষবশ্চেদিতি। তৎ কিমিদানীং সাক্ষাদেব মোক্ষো বিবক্ষিতঃ, তথা চ গতিশ্রুতিবিরোধঃ স্যাদিত্যাশঙ্ক্য গতিনির্দ্দেশসামর্থ্যাৎ ক্রমমুক্তিরত্রাভিপ্রেতেত্যাহ কালাতীতি। তৃতীয়ং পাদং ব্যাচষ্টে নায়মিতি। বিবক্ষিতং কৈমুতিকন্যায়মাহ কুত ইতি। সাধারণলোকাভাবে পুনরসাধারণলোকপ্রাপ্তির্দূরনিরস্তেত্যর্থঃ। যথোক্তেঽর্থে বুদ্ধিসমাধানং কুরুকুলপ্রধানস্যার্জ্জুনস্য অনায়াসলভ্যমিতি বক্তুং কুরুসত্তমেত্যুক্তম্ ॥৩০॥৩১॥

রামানুজ।—সর্ব্বে ইতি। দ্রব্যযজ্ঞপ্রভৃতিপ্রাণায়ামপর্য্যন্তেষু কর্ম্মযোগভেদেষু স্বসমীহিতেষু প্রবৃত্তা এতে সর্ব্বে "সহযজ্ঞৈঃ প্রজাঃ সৃষ্ট্বা:" ইত্যভিহিতমহাযজ্ঞপূর্ব্বকনিত্যনৈমিত্তিককর্ম্মরূপযজ্ঞবিদস্তন্নিষ্ঠাস্ততএব ক্ষয়িতকল্মষাঃ। যজ্ঞশিষ্টামৃতেন শরীরধারণং কুর্ব্বন্ত এব কর্ম্মযোগে ব্যাপৃতাঃ সনাতনং ব্রহ্ম যান্তি। নায়মিতি। অযজ্ঞস্য মহাযজ্ঞাদিপূর্ব্বকনিত্যনৈমিত্তিককর্ম্মরহিতস্য নায়ং লোকঃ ন [প্রাকৃতলোকঃ প্রকৃতলোকসম্বন্ধিধর্ম্মাধর্ম্মার্থকামাখ্যঃ পুরুষার্থঃ স ন সিধ্যতি] প্রাকৃতলোকসম্বন্ধী প্রাকৃতেষ্বস্তি যো ধর্ম্মার্থকামাখ্যঃ পুরুষার্থঃ সন্ বিদ্যতে, কুত ইতোঽন্যো মোক্ষাখ্যঃ পুরুষার্থঃ পরমপুরুষার্থতয়া মোক্ষস্য প্রস্তুতত্বাদিতরপুরুষার্থোঽয়ং লোক ইতি নির্দ্দিশ্যতে স হি প্রাকৃতঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

কি, আর উদ্দেশ্যই বা কি। এরূপ প্রশ্নের উত্তরে যোগশাস্ত্র বলেন যে, "বায়ু চঞ্চল থাকিলে চিত্তও চঞ্চল থাকে, বায়ু নিশ্চল হইলে চিত্তও নিশ্চল হয়। যাঁহার চিত্ত এইরূপ নিশ্চল হয়, তিনি দীর্ঘ-জীবন ও ঈশিত্বাদি সিদ্ধি লাভ করেন; সুতরাং সকলেরই অভ্যাস দ্বারা বায়ু-নিরোধ করা অবশ্য কর্ত্তব্য। আরও বলিয়াছেন যে, প্রাণ-বায়ু যতক্ষণ দেহে অবস্থিতি করে, ততক্ষণেরই নাম জীবন। আর সেই প্রাণ-বায়ুর নিষ্ক্রমণের নামই মরণ; সুতরাং সেই প্রাণ-বায়ুকে নিরোধ করা কর্ত্তব্য।" যথা; 'চলে বাতে চলং চিত্তং নিশ্চলে নিশ্চলং ভবেৎ। যোগী স্থাণুত্বমাপ্নোতি ততো বায়ুং নিরোধয়েৎ ॥ ২॥

হনুমান্।—সর্ব্বে ইতি। সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদঃ যজ্ঞোপাসকাঃ, যজ্ঞস্য শিষ্টং যজ্ঞশিষ্টমেবামৃতং "যজ্ঞশিষ্টং তথামৃতম্" ইতিশ্রূয়তে। অতো যজ্ঞবিদো যজ্ঞোপরিশাস্তাঃ সন্তঃ শরীরযাত্রার্থে যদ্ভুঞ্জতে তৎযজ্ঞশিষ্টামৃতভুঞ্জানা ইত্যর্থঃ। যান্তি গচ্ছন্তি ব্রহ্ম সনাতনং নিত্যম্, অযজ্ঞস্য পুংসঃ অয়মপি লোকো নাস্তি বিশিষ্টযজ্ঞাবমানত্বাৎ, কুতোঽন্যঃ পর-লোকোঽনেকসাধনসাধ্যযজ্ঞাদিসাধ্যত্বাৎ, যজ্ঞঃ প্রযত্নতঃ কার্য্য ইত্যর্থঃ ॥৩০॥৩১॥

শ্রীধর।—তদেবমুক্তানাং দ্বাদশানাং যজ্ঞবিদাং ফলমাহ সর্ব্বেঽপ্যেতে ইতি। যজ্ঞান্ বিন্দতি লভন্ত ইতি যজ্ঞবিদো যজ্ঞজ্ঞা ইতি বা যজ্ঞৈঃ ক্ষয়িতং নাশিতং কল্মষং যৈঃ যজ্ঞান্ কৃত্বাবশিষ্টকালেঽনিষিদ্ধমন্নমমৃতরূপং ভুঞ্জত ইতি, তথা যে সনাতনং নিত্যং ব্রহ্ম জ্ঞানদ্বারেণ প্রাপ্নুবন্তি। তদকরণে দোষমাহ নায়মিতি। অয়মল্পসুখোঽপি মনুষ্য-লোকোঽযজ্ঞস্য যজ্ঞানুষ্ঠানরহিতস্য নাস্তি কুতোঽন্যো বহুসুখঃ পরলোকঃ, অতো যজ্ঞাঃ সর্ব্বথা কর্ত্তব্যা ইত্যর্থঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

বলদেব।—এতে খল্বিন্দ্রিয়বিজয়কামাঃ সর্ব্বেঽপীতি। যজ্ঞবিদঃ পূর্ব্বোক্তান্ দৈবাদি-যজ্ঞান্ বিন্দমানা তৈরেব যজ্ঞৈঃ ক্ষয়িতকল্মষাঃ। অনন্তুসংহিতং ফলমাহ যজ্ঞশিষ্টেতি। যজ্ঞশিষ্টং যদমৃতমন্নাদি ভোগৈশ্বর্য্যসিদ্ধ্যাদি চ তদ্ভুঞ্জানাঃ। অনুসংহিতং ফলমাহ যান্তীতি। তৎসাধ্যেন জ্ঞানেন ব্রহ্মেতি প্রাপ্নুৎ। তদকরণে দোষমাহ নায়মিতি। অযজ্ঞস্যোক্তযজ্ঞা-ননুষ্ঠাতুরয়ং প্রাকৃতো লোকস্তত্রত্যাস্ত্রিবর্গো নাস্তি, অন্যো মোক্ষলভ্যো লোকঃ কুতঃ স্যাৎ ॥ ৩০ ॥ ৩১ ॥

মধুসূদন।—তদেবমুক্তানাং দ্বাদশধা যজ্ঞবিদাং ফলমাহ সর্ব্বে ইতি। যজ্ঞান্ বিদন্তি জানন্তি বিন্দন্তি লভন্তে বেতি যজ্ঞবিদো যজ্ঞানাং জ্ঞাতারঃ কর্ত্তারশ্চ, যজ্ঞৈঃ পূর্ব্বোক্তৈঃ ক্ষয়িতং নাশিতং কল্মষং যেষাং তে যজ্ঞক্ষয়িতকল্মষাঃ যজ্ঞান্ কৃত্বাবশিষ্টকালেঽ-ন্নমমৃতশব্দবাচ্যং ভুঞ্জত ইতি যজ্ঞশিষ্টামৃতভুজঃ তে সর্ব্বেঽপি সত্ত্বশুদ্ধিজ্ঞানপ্রাপ্তিদ্বারেণ যান্তি

যাবদ্বায়ুঃ স্থিতো দেহে তাবজ্জীবনমুচ্যতে। মরণং তস্য নিষ্ক্রান্তিস্ততো বায়ুং নিরোধয়েৎ ॥ ৩ ॥ (হঠযোগ-প্রদীপিকা—দ্বিতীয় উপদেশ)। গোরক্ষসংহিতায় অভিহিত আছে যে, প্রাণায়াম-পরায়ণ ব্যক্তি অল্পকাল-মধ্যেই প্রকৃত জ্ঞান লাভ করেন। যথা; "অল্পকালে ভবেৎ প্রাজ্ঞঃ প্রাণায়ামপরায়ণঃ॥" ২৩২ ॥ (গোরক্ষ-সংহিতা, প্রথমাংশ) ঘেরণ্ডসংহিতাগ্রন্থের ৫ম উপদেশ ৫৬ শ্লোকে প্রাণায়ামের অশেষবিধ খেচরত্বাদি গুণ বর্ণিত আছে। ফলতঃ প্রাণায়াম বা অনিল জয় দ্বারা সর্ব্ববিধ সিদ্ধিই লাভ করিতে পারা যায়। আর এক কথা, ঘেরণ্ডসংহিতায় অভিহিত আছে যে, "হংকারেণ বহির্যাতি সকারেণ বিশেৎ পুনঃ। ষট্-শতানি দিবারাত্রৌ সহস্রাণ্যেব বিংশতিঃ। অজপানাম গায়ত্রীং জীবো জপতি সর্ব্বদা ॥ ৮৩ ॥ মূলাধারে যথা হংসস্তথা হি হৃদিপঙ্কজে। তথা নাসাপুটদ্বন্দ্বে ত্রিবিধং সঙ্গমাগমম্ ॥ ৮৪ ॥ ষন্নবত্যঙ্গুলীমানং শরীরং কর্ম্মরূপকম্। দেহাদ্বহির্গতো বায়ুঃ স্বভাবো দ্বাদশাঙ্গুলিঃ ॥ ৮৫ ॥ শয়নে ষোড়শাঙ্গুল্যো ভোজনে বিংশতিস্তথা। চতুর্ব্বিংশাঙ্গুলীঃ পান্থঃ নিদ্রায়াং ত্রিংশদঙ্গুলিঃ। মৈথুনে ষট্ত্রিংশদুক্তং ব্যায়ামে চ ততোঽধিকম্ ॥ ৮৬ ॥ স্বভাবেঽস্য গতে ন্যূনে পরমায়ুঃ প্রবর্দ্ধতে। আয়ুক্ষয়েঽধিকে প্রোক্তো মারুতে চান্তরাদ্-

ব্রহ্ম সনাতনং নিত্যং সংসারান্মুচ্যন্ত ইত্যর্থঃ। এবমন্বয়ে গুণমুক্ত্বা ব্যতিরেকে দোষমাহ নায়মিত্যর্দ্ধেন। উক্তানাং যজ্ঞানাং মধ্যেঽন্যতমোঽপি যজ্ঞো যস্য নাস্তি সোঽযজ্ঞস্তস্য অয়মল্পসুখো মনুষ্যলোকো নাস্তি সর্ব্বনিন্দ্যত্বাৎ, কুতোঽন্যো বিশিষ্টসাধনসাধ্যঃ পরলোকঃ হে কুরুসত্তম! ॥ ৩০ ॥ ৩১ ॥

নীলকণ্ঠ।—সর্ব্বে ইতি। সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদো যজ্ঞলব্ধারো যজ্ঞেন ক্ষয়িতং কল্মষং যেষাং তে তথাবিধা ভবন্তি, সর্ব্বে যজ্ঞাঃ কল্মষক্ষয়ায়ৈব ভবন্তি ন পুনঃ সাক্ষান্মোক্ষায়েত্যর্থঃ। সর্ব্বেষামেতেষাং মধ্যেঽন্যতমমপ্যনুষ্ঠাতুমশক্তং প্রতি প্রাহ যজ্ঞেতি। যজ্ঞাঃ পঞ্চ মহাযজ্ঞাঃ তেভ্যঃ শিষ্টমবশিষ্টমন্নমমৃতাখ্যং যে ভুঞ্জতে তেঽপি চিত্তশুদ্ধিদ্বারা সনাতনং ব্রহ্ম যান্তি প্রাপ্নুবন্তি, অযজ্ঞস্য পূর্ব্বোক্তেষু দ্বাদশস্বন্যতমো বা নিত্যাঃ পঞ্চ বা যস্য যজ্ঞা ন সন্তি স অযজ্ঞঃ, তস্য অয়মপি লোকো নাস্তি পরলোকঃ আত্মলোকো বা কুতো ভবেন্ন কুতশ্চিদিত্যর্থঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

বিশ্বনাথ।—বিষয়গ্রহণাদ্যজ্ঞবিদাং ফলমাহ সর্ব্বে ইতি। সর্ব্বেঽপ্যেতে যজ্ঞবিদঃ উক্তলক্ষণান্ যজ্ঞান্ বিন্দমানাঃ সন্তঃ জ্ঞানদ্বারা ব্রহ্ম যান্তি। অত্রানন্বসংহিতং ফলমাহ যজ্ঞশিষ্টং যজ্ঞাবশিষ্টং যদমৃতং ভোগৈশ্বর্য্যসিদ্ধ্যাদিকং তদ্ভুঞ্জীতেতি। তথা অন্বসংহিতং ফলমাহ ব্রহ্ম যান্তীতি। তদকরণে প্রত্যবায়মাহ নায়মিতি। অয়মল্পসুখো মনুষ্যলোকোঽপি নাস্তি কুতোঽন্যো দেবাদিলোকস্তেন প্রাপ্তব্য ইত্যর্থঃ ॥ ৩০ ॥ ৩১ ॥

তাৎপর্য্য।—পূর্ব্বে ক্রমান্বয়ে দ্বাদশ প্রকার যজ্ঞের বৃত্তান্ত বিবৃত হইয়াছে; এক্ষণে তাহার ফল বর্ণিত হইতেছে। যাঁহারা যজ্ঞের মহিমা জ্ঞাত হইয়া যজ্ঞানুষ্ঠান-তৎপর হইয়াছেন, যজ্ঞানুষ্ঠান হেতু যাঁহাদের পাপ-সমূহ বিদূরিত হইয়াছে এবং যাঁহারা যজ্ঞানুষ্ঠান করিয়া অবশিষ্ট কালে অমৃত-রূপ অনিষিদ্ধ অন্নভোজন করেন, তাঁহারা সকলেই সত্ত্বশুদ্ধিজনিত জ্ঞানলাভ দ্বারা সংসারবন্ধন বিনির্ম্মুক্ত হন এবং চরমে সেই সনাতন পরম পুরুষ ব্রহ্মকে লাভ করেন। এইরূপে অন্বয়ে যজ্ঞপরায়ণগণের শুভ কীর্ত্তন করিয়া

গতে। ৮৭। তস্মাৎ প্রাণে স্থিতে দেশে মরণং নৈব জায়তে ॥ ৭৮। (ঘেরণ্ডসংহিতা, পঞ্চম উপদেশ) ইহার স্থূলার্থ, মনুষ্য দিবারাত্র একুশ হাজার ছয় শত বার হংসমন্ত্র বা অজপা গায়ত্রী জপ করিয়া থাকে। বায়ুর বহির্গমন (শ্বাস) কালে "হং" এই শব্দ এবং অভ্যন্তরে প্রবেশ (প্রশ্বাস) কালে "সঃ" এই শব্দ সমুচ্চারিত হয়। এই "হংস" মূলাধার ও হৃদয়মধ্যস্থিত অনাহত চক্রে ও নাসারন্ধ্রদ্বয়ে গমনাগমন করে। স্বভাবতঃ এই বায়ু শ্বাসকালে নাসাগ্রভাগ হইতে দ্বাদশ অঙ্গুলি দূরে গমন করে। মৈথুনাদি কর্ম্মে উক্ত বায়ু দ্বাদশ অঙ্গুলি পরিমিত স্থান হইতে দূরতর প্রদেশে গমন করে। বায়ু যত দূরে গমন করে, আয়ুও সেই পরিমাণে ক্ষীণ হইয়া থাকে। আর অভ্যাস দ্বারা বায়ুর স্বাভাবিক গতির (দ্বাদশাঙ্গুলি পরিমিত স্থান পর্য্যন্ত গমনের) মাত্রা হ্রাস করিয়া দিলে, পরমায়ু প্রবর্দ্ধিত হয়। এইরূপ

এক্ষণে ব্যতিরেকে তদ্বিরহিত ব্যক্তিগণের দোষ সংঘোষিত করিতেছেন। উল্লিখিত যজ্ঞসমূহের মধ্যে কোন যজ্ঞই যাহার দ্বারা অনুষ্ঠিত হয় না, হে কৌরবশ্রেষ্ঠ! সেই সর্ব্বত্র নিন্দাভাজন অধমব্যক্তি এই অকিঞ্চিৎকর সুখসম্পদপূর্ণ মনুষ্যলোকেই বঞ্চিত। এই নরলোকে যজ্ঞ ভিন্ন আর কিছুই নাই। এতাদৃশ যজ্ঞ যাহার পক্ষে নাই, তাহার পক্ষে এ লোকও নাই। এইরূপ সুখস্বরূপ যজ্ঞ বিমুখ হইয়া, এই নরলোকেই যে ব্যক্তি বঞ্চিত হয়, বিশিষ্ট সাধন-সাধ্য পরলোকপ্রাপ্তির আশা তাহার আর কোথায় আছে? অতএব এই নরলোকে মনুষ্যরূপে আবির্ভূত হইয়া যজ্ঞানুষ্ঠান করা সকলের পক্ষেই নিতান্ত আবশ্যক। "কুরুসত্তম" এই সম্বোধন দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, উল্লিখিত বিষয়ে বুদ্ধি সমাধানপূর্ব্বক তদনুরূপ কার্য্য সম্পাদন করা কুরু-কুল-প্রধান অর্জ্জুনের পক্ষে কখনই কঠিন নহে ॥ ৩০ ॥ ৩১ ॥

এবং বহুবিধা যজ্ঞা বিততা ব্রহ্মণো মুখে।
কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বানেবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥৩২॥

অন্বয়।—ব্রহ্মণঃ (বেদস্য) মুখে (দ্বারে) এবং (পূর্ব্বোক্তাঃ) বহুবিধাঃ যজ্ঞাঃ বিততাঃ (বিস্তৃতরূপেণ বিহিতাঃ) তান্ সর্ব্বান্ (যজ্ঞান্) কর্ম্মজান্ (কায়িকবাচিকমানসকর্ম্মজনিতান্) বিদ্ধি (জানীহি) এবং (ইত্যাকাররূপং) জ্ঞাত্বা বিমোক্ষ্যসে (সংসারবন্ধনাৎ বিমুক্তো ভবিষ্যসি) ॥ ৩২ ॥

প্রতিশব্দ।—বেদের মুখে পূর্ব্বোক্তরূপ অনেক প্রকার যজ্ঞ বিহিত হইয়াছে, সে সকল কর্ম্মজনিত জানিবে; এইরূপ জানিয়া মুক্ত হইবে ॥ ৩২ ॥

বায়ুর স্বাভাবিক গতিরোধের নামই প্রাণরোধ বা প্রাণায়াম। এই প্রাণায়াম সাধন দ্বারা প্রাণ-বায়ু দেহেই থাকিয়া যায়; সুতরাং প্রাণায়াম সাধকের দেহ মৃত্যুমুখে নিপতিত হয় না। শ্রীমদ্ভাগবত শাস্ত্রেও কথিত আছে যে, "যিনি শ্বাস অর্থাৎ বহির্গমনশীল বায়ুকে জয় করিয়াছেন, এবম্ভূত যোগী অচিরে সিদ্ধি লাভ করেন।" যথা; "জিতেন্দ্রিয়স্য যুক্তস্য জিতশ্বাসস্য যোগিনঃ। ময়ি ধারয়তশ্চেতঃ উপতিষ্ঠন্তি সিদ্ধয়ঃ॥" এইরূপে সর্ব্ববিধ শাস্ত্রেই প্রাণায়ামের উপকারিতাবিষয়ক ভূরি ভূরি প্রমাণ পাওয়া যায়। এখন দেখা যাউক

☞৩০ শ্লোক পাঠান্তর।—যজ্ঞক্ষপিত কল্মষাঃ।

ব্যাখ্যা।—পূর্ব্বোক্তরূপ বহুবিধ যজ্ঞের বৃত্তান্ত ব্রহ্মরূপী বেদ দ্বারা বিস্তৃতরূপে বিধিবদ্ধ হইয়াছে; তৎসমস্তই বাঙ্মনঃকায়-কর্ম্ম-জনিত। যজ্ঞ-সমূহের এতাদৃশ স্বরূপ পরিজ্ঞান-হেতু জ্ঞান-নিষ্ঠ হইলে সংসার-বন্ধন হইতে বিনির্ম্মুক্ত হইতে পারিবে ॥ ৩২ ॥

শঙ্করাচার্য্য।—এবমিতি। এবং যথোক্তা বহুবিধা বহুপ্রকারা যজ্ঞা বিততা বিস্তীর্ণা ব্রহ্মণো বেদস্য মুখে দ্বারে বেদদ্বারেণাবগম্যমানাঃ ব্রহ্মণো মুখে বিততা উচ্যন্তে, তদ্যথা "বাচি হি প্রাণং জুহুমঃ" ইত্যাদয়ঃ কর্ম্মজান্ কায়িকবাচিকমানসকর্ম্মোদ্ভবান্ বিদ্ধি তান্ সর্ব্বাননাত্মজান্ নির্ব্যাপারো হ্যাত্মা অতএবং জ্ঞাত্বা মোক্ষ্যসেঽশুভাৎ ন মদ্ব্যাপারা ইমে নির্ব্যাপারোঽহমুদাসীন ইত্যেবং জ্ঞাত্বাস্মাৎ সম্যগ্দর্শনাৎ মোক্ষ্যসে সংসারবন্ধনাদিত্যর্থ ॥ ৩২ ॥

আনন্দগিরি।—উক্তানাং যজ্ঞানাং বেদমূলত্বেনোৎপ্রেক্ষানিবন্ধনত্বং নিরস্যতি এবমিতি। আত্মব্যাপারসাধ্যত্বমুক্তকর্ম্মণামাশঙ্ক্য দূষয়তি কর্ম্মজানিতি। আত্মনো নির্ব্যাপারত্বজ্ঞানে ফলমাহ এবমিতি। কথং যথোক্তানাং যজ্ঞানাং বেদস্য মুখে বিস্তীর্ণত্বমিত্যাশঙ্ক্যাহ বেদদ্বারেণেতি। আত্মনোঽবগম্যমানত্বমেবোদাহরতি তদ্যথেতি। "এতদ্ধস্ম বৈ তৎপূর্ব্বে বিদ্বাংস আহুঃ" ইত্যুপক্রম্যাধ্যয়নাদ্যাক্ষিপ্য হেত্বাকাঙ্ক্ষায়ামুক্তং বাচি হীতি। জ্ঞানশক্তিমদ্বিষয়ে ক্রিয়াশক্তিমদুপসংহারোঽত্র বিবক্ষিতঃ, "প্রাণে বা বাচং যো হ্যেব প্রভবঃ সএবাপ্যয়ঃ" ইতি বাক্যমাদিশব্দার্থঃ, জ্ঞানশক্তিমতাং ক্রিয়াশক্তিমতাং বাগ্যোন্যোৎপত্তিপ্রলয়ত্বাৎ তদভাবেনাধ্যয়নাসিদ্ধিরিত্যর্থঃ। কর্ম্মণামাত্মব্যাপারজন্যত্বাভাবে হেতুমাহ নির্ব্যাপারো হীতি। তস্য চ নির্ব্যাপারত্বং ফলবত্ত্বাজ্জ্ঞাতব্যমিত্যাহ অত ইতি। এবং জ্ঞানমেব জ্ঞাপয়ন্ উক্তং ব্যনক্তি নেত্যাদিনা ॥ ৩২ ॥

রামানুজ।—এবমিতি। এবং হি বহুপ্রকারাঃ কর্ম্মযোগাঃ ব্রহ্মণো মুখে বিততা আত্মযাথাত্ম্যাবাপ্তিসাধনতয়া স্থিতাস্তানুক্তলক্ষণানুক্তভেদান্ কর্ম্মযোগান্ সর্ব্বান্ কর্ম্মজান্ বিদ্ধি অহরহরনুষ্ঠীয়মাননিত্যনৈমিত্তিককর্ম্মসক্তান্ বিদ্ধি, এবং জ্ঞাত্বা যথোক্ত প্রকারেণানুষ্ঠায় বিমোক্ষ্যসে ॥ ৩২ ॥

বৃত্তি। শুক্তি দর্শনে রজতরূপ মিথ্যাজ্ঞান জন্মে; কিন্তু সেই ভ্রান্তি অপগত হইবামাত্র, পূর্ব্বের মিথ্যা-জ্ঞান বিদূরিত হইয়া যায়; তাহা স্থায়ীরূপে প্রতিষ্ঠিত থাকে না বলিয়াই তাহার নাম বিপর্য্যয়। "শব্দজ্ঞানানুপাতী বস্তুশূন্যো-বিকল্পঃ।" (পাতঞ্জল, সমাধিপাদ, ৯ সূত্র)। বস্তু না থাকিলেও কেবল শব্দ দ্বারা তৎসম্বন্ধে যে জ্ঞান তাহাই বিকল্প বৃত্তি। যেমন, বন্ধ্যাপুত্র। বস্তুতঃ বন্ধ্যার পুত্র ও তাহার অস্তিত্ব অসম্ভব হইলেও, কেবল বন্ধ্যার পুত্র এই শব্দমাত্র শ্রবণে মনের একটী বিশেষ ভাব হয়। পুরুষ অর্থাৎ আত্মার চৈতন্য বলিলে দুইটি পদার্থের উপলব্ধি হয়, কিন্তু আত্মা ও চৈতন্য একই পদার্থ। এইরূপ কল্পনা-সম্ভূত মিথ্যা-জ্ঞানকে বিকল্প বলে। "অভাবপ্রত্যয়া-লম্বনাবৃত্তির্নিদ্রা।" (পাতঞ্জল দর্শন, সমাধিপাদ, ১০ সূত্র)। অভাবকে অবলম্বন করিয়া যে বৃত্তি থাকে, তাহাই নিদ্রা। নিদ্রাকালে সমস্ত মনোবৃত্তির অভাব হইলেও, অভাবকে আশ্রয় করিয়া একটি জ্ঞান বর্ত্তমান থাকে। লোকে বলে "আমি অনেকক্ষণ সুখে নিদ্রিত ছিলাম।" কোনরূপ জ্ঞান না থাকিলে ইহার কোন কথাই সার্থক হয় না। নিদ্রাকালের ইত্যাকারা স্মৃতি জাগরূক থাকে বলিয়াই নিদ্রাও একটী চিত্তবৃত্তিরূপে পরিগণিত। "অনুভূতবিষয়সম্প্রমোষঃ স্মৃতিঃ।" (পাতঞ্জল, সমাধিপাদ, ১১ সূত্র)। বস্তু সম্বন্ধে স্থির জ্ঞান জন্মিলে, সময়ান্তরে সেই অনুভূত বিষয়ের পুনরায় চিত্তে আবির্ভূত হওয়ার নাম স্মৃতি। (চিত্তবৃত্তি সম্বন্ধে ৫০০ পৃষ্ঠার টিপ্পনী দ্রষ্টব্য)। সাঙ্খ্যযোগ অর্থাৎ জ্ঞানযোগ-লাভার্থ চিত্তের উল্লিখিতরূপ বৃত্তি সমূহের নিরোধ করা আবশ্যক। সন্ন্যাস এবং কর্ম্মযোগ উভয়ই তাহার সাধনভূত; সুতরাং উভয়ই ফলতঃ সমান। এইরূপ ভাবে যিনি চিত্তবৃত্তির নিরোধ করিয়াছেন, তিনিই জিতচিত্ত ও সমাধিস্থ যোগী। তাদৃশ যোগী এই শরীর নামক নবদ্বারবিশিষ্ট পুরে পুরপতির ন্যায় অবস্থান করেন। পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, ষষ্ঠ প্রাণ, সপ্তম কর্ম্মেন্দ্রিয়সমূহ, অষ্টম বুদ্ধি এবং নবম অহঙ্কার, এই শরীরে বিষয়প্রবেশের নিমিত্ত এই কয়টী দ্বারস্বরূপ। এই শরীররূপ পুরের বিচিত্র-বাসনা-কল্পিত অনন্ত বিষয় আছে; তাহার কার্য্য সমাধানার্থ কর্ম্মসচিব যথেষ্ট; তাহার সুখদুঃখাদি বিবিধ-পণ্য-সামগ্রীও বিপুল। মন এই পুরের দ্বারসমূহ উদ্ঘাটনের কুঞ্চিকা। অমাত্যগণের উপর যথা-যোগ্য কর্ম্মভার সমর্পণ করিয়া, পুরপতির ন্যায় দেহী নির্লিপ্ত ও স্বচ্ছন্দভাবে

এই শরীরপুরে অবস্থান করেন। তিনি স্বয়ং কোন কর্ম্ম সম্পন্ন করেন না, এবং কাহার দ্বারা কোন কর্ম্ম সম্পাদন করান না। সকলে নিয়মানুসারে স্ব স্ব নির্দ্দিষ্ট কর্ত্তব্য পালন করে, দেহী স্বয়ং উদাসীনবৎ অবস্থান করেন। অন্য পক্ষে ইন্দ্রিয় সমূহ দেহীর পরিচারক, বুদ্ধি তাঁহার অমাত্য, অহঙ্কার যুবরাজস্বরূপ। যিনি তত্ত্বজ্ঞ, কর্ম্মেরই সহিত তাঁহার কোনই সম্বন্ধ নাই; সুতরাং তৎফলাসক্তি তাঁহার কখনই থাকিতে পারে না।

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। প্রাচীন কর্ম্ম হেতু, অর্থাৎ প্রারব্ধ কর্ম্ম বশেই, আত্মার এই দেহের সহিত সম্বন্ধ হইয়াছে। সুতরাং কর্ম্মের কর্ত্তৃত্ব তাঁহার স্বরূপ নহে। বিবেকবলে এইরূপ স্থির করিয়া সকল কর্ম্ম পরিত্যাগ-পূর্ব্বক, দেহী এই নবদ্বারসমন্বিত পুরে, স্বয়ং সর্ব্ব-প্রযত্ন-বিরহিত-ভাবে, সুখে অবস্থান করেন ॥ ১৩ ॥

ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ।
ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে ॥ ১৪ ॥

অন্বয়।—প্রভুঃ (আত্মা, ঈশ্বরঃ) লোকস্য (জীবস্য) কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি ন কর্ম্ম-ফল-সংযোগং (কর্ম্মণা সহ তৎফলসম্বন্ধম্) ন সৃজতি স্বভাবঃ (প্রকৃতিঃ) তু প্রবর্ত্ততে (কর্ত্তৃত্বাদিরূপেণ ইতি শেষঃ) ॥ ১৪ ॥

প্রতিশব্দ।—আত্মা লোকের কর্ত্তৃত্ব কর্ম্ম-সকল কর্ম্মফল-সম্বন্ধ সৃষ্টি করেন না; মায়া-ই প্রবৃত্ত হয় ॥ ১৪ ॥

ব্যাখ্যা—আত্মরূপ ব্রহ্ম কোন ব্যক্তির কর্ত্তৃত্ব, কর্ম্ম ও তাহার ফলাফলের সহিত সম্বন্ধ সৃষ্টি করেন না; মনুষ্যের প্রকৃতিই তাহার প্রবর্ত্তক ॥ ১৪ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চ ন কর্ত্তৃত্বমিতি॥ ন কর্ত্তৃত্বং স্বতঃ কুর্ব্বিতি নাপি কর্ম্মাণি রথঘটপ্রাসাদাদীনি ঈপ্সিততমানি লোকস্য সৃজত্যুৎপাদয়তি প্রভুরাত্মা নাপি রথাদিকৃতবতস্তৎফলেন সংযোগং ন কর্ম্মফলসংযোগং যদি কিঞ্চিদপি স্বতো ন করোতি ন কারয়তি চ দেহী, কস্তর্হি কুর্ব্বন্ কারয়ংশ্চ প্রবর্ত্ততে? ইত্যুচ্যতে স্বভাবস্তু স্বো ভাবঃ স্বভাবোঽবিদ্যা-লক্ষণা প্রকৃতিঃ মায়া প্রবর্ত্ততে "দৈবী হ্যেষেত্যাদি" ইতি বক্ষ্যমাণা ॥ ১৪ ॥

আনন্দগিরি।—আত্মনো যদুক্তং কারয়িতৃত্বং নাস্তীতি তৎ প্রপঞ্চয়তি নেত্যাদিনা। যদ্যপি লোকস্য কর্তৃত্বং ন সৃজতীতি নাস্তীতি কারয়িতৃত্বং তথাপি রথশকটাদীনি কুর্বন্ ভবতি কর্ত্তেত্যাশঙ্ক্যাহ ন কর্ম্মাণীতি। তথাপি ভোজয়িতৃত্বেন বিক্রিয়াবত্বং দুষ্পরিহারমিত্যাশঙ্ক্যাহ ন কর্ম্মেতি। কস্তু তর্হি প্রবর্ত্তকত্বং তদাহ স্বভাবস্থিতি। কুর্ব্বিতি কর্তৃত্বং লোকস্য ন সৃজত্যাত্মেতি সম্বন্ধঃ। রথাদীনাং কর্ম্মত্বং সাধয়তি ঈপ্সিতেতি। আত্মনো দেহাদিস্বামিত্বেন প্রভুত্বং রথাদিকৃতবতো লোকস্য রথাদিফলেন সম্বন্ধমপি ন সৃজত্যাত্মেত্যাত্মনো ভোজয়িতৃত্বং প্রত্যাচষ্টে নাপীতি। চতুর্থপাদং শঙ্কোত্তরত্বেনাবতারয়তি। স্বভাববাদস্তর্হীত্যাশঙ্ক্য ব্যাকরোতি অবিদ্যালক্ষণেতি। প্রকৃতের্ব্বিদ্যাভাবত্বং ব্যুদসিতুং মায়েত্যুক্তং সা চ সপ্তমে, তেন প্রধানবিলক্ষণেত্যাহ দৈবী হীতি ॥ ১৪ ॥

রামানুজ।—সাক্ষাদাত্মনঃ স্বাভাবিকং রূপমাহ ন কর্তৃত্বমিতি। অস্য দেবতির্য্যঙ্মনুষ্যস্থাবরাত্মনা প্রকৃতিসংসর্গেন বর্ত্তমানস্য লোকস্য দেবাদ্যসাধারণং কর্তৃত্বং দেবাদ্যসাধারণানি কর্ম্মাণি তত্তৎকর্ম্মজন্যদেবাদিফলসংযোগঞ্চায়ং প্রভুরকর্ম্ম [বশ্যঃ] বস্থঃ স্বাভাবিকস্বরূপেণাবস্থিত আত্মা ন সৃজতি নোৎপাদয়তি। কস্তর্হি? স্বভাবস্তু প্রবর্ত্ততে, স্বভাবঃ প্রকৃতির্বাসনা অনাদিকালপ্রবৃত্তপূর্ব্বকর্ম্মজনিতদেবাদ্যাকারপ্রকৃতিসংসর্গকৃত তত্তদাত্মাভিমানজনিতবাসনাকৃতমীদৃশং কর্তৃত্বাদিকং ন স্বরূপপ্রযুক্তমিত্যর্থঃ ॥ ১৪ ॥

হনুমান্।—ন কর্তৃত্বমিতি। ন কর্তৃত্বং স্বতঃ নচ কুর্ব্বন্নপি কর্ম্মাণি রথপ্রাসাদাদীনি ঈপ্সিততমানি লোকস্য সৃজতি উৎপাদয়তি, প্রভুরাত্মা নাপি রথাদিকৃতবতস্তৎফলেন সংযোগং কর্ম্মসংযোগং যদি কিঞ্চিদপি স্বতো ন করোতি ন কারয়িতি চ দেহী, কস্তর্হি কুর্ব্বন্ কারয়ংশ্চ প্রবর্ত্তত ইত্যুচ্যতে স্বভাবস্তু স্বভাবঃ অবিদ্যালক্ষণা প্রকৃতিঃ মায়া প্রবর্ত্ততে ॥ ১৪ ॥

শ্রীধর।—নন্থ "এষ এব সাধু কর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে এষ এবাসাধু কর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্যোঽধো নিনীষতে" ইত্যাদিশ্রুতেঃ, পরমেশ্বরেণৈব শুভাশুভফলেষু কর্ম্মসু কর্তৃত্বেন প্রযুজ্যমানোঽস্বতন্ত্রঃ পুরুষঃ কথং তানি কর্ম্মাণি ত্যজেৎ ঈশ্বরেণৈব জ্ঞানমার্গে প্রযুজ্যমানঃ শুভান্যশুভানি চ ত্যক্ষ্যতীতি চেৎ এবং সতি বৈষম্যনৈর্ঘৃণ্যাভ্যামীশ্বরস্যাপি প্রযোজককর্তৃত্বাৎ পুণ্যাপাপসম্বন্ধং স্যাদিত্যাশঙ্ক্যাহ ন কর্তৃত্বমিতি দ্বাভ্যাম্। প্রভুরীশ্বরো জীবলোকস্য কর্তৃত্বাদিকং ন সৃজতি কিন্তু জীবস্য স্বভাবোঽবিদ্যৈব কর্তৃত্বাদিরূপেণ প্রবর্ত্ততে অনাদ্যবিদ্যাকামবশাৎ, প্রবৃত্তিস্বভাবমেব লোকমীশ্বরঃ কর্ম্মসু নিযুঙ্ক্তে ন তু স্বয়মেব কর্তৃত্বাদিকমুৎপাদয়তীত্যর্থঃ ॥ ১৪ ॥

বলদেব।—এতদ্দ্বয়ং শুদ্ধস্য নাস্তীতি বিশদয়তি নেতি। প্রভুর্দেহেন্দ্রিয়াদীনাং স্বামী জীবঃ লোকস্য জনস্য কর্তৃত্বং ন সৃজতীতি ত্বং কুর্ব্বিতি কারয়িতা ভবতি। নাপি তস্যেপ্সিততমানি কর্ম্মাণি মাল্যাম্বরাদীনি সৃজতীতি স্বয়ং কর্ত্তাপি ন ভবতি। ন চ কর্ম্মফলেন সুখেন দুঃখেন চ সংযোগং সম্বন্ধং সৃজতীতি ভোজয়িতা ভোক্তা চ

ন ভবতীত্যর্থঃ। যদ্যেবং তর্হি কঃ কারয়ন্ কুর্ব্বংশ্চ প্রতীয়তে তত্রাহ স্বভাবস্থিতি। অনাদিপ্রবৃত্ত্যা প্রধানবাসনাত্র স্বভাবশব্দেনোক্তপ্রাধানিকদেহাদিনান্ জীবঃ কারয়িতা কর্ত্তা চেতি ন বিবিক্তস্য তত্ত্বমিতি। শুদ্ধেঽপি কিঞ্চিৎকর্ত্তৃত্বমস্ত্যেব পূর্ব্বত্র সুখাসনে তত্ত্বস্যোক্তেঃ ভানাদাবিবৈতদ্‌বোধাং ধাত্বর্থঃ খলু ক্রিয়া তন্মুখ্যত্বং হি কর্ত্তৃত্বমুক্তম্ ॥ ১৪ ॥

মধুসূদন।—দেবদত্তস্য স্বগতৈব গতির্যথা স্থিতৌ সত্যাং ন ভবতি এবমাত্মনোঽপি কর্ত্তৃত্বং কারয়িতৃত্বঞ্চ স্বগতমেব সৎ সন্ন্যাসে সতি ন ভবতি, অথবা নভসি তলমলিনতাদিবদ্বস্তুবৃত্ত্যা তত্র নাস্ত্যেবেতি সন্দেহাপোহায়াহ নাদত্ত ইতি। লোকস্য দেহাদেঃ কর্ত্তৃত্বং প্রভুরাত্মা স্বামী ন সৃজতি ত্বং কুর্ব্বিতি নিয়োগেন তস্য কারয়িতা ন ভবতীত্যর্থঃ। নাপি লোকস্য কর্ম্মাণি ঈপ্সিততমানি ঘটাদীনি স্বয়ং সৃজতি কর্ত্তা ন ভবতীত্যর্থঃ। নাপি লোকস্য কর্ম্মকৃতবতস্তৎফলসম্বন্ধং সৃজতি ভোজয়িতাপি ভোক্তাপি ন ভবতীত্যর্থঃ। "সমান সন্ উভৌ লোকৌ অনুসঞ্চরতি ধ্যায়তীব লেলায়তীব সুধীঃ" ইত্যাদিশ্রুতেঃ অত্রাপি "শরীরস্থোঽপি কৌন্তেয় ন করোতি ন লিপ্যতে" ইত্যুক্তেঃ, যদি কিঞ্চিদপি স্বতো ন কারয়তি ন করোতি চাত্মা কস্তর্হি কারয়ন্ কুর্ব্বংশ্চ প্রবর্ত্তত ইতি তত্রাহ স্বভাবস্তু অজ্ঞানাত্মিকা দৈবী মায়া প্রকৃতিঃ প্রবর্ত্ততে ॥ ১৪ ॥

নীলকণ্ঠ।—নন্বেবং ভৃত্যবৎ কর্ত্তৃত্বং স্বামিবৎ কারয়িতৃত্বং বাস্য মাস্তু, অয়স্কান্তবদবিকারস্যৈব সতঃ কর্ত্ত্রাদিধর্ম্মকাহঙ্কারাদিপ্রবর্ত্তকত্বমস্তিত্যাশঙ্ক্যাহ ন কর্ত্তৃত্বমিতি। কর্ত্তৃত্বমহঙ্কারস্য কর্ম্মাণি ইন্দ্রিয়াণাং বচনাদানাদীনি শ্রবণদর্শনাদীনি চ, লোকস্য লোক্যতে প্রকাশ্যত ইতি লোকা জড়বর্গঃ প্রভুশ্চিদাত্মা সূর্য্য ইবাস্মদাদীনাং প্রকাশকোঽপি ন কর্ম্মাদৌ প্রবর্ত্তকস্তদ্বৎ অস্য কর্ম্মফলসংযোগং বা ন সৃজতি কিন্তু যো যাদৃক্ যস্য স্বভাবঃ স তথা প্রবর্ত্ততে যথা সূর্য্যোঽভ্যুদিতে কমলানাং বিকসনং কুমুদানামুন্মুদ্রণঞ্চেতি তদ্বৎ এবমাত্মনি প্রকাশমানে ঘটাদয়ো ন চেষ্টন্তে মনুষ্যাদয়স্তু চেষ্টন্তে ন ত্বাত্মা কস্যচিৎ প্রবর্ত্তকো নিবর্ত্তকো বা লোহায়স্কান্তয়োরিব সত্যানৃতয়োরাত্মানাত্মনোঃ সম্বন্ধাভাবাদিতি ভাবঃ ॥ ১৪ ॥

বিশ্বনাথ।—ননু চ যদি জীবস্য বস্তুতঃ কর্ত্তৃত্বাদিকং নৈবাস্তি, তর্হি পরমেশ্বরসৃষ্টে জগতি সর্ব্বত্র জীবস্য কর্ত্তৃত্বভোক্তৃত্বাদিদর্শনান্মন্যে পরমেশ্বরেণৈব বলাৎ তস্য কর্ত্তৃত্বাদিকং সৃষ্টম্। তথা সতি তস্মিন্ বৈষম্যনৈর্ঘৃণ্যে প্রসক্তে তত্র ন হীত্যাহ ন কর্ত্তৃত্বমিতি। নাপি তৎকর্ত্তব্যত্বেন কর্ম্মাণ্যপি। ন চ কর্ম্মফলৈর্ভোগৈঃ সংযোগমপি। কিন্তু জীবস্য স্বভাবোঽনাদ্যবিদ্যৈব প্রবর্ত্ততে। তং জীবং কর্ত্তৃত্বাদ্যভিমানমারোহয়িতুমিতি ভাবঃ ॥ ১৪ ॥

তাৎপর্য্য।—শ্রুতি বলিয়াছেন, ঈশ্বর যাহাকে ইচ্ছা করেন, তাহাকে সাধু কর্ম্ম সম্পাদন করাইয়া ঊর্দ্ধে লইয়া যান; অথবা অসাধু-কর্ম্ম সম্পাদন করাইয়া তাহার অধোগতি করেন। পরমেশ্বরই জীবকে শুভাশুভ ফলপ্রসূ বিবিধ কর্ম্মে প্রযুক্ত করিয়া থাকেন। মানবের কর্ত্তৃত্ব বিষয়ের তিনিই প্রযোজক।

তথাপি অনেকেই তাঁহার প্রদর্শিত পন্থা পরিত্যাগ পূর্ব্বক অশুভকর পন্থায় বিচরণ করিয়া, স্বকীয় সর্ব্বনাশ সংসাধিত করে কেন? মনুষ্যকে এইরূপ বিসদৃশ পুণ্যপাপাত্মক কর্ম্মে প্রবর্ত্তিত করা ঈশ্বরেরই কার্য্য। এইরূপ আশঙ্কার উত্তর স্বরূপে দুইটি শ্লোক অবতারিত হইয়াছে। মনুষ্যের কর্ম্মাকর্ম্ম বিষয়ের, কর্ত্তৃত্ব স্বামীস্বরূপ ও ব্রহ্মস্বরূপ আত্মা সৃষ্টি করেন নাই; "তুমি এই কার্য্য কর" এইরূপ নির্দ্দেশ সহকারে তিনি কর্ত্তৃত্ব বিধানের কারণ স্বরূপও নহেন। অথবা লোকের যান, রথ, ঘট, প্রাসাদাদি সুখসৌকর্য্য-সাধক স্পৃহনীয় পদার্থ বিনির্ম্মাণরূপ কর্ম্মেরও তিনি স্রষ্টা নহেন। অথবা লোকে অনুষ্ঠিত কর্ম্মের সহিত যে শুভাশুভ পরিণাম প্রাপ্তির সম্বন্ধ রাখিয়া থাকে, সে ফলসংযোগেরও কর্ত্তা তিনি নহেন। এই শরীররূপ আগারে বাস করিলেও, তিনি কোন কর্ম্মই সম্পাদন করেন না, এবং কোন ব্যাপারে প্রলিপ্ত হন না। যদি আত্মা স্বয়ং কোন কাজ করেন না, বা অপরকেও করান না, তবে মানব কাহার নিয়ম-পরতন্ত্র হইয়া কর্ম্মের কর্ত্তৃত্ব ও কারয়িতৃত্ব নির্ব্বাহ করে? স্বভাব অর্থাৎ অবিদ্যা-লক্ষণা প্রকৃতি বা মায়াই মনুষ্যকে কর্ম্ম-সেবায় নিযুক্ত করে। জীব অজ্ঞানরূপা দৈবী মায়ার অধীনতাপাশে বদ্ধ হইয়াই কর্ম্ম-সম্পাদনে প্রবৃত্ত হয়।

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। জগতের যাবতীয় দেব, তির্য্যক্, মনুষ্য, ও স্থাবর পদার্থে, প্রকৃতির সংসর্গক্রমে, আত্মা বর্ত্তমান আছেন। এতাবতের দেবাদিরূপ অসাধারণ কর্ত্তৃত্ব, অসাধারণ কর্ম্মসমূহ এবং সেই কর্ম্মজন্য দেবাদি-রূপ অসাধারণ ফলসংযোগ, কর্ম্মের অনধীন, স্বাভাবিক স্বরূপে অবস্থিত আত্মা উৎপাদন করেন না। তৎসমস্ত প্রকৃতি হইতে সঞ্জাত। অনাদিকাল প্রবৃত্ত, পূর্ব্ব পূর্ব্ব জন্মজনিত দেবাদিরূপ আকার ও তত্তৎ অবস্থোচিত কর্ম্মাদি আত্মাভিমান জনিত প্রকৃতিরূপা বাসনার দ্বারা কৃত। অতএব এই কর্ত্তৃত্বাদি ব্যাপার সমূহ কখনই স্বরূপ প্রযুক্ত নহে।

শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। জীবাত্মাই এই দেহেন্দ্রিয়াদির স্বামী। সেই জীবাত্মা মনুষ্যের কর্ত্তৃত্ব সৃষ্টি করেন না, অথবা তাহার লোচনানন্দদায়ক বসন-ভূষণাদিরও সৃষ্টি করেন না। অথবা সেই কর্ম্মজনিত ফলের সহিত সুখদুঃখরূপ সম্বন্ধও সৃষ্টি করেন না। স্বভাবই এই সমস্তের প্রবর্ত্তক। অনাদিপ্রবৃত্ত প্রধান বাসনা এস্থলে স্বভাব শব্দে লক্ষিত।

শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। পরিদৃশ্যমান্ জড়বর্গ লোকশব্দ বাচ্য। চিদাত্মা প্রভু শব্দে লক্ষিত। সূর্য্যের ন্যায় চিদাত্মা আমাদের প্রকাশক হইলেও, আমাদিগকে কর্ম্মে প্রবর্ত্তিত করেন না, অথবা তাহার সহিত কর্ম্মফলের সংযোগও করেন না। সকলেই স্ব স্ব স্বভাবানুসারে কর্ম্মে প্রবৃত্ত হয়। আকাশ প্রদেশে দিবাকর সমুদিত হইলে স্ব স্ব স্বভাবানুসারে সরোবরে কমলিনী বিকসিতা ও কুমুদিনী মুদ্রিতা হয়। সেইরূপ আত্মা প্রকাশমান থাকিলেও, ঘটাদি পদার্থ কোনই চেষ্টা করে না, কিন্তু মনুষ্যাদি বিবিধ চেষ্টায় নিযুক্ত হয়। আত্মা এইরূপ চেষ্টা বিষয়ে কাহাকেও প্রবর্ত্তিত বা নিবর্ত্তিত করেন না। অয়স্কান্ত নামক লৌহাকর্ষক মণি, স্বকীয় স্বভাব-প্রভাবেই লৌহকে স্বাভিমুখে আকর্ষণ করে; লৌহও স্বতঃ তদভিমুখে প্রধাবিত হয়। তদ্বিষয়ে কাহারও প্রবর্ত্তন বা প্রবর্ত্তনের অপেক্ষা করে না। লোকের কর্ম্মকর্ম্ম-বিষয়ে কর্ত্তৃত্বও তদ্রূপ ॥ ১৪ ॥

নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ ॥ ১৫ ॥

অন্বয়।—বিভুঃ (পরমেশ্বরঃ) কস্যচিৎ পাপং ন সুকৃতং (পুণ্যং) ন চ এব আদত্তে অজ্ঞানেন (মায়াখ্যেন তমসা) জ্ঞানং আবৃতং (আচ্ছাদিতং) তেন (তদ্ধেতুনা) জন্তবঃ (সংসারিণঃ) মুহ্যন্তি (মোহং গচ্ছন্তি) ॥ ১৫ ॥

প্রতিশব্দ।—পরমেশ্বর কাহারও পাপ না এবং পুণ্য-ও প্রদান করেন না মায়ার দ্বারা জ্ঞান আচ্ছাদিত সেই-কারণে জীবসকল মোহ-প্রাপ্ত হয় ॥ ১৫ ॥

ব্যাখ্যা।—পরমেশ্বর কাহারও পাপ বা পুণ্য কিছুই প্রদান করেন না; মায়াপ্রভাবে মানবের জ্ঞান আচ্ছন্ন থাকায় তাহারা ভ্রমপরবশ হয় ও স্বাভিমত কর্ম্মানুষ্ঠান করে ॥ ১৫ ॥

শঙ্করাচার্য্য।—পরমার্থতস্তু নেতি। নাদত্তে ন চ গৃহ্লাতি ভক্তস্যাপি কস্যচিৎ পাপং ন চৈবাদত্তে সুকৃতং বিভুঃ ভক্তৈঃ প্রযুক্তং বিভুঃ, কিমর্থং তর্হি ভক্তৈঃ পূজাদি-লক্ষণং যাগদানহোমাদিকঞ্চ সুকৃতং প্রযুজ্যত ইত্যাহ অজ্ঞানেনাবৃতং জ্ঞানং বিবেক-বিজ্ঞানং তেন মুহ্যন্তি করোমি কারয়ামি ভোক্ষ্যে ভোজয়ামীত্যেবং মোহং গচ্ছন্ত্যবিবেকিনঃ সংসারিণো জন্তবঃ ॥ ১৫ ॥

আনন্দগিরি।—কর্তৃত্বভোক্তৃত্বৈশ্বর্য্যাণ্যাত্মনোঽবিদ্যা কৃতানীত্যুক্তমিদানীমীশ্বরে সন্ন্যস্তসমস্তব্যাপারস্য তদেকশরণস্য দুরিতং সুকৃতং বা তদনুগ্রহার্থং ভগবানাদত্তে মদেক-শরণো মৎপ্রীত্যর্থং কর্ম্ম কুর্ব্বাণো দুষ্কৃতাদ্যনুমোদনেনানুগ্রাহ্যো ময়েতি প্রত্যয়ভাক্ত্বাদিত্যা-শঙ্ক্য সোঽপি পরমার্থতো নাস্যাস্ত্যবিক্রিয়ত্বাদিত্যাহ পরমার্থতস্ত্বিতি। কথং তর্হি ভক্তানামনুগ্রাহ্যত্বমীশ্বরস্যানুগ্রহীতৃত্বমিতি প্রসিদ্ধস্তত্রাহ অজ্ঞানেনেতি। পূর্ব্বার্দ্ধগতান্য-ক্ষরাণি ব্যাখ্যায় আকাঙ্ক্ষাপূর্ব্বকমুত্তরার্দ্ধমবতার্য্য ব্যাচষ্টে কিমর্থমিত্যাদিনা ॥ ১৫ ॥

রামানুজ।—কস্যচিৎ সম্বন্ধিতয়াভিমতস্য পুত্রাদেঃ পাপং দুঃখং নাদত্তে নাপনুদতি কস্যচিৎ প্রতিকূলতয়াভিমতস্য সুকৃতং সুখং নাদত্তে নাপনুদতি। যতোঽয়ং বিভুঃ ন কাচিৎ কঃ ন দেবাদিদেহেন সাধারণদেশঃ, অতএব ন কস্যচিৎ সম্বন্ধী, ন কস্যচিৎ প্রতিকূলশ্চ, সর্ব্বমিদং বাসনাকৃতং এবং স্বভাবস্য কথমিয়ং বিপরীতবাসনোপপদ্যতে। অজ্ঞানেনাবৃতং জ্ঞানং জ্ঞানবিরোধিনা পূর্ব্বকর্ম্মণা স্বফলানুভবযোগ্যত্বায়াস্য জ্ঞান-মাবৃতং সঙ্কুচিতং তেন জ্ঞানাবরণরূপেণ কর্ম্মণা দেবাদিদেহসংযোগস্তত্তদাত্মাভিমানরূপ-মোহশ্চ জায়তে তদাত্মাভিমানবাসনা তদুচিতকর্ম্মবাসনা চ বাসনাতো বিপরীতাত্মাভিমানঃ কর্ম্মারম্ভশ্চোপপদ্যতে ॥ ১৫ ॥

হনুমান্।—নাদত্ত ইতি। পরমার্থতস্তু নাদত্তে ন গৃহ্লাতি ভক্তস্যাপি কস্যচিৎ পাপং নৈবাদত্তে সুকৃতং, ভক্তৈঃ প্রযুক্তং বিভুঃ। কথং তর্হি পূজালক্ষণযাগদানাদিসুকৃতং প্রযুজ্যতে ইত্যত্রাহ। অজ্ঞানেনাবৃতং জ্ঞানং, তেন মুহ্যন্তি করোমি কারয়ামি ভোক্ষ্যে ভোজয়ামি ইত্যেবং মোহং গচ্ছন্তি অবিবেকিনঃ সংসারিণো জন্তবঃ ॥ ১৫ ॥

শ্রীধর।—যস্মাদেবং তস্মাৎ নাদত্ত ইতি। প্রয়োজকোঽপি সন্ প্রভুঃ কস্যচিৎ পাপং সুকৃতঞ্চ নৈবাদত্তে ন ভজতে, তত্র হেতুঃ বিভুঃ পরিপূর্ণঃ আপ্তকাম ইত্যর্থঃ, যদি হি স্বার্থকামনয়া কারয়েৎ তর্হি তথা স্যাৎ ন ত্বেতদস্তি আপ্তকামস্যৈবাচিন্ত্যনিজ-মায়য়া তত্তৎপূর্ব্বকর্ম্মানুসারেণ প্রবর্ত্তকত্বাৎ। নমু ভক্তাননুগৃহ্লতোঽভক্তান্ নিগৃহ্লতশ্চ বৈষ-ম্যোপলম্ভাৎ কথমাপ্তকামত্বমিত্যত আহ অজ্ঞানেনেতি। নিগ্রহোঽপি দণ্ডরূপোঽনুগ্রহ এবেত্যেবমজ্ঞানেন সর্ব্বত্র সমঃ পরমেশ্বরইত্যেবম্ভূতং জ্ঞানমাবৃতং তেন হেতুনা জন্তবো জীবা মুহ্যন্তি ভগবতি বৈষম্যং মন্যন্ত ইত্যর্থঃ ॥ ১৫ ॥

বলদেব।—নমু যদি বিশুদ্ধস্য জীবস্য তাদৃশকর্ম্মকর্তৃত্বাদি নাস্তীতি ব্রূষে, তর্হি কৌতুকাক্রান্তঃ পরমাত্মা প্রধানং তদগলে নিপাত্য তৎপরিণামদেহেন্দ্রিয়াদিমতস্তস্য

তত্রচিতবানিত্যাপন্নতে। যুক্তঞ্চৈতৎ, অন্যথা "এষ উ হ্যেব সাধু কর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে। এষ উ এবাসাধু কর্ম্ম কারয়তি তং যমধো নিনীষতে" ইতি শ্রুতিঃ। "অজ্ঞো জন্তুরনীশোঽয়মাত্মনঃ সুখদুঃখয়োঃ। ঈশ্বরপ্রেরিতো গচ্ছেৎ স্বর্গং বা শ্বভ্রমেব চ॥" ইতি স্মৃতিশ্চ ব্যাকুপ্যেৎ। তথাচ পাপপুণ্যময়ীমবস্থাং নয়তি। প্রয়োজকে তস্মিন্ বৈষম্যাদিকং পাপাদিভাগিত্বঞ্চ স্যাদিতি চেৎ, তত্রাহ নাদত্ত ইতি। বিভুরপরিমিতবিজ্ঞানানন্দোঽনন্তশক্তিপূর্ণঃ স্বানন্দৈকরসিকস্ততোঽন্যত্রোদাসীনঃ পরমাত্মানাদি প্রধানবাসনানিবদ্ধং বুভুক্ষুং স্বসন্নিধিমাত্রপরিণত প্রধানময়দেহাদিমন্তং জীবং তদ্বাসনানুসারেণ কর্ম্মাণি কারয়ন্ কস্যচিজ্জীবস্য পাপং সুকৃতঞ্চ নাদত্তে ন গৃহ্লাতি। এবমুক্তং শ্রীবৈষ্ণবে, "যথা সন্নিধিমাত্রেণ গন্ধঃ ক্ষোভায় জায়তে। মনসো নোপকর্ত্তৃত্বাৎ তথাসৌ পরমেশ্বরঃ॥ সন্নিধানাদযথাকাশকালাদ্যাঃ কারণং তরোঃ। তথৈবাপরিণামেন বিশ্বস্য ভগবান্ হরিঃ॥" ইতি। ঔদাসীন্যমাত্রেঽয়ং গন্ধাদিদৃষ্টান্তো ন ত্বিচ্ছায়া অভাবে তস্যাঃ সোঽকাময়তেতি শ্রুতত্বাৎ। তর্হি জীবাস্তং বিষমং কুতো বদন্তি তত্রাহ অজ্ঞানেনেতি। অনাদিতদ্বৈমুখ্যেনাজ্ঞানেন জীবানাং নিত্যমপি জ্ঞানমাবৃতং তিরোহিতং তেন হেতুনা জন্তবো জীবা মুহ্যন্তি। সমমপি তং বিমূঢ়া বিষমং বদন্তি ন বিজ্ঞা ইত্যর্থঃ। আহ চৈবং সূত্রকারঃ, "বৈষম্যনৈর্ঘৃণ্যেন সাপেক্ষত্বাৎ তথাহি দর্শয়তি।" (১ম পাদ। ২অ। ৩৪ সূত্র), "ন কর্ম্মবিভাগাৎ ইতি চেন্নানাদিত্বাৎ" ইতি। (১ম পাদ। ২ অ। ৩৫ সূত্র) ॥১৫॥

মধুসূদন।—নর্ষীশ্বরঃ কারয়িতা জীবঃ কর্ত্তা, তথাচ শ্রুতিঃ, "এষ উ হ্যেব সাধুকর্ম্ম কারয়তি তং যমুন্নিনীষতে এব উবাঽসাধু কর্ম্ম কারয়তি তং যমধো নিনীষতে" ইত্যাদিঃ। স্মৃতিশ্চ "অজ্ঞো জন্তুরনীশোঽয়মাত্মনঃ সুখদুঃখয়োঃ। ঈশ্বরঃ প্রেরিতো গচ্ছেৎ স্বর্গং বা শ্বভ্রমেব বা॥" ইতি। তথাচ জীবেশ্বরয়োঃ কর্ত্তৃত্বকারয়িতৃত্বাভ্যাং ভোক্তৃত্বভোজয়িতৃত্বাভ্যাঞ্চ পাপপুণ্যলেপসম্ভবাৎ, কথমুক্তং স্বভাবস্তু প্রবর্ত্তত ইতি তত্রাহ নাদত্ত ইতি। পরমার্থতঃ বিভুঃ পরমেশ্বরঃ কস্যচিৎ জীবস্য পাপং সুকৃতঞ্চ নৈবাদত্তে পরমার্থতো জীবস্য কর্ত্তৃত্বাভাবাৎ, পরমেশ্বরস্য চ কারয়িতৃত্বাভাবাৎ, কথং তর্হি শ্রুতিঃ স্মৃতির্লোকব্যবহারশ্চ, তত্রাহ অজ্ঞানেনাবরণবিক্ষেপশক্তিমতা মায়াখ্যেনানৃতেন তমসা আবৃতমাচ্ছাদিতং জ্ঞানং জীবেশ্বরজগদ্ভেদভ্রমাধিষ্ঠানভূতং নিত্যং স্বপ্রকাশং সচ্চিদানন্দরূপমদ্বিতীয়ং পরমার্থসত্যং তেন স্বরূপাবরণেন মুহ্যন্তি প্রমাতৃপ্রমেয়প্রমাণকর্ত্তৃকর্ম্মকরণভোক্তৃভোগ্যভোগাদ্যনেকবিধসংসাররূপং মোহমতস্মিংস্তদ্বত্তারূপং বিক্ষেপং গচ্ছন্তি জন্তবো জননশীলাঃ সংসারিণো বস্তুস্বরূপাদর্শিনঃ অকর্ত্রভোক্তৃপরমানন্দাদ্বিতীয়াত্মস্বরূপাদর্শননিবন্ধনোঽয়ং জীবেশ্বরজগদ্ভেদভ্রমঃ প্রতীয়মানো বর্ত্ততে, মূঢ়ানাং তস্যাঞ্চাবস্থায়াং মূঢ়প্রত্যয়ানুবাদিভাবেতে শ্রুতিস্মৃতী বাস্তবাদ্বৈতবোধিবাক্যশেষভূতে ইতি ন দোষঃ ॥ ১৫ ॥

নীলকণ্ঠ।—নহু "এষ হ্যেব সাধুকর্ম্ম কারয়তি তং যমেভ্যো লোকেভ্য উন্নিনীষতে এষ হ্যেবাসাধু কর্ম্ম কারয়তি তং যমধো নিনীষতে" ইতি শ্রুত্যা পরমেশ্বরে কারয়িতৃত্বং

বোধ্যতে তৎকথমুচ্যতে স্বভাবস্ত প্রবর্ত্তত ইতি তত্রাহ নাদত্ত ইতি। কস্যচিৎ কর্ত্তুঃ পাপং অয়ং নাদত্তে নাপি সুকৃতং আদত্তে কারয়িতৃত্বাভাবাৎ যতো বিভুঃ ব্যাপকঃ নিষ্ক্রিয় ইতি যাবৎ, সক্রিয়ো হ্যন্যং প্রবর্ত্তয়তি তদীয়ং পাপং পুণ্যং বা লভতে, অয়ন্তু ন তথা কিন্তু সূর্য্যবৎ প্রকাশত এব ন তু স্বপ্রকাশ্যানাং কর্ত্রাদীনাং কর্ম্মণা সম্বধ্যত ইতি ভাবঃ। কারয়িতৃত্বমপ্যস্য সত্তামাত্রেণ সূর্য্যবৎ, যথা ঘটঃ প্রকাশতে সবিতা প্রকাশয়তীতি নোদা-হৃতশ্রুতিবিরোধঃ। কথং তর্হীশ্বরারাধনার্থং কর্ম্মাণি কুর্ব্বন্তি তদকরণাচ্চ বিভ্যতীত্যাশঙ্ক্যাহ অজ্ঞানেনেতি। যথা হি মহারাজস্য সার্ব্বভৌমস্য অহং সর্ব্বেশ্বরো নির্বৃতোঽস্মীতি জ্ঞানং অজ্ঞানেন সৌষুপ্তেনাবৃতং সৎ স তত্র বিবিধানি পরচক্রাদীনি মহান্তি সঙ্কটশতানি পশ্যতি অহো অহং দীনোঽস্মি দুঃখ্যস্মীতি চ মুহ্যতি তদ্বদেতে জন্তবঃ স্বস্যাহং ব্রহ্মাস্মীতি প্রমাণেন ব্রহ্মভাবমজানন্ত ঈশ্বরাদাত্মানং পৃথক্ মন্যমানাঃ ঈশাত্মনোঃ সেব্যসেবকভাবঞ্চ পশ্যন্তো মুহ্যন্তি, তথা চ শ্রুতিঃ, "অথ যোঽন্যাং দেবতামুপাস্তেঽন্যোঽসাবন্যোঽহমস্মীতি ন স বেদ যথা পশুরেব স দেবানাম্" ইতি, "এষ হ্যেব" ইতি শ্রুতিরপি ভ্রান্তজনব্যবহারবিষয়ৈবেতি ভাবঃ॥ ১৫॥

বিশ্বনাথ।—যস্মাদসাধুসাধুকর্ম্মণাং ঈশ্বরো ন কারয়িতা, তস্মাদেব ন তস্য পাপপুণ্যভাগিত্বমিত্যাহ নাদত্ত ইতি। নাদত্তে ন গৃহ্লাতি, কিন্তু তদীয়া খলু যা শক্তিরবিদ্যা সৈব জীবজ্ঞানমাবৃণোতীত্যাহ অজ্ঞানেতি। অজ্ঞানেনাবিদ্যয়া জ্ঞানং জীবস্য স্বাভাবিকং, তেন হেতুনা॥ ১৫॥

তাৎপর্য্য।—জীব কার্য্যের কর্ত্তা বটে, কিন্তু ঈশ্বরই তাহার প্রবর্ত্তক। এ সম্বন্ধে শ্রৌত প্রমাণ পূর্ব্ব শ্লোকে ব্যাখ্যাত হইয়াছে। স্মৃতিও বলিয়া-ছেন, অজ্ঞ জীবেরা স্ব স্ব সুখদুঃখ বিষয়ে কর্ত্তৃত্ববিহীন। পরমেশ্বর কর্ত্তৃক প্রেরিত হইয়াই তাহারা স্বর্গ বা নরকে গমন করে। যখন শ্রুতি-স্মৃতি সমস্বরে ঈশ্বরের কারয়িতৃত্ব সংঘোষিত করিতেছেন, তখন জীবের কর্ত্তৃত্ব বা ভোক্তৃত্ব নাই এবং ঈশ্বরের কারয়িতৃত্ব বা ভোজয়িতৃত্ব কিছুই নাই; সুতরাং তজ্জন্য পাপ-পুণ্যও আত্মাকে স্পর্শ করে না, এরূপ অভিপ্রায় কেন সমর্থিত হইতেছে এবং স্বভাবের স্কন্ধেই বা সমস্ত নিয়ন্তৃত্ব কেন আরোপিত হইতেছে? এইরূপ আশঙ্কার উত্তরস্বরূপে কথিত হইতেছে যে, ঈশ্বর বস্তুতঃ কোন জীবকে পাপ বা পুণ্যে প্রণোদিত করেন না। আবরণবিক্ষেপশালিনী মায়ার অজ্ঞানান্ধকারে জীব-ব্রহ্মের অভেদ-বোধরূপ নিত্য ও পরমার্থ সত্যস্বরূপ জ্ঞান সমাচ্ছন্ন হইয়া যায়। এইরূপে স্বরূপ সমাবৃত হয় বলিয়া, জীবগণ সংসাররূপ * মোহগ্রস্ত হয়। যাহাদের জন্ম

* অজ্ঞানজনিত সংসারপ্রাপ্তিসম্বন্ধে কূর্ম্মপুরাণীয় ঈশ্বরগীতা ২য় অধ্যায়ে একটি সুন্দর উক্তি দৃষ্ট

ও মরণ আছে, তাহারাই মায়ার প্ররোচনা-পরতন্ত্র এবং ভেদ-জ্ঞানরূপ, ভ্রম-সাগরে নিপতিত হইয়া, প্রমাতৃ, প্রমেয়, প্রমাণ, কর্তৃ, কর্ম্ম, করণ, ভোক্তৃ, ভোগ্য, ভোগ নামধেয় নববিধ সংসার-দশা প্রাপ্ত হয়। শ্রুতি-স্মৃতিতে যে অভিপ্রায় পরিব্যক্ত হইয়াছে, তাহার সহিত সমালোচ্য মতের কোনই বিরোধ হইতে পারে না। তাহাতে জীব ও ঈশ্বর সম্বন্ধে যে বিভিন্ন বাক্য প্রযুক্ত হইয়াছে, প্রকৃতপ্রস্তাবে তাহা অদ্বৈত-প্রতিপাদক; সুতরাং ফলতঃ তদভিপ্রায়ও বর্ত্তমান অভিপ্রায়ের সমর্থক।

শ্রীমদ্রামানুজাচার্য্য ও শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। যদি বিশুদ্ধচিত্ত জীবের কর্ম্ম-কর্তৃত্বাদি নাই বলিয়াই সিদ্ধান্ত হয়, তবে কি পরমাত্মা কৌতূহল-পরবশ হইয়া প্রকৃতির স্কন্ধে দায়িত্ব নিক্ষেপকরতঃ প্রকৃতির পরিণাম-ভূত এই দেহেন্দ্রিয়াদিবিশিষ্ট জীবগণের বিনির্ম্মাণ করিয়াছেন? শ্রুতি-স্মৃতি সকলেই বলিতেছেন, ঈশ্বরই পাপ-পুণ্যের প্রযোজক। তিনি যখন এই বৈষম্যের প্রযোজক, তখন অবশ্যই তজ্জন্য তাঁহাকেও পাপ-পুণ্য-ভাগী হইতে হইয়াছে। এইরূপ আশঙ্কা অপনোদিত হইতেছে। ঈশ্বর অপরিমিত, বিজ্ঞানানন্দপূর্ণ ও অনন্ত-শক্তিসম্পন্ন। তিনি নিরন্তর স্বকীয় পূর্ণানন্দ-সাগরে ভাসমান, সুতরাং অন্যত্র উদাসীন। জীবগণ অনাদি প্রকৃতি হইতে দেহ লাভ করিয়া তদীয় বাসনা-ক্রমেই কর্ম্মে প্রবৃত্ত হয়। ঈশ্বর কোন জীবেরই পাপ-পুণ্য বিধান করেন না। তিনি কাহারও প্রতি কৃপা-পরবশ হইয়া তাহাকে পুত্র-সুখৈশ্বর্য্যাদি প্রদান করেন না, বা কাহারও প্রতি বিরক্ত হইয়া তাহাকে ক্লেশ প্রদান করেন না। জীবের অধোগতি-বিধায়ক পাপ এবং ঊর্দ্ধগতি-বিধায়ক পুণ্য কিছুরই তিনি বিধান করেন না। সকলই জীবের প্রাচীন বাসনা-সম্ভূত। এক্ষণে জিজ্ঞাস্য এই যে, জীবের এই বিষম অবস্থা

হয়। নিম্নে তাহা উদ্ধৃত হইল। অস্মাদ্বিজায়তে বিশ্বমত্রৈব প্রবিলীয়তে। অমায়ী মায়য়া বদ্ধঃ করোতি বিবিধাস্তনূঃ॥ ন চাপ্যয়ং সংসরতি ন চ সংসারয়েৎ প্রভুঃ। নায়ং পৃথ্বী ন সলিলং ন তেজঃ পবনো ন ভৎ॥ ন প্রাণো ন মনো ব্যক্তং ন শব্দঃ স্পর্শ এব চ। ন রূপ-রস-গন্ধাশ্চ নাহং কর্ত্তা ন বাগপি। ন পাণিপাদৌ নো পায়ুর্নচোপস্থো বিজোত্তমাঃ॥ ন কর্ত্তা ন চ ভোক্তা বা ন চ প্রকৃতিপুরুষৌ। ন মায়া নৈব চ প্রাণশ্চৈতন্যং পরমার্থতঃ॥ অহং কর্ত্তা সুখী দুঃখী কৃশঃ স্থূলেতি যা মতিঃ। সা চাহঙ্কারকর্তৃত্বাদাত্মন্যারোপ্যতে জনৈঃ। বদন্তি বেদবিদ্বাংসঃ সাক্ষিণং প্রকৃতেঃ পরম্॥ ভোক্তা-রমক্ষরং শুদ্ধং সর্ব্বত্র সমবস্থিতম্। তস্মাদজ্ঞানমূলোঽয়ং সংসারঃ সর্ব্বদেহিনাম্॥

কি কারণে ঘটিয়া থাকে? তাহার উত্তর এই যে, অজ্ঞানের দ্বারা জীবের নিত্য-জ্ঞান তিরোহিত হইয়া যায় এবং আত্মাভিমানরূপ মোহ সমুৎপন্ন হয়; সঙ্গে সঙ্গে পাপপুণ্যাত্মক কর্ম্মেরও আরম্ভ হয়। তখন অজ্ঞানাচ্ছন্ন মানবগণ সেই সমদর্শী ভগবানের উপর বৈষম্য-দোষ সমারোপিত করিয়া তাঁহার ব্যবস্থার নিন্দাবাদ করে।

শ্রীমন্নীলকণ্ঠের অভিপ্রায়। যেরূপ প্রবলপরাক্রান্ত সার্ব্বভৌম নরপতি আপনাকে সর্ব্বপ্রকারে সুখী বলিয়া জানিলেও, নিদ্রাবেশে আপনাকে অশেষ সঙ্কট-জালে জড়ীভূত বোধ করিয়া নিরতিশয় দীনতা ও দুঃখানুভব করেন, তদ্রূপ জীবগণ "আমি ব্রহ্ম" এই প্রামাণিক বাক্য দ্বারা ব্রহ্মভাব উপলব্ধি না করিয়া, আত্মা ও ঈশ্বরকে পৃথক্‌রূপে উপলব্ধি করে এবং এই অজ্ঞানতা হেতু ঈশ্বরের সহিত আত্মার সেব্য-সেবক ভাব সংস্থাপন করিয়া মোহাচ্ছন্ন হয়। শ্রুতি বলিয়াছেন, "যাহারা অন্য দেবতার উপাসনা করে এবং আমাকে ও অন্য দেবকে পৃথক্ জ্ঞান করে, তাহারা সেই সেই দেবতার পশুতুল্য। (৪অ। ১২ শ্লোকের তাৎপর্য্য দ্রষ্টব্য) ॥ ১৫ ॥

জ্ঞানেন তু তদজ্ঞানং যেষাং নাশিতমাত্মনঃ।
তেষামাদিত্যবজ্জ্ঞানং প্রকাশয়তি তৎ পরম্ ॥১৬॥

অন্বয়।—তু আত্মনঃ জ্ঞানেন (আত্মসাক্ষাৎকাররূপেণ) যেষাং (জীবানাং) অজ্ঞানং নাশিতং আদিত্যবৎ (সূর্য্যইব) তেষাং তৎ জ্ঞানং পরং (ব্রহ্মস্বরূপং পরমার্থতত্ত্বম্) প্রকাশয়তি (অবভাসয়তি) ॥ ১৬ ॥

প্রতিশব্দ।—কিন্তু আত্মবিষয়ক জ্ঞানের দ্বারা যাহাদিগের অজ্ঞান বিনষ্ট হইয়াছে, সূর্য্যের ন্যায় তাহাদিগের সেই জ্ঞান ব্রহ্মতত্ত্ব প্রকাশ করে ॥ ১৬ ॥

ব্যাখ্যা।—সূর্য্য যেমন সকল বস্তু প্রকাশ করেন, আত্ম-সাক্ষাৎ-কাররূপ জ্ঞানের দ্বারা যে সকল জীবের অজ্ঞান বিদূরিত হইয়াছে, তাহাদের সেই ভগবদ্‌জ্ঞানও, তদ্রূপে পরমার্থ-তত্ত্ব প্রকাশিত করিয়া থাকে ॥ ১৬ ॥

শঙ্করাচার্য্য।—জ্ঞানেন ইতি। জ্ঞানেন তু যেন অজ্ঞানেনাবৃতা মুহ্যন্তি জন্তবঃ তদজ্ঞানং যেষাং জন্তূনাং বিবেকজ্ঞানেনাত্মবিষয়েণ নাশিতমাত্মনো ভবতি তেষাং জন্তূনামাদিত্যবৎ যথাদিত্যঃ সমস্তং রূপজাতং অবভাসয়তি তদ্বৎ জ্ঞানং জ্ঞেয়ঞ্চ বস্তু সর্ব্বং প্রকাশয়তি তৎ পরমার্থতত্ত্বম্॥ ১৬॥

আনন্দগিরি।—তর্হি সর্ব্বেষামনাদ্যজ্ঞানাবৃতজ্ঞানত্বাৎ ব্যামোহাভাবাচ্চ কুতঃ সংসারনিবৃত্তিরিতি তত্রাহ জ্ঞানেনেতি। সর্ব্বমিতি পূর্ণত্বমুচ্যতে, জ্ঞেয়স্যৈব বস্তুনস্তৎ-পরিমিতিবিশেষণম্। তদ্ব্যাচষ্টে পরমার্থতত্ত্বমিতি॥ ১৬॥

রামানুজ।—জ্ঞানেনেতি। "সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি।" "জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা।" তথা "ন হি জ্ঞানেন সদৃশং পবিত্রম্" ইতি পূর্ব্বোক্তং স্বকালে সঙ্গময়তি জ্ঞানেনেতি। এবং বর্ত্তমানেষু সর্ব্বাত্মসু যেষামাত্মনামুক্তলক্ষণে নাত্মযাথাত্ম্যো-পদেশজনিতেনাত্মবিষয়েণাহরহরভ্যাসাধেয়াতিশয়েণ নিরতিশয়পবিত্রেন জ্ঞানেন তজ্জ্ঞানা-বরণমনাদিকালপ্রবৃত্তানন্তকর্ম্মসঞ্চয় [সংশয়] রূপমজ্ঞানং নাশিতং তেষাং তৎস্বাভাবিকং পরং জ্ঞানমপরিমিতমসঙ্কুচিতমাদিত্যবৎ সর্ব্বং যথাবস্থিতং প্রকাশয়তি। তেষামাদিত্যবজ্জ্ঞানমিতি বিনষ্টাজ্ঞানানাং বহুত্বাভিধানাদাত্মস্বরূপবহুত্বং "নত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে" ইত্যুপক্রমাবগতমত্র স্পষ্টতরমুক্তম্, ন চেদং বহুত্বমুপাধিকৃতং বিনষ্টাজ্ঞানানামুপাধিগন্ধা-ভাবাৎ। তেষামাদিত্যবজ্জ্ঞানমিতি ব্যতিরেকনির্দ্দেশাজ্জ্ঞানস্য স্বরূপানুবন্ধিধর্ম্মত্বমুক্তম্। আদিত্যদৃষ্টান্তেন চ জ্ঞাতৃজ্ঞানয়োঃ প্রভাপ্রভাবতোরিবাবস্থানঞ্চ, অতএব চ সংসার-দশায়াং জ্ঞানস্য কর্ম্মণা সঙ্কোচঃ, মোক্ষদশায়াং বিকাশশ্চোপপদ্যতে॥ ১৬॥

হনুমান্।—জ্ঞানেনেতি। জ্ঞানেন তু যেনাজ্ঞানেনাবৃতা মুহ্যন্তি জন্তবস্তদজ্ঞানং যেষাং জন্তূনাং বিবেকজ্ঞানেনাত্মবিষয়েণ নাশিতমাত্মনো ভবতি তেষাং জন্তূনামাদিত্য-বৎ, যথাদিত্যস্তমঃস্বরূপাদিজাতমবভাসয়তি তদ্বজ্জ্ঞানং জ্ঞেয়বস্তু সর্ব্বং প্রকাশয়তি তৎপরম্॥ ১৬॥

শ্রীধর।—জ্ঞানিনস্তু ন মুহ্যন্তীত্যাহ জ্ঞানেনেতি। আত্মনো ভগবতো জ্ঞানেন যেষাং তদ্বৈমুখ্যোপলক্ষকমজ্ঞানং নাশিতং তজ্জ্ঞানং তেষামজ্ঞানং নাশয়িত্বা তৎ পরং পরি-পূর্ণমীশ্বরস্বরূপং প্রকাশয়তি যদাদিত্যস্তমো নিরস্য সমস্তং বস্তুজাতং প্রকাশয়তি তদ্বৎ॥ ১৬॥'

বলদেব।—বিজ্ঞা ন মুহ্যন্তীত্যেতদাহ জ্ঞানেনেতি। "সর্ব্বং জ্ঞানপ্লবেন" ইতি "জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি" ইতি "ন হি জ্ঞানেন সদৃশম্" ইতি চোক্তমহিম্নাসদ্গুরুপ্রসাদলব্ধেন স্বপরাত্মবিষয়কেণ জ্ঞানেন যেষাং সৎপ্রসঙ্গিনাং তদ্বৈমুখ্যমজ্ঞানং নাশিতং প্রধ্বংসিতং তেষাং তজ্জ্ঞানং কর্ত্তৃ পরং প্রকাশয়তি। দেহাদেঃ পরং জীবং বৈষম্যাদিদোষাৎ পরমীশ্বরঞ্চ বোধ-য়তি। আদিত্যবৎ যথা রবিরুদিত এব তমো নিরস্যন্ যথাবদ্বস্তু প্রদর্শয়তি তথা সদ্গুরূপদেশ-লব্ধাত্মজ্ঞানং যথাবদাত্মব্যক্তি। অত্র বিনষ্টাজ্ঞানানাং জীবানাং বহুত্বং নিগদতা

পার্থসারথিনা মোক্ষে তেষাং তদ্দর্শিতং ঔপাধিকত্বং তস্য প্রত্যুক্তং নেমে জনাধিপা ইত্যুপক্রমোক্তঞ্চ তৎ সোপপত্তিকমভূৎ ॥ ১৬ ॥

মধুসূদন।—তর্হি সর্ব্বেষামনাত্মজ্ঞানাবৃতত্বাৎ কথং সংসারনিবৃত্তিঃ স্যাদত আহ-জ্ঞানেনেতি। তদাবরণবিক্ষেপশক্তিমদনাত্মনির্ব্বাচ্যমনৃতমনর্থব্রাতমূলাশ্রয়জ্ঞানমাত্মবিষয়মবিদ্যামায়াদিশব্দবাচ্যং আত্মনো জ্ঞানেন তু তদজ্ঞানং গুরূপদিষ্টবেদান্তমহাবাক্যজন্যেন শ্রবণমননিদিধ্যাসনপরিপাকনির্ম্মলান্তঃকরণবৃত্তিরূপেণ নির্ব্বিকল্পকসাক্ষাৎকারেণ শোধিততত্ত্বম্পদার্থাভেদরূপশুদ্ধসচ্চিদানন্দাখণ্ডৈকরসবস্তুমাত্রবিষয়েণ নাশিতং বাধিতং কালত্রয়েঽপ্যসদেবাসত্তয়াজ্ঞানমধিষ্ঠানচৈতন্যমাত্রতাং প্রাপিতং শুক্তাবিব রজতং শুক্তিজ্ঞানেন যেষাং শ্রবণমননাদিসাধনসম্পন্নানাং ভগবদনুগৃহীতানাং মুমুক্ষূণাং তেষাং তজ্জ্ঞানং কর্ত্তৃ আদিত্যবৎ যথাদিত্যঃ স্বোদয়মাত্রেণৈব তমো নিরবশেষং নিবর্ত্তয়তি নতু কিঞ্চিৎ সহায়মপেক্ষতে, তথা ব্রহ্মজ্ঞানমপি শুদ্ধসত্ত্বপরিণামত্বাদ্ব্যাপকপ্রকাশরূপং স্বোৎপত্তিমাত্রেণৈব সহ কার্য্যান্তরনিরপেক্ষতয়া সকার্য্যমজ্ঞানং নিবর্ত্তয়ৎ পরং সত্যজ্ঞানানন্তানন্দরূপমেকমেবাদ্বিতীয়ং পরমাত্মতত্ত্বং প্রকাশয়তি প্রতিচ্ছায়াগ্রহণমাত্রেণৈব কর্ম্মান্তরেণাভিব্যনক্তি। অত্রাজ্ঞানেনাবৃতং জ্ঞানেন নাশিতমিত্যজ্ঞানস্যাবরণত্বজ্ঞাননাশ্যত্বাভ্যাং জ্ঞানাভাবরূপত্বং ব্যাবর্ত্তিতম্, নহ্যভাবঃ কিঞ্চিদাবৃণোতি ন বা জ্ঞানাভাবো জ্ঞানেন নাশ্যতে স্বভাবনাশরূপত্বাৎ তস্য তস্মাদহমজ্ঞো মামন্যঞ্চ ন জানামীত্যাদি সাক্ষিপ্রত্যক্ষসিদ্ধং ভাবরূপমেবাজ্ঞানমিতি ভগবতো মতম্, বিস্তারস্ত্বদ্বৈতসিদ্ধৌ দ্রষ্টব্যঃ। যেষামিতি বহুবচনেনানিয়মো দর্শিতঃ। তথাচ শ্রুতিঃ "তদ্যো যো দেবানাং প্রত্যবুধ্যত স এব তদভবৎ তথর্ষীণাং তথা মনুষ্যাণাং তদিদমপ্যেতর্হি য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্ব্বং ভবতি" ইত্যাদিঃ। "যদ্বিষয়ং যদাশ্রয়মজ্ঞানং তদ্বিষয়তদাশ্রয়প্রমাণজ্ঞানাৎ তন্নিবৃত্তিঃ" ইতি ন্যায়প্রাপ্তনিয়মং দর্শয়তি তত্রাজ্ঞানগতমাবরণং দ্বিবিধম্, একং সতোঽপ্যসত্ত্বাপাদকং, অন্যত্তু ভাতমপ্যভানাপাদকং তত্রাদ্যং পরোক্ষাপরোক্ষসাধারণপ্রমাণজ্ঞানমাত্রান্নিবর্ত্ততে, অনুমিতেঽপি বহ্ন্যাদৌ পর্ব্বতে বহ্নির্নাস্তীত্যাদি ভ্রমাদর্শনাৎ। তথা "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মাস্তি" ইতি বাক্যাৎ পরোক্ষনিশ্চয়েঽপি ব্রহ্ম নাস্তীতি ভ্রমো নিবর্ত্তত এব, অস্ত্যেব ব্রহ্ম কিন্তু মম ন ভাতীত্যেকং ভ্রমজনকং দ্বিতীয়মভানাবরণং সাক্ষাৎকারাদেব নিবর্ত্ততে স চ সাক্ষাৎকারো বেদান্তবাক্যেনৈব জন্যতে নির্ব্বিকল্পক ইত্যাদ্যদ্বৈতসিদ্ধাবনুসন্ধেয়ম্ ॥ ১৬ ॥

নীলকণ্ঠ।—জ্ঞানেনেতি। তৎ আত্মন আবরকমজ্ঞানং যেষাং জ্ঞানেন ব্রহ্মাস্মীতি প্রমাণজেন নাশিতং তেষাং তৎ জ্ঞানং কর্ত্তৃ আদিত্যবৎ আদিত্যো যথা কৃৎস্নং দৃশ্যং প্রকাশয়তি তদ্বৎ পরং পরমাত্মতত্ত্বং। পরমার্থবস্তু প্রকাশয়তি অজ্ঞানজানর্থনিবৃত্ত্যর্থং জ্ঞানমেবেষ্টব্যমিতি ভাবঃ ॥ ১৬ ॥

বিশ্বনাথ।—জ্ঞানেনেতি। যথা অবিদ্যা তস্য জ্ঞানমাবৃণোতি, তথৈবাপরা তস্য বিদ্যাশক্তিরবিদ্যাং বিনাশ্য জ্ঞানং প্রকাশয়তীত্যর্থঃ। জ্ঞানেন বিদ্যাশক্ত্যা অজ্ঞানমবিদ্যাং তেষাং

জীবানাং জ্ঞানমেব কর্ত্তৃ, আদিত্যবদিতি। আদিত্যপ্রভা যথা অন্ধকারং বিনাশ্য ঘটপটাদিকং প্রকাশয়তি, তথৈব বিদ্যৈবাবিদ্যাং বিনাশ্য তজ্জীবনিষ্ঠং জ্ঞানং পরং অপ্রাকৃতং প্রকাশয়তি। তেন পরমেশ্বরো ন কমপি বধ্নাতি, নাপি কমপি মোচয়তি। কিন্তু অজ্ঞানজ্ঞানে প্রকৃতেরেব ধর্ম্মে ক্রমেণ বধ্নাতি মোচয়তি চ; কর্ত্তৃত্বভোক্তৃত্বতৎপ্রয়োজকত্বাদয়ো বন্ধকাঃ; অনাসক্তিশান্ত্যাদয়ো মোচকাশ্চ প্রকৃতেরেব ধর্ম্মাঃ। কিন্তু পরমেশ্বরস্যান্তর্যামিত্বে এব প্রকৃতেস্তে তে ধর্ম্মা উদ্বুধ্যন্তে ইত্যেতদংশেনৈব তস্য প্রয়োজকত্বমিতি ন তস্য বৈষম্যনৈর্ঘৃণ্যে॥ ১৬॥

তাৎপর্য্য।—শ্রীমন্মধুসূদন সরস্বতীয় অভিপ্রায়। জীবগণের জ্ঞান যদি অনাদি অজ্ঞান দ্বারা সমাচ্ছন্ন থাকিল, তবে তাহাদের সংসার-নিবৃত্তির উপায় কি? এই প্রশ্নের উত্তরস্বরূপে কথিত হইতেছে যে, যাঁহারা জ্ঞানী তাঁহাদের মোহ উপস্থিত হয় না, সুতরাং তাঁহাদিগকে সংসারেও বদ্ধ হইতে হয় না। গুরুর উপদেশক্রমে, বেদান্ত মহাবাক্যাদির পর্য্যালোচনা হেতু, শ্রবণ-মনন-নিদিধ্যাসন দ্বারা যাঁহাদের অন্তঃকরণ নির্ম্মল হয়, তাঁহাদেরই যথার্থ আত্মজ্ঞান জন্মে। নির্ব্বিকল্প সংক্ষাৎকার দ্বারা তাঁহাদের তৎপদার্থ-স্বরূপ ব্রহ্ম এবং ত্বম্পদার্থ স্বরূপ জীব এতদুভয়ের প্রভেদ-বুদ্ধি তিরোহিত হওয়ায়, তাঁহারা সচ্চিদানন্দরূপ আত্ম-জ্ঞানের অধিকারী হন। তাঁহাদের সেই আত্ম-জ্ঞান দ্বারা ভ্রান্তিরূপ অজ্ঞান নিঃশেষে বিদূরিত হয়। শুক্তিজ্ঞান জন্মিলেই যেমন শুক্তিতে রজত-ভ্রম নিবারিত হয়, সেইরূপ শ্রবণমননাদি সাধন-সম্পন্ন ভগবদনুগৃহীত মুমুক্ষুগণের আত্মজ্ঞান অজ্ঞানের নাশ করে। সূর্য্য যেমন উদয় মাত্র নিঃশেষে তমোরাশি বিদূরিত করেন, এবং তদ্বিষয়ে কাহারও সাহায্যের অপেক্ষা করেন না, তদ্রূপ হৃদয়াকাশে চিত্তশুদ্ধির পরিণামভূত প্রকাশকরূপ ব্রহ্মজ্ঞান সমুদিত হইলে, অজ্ঞানরূপ অন্ধকার নিঃশেষে নাশ করেন এবং সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, অনন্তস্বরূপ, আনন্দস্বরূপ, অদ্বিতীয় পরমাত্ম-তত্ত্বের প্রকাশ করেন। নৈয়ায়িকদিগের মতে জ্ঞানের অভাবই অজ্ঞান বলিয়া সমর্থিত হয়। কিন্তু এস্থলে অজ্ঞানকে জ্ঞানের আবরক এবং জ্ঞান দ্বারা অজ্ঞানের নাশ হয়, এই ভগবদ্বাক্য দ্বারা অজ্ঞানেও পৃথগস্তিত্ব স্বীকৃত হইল এবং অজ্ঞান যে কেবল জ্ঞানের অভাবই নহে, ইহাও প্রতিপাদিত হইল। অভাব পদার্থ পদার্থান্তরকে আবরণ করিয়া রাখা সম্ভবপর নহে; সুতরাং জ্ঞানদ্বারা জ্ঞানের অভাবরূপ

অজ্ঞান বিনষ্ট হওয়া, কখনই সম্ভব নহে। বস্তুতঃ অজ্ঞানেরও ভাব অর্থাৎ অস্তিত্ব আছে। বৈদান্তিকেরা অজ্ঞানের পৃথগস্তিত্ব স্বীকার করেন। নৈয়ায়িকের মত এস্থলে খণ্ডিত হইল। মূলস্থিত "যেষাং" এই বহুবচন যুক্ত পদ প্রয়োগে ইহাই পরিব্যক্ত হইতেছে যে, যে কেহ জ্ঞানবলে অজ্ঞান নাশ করিতে সক্ষম, তাঁহারই মোহ অসম্ভব; এ সম্বন্ধে নিয়মান্তর নাই। অজ্ঞানকৃত আবরণ দ্বিবিধ; প্রথম, সৎ হইলেও সৎ নহে বলিয়া ভ্রম; দ্বিতীয় ভাত হইলেও, ভাত নহে বলিয়া ভ্রম। প্রথম ভ্রম পরোক্ষ অপরোক্ষ প্রমাণজনিত জ্ঞানের দ্বারা নিবার্য্য। ধূমদর্শনে পর্ব্বতে বহ্নি আছে বলিয়া অনুমান হয়; তথায় বহ্নি নাই, ইহা না বুঝিলে সে ভ্রম অপগত হয় না। "সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মাস্তি" অর্থাৎ সত্যস্বরূপ, জ্ঞানস্বরূপ, অনন্তস্বরূপ ব্রহ্ম আছেন। এই বাক্যদ্বারা পরোক্ষ নিশ্চয় হইলে ব্রহ্ম নাই বলিয়া যে ভ্রম ছিল তাহা অপগত হয়। কিন্তু ব্রহ্ম থাকিলেও, হৃদয়ে তাঁহার স্ফূর্ত্তি না হওয়ায় যে দ্বিতীয় প্রকার ভ্রমের উদ্ভব হয়, তাহা ব্রহ্মসাক্ষাৎকার দ্বারা নিবৃত্ত হয়। বেদান্তবাক্যজনিত জ্ঞানবলে নির্ব্বিকল্প সাক্ষাৎকার দ্বারা ব্রহ্মাত্মৈক্য বোধ জন্মে। অতএব অজ্ঞান যেরূপেই জ্ঞানকে আবৃত করুক না কেন, জ্ঞান বলবান্ হইলেই তাহা হইতে মুক্ত হইতে পারে।

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। শ্রীভগবান্ পূর্ব্বে "সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব বৃজিনং সন্তরিষ্যসি" (৪ অ। ৩৬), "জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে তথা" (৪ অ। ৩৭), "নহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে" (৪ অ। ৪৮) ইত্যাদি বাক্যে জ্ঞানের মহিমা কীর্ত্তিত করিয়াছেন। এক্ষণে আবার তাহারই সামঞ্জস্য প্রদর্শন করিতেছেন। অতিশয় পবিত্র জ্ঞানের দ্বারা যাঁহাদের অনাদিকাল প্রবৃত্ত, অনন্ত কর্ম্ম-সংশয়রূপ অজ্ঞানাবরণ নাশিত হয়, তাঁহারই পরজ্ঞান, অপরিমিত, অসঙ্কুচিত সূর্য্যের ন্যায়, যথাবস্থিত সর্ব্ব বস্তুর প্রকাশ করে। বিনষ্টাজ্ঞানদিগের বহুত্ব বিজ্ঞাপনার্থ "তেষাং" এই বহুবচনযুক্ত পদ প্রযুক্ত হইয়াছে। "নত্বেবাহং জাতু নাসং ন ত্বং নেমে জনাধিপাঃ" (২। ১২) ইত্যাদি শ্লোকের ভাব এতদ্দ্বারা স্পষ্টীকৃত হইল। বহুত্বরূপ উপাধি থাকিলেও যাঁহাদিগের অজ্ঞান বিনষ্ট হইয়াছে, তাঁহাদিগের উপাধি-সম্বন্ধ থাকে না। আদিত্যের দৃষ্টান্তের দ্বারা ইহাই প্রতিপাদিত হইতেছে।

যে, জ্ঞান ও অজ্ঞান, প্রভা ও প্রভাবানের ন্যায় অবস্থিত। অর্থাৎ সংসারদশায় কর্ম্মের দ্বারা জ্ঞানের সংকোচ এবং মোক্ষদশায় বিকাশ প্রতিপাদিত হইল ॥ ১৬ ॥

তদ্বুদ্ধয়স্তদাত্মানস্তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ ॥ ১৭ ॥

অন্বয়।—তৎ বুদ্ধয়ঃ (তস্মিন্ পরমাত্মতত্ত্বে বুদ্ধিঃ নিশ্চয়াত্মিকান্তঃ-করণবৃত্তিঃ যেষাং তে) তৎ-আত্মানঃ (তৎ পরংব্রহ্ম আত্মা যেষাং তে) তৎ-নিষ্ঠাঃ (তস্মিন্ ব্রহ্মণি নিষ্ঠা স্থিতিঃ যেষাং তে) তৎ-পরায়ণাঃ (তং ব্রহ্মৈব পরময়নং আশ্রয়ঃ যেষাং তে) জ্ঞান-নির্দ্ধূত-কল্মষাঃ (জ্ঞানেন নির্দ্ধূতং উন্মূলিতং কল্মষং পুণ্যপাপরূপং যেষাং তে) অপু-নরাবৃত্তিং (পুনর্দেহাপ্রাপ্তিরূপাং মুক্তিম্ গচ্ছন্তি (যান্তি) ॥ ১৭ ॥

প্রতিশব্দ।—পরমাত্মাতে যাহাদের স্থিরা-বুদ্ধি, পরব্রহ্মই যাহাদের আত্ম-স্বরূপ, ব্রহ্মেই যাহাদের স্থিতি, ব্রহ্মই যাহাদের শ্রেষ্ঠ-আশ্রম, জ্ঞান-দ্বারা যাহাদের পাপ-পুণ্য-নিবৃত্ত পুনর্জন্মাভাবরূপ-মোক্ষে গমন করেন ॥ ১৭ ॥

ব্যাখ্যা।—পরমাত্মাতে যাঁহাদের বুদ্ধি নিশ্চয়রূপে অধিষ্ঠিত, যাঁহারা পরব্রহ্মকেই আত্মস্বরূপে উপলব্ধি করেন, ব্রহ্মেই যাঁহাদের সর্ব্বকর্ম্ম পর্য্যবসিত, ব্রহ্মই যাঁহাদের একমাত্র অবলম্বন, পুণ্য-পাপ পরিবর্জ্জিত হইয়া সেই মহাত্মারা বারবার গমনাগমনের হস্ত হইতে অব্যাহতি লাভ করেন ॥ ১৭ ॥

শঙ্করাচার্য্য।—যৎ পরং জ্ঞানং প্রকাশিতং তদ্বুদ্ধয় ইতি। তস্মিন্ গতা বুদ্ধির্যেষাং তে তদ্বুদ্ধয়ঃ, তদাত্মানস্তদেব পরং ব্রহ্ম আত্মা যেষাং তে তদাত্মানঃ, তন্নিষ্ঠা ইতি তন্নিষ্ঠা নিষ্ঠাভিনিবেশস্তাৎপর্য্যং সর্ব্বাণি কর্ম্মাণি সন্ন্যস্ত ব্রহ্মণ্যেবাবস্থানং যেষাং তে তন্নিষ্ঠাঃ, তৎপরায়ণাশ্চ তদেব পরময়নং পরা গতির্যেষাং ভবতি তে তৎপরায়ণাঃ কেবলাত্মরতয় ইত্যর্থঃ, তে গচ্ছন্ত্যেবংবিধা অপুনরাবৃত্তিং পুনর্দ্দেহসম্বন্ধং ন গৃহ্নন্তি, জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ

যথোক্তেন জ্ঞানেন নির্দ্ধূতো নিরস্তো নাশিতঃ কল্মষঃ পাপাদিসংসারকারণদোষো যেষাং তে জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ যতয় ইত্যর্থঃ ॥ ১৭ ॥

আনন্দগিরি।—বিদুষাং বিবিদিষূণাঞ্চান্তরঙ্গাণি বিদ্যাপরিপাকসাধনানি ইত্যুপদিদিক্ষুরুত্তরশ্লোকস্তাপেক্ষিতং পূরয়তি যৎ পরমিতি। তস্মিন্ পরমার্থতত্ত্বে পরস্মিন্ ব্রহ্মণি বাহ্যং বিষয়মপোহ্য গতা প্রবৃত্তা শ্রবণমনননিদিধ্যাসনৈরসকৃদনুষ্ঠিতৈর্বুদ্ধিঃ সাক্ষাৎকার লক্ষণা যেষাং তে তথেতি। প্রথমবিশেষণং বিভজতে তস্মিন্নিতি। তর্হি, বোদ্ধা জীবো বোদ্ধব্যং ব্রহ্মেতি জীবব্রহ্মভেদাভ্যুপগমো নেত্যাহ তদাত্মান ইতি। কল্পিত বোদ্ধৃবোদ্ধব্যত্বং বস্তুতস্তু ন ভেদোঽস্তীত্যঙ্গীকৃত্য ব্যাচষ্টে তদেবেতি। নমু দেহাদাবাত্মাভিমানমপনীয় ব্রহ্মণ্যেবাহমস্মীত্যবস্থানং তত্তদনুষ্ঠীয়মানকর্ম্মপ্রতিবন্ধান্ন সিধ্যতীত্যাশঙ্ক্য বিশেষণান্তরমাদত্তে তন্নিষ্ঠা ইতি। তত্র নিষ্ঠাশব্দার্থং দর্শয়ন্ বিবক্ষিতমর্থমাহ নিষ্ঠেত্যাদিনা। তথাপি পুরুষার্থান্তরাপেক্ষাপ্রতিবন্ধাৎ কথং যথোক্তে ব্রহ্মণ্যেবাবস্থানং সেদ্ধুং পারয়তি তত্রাহ তৎপরায়ণাশ্চেতি। যথোক্তানামধিকারিণাং পরমপুরুষার্থত্বোক্তব্রহ্মানতিরেকান্নান্যত্রাসক্তিরিতি তাৎপর্য্যার্থমাহ কেবলেতি। নমু যথোক্তবিশেষণবতাং বর্ত্তমানদেহপাতেঽপি দেহান্তরপরিগ্রহব্যগ্রতয়া কুতো যথোক্তে ব্রহ্মণ্যবস্থানমাস্থাতুং শক্যতে তত্রাহ তে গচ্ছন্তীতি। সতি সংসারকারণে দুরিতাদৌ সংসারপ্রসরস্য দুর্ব্বারত্বান্নাপুনরাবৃত্তিরিত্যাশঙ্ক্যাহ জ্ঞানেতি। উক্তবিশেষসম্পত্ত্যা দর্শিতফলশালিত্বমাশ্রমান্তরেষসম্ভাবিতমিতি মন্বানো বিশিনষ্টি যতয় ইতি ॥ ১৭ ॥

রামানুজ।—তদ্বুদ্ধয় ইতি। তদ্বুদ্ধয়স্তথাবিধাত্মদর্শনাধ্যবসায়াঃ। তদাত্মানস্তদ্বিষয়মনসঃ তন্নিষ্ঠাস্তদভ্যাসনিরতাঃ তৎপরায়ণাস্তদেব পরময়নং যেষাং তে এবমভ্যস্যমানেন জ্ঞানেন নির্দ্ধূতপ্রাচীনকল্মষাঃ। তথাবিধমাত্মানমপুনরাবৃত্তিং গচ্ছন্তি। যদবস্থাত্মনঃ পুনরাবৃত্তির্ন বিদ্যতে স আত্মা অপুনরাবৃত্তিঃ স্বেন স্বরূপেণাবস্থিতস্তমাত্মানং গচ্ছন্তীত্যর্থঃ ॥ ১৭ ॥

হনুমান্।—তদ্বুদ্ধয় ইতি। আত্মতত্ত্বং যৎ পরং জ্ঞানং প্রকাশিতং তস্মিন্ গতা বুদ্ধির্যেষাং তে তদ্বুদ্ধয়স্তদেব পরং ব্রহ্মাত্মা যেষাং তে তদাত্মানঃ তন্নিষ্ঠা তস্মিন্ নিষ্ঠা অভিনিবেশস্তাৎপর্য্যং সর্ব্বাণি কর্ম্মাণি সন্ন্যস্য ব্রহ্মণ্যেবাবস্থানং যেষাং তে তন্নিষ্ঠাঃ তৎপরায়ণাশ্চ তদেব পরময়নং পরা গতির্যেষাং ভবতি তৎপরায়ণাঃ কেবলাত্মরতা ইত্যর্থঃ। তে গচ্ছন্তি এবংবিধা অপুনরাবৃত্তিং ন পুনর্দেহসম্বন্ধং জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ যথোক্তজ্ঞানেন নির্দ্ধূতা নাশিতঃ কল্মষঃ পাপাদিসংসারকারণদোষো যেষাং তে জ্ঞাননির্দ্ধূতকল্মষা যতয় ইত্যর্থঃ ॥ ১৭ ॥

শ্রীধর।—এবং ভূতেশ্বরোপাসকানাং ফলমাহ তদিতি। তস্মিন্নেব বুদ্ধির্নিশ্চয়াত্মিকা যেষাম্, তস্মিন্নেব আত্মা প্রযত্নো যেষাম্, তস্মিন্নেব নিষ্ঠা তাৎপর্য্যং যেষাম্, তদেব পরময়নাশ্রয়ো যেষাম্, ততশ্চ তৎপ্রসাদলব্ধেনাত্মজ্ঞানেন নির্দ্ধূতং নিরস্তং কল্মষং যেষাং তেঽপুনরাবৃত্তিং যান্তি ॥ ১৭ ॥

বলদেব।—পরমাত্মস্তদবৈষম্যাদি ধ্যায়তাং ফলমাহ তদিতি। তস্মিংস্তদবৈষম্যাদিকে গুণগণে বুদ্ধির্নিশ্চয়াত্মিকা যেষাং তে। তদাত্মানস্তস্মিন্ নিবিষ্টমনসঃ তন্নিষ্ঠাস্তত্তাৎপর্য্যবস্তঃ তৎপরায়ণাস্তৎসমাশ্রয়াঃ এবমভ্যাস্তেন তদবৈষম্যাদিগুণজ্ঞানেন নির্দ্ধূতকল্মষা বিনষ্টতদ্বৈমুখ্যাঃ সন্তঃ অপুনরাবৃত্তিং মুক্তিং গচ্ছন্তীতি ॥ ১৭ ॥

মধুসূদন।—তদ্বুদ্ধয় ইতি। জ্ঞানেন পরমাত্মতত্ত্বপ্রকাশে সতি তস্মিন্ জ্ঞানপ্রকাশিতে পরমাত্মতত্ত্বে সচ্চিদানন্দঘন এব বাহ্যসর্ব্ববিষয়পরিত্যাগেন সাধনপরিপাকাৎ পর্য্যবসিতা বুদ্ধিরন্তঃকরণবৃত্তিঃ সাক্ষাৎকারলক্ষণা যেষাং তে তদ্বুদ্ধয়ঃ সর্ব্বদা নির্বীজসমাধিভাজ ইত্যর্থঃ। তৎ কিং বোদ্ধারো জীবাঃ বোদ্ধব্যং ব্রহ্মতত্ত্বমিতি বোদ্ধৃবোদ্ধব্যলক্ষণভেদোঽস্তি নেত্যাহ। তদাত্মানঃ তদেব পরং ব্রহ্মাত্মা যেষাং তে তথা, বোদ্ধৃবোদ্ধব্যভেদো হি মায়াবিজৃম্ভিতো ন বাস্তবাভেদবিরোধীতিভাবঃ। নমু তদাত্মান ইতি বিশেষণং ব্যর্থং অবিদ্বদ্ব্যাবৃত্তয়ে হি বিদ্বদ্বিশেষণম্, অজ্ঞা অপি হি বস্তুগত্যা তদাত্মান ইতি কথং তদ্ব্যাবৃত্তিরিতি চেৎ ন ইতরাত্মত্বব্যাবৃত্তৌ তাৎপর্য্যাৎ, অজ্ঞা হি অনাত্মভূতে দেহাদাবাত্মাভিমানিন ইতি ন তদাত্মান ইতি ব্যপদিশ্যন্তে, বিজ্ঞাস্ত নিবৃত্তদেহাদ্যভিমানা ইতি বিরোধিনিবৃত্ত্যা তদাত্মান ইতি ব্যপদিশ্যন্ত ইতি যুক্তং বিশেষণম্। নমু কর্ম্মানুষ্ঠানবিক্ষেপে সতি কথং দেহাদ্যভিমাননিবৃত্তিরিতি তত্রাহ তন্নিষ্ঠাঃ তস্মিন্নেব ব্রহ্মণি সর্ব্বকর্ম্মানুষ্ঠানবিক্ষেপনিবৃত্ত্যা নিষ্ঠা স্থিতির্যেষাং তে তন্নিষ্ঠাঃ সর্ব্বকর্ম্মসন্ন্যাসেন তদেকবিচারপরা ইত্যর্থঃ। ফলরাগে সতি কথং তৎসাধনভূতকর্ম্মত্যাগ ইতি তত্রাহ তৎপরায়ণাঃ তদেব পরময়নং প্রাপ্তব্যং যেষাং তে তৎপরায়ণাঃ সর্ব্বতো বিরক্তা ইত্যর্থঃ। অত্র তদ্বুদ্ধয় ইত্যনেন সাক্ষাৎকার উক্তঃ, তদাত্মান ইত্যানাত্মাভিমানরূপবিপরীতভাবনানিবৃত্তিফলকো নিদিধ্যাসনপরিপাকঃ, তন্নিষ্ঠা ইত্যনেন সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বকঃ প্রমাণপ্রমেয়গতাসম্ভাবনানিবৃত্তিফলকো বেদান্তবিচারঃ শ্রবণমননপরিপাকরূপঃ, তৎপরায়ণা ইত্যনেন বৈরাগ্যপ্রকর্ষ ইত্যুত্তরোত্তরস্য পূর্ব্বপূর্ব্বহেতুত্বং দ্রষ্টব্যম্। উক্তবিশেষণাঃ যতয়ো গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং পুনর্দ্দেহসম্বন্ধাভাবরূপাং মুক্তিং প্রাপ্নুবন্তি। সকৃন্মুক্তানামপি পুনর্দ্দেহসম্বন্ধঃ কুতো ন স্যাদিতি তত্রাহ জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ জ্ঞানেন নির্দ্ধূতং সমূলমুন্মূলিতং পুনর্দ্দেহসম্বন্ধকারণং কল্মষং পুণ্যপাপাত্মকং কর্ম্ম যেষাং তে তথা, জ্ঞানেন অনাত্মজ্ঞাননিবৃত্ত্যা তৎকার্য্যকর্ম্মক্ষয়ে তন্মূলকং পুনর্দ্দেহগ্রহণং কথং ভবেদিতি ভাবঃ ॥ ১৭ ॥

নীলকণ্ঠ।—তদ্বুদ্ধয় ইতি। যৎ পরং ব্রহ্ম প্রশান্তং তত্রৈব বুদ্ধিঃ অস্তি ব্রহ্মেতি নিশ্চয়ো যেষামাপাততঃ শ্রুত্যর্থবিদ্যাং তে তদ্বুদ্ধয়ঃ, তদেব আত্মা প্রত্যক্তত্বং যেষাং শ্রবণমননাত্মকবিচারেণ প্রমাণপ্রমেয়গতাসম্ভাবনাবিহীনানাং তে তদাত্মানঃ, তত্রৈব নিষ্ঠা বিজাতীয়বৃত্ত্যনন্তরিতসজাতীয়বৃত্তিপ্রবাহো যেষাং দেহাদাবনাত্মনি আত্মধীরূপবিপরীতভাবনারহিতানাং তে তন্নিষ্ঠাঃ, তদেব পরং অয়নং অজ্ঞানরূপোপাধিনিরাসেন প্রাপ্যং যেষাং অখণ্ডানন্দমগ্নানাং তে তৎপরায়ণাঃ, অপুনরাবৃত্তিং মোক্ষং গচ্ছন্তি, যতঃ জ্ঞানেন নির্দ্ধূতং কল্মষং মূলাজ্ঞানং সংসারবীজভূতং যেষাং তে জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ ॥ ১৭ ॥

বিশ্বনাথ —তদ্বুদ্ধয় ইতি। কিন্তু বিদ্যা জীবাত্মজ্ঞানমেব প্রকাশয়তি, নতু পরমাত্মানং "ভক্ত্যাহমেকয়া গ্রাহ্যঃ" ইতি ভগবদুক্তেঃ। তস্মাৎ পরমাত্মজ্ঞানার্থং জ্ঞানিভিরপি পুনর্ব্বিশেষতো ভক্তিঃ কার্য্যা ইত্যত আহ তদ্বুদ্ধয় ইতি। তৎপদেন পূর্ব্বপ্রক্রান্তো বিভুঃ পরামৃশ্যতে। তস্মিন্ পরমেশ্বর এব বুদ্ধির্যেষাং তে, তন্মননপরা ইত্যর্থঃ। তদাত্মানস্তন্মনস্কাস্তমেব ধ্যায়ন্ত ইত্যর্থঃ। তন্নিষ্ঠাঃ "জ্ঞানঞ্চ ময়ি সন্ন্যসেৎ" ইতি ভগবদুক্তেঃ। দেহাতিরিক্তাত্মজ্ঞানেঽপি সাত্ত্বিকে নিষ্ঠাং পরিত্যজ্য তদেকনিষ্ঠাস্তৎপরায়ণাস্তদীয়শ্রবণকীর্ত্তনপরাঃ। যদ্বক্ষ্যতে,—"ভক্ত্যামামভিজানাতি যাবান্ যশ্চাস্মি তত্ত্বতঃ। ততো মাং তত্ত্বতো জ্ঞাত্বা বিশতে তদনন্তরম্॥" ইতি। জ্ঞাননির্দ্ধূতকল্মষাঃ জ্ঞানেন বিদ্যয়ৈব পূর্ব্বমেব ধ্বস্তসমস্তাবিদ্যাঃ॥ ১৭॥

তাৎপর্য্য।—শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। এইরূপ জ্ঞানসম্পন্ন ব্যক্তিবর্গের যে শুভ পরিণাম ঘটে, তাহাই কথিত হইতেছে। সেই জ্ঞান-দ্বারা প্রকাশিত, সচ্চিদানন্দঘন পরমাত্মতত্ত্বে, বাহ্য সর্ব্ব বিষয় পরিত্যাগ পূর্ব্বক, যাহাদের অন্তঃকরণ-বৃত্তিরূপা বুদ্ধি পর্য্যবসিত হইয়াছে, তাঁহারাই "তদ্বুদ্ধয়ঃ"; অর্থাৎ তাঁহারা সাধনের পরিপাক হেতু, ক্রমশঃ নির্ব্বীজ সমাধি-সম্পন্ন হইয়াছেন। জীবই বোদ্ধা এবং ব্রহ্মতত্ত্বই বোদ্ধব্য, ইত্যাকার বোদ্ধৃবোদ্ধব্যবিষয়ক ভেদবুদ্ধি সে অবস্থায় আর থাকে না; পরবর্ত্তী বিশেষণবাক্যে ইহাই স্ফুটীকৃত হইতেছে। সেই পরব্রহ্মই যাঁহাদের আত্মা, তাঁহারাই "তদাত্মানঃ"। অর্থাৎ সেই ব্রহ্ম ব্যতীত জীব-দেহগত আত্মার স্বাতন্ত্র্য-বোধ তাঁহাদের অপগত হইয়াছে; সুতরাং সে অবস্থায় ব্রহ্মকে তাঁহারা অভিন্ন বলিয়াই হৃদয়ঙ্গম করিয়াছেন। তাদৃশ অবস্থায় মায়াবিজৃম্ভিত বোদ্ধৃ-বোদ্ধব্যবিষয়ক ভেদ-বুদ্ধি কখনই থাকিতে পারে না। কিন্তু কর্ম্মানুষ্ঠান নিবৃত্ত না হইলে, দেহাদি-বিষয়ে অভিমান শূন্য হওয়া যায় না; এই জন্যই পরবর্ত্তী সার্থক বিশেষণ প্রযুক্ত হইয়াছে। সেই ব্রহ্মেই যাঁহাদের সকল কর্ম্ম সংস্থিত তাঁহারাই "তন্নিষ্ঠাঃ"। অর্থাৎ তাঁহারা সকল কর্ম্ম ব্রহ্মে সমর্পণ করিয়া কেবল ব্রহ্মতত্ত্ব পর্য্যালোচনা ব্যাপারেই চিত্ত সংযম করিয়াছেন। কিন্তু ফলবিষয়ে আসক্তি থাকিলে কর্ম্মত্যাগ কখনই সম্ভব হয় না; এই জন্যই পদে আর একটি বিশেষণ প্রযুক্ত হইয়াছে। সেই ব্রহ্মই যাঁহাদের একমাত্র লক্ষিত ও প্রাপ্তব্য, আশ্রয় ও অবলম্বন, তাঁহারাই "তৎপরায়ণাঃ"। অর্থাৎ ব্রহ্ম ব্যতীত বিশ্বের যাবতীয় ব্যাপারে তাঁহারা বিরক্ত ও কামনা-শূন্য। এস্থলে উল্লিখিত কয়টি বিশেষণ বাক্য দ্বারা যোগমার্গের সোপান-পরম্পরা প্রদর্শিত

হইয়াছে এবং পরবর্ত্তী বাক্য পূর্ব্ববর্ত্তী বাক্যের হেতুস্বরূপে প্রযুক্ত হইয়াছে। "তদ্বুদ্ধয়ঃ" এই বাক্য দ্বারা ব্রহ্মের সাক্ষাৎকার সূচিত হইয়াছে। তদাত্মানঃ" শব্দ দ্বারা নিদিধ্যাসনের পরিপাকাবস্থা প্রকটিত হইয়াছে। "তন্নিষ্ঠাঃ" এই বাক্য দ্বারা শ্রবণমননের পরিপাকাবস্থা লক্ষিত হইয়াছে। "তৎপরায়ণাঃ" এই বাক্যে বৈরাগ্য সূচিত হইয়াছে। উল্লিখিত বিশেষণ সমূহের আস্পদীভূত যতিগণ পুনরায় দেহপ্রাপ্তিসম্ভাবনার অভাবরূপা মুক্তি লাভ করেন; অর্থাৎ দেহ ধারণ করিয়া তাঁহাদের পুনরায় জন্ম-মরণের অধীন হইতে হয় না। একবার মুক্ত হইলেই পুনরায় দেহসম্বন্ধ না ঘটিবে কেন? তাহারই উত্তর স্বরূপে কথিত হইতেছে যে, যাঁহাদের জ্ঞানদ্বারা দেহ সম্বন্ধের কারণস্বরূপ পুণ্য-পাপাত্মক কর্ম্ম-সমূহ সমূলে উন্মূলিত হইয়াছে, তাঁহাদের পুনরায় শরীর-ধারণের সম্ভাবনা নাই; কারণ, জ্ঞান দ্বারা তাঁহাদের অনাদি অজ্ঞানের নিবৃত্তি হয়; সুতরাং তাহার কার্য্যস্বরূপ কর্ম্মেরও ক্ষয় হইয়া যায়। কর্ম্ম-জন্যই জীবের এই দেহ-সম্বন্ধ হয়; কর্ম্ম ক্ষয় হইলে আর দেহসম্বন্ধ কেন হইবে?

শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। বিদ্যা দ্বারা জীবাত্মজ্ঞানই সমুদ্ভাসিত হয়; পরমাত্ম-জ্ঞান তো তাহাতে প্রকাশিত হয় না। ভক্তিই ভগবজ্জ্ঞানের একমাত্র সম্বল। অতএব পরমার্থ-জ্ঞানলাভার্থ জ্ঞানীজনেরও সবিশেষরূপে ভক্তিপথের পথিক হওয়া আবশ্যক, ইহাই এই শ্লোকে কথিত হইতেছে। এই শ্লোকস্থ "তৎ" পদদ্বারা পূর্ব্বোক্ত বিভুই লক্ষিত। তাঁহাতে যাঁহাদের বুদ্ধি সংস্থিত এবং যাঁহারা তন্মনন-পরায়ণ, কেবল তাঁহারই ধ্যানে যাঁহারা নিমগ্ন, যাঁহাদের জ্ঞানও সেই ব্রহ্মে পর্য্যবসিত, যাঁহারা কেবল তাঁহারই শ্রবণ-কীর্ত্তন-পরায়ণ, তাঁহাদের জ্ঞানদ্বারা পূর্ব্বকালীন যাবতীয় অবিদ্যা বিনষ্ট হইয়া যায়। তাদৃশ ব্যক্তির আর পুনর্জন্ম হয় না॥ ১৭॥

বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ ॥ ১৮ ॥

অন্বয়।—বিদ্যা-বিনয়-সম্পন্নে (বিদ্যা বেদার্থপরিজ্ঞানং বিনয়ঃ অনৌদ্ধত্যং তাভ্যাং সম্পন্নে বিশিষ্টে) ব্রাহ্মণে (ব্রহ্মমুখ-সমুৎপন্নে বর্ণশ্রেষ্ঠে) শ্বপাকে (সর্ব্বাধমে চণ্ডালে) চ এব গবি হস্তিনি শুনি (কুক্কুরে) চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ (সমং ব্রহ্মৈব দ্রষ্টুং শীলং যেষাং তে) ॥ ১৮ ॥

প্রতিশব্দ।—জ্ঞান-নিরহঙ্কার-যুক্ত ব্রাহ্মণে এবং চণ্ডালে-ও গাভীতে, হস্তীতে, কুক্কুরে জ্ঞানীগণ ব্রহ্মবৎ-দৃষ্টি-যুক্ত ॥ ১৮ ॥

ব্যাখ্যা।—পণ্ডিতগণ জ্ঞান ও বিনয় সমন্বিত বর্ণ-শ্রেষ্ঠ ব্রাহ্মণ ও অধম চণ্ডাল এবং গাভী, হস্তী ও কুক্কুর সকলকেই ব্রহ্ম-বোধে সমভাবে দর্শন করেন ॥ ১৮ ॥

শঙ্করাচার্য্য।—যেষাং জ্ঞানেন নাশিতমাত্মনোঽজ্ঞানং তে পণ্ডিতাঃ কথং তত্ত্বং পশ্যন্তীত্যুচ্যতে বিদ্যেতি। বিদ্যাবিনয়সম্পন্নে বিদ্যা চ বিনয়শ্চ বিদ্যাবিনয়ৌ বিদ্যা আত্মনো বোধো বিনয়শ্চ উপশমঃ, তাভ্যাং বিদ্যাবিনয়াভ্যাং সম্পন্নো বিদ্যাবিনয়সম্পন্নো বিদ্বান্ বিনীতশ্চ যো ব্রাহ্মণস্তস্মিন্ ব্রাহ্মণে গবি হস্তিনি শুনি চৈব শ্বপাকে চ পণ্ডিতাঃ সমদর্শিনঃ বিদ্যাবিনয়সম্পন্নে উত্তমসংস্কারবতি ব্রাহ্মণে সাত্ত্বিকে মধ্যমায়াঞ্চ রাজস্যাং গবি, সংস্কার-হীনায়ামত্যন্তমেব কেবলতামসে হস্ত্যাদৌ চ সত্ত্বাদিগুণৈস্তজ্জৈশ্চ সংস্কারৈস্তথারাজসৈস্তথা তামসৈশ্চ সংস্কারৈরত্যন্তমেবাস্পৃষ্টং সমমেকমবিক্রিয়ং ব্রহ্ম দ্রষ্টুং শীলং যেষাং তে পণ্ডিতাঃ সমদর্শিনঃ ॥ ১৮ ॥

আনন্দগিরি।—যদপুনরাবৃত্তিসাধনং তত্ত্বজ্ঞানং তদেব প্রশ্নদ্বারেণ বিবৃণোতি যেষামিত্যাদিনা। বিদ্যা বেদার্থবিজ্ঞানমিত্যঙ্গীকৃত্য বিনয়ং ব্যাচষ্টে বিনয় ইতি। উপশমে নিরহঙ্কারত্বমনৌদ্ধত্যম্। পদার্থমেবমুক্ত্বা বাক্যার্থং দর্শয়তি বিদ্বানিতি। গবীত্যাদ্যনূদ্য বাক্যার্থং কথয়তি বিদ্যেতি। হস্ত্যাদৌ পণ্ডিতাঃ সমদর্শিন ইত্যুত্তরত্র সম্বন্ধঃ। তত্র তত্র প্রাণিপ্রভেদেষু তত্তদ্গুণৈস্তত্তন্নিমিত্তসংস্কারৈশ্চ সংস্পৃষ্টত্বসম্ভবায় ব্রহ্মণঃ সমত্বমিত্যাশঙ্ক্যাহ সত্ত্বাদীতি। তজ্জৈশ্চেত্যত্র তচ্ছব্দেন সত্ত্বমেব গৃহ্যতে সাত্ত্বিকসংস্কারৈরিব রাজসসংস্কারৈ-রপি সর্ব্বথৈবাসংস্পৃষ্টং ব্রহ্মেত্যাহ তথেতি। রাজসৈরিব তামসৈরপি সংস্কারৈর্ব্রহ্মাত্যন্ত-মেবাস্পৃষ্টমিত্যাহ তথা তামসৈরিতি। ব্রহ্মণোঽদ্বিতীয়ত্বং কূটস্থত্বমসঙ্গত্বঞ্চোক্তেঽর্থে

হেতুরিতি মত্বা সমশব্দার্থমাহ সমমিতি। সমদর্শিত্বমেব পাণ্ডিত্যং তদ্ব্যাচষ্টে ব্রহ্মেতি ॥ ১৮ ॥

রামানুজ।—বিদ্যাবিনয়সম্পন্ন ইতি। বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গোহস্তি-শ্বপাকাদিষু অত্যন্তবিষমাকারতয়া প্রতীয়মাণেষু চাত্মসু পণ্ডিতা আত্মযাথাত্ম্যবিদো জ্ঞানৈ-কাকারতয়া সর্ব্বত্র সমদর্শিনঃ বিষমাকারস্তু প্রকৃতের্নাত্মনঃ, আত্মা তু সর্ব্বত্র জ্ঞানৈ-কারতয়া সম ইতি পশ্যন্তীত্যর্থঃ ॥ ১৮ ॥

হনুমান্।—যেষাং জ্ঞানেন নাশিতমাত্মনোঽজ্ঞানং তে পণ্ডিতাঃ, কথং তে পণ্ডিতাঃ তত্ত্বং পশ্যন্তি? অত্রোচ্যতে বিদ্যতি। বিদ্যাবিনয়সম্পন্নে উত্তমসংস্কারবতি ব্রাহ্মণে সাত্ত্বিকে মধ্যমায়াং রাজস্যাং গবি সংস্কারহীনায়াং কেবল তামসে হস্ত্যাদৌ চ সত্ত্বাদিসংস্কারৈস্তথা রাজসৈস্তথা তামসৈশ্চ সংস্কারৈরত্যন্তমেবাস্পৃষ্টং সমমেবাবিক্রিয়ং সমং ব্রহ্ম দ্রষ্টুং শীলং যেষাং তে পণ্ডিতাঃ সম্যগ্‌দর্শিনঃ ॥ ১৮ ॥

শ্রীধর।—কীদৃশাস্তে জ্ঞানিনো যেঽপুনরাবৃত্তিং মুক্তিং গচ্ছন্তীত্যপেক্ষায়ামাহ বিদ্যেতি। বিষমেষ্বপি সমং ব্রহ্মৈব দ্রষ্টুং শীলং যেষাং তে পণ্ডিতা জ্ঞানিন ইত্যর্থঃ। তত্র বিদ্যাবিনয়াভ্যাং যুক্তে ব্রাহ্মণে চ শুনো যঃ পচতি তস্মিংশ্চেতি কর্ম্মণো বৈষম্যং, গবি হস্তিনি শুনি চেতি জাতিতো বৈষম্যং দর্শিতম্ ॥ ১৮ ॥

বলদেব।—তান্ স্তৌতি বিদ্যেতি। তাদৃশে ব্রাহ্মণে শ্বপাকে চেতি কর্ম্মণৈতৌ বিষমৌ গবি হস্তিনি শুনি চেতি জাত্যৈতে বিষমাঃ এবং বিষমতয়া সৃষ্টেষু ব্রাহ্মণাদিষু যে পরমাত্মানং সমং পশ্যন্তি ত এব পণ্ডিতাঃ। তৎকর্ম্মানুসারিণী তেন তেষাং তথা তথা সৃষ্টিঃ ন তু রাগদ্বেষানুসারিণীতি। পর্জ্জন্যবৎ সর্ব্বত্র সমঃ পরমাত্মেতি ॥ ১৮ ॥

মধুসূদন।—দেহপাতাদূর্দ্ধং বিদেহকৈবল্যরূপং জ্ঞানফলমুক্ত্বা প্রারব্ধকর্ম্মবশাৎ সত্যপি দেহে জীবন্মুক্তিরূপং তৎফলমাহ বিদ্যেতি। বিদ্যা বেদার্থপরিজ্ঞানং ব্রহ্মবিদ্যা বা, বিনয়ো নিরহঙ্কারত্বমনৌদ্ধত্যমিতি যাবৎ, তাভ্যাং সম্পন্নে ব্রহ্মবিদি বিনীতে চ ব্রাহ্মণে সাত্ত্বিকে সর্ব্বোত্তমে, তথা গবি সংস্কারহীনায়াং রাজস্যাং মধ্যমায়াং, তথা হস্তিনি শুনি শ্বপাকে চাত্যন্ততামসে সর্ব্বাধমেঽপি সত্ত্বাদিগুণৈস্তজ্জৈশ্চ সংস্কারৈরস্পৃষ্টমেব সমং ব্রহ্ম দ্রষ্টুং শীলং যেষাং তে সমদর্শিনঃ পণ্ডিতাঃ জ্ঞানিনঃ। যথা গঙ্গাতোয়ে তড়াগে সুরায়াং মূত্রে বা প্রতিবিম্বিতস্যাদিত্যস্য ন তদ্‌গুণদোষসম্বন্ধস্তথা ব্রহ্মণোঽপি চিদাভাসদ্বারা প্রতিবিম্বিতস্য নোপাধিগতগুণদোষসম্বন্ধ ইতি প্রতিসন্দধানাঃ সর্ব্বত্র সমদৃষ্ট্যৈব রাগদ্বেষরাহিত্যেন পরমানন্দস্ফূর্ত্ত্যা জীবন্মুক্তিমনুভবন্তীত্যর্থঃ ॥ ১৮ ॥

নীলকণ্ঠ।—এতেষাং জগতি দৃষ্টিমাহ বিদ্যেতি। উত্তমব্রাহ্মণে চণ্ডালাদৌ বা সমং ব্রহ্মৈব সদ্রূপেণ স্ফুরণরূপেণ চ ভাসমানং দ্রষ্টুং শীলং যেষাং তে সমদর্শিনঃ, যথোক্তং, "অস্তি ভাতি প্রিয়ং রূপং নাম চেত্যংশপঞ্চকম্। আদ্যং ত্রয়ং ব্রহ্মরূপং ততো দ্বয়ম্ ॥" ইতি, চরাচরং জগদ্‌ব্রহ্মদৃষ্ট্যৈব পশ্যন্তীত্যর্থঃ ॥ ১৮ ॥

বিশ্বনাথ।—ততশ্চ গুণাতীতানাং তেষাং গুণসময়ে বস্তুমাত্র এব তারতম্যময়ং বিশেষমজিঘৃক্ষূণাং সমবুদ্ধিরেব স্যাদিত্যাহ বিদ্যেতি। ব্রাহ্মণে গবি ইতি সাত্ত্বিকজাতিত্বাৎ, হস্তিনি মধ্যমে শুনি চ শ্বপাকে চেতি তামসজাতিত্বাদধমেঽপি তত্তদবিশেষাগ্রহণাৎ সমদর্শিনঃ পণ্ডিতাঃ গুণাতীতাঃ বিশেষাগ্রহণমেব সমং গুণাতীতং ব্রহ্ম, তদ্দ্রষ্টুং শীলং যেষাং তে॥ ১৮॥

তাৎপর্য্য।—জ্ঞানের ফলস্বরূপে এই দেহনাশের পর বিদেহকৈবল্যরূপ মুক্তি প্রাপ্তি ঘটে। প্রারব্ধ কর্ম্মবশে দেহপ্রাপ্তি হইলেও, জ্ঞানদ্বারা জীবন্মুক্তি লাভ হইতে পারে, ইহাই এক্ষণে প্রদর্শিত হইতেছে। বেদার্থ-পরিজ্ঞান-জনিত ব্রহ্মবিদ্যাযুক্ত এবং মনের নিরহঙ্কৃত ও ঔদ্ধত্য-ভাব-শূন্য সত্ত্বগুণ-সম্পন্ন মানবশ্রেষ্ঠ ব্রাহ্মণ ও তমোগুণের আধার স্বরূপ মানবাধম চণ্ডাল উভয়কেই জ্ঞানিগণ সমভাবে দর্শন করেন। তাঁহাদের জ্ঞান-প্রদীপ্ত লোচনে ব্রাহ্মণ, চণ্ডাল, গাভী, হস্তী ও কুক্কুর সকলই সমান। সকলকেই ব্রহ্ম বলিয়া জ্ঞান থাকায় তাঁহারা বিশুদ্ধ ব্রাহ্মণকে পাদ্য-অর্ঘ্য দ্বারা সম্পূজিত করিবার নিমিত্ত অগ্রসর হন না, এবং হীনবৃত্তি-পরায়ণ নিষাদকে ঘৃণার্হ ও অশুচি মনে করিয়া অবজ্ঞা করেন না। পয়স্বিনী পরমহিতৈষিণী গাভী, বলগর্ব্বিত অতিকায় মাতঙ্গ, প্রসাদলোলুপ অতিহীন সারমেয় সকলই ব্রহ্ম জানিয়া, তাঁহারা সকল-কেই সমচক্ষে সন্দর্শন করেন। পরম পবিত্র জাহ্নবী-জলে, সীমাবদ্ধ সরসী-সলিলে, পূতিগন্ধ ও ক্লেদপূর্ণ পয়ঃপ্রণালীতে ভগবান্ ভাস্করের প্রতিবিম্ব প্রকটিত হয়, কিন্তু তজ্জন্য তত্তৎপদার্থের গুণ বা দোষ দিবাকরকে স্পর্শ করে না। তদ্রূপ ব্রহ্মও, চিদাভাসরূপে সকল জীবে প্রতিবিম্বিত হইলেও, তত্তৎ জীবের উপাধি-গত গুণ ও দোষের সহিত সম্বন্ধহীন। সর্ব্বত্র এইরূপ সমদর্শন ও রাগ-দ্বেষ-বিরহ-হেতু পণ্ডিতগণ পরমানন্দ-স্ফুরণ-জনিত জীবন্মুক্তি অনুভব করেন। এস্থলে দৃষ্টান্তস্বরূপে, সাত্ত্বিক-শ্রেষ্ঠ ব্রাহ্মণ, রজোগুণসমন্বিতা গাভী এবং কেবল তমোগুণ সমন্বিত হস্তী প্রভৃতির উল্লেখ করা হইয়াছে। প্রাবৃট্ কালের বারি-ধারা যেমন ব্যক্তি-বিশেষ বা পাত্র-বিশেষ নির্ব্বাচন করিয়া নিপতিত হয় না, পরমাত্মাও সেইরূপ জীব-বিশেষ বা গুণবিশেষ লক্ষ্য করিয়া অবভাসিত হন না। সর্ব্বত্রই তিনি সমভাবে বিরাজমান। এইরূপ জ্ঞানই সমদর্শন॥ ১৮॥

ইহৈব তৈর্জিতঃ সর্গো যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দ্দোষং হি সমং ব্রহ্ম তস্মাদ্ব্রহ্মণি তে স্থিতাঃ ॥১৯॥

অন্বয়।—যেষাং মনঃ সাম্যে (সমত্বে) স্থিতং ইহ এব (জীবনদশায়ামেব) তৈঃ (সমদর্শিভিঃ) সর্গঃ (দ্বৈতপ্রপঞ্চরূপঃ সংসারঃ) জিতঃ (অতিক্রান্তঃ, নিরস্তঃ) হি (যস্মাৎ) ব্রহ্ম নির্দ্দোষং (বিকাররহিতং) সমং (নিত্যমেকং) চ তস্মাৎ তে (সমদর্শিনঃ) ব্রহ্মণি স্থিতাঃ (ব্রহ্মভাবং প্রাপ্তাঃ) ॥ ১৯ ॥

প্রতিশব্দ।—যাঁহাদের চিত্ত সমতায় অবস্থিত, এই জীবদ্দশাতেই তাঁহাদের সংসার নিরস্ত; যেহেতু ব্রহ্ম নির্ব্বিকার ও সমভাব অতএব তাঁহারা ব্রহ্মেই স্থিত ॥ ১৯ ॥

ব্যাখ্যা।—যে সমদর্শিদিগের মনে সমজ্ঞান স্থিরভাবে বদ্ধমূল হইয়াছে, তাঁহারা এই জীবনেই সংসার-পাশ-বিনির্ম্মুক্ত হইয়াছেন; কারণ, ব্রহ্ম সর্ব্বত্র সমভাবাপন্ন ও বিকার-রহিত; অতএব তাদৃশ ব্রহ্মবিদ্‌গণ ব্রহ্মই লাভ করিয়া থাকেন ॥ ১৯ ॥

সম্পদাখ্যা চ শুভবাসনা তদুপকারিণ্যাদেয়া আসুরসম্পদাখ্যা অশুভবাসনা তদ্বিরোধিনী হেয়া, দৈবসম্পদোঽসাধারণং কারণং সাত্ত্বিকী শ্রদ্ধা, আসুরসম্পদস্তু রাজসী তামসী চেতি হেয়োপাদেয়-বিভাগেন কৃৎস্নশাস্ত্রার্থপরিসমাপ্তিঃ। তত্র "যোগস্থঃ কুরু কর্ম্মাণি" ইত্যাদিনা সূত্রিতা সত্ত্বশুদ্ধিসাধনভূতা নিষ্কামকর্ম্মনিষ্ঠা সামান্যবিশেষরূপেণ তৃতীয়চতুর্থাভ্যাং প্রপঞ্চ্যতে, ততঃ শুদ্ধান্তঃকরণস্য শমদমাদিসাধনসম্পত্তিপুরঃসরা "বিহায় কামান্ যঃ সর্ব্বাণি" ইত্যাদিনা সূত্রিতা সর্ব্বকর্ম্মসন্ন্যাসনিষ্ঠা সংক্ষেপবিস্তররূপেণ পঞ্চম-ষষ্ঠাভ্যাং, এতাবতা চ ত্বম্পদার্থোঽপি নিরূপিতঃ, ততো বেদান্তবাক্যবিচারসহিতা "যুক্ত আসীত মৎপরঃ" ইত্যাদিনা সূত্রিতানেকপ্রকারভগবদ্ভক্তিনিষ্ঠা অধ্যায়ষট্কেন প্রতিপদ্যতে, এতাবতা চ তৎপদার্থোঽপি নিরূপিতঃ। প্রত্যধ্যায়ঞ্চাবান্তরসঙ্গতিমবান্তরপ্রয়োজনভেদঞ্চ তত্র তত্র প্রদর্শয়িষ্যামঃ। তত্ত্বম্পদার্থৈক্যজ্ঞানরূপা "অব্যোবিনাশিনং নিত্যম্" ইত্যাদিনা সূত্রিতা তত্ত্বজ্ঞাননিষ্ঠা ত্রয়োদশে প্রকৃতিপুরুষবিবেকদ্বারা প্রপঞ্চিতা, জ্ঞাননিষ্ঠায়াশ্চ ফলং "ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন" ইত্যাদিনা সূত্রিতা ত্রৈগুণ্যনিবৃত্তিশ্চতুর্দ্দশে সৈব জীবন্মুক্তিরিতি গুণাতীতলক্ষণকথনেন প্রপঞ্চিতা। "তদা গন্তাসি নির্ব্বেদম্" ইত্যাদিনা সূত্রিতা পরমবৈরাগ্যনিষ্ঠা সংসারবৃক্ষচ্ছেদদ্বারেণ পঞ্চদশে। "দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ" ইত্যাদিস্থিতপ্রজ্ঞলক্ষণেন সূত্রিতা পরমবৈরাগ্যোপকারিণী দৈবী সম্পদাদেয়া। "যামিমাং পুষ্পিতাং বাচম্" ইত্যাদিনা সূত্রিতা তদ্বিরোধিন্যাসুরীসম্পচ্চ হেয়া ষোড়শে। দৈবসম্পদোঽসাধারণং কারণঞ্চ সাত্ত্বিকী শ্রদ্ধা "নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থঃ" ইত্যাদিনা সূত্রিতা তদ্বিরোধপরিহারেণ সপ্তদশে, এবং সফলা জ্ঞাননিষ্ঠা অধ্যায়পঞ্চকেন প্রতিপাদিতা। অষ্টাদশেন চ পূর্ব্বোক্তসর্ব্বোপসংহার ইতি কৃৎস্নগীতার্থসঙ্গতিঃ। তত্র পূর্ব্বং দ্বিতীয়াধ্যায়ে সাঙ্খ্যবুদ্ধিমাশ্রিত্যজ্ঞাননিষ্ঠা ভগবতোক্তা, "এষা তেঽভিহিতা সাঙ্খ্যে বুদ্ধিঃ" ইতি তথা যোগবুদ্ধিমাশ্রিত্য কর্ম্মনিষ্ঠোক্তা "যোগে ত্বিমাং শৃণু" ইত্যারভ্য "কর্ম্মণ্যেবাধিকারস্তে মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি" ইত্যন্তেন। ন চানয়োর্নিষ্ঠয়োরধিকারিভেদঃ স্পষ্টমুপদিষ্টো ভগবতা, ন চৈকাধিকারিকত্বমেবোভয়োঃ সমুচ্চয়স্য বিবক্ষিতত্বাদিতি বাচ্যম্। "দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়" ইতি কর্ম্মনিষ্ঠায়া বুদ্ধিনিষ্ঠাপেক্ষয়া নিকৃষ্টত্বাভিধানাৎ। "যাবানর্থ উদপানে" ইত্যত্র চ জ্ঞানফলে সর্ব্বকর্ম্মফলান্তর্ভাবস্য দর্শিতত্বাৎ। স্থিতপ্রজ্ঞলক্ষণমুক্ত্বা চ "এষা ব্রাহ্মীস্থিতিঃ পার্থ" ইতি সপ্রশংসং জ্ঞানফলোপসংহারাৎ, "যা নিশা সর্ব্বভূতানাম্" ইত্যাদৌ জ্ঞানিনো দ্বৈতদর্শনাভাবেন কর্ম্মানুষ্ঠানাসম্ভবস্য চোক্তত্বাৎ,অবিদ্যানিবৃত্তিলক্ষণে মোক্ষফলে জ্ঞানমাত্রস্যৈব লোকানুসারেণ সাধনত্বকল্পনাভাবাৎ, "তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" ইতি শ্রুতেশ্চ। নম্বু তর্হি তেজস্তিমিরয়োরিব বিরোধিনোর্জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয়াসম্ভবাৎ ভিন্নাধিকারিকত্বমেবাস্তু, সত্যমেবং সম্ভবতি, একমর্জ্জুনং প্রত্যুভয়োপদেশো ন যুক্তঃ। নহি কর্ম্মাধিকৃতং প্রতি জ্ঞাননিষ্ঠোপদেষ্টুমুচিতা, নবা জ্ঞানাধিকারিণং প্রতি কর্ম্মনিষ্ঠা। একমেব প্রতি বিকল্পেনোভয়োপদেশ ইতি চেন্, উৎকৃষ্টনিকৃষ্টয়োর্ব্বিকল্পানুপপত্তেঃ, অবিদ্যানিবৃত্ত্যুপলক্ষিতাত্মস্বরূপে মোক্ষে তারতম্যাসম্ভবাচ্চ, তস্মাৎ জ্ঞানকর্ম্মনিষ্ঠয়োর্ভিন্নাধিকারিকত্বে একং প্রত্যুপদেশাযোগাদেকাধিকারিকত্বে চ বিকল্পয়োঃ

সমুচ্চয়াসম্ভবাৎ কর্ম্মাপেক্ষয়া জ্ঞানপ্রাশস্ত্যাভ্যুপগমে চোৎকৃষ্টমনায়াসসাধ্যং জ্ঞানং বিহায় নিকৃষ্টমনেকায়াসবহুলং কর্ম্মানুষ্ঠাতুমযোগ্যমিতি মত্বা পর্য্যাকুলীভূতবুদ্ধিঃ অর্জ্জুন উবাচ, জ্যায়সীচেদিতি। হে জনার্দ্দন! সর্ব্বৈর্জনৈরর্দ্দ্যতে যাচ্যতে স্বাভিলষিতসিদ্ধয়ে ইতি ত্বং তথাভূতো ময়াপি শ্রেয়োনিশ্চয়ার্থং যাচ্যস ইতি নৈবানুচিতমিতি সম্বোধনাভিপ্রায়ঃ। কর্ম্মণো নিষ্কামাদপি বুদ্ধিরাত্মতত্ত্ববিষয়া জ্যায়সী প্রশস্ততরা চেদ্ যদি তে তব মতা; তৎ তদা কিং কর্ম্মণি ঘোরে হিংসাত্মনেকায়াসবহুলে মামতিভক্তং নিযোজয়সি, "কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইত্যাদিনা বিশেষেণ প্রেরয়সি। হে কেশব সর্ব্বেশ্বর! সর্ব্বেশ্বরস্ত সর্ব্বেষ্টদায়িনস্তব মাং ভক্তং "শিষ্যস্তেঽহং শাধি মাম্" ইত্যাদিনা তবাস্মি, ত্বদেকশরণতয়োপসন্নং মাং প্রতি প্রতারণা নোচিতেত্যভিপ্রায়ঃ॥ ১॥

নীলকণ্ঠ।—পূর্ব্বস্মিন্নধ্যায়ে "এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু" ইতি দ্বে বুদ্ধী প্রদর্শ্য "ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ" ইতি শ্লোকেন সাংখ্যনিষ্ঠাবতাং পাতশঙ্কা নাস্তি, কর্ম্মযোগনিষ্ঠাবতাস্তু সাস্তীত্যুক্ত্বা "যাবানর্থ উদপানে" ইতি সাংখ্যনিষ্ঠায়াং সর্ব্বকর্ম্মফলান্তর্ভাবশ্রবণাৎ তামেব প্রশমাত্মিকাং স্বাশয়ানুকূলাং মন্বানোঽর্জ্জুন উবাচ জ্যায়সীতি। হে জনার্দ্দন! কর্ম্মণো নিষ্কামকর্ম্মযোগাপেক্ষয়া বুদ্ধিঃ সাংখ্যনিষ্ঠালক্ষণং জ্ঞানং জ্যায়সী প্রশস্ততরা চেৎ তে তব মতা, তৎ তর্হি মাং ভৈক্ষ্যবৃত্ত্যাপি তুষ্যন্তং ঘোরে বন্ধুবধাখ্যে কর্ম্মণি কিং কুতো হেতোর্নিযোজয়সি পুনঃ পুনর্যুধ্যস্বেতি বদন্॥ ১॥

বিশ্বনাথ।—নিষ্কামমর্পিতং কর্ম্ম তৃতীয়ে তু প্রপঞ্চ্যতে। কামক্রোধজিগীষায়াং বিবেকোঽপি প্রদর্শ্যতে॥ পূর্ব্ববাক্যেষু জ্ঞানযোগাৎ নিষ্কামকর্ম্মযোগাচ্চ নিস্ত্রৈগুণ্যপ্রাপকস্ত গুণাতীতভক্তিযোগস্থ উৎকর্ষমাকর্ণ্য তত্রৈব স্বৌৎসুক্যমভিব্যঞ্জয়ন্ স্বধর্ম্মে সংগ্রামে প্রবর্ত্তকং ভগবন্তং সখ্যভাবেনোপালভতে জ্যায়সীতি। জ্যায়সী শ্রেষ্ঠা বুদ্ধির্ব্যবসায়াত্মিকা গুণাতীতা ভক্তিরিত্যর্থঃ। ঘোরে যুদ্ধরূপে কর্ম্মণি কিং নিযোজয়সি প্রবর্ত্তয়সি। হে জনার্দ্দন, জনান্ স্বজনান্ স্বাজ্ঞয়া পীড়য়সীত্যর্থঃ। নচ তবাজ্ঞা কেনাপ্যন্যথা কর্ত্তুং শক্যত ইত্যাহ হে কেশব! কো ব্রহ্মা ঈশো মহাদেবঃ তাবপি স্বয়ং বয়সে বশীকরোষি ১

তাৎপর্য্য।—পরাপরদর্শী তত্ত্ববিৎ ভগবান্ বাসুদেব, শোকমোহাচ্ছন্ন অর্জ্জুনের মানস-সন্তাপ সত্বর নিরাস-কামনায়, দ্বিতীয়াধ্যায়ে সমগ্র গীতা-শাস্ত্রের সার-সঙ্কলন করিয়া, পরম তত্ত্বোপদেশ প্রদান করিয়াছেন। শোকাকুল-চিত্ত তত্ত্বজিজ্ঞাসু অর্জ্জুন, পূর্ব্বোক্ত ভগবদ্বাক্যে সন্দিহান হইয়া, ভাবিতেছেন, হিতোপদেষ্টা পরমগুরু শ্রীভগবান্ নারায়ণ, আমাকে প্রকৃত তত্ত্বোপদেশই প্রদান করিতেছেন, না বৃথা বাক্য-জাল বিস্তার করিয়া আমাকে পরীক্ষা করিতেছেন? আমি তো এই জটিল বাক্যের গূঢ়ভাব

কিছুই হৃদয়ঙ্গম করিতে পারিতেছি না। তিনি একবার বলিতেছেন, স্বধর্ম্ম রক্ষার নিমিত্ত হিংসাজনক যুদ্ধাদি ক্রিয়া ক্ষত্রিয়গণের অবশ্য কর্ত্তব্য। আবার বলিতেছেন, যিনি রাগদ্বেষাদি পরিত্যাগপূর্ব্বক ইন্দ্রিয়বর্গকে স্বায়ত্ত করিয়া, সুখদুঃখাদিতে সমভাব প্রাপ্ত হইয়াছেন, তিনিই মুক্তিপথের প্রকৃত অধিকারী। ইত্যাদি বাক্যে কখন কর্ম্মের প্রাধান্য, কখনও বা জ্ঞানের প্রাধান্য দেখাইতেছেন। এইরূপ পুনঃপুনঃ চিন্তা করিয়া অর্জ্জুন জিজ্ঞাসা করিতেছেন, হে জনার্দ্দন! যদি কর্ম্ম হইতে জ্ঞানই শ্রেষ্ঠ, ইহাই আপনার অভিপ্রায় হয়, তবে 'তস্মাদ্ যুধ্যস্ব,' 'তস্মাদুত্তিষ্ঠ' ইত্যাদি বাক্য বার বার বলিয়া, কেন আমাকে হিংসাত্মক ক্রূরকর্ম্মে নিয়োজিত করিতেছেন?

পূজ্যপাদ শঙ্করাচার্য্য, আনন্দগিরি ও শ্রীধর স্বামী, এই শ্লোকে নিম্নলিখিত ভাব ব্যক্ত করিয়াছেন। ভগবান্ শ্রীকৃষ্ণ, সমস্ত বেদশাস্ত্র-প্রতিপাদ্য প্রবৃত্তি-নিবৃত্তি-বিষয়-ভূত কর্ম্ম ও জ্ঞানরূপ মুক্তির উপায়কে এই গীতাশাস্ত্রে যোগবুদ্ধি ও জ্ঞান-বুদ্ধিরূপে বিভক্ত করিয়াছেন। "প্রজহাতি যদা কামান্" ইত্যাদি (২য়। ৫৫) শ্লোকে নিবৃত্তিমার্গগামী সাঙ্খ্যমতাবলম্বী সন্ন্যাসিগণের সন্ন্যাস-কর্ত্তব্যতা প্রতিপন্ন করিয়াছেন। "এষা ব্রাহ্মীস্থিতিঃ পার্থ" ইত্যাদি (২য়। ৭২ শ্লোক) উপসংহারে সন্ন্যাসগ্রহণের ফল-কীর্ত্তন দ্বারা সাঙ্খ্যবুদ্ধির অর্থাৎ জ্ঞানের শ্রেষ্ঠত্ব প্রতিপাদন করিয়াছেন। আবার যোগবুদ্ধি অবলম্বন করিয়া "অশোচ্যানন্বশোচস্ত্বম্" ইত্যাদি (২য়। ১১) শ্লোকে, "এষা তেঽভিহিতা সাঙ্খ্যে বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু" ইত্যাদি (২য়। ৩৯) শ্লোকে."কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইত্যাদি (২য়। ১৭) শ্লোকে কর্ম্মেরই কর্ত্তব্যতা প্রতিপাদন করিয়াছেন। শ্রেয়োঽভিলাষী ভগবদ্ভক্ত অর্জ্জুন, এই সকল বাক্যাবলী আলোচনা করিয়া, ব্যাকুল হইয়া পড়িলেন এবং সাক্ষাৎ শ্রেয়ঃসাধন সাঙ্খ্যবুদ্ধি ও অনেক অনর্থ-সঙ্কুল যোগবুদ্ধি (কর্ম্ম) এই উভয়ের মধ্যে কোনটী শ্রেষ্ঠ ইহাই জিজ্ঞাসা করিলেন। সন্দিগ্ধচিত্ত অর্জ্জুন, "জ্যায়সী চেৎ" ইত্যাদি শ্লোকে ভগবানকে যে প্রশ্ন করিয়াছেন, তাহা যুক্তিযুক্ত হইয়াছে; যেহেতু, অর্জ্জুন তখন ভগবদ্বাক্যে পর্য্যাকুলচিত্ত হইয়াছেন। শ্রীভগবানও বিভাগশাস্ত্রে জ্ঞানকর্ম্মের সমুচ্চয়বাদ পরিহার-পূর্ব্বক জ্ঞান ও কর্ম্মের যে পৃথক্ পৃথক্ অধিকারী নির্দ্দেশ করিয়াছেন, তাহাও যুক্তিসঙ্গত হইয়াছে।

সমুচ্চয়বাদী বৃত্তিকার এই শ্লোকের ব্যাখ্যায় লিখিয়াছেন, "সাধকগণ মুক্তিকামনায় জ্ঞান ও কর্ম্মের যুগপৎ অনুষ্ঠান করিবেন। জ্ঞান ও কর্ম্ম স্বতন্ত্রভাবে মুক্তির প্রয়োজক নহে।" ইত্যাদি বৃত্তিকারের মত অসঙ্গত বলিয়া বোধ হইতেছে; কারণ যদি এই গীতাশাস্ত্রে ভগবৎ কর্ত্তৃক জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয়ই নিরূপিত হইয়া থাকে, তবে শ্রুত্যুক্ত ক্রিয়া-কলাপ পরিত্যাগ করিয়া, কেবল জ্ঞান দ্বারা মুক্তিপ্রাপ্ত হইবে, ইত্যাদি ভগবদ্বাক্য কিরূপে সঙ্গত হইবে এবং অধিকারিভেদে যে আশ্রম বিকল্প বিধান করিয়াছেন, তাহাই বা কিরূপে সঙ্গত হইবে? অতএব গীতাশাস্ত্রে সমুচ্চয়বাদ কখনও প্রতিপাদিত হয় নাই। অপিচ সর্ব্বার্থদর্শী ভগবান্ শ্রীকৃষ্ণ এইরূপ বিরুদ্ধ বাক্যের উপদেশ প্রদান করিলেন কেন? বাক্যার্থ-সারবিৎ অর্জ্জুনই বা এইরূপ বিরুদ্ধ বাক্য হৃদয়ে ধারণা করিলেন কেন? শুকদেব বলিয়াছেন, "কর্ম্ম দ্বারা জীবগণ সংসারে বদ্ধ হন, আর জ্ঞান দ্বারা মুক্তিলাভ করেন; অতএব তত্ত্বদর্শী যতিগণ কর্ম্ম করিবেন না।" ইত্যাদি শুকদেব কথিত বাক্যে সন্ন্যাসিগণের পক্ষে কর্ম্ম নিষিদ্ধ হইয়াছে। বৃত্তিকারের মতে তাহাও অসঙ্গত। বিশেষতঃ যদি জ্ঞানকর্ম্মের সমুচ্চয়ই গীতাশাস্ত্রের উদ্দেশ্য হইবে, তবে এই শ্লোকে, 'হিংসাত্মক ক্রূরকর্ম্মে কেন আমাকে নিয়োজিত করিতেছ,' ইত্যাদি উপালম্ভ সহকৃত অর্জ্জুনকৃত প্রশ্নও উপপন্ন হইতে পারে না। যদি বল একই পুরুষের দ্বারা জ্ঞান ও কর্ম্মের যুগপৎ অনুষ্ঠান অসম্ভব; অতএব জ্ঞান ও কর্ম্ম ভিন্ন ভিন্ন পুরুষ কর্ত্তৃক অনুষ্ঠেয়, ইহাই পূর্ব্বোক্ত ভগবদ্বাক্যের তাৎপর্য্য; তাহা হইলে অর্জ্জুনকৃত প্রশ্ন ও উপালম্ভ উভয়ই সুসঙ্গত হয়। তাহাও বলিতে পার না; কারণ, তাহা হইলে "জ্ঞানযোগেন সাঙ্খ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্" ইত্যাদি শ্রীভগবানের উত্তর বাক্যে, ভিন্ন ভিন্ন পুরুষ কর্ত্তৃক জ্ঞান ও কর্ম্মের অনুষ্ঠেয়ত্ব বিষয়ক বিধান অসঙ্গত হইয়া পড়ে। অতএব বৃত্তিকারের সমুচ্চয়োক্তি অযুক্তিযুক্ত বলিয়া নিতান্ত অশ্রদ্ধেয়। সাধকগণ সর্ব্বকর্ম্ম পরিত্যাগপূর্ব্বক, কেবল জ্ঞান দ্বারাই মুক্তিলাভ করেন, ইহাই এই গীতা-শাস্ত্রে ও অন্যান্য সকল উপনিষদে বিনিশ্চিত হইয়াছে। অধুনা জ্ঞান ও কর্ম্ম এই উভয়ের মধ্যে একটী নিশ্চয় করিয়া আমাকে বলুন, ইত্যাদি অর্জ্জুনকৃত প্রার্থনাও উপপন্ন হইল। (জ্ঞান-কর্ম্মের সমুচ্চয়

যাদ সম্বন্ধে আচার্য্যের বিস্তারিত অভিপ্রায় ২য় অধ্যায় ১১শ শ্লোকে দ্রষ্টব্য।)

পূজ্যপাদ রামানুজাচার্য্যের অভিপ্রায়। ছান্দোগ্য ও কঠ উপনিষদে আত্মজ্ঞানাদির বিষয় যেরূপ রীতি অবলম্বনপূর্ব্বক প্রদর্শিত হইয়াছে, এই গীতাশাস্ত্রে অর্জ্জুনের প্রতি ভগবদুপদেশও তদনুরূপ। মহাত্মা রামানুজ বর্ত্তমান শ্লোকের অবতারণা উপলক্ষে উক্ত বিষয়েরই সবিশেষ বিচার করিয়াছেন।

স্থূলদর্শী মুমুক্ষুবর্গের হিতার্থ প্রজাপতি (অথ যদিদমস্মিন্ ব্রহ্মপুরে দহর পুণ্ডরীকং বেশ্মদহরোঽস্মিন্নেন্তরাকাশঃ ইত্যাদি) ছান্দোগ্য উপনিষদ, অষ্টম প্রপাঠক, প্রথম খণ্ড, প্রথম সূত্র হইতে দহর বিদ্যার উপদেশ প্রদান করিয়াছেন। দহর বিদ্যার স্থূল অর্থ হৃদয়-পুণ্ডরীকে সগুণ ব্রহ্মোপাসনা। উক্ত দহর বিদ্যা প্রকরণের উপরস্থিত প্রজাপতির বাক্যসমূহ বিচার পূর্ব্বক নির্ণীত হইয়াছে যে, দহর শব্দেরই অর্থ ব্রহ্ম, বিষ্ণু বা ঈশ্বর। এতদর্থ প্রতিপাদনোদ্দেশেই, ভগবান্ বেদব্যাস স্বকৃত ব্রহ্মসূত্রে "দহর উত্তরেভ্যঃ" (ব্রহ্মসূত্র ১ম অধ্যায়, ৩য় পাদ, ২১ সূত্র) এই সূত্র সন্নিবেশ করিয়াছেন। এই দহর বিদ্যা উপদেশের ফল স্বরূপে বলা হইয়াছে যে, "এষ সম্প্রসাদো-ঽস্মাচ্ছরীরাৎ সমুত্থায় পরং জ্যোতিরুপসম্পদ্য স্বেন রূপেণাভিনিষ্পদ্যতে" (ছান্দোগ্য ৮।৩।১) এই সম্প্রসাদ (প্রত্যগাত্মা) এই শরীরের অভিমান ত্যাগ করিয়া, পরং জ্যোতি প্রাপ্ত হইয়া স্বরূপ সম্প্রাপ্ত হয়। তদনন্তর "কোন্ স্বরূপ?" ইহার উত্তররূপে প্রজাপতি বলিয়াছেন যে, "য আত্মা অপহতপাপ্মা, বিজরো, বিমৃত্যুঃ, বিশোকঃ, অবিজিঘৎসঃ, অপিপাসঃ, সত্যকামঃ, সত্যসঙ্কল্পঃ, সোঽন্বেষ্টব্যঃ, স বিজিজ্ঞাসিতব্যঃ; স সর্ব্বাংশ্চ লোকানাপ্নোতি সর্ব্বাংশ্চ কামান্, যস্তমাত্মানমনুবিদ্য বিজানাতি।" যে আত্মা অপাপী, অজর, অমর, অশোক, ভোজনেচ্ছা-বিহীন, সত্যকাম (যাঁহার কামনা কখনও বিফল হয় না), সত্যসঙ্কল্প (সুতরাং কাম-হেতু-ভূত সঙ্কল্পও যাঁহার সত্য), সেই আত্মাকে অন্বেষণ করিবে এবং আচার্য্যের নিকট তদ্বিষয়ক কথা জিজ্ঞাসা করিবে। যে ব্যক্তি শাস্ত্র ও আচার্য্যের উপদেশানুসারে সেই আত্মাকে নিজ জ্ঞানবিষয়ীভূত করেন, তিনি সকল লোক এবং সর্ব্ববিধ কামনা লাভ করেন, অর্থাৎ তাঁহার অপ্রাপ্য কিছুই

থাকে না। উক্ত দুই শ্রুতির নির্গলিতার্থ বিবৃত হইতেছে। প্রত্যগাত্মার (জীবের) অপহতপাপ্মত্বাদিগুণ স্বাভাবিক হইলেও, সংসার-দশায় উক্ত গুণগণ কর্ম্মাখ্য অবিদ্যার আবরণে আবৃত থাকে; সুতরাং কর্ম্ম-বশে আনন্দাদি গুণগণ আত্মাতে সঙ্কুচিত ভাবে অবস্থান করে; কিন্তু যখন জীব শাস্ত্র ও আচার্য্যের উপদেশানুসারে আত্মবস্তুকে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি এতৎ ত্রিবিধ অবস্থা এবং স্থূল, সূক্ষ্ম ও কারণ এতৎ ত্রিবিধ শরীর হইতে অতীতরূপে একান্ত নিশ্চয় করিয়া শরীরাদিতে অভিমান পরিত্যাগ করে, তখন সেই পরং জ্যোতিঃ বা পরমাত্মার বিকাশে জীবের অবিদ্যা তিরোহিত হয় এবং অপহতপাপ্মত্বাদি স্বাভাবিক গুণনিচয় আবির্ভূত হয়, অর্থাৎ যাহা আবৃত থাকে তাহাই প্রকাশিত হয়, নূতন করিয়া কিছু উৎপন্ন হয় না। কর্দ্দম-লিপ্তত্বা প্রযুক্ত তিরোহিত-প্রকাশ মণি প্রক্ষালন করিলে কোন নূতন তেজ প্রকাশ করে না, তাহার যে তেজ পূর্ব্বে ছিল, সেই স্বাভাবিক তেজই প্রকাশিত হয় মাত্র। মৃত্তিকা অপসারণ করতঃ জলাশয় খনন করিলে, তাহা হইতে কিছু নূতন জল সমুদ্ভূত হয় না; সেখানে যে জল সৎরূপে ছিল এবং মৃত্তিকার আবরণে অসৎ বলিয়া প্রতীত হইতে ছিল, তাহাই (সেই সদ্রূপ জলই) প্রকাশিত হয় মাত্র। এইরূপ হেয় গুণগণ ধ্বংস হইলে আত্মার নিত্য গুণগণই প্রকাশিত হয় মাত্র, নূতন গুণ আর কিছুই জন্মে না। প্রজাপতি, এই স্বরূপাবির্ভাবকেই জীবের চরম ফলরূপে নির্দ্দেশ করিয়া, দহর বিদ্যার উপসংহার করিয়াছেন।

বাজশ্রবসের পুত্র নচিকেতাকে যমরাজ যে তত্ত্ব-জ্ঞানোপদেশ প্রদান করেন, কঠোপনিষদে তাহাই বর্ণিত আছে। উক্ত তত্ত্ব জ্ঞানোপদেশ প্রসঙ্গে যমরাজ নচিকেতাকে বলিলেন, "হে নচিকেতা! অধ্যাত্ম-যোগাধিগমেন দেবং মত্বা ধীরো হর্ষ-শোকৌ জহাতি" (কঠ ২। ১২); "সেই দেবতাকে অধ্যাত্মযোগ দ্বারা জ্ঞাত হইয়া, জীব হর্ষশোক পরিত্যাগ করে, অর্থাৎ হর্ষশোকের অধিকার অতিক্রম করে" ইত্যাদি শ্রুতির তাৎপর্য্যাবধারণ করিলে দেখা যায় যে, এই দেবতাকে জানা অবশ্য কর্ত্তব্য। এস্থলে যমরাজ নচিকেতাকে ইঙ্গিতে ইহাই বুঝাইতেছেন, বা বিধি প্রদান করিয়াছেন যে, "এই দেবতাই বিজিজ্ঞাসিতব্য" এবং আমি যে তোমাকে পরম আত্ম-বিদ্যা বিষয়ক উপদেশ প্রদান করিতেছি, ইহাই (এই দেবকে জানাই)

তাহার প্রধান অঙ্গ। আর "অধ্যাত্ম যোগ দ্বারা" এই কথা বলিয়া যমরাজ প্রত্যগাত্ম জ্ঞানের বিষয়ই উপদেশ প্রদান করিয়াছেন। তদনন্তর "ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ" (কঠ ২। ১৮) ইত্যাদি শ্রুতিতে যমরাজ নচিকেতাকে ইহাই বলিতেছেন যে, প্রত্যগাত্মার (জীবের) প্রকৃত স্বরূপ শুদ্ধ; কারণ জীবের জন্ম-বিনাশাদি নাই (গীতা দ্বিতীয় অধ্যায় ২০ শ্লোক দ্রষ্টব্য)। তদনন্তর "অণোরণীয়ান্ মহতো মহীয়ান্ আত্মাস্য জন্তোর্নিহিতং গুহায়াং" (কঠ ২। ২০) এই শ্রুতি হইতে আরম্ভ করিয়া "মহান্তং বিভুমাত্মানং মত্বা ধীরো ন শোচতি" (কঠ ২। ২২) এবং "নায়মাত্মা প্রবচনেন লভ্যো ন মেধয়া বহুনা শ্রুতেন। যমেবৈষ বৃণুতে তেন লভ্যস্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনূং স্বাম্।" (কঠ ২। ২৩) ইত্যাদি শ্রুতিতে সেই পরমাত্মার উপাসনাই যে সর্ব্ব-শ্রেষ্ঠ সাধন এবং সেই উপাসনাই যে ভক্তি তাহাও প্রতিপাদিত হইয়াছে; অর্থাৎ সেই আত্মা অণু হইতেও অণু, মহৎ হইতেও মহৎ, তিনি এই প্রাণী সমূহের হৃদয়গুহায় বা পঞ্চকোষপরম্পরারূপ গুহা মধ্যে অবস্থিত; তিনি মহৎ, তিনি বিভু (সর্ব্বব্যাপী), ধীরব্যক্তি তাঁহাকে জানিয়া শোক প্রকাশ করেন না। বেদাধ্যাপন, গ্রন্থার্থাবধারণ-শক্তি, বা বহু শাস্ত্র-জ্ঞান দ্বারা তাঁহাকে লাভ করা যায় না; এই আত্মা, আত্মস্বরূপ সন্দর্শনার্থ যে ভাগ্যবানকে বরণ করেন, ভগবৎকৃপাপাত্র সেই জীবই তাঁহাকে লাভ করে, এবং এবম্ভূত ব্যক্তির নিকটই তিনি নিজ তনু প্রকাশ করেন; ইত্যাদি বাক্য দ্বারা ইহাই সূচিত হইতেছে যে, সেই সর্ব্বশক্তিমান্ অচিন্ত্যৈশ্বর্য্য ভগবান্ ভক্ত-বৎসল; সুতরাং যিনি তাঁহাকে ভক্তি করেন তিনি তাঁহার প্রতি কৃপা পূর্ব্বক নিজ স্বরূপ দর্শনোপযোগী সামর্থ্য প্রদান করিয়া তাঁহাকে কৃতকৃতার্থ করেন, বা নিজ তনু তাঁহার নিকট প্রকাশিত করেন। ইহাদ্বারা যমরাজ প্রধানতঃ ইহাই দেখাইলেন যে, একমাত্র ভক্তিই ভগবৎপ্রাপ্তির সাধন। তদনন্তর "বিজ্ঞানসারথির্যস্তু মনঃপ্রগ্রহবান্ নরঃ। সোঽধ্বনঃ পরমাপ্নোতি তদ্বিষ্ণোঃ পরমং পদম্॥" (কঠ ৩।৯) "যাহার বিজ্ঞান সারথি, মন প্রগ্রহ (লাগাম), সেই ব্যক্তি সংসার-মার্গের অবসানস্বরূপ বিষ্ণুর সেই পরম পদ লাভ করে অর্থাৎ আর তাহাকে সংসার-পথের পথিক হইতে হয় না।" এই শ্রুতিতে পরবিদ্যার ফলই বিষ্ণুর পরম-পদ-প্রাপ্তি, ইহাই প্রতিপাদন করিয়া যমরাজ প্রস্তাবিত প্রকরণের উপসংহার করিয়াছেন।

এই শ্রীমদ্ভগবদ্গীতা শাস্ত্রেও পূর্ব্বে (২য় অধ্যায়ে) প্রদর্শিত হইয়াছে যে, ভগবান্ শ্রীকৃষ্ণ সেই নিখিল গুণান্বিত পরব্রহ্ম পুরুষোত্তম প্রাপ্তির একমাত্র উপায়ভূত যে ঈশ্বরৈকনিষ্ঠ আত্যন্তিক ভক্তিযোগের বিষয় সখা অর্জ্জুনকে উপদেশ প্রদান করিবেন; এবং বেদন উপাসন ধ্যানাদি যে ভক্তিযোগেরই নামান্তরমাত্র, আত্মযাথাত্ম্য দর্শন সেই ভক্তিযোগেরই অঙ্গ-ভূত। প্রজাপতি ছান্দোগ্যে এই আত্মদর্শনের বিষয়ই "য আত্মাপহত-পাপ্মা" ইত্যাদি বাক্যে উপদেশ প্রদান করিয়াছেন। এবং "ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ" ইত্যাদি কঠশ্রুতিতে যমরাজ উক্ত বিষয়েরই উপ-দেশ প্রদান করিয়াছেন। (গীতার ২য় অধ্যায় ২০ শ্লোক আদি দ্রষ্টব্য)।

পূর্ব্বে আরও প্রদর্শিত হইয়াছে যে, "আত্মা নিত্য" এইরূপ জ্ঞান পূর্ব্বক নিষ্কামকর্ম্মের অনুষ্ঠান করিতে করিতে যে জ্ঞান স্বতঃ সমুদ্ভূত হইবে, সেই জ্ঞানযোগ দ্বারাই ভক্তি সঞ্জাত হয়। জ্ঞান, নিষ্কাম-কর্ম্মযোগ-সাধ্য। ভক্তি জ্ঞানযোগ-সাধ্য। স্থূল কথা, ছান্দোগ্য এবং কঠোপনিষদে প্রজাপতি ও যমরাজ যেরূপ পরবিদ্যোপদেশের প্রারম্ভ করিয়াছেন, ভগ-বান্ শ্রীকৃষ্ণও মুমুক্ষু অর্জ্জুনকে উপদেশ প্রদানের প্রারম্ভেও সেইরূপই করিয়াছেন এবং উপসংহারাদিও উক্ত রীতিতেই করিবেন। তৎসমূহ যথাস্থানে দ্রষ্টব্য। ("নায়মাত্মা প্রবচনেন লভ্যঃ" ইত্যাদি কঠশ্রুতির তাৎপর্য্য গীতার ১০ম অধ্যায় ১০-১১ প্রভৃতি শ্লোকে দ্রষ্টব্য, এবং "বিজ্ঞান সারথির্যস্ত" এই কঠশ্রুতির বা উপসংহার শ্রুতির তাৎপর্য্য গীতার ১৮শ অধ্যায়ে ৬২ শ্লোকে দ্রষ্টব্য। উপস্থিত চারি অধ্যায়ে পূর্ব্বোক্ত সসাধন-আত্ম দর্শনের বিষয় বিস্তারিতরূপে আলোচিত হইবে।)

টীকাকার পূজ্যপাদ মধুসূদন সরস্বতী মহাশয় লিখিয়াছেন, শ্রীমদ্ভগ-বদ্গীতার দ্বিতীয়াধ্যায়ে সমস্ত গীতা শাস্ত্রার্থ সূত্রিত হইয়াছে। এই অধ্যায়ের প্রথমে নিষ্কাম কর্ম্মনিষ্ঠা, তদনন্তর তাহার ফলস্বরূপ অন্তঃকরণ-শুদ্ধি, তদনন্তর তজ্জনিত শমদমাদি রাজধর্ম্ম সাধন পূর্ব্বক সর্ব্ব ধর্ম্ম সন্ন্যাস, তদনন্তর তত্ত্বমস্যাদি বেদান্ত বাক্য বিচারসহকৃত ভগবদ্ভক্তি নিষ্ঠা, তদনন্তর তজ্জনিত তত্ত্ব-জ্ঞাননিষ্ঠা, তাহার ফলস্বরূপ সত্ত্ব, রজঃ ও তমোগুণময়ী অবিদ্যার নিবৃত্তিজনিত প্রারব্ধ কর্ম্ম-ফল-সম্ভূত ভোগাবসান ও জীবন্মুক্তি, তদনন্তর বিদেহ-মুক্তি অর্থাৎ দেহাবসানসহকৃত ব্রহ্মময়তার প্রসঙ্গ এই

অধ্যায়ে উল্লিখিত হইয়াছে। জীবন্মুক্তি দশায়, পরম পুরুষার্থের আশ্রয়ে, পরবৈরাগ্য প্রাপ্তি সজ্ঘটিত হয়। দৈবসম্পদ প্রাপ্তিরূপ শুভ বাসনা তাহার অনুকূল, আসুর সম্পদরূপ অশুভবাসনা তাহার প্রতিকূল। সত্ত্ব-গুণ-প্রণোদিতা শ্রদ্ধা, দৈব সম্পদ প্রাপ্তির প্রবর্ত্তক এবং আসুরসম্পদরূপ অশুভ-বাসনা রজোগুণ ও তমোগুণের আতিশয্যজনিত। শুভবাসনার উপাদেয়তা এবং অশুভবাসনার হেয়তা বিভাগে এই শাস্ত্রার্থ পরিসমাপ্ত হইয়াছে। দ্বিতীয়াধ্যায়ে 'যোগস্থঃ কুরু কর্ম্মাণি' (২।৪৮) ইত্যাদি শ্লোকে অন্তঃকরণ-শুদ্ধির সাধনভূত যে নিষ্কাম কর্ম্মনিষ্ঠার প্রসঙ্গ সূত্রিত হইয়াছে, তৃতীয় ও চতুর্থ অধ্যায়ে তাহা বিস্তারিতরূপে আলোচিত হইয়াছে। তদনন্তর শুদ্ধান্তঃকরণ ব্যক্তির, শমদমাদি সাধন পূর্ব্বক, সর্ব্বকর্ম্ম সন্ন্যাসনিষ্ঠার প্রসঙ্গ 'বিহায় কামান্ যঃ সর্ব্বান্' (২।৭১) ইত্যাদি শ্লোকে সূত্রিত হইয়াছে; পঞ্চম ও ষষ্ঠ অধ্যায়ে তাহাই বিস্তারিতরূপে আলোচিত হইয়াছে, এবং উহাতেই 'তত্ত্বমসি', এই মহাবাক্য মধ্যস্থ 'ত্বম্' পদার্থও নিরূপিত হই-য়াছে। তদনন্তর 'যুক্ত আসীত মৎপরঃ' (২।৬১) ইত্যাদি শ্লোকে বেদান্ত মহাবাক্য বিচারের সহিত বহু প্রকার ভগবদ্ভক্তিনিষ্ঠা সূত্রিত হইয়াছে; সপ্তম, অষ্টম, নবম, দশম, একাদশ ও দ্বাদশ এই ছয় অধ্যায়ে সেই প্রসঙ্গই বিস্তারিতরূপে প্রতিপাদিত হইয়াছে, উহাতে মহাবাক্য মধ্যস্থ 'তৎ' পদার্থও নিরূপিত হইয়াছে। তদনন্তর 'বেদাবিনাশিনং নিত্যম্' (২।২১) ইত্যাদি শ্লোকে তৎপদার্থের সহিত অভিন্নতা-বোধজনিত যে তত্ত্বজ্ঞান-নিষ্ঠার প্রসঙ্গ সূত্রিত হইয়াছে, ত্রয়োদশ অধ্যায়ে তাহাই আলোচিত হইয়াছে। "ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন" (২।৪৫) ইত্যাদি শ্লোকে যে প্রকৃতি ও পুরুষ বিষয়ক বোধের দ্বারা জ্ঞাননিষ্ঠার ফল সূত্রিত হইয়াছে, চতুর্দ্দশ অধ্যায়ে গুণাতীত-লক্ষণের বিবরণ দ্বারা সেই জীবন্মুক্তির বিষয় স্পষ্টীকৃত হইয়াছে। "তদাগন্তাসি নির্ব্বেদং" (২।৫২) ইত্যাদি শ্লোকে যে পরম বৈরাগ্য নিষ্ঠার বিষয় সূত্রিত হইয়াছে, সংসার-রূপ মহীরূপের ছেদন দ্বারা তাহা সাধ্য, ইহাই পঞ্চদশ অধ্যায়ে বিস্তারিত-রূপে আলোচিত হইয়াছে। স্থিতপ্রজ্ঞ-লক্ষণ প্রসঙ্গে 'দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ' (২।৫৬) ইত্যাদি শ্লোকে পরম বৈরাগ্যের শুভসাধিনী দৈবী সম্পদের উপাদেয়ত্ব এবং "যামিমাং পুষ্পিতাং বাচং" (২।৪২) ইত্যাদি শ্লোকে

তদ্বিরোধী আসুরী সম্পদের হেয়ত্ব সুচিত হইয়াছে, ষোড়শ অধ্যায়ে তাহাই বিস্তারিতরূপে আলোচিত হইয়াছে। "নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থঃ" ইত্যাদি (২।৪৫) শ্লোকে দৈবী সম্পদের সাত্ত্বিকী শ্রদ্ধাই অসাধারণ কারণরূপে সুচিত হইয়াছে, সপ্তদশ অধ্যায়ে বিরোধী রাজসী ও তামসী শ্রদ্ধার পরিহার দ্বারা, তাহারই বিষয় বিস্তারিতরূপে আলোচিত হইয়াছে। ত্রয়োদশ হইতে সপ্তদশ পর্য্যন্ত পঞ্চাধ্যায়ে জ্ঞান-নিষ্ঠার সফলতা প্রতিপাদিত হইয়াছে। অষ্টাদশ অধ্যায়ে পূর্ব্বোক্ত প্রসঙ্গ সমূহের উপসংহার করা হইয়াছে। দ্বিতীয়াধ্যায়ে শ্রীভগবান্ সাংখ্য বুদ্ধির আশ্রয় গ্রহণ করিয়া "এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধিঃ" (২।২৯) এই বাক্যে জ্ঞান নিষ্ঠার প্রসঙ্গ প্রকীর্ত্তিত করিয়াছেন এবং যোগ বুদ্ধির আশ্রয় গ্রহণ করিয়া "যোগে ত্বিমাং শৃণু" (২।৩৯) হইতে "কর্ম্মণ্যেবাধিকারস্তে—মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি" (২।৪৭) এই পর্য্যন্ত বাক্য দ্বারা কর্ম্ম নিষ্ঠার বিষয় বিবৃত করিয়াছেন। কিন্তু এই উভয় নিষ্ঠার অধিকারিভেদ বিষয়ক ব্যবস্থা ভগবৎ কর্ত্তৃক সুস্পষ্টরূপে উপদিষ্ট হয় নাই, অথবা একই ব্যক্তির উভয় নিষ্ঠার অধিকারিত্বও নির্দ্দিষ্ট হয় নাই; সুতরাং ইহাতে জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয় সপ্রমাণিত হইতেছে না। কারণ "দূরেণ হ্যবরং কর্ম্ম বুদ্ধিযোগাৎ ধনঞ্জয়" (২।৪৯) এই শ্লোক আলোচনা করিলে, বুদ্ধি অর্থাৎ জ্ঞাননিষ্ঠাপেক্ষা কর্ম্মনিষ্ঠা নিকৃষ্ট বলিয়াই উপলব্ধ হয়। অপিচ "যাবানর্থ উদপানে" (২।৪৬ এই শ্লোকে সর্ব্ব কর্ম্ম জনিত ফল, জ্ঞানফলের অন্তর্নিহিত আছে, এই অভিপ্রায় বিন্যস্ত থাকায়, জ্ঞান নিষ্ঠারই প্রাধান্য প্রতিপাদিত হইয়াছে। বিশেষতঃ ভগবান্ স্থিতপ্রজ্ঞের লক্ষণ বিবৃত করিয়া "এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ" (২।৭২) জ্ঞানফলের এই প্রশংসা-সহকৃত উপসংহার করিয়াছেন। 'যা নিশা সর্ব্বভূতানাং' (২।৬৯) ইত্যাদি শ্লোকে দ্বৈত-দর্শন-বিরহিত জ্ঞানী পুরুষের কর্ম্মানুষ্ঠান অসম্ভব, এবং অবিদ্যা নিবৃত্তিরূপ মোক্ষ-ফলের জ্ঞান মাত্রই সাধন, ইহাই সূচিত হইয়াছে। শ্রুতিও বলিয়াছেন, 'তোমাকে জানিয়া মনুষ্য অতি-মৃত্যুকেই প্রাপ্ত হয়, উপায়ান্তর নাই।' অতএব আলোক ও অন্ধকারের ন্যায় বিরোধী জ্ঞান ও কর্ম্মের সমুচ্চয় যখন অসম্ভব এবং তদুভয়ের ভিন্নাধিকারিকত্ব বাস্তবিকই সম্ভব, তখন একমাত্র অর্জ্জুনকে উভয় নিষ্ঠা বিষয়ক উপদেশ প্রদান করা যুক্তিযুক্ত নহে। যদি অর্জ্জুনকে

কর্ম্মাধিকারী বলিয়া স্বীকার করা হয়,তাহা হইলে তাঁহার প্রতি জ্ঞাননিষ্ঠার উপদেশ প্রদান করা সমীচীন নহে এবং যদি তাঁহাকে জ্ঞানাধিকারী মনে করা যায়, তাহা হইলে তাঁহাকে কর্ম্মনিষ্ঠা বিষয়ক পদেশ উপ্রদান করা বিধেয় নহে। যদি বল যে, একই ব্যক্তির প্রতি বিকল্পে উভয় উপদেশই প্রদত্ত হইয়াছে। তাহাও হইতে পারে না, কারণ উৎকৃষ্ট ও নিকৃষ্ট এতদুভয়ের বিকল্প অসিদ্ধ এবং অবিদ্যা নিবৃত্তির ফলস্বরূপ আত্ম-জ্ঞান-জনিত মোক্ষের কোন প্রকার তারতম্য কখনই সম্ভব নহে। সুতরাং জ্ঞান ও কর্ম্মনিষ্ঠার অধিকারী যখন ভিন্ন এবং বিরুদ্ধতা হেতু উভয়ের সমুচ্চয় অসম্ভব, কর্ম্মাপেক্ষা জ্ঞানই যখন শ্রেষ্ঠতর, তখন সেই উৎকৃষ্ট ও অনায়াস-সাধ্য জ্ঞানকে পরিত্যাগ করিয়া নিকৃষ্ট এবং অনেক আয়াস-সাধ্য কর্ম্মানুষ্ঠান নিতান্ত যুক্তি-বিরহিত। এইরূপ চিন্তায় আকুলিত-চিত্ত অর্জ্জুন বলিতেছেন,—'হে জনার্দ্দন! যদি কর্ম্মাপেক্ষা আত্ম-তত্ত্ব বিষয়িণী বুদ্ধি প্রশস্ততরা বলিয়া তোমার বোধ হয়, তবে কেন তুমি আমার ন্যায় অতি ভক্ত জনকে এই হিংসাত্মক আয়াস-সাধ্য যুদ্ধরূপ ক্রূর কর্ম্মে 'কর্ম্মণ্যে-বাধিকারস্তে' ইত্যাদি আদেশ বাক্যে বিনিয়োজিত করিতেছ?' মূলে 'জনার্দ্দন' ও 'কেশব' এই দুইটী সম্বোধন পদ প্রযুক্ত হইয়াছে। যাঁহার নিকট সর্ব্বজন অভিলষিত সিদ্ধির প্রার্থনা করে তিনিই জনার্দ্দন। কেশব শব্দ সর্ব্বেশ্বর প্রতিপাদক। যিনি সর্ব্বেশ্বর তিনি অবশ্যই সকল ইষ্ট সাধনে সক্ষম। আমি পূর্ব্বেই "শিষ্যস্তেঽহং" ইত্যাদি বাক্যে বিনীত ও শরণাগত শিষ্যত্ব স্বীকার করিয়াছি। আমার সহিত প্রতারণা করা তোমার কখনই উচিত হয় না ॥ ১ ॥

—:o:—

ব্যামিশ্রেণেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মে।
তদেকং বদ নিশ্চিত্য যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্ ॥ ২ ॥

অন্বয়।—ব্যামিশ্রেণ (অনিশ্চিতেন কদাচিৎ কর্ম্মপ্রশংসা কদাচিদ্ বা জ্ঞানপ্রশংসা ইত্যেবংরূপেণ সন্দেহজনকেন) বাক্যেন (উপদেশেন) এব মে (মম) বুদ্ধিং (জ্ঞানং) মোহয়সি (ভ্রমাচ্ছন্নাং করোষি) ইব (ত্বন্তু মোহসম্ভাবনাবিরহিতঃ তথাপি চিত্তশুদ্ধিবিরহিতস্য মম মোহো

ভবতীতি ভাবঃ) তৎ একং (জ্ঞানং বা কর্ম্ম বা উভয়োর্ম্মধ্যে একং) নিশ্চিত্য (অবধার্য্য) বদ (ব্রূহি) যেন (জ্ঞানেন কর্ম্মণা বা) অহং শ্রেয়ঃ (মোক্ষং) আপ্নুয়াম্ (প্রাপ্স্যামি) ॥ ২ ॥

প্রতিশব্দ।—অনিশ্চিত বাক্য-দ্বারাই আমার জ্ঞান ভ্রমাচ্ছন্ন করিতেছ যেন তাহার এক স্থির-করিয়া বল যাহা-দ্বারা আমি মোক্ষ পাইতে-পারি ॥ ২ ॥

ব্যাখ্যা।—তুমি স্বয়ং মোহাতীত হইলেও, কখন কর্ম্মের কখন বা জ্ঞানের মাহাত্ম্য কীর্ত্তন করিয়া, আমার বুদ্ধিকে যেন সন্দেহ-সমাকুল করিয়া দিতেছ। এক্ষণে জ্ঞান ও কর্ম্ম এতদুভয়ের কোনটির অনুষ্ঠান করিলে আমি মোক্ষ লাভের অধিকারী হইব, তাহা অবধারিতরূপে নির্দ্দেশ কর ॥ ২ ॥

শঙ্করাচার্য্য।—অথ স্মার্ত্তেনৈব কর্ম্মণা সমুচ্চয়ঃ সর্ব্বেষাং ভগবতোক্তঃ অর্জ্জুনেন চাবধারিতশ্চেৎ "তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি" ইত্যাদি কথং যুক্তং বচনং, কিঞ্চ ব্যামিশ্রেণেতি। ব্যামিশ্রেণেতি যদ্যপি বিবিক্তাভিধায়ী ভগবান্ তথাপি মম মন্দবুদ্ধের্ব্যামিশ্রমিব ভগবদ্বাক্যং প্রতিভাতি, তেন মম বুদ্ধিং মোহয়সীবেতি মম মন্দবুদ্ধের্ব্যামোহাপনয়নায় হি প্রবৃত্তস্ত্বং কথং মোহয়স্যতো ব্রবীমি বুদ্ধিং মোহয়সীবেতি মমেতি। ত্বন্তু ভিন্নকর্ত্তৃকয়োর্জ্ঞানকর্ম্মণোরেকপুরুষানুষ্ঠানাসম্ভবং যদি মন্যসে, তত্রৈবং সতি তৎ তয়োরেকং বুদ্ধিং কর্ম্ম বা ইদমেবার্জ্জুনস্য যোগ্যং বুদ্ধিশক্ত্যবস্থানুরূপমিতি নিশ্চিত্য বদ ব্রূহি, যেন জ্ঞানেন কর্ম্মণা বান্যতরেণ শ্রেয়োহহমাপ্নুয়ামিতি যদুক্তং, তদপি নোপপদ্যতে। যদি হি কর্ম্মনিষ্ঠায়াং গুণভূতমপি জ্ঞানং ভগবতোক্তং স্যাৎ তৎ কথং তয়োরেকং বদেতি একবিষয়ৈবার্জ্জুনস্য শুশ্রূষা স্যাৎ নহি ভগবতোক্তমন্যতরদেব জ্ঞানকর্ম্মণোর্ব্বক্ষ্যামি, নৈব দ্বয়মিতি। যেনোভয়প্রাপ্ত্যসম্ভবমাত্মনো মন্যমান একমেব প্রার্থয়েৎ ॥ ২ ॥

আনন্দগিরি।—যত্তু বৃত্তিকারৈরুক্তং শ্রৌতেন স্মার্ত্তেন চ কর্ম্মণা সমুচ্চয়ো গৃহস্থানাং শ্রেয়ঃসাধনমিতরেষাং স্মার্ত্তেনৈবেতি ভগবতোক্তমর্জ্জুনেন চ নির্দ্ধারিতমিতি তদেতদনুবদতি অথেতি। তৎ কিমিত্যাদ্যুপালম্ভবচনমনুপপন্নং কর্ম্মমাত্রসমুচ্চয়বাদিনো ভগবতো নিয়োজনাভাবাদিতি দূষয়তি তৎ কিমিতি। ইতশ্চ প্রশ্নসমুচ্চয়ানুসারী ন ভবতীত্যাহ কিঞ্চেতি। ভগবতো বিবিক্তার্থবাদিত্বাদযুক্তং ব্যামিশ্রেণেত্যাদিবচনমিত্যাশঙ্ক্যাহ যদ্যপীতি। যদি ভগবদ্বচনং সঙ্কীর্ণমিব তে ভাতি, তর্হি তেন ত্বদীয়বুদ্ধিব্যামোহনমেব তস্য বিবক্ষিতমিতি কিমিতি মোহয়সীবেত্যুচ্যতে

তস্মাদ্ মমেতি। জ্ঞানকর্ম্মণী মিথোবিরোধাৎ যুগপদেকপুরুষানুষ্ঠেয়তয়া ভিন্নকর্ত্তৃকে কথ্যেতে, তথা চ তয়োরন্যতরস্মিন্নেব ত্বং নিযুক্তো ন তু তে বুদ্ধিব্যামোহনমভিমতমিতি ভগবতো মতমনুবদতি ত্বমিতি। তদেকমিত্যাদিপ্রশ্নাকাঙ্ক্ষেণোত্তরমাহ তত্রেতি। উক্তং ভাগবতমতং সপ্তম্যা পরামৃশ্যতে একমিত্যুক্তপ্রকারোক্তিঃ। একমিত্যুক্তমেব স্ফুটয়তি বুদ্ধিমিতি। নিশ্চয়প্রকারং প্রকটয়তি ইদমিতি। যোগ্যত্বং স্পষ্টয়তি বুদ্ধীতি। অস্য হি ক্ষত্রিয়স্য সতোহন্তঃকরণস্য দেহশক্তেঃ সময়সমারম্ভাবস্থায়াশ্চেদমেব জ্ঞানং কর্ম্ম বানুগুণমিতি নির্দ্ধার্য্য ব্রূহি ইত্যর্থঃ। নিশ্চিত্যান্যতরোক্তৌ তেন শ্রোতুঃ শ্রেয়োহবাপ্তিফলমাহ যেনেতি। তদেকমিত্যাদিবাক্যসামর্থ্য-মর্থমুক্ত্বা সমুচ্চয়স্য শাস্ত্রার্থত্বাভাবে তাৎপর্য্যমাহ যদি হীতি। গুণভূতমপি ইত্যাদিনা প্রধানভূতমপি চেতি বিবক্ষিতং ন তূভয়প্রাপ্ত্যসম্ভবমাত্মনো মন্যমানস্যার্জ্জুনস্যান্যতরবিষয়া শুশ্রূষা ভবিষ্যতি নেত্যাহ ন হীতি। যথোক্তভগবদ্বচনাভাবে দ্বয়প্রাপ্ত্যসম্ভববুদ্ধ্যা নান্যতরপ্রার্থনা সম্ভবতীত্যাহ যেনেতি। ন হি তথাবিধং ভগবদ্বচনং ভবতেষ্টং ভগবতঃ সমুচ্চয়বাদিত্বাঙ্গীকারাদতস্তদভাবাদুক্তবুদ্ধ্যা ন যুক্তান্যতরপ্রার্থনেত্যর্থঃ ॥ ২ ॥

রামানুজ।—ব্যামিশ্রেণেতি। অতো ব্যামিশ্রবাক্যেন মাং মোহয়সীবেতি মে প্রতিভাতি, তথাহ্যাত্মাবলোকনসাধনভূতায়াঃ সর্ব্বেন্দ্রিয়ব্যাপারোপরতিরূপায়া জ্ঞাননিষ্ঠায়াস্তদ্বিপর্য্যয়রূপং কর্ম্মসাধনং তদেব কুর্ব্বিতি বাক্যং বিরুদ্ধম্। ব্যামিশ্রমেব তস্মাদেকমসম্মিশ্রং বাক্যং বদ, যেন বাক্যেনাহমনুষ্ঠেয়রূপং নিশ্চিত্যাত্মনঃ শ্রেয়ঃ প্রাপ্নুয়াম্ ॥ ২ ॥

হনুমান্।—কিঞ্চ ব্যামিশ্রেণেতি। ব্যামিশ্রেণৈব সঙ্কীর্ণেনৈব বুদ্ধিং মোহয়সীব, কদাচিৎ কর্ম্ম শ্রেয় ইতি, কদাচিদ্বুদ্ধিঃ শ্রেয়সীতি চ, সঙ্কীর্ণেনেব বাক্যেন বুদ্ধিং মোহয়সীব মোহং নয়সীব মে, তৎ তস্মাদেকমনুষ্ঠেয়ং নিশ্চিত্য বদ, যেনানুষ্ঠিতেন শ্রেয়োহহমাপ্নুয়াম্।

শ্রীধর।—ননু "ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োহন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে" ইত্যাদিনা কর্ম্মণোহপি শ্রেষ্ঠত্বমুক্তমেবেত্যাশঙ্ক্যাহ ব্যামিশ্রেণেতি। কচিৎ কর্ম্মপ্রশংসা ক্বচিজ্জ্ঞানপ্রশংসেত্যেবং ব্যামিশ্রং সন্দেহোৎপাদকমিব যদ্বাক্যং, তেন মে মতিমুভয়ত্র দোলায়িতাং কুর্ব্বন্ মোহয়সীব পরমকারুণিকস্য তব মোহকত্বং নাস্ত্যেব, তথাপি ভ্রান্ত্যা মমৈবং ভাতি ইতীবশব্দেনোক্তং, অত উভয়োর্মধ্যে যদ্ভদ্রং তদেকং নিশ্চিত্য বদেতি। যদ্বা অহং ইদমেব শ্রেয়ঃসাধনমিতি নিশ্চিত্য যেনানুষ্ঠিতেন শ্রেয়ো মোক্ষমহাপ্নুয়াং প্রাপ্স্যামি তদেবৈকং নিশ্চিত্য বদেত্যর্থঃ ॥ ২ ॥

বলদেব।—ব্যামিশ্রেণেতি। সাঙ্খ্যবুদ্ধিযোগবুদ্ধ্যোরিন্দ্রিয়নিবৃত্তিতৎপ্রবৃত্তিরূপয়োঃ সাধ্যসাধকভাবাবোধি যদ্বাক্যং তদ্ব্যামিশ্রমুচ্যতে তেন মে বুদ্ধিং মোহয়সীব। বস্তুতস্তু সর্ব্বেশ্বরস্য মৎসখস্য চ তে মন্মোহকতা নাস্ত্যেব মদ্বুদ্ধিদোষাদেবং প্রত্যেম্যহমিতীবশব্দার্থঃ। তৎ তস্মাদেকমব্যামিশ্রং বাক্যং বদ। "ন কর্ম্মণা ন প্রজয়া ধনেন ত্যাগেনৈকেনামৃতত্বমানশুর্ঃ-ব্যক্তঃ কৃতঃ" ইতি শ্রুতিবৎ। যেনাহমনুষ্ঠেয়ং নিশ্চিত্যাত্মনঃ শ্রেয়ঃ প্রাপ্নুয়াম্ ॥ ২ ॥

মধুসূদন।—নন্থ নাহং কঞ্চিদপি প্রতারয়ামি, কিং পুনস্ত্বামতিপ্রিয়ং, অত্র কিং মে প্রতারণাচিহ্নং পশ্যসীতি চেৎ তত্রাহ ব্যামিশ্রেণেবেতি। তব বচনং ব্যামিশ্রং ন ভবত্যেব মম ত্বেকাধিকারিকত্বভিন্নাধিকারিকত্বসন্দেহাদ্ব্যামিশ্রং সঙ্কীর্ণার্থমিব তেঁ যদ্বাক্যং মাং প্রতি জ্ঞান-কর্ম্মনিষ্ঠাদ্বয়প্রতিপাদকং, তেন বাক্যেন ত্বং মে মম মন্দবুদ্ধের্ব্বাক্যতাৎপর্য্যপরিজ্ঞানাৎ বুদ্ধিমন্তঃ-করণং মোহয়সীব ভ্রান্ত্যা যোজয়সীব পরমকারুণিকত্বাৎ ত্বং ন মোহয়স্যেব, মম তু স্বাপরাধ-দোষান্মোহো ভবতীতি ইবশব্দার্থঃ। একাধিকারিত্বে বিরুদ্ধয়োঃ সমুচ্চয়ানুপপত্তেরেকার্থত্বা-ভাবেন চ বিকল্পানুপপত্তেঃ প্রাগুক্তের্যত্নধিকারিভেদং মন্যসে, তদেকং মাং প্রতিবিরুদ্ধয়োর্নিষ্ঠয়োঃ-রুপদেশাযোগাৎ তৎ জ্ঞানং বা একমেবাধিকারং মে নিশ্চিত্য বদ, যেনাধিকারনিশ্চয়পুরঃসর-মুক্তেন ত্বয়া ময়া চানুষ্ঠিতেন জ্ঞানেন কর্ম্মণা চৈকেন শ্রেয়ো মোক্ষমহমাপ্নুয়াং প্রাপ্তুং যোগ্যঃ স্যাম্। এবং জ্ঞানকর্ম্মনিষ্ঠয়োরেকাধিকারিত্বে বিকল্পসমুচ্চয়য়োরসম্ভবাদধিকারিভেদজ্ঞানায়ার্জ্জুনস্য প্রশ্ন ইতি স্থিতম্। ইহেতরেষাং কুমতং সমস্তং শ্রুতিস্মৃতিন্যায়বলান্নিরস্তম্। পুনঃ পুনর্ভাষ্য-কৃতাতিযত্নাদতো ন তৎ কর্ত্তুমহং প্রবৃত্তঃ। ভাষ্যকারমতসারদর্শিতা গ্রন্থমাত্রমিহ যোজ্যতে ময়া। আশয়ো ভগবতঃ প্রকাশ্যতে কেবলং স্ববচসো বিশুদ্ধয়ে ॥ ২ ॥

নীলকণ্ঠ।—নন্থ তব জ্ঞাননিষ্ঠায়ামনধিকারাৎ কর্ম্মৈব কুর্ব্বিতি মাং ব্রবীষীত্যা-শঙ্ক্যাহ ব্যামিশ্রেণেতি। ব্যামিশ্রেণ অবিবিক্তেন ইব ইবশব্দো বিবিক্তেঽপি বুদ্ধিদোষাদ-বিবিক্ততাং গৃহ্ণামীতি সূচয়তি, এতেন বাক্যেন "ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন" ইতি ক্বচিদ্বেদনিষ্ঠাং ত্যাজয়সি "কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইতি তামেব চ গ্রাহয়সি, তথা "নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থো নির্যোগক্ষেম আত্মবান্ ভব" ইতি চ নিবৃত্তিমার্গং উপদিশসি, "ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাৎ শ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে" ইতি প্রবৃত্তিমপ্যুপদিশসি, ন হ্যেকেন ময়া যুগপদুভয়ং স্থিতিগতিবদনুষ্ঠাতুং শক্যং, অতো মে মম বুদ্ধিং মোহয়সীব। বস্তুতস্তু মম মোহং নাশয়িতুং প্রবৃত্তোঽসীতি ইবশব্দেনোচ্যতে। তৎ তয়োর্ম্মধ্যে যদেকং প্রধানং মদ্যোগ্যং তৎ নিশ্চিত্য বদ, যেনানুষ্ঠিতেনাহং শ্রেয়ঃ কল্যাণং আপ্নুয়াম্ ॥ ২ ॥

বিশ্বনাথ।—ভো বয়স্য অর্জ্জুন! সত্যং গুণাতীতা ভক্তিঃ সর্ব্বোৎকৃষ্টৈব, কিন্তু সা যাদৃচ্ছিকমদৈকান্তিকমহাভক্তকৃপৈকলভ্যত্বাৎ পুরুষোত্তমসাধ্যা ন ভবতি। অতএব "নিস্ত্রৈগুণ্যো ভব" গুণাতীতয়া মদ্ভক্ত্যা ত্বং নিস্ত্রৈগুণ্যো ভূয়া ইত্যাশীর্ব্বাদ এব দত্তঃ। সচ যদা ফলিষ্যতি তদা তাদৃশযাদৃচ্ছিকৈকান্তিকভক্তকৃপয়া প্রাপ্স্যামপি লপ্স্যসে। সাম্প্রতন্তু "কর্ম্মণ্যে-বাধিকারস্তে" ইতি মদোক্তমেবেতি চেৎ সত্যং তর্হি কর্ম্মৈব নিশ্চিত্য কথং ন ব্রূষে কিমিতি সন্দেহসিন্ধৌ মাং ক্ষিপসীত্যাহ ব্যামিশ্রেণেতি। বিশেষত আ সম্যক্ তয়া মিশ্রণং নানাবিধার্থ-মিলনং যত্র তেন বাক্যেন মে বুদ্ধিং মোহয়সি। তথাহি "কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইত্যুক্ত্বাপি "বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুষ্কৃতে। তস্মাদ্যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলম্"। ইতি। "সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে।" যোগশব্দবাচ্যং জ্ঞানমপি

ব্রবীষি। "যদা তে মোহকলিলম্" ইত্যনেন জ্ঞানং কেবলমপি ব্রবীষি। কিন্ত্বেবশব্দেন ত্বদ্বাক্যস্য বস্তুতো নাস্তি নানার্থমিশ্রিতত্বং নাপি কৃপালোস্তব মন্মোহনেচ্ছা, নাপি মম তত্ত্বমর্থানভিজ্ঞত্বং, কিন্তু স্পষ্টীকৃত্য এব তব কথনমুচিতমিতি ভাবঃ। অয়ং গূঢ়োঽভিপ্রায়ঃ রাজসাৎ কর্ম্মণঃ সকাশাৎ সাত্ত্বিকং কর্ম্ম শ্রেষ্ঠং, তস্মাদপি জ্ঞানং শ্রেষ্ঠং তচ্চ সাত্ত্বিকমেব। নির্গুণা ভক্তিশ্চ তস্মাদতিশ্রেষ্ঠৈব। তত্র সা যদি ময়ি ন সম্ভবেদিতি ব্রূষে, তদা সাত্ত্বিকং জ্ঞানমেবৈকং মামুপদিশ। তদেব দুঃখময়াৎ সংসারবন্ধনান্মুক্তো ভবেয়মিতি॥ ২॥

তাৎপর্য্য।—পূজ্যপাদ শ্রীমচ্ছঙ্করাচার্য্য, আনন্দগিরি ও শ্রীধরস্বামীর অভিপ্রায়। সুখদুঃখময় সংসার-চক্রে ঘূর্ণিত মানবগণের পরিত্রাণের নিমিত্ত শ্রীভগবান্ এই গীতা শাস্ত্রে শ্রৌত ও স্মার্ত্ত কর্ম্মের সমুচ্চয় প্রতিপাদন করিয়া গৃহাশ্রমীর প্রতি কর্ম্মের প্রাধান্য ও জ্ঞানের অপ্রাধান্য দেখাইয়াছেন এবং জ্ঞানলোভী অর্জ্জুনও তাহাই হৃদয়ঙ্গম করিয়াছেন। প্রাচীন টীকাকারগণ গীতার উল্লিখিতরূপ ব্যাখ্যা করিয়া থাকেন। কিন্তু উক্ত ব্যাখ্যা নিতান্ত অশ্রদ্ধেয়। কারণ, যদি প্রাগুক্ত কর্ম্মের প্রাধান্য স্থাপনই ভগবানের অভিপ্রায় এবং অর্জ্জুনেরও তাহাই স্থিরসিদ্ধান্ত হইয়া থাকে তবে "তৎ কিং কর্ম্মণি ঘোরে মাং নিয়োজয়সি কেশব" ইত্যাদি প্রশ্নে অর্জ্জুন কর্ম্মের নিন্দা করিলেন কেন? আর দেখ, যদ্যপি অধিকারিভেদে জ্ঞান কর্ম্মের পৃথক্ উপাসনা করিবে, ইহাই ভগবান্ বলিয়াছেন স্বীকার করা যায়, তথাপি অর্জ্জুন অতি মন্দমতি বলিয়া বুদ্ধি-দোষে পূর্ব্বোক্ত ভগবদ্বাক্য তাঁহার নিকট যেন সঙ্কীর্ণের ন্যায় প্রতীত হইতেছে। অতএব তিনি অতি বিনীতভাবে জানাইতেছেন, হে ভগবন্! আপনি শরণাগত অজ্ঞজনের মোহ দূরীকরণার্থ প্রবৃত্ত হইয়া, কখন কর্ম্মের প্রশংসা, কখন বা জ্ঞানের প্রশংসাসূচক সন্দেহজনক ব্যামিশ্র বাক্য দ্বারা আমার চিত্তকে উভয় দিকে দোলায়িত করতঃ অতিশয় মোহিত করিতেছেন। আপনি পরম দয়ালু, কপট-বাক্যে শরণাগত ব্যক্তিকে মোহিত করা আপনার ন্যায় মহাপুরুষের কখনও সম্ভবপর নহে; আমারই বুদ্ধিদোষে এইরূপ ভ্রান্তি বোধ হইতেছে। "ইব" শব্দ দ্বারা ইহা প্রকটিত হইল। আর যদি এক পুরুষ কর্ত্তৃক জ্ঞান ও কর্ম্মের যুগপদনুষ্ঠান অসম্ভব, ইহাই আপনার অভিমত হয়, তবে জ্ঞান ও কর্ম্মের মধ্যে কোন্‌টী প্রশস্ততর আমার ন্যায় দুর্ব্বোধের বুদ্ধিশক্তি ও অবস্থা বিবেচনা করিয়া তাহার উপদেশ প্রদান করুন। সেই তবন্নিশ্চিত জ্ঞান বা কর্ম্মের উপাসনা করিয়া

আমি পরম শ্রেয়ঃ প্রাপ্ত হইব।" ইত্যাদি বাক্যে অর্জ্জুন যে প্রার্থনা করিয়াছেন তাহা কিরূপে উপপন্ন হইবে ? কিংবা যদি প্রাচীন টীকাকারগণের মতে সমুচ্চিত কর্ম্মেরই প্রাধান্য স্থিরীকৃত হইয়া থাকে, তবে "জ্ঞান ও কর্ম্মের মধ্যে একটী আমাকে বলুন" ইত্যাদি অর্জ্জুনের এক-বিষয়-শুশ্রূষা কেন হইবে ? অতএব অবস্থাভেদে জ্ঞান ও কর্ম্ম উভয়ই মুক্তির প্রযোজক, কেবল কর্ম্ম নহে।

টীকাকার পূজ্যপাদ শ্রীমন্মধুসূদন সরস্বতী ও শ্রীমন্নীলকণ্ঠ সূরী মহাশয়ের অভিপ্রায়। অর্জ্জুনোক্ত পূর্ব্বশ্লোকের উত্তর স্বরূপে যদি ভগবান্ বলেন. যে, আমি কখনও কাহারও সহিত প্রতারণা করি না ; তুমি তো আমার অতি প্রিয় পাত্র,সুতরাং তোমার সহিত তাদৃশ ব্যবহার নিতান্ত অসম্ভব। তুমি আমার ব্যবহারে কি প্রতারণার চিহ্ন পরিদর্শন করিয়াছ বল। এই আশঙ্কায় অর্জ্জুন বলিতেছেন, তোমার উপদেশ বাক্য সন্দেহ-সম্ভাবনা-বিরহিত হইলেও, মন্দবুদ্ধি আমি, তাহা জ্ঞান-কর্ম্ম-নিষ্ঠাদ্বয় প্রতিপাদক, সুতরাং ব্যামিশ্র বলিয়াই মনে করিতেছি এবং তজ্জন্য আমার অন্তঃকরণ ভ্রমাচ্ছন্ন হইয়াছে। তুমি পরম-করুণা-নিধান, অতএব তুমি যে ইচ্ছাপূর্ব্বক আমার চিত্তকে মোহাচ্ছন্ন করিতেছ, ইহা কদাপি সম্ভব নহে। কেবল আমার চিত্ত-শুদ্ধির অভাব ও ভ্রান্তি হেতু আমার অন্তঃকরণ মোহ-জালে সমাবৃত হইতেছে। মূলোক্ত 'ইব' শব্দে এই অর্থ স্ফুটিত হইতেছে। যদি অধিকারী ভেদে জ্ঞান ও কর্ম্মের অনুষ্ঠান আবশ্যক বলিয়া তুমি বিবেচনা কর, তাহা হইলে আমি কোন্‌টির অধিকারী তাহা স্থিরীকৃত করিয়া বল। তুমি নিশ্চিতরূপে তাহা নির্দ্দেশ করিলে, আমিও সন্দেহশূন্য-হৃদয়ে তাহার অনুষ্ঠান করিব ; অতএব যে উপায়ে মুক্তিলাভের যোগ্য হই, তাহারই উপদেশ প্রার্থনা করিতেছি। যুগপৎ জ্ঞান ও কর্ম্মের অনুষ্ঠান অসম্ভব, সুতরাং তদুভয়ের একাধিকারিত্ব অসম্ভব। এই জন্যই অর্জ্জুন এই প্রশ্ন উত্থাপিত করিয়াছেন। এতদ্ব্যতীত অন্যান্য ভ্রমাত্মক কুমত সমূহ শ্রুতি, স্মৃতি ও ন্যায়ের বিরোধী।

টীকাকার পূজ্যপাদ শ্রীমদ্বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয়ের অভিপ্রায়। হে হৃদয়সখে অর্জ্জুন ! সত্ত্ব, রজঃ ও তমঃ ; এই ত্রিগুণাতীতা ভক্তিই * যে

* "ভক্তিরস্য ভজনং, তদিহামুত্রোপাধিনৈরাস্যেনৈবামুষ্মিন্ মনসঃ কল্পনমেতদেব চ নৈষ্কর্ম্ম্যম্ ॥" (অথর্ব্ববেদীয় শ্রীগোপালতাপনী উপনিষদ, ১৫শ শ্রুতি) ভজ্ + ক্তি = ভক্তি।

সর্ব্বোৎকৃষ্টা তাহার কোনই সন্দেহ নাই। কিন্তু তাদৃশী ভক্তি আমার কোন একান্ত ভক্তজনের কৃপা হইলেই লব্ধ হইতে পারে; নতুবা পুরুষ স্বকীয় উদ্যম দ্বারা তাঁহা কদাপি লাভ করিতে পারে না। অতএব আমার প্রতি গুণাতীত ভক্তিযুক্ত হইয়া তুমি ত্রিগুণ বিরহিত হও। এই অভিপ্রায়ে

ভজ্ ধাতুর অর্থ ভজন। (এই) ভগবান্ শ্রীকৃষ্ণের শ্রবণাদিরূপ ভজনের নামই "ভক্তি," বা শ্রবণাদিরূপ ভক্তির নামই "ভজন"। ভক্তি ও ভজন এতদুভয়ই একপর্য্যায়বাচী। ইহাই ভক্তির সাধারণ লক্ষণ। কিন্তু এই (শ্রবণাদি-লক্ষণা) ভক্তি যদি ইহলোকে ও পরলোকে উপাধি নৈরাস্য-ভাবে অর্থাৎ শ্রীকৃষ্ণ ব্যতিরিক্ত অন্য ফলাভিলাষরাহিত্যভাবে এই শ্রীকৃষ্ণেই সঞ্জাত হয়, এবংবিধ মানস কল্পন অর্থাৎ শ্রবণাদি হেতুক মানস ভাব বিশেষই উত্তমা বা আত্যন্তিকী ভক্তির লক্ষণ। এই উত্তমা ভক্তিই নৈষ্কর্ম্ম্য, অর্থাৎ আনুষঙ্গিকরূপে মোক্ষ ফল প্রদান করেন; অর্থাৎ ইক্ষুক্ষেত্রে জল সেচন করিলে জল-গমন-মার্গের পার্শ্বস্থিত তৃণাদি যেরূপ স্বতঃ পুষ্ট হয়, তৃণাদি উপলক্ষ করিয়া আর স্বতন্ত্র জল-সেচন করিতে হয় না, সেইরূপ উত্তমা ভক্তি লাভ করিলে, মোক্ষাদি লাভও স্বতঃই সম্পাদিত হয়; তজ্জন্য আর স্বতন্ত্র চেষ্টা করিতে হয় না। এইজন্যই কথিত হয় যে, মুক্তি ভক্তির কিঙ্করী; এবং এইজন্য মুক্তি হইতে উত্তমা ভক্তির শ্রেষ্ঠত্ব। শ্রীমদ্ভাগবতের তৃতীয় স্কন্ধেও কথিত আছে, "দেবানাং গুণলিঙ্গানামানুশ্রবিককর্ম্মণাম্। সত্ত্ব এবৈকমনসো বৃত্তিঃ স্বাভাবিকী তু যা। অনিমিত্তা ভাগবতী ভক্তিঃ সিদ্ধের্গরীয়সী। জরয়ত্যাশু যা কোশং নিগীর্ণমনলো যথা॥ নৈকাত্মতাং মে স্পৃহয়ন্তি কেচিন্মৎপাদসেবাভিরতা মদীহাঃ।" (শ্রীমদ্ভাগবত—৩ স্কন্ধ, ২৫ অধ্যায়, ২৯—৩১ শ্লোক) ইহার স্থূলার্থ, কপিলরূপী ভগবান্, জননী দেবহূতিকে বলিতেছেন, মাতঃ! একমনা-ব্যক্তির সত্ত্বমূর্ত্তি শ্রীহরিতেই অনিমিত্তা অর্থাৎ ফলাভিসন্ধি শূন্যা এবং স্বাভাবিকী অর্থাৎ অযত্নসিদ্ধ যে বৃত্তি অর্থাৎ প্রীতি, তাহারই নাম "ভক্তি" এবং সেই ভক্তি, সিদ্ধি অপেক্ষা অর্থাৎ সালোক্যাদি মুক্তি অপেক্ষা শ্রেষ্ঠ। লিঙ্গশরীর নাশের নামই মুক্তি। সেই মুক্তি, ভক্তির আনুষঙ্গিক ফল। যেরূপ জঠরানল কোনরূপ পুরুষ-প্রযত্ন ব্যতিরেকেই ভুক্ত অন্নকে জীর্ণদশায় উপনীত করে, সেইরূপ ভক্তিও অন্য কোনরূপ সাধনান্তরকে অপেক্ষা না করিয়া, লিঙ্গশরীরকে জীর্ণ করেন; সুতরাং মুক্তি ভক্তির আনুষঙ্গিক ফল। মাতঃ! মুক্তি অপেক্ষা ভক্তির শ্রেষ্ঠত্বের প্রতি আর এক হেতুবাদও নির্দ্দেশ করিতেছি, শ্রবণ করুন;—সংযত-চিত্ত কোন কোন অসাধারণ ভক্তি-রসিক আমার সহিত একাত্মতা (এক হইয়া যাওয়া) অর্থাৎ সাযুজ্য মুক্তিও প্রার্থনা করেন না"॥ এই আত্যন্তিকী ভক্তিরই নামান্তর অনন্যা ভক্তি, উত্তমা-ভক্তি, পরা ভক্তি, নির্গুণা ভক্তি, নিষ্কিঞ্চনা ভক্তি ও প্রেমভক্তি প্রভৃতি। এই নির্গুণভক্তি ব্যতীত অন্য সগুণভক্তি ভক্ত্যাভাস। ভগবান্ কপিল দেব (এই তৃতীয় স্কন্ধে) অন্যত্র বলিয়াছেন যে, মাতঃ! "ভক্তিযোগো বহুবিধো মার্গৈর্ভামিনি ভাব্যতে। স্বভাবগুণমার্গেণ পুংসাং ভাবো বিভিদ্যতে॥ অভিসন্ধায় যদ্ধিংসাং দম্ভং মাৎসর্য্যমেব বা। সংরম্ভী ভিন্নদৃগ্ ভাবং ময়ি কুর্য্যাৎ স তামসঃ। বিষয়ানভিসন্ধায় যশ ঐশ্বর্য্যমেব বা। অর্চ্চাদাবর্চ্চয়েদ্ যো মাং পৃথগ্ভাবঃ স রাজসঃ। কর্ম্মনির্হারমুদ্দিশ্য পরস্মিন্ বা তদর্পণম্। যজেদ্যষ্টব্যমিতি বা পৃথগ্ভাবঃ স সাত্ত্বিকঃ॥ মদ্গুণশ্রুতিমাত্রেণ ময়ি সর্ব্বগুহাশয়ে। মনোগতিরবিচ্ছিন্না যথা গঙ্গাম্ভসোঽম্বুধৌ॥ লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্য হ্যুদাহৃতম্। অহৈতুক্যব্যবহিতা যা ভক্তিঃ পুরুষোত্তমে॥ সালোক্য-সার্ষ্টি-সামীপ্য-সারূপ্যৈক-ত্বমপ্যুত। দীয়মানং ন গৃহ্ণন্তি বিনা মৎসেবনং জনাঃ॥ স এব ভক্তিযোগাখ্য আত্যন্তিক

তোমাকে "নিস্ত্রৈগুণ্যো ভব" এই আশীর্ব্বাদ করিয়াছি। আমার সেই শুভাশীর্ব্বাদ যখন ফলবান্ হইবে, তখন আমার কোন ঐকান্তিক ভক্তের কৃপায় তুমি ভক্তিধনকে লাভ করিবে।

ভগবদুক্ত এই বাক্যের প্রতিবাক্য স্বরূপে অর্জ্জুন বলিতেছেন যে,

উদাহৃতঃ। যেনাতিব্রজ্য ত্রিগুণান্মদ্ভাবায়োপপদ্যতে॥" (শ্রীমদ্ভাগবত, ৩ স্কন্ধ, ২৯ অধ্যায়, ৬—১২ শ্লোক) ইহার স্থূলার্থ ; মা! আমি পূর্ব্বে আপনাকে যে অনন্যনিমিত্তা নির্গুণা আত্যন্তিক-ভক্তির বিষয় বলিয়াছি, সেই ভক্তিই মুখ্য ভক্তি এবং সেই ভক্তিই ভক্তিযোগ-পদবাচ্য। সেই ভক্তির পর অন্য প্রকার ভক্তি নাই বলিয়াই তাহার নাম আত্যন্তিকী। এই আত্যন্তিকী ভক্তি স্বয়ং নিরোধরূপ ও ফলস্বরূপ ; সুতরাং তিনি অন্য কোনরূপ ফল প্রদান করেন না এবং এই নিমিত্তই কর্ম্ম, জ্ঞান ও যোগ হইতে ভক্তির শ্রেষ্ঠত্ব। দেবর্ষি নারদও বলিয়াছেন যে, ওঁ সা ন কাময়মানা নিরোধরূপত্বাৎ॥ ৭ ॥ ওঁ সা তু কর্ম্ম-জ্ঞান-যোগেভ্যোঽপ্যধিকতরা॥ ২৫ ॥ ওঁ ফলরূপত্বাৎ॥ ২৬ ॥ (নারদ ভক্তিসূত্র) কোন কোন মতে কর্ম্ম জ্ঞান যোগাদির ফলস্বরূপই ভক্তি (জ্ঞানমিশ্রা)। গীতাশাস্ত্রে "অহঙ্কারং বলং দর্পং কামং ক্রোধং পরিগ্রহম্। বিমুচ্য নির্ম্মমঃ শান্তো ব্রহ্মভূয়ায় কল্পতে॥ ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ন শোচতি ন কাঙ্ক্ষতি। সমঃ সর্ব্বেষু ভূতেষু মদ্ভক্তিং লভতে পরাম্॥" ইত্যাদি শ্লোকে উক্ত অর্থই প্রতিপাদিত হইয়াছে। এক হইয়াও, এই নির্গুণা ভক্তিই আবার দাস্যাদি অভিমান ভেদে এবং হিংসাদি গুণভেদে বহুবিধ। অর্থাৎ ফল-সঙ্কল্প-ভেদেই ভক্তিভেদ হয়। যে সমস্ত ব্যক্তি ক্রোধ-লোভাদির বশীভূত, যাহারা ভিন্নদর্শী অর্থাৎ যাহারা অন্যের সুখদুঃখ নিজের তুল্য বলিয়া মনে করে না, এবম্ভূত নির্দ্দয় জনসমূহ কাহারও বধ-সাধনোদ্দেশে বা ভ্রষ্ট-চরিত্রা, কুলকামিনীর পতিসেবার ন্যায় কেবল লোক দেখাইবার নিমিত্ত, এবং অন্য ব্যক্তিকৃত দেব-পূজন দেখিয়া তদুপরি স্পর্দ্ধা পূর্ব্বক (অর্থাৎ অমুক এতক্ষণ পূজা করে, আমিও ওর চেয়ে বেশী বেশী পূজা করিব, এইরূপ স্পর্দ্ধা করিয়া) আমার ভজনা করে ; এতৎ ত্রিবিধ ভজনই তামসিক। যে সমস্ত লোক আমাকে চায় না, অথচ বিষয়, যশ এবং ঐশ্বর্য্য উদ্দেশ করিয়া প্রতিমাতে আমার ভজনা করে, তাহাদের এই ত্রিবিধ ভজনই রাজসিক। আর যাহারা মোক্ষকেই ভক্তি হইতে পৃথক্ পরম পুরুষার্থ বলিয়া নিশ্চয় পূর্ব্বক পাপ-ক্ষয়োদ্দেশে, ভগবৎ-প্রীত্যুদ্দেশে এবং (শাস্ত্র আমার প্রতি যাহা বিধি প্রদান করিয়াছেন, তাহা অবশ্য পালনীয়) এইরূপে বিধি-সিদ্ধির উদ্দেশে আমার ভজনা করে, তাহাদের এই ত্রিবিধ ভজনই সাত্ত্বিক। তাহা হইলে এখন দেখুন যে প্রধানতঃ শ্রবণাদি ভেদে ভক্তি নববিধ ; তামসিক ভক্তি তিন, রাজসিক ভক্তি তিন এবং সাত্ত্বিকী ভক্তি তিন। এই নববিধ সগুণা ভক্তি প্রত্যেকেই শ্রবণাদি নবভেদে ভিন্ন। সুতরাং শ্রবণাদি নববিধা ভক্তি নবগুণিতা হইয়া, মোট একাশীতি প্রকার। মা! যে নির্গুণা-ভক্তির শ্রেষ্ঠত্ব দেখাইবার নিমিত্ত সগুণ-ভক্তির লক্ষণ গুলি দেখাইলাম, সেইত্ত নির্গুণা-ভক্তির আরও বিশেষ লক্ষণ আপনাকে বলিতেছি। যেরূপ জগৎ-পূজনীয়া, পবিত্রীকৃত-বসুন্ধরা, নিখিল-জন-মনঃ-প্রাণ-শীতল-কারিণী জাহ্নবীর সলিলরাশি যোধিক-লহরীগণ তাঁহাকে ফিরাইয়া ফিরাইয়া দিলেও, তাহাদের মানা না মানিয়া, বা বৃক্ষ শৈলাদি কাহারও মানা না মানিয়া, মনের আবেগে তর তর বেগে আনন্দে কুলু কুলু ধ্বনি করিতে করিতে তরঙ্গভঙ্গে নাচিতে নাচিতে ভক্তপ্রদত্ত নানাফুলে সাজিয়া, সাগরের অভিমুখে অবিচ্ছিন্নভাবে (একটানা) ধাবমানা হইতেছেন ; সেইরূপ মদ্গুণ শ্রবণমাত্র যে মনোগতি অন্য ফলের কথা দূরে থাকুক, মৎপ্রদত্ত সালোক্যাদি পঞ্চবিধ মুক্তিকেও অতি তুচ্ছ জ্ঞান করিয়া

যত দিন তাদৃশ কোন পরম ভক্ত মহাপুরুষের কৃপায় ভক্তির আলোকে আমার হৃদয়ান্ধকার অপগত না হইবে, তত দিন যদি কর্ম্মই আমার অবশ্য করণীয় হয়, তাঁহা হইলে, হে নারায়ণ! আমাকে তৎসম্বন্ধে নিশ্চিত উপদেশ প্রদান না করিয়া, কেন তুমি সন্দেহ-সাগরে নিমজ্জিত করিয়া

বিষয়ান্তরের আটক না মানিয়া, জগদ্বাসীকে ত্রাণ ও পবিত্র করিতে করিতে, (ওঁ স তরতি স তরতি স লোকাংস্তারয়তি ॥ ৫০ ॥ নারদ ভক্তিসূত্র) এবং উপদেশরূপ শীতল অমৃত বারি সেচনে তত্ত্ব-জিজ্ঞাসুর মনঃপ্রাণ শীতল করিতে করিতে, তর তর বেগে আমার প্রতি প্রধাবিত হয়, অহৈতুকী অর্থাৎ ফলানুসন্ধান-শূন্যা এবং অব্যবহিতা অর্থাৎ ভেদদর্শন রহিতা যে মনোগতি বা ভক্তি, তাহাই নির্গুণ ভক্তিযোগের লক্ষণ। আর দেখ মা! আমার একান্ত ভক্তগণ সালোক্য (আমার সহিত এক লোকে বাস), সার্ষ্টি (আমার সমান ঐশ্বর্য্য), সামীপ্য (আমার সমীপে থাকা), সারূপ্য (আমার সমানরূপত্ব) এবং ঐক্যত্ব (সাযুজ্য) এই পঞ্চবিধ মুক্তিকে অতিশয় ঘৃণা করে এবং আমি দিতে চাহিলেও গ্রহণে অনিচ্ছা প্রকাশ করে। কিন্তু যদি কদাচিৎ কেহ কেহ সালোক্যাদি চতুষ্টয়কে গ্রহণ করে, তাহাও সেবাভিলাষে। সাযুজ্যকে কেহই কখনও চাহে না। তথাহি শ্রীচৈতন্যচরিতামৃতে ;—"পঞ্চবিধ মুক্তি ত্যাগ করে ভক্তগণ। ফল্গু (তুচ্ছ) করি মুক্তি দেখে নরকের সম ॥ (মধ্যলীলা—নবম পরিচ্ছেদ) অন্যত্রাপি ;—"যদ্যপিও মুক্তি হয় এ পঞ্চ প্রকার। সালোক্য, সামীপ্য, সারূপ্য, সার্ষ্টি, সাযুজ্য আর ॥ সালোক্যাদি চারি যদি হয় সেবাদ্বার। তবে কদাচিৎ ভক্ত করে অঙ্গীকার ॥ সাযুজ্য শুনিতে ভক্তের হয় ঘৃণা ভয়। নরক বাঞ্ছয়ে তবু সাযুজ্য না লয় ॥ (চৈতন্যচরিতামৃত মধ্যলীলা—ষষ্ঠ পরিচ্ছেদ) অর্থাৎ সেবাসুখে বঞ্চিত হইতে হয় বলিয়া ভক্ত সাযুজ্য মুক্তিকে ঘৃণা করে এবং নরকে ঘোর যাতনা ভোগের সময়ও কদাচিৎ ভগবানের স্মরণ হইলেও হইতে পারে, কিন্তু সাযুজ্যে তাহার সম্ভাবনা নাই বলিয়া ভক্ত, সাযুজ্যমুক্তিকে ভয় করে। এই জন্যই সাধক-প্রবর ভক্তবর্য্য রামপ্রসাদ গাহিয়াছেন যে ;—"কি হবে সাযুজ্য পেলে জলে জল যাবে মিশি। চিনি হ'তে চাইনে মাগো চিনি খেতে ভালবাসি ॥" ভগবানের একান্ত ভক্ত চিনি খাইতে চায়, জ্ঞানীর মত চিনি হইতে চায় না। ভক্ত চায় সেই আনন্দকন্দ নন্দ-নন্দনের চারু-চরণ-সরোজ-যুগলের সময়োপযোগী সেবা করিতে ; ভক্ত চায় সেই নিত্য নবনব মাধুরীময় নবীন জলধর-শ্যাম মুরলী-ধারীর মধুর হইতেও অতিসুমধুর ভক্ত-মুখবিনিঃসৃত মধুর লীলাগীতি শ্রবণ করিতে, সেই গীতি স্বয়ং কীর্ত্তন করিতে এবং সেই লীলা স্মরণ করিতে ; ভক্ত চায় নব নব তুলসী মঞ্জরী ও বিবিধ সুগন্ধিপুষ্প চন্দন চর্চ্চিত করিয়া তাঁহার চারু চরণে উপহার প্রদান করিতে ; ভক্ত চায় তাঁহাকে ভূম্যবলুণ্ঠিত মস্তকে প্রণাম করিয়া নিজ মস্তকের উত্তমাঙ্গ নাম সার্থক করিতে ; ভক্ত চায় "আমি তব দাস" "আমি তোমার" ইত্যাকার দাস্য ও সখ্য ভাব জানাইতে ; আর ভক্ত চায় দেহাদি সমস্তই তাঁহার রাজীবপদে সর্ব্বতোভাবে অর্পণ করিতে। যে প্রহ্লাদকে ভগবান্ "প্রহ্লাদশ্চাস্মি দৈত্যানাং" বলিয়া (গীতা ১০ম অধ্যায় ৩০ শ্লোকে) উল্লেখ করিয়াছেন, সেই ভক্তকুল-চূড়ামণি, পিতাকে বলিয়াছিলেন যে, হে পিতঃ! শ্রবণং কীর্ত্তনং বিষ্ণোঃ স্মরণং পাদ-সেবনং। অর্চ্চনং বন্দনং দাস্যং সখ্যমাত্মনিবেদনম্ ॥ ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা। ক্রিয়েত ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্ ॥ (শ্রীমদ্ভাগবত—৭ স্কন্ধ—৫ম অধ্যায়—১৮ ও ১৯ শ্লোক) ভগবান্ বিষ্ণুর শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পাদসেবন, অর্চ্চন, বন্দন, দাস্য, সখ্য ও আত্মনিবেদন এই

দিতেছ ? সত্য বটে তুমি "কর্ম্মণ্যেবাধিকারস্তে" ইত্যাদি বাক্যে আমার প্রতি কর্ম্মের অনুষ্ঠানই নির্দ্দেশ করিয়াছ, তথাপি স্থানান্তরে "বুদ্ধিযুক্তো জহাতীহ উভে সুকৃতদুষ্কৃতে। তস্মাদ্ যোগায় যুজ্যস্ব যোগঃ কর্ম্মসু কৌশলম্ ॥" "সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা সমত্বং যোগ উচ্যতে।" ইত্যাদি

নব প্রকার ভক্তি যদি সাক্ষাৎ সম্বন্ধে ভগবানে অর্পণ করতঃ অনুষ্ঠিত হয়, তাহাকেই উত্তম অধ্যয়ন বোধ করি। সাক্ষাৎ সম্বন্ধে বলিবার তাৎপর্য্য যে, ভগবান্ ব্যতীত অন্য কামনার অপেক্ষা-শূন্যতা; এবংবিধ আত্যন্তিক ভক্তিই ভক্তিযোগ-পদবাচ্য, এবং এই নির্গুণা-ভক্তিই আনুষঙ্গিকরূপে ভগবৎ-সাক্ষাৎকাররূপ নিস্ত্রৈগুণ্য মোক্ষ ফল প্রদান করে। মুক্তি, ধর্ম্ম অর্থ কাম মোক্ষরূপ পুরুষার্থ-চতুষ্টয়ের শীর্ষস্থানীয় হইলেও, উক্ত কারণে ভক্তি হইতে অবর। এই নিমিত্তই পরা ভক্তি পঞ্চম পুরুষার্থ বলিয়া পরিচিত। তথাহি শ্রীচৈতন্য-চরিতামৃতে।—শ্রবণ-কীর্ত্তন হইতে কৃষ্ণে হয় প্রেমা। সেই পঞ্চম-পুরুষার্থ পুরুষার্থ সীমা॥ (চৈতন্যচরিতামৃত—৯ম পরিচ্ছেদ, মধ্যলীলা) শ্রীনারদপঞ্চরাত্রে চ।—সর্ব্বোপাধিবিনির্ম্মুক্তং তৎপরত্বেন নির্ম্মলম্। হৃষীকেশ হৃষীকেশ-সেবনং ভক্তিরুচ্যতে॥ শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ চ।—অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্। আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥ (পূর্ব্ববিভাগ—১ম লহরী) শ্রীশাণ্ডিল্যঃ।—ওঁ সা পরানুরক্তিরীশ্বরে॥ ২॥ (শাণ্ডিল্যভক্তিসূত্র) শ্রীরামানুজঃ।—স্নেহপূর্ব্ব-মনুধ্যানং ভক্তিরিত্যভিধীয়তে। শ্রীনারদঃ।—ওঁ সা তস্মিন্ পরমপ্রেমরূপা॥ ২॥ (শ্রীনারদভক্তিসূত্র)।

উল্লিখিত কারিকা ও সূত্রের ব্যাখ্যা সম্পূর্ণ পূর্ব্বভাবানুযায়ী; সুতরাং স্বতন্ত্র ব্যাখ্যা নিষ্প্রয়োজন; বহুল পুনরুক্তিদোষ-ভয়ে তাহা পরিত্যক্ত হইল। সুবুদ্ধিমান্ পাঠক দেখিয়া লইবেন। প্রকৃত প্রস্তাবে এই আত্যন্তিকী-ভক্তি বা প্রেমের স্বরূপভাষায় বর্ণনা করা যাইতে পারে না। তথাহি শ্রীনারদভক্তিসূত্রে।—ওঁ অনির্ব্বচনীয়ং প্রেমস্বরূপম্॥ ওঁ মূকাস্বাদনবৎ॥ ৫১-৫২ সূত্র॥ যে দেবর্ষি নারদকে ভগবান্ শ্রীকৃষ্ণ "দেবর্ষীণাঞ্চ নারদঃ" (গীতা ১০ম অধ্যায়, ২৬ শ্লোক) বলিয়া উল্লেখ করিয়াছেন, সেই অহরহঃ হরিলীলামৃত-পানোন্মত্ত ভক্তবর্য্য দেবর্ষি নারদ পূর্ব্বোক্তরূপ বহুবিধ প্রেমের লক্ষণ বলিয়া, বা নিজ স্বভাব-সুলভ করুণাবশে আমাদিগের মত পাষণ্ডদিগকে ইঙ্গিতে প্রেমস্বরূপের কিঞ্চিৎ বুঝাইতে চেষ্টা করিয়া অবশেষে প্রেমের লক্ষণ বলিলেন যে, "প্রেমের স্বরূপ অনির্ব্বচনীয়", "প্রেমের স্বরূপ মূকের (বোবার) আস্বাদনের ন্যায়।" যেরূপ বোবাকে কিছু উত্তম ভোজ্য ভোজন করাইয়া দিলে, সে নিজেই তাহার সুস্বাদজনিত আনন্দ উপভোগ করে, কিন্তু জিজ্ঞাসা করিলে মুখ ফুটিয়া কাহাকেও কিছু বলিতে পারে না, সেইরূপ যে ভাগ্যবান্ সেই পীযূষ-ধারা পান করিয়া পরম চরিতার্থতা লাভ করে, প্রেমের স্বরূপ কিরূপ, প্রেমের আস্বাদন কিরূপ, ভাল কি মন্দ, সে কিছুই বলিতে পারে না। আর বলিবেই বা কে? যে বলিবে, সে যে তখন, যে মদ খাইলে আর নেশা ছোটে না, সেই মদ খাইয়া নেশায় বিভোর হইয়া আছে! সুতরাং দেবর্ষি বলিতে বাধ্য হইলেন যে, প্রেমের স্বরূপ "অনির্ব্বচনীয়"। দেবর্ষি নারদই যখন প্রেম-স্বরূপকে অনির্ব্বচনীয় বলিয়া উল্লেখ করিতে কিছুমাত্র সঙ্কুচিত হইলেন না, আজ সেই প্রেমের বা আত্যন্তিকী ভক্তির ব্যাখ্যায় সম্প্রবৃত্ত আমাদের মত স্বল্পবুদ্ধি কি পাঠক-সমাজে উপহাসাস্পদ হইবে না? মত ভেদে ভক্তির লক্ষণগত যে সমস্ত সূক্ষ্ম সূক্ষ্ম ভেদ পরিলক্ষিত হয়, তাহা তত্তৎ গ্রন্থে দ্রষ্টব্য।

শ্রীযুক্ত পণ্ডিত অতুলকৃষ্ণ গোস্বামী।

বাক্যে জ্ঞানেরই মহিমা প্রতিপাদন করিয়াছ। এবং 'যদা তে মোহ-কলিলং' ইত্যাদি বাক্যে কেবল জ্ঞানের কথাই বলিয়াছ। তোমার ন্যায় কৃপালু পুরুষের আমার ন্যায় ব্যক্তিকে মোহাচ্ছন্ন করিবার বাসনা কদাচ সম্ভব নহে এবং তোমার বাক্য বস্তুতঃ কখনই নানার্থ মিশ্রন জন্য জটিল হইতে পারে না; তথাপি আমি যখন তোমার বাক্যের গূঢ়াভিপ্রায় হৃদয়ঙ্গম করিতে অক্ষম হইয়াছি, তখন সুস্পষ্টরূপেই উপদেশ প্রদান করা তোমার উচিত। রাজস কর্ম্মের অপেক্ষা সাত্ত্বিক কর্ম্ম শ্রেষ্ঠ, জ্ঞান তাহার অপেক্ষাও শ্রেষ্ঠ, কিন্তু সাত্ত্বিকগুণাতীতা ভক্তিই সর্ব্ব শ্রেষ্ঠ। তাদৃশ ভক্তি-যোগ যদি আমার পক্ষে সম্ভবপর নহে বলিয়া বিবেচনা কর, তাহা হইলে আমাকে কেবল সাত্ত্বিক জ্ঞানেরই উপদেশ প্রদান কর। তাহাতেই আমি এই দুঃখময় সংসার-বন্ধন হইতে বিমুক্ত হইয়া চরিতার্থতা লাভ করিব ॥২॥

শ্রীভগবানুবাচ।

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা ময়ানঘ।
জ্ঞানযোগেন সাঙ্খ্যানাং কর্ম্মযোগেন যোগিনাম্ ॥ ৩॥

অন্বয়।—শ্রীভগবান্ উবাচ। অনঘ (পাপরহিত) অস্মিন্ লোকে (ইহ জগতি) দ্বিবিধা (দ্বিপ্রকারা) নিষ্ঠা (স্থিতিঃ কর্ম্মজ্ঞানযোগরূপা) ময়া পুরা (পূর্ব্বাধ্যায়ে) প্রোক্তা (প্রকৃষ্টরূপেণোক্তা) জ্ঞানযোগেন (জ্ঞানমেব যোগস্তেন) সাঙ্খ্যানাং (জ্ঞানভূমিকামারূঢ়ানাং বেদান্ত-বিজ্ঞানসুনিশ্চিতার্থানাং) কর্ম্মযোগেন (কর্ম্মৈব যোগস্তেন) যোগিনাং (জ্ঞানভূমিকামনারূঢ়ানাং কর্ম্মাধিকারিণাম্) ॥ ৩ ॥

প্রতিশব্দ।—শ্রীকৃষ্ণ বলিলেন। অপাপ! এই জগতে দুই-প্রকার-বুদ্ধি মৎ-কর্ত্তৃক পূর্ব্বাধ্যায়ে স্পষ্টোক্ত-হইয়াছে জ্ঞানযোগ-দ্বারা শুদ্ধান্তঃকরণদিগের কর্ম্মযোগ-দ্বারা কর্ম্মিদিগের ॥ ৩ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুনকৃত প্রশ্নের উত্তরে শ্রীভগবান্ বলিলেন, হে পাপাতীত সখে! ইহলোকে দুইপ্রকার বুদ্ধির বিষয় আমি পূর্ব্বা-ধ্যায়ে প্রকৃষ্টরূপে নির্দ্দেশ করিয়াছি, যাঁহারা আত্মজ্ঞান সম্পন্ন, তাঁহা-

দিগের পক্ষে জ্ঞানযোগ এবং যাঁহারা অশুদ্ধচিত্ত কর্ম্মাধিকারী তাঁহা-দিগের পক্ষে কর্ম্মযোগ অবলম্বনীয় ॥ ৩ ॥

শঙ্করাচার্য্য।—প্রশ্নানুরূপমেব প্রতিবচনং শ্রীভগবানুবাচ, লোকেঽস্মিন্নিতি। লোকে অস্মিন্ শাস্ত্রার্থানুষ্ঠানাধিকৃতানাং ত্রৈবর্ণিকানাং দ্বিবিধা দ্বিপ্রকারা নিষ্ঠা. স্থিতিরনুষ্ঠেয়তাৎপর্য্যং পুরা পূর্ব্বং সর্গাদৌ প্রজাঃ সৃষ্ট্বা তাসামভ্যুদয়নিঃশ্রেয়সপ্রাপ্তিসাধনং বেদার্থসম্প্রদায়মাবিষ্কুর্ব্বতা প্রোক্তা ময়া সর্ব্বজ্ঞেন ঈশ্বরেণ, হে অনঘ! অপাপ! তত্র কা সা দ্বিবিধা নিষ্ঠেত্যাহ জ্ঞানেতি। তত্র জ্ঞানযোগেন জ্ঞানমেব যোগস্তেন, সাংখ্যানামাত্মানাত্মবিষয়বিবেকজ্ঞানবতাং ব্রহ্মচর্য্যাশ্রমাদেব কৃতসন্ন্যাসানাং বেদান্তবিজ্ঞানসুনিশ্চিতার্থানাং পরমহংসপরিব্রাজকানাং ব্রহ্মণ্যেবাবস্থিতানাং নিষ্ঠা প্রোক্তা, কর্ম্মযোগেন কর্ম্মৈব যোগঃ কর্ম্মযোগস্তেন কর্ম্মযোগেন যোগিনাং কর্ম্মিণাং নিষ্ঠা প্রোক্তেত্যর্থঃ। যদি চৈকেন পুরুষেণৈকস্মৈ পুরুষার্থায় জ্ঞানং কর্ম্ম চ সমুচ্চিত্যানুষ্ঠেয়ং ভগবতেষ্টমুক্তং বক্ষ্যমাণং বা গীতাসু বেদেষু চোক্তং কথমিহার্জ্জুনায়োপসন্নায় প্রিয়ায় বিশিষ্টভিন্নপুরুষকর্ত্তৃকে এব জ্ঞানকর্ম্মনিষ্ঠে ব্রূয়াৎ, যদি পুনরর্জ্জুনো জ্ঞানং কর্ম্ম চ দ্বয়ং শ্রুত্বা স্বয়মেবানুষ্ঠাস্যতি, অন্যেষান্তু ভিন্নপুরুষানুষ্ঠেয়তাং বক্ষ্যামীতি মতং ভগবতঃ কল্প্যেত, তদা রাগদ্বেষবানপ্রমাণভূতো ভগবান্ কল্পিতঃ স্যাৎ তচ্চায়ুক্তং, তস্মাৎ কয়াপি যুক্ত্যা ন সমুচ্চয়ো জ্ঞানকর্ম্মণোঃ ॥ ৩ ॥

আনন্দগিরি।—সমুচ্চয়বিরোধিতয়া প্রশ্নং ব্যাখ্যায় তদ্বিরোধিত্বেনৈব প্রতিবচন-মুত্থাপয়তি প্রশ্নেতি। যেয়ং ব্যবহারভূমিরুপলভ্যতে, তত্র ত্রৈবর্ণিকা জ্ঞানং কর্ম্ম বা শাস্ত্রীয়-মনুষ্ঠাতুমধিক্রিয়ন্তে তেষাং দ্বিধা স্থিতির্ম্ময়া প্রোক্তেতি পূর্ব্বার্দ্ধং যোজয়তি লোকেঽস্মিন্নিতি। স্থিতিমেব ব্যাকরোতি অনুষ্ঠেয়েতি। পূর্ব্বং প্রবচনপ্রসঙ্গং প্রদর্শয়ন্ প্রবক্তারং বিশিনষ্টি সর্গাদাবিতি। প্রবচনস্যাযাথার্থ্যশঙ্কাং বারয়তি সর্ব্বজ্ঞেনেতি। অর্জ্জুনস্য ভগবদুপদেশশ্রবণে যোগ্যত্বং সূচয়তি অনঘেতি। নির্দ্ধারণার্থে তত্রেতি সপ্তমী, জ্ঞানং পরমার্থবস্তুবিষয়ং তদেব যোগশব্দিতং যুজ্যতে অনেন ব্রহ্মণেতি ব্যুৎপত্তেস্তেন নিষ্ঠেত্যনুবর্ত্ততে। উক্তজ্ঞানোপায়মুপ-দিদিক্ষুঃ সাংখ্যশব্দার্থমাহ আত্মেতি। তেষামেব কর্ম্মনিষ্ঠত্বং ব্যাবর্ত্তয়তি ব্রহ্মচর্য্যেতি। তেষাং জপাদিপারবশ্যেন শ্রবণাদিপরাঙ্মুখত্বং পরাকরোতি বেদান্তেতি। উক্তবিশেষণবতাং মুখ্য-সন্ন্যাসিত্বেন কৃতাবস্থত্বং দর্শয়তি পরমহংসেতি। কর্ম্ম বর্ণাশ্রমবিহিতং ধর্ম্মাখ্যং তদেব যুজ্যতে তেনাভ্যুদয়েনেতি যোগস্তেন নিষ্ঠা কর্ম্মিণাং প্রোক্তেত্যনুষঙ্গং দর্শয়ন্নাহ কর্ম্মৈবেত্যাদিনা। এবং প্রতিবচনবাক্যান্যক্ষরাণি ব্যাখ্যায় তস্যৈব তাৎপর্য্যার্থং কথমিতি যদি চেতি। ইষ্টস্যাপি দুর্ব্বোধত্বমাশঙ্ক্যাহ উক্তমিতি, জ্ঞানস্যাপি মূলবিকলতয়া বিভ্রমত্বমাশঙ্ক্যাহ বেদেষ্বিতি। তস্যাপি নাস্ত্যনুগ্রাহকবচনমিত্যাশঙ্ক্যাহ উপসন্নায়েতি। তথাপি তস্মিন্নৌদাসীন্যাদযথোক্তি-রিত্যাশঙ্ক্যাহ প্রিয়ায়েতি। ব্রবীতি চ ভিন্নপুরুষকর্ত্তৃকং নিষ্ঠাদ্বয়ং তেন সমুচ্চয়ো ভগবদ্গীতাসু শাস্ত্রার্থো ন ভবতীতি শেষঃ। নবর্জ্জুনস্য প্রেক্ষাপূর্ব্বকারিত্বাজ্জ্ঞানকর্ম্মশ্রবণাদ্দ্বয়মুভয়নির্দ্দেশাদুপ-

পত্ত্যা মুমুক্ষোরনুষ্ঠানং সম্পৎস্যতে, তদ্ব্যতিরিক্তানান্তু জ্ঞানকর্মণোর্ভিন্নপুরুষানুষ্ঠেয়ত্বং প্রত্যেকং অনুষ্ঠানং ভবিষ্যতীতি ভগবতো মতং কল্পতে, তত্রার্জ্জুনেনানুরাগাভিব্যক্তিরেবোদিতয়োশ্চ তদভাবা-দিতি তত্রাহ যদি পুনরিতি। অপ্রমাণভূতত্বমনাপ্তত্বম্। ন চ ভগবতো রাগাদিমত্ত্বেনানাপ্তত্বং যুক্তং, সমং সর্ব্বেষু ভূতেষু তিষ্ঠন্তমিত্যাদিবিরোধাদিত্যাহ তচ্চেতি। নিষ্ঠাদ্বয়ন্তু ভিন্নপুরুষানুষ্ঠেয়ত্বং নির্দ্দেশফলমুপসংহরতি তস্মাদিতি॥ ৩॥

বলদেব।—এতদ্বিবৃণ্বন্ তথাত্বদর্শিনঃ ফলমাহ যো মামিতি। তস্য তাদৃশস্য যোগিনোঽহং পরমাত্মা ন প্রণশ্যামি নাদৃশ্যো ভবামি স চ যোগী মে ন প্রণশ্যতি নাদৃশ্যো ভবতি। আবয়োর্মিথঃ সাক্ষাৎকৃতিঃ সর্ব্বদা ভবতীত্যর্থঃ॥ ৩০ ॥

মধুসূদন।—এবং শুদ্ধং ত্বম্পদার্থং নিরূপ্য শুদ্ধং তৎপদার্থং নিরূপয়তি যো মামিতি। যো যোগী মাং ঈশ্বরং তৎপদার্থমশেষপ্রপঞ্চকারণমায়োপাধিকমুপাধিবিবেকেন সর্ব্বত্র প্রপঞ্চে সদ্রূপেন স্ফুরণরূপেণ চানুস্যূতং সর্ব্বোপাধিবিনির্ম্মুক্তং পরমার্থসত্যমানন্দঘনমনন্তং পশ্যতি যোগজেন প্রত্যক্ষেণাপরোক্ষীকরোতি, তথা সর্ব্বঞ্চ প্রপঞ্চজাতং মায়য়া ময্যারোপিতং মদ্ভিন্নতয়া মৃষাত্বেনৈব পশ্যতি। তস্যৈবং বিবেকদর্শিনোঽহং তৎপদার্থো ভগবান্ ন প্রণশ্যামি ঈশ্বরঃ কশ্চিন্ন ভিন্নোঽস্তীতি পরোক্ষজ্ঞানবিষয়ো ন ভবামি, কিন্তু যোগজাপরোক্ষজ্ঞানবিষয়ো ভবামি। যদ্যপি বাক্যজাপরোক্ষজ্ঞানবিষয়ত্বং ত্বম্পদার্থভেদেনৈব তথাপি কেবলস্যাপি তৎপদার্থস্য যোগজাপরোক্ষজ্ঞানবিষয়ত্বমুপপদ্যএব, এবং যোগজেন প্রত্যক্ষেণ মামপরোক্ষীকুর্ব্বন্ স চ মে ন প্রণশ্যতি পরোক্ষো ন ভবতি, স্বাত্মা হি মম স বিদ্বানতিপ্রিয়ত্বাৎ সর্ব্বদা মদপরোক্ষজ্ঞানগোচরো ভবতি। "যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহম্" ইত্যুক্তেঃ। তথৈব চ শরশয্যাস্থভীষ্মধ্যানস্য যুধিষ্ঠিরং প্রতি ভগবতোক্তেঃ। অবিদ্বাংস্তু স্বাত্মানমপি সন্তং ভগবন্তং ন পশ্যতি অতো ভগবান্ পশ্যন্নপি তং ন পশ্যতি "স এনমবিদিতো ন ভুনক্তি" ইতি শ্রুতেঃ। বিদ্বাংস্তু সদৈব সন্নিহিতো ভগবতোঽনুগ্রহভাজনমিত্যর্থঃ ॥ ৩০ ॥

নীলকণ্ঠ।—অস্যাত্মৈকত্বদর্শনস্যাপি ফলমাহ যো মামিতি। সর্ব্বত্রাস্মচ্ছব্দঃ প্রত্যগাত্মপরঃ, যো যোগী আত্মানং সর্ব্বত্র পশ্যতি সর্ব্বং বাত্মনি পশ্যতি তস্য যোগিনঃ জ্ঞাত আত্মা ন প্রণশ্যতি অদর্শনং ন গচ্ছতি জ্ঞাত আত্মা ন পুনস্তিরোভবতি সকৃন্নষ্টস্য মূলাজ্ঞানস্য বীজাভাবেন পুনরুদয়াঽসম্ভবাদিত্যর্থঃ। নন্বু কার্য্যকারণসঙ্ঘাতাভিমানিনী শুক্তিরূপ্যবদ্ব্রহ্মণ্যধ্যস্তেন তদভিমানত্যাগপূর্ব্বকং জ্ঞাতং স্বাধিষ্ঠানভূতং ব্রহ্ম মাতিরোধায়ি বুদ্ধেস্তত্বপক্ষপাতিত্বাৎ ব্রহ্মদৃষ্ট্যা তু মুক্তজীবস্য নিরন্বয়োচ্ছেদো ভবতীত্যাশঙ্ক্যাহ স চ মে ন প্রণশ্যতীতি। স চ বিদ্বান্ মে মম ন প্রণশ্যতি ন তিরোভবতি মদভিন্নত্বাৎ ভবেদেতদেবং যদি জীবো ময়ী অধ্যস্তোবা মম বিকারোবা ভবেৎ তদা নিরন্বয়োচ্ছেদং প্রাপ্নুয়াৎ অহমেব তু সঃ তত্ত্বমস্যাঽহং ব্রহ্মাস্মি অয়মাত্মা ব্রহ্মেত্যাদিশাস্ত্রাৎ তস্মাদযুক্তমুক্তং স চ মে ন প্রণশ্যতীতি ॥ ৩০ ॥

বিশ্বনাথ।—এবমপুরোক্ষানুভবিনঃ ফলমাহ যো মামিতি। তস্যাহং ব্রহ্ম ন

প্রণশ্যামি নাপ্রত্যক্ষীভবামি। তথা মৎপ্রত্যক্ষতায়াং শাশ্বতিক্যাং সত্যাং স যোগী মে মদুপাসকঃ ন প্রণশ্যতি কদাচিদপি ভ্রশ্যতি ॥ ৩০ ॥

তাৎপর্য্য।—পূর্ব্ব শ্লোকে ত্বম্পদার্থ-প্রতিপাদ্য জীবাত্মার নিরূপণ করিয়া এক্ষণে তৎপদার্থ-প্রতিপাদ্য পরমাত্মার নিরূপণ করিতেছেন। যে ব্যক্তি যোগপ্রভাবে এই নিখিল বিশ্বের স্থাবরজঙ্গমাত্মক যাবতীয় প্রপঞ্চে বিশ্বেশ্বর বাসুদেবস্বরূপ আমারই সদ্রূপের স্ফুরণ এবং নিরুপাধিক পরমার্থ সত্য, আনন্দঘন ও অনন্তরূপে সর্ব্বত্র আমাকে অনুস্যূত দেখেন; আর যে ব্যক্তি যোগজনিত বিবেকদর্শন-প্রভাবে, যাবতীয় প্রপঞ্চজাত মায়াদ্বারা আমাতেই আরোপিত, মৎসংস্রববিরহিত হইলে সকলই মিথ্যা ও ভ্রমরূপে পর্য্যবসিত দর্শন করেন; ঈদৃশ আত্মৈকত্বদর্শী বিদ্বান্ ব্যক্তির নিকট আমি কখনই অদৃশ্য হই না, এবং তিনিও কখনই আমার নিকট অদৃশ্য হন না। তাঁহার যোগজনিত জ্ঞানপ্রভাবে অবিরত আমি তাঁহার অপরোক্ষ-বিষয়ীভূত থাকি; তিনিও কদাপি আমার পরোক্ষ হন না। ভগবান্ পূর্ব্বে বলিয়াছেন, "যে যথা মাং প্রপদ্যন্তে তাং তথৈব ভজাম্যহং।" (৪ অ। ১১ শ্লোক) অর্থাৎ যে ব্যক্তি যে ভাবে আমার ভজনা করে, আমিও সেই ভাবে তাহার ভজনা করি। মনুষ্য আমাকে যে ভাবে দর্শন করে, আমিও তাহাকে সেই ভাবে দর্শন করি। শরশয্যাশায়ী কুরুকুল-গৌরব ভীষ্ম, জ্ঞানলিপ্সু যুধিষ্ঠিরকে ব্রহ্মজ্ঞান ও যোগ-সম্বন্ধে বিবিধ জ্ঞানগর্ভ উপদেশ প্রদান করিয়াছিলেন। যাঁহার হৃদয় ব্রহ্মজ্ঞানে আলোকিত, যিনি ব্রহ্মের সহিত নিত্য সম্বন্ধ, বিষয় সমূহ মিথ্যা ও ব্রহ্মই সৎরূপে সর্ব্বত্র পরিব্যাপ্ত; ইহাই তাঁহার ধ্রুব বিশ্বাস। মহাত্মা ভীষ্ম বলিয়াছেন, "যিনি জ্ঞানতৃপ্ত ও পরিগ্রহশূন্য হইয়া বিশুদ্ধভাবে অব্যক্ত জন্ম-মৃত্যুবিরহিত, ভগবান বিষ্ণুর উপাসনা করেন এবং তাঁহাকে আত্মস্থ বলিয়া জ্ঞান করিতে পারেন, তিনি চরমে অক্ষয় পরম স্থান লাভ করিয়া পরিতৃপ্ত হন। ভ্রান্ত ব্যক্তিরা জগৎ সত্য বলিয়া জ্ঞান করে, কিন্তু অভ্রান্ত ব্যক্তিরা উহা মিথ্যা বোধ করিয়া থাকেন। সমুদয় জগৎ তৃষ্ণায় বদ্ধ হইয়া চক্রের ন্যায় পরিবর্ত্তিত হইতেছে। মৃণালসূত্র যেমন মৃণালের মধ্যে সর্ব্বত্র পরিব্যাপ্ত রহিয়াছে, তদ্রূপ তৃষ্ণা মনুষ্যের দেহ মধ্যে অবস্থান করিতেছে। সূত্র যেমন তন্তুবায়ের সূচীদ্বারা বস্ত্রে নিবদ্ধ হয়, তদ্রূপ সংসার তৃষ্ণা দ্বারা নিবদ্ধ রহিয়াছে। বিকার, প্রকৃতি ও সনাতন পুরুষকে অবগত হইতে

পারিলেই তৃষ্ণা পরিহার ও মুক্তিলাভ করা যায়।” মহাত্মা দেবব্রত যন্ত্রণা-পূর্ণ শরশয্যায় শয়ান হইয়া ভগবন্মহিমা কীর্ত্তনচ্ছলে আরও বলিয়াছিলেন, “তুমি জগতের ভাণ্ডারস্বরূপ। নীর মধ্যে হংস-সারস প্রভৃতি জলচর পক্ষিগণের ন্যায় জীবগণ সতত তোমাতেই বিহার করিতেছে। তুমি সত্য-স্বরূপ, অদ্বিতীয় অক্ষয় ব্রহ্ম এবং সৎ ও অসতের অতীত। তোমার আদি মধ্য ও অন্ত নাই।” ফলতঃ বিবেকবলে যিনি এইরূপ ব্রহ্মজ্ঞান সম্পন্ন হইয়া-ছেন, শ্রীভগবান্ নিত্য সহচররূপে প্রতিনিয়ত তাঁহার সম্মুখে বিরাজিত থাকেন। ভগবান্ কখনও সেই সাধকোত্তমের জ্ঞাননেত্র হইতে অন্তরিত হন না এবং সেই সৌভাগ্যবান্ সাধককেও কখন তিনি স্বকীয় নয়নান্তরালে স্থাপন করেন না। তাঁহারা পরস্পর সম্বন্ধ-বদ্ধ হইয়া অবস্থান করেন। ভক্তোত্তম প্রহ্লাদ, আরক্তনয়ন ভগবদ্বিরোধী দৈত্যরাজ হিরণ্যকশিপু কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া প্রেমগদ্গদকণ্ঠে উত্তর প্রদান করিয়াছিলেন যে, ‘হে পিতঃ! আমার ভগবান্ স্থান কাল ও বস্তুদ্বারা অবচ্ছিন্ন নহেন। তিনি নিরন্তর সর্ব্বত্র বিরাজিত।” ক্রোধোন্মত্ত দৈত্যরাজ বজ্রনির্ঘোষে কহিলেন, “রে ভণ্ড! সত্য বলিতেছিস্ তোর ভগবান্ সর্ব্বত্র বিরাজিত? আমার এই স্ফাটিক স্তম্ভেও তোর ভগবান্ আছেন কি?” কম্পান্বিত ভক্তচূড়ামণি প্রহ্লাদ বলিলেন, “হে পিতঃ! যিনি সর্ব্বত্র বিরাজিত, তিনি যে এই স্ফাটিক স্তম্ভেও বিদ্যমান আছেন, তাহার কোনই সন্দেহ নাই।” ক্রোধান্ধ হিরণ্যকশিপু পদাঘাতে স্ফাটিক স্তম্ভ বিদারণ করিলেন; তৎক্ষণাৎ তন্মধ্য হইতে সেই নরকান্তকারী নারায়ণ নরসিংহরূপ ধারণ করিয়া নিঃসৃত হইলেন। ভক্তের ভগবান্ ভক্তের বাক্য রক্ষা করিলেন এবং আপনার মহিমা জনন্তভাবে মূঢ়ের সমক্ষেও প্রকটিত করিলেন। যাঁহারা ভগবান্‌কে চিনিয়াছেন, ভগবান্‌কে আপনার অন্তরঙ্গ করিয়াছেন, ভগবান্ কখনই তাঁহাদের সঙ্গশূন্য নহেন; তাঁহারাও কখন ভগবদ্বঞ্চিত নহেন ॥ ৩০ ॥

সর্ব্বভূতস্থিতং যো মাং ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি স যোগী ময়ি বর্ত্ততে ॥ ৩১ ॥

অন্বয়।—যঃ সর্ব্বভূতস্থিতং (সর্ব্বেষু ভূতেষু সদ্রূপেণ অবস্থিতম্) মাং (বাসুদেবম্) একত্বং (একান্তমভেদম্) আস্থিতঃ (আশ্রিতঃ) ভজতি সর্ব্বথা বর্ত্তমানঃ অপি (যেন কেনচদ্রূপেণ ব্যবহরন্নপি) স যোগী ময়ি (পরমাত্মনি) বর্ত্ততে (তিষ্ঠতি) ॥ ৩১ ॥

প্রতিশব্দ।—যিনি স্থাবরজঙ্গমাবস্থিত আমাকে একান্তাভেদরূপে আশ্রয়-করিয়া ভজনা-করেন সর্ব্বপ্রকারে থাকিলেও সেই যোগী আমাতে থাকেন ॥ ৩১ ॥

ব্যাখ্যা।—যে যোগী সকল ভূতে আমি অধিষ্ঠিত আছি জানিয়া সর্ব্বভূতে অভেদভাবে আমার ভজনা করেন, বিবিধ বৈষয়িক ব্যাপারে বিনিযুক্ত থাকিলেও, তিনি প্রতিনিয়ত আমাতেই অবস্থিত থাকেন॥৩১॥

শঙ্করাচার্য্য।—যস্মাচ্চাহমেব স সর্ব্বাত্মৈকত্বদর্শী ইত্যেতৎ পূর্ব্বশ্লোকার্থং সম্যগ্‌দর্শনমনূদ্য তৎফলং মোক্ষোঽভিধীয়তে সর্ব্বেতি। সর্ব্বথা সর্ব্বপ্রকারৈর্ব্বর্ত্তমানোঽপি সম্যগ্‌দর্শী যোগী ময়ি বৈষ্ণবে পরমে পদে বর্ত্ততে নিত্যমুক্তএব সঃ ন মোক্ষং প্রতি কেনচিৎ প্রতিবধ্যত ইত্যর্থঃ ॥ ৩১ ॥

আনন্দগিরি।—বিদ্বদীশ্বরয়োরেকত্বানুবাদেন বিদ্যাফলং বিবৃণোতি যস্মাচ্চেতি। তস্মাদেকত্বদর্শনার্থং প্রযতিতব্যমিতি শেষঃ। পূর্ব্বার্দ্ধেনানূদ্যোত্তরার্দ্ধেন ফলবিধিরিতি মত্বাহ ইত্যেতদিতি। রাগাদিরহিতস্য যমনিয়মাধিসংস্কারবতঃ স্বৈরপ্রবৃত্ত্যসম্ভবেঽপি তানঙ্গীকৃত্য জ্ঞানং স্তৌতি সর্ব্বথেতি। প্রতিভাসতোঽপি যথেষ্টচেষ্টাঙ্গীকারে কুতো জ্ঞানবতো নিত্যমুক্তত্বং প্রাতীতিকদুরাচারপ্রতিবন্ধাদিত্যাশঙ্ক্যাহ ন মোক্ষমিতি ॥ ৩১ ॥

রামানুজ।—ততোঽপি বিপাকদশামাহ সর্ব্বভূতস্থিতমিতি। যোগদশায়াং সর্ব্বভূতস্থিতং মামসঙ্কুচিতজ্ঞানৈকাকারতয়া একত্বমবস্থিতঃ প্রাকৃতভেদপরিত্যাগেন সুদৃঢ়ং যো ভজতে স যোগী ধ্যানকালেঽপি যথা তথা বর্ত্তমানঃ স্বাত্মানং সর্ব্বভূতানি চ পশ্যন্ ময়ি বর্ত্ততে মামেব পশ্যতি স্বাত্মনি সর্ব্বভূতেষু চ সর্ব্বদা মৎসমমেব পশ্যতীত্যর্থঃ ॥ ৩১ ॥

হনুমান্।—যস্মাচ্চাহমেব সর্ব্বৈকাত্মকত্বকদর্শী ইত্যেতৎ পূর্ব্বশ্লোকার্থং সম্যগ্দর্শনমনূদ্য তৎফলং মোক্ষমভিধীয়তে সর্ব্বভূতস্থিতমিত্যাদিনা। সর্ব্বথা সর্ব্বপ্রকারৈর্ব্বর্ত্তমানো যঃ সম্যগ্দর্শী যোগী ময়ি বিষ্ণৌ পরং দেবতে বর্ত্ততে নিত্যমুক্ত এব স ন মোক্ষং প্রতি কেনচিৎ প্রতিবিধ্যত ইত্যর্থঃ ॥ ৩১ ॥

শ্রীধর।—ন চৈবম্ভূতো বিধিকিঙ্করঃ স্যাদিত্যাহ সর্ব্বভূতস্থিতমিতি। সর্ব্বভূতেষু স্থিতং মামভেদমাস্থিত আশ্রিতো যে ভজতি স যোগী জ্ঞানী সন্ সর্ব্বথা কর্ম্মপরিত্যাগেনাপি বর্ত্তমানো ময্যেব বর্ত্ততে মুচ্যতে ন তু ভ্রশ্যতীত্যর্থঃ॥ ৩১॥

বলদেব।—স যোগী মমাচিন্ত্যস্বরূপশক্তিমনুভবন্নতিপ্রিয়ো ভবতীত্যাশয়বান্ আহ সর্ব্বেতি। সর্ব্বেষাং জীবানাং হৃদয়েষু প্রাদেশমাত্রশ্চতুর্ব্বাহুরতসীপুষ্পপ্রভশ্চক্রাদিধরোঽহং পৃথক্ পৃথঙ্‌নিবসামি। তেষু বহুনাং মদ্বিগ্রহাণাং একত্বমভেদমাশ্রিতো যো মাং ভজতি ধ্যায়তি স যোগী সর্ব্বথা বর্ত্তমানো ব্যুত্থানকালে স্ববিহিতং কর্ম্ম কুর্ব্বন্নকুর্ব্বন বা ময়ি বর্ত্ততে মমাচিন্ত্যশক্তিকত্বধর্ম্মানুভবমহিম্না নির্দ্দগ্ধকামচারদোষো মৎসামীপ্যলক্ষণং মোক্ষং বিন্দতি ন তু সংসারমিত্যর্থঃ। শ্রুতিশ্চ, হরেরচিন্ত্যশক্তিকত্বমাহ। "একোঽপি সন্ বহুধা যোঽবভাতি" ইতি। স্মৃতিশ্চ, "এক এব পরো বিষ্ণুঃ সর্ব্বব্যাপী ন সংশয়ঃ। ঐশ্বর্য্যাদ্রূপমেকঞ্চ সূর্য্যবদ্বহুধেয়তে॥" ইতি॥ ৩১॥

মধুসূদন।—এবং ত্বম্পদার্থং তৎপদার্থঞ্চ সত্যং শুদ্ধং নিরূপ্য তত্ত্বমসীতি বাক্যার্থং নিরূপয়তি সর্ব্বভূতস্থিতমিতি। সর্ব্বেষু ভূতেষু অধিষ্ঠানতয়া স্থিতং সর্ব্বানুস্যূতং সন্মাত্রং মামীশ্বরং তৎপদলক্ষ্যং স্বেন ত্বম্পদলক্ষ্যেণ সহৈকত্বমত্যন্তাভেদমাস্থিতঃ ঘটাকাশো মহাকাশ ইত্যত্রৈবোপাধিভেদনিরাকরণেন নিশ্চয়েন যো ভজতি অহং ব্রহ্মাস্মীতি বেদান্তবাক্যজেন তত্ত্বসাক্ষাৎকারণাপরোক্ষীকরোতি সোঽবিদ্যাতৎকার্য্যনিবৃত্ত্যা জীবন্মুক্তঃ কৃতকৃত্য এব ভবতি, যাবত্তু তস্য বাধিতানুবৃত্ত্যা শরীরাদিদর্শনমনুবর্ত্ততে তাবৎ প্রারব্ধকর্ম্মপ্রাবল্যাৎ সর্ব্বকর্ম্মত্যাগেন বা যাজ্ঞবল্ক্যাদিবদ্বিহিতেন কর্ম্মণা বা জনকাদিবৎ প্রতিষিদ্ধেন কর্ম্মণা বা দত্তাত্রেয়াদিবৎ সর্ব্বথা যেন কেনাপি রূপেণ বর্ত্তমানোঽপি ব্যবহরন্নপি স যোগী ব্রহ্মাহমস্মীতি বিদ্বান্ ময়ি পরমাত্মন্যেবাভেদেন বর্ত্ততে সর্ব্বথা তস্য মোক্ষং প্রতি নাস্তি প্রতিবন্ধশঙ্কা "তস্য হ ন দেবাশ্চ নাভূত্যা ঈশত আত্মা হ্যেষাং সম্ভবতি" ইতি শ্রুতেঃ। দেবা মহাপ্রভাবা অপি তস্য মোক্ষাভবনায় নেশতে বিমুতান্যে ক্ষুদ্রা ইত্যর্থঃ। ব্রহ্মবিদো নিষিদ্ধকর্ম্মণি প্রবর্ত্তকয়োরাগদ্বেষয়োরসম্ভবেন নিষিদ্ধকর্ম্মাসম্ভবেঽপি তদঙ্গীকৃত্য জ্ঞানস্তুত্যর্থমিদমুক্তং সর্ব্বথা বর্ত্তমানোঽপীতি। "হত্বাপি স ইমান্ লোকান্ ন হন্তি ন নিবধ্যতে" ইতিবৎ॥ ৩১॥

নীলকণ্ঠ।—যস্মাৎ সর্ব্বাত্মৈকত্বদর্শী অহমেব অতো নাস্য মোক্ষঃ প্রতিবধ্যত ইত্যাহ সর্ব্বভূতেতি। সর্ব্বোপাদানতয়া সর্ব্বেষু ভূতেষু সত্তারূপেন স্ফুরণরূপেণ চ স্থিতং মাং পরমাত্মানং একত্বং জীবব্রহ্মণোরৈক্যমাস্থিতঃ সন্ ভজতি নির্ব্বিকল্পেন সমাধিনা সেবতে, স যোগী ব্যুত্থানদশায়াং প্রারব্ধকর্ম্মবশাৎ বাধিতানুবৃত্ত্যা দেহমারূঢ়ঃ সর্ব্বথা সর্ব্বপ্রকারেণ যাজ্ঞবল্ক্যাদিবৎ কর্ম্মত্যাগেন বা, বশিষ্ঠজনকাদিবদ্বিহিতকর্ম্মণা বা, দত্তাত্রেয়াদিবন্নিষিদ্ধকর্ম্মণা বা বর্ত্তমানোঽপি ব্যবহরন্নপি ময্যেব বর্ত্ততে ন মত্তশ্চ্যুতো ভবতি, যতো দেবেভ্যোঽপি নাস্য ভয়মিতি শ্রূয়তে, "তস্য হ ন দেবাশ্চ নাভূত্যা ঈশত আত্মা হ্যেষাং স ভবতি,

ইতি চ ইত্যব্যয়মপ্যর্থে, দেবা অপি তস্য ব্রহ্মবিদঃ অভূত্যৈ অনৈশ্বর্য্যায় ন ঈশতে ন সমর্থা ভবন্তি যতোঽহয়মেষামাত্মেতি শ্রুত্যর্থঃ, স ন পুনঃ সংসারী পূর্ব্ববদ্ভবতীত্যর্থঃ॥ ৩১ ॥

বিশ্বনাথ।—এবং মদপরোক্ষানুভবাৎ পূর্ব্বদশায়ামপি সর্ব্বত্র পরাত্মভাবনয়া ভজতো যোগিনঃ ন বিধিকৈঙ্কর্য্য মিত্যাহ সর্ব্বেতি। পরমাত্মৈব সর্ব্বকারণত্বাদেকোঽস্তীত্যেকত্বমাস্থিতঃ সন্ ভজতি, শ্রবণস্মরণাদিভজনযুক্তো ভবতি স সর্ব্বথা শাস্ত্রোক্তকর্ম্ম কুর্ব্বন্নকুর্ব্বন্ বা বর্ত্তমানো ময়ি বর্ত্ততে, ন তু সংসারে॥ ৩১ ॥

তাৎপর্য্য।—শুদ্ধ ত্বম্পদার্থ ও তৎপদার্থের নিরূপণ করিয়া এক্ষণে শ্রীভগবান্ তত্ত্বমসি বাক্যের অর্থ নিরূপণ করিতেছেন। তৎপদের লক্ষ্যীভূত আমাকে সর্ব্বভূতে অধিষ্ঠিত ও সদ্রূপে সর্ব্বত্র অনুস্যূত জানিয়া এবং ত্বম্পদের লক্ষ্যীভূত জীব আমার সহিত অভেদ ভাবে অবস্থিত নিশ্চয় করিয়া যিনি 'অহং ব্রহ্মাস্মি' এই বেদান্তবাক্যের মর্ম্মানুসারে পরমাত্মার সাক্ষাৎকার লাভ করেন, তিনি অবিদ্যা ও তৎকার্য্যে নিবৃত্তিহেতু জীবন্মুক্ত ও কৃতকৃত্য হইয়া থাকেন। যেমন বিশ্বব্যাপী মহাকাশ ও ঘটমধ্যস্থ ঘটাকাশ উভয়ই বস্তুতঃ একই পদার্থ হইলেও, কেবল উপাধির প্রভেদ হেতু বিভিন্নরূপে কথিত হয়, তদ্রূপ ব্রহ্ম ও জীব উভয় আত্মাই বস্তুতঃ এক হইলেও, কেবল উপাধির বিভিন্নতা হেতু বিভিন্নরূপে প্রতীত হইয়া থাকেন। যে যোগী উভয়ের অভেদ ভাব স্থিররূপে হৃদ্গত করিয়াছেন, তিনি কখনই মুক্তিলাভে বঞ্চিত হন না। তাঁহার পরিদৃশ্যমান্ শরীর প্রাপ্তি কেবল প্রারব্ধ কর্ম্মবশেই ঘটিয়া থাকে। তিনি সর্ব্বকর্ম্ম পরিত্যাগই করুন, বা কেবল শাস্ত্র বিহিত কর্ম্মেরই অনুষ্ঠান করুন, অথবা প্রতিষিদ্ধ কর্ম্মেরই অনুসরণ করুন, যেরূপ ব্যবহারের অনুবর্ত্তন করুন না কেন, সকল অবস্থাতেই সেই যোগী পুরুষ আপনাকে ব্রহ্ম জানিয়া অভিন্ন ভাবে পরমাত্মার সহিত সংস্থিত থাকেন। তাঁহার মোক্ষ সম্বন্ধে কোনই প্রতিবন্ধক উপস্থিত হইতে পারে না। শ্রুতি বলিয়াছেন, 'মহাপ্রভাবসম্পন্ন দেবতারা তাঁহার মোক্ষপ্রাপ্তির প্রতিকূলতা সাধনে সক্ষম নহেন।' সুতরাং ক্ষুদ্র প্রতিবন্ধক যে তাঁহার যোগের বিঘ্ন সংঘটিত করিতে পারে না, একথা বলাই বাহুল্য। মূলে সর্ব্বথা বর্ত্তমানোঽপি অর্থাৎ সর্ব্বপ্রকার কার্য্যে বিনিযুক্ত থাকিলেও, এই কথা প্রযুক্ত হইয়াছে। সর্ব্বপ্রকার কার্য্যের মধ্যে নিষিদ্ধকর্ম্মও থাকিতে পারে। কিন্তু বিবেচনা করিলেই প্রতীত হইবে, যিনি ব্রহ্মবিৎ নিষিদ্ধ কর্ম্ম প্রবর্ত্তক রাগদ্বেষাদির

অভাব হেতু, তাঁহার দ্বারা বিগর্হিত কার্য্য অনুষ্ঠিত হওয়া কদাচ সম্ভাবিত নহে। কেবল জ্ঞানের মহিমা প্রতিপাদনার্থই ঐ বাক্য প্রযুক্ত হইয়াছে বুঝিতে হইবে।

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। যোগদশায় জ্ঞানজনিত একাকার বোধ হেতু, আমাকে সর্ব্বভূতে সংস্থিত জানিয়া, যিনি প্রাকৃত ভেদ পরিত্যাগ পূর্ব্বক সুদৃঢ়রূপে আমার ভজনা করেন, সেই যোগী সমাধিকালেও, যেরূপে যেখানেই থাকুন না কেন, স্বকীয় আত্মা ও সর্ব্বভূতকে দর্শন করিতে করিতে আমাতে বর্ত্তমান থাকেন; অর্থাৎ আপনার আত্মা ও সকল ভূতকে সমভাবেই দর্শন করেন।

শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। যে যোগী আমার অচিন্ত্যস্বরূপ শক্তি অনুভব করেন, তিনিই আমার অতিপ্রিয়। সকল জীবের হৃদয়প্রদেশে প্রাদেশ পরিমিতরূপে অতসীকুসুমসন্নিভ শঙ্খচক্রগদাপদ্মধারী চতুর্ভুজাকারে আমি পৃথক্ পৃথক্ ভাবে অবস্থান করি। আমার সেই বহুবিগ্রহকে যিনি এক ও অভিন্ন জ্ঞানে ধ্যান করেন, সেই যোগী ব্যুত্থানকালে অবিহিত কর্ম্ম করুন বা নাই করুন, আমার অচিন্ত্যশক্তিকত্ব ধর্ম্ম অনুভব করিয়া, তৎপ্রভাবে কামাচার-দোষ-পরিহীন হন এবং আমার সামীপ্যরূপ মোক্ষ লাভ করেন; তাঁহার আর সংসার প্রাপ্তি হয় না। শ্রীহরির অচিন্ত্যশক্তি সম্বন্ধে শ্রুতিও বলিয়াছেন, "এক হইয়াও যিনি বহুপ্রকারে অবভাত হন।" স্মৃতিও বলিয়াছেন, "সর্ব্বব্যাপী বিষ্ণু * একই সন্দেহ নাই; কেবল ঐশ্বর্য্যপ্রভাবে তাঁহার একই রূপ সূর্য্যের ন্যায় বহুপ্রকারে প্রতীত হয়।"

শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। পরমাত্মা একই জানিয়া যিনি তাঁহার শ্রবণ-স্মরণাদিরূপ ভজনা করেন, তিনি সর্ব্বপ্রকারে শাস্ত্রোক্তকর্ম্ম করুন বা নাই করুন, সংসারে বদ্ধ হন না, আমাতেই বর্ত্তমান থাকেন ॥ ৩১ ॥

* বিষ্ণু শ্রীকৃষ্ণের অন্যতম নাম। যথা; "সুভদ্রাপূর্ব্বজো বিষ্ণুর্ভীষ্মমুক্তিপ্রদায়কঃ। (শ্রীকৃষ্ণের অষ্টোত্তর শত নাম)। "গুণাতীতঃ স ভগবান্ ব্যাপকঃ পুরুষঃ পরঃ। অনন্তভোগশায়ী চ যন্নাভিকমলাদভূৎ ॥ বিষ্ণুশ্চ স চ গোবিন্দ ঈশ্বরশ্চ সনাতনঃ। যস্তং বেদ মহাত্মানং স জীবন্মুক্ত উচ্যতে। (বামনপুরাণ) বিষ্ণু নামের অর্থ যথা, "যস্মাদ্বিশ্বমিদং সর্ব্বং তস্য শক্ত্যা মহাত্মনঃ ॥ তস্মাদেবোচ্যতে বিষ্ণুর্বিশধাতোঃ প্রবেশনাৎ ॥" (বিষ্ণুপুরাণ)।

আত্মৌপম্যেন সর্ব্বত্র সমং পশ্যতি যোঽর্জ্জুন।
সুখং বা যদি বা দুঃখং স যোগী পরমো মতঃ ॥৩২॥

অন্বয়।—অর্জ্জুন যঃ সর্ব্বত্র (সর্ব্বভূতেষু) আত্মৌপম্যেন (স্ব-সাদৃশ্যেন) সুখং বা যদি বা দুঃখং সমং (তুল্যং) পশ্যতি (অনুভবতি) সঃ যোগী পরমঃ (শ্রেষ্ঠঃ) মতঃ (অভিপ্রেতঃ)॥ ৩২ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন যিনি সকল ভূতে আপনার ন্যায় যদি সুখ এবং দুঃখই বা সমান দেখেন, সেই যোগী উৎকৃষ্ট অভিমত ॥ ৩২ ॥

ব্যাখ্যা।—হে অর্জ্জুন! যিনি সকলভূতকে আপনার ন্যায় এবং তাঁহাদের সুখদুঃখও স্বকীয় সুখদুঃখেরই তুল্য বলিয়া অনুভব করেন, সেই যোগী সর্ব্বোৎকৃষ্ট, ইহাই আমার অভিমত ॥ ৩২ ॥

শঙ্করাচার্য্য।—কিঞ্চান্যৎ আত্মেতি। আত্মৌপম্যেন আত্মা স্বয়মেব উপমীয়ত-ইতি উপমা তস্যাঃ উপমায়াঃ ভাব ঔপম্যং তেন আত্মৌপম্যেন সর্ব্বত্র সর্ব্বভূতেষু সমং তুল্যং পশ্যতি যোঽর্জ্জুন! স চ কিং সমং পশ্যতীত্যুচ্যতে যথা মম সুখমিষ্টং তথা সর্ব্বপ্রাণিনাং সুখমনুকূলম্, বাশব্দশ্চার্থে, যদি বা যচ্চ দুঃখং মম প্রতিকূলমনিষ্টং যথা তথা সর্ব্বপ্রাণিনাং দুঃখমনিষ্টং প্রতিকূলমিত্যেবমাত্মৌপম্যেন সুখদুঃখে অনুকূলপ্রতিকূলে তুল্যতয়া সর্ব্বভূতেষু সমং পশ্যতি ন কস্যচিৎ প্রতিকূলমাচরত্যহিংসক ইত্যর্থঃ, য এবমহিংসকঃ সম্যগ্‌দর্শননিষ্ঠঃ স যোগী পরম উৎকৃষ্টো মতোঽভিপ্রেতঃ সর্ব্বযোগিনাং মধ্যে ॥ ৩২ ॥

আনন্দগিরি।—স্বৈরাচরণস্যাপ্রতিবন্ধকত্বকথনাৎ পরপীড়নস্য যোগিনঃ সম্যগ্‌দর্শনং প্রত্যক্ষপ্রতিবন্ধকত্বপ্রসক্তাবুক্তং কিঞ্চেতি। অন্যদপি কিঞ্চিদুচ্যতে, পরমযোগিনো নির্দ্দেশদ্বারা যোগমাহাত্ম্যমিত্যর্থঃ। উপমৈবৌপম্যমাত্মা চ তদৌপম্যঞ্চ তেন সর্ব্বভূতেষু যঃ সমং পশ্যতীত্যুক্তম্, তদেব সমদর্শনং প্রশ্নপূর্ব্বকং বিবৃণোতি কিমিত্যাদিনা। বিকল্পার্থত্বং বারয়তি বাশব্দ ইতি। উপদর্শিতসমদর্শনফলমভিলপতি ন কস্যাচিদিতি॥ কিমপেক্ষয়া তস্য পরমত্বং তত্রাহ সর্ব্বেতি ॥ ৩২ ॥

রামানুজ।—ততোঽপি কাষ্ঠামাহ আত্মৌপম্যেনেতি। আত্মনশ্চান্যেষাঞ্চ আত্মনাম-সঙ্কুচিতজ্ঞানৈকাকারতয়ৌপম্যেন স্বাত্মনি চান্যেষু সর্ব্বত্র বর্ত্তমানঃ পুত্রজন্মাদিরূপং সুখং তন্মরণাদিরূপঞ্চ দুঃখমসম্বন্ধসাম্যাৎ সমং যঃ পশ্যতি। পরপুত্রজন্মমরণাদিসমং স্বপুত্রজন্মমরণাদিকং যঃ পশ্যতীত্যর্থঃ, স যোগী পরমযোগকাষ্ঠাং গতো মতঃ ॥ ৩২ ॥

হনুমান।—কিঞ্চাত্মেতি। আত্মা স্বয়মেব উপমা যস্য তস্য ভাব আত্মৌপম্যং

তেন আত্মৌপম্যেন সর্ব্বত্র সর্ব্বভূতেষু সমং তুল্যং পশ্যতি যোঽর্জ্জুন! কিঞ্চ পশ্যতি ইত্যত্রোচ্যতে যথা মম সুখমভীষ্টং তথা প্রাণিনাং সুখমনুকূলম্, বাশব্দশ্চার্থে, যদি বা যথা চ দুঃখং মম প্রতিকূলমনিষ্টং তথা সর্ব্বপ্রাণিনামনিষ্টং প্রতিকূলমিত্যেবমৌপম্যেন সুখদুঃখে চানুকূলপ্রতিকূলে তুল্যতয়া সর্ব্বভূতেষু সমং পশ্যতি ন কস্যচিৎ প্রতিকূলমাচরতি অহিংসক ইত্যর্থঃ। এবমহিংসকঃ সম্যগ্দর্শননিষ্ঠঃ স যোগী পরম উৎকৃষ্টো মতোঽভিমতঃ চিন্তিত ইত্যর্থঃ॥ ৩২॥

শ্রীধর।—এবঞ্চ মাং ভজতাং যোগিনাং মধ্যে সর্ব্বভূতানুকম্পী শ্রেষ্ঠ ইত্যাহ আত্মৌপম্যেনেতি। আত্মৌপম্যেন স্বসাদৃশ্যেন যথা মম সুখং প্রিয়ং দুঃখঞ্চাপ্রিয়ং তথান্যেষামপীতি সর্ব্বত্র সমং পশ্যন্ সুখমেব সর্ব্বেষাং যো বাঞ্ছতি ন তু কস্যাপি দুঃখং স যোগী শ্রেষ্ঠো মমাভিমত ইত্যর্থঃ॥ ৩২॥

বলদেব।—"সর্ব্বভূতহিতে রতাঃ" ইতি যৎ প্রাগুক্তং তদ্বিশদয়তি আত্মৌপম্যেনেতি। ব্যুত্থানদশায়ামাত্মৌপম্যেন স্বসাদৃশ্যেন সুখং দুঃখঞ্চ যঃ সর্ব্বত্র সমং পশ্যতি স্বস্যেব পরস্য সুখমেবেচ্ছতি ন তু দুঃখং স স্বপরসুখদুঃখসমদৃষ্টিঃ সর্ব্বানুকম্পী যোগী মম পরমঃ শ্রেষ্ঠোঽভিমতঃ। তদ্বিষমদৃষ্টিস্তু তত্ত্বজ্ঞোঽপ্যপরমযোগীতি ভাবঃ॥ ৩২॥

মধুসূদন।—এবমুৎপন্নেঽপি তত্ত্ববোধে কশ্চিন্মনোনাশবাসনাক্ষয়য়োরভাবাজ্জীবন্মুক্তিসুখং নানুভবতি, চিত্তবিক্ষেপেণ চ দৃষ্টদুঃখমনুভবতি সোঽপরমো যোগী দেহপাতে কৈবল্যভাগিত্বাৎ দেহসদ্ভাবপর্য্যন্তঞ্চ দৃষ্টদুঃখানুভবাৎ তত্ত্বজ্ঞানমনোনাশবাসনাক্ষয়াণান্তু যুগপদভ্যাসাদ্দৃষ্টদুঃখনিবৃত্তিপূর্ব্বকং জীবন্মুক্তিসুখমনুভবন্ প্রারব্ধকর্ম্মবশাৎ সমাধের্ব্যুত্থানকালে, আত্মৌপম্যেনেতি। আত্মৈবৌপম্যমুপমা তেনাত্মদৃষ্টান্তেন সর্ব্বত্র প্রাণিজাতে সুখং বা যদি বা দুঃখং সমং তুল্যং যঃ পশ্যতি স্বস্যানিষ্টং যথা ন সম্পাদয়তি এবং পরস্যানিষ্টং যো ন সম্পাদয়তি প্রদ্বেষশূন্যত্বাৎ, এবং স্বস্যেষ্টং যথা সম্পাদয়তি তথা পরস্যাপীষ্টং যঃ সম্পাদয়তি রাগশূন্যত্বাৎ, স নির্ব্বাসনতয়োপশান্তমনা যোগী ব্রহ্মবিৎ পরমঃ শ্রেষ্ঠো মতঃ পূর্ব্বস্মাৎ। হে অর্জ্জুন! অতস্তত্ত্বজ্ঞানমনোনাশবাসনাক্ষয়াণাং যথাক্রমমভ্যাসায় মহান্ প্রযত্ন আস্থেয় ইত্যর্থঃ। তত্রেদং সর্ব্বং দ্বৈতজাতমদ্বিতীয়ে চিদাত্মনি মায়য়া কল্পিতত্বান্মৃষৈব, আত্মৈবৈকঃ পরমার্থসত্যঃ সচ্চিদানন্দাদ্বয়োঽহমস্মীতি জ্ঞানং তত্ত্বজ্ঞানম্। প্রদীপজ্বালাসন্তানবদ্বৃত্তিসন্তানরূপেণ পরিণমমানমন্তঃকরণং দ্রব্যং মননাত্মকত্বান্মন ইত্যুচ্যতে, তস্য নাশো নাম বৃত্তিরূপপরিণামং পরিত্যজ্য সর্ব্ববৃত্তিবিরোধিনা নিরোধাকারেণ পরিণামঃ পূর্ব্বাপরপরামর্শমন্তরেণ সহসোৎপদ্যমানস্য ক্রোধাদিবৃত্তিবিশেষস্য হেতুশ্চিত্তগতঃ সংস্কারবিশেষো বাসনা পূর্ব্বপূর্ব্বাভ্যাসেন চিত্তে বাস্যমানত্বাৎ, তস্যাঃ ক্ষয়ো নাম বিবেকজন্যায়াং চিত্তপ্রশমবাসনায়াং দৃঢ়ায়াং সত্যপি বাহ্যে নিমিত্তে ক্রোধাদ্যনুৎপত্তিঃ, তত্র তত্ত্বজ্ঞানে সতি মিথ্যাভূতে জগতি নরবিষাণাদাবিব ধীবৃত্ত্যনুদয়াদাত্মনশ্চ দৃষ্টত্বেন পুনর্বৃত্ত্যনুপযোগান্নিরিন্ধনাগ্নিবন্মনো নশ্যতি, নষ্টে চ মনসি সংস্কারোদ্বোধকস্য বাহ্যস্য নিমিত্তস্য প্রতীতৌ

বাসনা ক্ষীয়তে, এবং ক্ষীণায়াং বাসনায়াং হেত্বভাবেন ক্রোধাদিবৃত্ত্যনুদয়ান্মনো নশ্যতি, নষ্টে চ মনসি শমদমাদিসম্পত্ত্যা তত্ত্বজ্ঞানমুদেতি, এবমুৎপন্নে তত্ত্বজ্ঞানে রাগদ্বেষাদিরূপা বাসনা ক্ষীয়তে। ক্ষীণায়াঞ্চ বাসনায়াং প্রতিবন্ধাভাবাৎ তত্ত্বজ্ঞানোদয় ইতি পরস্পরকারণত্বং দর্শনীয়ম্। অতএব ভগবান্ বশিষ্ঠ আহ, "তত্ত্বজ্ঞানং মনোনাশো বাসনাক্ষয় এব চ। মিথঃকারণতাং গত্বা দুঃসাধ্যানি স্থিতানি হি॥ তস্মাদ্রাঘব! যত্নেন পৌরুষেণ বিবেকিনা। ভোগেচ্ছাং দূরতস্ত্যক্ত্বা ত্রয়মেতৎ সমাশ্রয়েৎ॥" ইতি। পৌরুষো যত্নঃ কেনাপ্যুপায়েনাবশ্যং সম্পাদয়িষ্যামীত্যেবংবিধোৎসাহরূপো নির্ব্বন্ধঃ, বিবেকো নাম বিবিচ্য নিশ্চয়ঃ, তত্ত্বজ্ঞানস্য শ্রবণাদিকং সাধনং মনোনাশস্য যোগঃ। বাসনাক্ষয়স্য প্রতিকূলবাসনোৎপাদনমিতি। এতাদৃশবিবেকযুক্তেন পৌরুষেণ প্রযত্নেন ভোগেচ্ছায়াঃ স্বল্পায়া অপি "হবিষা কৃষ্ণবর্ত্মেব" ইতি ন্যায়েন বাসনাবৃদ্ধিহেতুত্বাৎ দূরত ইত্যুক্তম্। দ্বিবিধো হি বিদ্যাধিকারী কৃতোপাস্তিরকৃতোপাস্তিশ্চ, তত্র য উপাস্যসাক্ষাৎকারপর্য্যন্তামুপাস্তিং কৃত্বা তত্ত্বজ্ঞানায় প্রবৃত্তস্তস্য বাসনাক্ষয়মনোনাশয়োর্দৃঢ়তরত্বেন জ্ঞানাদূর্দ্ধং জীবন্মুক্তিঃ স্বতএব সিধ্যতি। ইদানীন্তনস্তু প্রায়েণাকৃতোপাস্তিরেব মুমুক্ষুরৌৎসুক্যমাত্রাৎ সহসা বিদ্যায়াং প্রবর্ত্ততে, যোগং বিনা চিজ্জড়বিবেকমাত্রেণৈব চ মনোনাশবাসনাক্ষয়ৌ তাৎকালিকৌ সম্পাদ্য শমদমাদিসম্পত্ত্যা শ্রবণমননিদিধ্যাসনানি সম্পাদয়তি, তৈশ্চ দৃঢ়াভ্যস্তৈঃ সর্ব্ববন্ধবিচ্ছেদি তত্ত্বজ্ঞানমুদেতি, অবিদ্যাগ্রন্থিরব্রহ্মত্বং হৃদয়গ্রন্থিসংশয়াঃ কর্ম্মাণি সর্ব্বকামত্বং মৃত্যুঃ পুনর্জন্ম চেত্যনেকবিধো জ্ঞানান্নিবর্ত্ততে। তথাচ শ্রূয়তে, "যো বেদ নিহিতং গুহায়াং সোঽবিদ্যাগ্রন্থিং বিকিরতীহ সোম্য ব্রহ্মবেদ ব্রহ্মৈব ভবতি। ভিদ্যতে হৃদয়গ্রন্থিশ্ছিদ্যন্তে সর্ব্বসংশয়াঃ। ক্ষীয়ন্তে চাস্য কর্ম্মাণি তস্মিন্ দৃষ্টে পরাপরে॥ সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম যো বেদনিহিতং গুহায়াং পরমে ব্যোমন্ সোঽশ্নুতে সর্ব্বান্ কামান্ সহ ব্রহ্মণা বিপশ্চিতেতি। তমেব বিদিত্বাতিমৃত্যুমেতি; যস্তু বিজ্ঞানবান্ ভবত্যমনস্কঃ সদা শুচিঃ। স তু তৎপদমাপ্নোতি যস্মাদ্ভূয়ো ন জায়তে। য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্ব্বং ভবতি" ইত্যসর্ব্বজ্ঞত্বনিবৃত্তিফলমুদাহার্য্যম্, সেয়ং বিদেহমুক্তিঃ, সত্যপি দেহে জ্ঞানোৎপত্তিসমকালীনা জ্ঞেয়া ব্রহ্মণ্যবিদ্যাধ্যারোপিতানামেতেষাং বন্ধানামবিদ্যানাশে সতি নিবৃত্তৌ পুনরুৎপত্ত্যসম্ভবাৎ, অতঃ শৈথিল্যহেত্বভাবাৎ তত্ত্বজ্ঞানং তস্মান্নুবর্ত্ততে। মনোনাশবাসনাক্ষয়ৌ তু দৃঢ়াভ্যাসাভাবাদ্ভোগপ্রদেন প্রারব্ধেন কর্ম্মণা বাধ্যমানত্বাচ্চ, সবাতপ্রদেশপ্রদীপবৎ সহসা নিবর্ত্ততে। অত ইদানীন্তনস্য তত্ত্বজ্ঞানিনঃ প্রাক্‌সিদ্ধে তত্ত্বজ্ঞানে ন প্রযত্নাপেক্ষা, কিন্তু মনোনাশবাসনাক্ষয়ৌ প্রযত্নসাধ্যাবিতি। তত্র মনোনাশো অসম্প্রজ্ঞাতসমাধিনিরূপণেন নিরূপিতঃ প্রাক্, বাসনাক্ষয়স্ত্বিদানীং নিরূপ্যতে। তত্র বাসনাস্বরূপং বশিষ্ঠ আহ, "দৃঢ়ভাবনয়া ত্যক্তপূর্ব্বাপরবিচারণম্। যদাদানং পদার্থস্য বাসনা সা প্রকীর্ত্তিতা॥" তত্র স্বস্বদেশাচারকুলধর্ম্মস্বভাবভেদতদ্গতাপশব্দস্ত শব্দাদিষু প্রাণিনা-

মভিনিবেশঃ সামান্যেনোদাহরণম্। সা চ বাসনা দ্বিবিধা, মলিনা শুদ্ধা চ। শুদ্ধা দৈবী সম্পৎ শাস্ত্রসংস্কারপ্রাবল্যাৎ তত্ত্বজ্ঞানসাধনত্বেনৈকরূপৈব। মলিনা তু ত্রিবিধা, লোকবাসনা, শাস্ত্রবাসনা, দেহবাসনা চ ইতি। সর্ব্বে জনা যথা ন নিন্দন্তি তথৈবাচরিষ্যামি ইত্যশক্যার্থাভিনিবেশো লোকবাসনা, তস্যাশ্চ "কো লোকমারাধয়িতুং সমর্থঃ" ইতি ন্যায়েন সম্পাদয়িতুমশক্যত্বাৎ পুরুষার্থানুপযোগিত্বাচ্চ মলিনত্বম্। শাস্ত্রবাসনা তু ত্রিবিধা, পাঠব্যসনম্, বহুশাস্ত্রব্যসনম্, অনুষ্ঠানব্যসনঞ্চেতি ক্রমেণ ভরদ্বাজস্য দুর্ব্বাসসো নিদাঘস্য চ প্রসিদ্ধা। মলিনত্বঞ্চাস্যাঃ ক্লেশাবহত্বাৎ পুরুষার্থানুপযোগিত্বাদ্দর্পহেতুত্বাজ্জন্মহেতুত্বাচ্চ। দেহবাসনাপি ত্রিবিধা, আত্মত্বভ্রান্তিগুণাধানভ্রান্তির্দোষাপনয়নভ্রান্তিশ্চেতি। তত্রাত্মত্বভ্রান্তির্বিরোচনাদিষু প্রসিদ্ধা সার্ব্বলৌকিকী। গুণাধানং দ্বিবিধম্, লৌকিকং শাস্ত্রীয়ঞ্চ। সমীচীনশব্দাদিবিষয়সম্পাদনং লৌকিকম্, গঙ্গাস্নানশালগ্রামতীর্থাদিসম্পাদনং শাস্ত্রীয়ম্। দোষাপনয়নমপি দ্বিবিধম্, লৌকিকং শাস্ত্রীয়ঞ্চ। চিকিৎসকোক্তৈরৌষধৈর্ব্যাধ্যাদ্যপনয়নং লৌকিকম্ বৈদিকস্নানাচমনাদিভিরশৌচাদ্যপময়নং বৈদিকম্। এতস্যাশ্চ সর্ব্বপ্রকারায়া মলিনত্বমপ্রামাণিকত্বাদশক্যত্বাৎ পুরুষার্থানুপযোগিত্বাৎ পুনর্জ্জন্মহেতুত্বাচ্চ শাস্ত্রে প্রসিদ্ধম্, তদেতল্লোকশাস্ত্রদেহবাসনাত্রয়মবিবেকিনামুপাদেয়ত্বেন প্রতিভাসনমপি বিবিদিষোর্ব্বেদনোৎপত্তিবিরোধিত্বাদ্বিদুষো জ্ঞাননিষ্ঠাবিরোধিত্বাচ্চ বিবেকিভির্হেয়ম্। তদেবং বাহ্যবিষয়বাসনা ত্রিবিধা নিরূপিতা। আভ্যন্তরবাসনা তু কামক্রোধদম্ভদর্পাদ্যাসুরসম্পদ্রূপা সর্ব্বানর্থমূলং মানসী বাসনা ইত্যুচ্যতে, তদেবং বাহ্যাভ্যন্তরবাসনাচতুষ্টয়স্য শুদ্ধবাসনয়া ক্ষয়ঃ সম্পাদনীয়ঃ। তদুক্তং বশিষ্ঠেন, "মানসীর্ব্বাসনাঃ পূর্ব্বং ত্যক্ত্বা বিষয়বাসনাঃ। মৈত্র্যাদিবাসনা রাম! গৃহাণামলবাসনাঃ॥" ইতি। তত্র বিষয়বাসনাশব্দেন পূর্ব্বোক্তাস্তিস্রো লোকশাস্ত্রদেহবাসনা বিবক্ষিতাঃ। মানসবাসনাশব্দেন কামক্রোধদম্ভদর্পাদ্যাসুরসম্পদ্বিবক্ষিতা। যদ্বা শব্দস্পর্শরূপরসগন্ধাঃ বিষয়াঃ, তেষাং ভুজ্যমানত্বদশাজন্যঃ সংস্কারো বিষয়বাসনা, কাম্যমানত্বদশাজন্যঃ সংস্কারো মানসবাসনা। অস্মিন্ পক্ষে পূর্ব্বোক্তানাং চতসৃণামনয়োরেবান্তর্ভাবঃ বাহ্যাভ্যন্তরব্যতিরেকেণ বাসনান্তরাসম্ভবাৎ তাসাং বাসনানাং পরিত্যাগো নাম তদ্বিরুদ্ধমৈত্র্যাদিবাসনোৎপাদনম্, তাশ্চ মৈত্র্যাদিবাসনা ভগবতা পতঞ্জলিনা সূত্রিতাঃ প্রাক্ সংক্ষেপেণ ব্যাখ্যাতা অপি পুনর্ব্যাখ্যায়ন্তে। চিত্তং হি রাগদ্বেষপুণ্যপাপৈঃ কলুষীক্রিয়তে, "তত্র সুখানুশায় রাগঃ।" মোহাদনুভূয়মানসুখমনুশেতে কশ্চিদ্ধীবৃত্তিবিশেষো রাজসঃ সর্ব্বং সুখজাতং মে ভূয়াদিতি, তচ্চ দৃষ্টাদৃষ্টসামগ্র্যভাবাৎ সম্পাদয়িতুমশক্যম্, অতঃ স রাগঃ চিত্তং কলুষীকরোতি, যদা তু সুখিষু প্রাণিষয়ং মৈত্রীং ভাবয়েৎ সর্ব্বেহপ্যেতে সুখিনো মদীয়া ইতি, তদা তৎসুখং স্বকীয়মেব সম্পন্নমিতি ভাবয়তস্তত্র রাগো নিবর্ত্ততে। যথা স্বস্য রাজ্যনিবৃত্তাবপি পুত্রাদিরাজ্যমেব স্বকীয়ং রাজ্যম্, তদ্বৎ নিবৃত্তে চ রাগে বর্ষাব্যপায়ে জলমিব চিত্তং প্রসীদতি, তথাচ "দুঃখানুশায়ী দ্বেষঃ।" দুঃখমনুশেতে

কশ্চিদ্ধীবৃত্তিবিশেষস্তমোহন্বগতরজঃপরিণামঃ, ঈদৃশং সর্ব্বং দুঃখং সর্ব্বদা মে মাভূদিতি, তচ্চ শক্রব্যাঘ্রাদিষু সৎসু ন বিচারয়িতুং শক্যম্, ন চ সর্ব্বে তে দুঃখহেতবো হন্তুং শক্যন্তে, অতঃ সদ্বেষঃ সদা হৃদয়ং দহতি, যদা তু স্বস্যেব পরেষাং সর্ব্বেষামপি দুঃখং মাভূদিতি করুণাং দুঃখিষু ভাবয়েৎ তদা বৈর্য্যাদিদ্বেষনিবৃত্তৌ চিত্তং প্রসীদতি। তথাচ স্মর্য্যতে "প্রাণা যথাত্মনোঽভীষ্টা ভূতানামপি তে তথা। আত্মৌপম্যেন ভূতেষু দয়াং কুর্ব্বন্তি সাধবঃ॥" ইতি। এতদেবেহাপ্যুক্তম্, আত্মৌপম্যেন সর্ব্বত্রেত্যাদি। তথা প্রাণিনঃ স্বভাবত এব পুণ্যং নানুতিষ্ঠন্তি। তদাহুঃ "পুণ্যস্য ফলমিচ্ছন্তি পুণ্যং নেচ্ছন্তি মানবাঃ। ন পাপফলমিচ্ছন্তি পাপং কুর্ব্বন্তি যত্নতঃ॥" ইতি তে চ পুণ্যপাপে ক্রিয়মাণে পশ্চাত্তাপং জনয়তঃ স চ শ্রুত্যানূদিতঃ, "কিমহং সাধুনা করবং কিমহং পাপমকরবম্" ইতি যদ্যসৌ পুণ্যপুরুষেষু মুদিতাং ভাবয়েৎ তদা তদ্বাসনাবান্ স্বয়মেবাপ্রমত্তঃ শুক্লকৃষ্ণে পুণ্যে প্রবর্ত্ততে। তদুক্তম্, "কর্ম্ম শুক্লকৃষ্ণং যোগিনস্ত্রিবিধমিতরেষাম্" অযোগিনাং ত্রিবিধম্, শুক্লং শুভম্, কৃষ্ণমশুভম্ শুক্লকৃষ্ণং শুভাশুভমিতি। তথা পাপপুরুষেষুপেক্ষাং ভাবয়ন্ স্বয়মপি তদ্বাসনাবান্ পাপান্নিবর্ত্ততে। ততশ্চ পুণ্যাকরণপাপকরণনিমিত্তস্য পশ্চাত্তাপস্যাভাবে চিত্তং প্রসীদতি। এবং সুখিষু মৈত্রীং ভাবয়তো ন কেবলং রাগো নিবর্ত্ততে, কিন্ত্বসূয়েৰ্ষাদয়োঽপি নিবর্ত্তন্তে। পরগুণেষু দোষাবিষ্করণমসূয়া, পরগুণানামসহনমীর্ষা। যদা মৈত্রীবশাৎ পরসুখং স্বীয়মেব সম্পন্নম্, তদা পরগুণেষু কথমসূয়াদিকং সম্ভবেৎ, তথা দুঃখিষু করুণাং ভাবয়তঃ শক্রবধাদিকরো দ্বেষো যদা নিবর্ত্ততে, তদা দুঃখিপ্রতিযোগিকস্বসুখিত্বপ্রযুক্তদর্পোঽপি নিবর্ত্ততে, এবং দোষান্তরনিবৃত্তিরপ্যূহনীয়া বাশিষ্ঠরামায়ণাদিষু। তদেবং তত্ত্বজ্ঞানং মনোনাশো বাসনাক্ষয়শ্চেতি ত্রয়মভ্যসনীয়ম্। তত্র কেনাপি দ্বারেণ পুনঃপুনস্তত্ত্বানুস্মরণং তত্ত্বজ্ঞানাভ্যাসঃ। তদুক্তম্, "তচ্চিন্তনং তৎকথনমন্যোন্যং তৎপ্রবোধনম্। এতদেকপরত্বঞ্চ তত্ত্বাভ্যাসং বিদুর্ব্বুধাঃ। সর্গাদাবেব নোৎপন্নং দৃশ্যং নাস্ত্যেব সর্ব্বদা। ইদং জগদহঞ্চেতি বোধাভ্যাসং বিদুঃ পরম্॥" ইতি॥ দৃশ্যাবভাসবিরোধিযোগাভ্যাসো মনোনিরোধাভ্যাসঃ। তদুক্তম্, "অত্যন্তাভাবসম্পত্তৌ জ্ঞাতুর্জ্ঞেয়স্য বস্তুনঃ। যুক্ত্যা শাস্ত্রৈর্যতন্তে যে তেঽপ্যত্রাভাসিনঃ স্থিতাঃ॥" ইতি। জ্ঞাতৃজ্ঞেয়য়োর্ম্মিথ্যাত্বধীরভাবসম্পত্তিঃ স্বরূপেণাপ্যপ্রতীতিরত্যন্তাভাবসম্পত্তিস্তদর্থং যুক্ত্যা যোগেন। "দৃশ্যাসম্ভববোধেন রাগদ্বেষাদিতানবে। রতির্ঘনোদিতা যাসৌ ব্রহ্মাভ্যাসঃ স উচ্যতে॥" ইতি। রাগদ্বেষাদিক্ষীণতারূপঃ বাসনাক্ষয়াভ্যাস উক্তঃ। তস্মাদুপপন্নমেতৎ তত্ত্বজ্ঞানাভ্যাসেন মনোনাশাভ্যাসেন বাসনাক্ষয়াভ্যাসেন চ রাগদ্বেষশূন্যতয়া যঃ স্বপরসুখদুঃখাদিষু সমদৃষ্টিঃ, স পরমো যোগী মতো যস্তু বিষমদৃষ্টিঃ স তত্ত্বজ্ঞানবানপ্যপরমো যোগীতি॥ ৩২॥

নীলকণ্ঠ —যদ্যপি নিষিদ্ধকর্ম্মণাপি আত্মবিন্ন বধ্যতে তথাপি শীলবানেব যোগী শ্রেষ্ঠ ইত্যাহ আত্মৌপম্যেনেতি। যথা স্বস্য সুখমিষ্টং দুঃখমনিষ্টং তদ্বৎ পরস্যা-

পীতি বুদ্ধ্যা যোহন্যস্মৈ দুঃখং ন প্রযচ্ছতি অসৌ অহিংসকঃ পরমো যোগী মত ইত্যর্থঃ ॥ ৩২ ॥

বিশ্বনাথ ।—কিঞ্চ সাধনদশায়াং যোগী সর্ব্বত্র সমঃ স্যাদিত্যুক্তম্, তত্র মুখ্যং সাম্যং ব্যাচষ্টে আত্মৌপম্যেনেতি। সুখং বা দুঃখং বেতি। যথা মম সুখং প্রিয়ং দুঃখমপ্রিয়ং তথৈবান্যেষামপীতি সর্ব্বত্র সমং পশ্যন্ সুখমেব সর্ব্বেষাং যো বাঞ্ছতি ন তু কস্যাপি দুঃখং স যোগী শ্রেষ্ঠো মমাভিমতঃ ॥ ৩২ ॥

তাৎপর্য্য ।—শ্রীমচ্ছঙ্করাচার্য্য, শ্রীমদানন্দগিরি ও শ্রীমৎ শ্রীধরস্বামীর অভিপ্রায় । পূর্ব্বোক্তরূপে আমার ভজনাপরায়ণ যোগীদিগের মধ্যে যিনি সর্ব্বত্র সমান অনুকম্পা সম্পন্ন, তিনিই শ্রেষ্ঠ ; শ্রীভগবান্ এইক্ষণে এই তত্ত্ব পরিব্যক্ত করিতেছেন । হে অর্জ্জুন ! যে ব্যক্তি আপনাকে আদর্শস্বরূপ জ্ঞান করিয়া সকলভূতে আত্মতুল্য দৃষ্টি সম্পন্ন হইয়া থাকেন, আপনার সুখসমাগম যেরূপ আনন্দ-জনক ও অনুকূল ঘটনা বলিয়া মনে করেন, অথবা আপনার দুঃখাবির্ভাব যেরূপ যন্ত্রণা-জনক ও প্রতিকূল ঘটনা বলিয়া মনে করেন, অপরের সুখ-দুঃখও তদ্রূপ জ্ঞান করিয়া থাকেন, সকল যোগীর মধ্যে তিনিই সর্ব্ব শ্রেষ্ঠ, ইহাই আমার অভিপ্রায় জানিবে। অনুকূল প্রতিকূল বিষয়ে এতাদৃশ তুল্য-বোধ বিশিষ্ট যোগী কখনও কাহারও প্রতিকূলতাচরণ করেন না এবং কাহার প্রতি ভ্রমেও হিংসাসূচক কোনই ব্যবহার করেন না। এইরূপ হিংসাশূন্য ব্যক্তি সম্যগ্দর্শননিষ্ঠ ।

শ্রীমদ্রামানুজাচার্য্যের অভিপ্রায়। অসঙ্কুচিত জ্ঞানৈকাকারতাহেতু স্বকীয় এবং পরকীয় আত্মাকে সমান জ্ঞান করা শ্রেষ্ঠ যোগীর লক্ষণ। আপনার পুত্রাদি জন্মিলে যেরূপ সুখোদয় হয় এবং তদ্বিয়োগে যেরূপ দুঃখের আবির্ভাব হয়, পরপুত্রের জন্ম-মরণাদিতে যাঁহার তদ্রূপ সুখ-দুঃখের উদয় হয়, সেই যোগী যোগের উচ্চতম স্থান লাভ করিয়াছেন ।

শ্রীমদ্বলদেবের অভিপ্রায়। ব্যুত্থানদশাতেও যিনি সর্ব্বত্র সমদর্শী অর্থাৎ সকলের সুখদুঃখ স্বকীয় সুখদুঃখের ন্যায় জ্ঞান করেন, সেই সর্ব্বানুকম্পী যোগী আমার মতে সর্ব্বশ্রেষ্ঠ ।

শ্রীমন্মধুসূদনের অভিপ্রায়। উল্লিখিত রূপ তত্ত্বজ্ঞান সমুদিত হইলেও কেহ কেহ বাসনা ক্ষয় ও মনোনাশের অভাবে জীবন্মুক্তি-সুখ অনুভব করিতে পারেন না। চিত্তের বিক্ষেপ হেতু তাঁহারা পরিদৃশ্যমান দুঃখ অনুভব করিয়া থাকেন। তাঁহারা দেহ নাশের পর কৈবল্য লাভ করিবেন বটে, কিন্তু দেহ

সম্ভাব পর্য্যন্ত দৃষ্ট দুঃখের অনুভব হেতু পরম যোগী নামের যোগ্য হইতে পারেন না। সমাধির ব্যুত্থান কালে যুগপৎ অভ্যাস প্রভাবে যাঁহারা তত্ত্ব-জ্ঞান, মনোনাশ ও বাসনাক্ষয় সাধন করিয়া, দৃষ্ট দুঃখ নিবৃত্তি পূর্ব্বক জীবন্মুক্তি দুঃখ অনুভব করেন তাঁহারাই পরম যোগী। এই তত্ত্ব বর্ত্তমান শ্লোকের প্রতিপাদ্য। যে যোগী আপনাকে দৃষ্টান্ত-স্থলীভূত করিয়া সকল প্রাণি-জাতের সুখ বা দুঃখ তুল্যরূপে দর্শন করেন, স্বকীয় অনিষ্ট সাধনে তিনি যেরূপ প্রবৃত্তি বিরহিত, দ্বেষশূন্যতাহেতু পরকীয় অনিষ্ট সম্পাদনেও তদ্রূপ বিমুখ; আপনার ইষ্ট-সাধনে যেরূপ আগ্রহবান্, রাগশূন্যতা হেতু পরকীয় ইষ্টসাধনেও তদ্রূপ সমুদ্যত। হে অর্জ্জুন। বাসনা-বিহীনতা হেতু প্রশান্তমনা সেই ব্রহ্মবিদ্ যোগী শ্রেষ্ঠ। অতএব মহান্ প্রযত্ন সহকারে যথাক্রমে তত্ত্ব-জ্ঞান, মনোনাশ ও বাসনাক্ষয়ের অভ্যাস করা আবশ্যক। এই পরিদৃশ্যমান-দ্বৈতজাতসমূহ অদ্বিতীয় চিদানন্দস্বরূপ আত্মাতে মায়াদ্বারা কল্পিত, সুতরাং সকলই মিথ্যা। কেবল আত্মাই পরমার্থসত্য। সেই সচ্চিদানন্দ অদ্বয় আত্ম-জ্ঞান সহকারে "অহমস্মি" রূপ পরিজ্ঞানই তত্ত্বজ্ঞান। মনকে সর্ব্ববৃত্তি-বির-হিত নিরুদ্ধাকারে পরিণত করিলে মনোনাশ হয়। বিবেক-জনিত দৃঢ়জ্ঞান সমুৎপন্ন হইলে, কোনই বাহ্য কারণে ক্রোধাদির উৎপত্তি হইতে পারে না। এইরূপ তত্ত্বজ্ঞান সমুদিত হইলে, মানবের শৃঙ্গ যেরূপ অসম্ভব এই জগৎকেও তদ্রূপ মিথ্যাভূত বলিয়া প্রতীত হয়। তখন সেই মনে পুনরায় কোনই বৃত্তির আবির্ভাব হইবার সম্ভাবনা থাকে না; ইন্ধনবিহীন অগ্নির ন্যায় মন তখন আপনিই নাশ প্রাপ্ত হয়। মন নষ্ট হইলে বাহ্য বিষয়ের প্রত্যয়-জনিত বাসনা ক্ষয় হয়, বাসনার ক্ষয় হইলে মনে ক্রোধাদি বৃত্তির আবির্ভাব হইবার কোনই হেতু থাকে না; এইরূপে মন নষ্ট হইলে শমদমাদি প্রভাবে তত্ত্বজ্ঞান সমুদিত হয়। এইরূপে তত্ত্বজ্ঞান সমুদিত হইলে রাগ-দ্বেষাদি বাসনা ক্ষয় হয়। তত্ত্বজ্ঞান লাভ ও বাসনা ক্ষয়, পরস্পর পর-স্পরের কারণ স্বরূপ। এই জন্য ভগবান্ বশিষ্ঠ বলিয়াছেন, "হে রাঘব! তত্ত্বজ্ঞান, মনোনাশ ও বাসনাক্ষয় পরস্পর কারণরূপে বদ্ধ হইয়া দুঃসাধ্য হইয়া রহিয়াছে। অতএব ভোগেচ্ছাকে বিদূরিত করিয়া যত্ন, পৌরুষ ও বিবেক এই তিনের আশ্রয় গ্রহণ কর।" যে কোনরূপে হউক, অবশ্যই বাসনা সংসিদ্ধ করিব, ইত্যাকার উৎসাহ সহকৃত আগ্রহের

নাম পৌরুষ। শ্রবণ, মনন, নিদিধ্যাসনাদি তত্ত্বজ্ঞান লাভের সাধনস্বরূপ, যোগ মনোনাশের সাধন এবং প্রতিকূল বাসনা সমুৎপাদনের বিরোধী। এতাদৃশ বিবেক সহকারে পৌরুষ ও প্রযত্নদ্বারা ভোগেচ্ছার স্বল্পতা সাধন করিলেও, ঘৃতসংযুক্ত অগ্নির ন্যায়, বাসনা আপনিই বৃদ্ধিপ্রাপ্ত হইতে থাকে। যোগবিদ্যার অধিকারী দুইপ্রকার। এক শ্রেণীর যোগী উপাস্য পদার্থের সাক্ষাৎকার পর্য্যন্ত উপাসনানিরত থাকিয়া তত্ত্বজ্ঞান লাভার্থ প্রবৃত্ত হন, তাঁহারা বাসনা ক্ষয় ও মনোনাশের দৃঢ়তাহেতু স্বতঃই জীবন্মুক্তি লাভ করেন। কিন্তু ইদানীন্তন বহুসংখ্যক মুমুক্ষু কোন উপাসনানিরত না থাকিয়া কেবল ঔৎসুক্য সহকারে বিদ্যাসাধনে প্রবৃত্ত হন। যোগ-বিরহিত বিবেকমাত্র দ্বারা তাঁহারা তাৎকালিক মনোনাশ ও বাসনা ক্ষয় সাধন করেন। তদনন্তর শমদমাদি সহকারে শ্রবণ, মনন ও নিদিধ্যাসন সম্পাদন করেন। দৃঢ় অভ্যাসহেতু তাঁহাদের সর্ব্ব বন্ধবিচ্ছেদরূপ তত্ত্বজ্ঞান সমুদিত হয়; তাঁহাদের অবিদ্যা, সংশয়, কামনা, মৃত্যু, পুনর্জ্জন্ম ইত্যাদি বিবিধ প্রতিবন্ধক জ্ঞানপ্রভাবে নিরস্ত হয়। তত্ত্বজ্ঞানের প্রভাবে মনোনাশ ও বাসনা ক্ষয় সংসিদ্ধ হইয়া থাকে; অসংপ্রজ্ঞাত সমাধিরূপ মনোনাশের বৃত্তান্ত পূর্ব্বে বর্ণিত হইয়াছে। অধুনা বাসনাক্ষয়ের বিবরণ করা যাইতেছে। মহর্ষি বশিষ্ঠ বলিয়াছেন, "দৃঢ় ভাবনা প্রযুক্ত পূর্ব্বাপর বিচার পরিত্যাগ পূর্ব্বক কোন পদার্থ প্রাপ্তির অভিলাষকে বাসনা বলে।" বাসনা দ্বিবিধা; মলিনা এবং শুদ্ধা। শাস্ত্রজ্ঞান জনিত সংস্কার-প্রাবল্যে দৈবী সম্পৎ প্রাপ্তির যে বাসনা তাহাই শুদ্ধা। লোক-বাসনা, শাস্ত্র-বাসনা এবং দেহ-বাসনা ভেদে মলিনা বাসনা ত্রিবিধা। সকল লোক যাহাতে নিন্দা না করে, সেইরূপ আচরণ করিব, এই যে অভিলাষ তাহাকেই লোক-বাসনা বলে। শাস্ত্র-বাসনা আবার তিন প্রকার; পাঠব্যসন, বহুশাস্ত্রব্যসন এবং অনুষ্ঠানব্যসন। এ সকলই ক্লেশাবহ, পুরুষার্থের অনুপযোগী এবং দর্প ও জন্মের হেতুভূত; সুতরাং মলিন। দেহবাসনাও তিন প্রকার; আত্মত্ব ভ্রান্তি, গুণাধান ভ্রান্তি এবং দোষাপনয়ন ভ্রান্তি। বিরোচনাদির আত্মত্ব ভ্রান্তি হইয়াছিল, একথা সকলেরই গোচর থাকিতে পারে। গুণাধান দুই প্রকার; লৌকিক এবং শাস্ত্রীয়। সমীচীন শব্দাদি বিষয়-সম্পাদনকে লৌকিক গুণাধান বলে। গঙ্গাস্নান, শালগ্রাম তীর্থাদি সম্পাদনকে শাস্ত্রীয় গুণাধান বলে। লৌকিক ও শাস্ত্রীয় ভেদে দোষাপনয়ন

দুই প্রকার। চিকিৎসক-বিহিত ব্যবস্থার অনুকরণ ক্রমে রোগাদির প্রতীকার সাধনই লৌকিক দোষাপনয়ন, বৈদিক ব্যবস্থা ক্রমে স্নান আচমনাদির দ্বারা অশৌচের নিবারণকে শাস্ত্রীয় দোষাপনয়ন বলে। এ তিন প্রকার বাহ্য বাসনা পুরুষার্থের অনুপযোগী, পুনর্জ্জন্মের হেতুভূত, এই জন্যই মলিন বলিয়া শাস্ত্রে পরিকীর্ত্তিত। আভ্যন্তর বাসনা হইতে সর্ব্বানর্থের হেতুভূত কাম, ক্রোধ, দম্ভ, দর্পাদি আসুরী-সম্পৎ স্বরূপ মানসী বাসনা সমুৎপন্ন হয়। এইজন্য উল্লিখিত শুদ্ধ বাসনা দ্বারা বাহ্য ও আভ্যন্তর বাসনা চতুষ্টয়ের ক্ষয় করা আবশ্যক। বশিষ্ঠ বলিয়াছেন, "হে রঘুনন্দন! বিশুদ্ধা মৈত্র্যাদি বাসনা গ্রহণ করিয়া, অগ্রে মানস বাসনা পরিত্যাগ পূর্ব্বক পরে বিষয়বাসনা প্রভৃতি পরিত্যাগ করিবে।" বিষয়বাসনা শব্দদ্বারা পূর্ব্বোক্ত লোক-শাস্ত্র দেহবাসনা লক্ষিত হইয়াছে; মানসবাসনা শব্দদ্বারা কাম, ক্রোধ, দম্ভ, দর্প, অবিদ্যা এই সকল আসুর সম্পদ্ লক্ষিত হইয়াছে। শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধাদিকেও বিষয়শব্দের লক্ষিত মনে করা যাইতে পারে। সেই বিষয়ভোগজনিত যে সংস্কারের উদ্ভব হয়, তাহাই বিষয়বাসনা। তাহার সংস্কারহেতু যে কামনার উদ্ভব হয়, তাহাই মানসিক বাসনা; এই উভয় প্রকার বাসনা নিরোধ করিয়া, তদ্বিরুদ্ধ মৈত্র্যাদি বাসনার উৎপাদন করা আবশ্যক। এই মৈত্র্যাদি বাসনাসম্বন্ধে ভগবান্ পতঞ্জলি কৃত সূত্র উদ্ধার পূর্ব্বক ৬ অধ্যায় ২৮ শ্লোকের তাৎপর্য্যে বিস্তৃত ব্যাখ্যা লিপিবদ্ধ করা হইয়াছে। সুতরাং এস্থলে পুনরুল্লেখ নিষ্প্রয়োজন। মৈত্রী প্রভৃতি আয়ত্ত হইলে মানব পরের সুখদুঃখ, ইষ্টানিষ্ট স্বকীয় বলিয়া বোধ করেন। সুতরাং কাহারও অভ্যুদয় দর্শনে তাঁহার হৃদয়ে অসূয়ার উদ্ভব হয় না এবং কাহারও অণুমাত্র অনিষ্ট সাধনে প্রবৃত্তি হয় না। তখন বসুন্ধরার তাবৎ পদার্থই তাঁহার সমান বোধ হইয়া থাকে। নর ও নারী, বিপ্র ও চণ্ডাল, পাপাত্মা ও পুণ্যবান্ সকলকেই তখন তিনি আত্মবৎ দর্শন করেন। স্মৃতি বলিয়াছেন, "আপনার প্রাণ যেরূপ প্রিয়পদার্থ, সকল ভূতেরই প্রাণ সেইরূপ। সাধুজনেরা সকল ভূতকেই আপনার ন্যায় জ্ঞান করিয়া দয়া করেন।" এইরূপে তত্ত্বজ্ঞান, মনোনাশ ও বাসনাক্ষয় সংসাধন করিবে। কোন উপায় অবলম্বন করিয়া পুনঃপুনঃ তত্ত্বের অনুস্মরণ করাই তত্ত্বজ্ঞানের অভ্যাস। শাস্ত্রকারেরা বলিয়াছেন, "বুধগণ একই বিষয়ের চিন্তন, একই বিষয়ের কথোপকথন, একই বিষয়ের প্রবোধন

ইত্যাকার একপরত্বকে তত্ত্বাভ্যাস বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। সৃষ্টির আদি কাল হইতে সমুৎপন্ন দৃশ্য পদার্থনিচয় স্বতন্ত্ররূপে বিদ্যমান নাই, জগতের সর্ব্বত্র আমিই পরিব্যাপ্ত। এইরূপ বোধই তত্ত্বাভ্যাসের শ্রেষ্ঠ।” এইরূপ দৃশ্য অবভাসের বিরোধী যোগাভ্যাসই মনোনিরোধের অভ্যাস। জ্ঞেয় পদার্থ সম্বন্ধে জ্ঞাতার মিথ্যাত্ব বোধকে অত্যন্তাভাব সম্পত্তি বলে। যিনি অত্যন্তাভাব যুক্ত হইয়া শাস্ত্রানুসারে যোগনিষ্ঠ হন, তিনিই অভ্যাসী। তত্ত্বজ্ঞানাভ্যাস, মনোনাশাভ্যাস এবং বাসনাক্ষয়াভ্যাস হেতু যিনি রাগ-দ্বেষাদি পরিশূন্য হইয়া আপনার ও অপরের সুখ-দুঃখাদিতে সমদর্শনসম্পন্ন হইয়াছেন, তিনিই পরম যোগী; যাঁহার তাদৃশ সমদর্শন হয় নাই, তিনি তত্ত্বজ্ঞান-সম্পন্ন হইলেও, কখনই পরম যোগী পদ বাচ্য নহেন ॥ ৩২ ॥

অর্জ্জুন উবাচ।

যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন মধুসূদন।
এতস্যাহং ন পশ্যামি চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্ ॥৩৩॥

অন্বয়।—অর্জ্জুন উবাচ (কথয়ামাস)। মধুসূদন ত্বয়া সাম্যেন (সমত্বেন) যঃ অয়ং যোগঃ প্রোক্তঃ এতস্য (যোগস্য) স্থিরাং (বহু-কালানুবর্ত্তিনীং) স্থিতিং (বিদ্যমানতাম্) অহং ন পশ্যামি (উপলভে) চঞ্চলত্বাৎ (মনসঃ চাঞ্চল্যাৎ) ॥ ৩৩ ॥

প্রতিশব্দ।—অর্জ্জুন বলিলেন। শ্রীকৃষ্ণ! তোমার-কর্ত্তৃক সমতা-পূর্ব্বক যে এই-যোগ কথিত-হইল ইহার বহুকালব্যাপী স্থিতি-কাল আমি বুঝিতে পারিতেছি না মনের চঞ্চলতা হেতু ॥ ৩৩ ॥

ব্যাখ্যা।—অর্জ্জুন বলিলেন, হে নারায়ণ! তুমি সর্ব্বত্র সমদর্শনরূপ যে যোগের কথা বিবৃত করিলে, স্বভাবতঃ চঞ্চল মনে তাহা যে দীর্ঘকাল স্থায়ী হইবে, এরূপ আমার বোধ হইতেছে না ॥ ৩৩ ॥

শঙ্করাচার্য্য।—এতস্য যথোক্তস্য সম্যগ্দর্শনলক্ষণস্য যোগস্য দুঃসম্পাদ্যতামালক্ষ্য শুশ্রূষুঃ ধ্রুবং তৎপ্রাপ্ত্যুপায়মর্জ্জুন উবাচ যোঽয়মিতি। যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন সমত্বেন হে মধুসূদন! এতস্য যোগস্যাহং ন পশ্যামি নোপলভে চঞ্চলত্বান্মনসঃ, কিম্? স্থিরামচলাং স্থিতিং প্রসিদ্ধমেতৎ॥ ৩৩॥

আনন্দগিরি।—মনশ্চঞ্চলমস্থিরমিত্যুপশ্রুতা নির্ব্বিশেষে চিত্তস্থৈর্য্যং দুঃশক্যমিতি মন্বানস্তদুপায়বুভুৎসয়া পৃচ্ছতীতি প্রশ্নমুত্থাপয়তি এতস্যেতি। তৎপ্রাপ্ত্যুপায়ং শুশ্রূষুরিতি মন্বানঃ মনশ্চঞ্চলত্বেঽপি তন্নিগ্রহদ্বারা যোগস্থৈর্য্যং সম্পাদ্যতামিত্যাশঙ্ক্যাহ এতস্যেতি। প্রসিদ্ধমিতি সম্বন্ধঃ॥ ৩৩॥

রামানুজ।—যোঽয়ং দেবমনুষ্যাদিভেদেন জীবেশ্বরভেদেনাত্যন্তভিন্নতয়ৈতাবন্তং কালমনুভূতেষু সর্ব্বেষ্বাত্মসু জ্ঞানৈকাকারতয়া পরস্পরসাম্যেনাকর্ম্মবশ্যতয়া চেশ্বরসাম্যেন সর্ব্বতঃ সমদর্শনরূপো যোগস্ত্বয়োক্তঃ এতস্য যোগস্য স্থিরাং স্থিতিং ন পশ্যামি মনসশ্চঞ্চলত্বাৎ॥ ৩৩॥

হনূমান্।—সর্ব্বযোগিনামেতস্য যথোক্তস্য অদর্শনলক্ষণস্য যোগস্য দুঃসম্পাদ্যতাঃ মালক্ষ্য শুশ্রূষুস্তৎপ্রত্যুপায়মর্জ্জুন উবাচ যোঽয়মিতি। যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ সাম্যেন এতস্য যোগস্যাহং ন পশ্যামি নোপলভে চঞ্চলত্বান্মনসঃ স্থিতিং স্থিরামচলাং প্রসিদ্ধমেতৎ॥ ৩৩॥

শ্রীধর।—উক্তলক্ষণস্য যোগস্যাসম্ভবং মন্বনোঽর্জ্জুন উবাচ যোঽয়মিতি। সাম্যেন মনসো লয়বিক্ষেপশূন্যতয়া কেবলাত্মাকারাবস্থানেন যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ, এতস্য যোগস্য স্থিরাং দীর্ঘকালাং স্থিতিং ন পশ্যামি মনসশ্চঞ্চলত্বাৎ॥ ৩৩॥

বলদেব।—উক্তমাক্ষিপন্নর্জ্জুন উবাচ যোঽয়মিতি। সাম্যেন স্বপরসুখদুঃখতৌল্যেন যোঽয়ং যোগস্ত্বয়া সর্ব্বজ্ঞেন প্রোক্তস্তস্য স্থিরাং সার্ব্বদিকীং স্থিতিং নিষ্ঠামপ্যহং ন পশ্যামি, কিন্তু দ্বিত্রাণ্যেব দিনানীত্যর্থঃ। কুতঃ? চঞ্চলত্বাৎ। অয়মর্থঃ, বন্ধুষু উদাসীনেষু চ তৎসাম্যং কদাচিৎ স্যাৎ, ন শত্রুষু নিন্দকেষু চ কদাচিদপি, যদি পরমাত্মাধিষ্ঠানত্বং সর্ব্বত্রাবিশেষমিতি বিবেকেন তদগ্রাহ্যম্, তর্হি ন তৎ সার্ব্বদিকম্। অতিচপলস্য বলিষ্ঠস্য চ মনসস্তেন বিবেকেন নিগ্রহীতুমশক্যত্বাদিতি॥ ৩৩॥

মধুসূদন।—উক্তমর্থমাক্ষিপন্ অর্জ্জুন উবাচ যোঽয়মিতি। যোঽয়ং সর্ব্বত্র সমদৃষ্টিলক্ষণঃ পরমো যোগঃ সাম্যেন সমত্বেন চিত্তগতানাং রাগদ্বেষাদীনাং বিষমদৃষ্টিহেতূনাং নিরাকরণেন ত্বয়া সর্ব্বজ্ঞেনেশ্বরেণোক্তঃ, হে মধুসূদন! সর্ব্ববৈদিকসম্প্রদায়প্রবর্ত্তক! এতস্য ত্বদুক্তস্য সর্ব্বমনোবৃত্তিনিরোধলক্ষণস্য যোগস্য স্থিতিং বিদ্যমানতাং স্থিরাং দীর্ঘকালানুবর্ত্তিনীং ন পশ্যামি ন সম্ভাবয়ামি, অহমস্মদ্বিধোঽন্যো বা যোগাভ্যাসে নিপুণঃ। কস্মান্ন সম্ভাবয়সি? তত্রাহ চঞ্চলত্বাৎ মনস ইতি শেষঃ॥ ৩৩॥

নীলকণ্ঠ।—সাম্যযোগমশক্যং মন্বান উপায়ান্তরবুভুৎসয়ার্জ্জুন উবাচ যোঽয়মিতি। যোঽয়ং যোগস্ত্বয়া সাম্যেন প্রোক্তোঽহিংসাপ্রাধান্যেন সন্ন্যাসপূর্ব্বকতয়া বর্ণিতঃ হে

মধুসূদন! তস্য যোগস্য সর্ব্ববৃত্তিনিরোধরূপস্য স্থিতিং ন পশ্যামি মনশ্চচলত্বাদিতি শেষঃ ॥ ৩৩ ॥

বিশ্বনাথ।—ভবদুক্তলক্ষণস্য সাম্যস্য দুষ্করত্বমালক্ষ্যাহ যোহয়মিতি। এতস্য সাম্যেন প্রাপ্তস্য যোগস্য স্থিরাং সার্ব্বদিকীং স্থিতিং ন পশ্যামি, এষ যোগঃ সর্ব্বদা ন তিষ্ঠতি, কিন্তু ত্রিচতুরদিনান্তেবেত্যর্থঃ। কুতঃ? চঞ্চলত্বাৎ। তথাহি আত্মসুখদুঃখসমমেব সর্ব্বজগদ্বর্ত্তিজনানাং সুখদুঃখং পশ্যেদিতিসাম্যমুক্তম্। তত্র যে বন্ধবস্তটস্থাশ্চ, তেষু সাম্যং ভবেদপি, যে রিপবো ঘাতকাঃ দ্বেষ্টারো নিন্দকাশ্চ তেষু ন সম্ভবেদেব। ন হি ময়া স্বস্য যুধিষ্ঠিরস্য দুর্য্যোধনস্য চ সুখদুঃখে সর্ব্বথা তুল্যে দ্রষ্টুং শক্যেত। যদি চ স্বস্য স্বরিপূণাঞ্চ জীবাত্মপরমাত্মপ্রাণেন্দ্রিয়দৈহিকভূতানি সমান্তেবেতি বিবেকেন পশ্যেত, তদা তৎ খলু দিত্রিদিনান্তেব স্যাৎ। বিবেকেনাতিপ্রবলস্যাতিচঞ্চলস্য মনসো নিগ্রহণাশক্যত্বাৎ। প্রত্যুত বিষয়াসক্তেন তেন মনসৈব বিবেকস্য গ্রস্যমানত্বদর্শনাদিতি ॥ ৩৩ ॥

তাৎপর্য্য।—শ্রীভগবানের উপদেশ বাক্য সমূহ আকর্ণন করিয়া, চিত্ত-নিরোধ নিতান্ত ক্লেশসাধ্য জ্ঞানে, অর্জ্জুন নিম্নলিখিতরূপ প্রশ্ন উত্থাপিত করিলেন। হে মধুসূদন! তুমি সর্ব্ব-বৈদিক-সম্প্রদায়ের প্রবর্ত্তক, সর্ব্ব-ধর্ম্মের নিগূঢ় তত্ত্বজ্ঞ, সর্ব্ব-জ্ঞানের উৎপত্তিস্থল। অতএব তোমার বাক্যে কখনই কোন সন্দেহ হইতে পারে না। কিন্তু সর্ব্ব-মনোবৃত্তির নিরোধরূপ যে যোগের বিষয় তুমি পরিব্যক্ত করিলে, তাহা যে দীর্ঘকাল বিদ্যমান থাকিতে পারে, এরূপ কোনই সম্ভাবনা আমি দেখিতে পাইতেছি না। কারণ, মনুষ্যের মন স্বভাবতঃ নিতান্ত চঞ্চল। বিষয় হইতে বিষয়ান্তরের অন্বেষণ এবং ভোগ হইতে ভোগান্তর অবলম্বনই তাহার প্রাকৃতিক ধর্ম্ম। মন প্রতিনিয়ত অস্থির ভাবে বিভিন্ন ব্যাপারে পরিভ্রমণ করিয়া থাকে। এতাদৃশ চঞ্চল-চিত্ত যে দীর্ঘকাল স্থির থাকিতে পারে, ইহা আমার কখনই মনে হয় না।

শ্রীমদ্বলদেব ও শ্রীমদ্বিশ্বনাথের অভিপ্রায়। আপনি সম্প্রতি স্বকীয় ও পরকীয় সুখদুঃখ বিষয়ে তুল্যবোধরূপ যে যোগের বিষয় ব্যক্ত করিলেন, সে নিষ্ঠা দুই তিন দিবসের অপেক্ষা অধিক কাল স্থায়ী হইতে পারে, এরূপ আমি বোধ করিতেছি না। বসুন্ধরার তাবল্লোকের সুখ-দুঃখ স্বকীয় সুখ-দুঃখের অনুরূপ জ্ঞান করাই সাম্যযোগ। কিন্তু প্রাণোপম বন্ধু ও অজ্ঞাতপূর্ব্ব উদাসীন এতদুভয়ের সুখ-দুঃখে সমজ্ঞান হওয়া সম্ভবপর নহে। অবিরত হিতকাম আত্মীয় ও কুৎসাকারী শত্রু এতদুভয়ের অভ্যুদয় ও অবনতিতে

সমান আনন্দ ও বিষাদ অনুভব করা কখনই সম্ভব হইতে পারে না। পরম ভক্তিভাজন পাণ্ডবশ্রেষ্ঠ যুধিষ্ঠির ও প্রতিনিয়ত অবমাননাকারী বদ্ধবৈরী দুর্য্যোধন এতদুভয়কে কখনই আমি সমভাবে সন্দর্শন করিতে পারি না। যদি তুমি বল যে, সর্ব্বত্র নির্ব্বিশেষরূপে পরমাত্মা বিরাজমান আছেন, বিবেকবলে এইরূপ উপলব্ধি করিয়া, তদনুসারে সর্ব্বত্র সমদৃষ্টি সম্পন্ন হওয়াই আবশ্যক; তাহা হইলেও আমার বক্তব্য এই যে, তাদৃশ বিবেক কখনই দীর্ঘকাল স্থায়ী হইতে পারে না। কারণ, মন অতি চপল ও অতি বলিষ্ঠ; বিবেক দ্বারা তাহার নিগ্রহ-সাধন অসম্ভব। বিষয়াসক্ত নিরতিশয় বল-সম্পন্ন মন অচিরে সেই বিবেককে গ্রাস করিয়া থাকে ॥ ৩৩ ॥

-:*:-

চঞ্চলং হি মনঃ কৃষ্ণ প্রমাথি বলবদ্দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে বায়োরিব সুদুষ্করম্ ॥ ৩৪ ॥

অন্বয়।—কৃষ্ণ (নারায়ণ) হি (যস্মাৎ) মনঃ চঞ্চলং (স্বভাবতঃ চপলম্) প্রমাথি (শরীরেন্দ্রিয়ক্ষোভকরম্) বলবৎ (দুর্নিবারম্) দৃঢ়ং (বিষয়বাসনানুস্যূততয়া দুর্ভেদ্যম্) অহং (অর্জ্জুনঃ) তস্য (মনসঃ) নিগ্রহং (নিরোধম্) বায়োঃ ইব (আকাশস্থস্য পবনস্য তুল্যম্) সুদুষ্করং (সর্ব্বথা কর্ত্তুমশক্যম্) মন্যে ॥ ৩৪ ॥

প্রতিশব্দ।—শ্রীকৃষ্ণ যেহেতু মন অস্থির শরীরেন্দ্রিয়-বিক্ষেপকারী প্রবল অচ্ছেদ্য; আমি এতাদৃশ-মনের নিরোধ বায়ুর ন্যায় অসাধ্য মনে করি ॥ ৩৪ ॥

ব্যাখ্যা।—হে পুরুষোত্তম নারায়ণ! মন স্বভাবতঃ নিরতিশয় চপল, শরীরেন্দ্রিয়কে বশীভূতকারী, অনায়ত্ত এবং অজেয়। এতাদৃশ মনকে আয়ত্তাধীন করিয়া তাহার নিরোধ-সাধন করা, স্বচ্ছন্দ-বিহারি-বায়ু নিরোধের ন্যায়, অসাধ্য ব্যাপার বলিয়া আমি বিবেচনা করি ॥ ৩৪ ॥

শঙ্করাচার্য্য।—চঞ্চলমিতি। চঞ্চলং হি মনঃ কৃষ্ণ ইতি। (কৃষতের্বিলেখনার্থস্য রূপম্) ভক্তজনপাপাদিদোষাকর্ষণাৎ কৃষ্ণ! হি যস্মান্মনঃ চঞ্চলং ন কেবলমত্যর্থং চঞ্চলং প্রমাথি চ প্রমথনশীলং প্রমথ্নাতি শরীরমিন্দ্রিয়াণি চ বিক্ষিপতি পরবশীকরোতি। কিঞ্চ বলবৎ প্রবলং ন কেনচিন্নিয়ন্তুং শক্যং দুর্নিবারত্বাৎ। কিঞ্চ দৃঢ়ং তন্তুনাগবদচ্ছেদ্যং তস্যৈবম্ভূতস্য মনসোঽহং নিগ্রহং রোধং মন্যে বায়োরিব যথা বায়োর্দুষ্করো নিগ্রহস্ততোঽপি মনসো দুষ্করং মন্য ইত্যভিপ্রায়ঃ ॥ ৩৪ ॥

আনন্দগিরি।—মনসশ্চঞ্চলত্বেঽপি কৃষ্ণপদপরিনিষ্পত্তিপ্রকারং সূচয়তি • কৃষ্ণ ইতীতি। কথং কর্ষকত্বমাপ্তকামস্য ভগবতঃ সম্ভবতীত্যাশঙ্ক্যাহ ভক্তেতি। ঐহিকামুষ্মিক-সর্ব্বসম্পদামাকর্ষণশীলত্বাচ্চেতি দ্রষ্টব্যম্। প্রমথ্নাতি ক্ষোভয়তি। তদেব ক্ষোভকত্বং প্রকটয়তি বিক্ষিপতীতি। দুর্নিবারত্বমভিপ্রেত্যাবিষয়াদাকৃষ্টুমশক্যত্বং বিশেষণান্তরমাহ কিঞ্চেতি। অচ্ছেদ্যত্বং বিশেষণান্তরমাহ দৃঢ়মিতি। তন্তুনাগো বরুণপাশশব্দিতো জল-চারী পদার্থোঽত্যন্তদৃঢ়তয়া ছেত্তুমশক্যত্বেন প্রসিদ্ধো বিবক্ষিতঃ। বায়োরিত্যুক্তং ব্যনক্তি যথেতি ॥ ৩৪ ॥

রামানুজ।—তথাহ্যনবরতাভ্যস্তবিষয়েষ্বপি স্বতএব চঞ্চলং পুরুষৈনৈকত্র স্থাপয়িতুমশক্যং মনঃ পুরুষং বলাৎ প্রমথ্য যদৃচ্ছয়ান্যত্র চরতি তস্য সাভ্যস্তবিষয়েষ্বপি চঞ্চলস্বভাবস্য দৃঢ়মচঞ্চলস্বভাবস্য মনসস্তদ্বিপরীতাকারাত্মনি স্থাপয়িতুং বিনিগ্রহং কর্ত্তুং প্রতিকূলগতের্মহাবাতস্য ব্যজনাদিনেব দুষ্করমহং মন্যে মনোনিগ্রহো বায়োরিব দুঃখ-কোঽতস্তন্নিগ্রহোপায়ো বক্তব্য ইত্যভিপ্রায়ঃ ॥ ৩৪ ॥

হনুমান্।—চঞ্চলমিতি। কৃষ্ণ ইতি। (কৃষতের্বিলেখনার্থস্যরূপম্) যোগি-ভক্তজনয়োঃ পাপাদিদোষকর্ষণাৎ কৃষ্ণ! কেবলমত্যর্থং চঞ্চলং মনঃ প্রমাথি প্রমথনশীলং প্রমথ্নাতি শরীরমিন্দ্রিয়াণি চ বিক্ষেপ্যতি নরং বশীকরোতি, কিঞ্চ বলবন্ন কেনচিন্নিয়ন্তুং শক্যম্, কিঞ্চ দৃঢ়ং তন্তুনাগবৎ তস্যৈবম্ভূতস্য মনসঃ অহং নিগ্রহং নিরোধং মন্যে বায়োরিব সুদুষ্করং যথা বায়োর্দুষ্করো নিগ্রহস্তথা দুষ্করং মন্য ইত্যভিপ্রায়ঃ ॥ ৩৪ ॥

